Barcode - 4990010123448
Title - Bengal Legislative Assembly Proceedings (1996) vol.108, pt. 3
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 706
Publication Year - 1996
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010123448

Vol. No. 108—III

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

One hundred and Eighth Session

(June – July, 1996)

(The 5th, 8th, 9th 10th, 11th, & 12th July, 1996)

Published by authority of the Assembly under Rule 353 of the
Rules of procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

Price Rs. 134/-

Vol. No. 108—III

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

One hundred and Eighth Session

(June – July, 1996)

(The 5th, 8th, 9th 10th, 11th, & 12th July, 1996)

Published by authority of the Assembly under Rule 353 of the
Rules of procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor
### SHRI K.V. RAGHUNATHA REDDY

### Members of the Council of Ministers.

1. Shri Jyoti Basu, Chief Minister, Minister-in-charge of Home (Excluding Police) Department., Hill Affairs Deptt.
2. Shri Buddhadeb Bhatacharjee, Minister-in-charge of Home (Police) Department, Information & Cultural Affairs Department.
3. Dr. Surjya Kanta Mishra, Minister-in-charge of Land and Land Reforms Department, Rural Development Department & Panchayat Department
4. Dr. Asim Kumar Dasgupta, Minister-in-charge of Finance Department, Development & Planning Department and Excise Department
5. Dr. Sankar Kumar Sen, Minister-in-charge of Power Department and Science & Techonology Department
6. Shri Santi Ghatak, Minister-in-charge of Labour (excluding Employment & ESI) Department
7. Shri Subhas Chakraborti, Minister-in-charge of Transport Department, & Sports Department
8. Shri Mohammad Amin, Minister-in-charge of Deptts. of Minority Affairs, Wakf & Urdu Academy and Haj.
9. Shri Kanti Biswas, Minister-in-charge of Department of School Education, Madrasah and Refugees, Relief & Rehabilitation
10. Shri Gautam Deb, Minister-in-charge of Department of Housing and Public Health Engineering
11. Shri Parth De, Minister-in-charge of Department of Health & Family Welfare
12. Shri Bidyut Ganguly, Minister-in-charge of Commerce & Industries Department
13. Shri Satyasadhan Chakraborty, Minister-in-charge of Department of Higher Education
14. Shri Abdur Razzak Molla, Minister-in-charge of Food processing, Horticulture and Sundarban Affairs Department
15. Shri Dinesh Chandra Dakua, Minister-in-charge of Department of

S.C., S.T. & OBC Welfare

16. Smt. Chhaya Bera, Minister-in-charge of Department of Self Employment Generation Programmes (Urban) & Employment Exchange & ESI

17. Shri Asok Bhattacharya, Minister-in-charge of Department of Municipal Affairs, Urban Development, HRBC and Town & Country Planning

18. Shri Manabendra Mukherjee, Minister-in-charge of Department of Youth Services, Environment and Tourism

19. Shri Bhakti Bhusan Mandal, Minister-in-charge of Department of Co-operation

20. Shri Narendra Nath Dey, Minister-in-charge of Agriculture Department (excluding Horticulture)

21. Shri Debabrata Banerjee, Minister-in-charge of Irrigation & Waterways Department

22. Shri Kshiti Goswami, Minister-in-charge of Public Works Department

23. Shri Nanda Gopal Bhattacherjee, Minister-in-charge of Water Investigation and Development Department

24. Shri Kiranmay Nanda, Minister-in-charge of Fisheries Department

25. Shri Prabodh Chandra Sinha, Minister-in-charge of Parliamentary Affairs Department

26. Shri Upen Kisku, Minister of State for S.C.S.T. and OBC Welfare Department

27. Shri Pratim Chatterjee, Minister of State for Department of Fire Services

28. Shri Mrinal Banerjee, Minister-in-charge of Department of Public Undertakings & Industrial Reconstruction

29. Shri Pralay Talukdar, Minister-in-charge of Cottage & Small Scale Industries Department

30. Shri Bansa Gopal Choudhury, Ministr-in-charge of Department of Technical Education & Training

31. Shri Anisur Rahaman, Minister-in-charge of Animal Resources

Development Department

32. Shri Nisith Adhikary, Minister-in-charge of Law and Judicial Department

33. Shri Jogesh Chandra Barman, Minister-in-charge of Forests Department

34. Shri Kalimuddin Shams, Minister-in-charge of Food & Supplies Department

35. Shri Birendra Kumar Maitra, Minister-in-charge of Agriculture Marketing Department

36. Shri Satya Ranjan Mahata, Minister-in-charge of Relief Department

37. Shri Biswanath Chowdhury, Minister-in-charge of Social Welfare & Jails Department

38. Smt. Anju Kar, Minister of State of Mass Education Extention Department

39. Shri Maheswar Murmu, Minister of State of Special Tribal Areas Development including Jhargram Affairs Department

40. Shri Nimai Mal, Minister of State Department of Library Services

41. Dr. Shrikumar Mukherjee, Minister of State of Civil Defence Department

42. Shri Kamalendu Sanyal, Minister of State of Land & Land Reforms, Panchayats and Rural Development Department

43. Shri Susanta Ghosh, Minister of State of Transport Department

44. Smt Minati Ghosh, Minister of State of Health & Family Welfare Department

45. Smt. Bilasi Bala Sahis, Minister of State of Forests Department

46. Shri Ganesh Mondal, Minister of State of Irrigations & Waterways Department

47. Shri Monohar Tirkey, Minister of State of Public Works Department

48. Shri Dhiren Sen, Minister of State of Excise Department

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
## PRINCIPAL OFFICERS & OFFICIALS

**Speaker : Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker : Shri Anil Mukherjee**

## SECRETARIAT

**Secretary : Shri Sudhangshu Ranjan Chattopadhyaya**

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**

1. Abdul Mannan, Shri (181-Champdani—Hooghly)
2. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - 24 Parganas)
3. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj—Naida)
4. Abu-Ayes Mondal, Shri (278-Manteswar—Burdwan)
5. Abu Hasem Khan Choudhury, Shri (49-Kaliachak—Malda)
6. Abu Hena, Shri (55-Lalgola—Murshidabad)
7. Abu Sufian Sarkar, Shri (56-Bhagabangola—Murshidabad)
8. Abul Basar Laskar, Shri, (120-Magrahat West—South 24-Parganas)
9. Acharjee, Shri Maniklal (257-Kulti—Burdwan)
10. Adhikary, Shri Nisith (270-Burdwan North—Burdwan)
11. Akbor Ali Khandoker, Shri (178-Chanditala—Hooghly)
12. Anisur Rahaman, Shri (60-Domkal—Murshidabad)
13. Ankura, Shri Saresh [266-Kanksa (SC)—Burdwan]
14. Bag, Shri Karick Chandra [267-Ausgram (SC)—Burdwan]
15. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
16. Bagdi, Shri Kirity [247-Indpur (SC)—Bankura]
17. Bagdi, Shri Lakhan [263 - Ukhra (S.C.) - Burdwan]
18. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (SC)—Purulia]
19. Bakshi, Shri Sanjoy (142- Jorabagan—Calcutta)
20. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
21. Bandyopadhyay, Shri Tarak (140-Cossipore—Culcutta)
22. Bandyopadhyay, Shri Debabrata (63-Berhampore—Murshidabad)
23. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
24. Banerjee, Shri Debabrata (265-Durgapur-II—Burdwan)
25. Banerjee, Shri Mrinal (264-Durgapur-I—Burdwan)
26. Banerjee, Shri Pankaj (150-Tollygunge—Calcutta)
27. Banerjee, Shri Shyamadas (259-Hirapur—Burdwan)
28. Banerjee, Tapas (260-Asansol—Burdwan)
29. Bangal, Dr. Makhanlal (216-Sabang—Mindapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

30. Bapuli, Shri Satya Ranjan, (123 - Mathurapur - 24-Parganas)
31. Barman, Shri Jogesh Chandra [13-Falakata (SC)— Jalpaiguri]
32. Basu, Shri Baren (87-Habra—North 24-Parganas)
33. Basu, Dr. Hoimi (149-Rash Behari Avenue—Calcutta)
34. Basu, Shri Jyoti (117 - Satgachia - 24-Parganas)
35. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]
36. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]
37. Bera, Shrimati Chhaya(199-Nandanpur—Midnapore)
38. Bera, Shri Dipak (203-Moyna—Midnapore)
39. Bhaduri, Shri Timir Baran (64-Beldanga—Murshidabad)
40. Bhakat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)
41. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur—South 24 Parganas)
42. Bhattacharjee, Shri Nanda Gopal (228-Dantan—Midnapore)
43. Bhattacharjee, Shri Sudhir (118-Falta—Sourth 24 Parganas)
44. Bhattcharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)
45. Biswas, Shri Ananda Kumar [110-Bishnupur East (SC)—South 24-Parganas]
46. Biswas, Shri Binay Krishna [80-Ranaghat East (SC)—Nadia]
47. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
48. Biswas, Shri Jayanta Kumar (61 - Naoda - Murshidabad)
49. Biswas, Shri Kaliprasad (184-Hairpal—Hooghly)
50. Biswas, Shri Kamalakshmi [84 - Bagdaha (S.C.) - 24 Parganas]
51. Biswas, Shri Kanti [89-Sandeshkhali (SC)—North 24-Parganas]
52. Biswas, Shri Shashanka Shekhor [79-Hanskhali (SC)—Nadia]
53. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC)—Nadia]
54. Biswas, Smt. Susmita (250-Barjora—Bankura)
54. Bose, Shri Shyama Prosad (271-Burdwan South—Burdwan)
55. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)
57. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

58. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)
59. Chakraborty, Shri Gautam (46-Englishbazar—Malda)
60. Chattaraj, Shri Suniti (288-Suri—Birbhum)
61. Chatterjee, Shri Pratim (185-Tarakeswar—Hooghly)
62. Chatterjee, Shri Rabindranath (280-Katwa—Burdwan)
63. Chattopadhyay, Shri Jyoti Krishna (179-Uttarpara—Hooghly)
64. Chattopadhyay, Shri Sobhan Deb (104-Baruipur— South 24-Parganas)
65. Chattopadhyay, Shri Tapas (275-Memari—Burdwan)
66. Chaudhuri, Shri Amar (137-Baranagar—North 24-Parganas)
67. Chhetri, Shri Narbahadur (23-Darjeeling—Darjeeling)
68. Chhetri, Shrimati Shanta (24-Kurseong—Darjeeling)
69. Choudhuri, Shri Adhir Ranjan (57-Nabagram—Murshidabad)
70. Choudhury, Shri Bansa Gopal (261-Ranigunj—Burdwan)
71. Chowdhary, Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)
72. Chowdhury, Shri Biswanath (38-Balurghat—South Dinajpur)
73. Chowdhury, Shri Jayanta (253-Vishnupur—Bankuar)
74. Chowdhury, Shri Jyoti (180-Serampore—Hooghly)
75. Chowdhury, Shri Nanigopal (176-Udaynarayanpur—Howrah)
76. Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari—Cooch Behar)
77. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (SC)—Cooch Behar]
78. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]
79. Dalui, Shri Shibaprased [272-Khandaghosh (SC)—Burdwan]
80. Das, Shri Ananda Gopal [283-Nanur (SC)—Birbhum]
81. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)
82. Das, Shri Dilip Kumar [31-Raiganj (SC)— North Dinajpur]
83. Das, Shri Nirmal (12-Alipurduar—Jalpaiguri)
84. Das, Shri Paresh Nath [53-Sagardighi (SC)—Murshidabad]
85. Das, Shri Puspa Chandra [9-Tufanganj (SC)—Cooch Behar]
86. Das, Shri Sailaja Kumar (211-Contai South—Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

87. Das, Shri Sanjib Kumar (172-Shyampur—Howrah)
88. Das, Shri Soumindra Chandra (5-Cooch Behar West—Cooch Behar)
89. Das, Shri Sukumar (204-Mahishadal—Midnapore)
90. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)
91. Das Mohapatra, Shri Kamakhya Nandan (215-Pataspur—Midnapore)
92. Dasthakur, Shri Chittaranjan (200-Panskura West—Midnapore)
93. Datta, Shri Binoy (194-Arambagh—Hooghly)
94. D'Costa Hurt, Shrimati Gillian Rosemary (295-Nominated)
95. De, Shri Ajoy (78-Santipur—Nadia)
96. De, Shri Partha (251-Bankura—Bankura)
97. Deb, Shri Ashok Kumar (116-Budge Budge—South 24 Parganas)
98. Deb, Shri Gautam (96-Hasnabad—North 24-Parganas)
99. Deb, Shri Rabin (152-Ballygunge—Calcutta)
100. Dey, Shri Gopal Krishna (125-Patharpratima—South 24-Parganas)
101. Dey, Shrimati Ibha (177-Jangipara—Hooghly)
102. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
103. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)
104. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]
105. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)
106. Dutta, Shri Gurupada (196-Chandrakona—Midnapore)
107. Dutta, Shri Himagshu (279-Purbasthali—Burdwan)
108. Dutta, Shri Sabuj (173-Bagnan—Howrah)
109. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)
110. Ganguly, Shrimati Kanika (161-Bally—Howrah)
111. Ganguly, Shri Santi Ranjan (141-Shyampukur—Calcutta)
112. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC)—North 24-Parganas]
113. Ghatak, Shri Santi Ranjan (136-Kamarhati—North 24-Parganas)
114. Ghosh, Shri Biren (277-Nadanghat—Burdwan)
115. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

116. Ghosh, Shri Nirmal (135-Panihati—North 24-Parganas)
117. Ghosh, Shri Pankaj Kumar (85-Bongaon—North 24-Parganas)
118. Ghosh, Shri Rabindra (171-Uluberai South—Howrah)
119. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West—Nadia)
120. Ghosh, Shri Susanta (220-Garhbeta East—Midnapore)
121. Giri, Shri Asok Kumar (126-Kakdwip—South 24-Parganas)
122. Goala, Shri Rajdeo (160-Belgachia West—Calcutta)
123. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)
124. Goswami, Shri Mihir (4-Cooch Behar North—Cooch Behar)
125. Goswami, Shri Subhas (284-Chhatna—Bankura)
126. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
127. Gulsan Mullick, Shri (168-Panchla—Howrah)
128. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
129. Habibur Rahaman, Shri (54-Jangipur—Murshidabad)
130. Hafiz Alam Sairani, Shri (29-Goalpokhar—North Dinajpur)
131. Hansda, Shri Naren [232-Binpur (ST)—Midnapore]
132. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
133. Hazra, Shri Samar [274-Jamalpur (SC)—Burdwan]
134. Hembram, Shrimati Deblina [246-Ranibandh (ST)—Bankura]
135. Hembram, Shri Rabindra Nath [242-Kashipur (ST)—Purulia]
136. Hemrom, Shri Jadu [39-Habibpur (ST)—Malda]
137. Hira, Shrimati Mili (83-Haringhata—Nadia)
138. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)
139. Humayun Reza, Shri (51-Aurangabad—Murshidabad)
140. Id. Mohammed, Shri (68-Bharatpur—Murshidabad)
141. Idrish Mondal, Shri (269-Golsi—Burdwan)
142. Kabi, Shri Pelab (262-Jumuria—Burdwan)
143. Kalimuddin Shams, Shri (293-Nalhati—Birbhum)
144. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
145. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakshipara —Nadia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

146. Khaitan, Shri Rajesh (144-Barabazar—Calcutta)
147. Khanra, Shri Ajit (208-Bhagabanpur—Midnapore)
148. Khanra, Shri Saktipada (190-Polba—Hooghly)
149. Kisku, Shri Lakhi Ram [233-Banduan(ST)—Purulia]
150. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura]
151. Kujur, Shri Sushil [14-Madarihat (ST)—Jalpaiguri]
152. Kundu, Shri Ranjit (129-Naihati—North 24-Parganas)
153. Lahiri, Shri Jatu (165-Shibpur—Howrah)
154. Lepcha, Shri Gaulan (22-Kalimpong—Darjeeling)
155. Let, Shri Dhiren [290-Mayureswar (SC)—Birbhum]
156. M. Ansar Uddin, Shri (167-Jagatballavpur—Howrah)
157. Mahammuddin, Shri (27-Chopra—North Dinajpur)
158. Mahbubul Haque, Shri (41-Kharba—Malda)
159. Mahammed Hannan, Shri (291-Rampurhat—Birbhum)
160. Mahata, Shri Abinas (243-Hura—Purulia)
161. Mahata, Shri Khagendranath (222-Salbani—Midnapore)
162. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
163. Mahato, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)
164. Mahato, Shri Shantiram (238-Joypur—Purulia)
165. Maikap, Shri Chakradhar, (210-Contai North—Midnapore)
166. Mainul Hoque, Shri (50-Farakka—Murshidabad)
167. Maitra, Shri Banshi Badan [193-Khanakul (SC)—Hooghly]
168. Maitra, Shri Birendra Kumar(42-Harishchandrapur—Malda)
169. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia]
170. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura]
171. Majhi, Shri Tamal Chandra [282-Ketugram (SC)—Burdwan]
172. Mal, Shri Asit Kumar [292-Hansan (SC)—Birbhum]
173. Mal, Shri Nimai (192-Pursurah—Hooghly)
174. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly]
175. Mallik, Shrimati Sadhana (281-Mangalkot—Burdwan)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

176. Mandal. Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)
177. Mondal. Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)
178. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)
179. Mandal. Shri Rabindra Nath [91-Rajarhat (SC)—North 24-Parganas]
180. Mandal, Dr. Ram Chandra [290-Khajuri (SC)—Midnapore]
181. Mandal, Shri Ram Prabesh (47-Manickchak—Malda)
182. Mandal. Shri Subhas (286-Bhatar—Burdwan)
183. Mandal, Shri Tushar Kanti [205-Sutahata (SC)—Midnapore]
184. Manjhi, Shri Ramjanam [170-Uluberia North (SC)—Howrah]
185. Md. Fazle Haque. Dr. (6-Sitai—Cooch Behar)
186. Md. Sohrab. Shri (52-Suti—Musrshidabad)
187. Md. Yakub. Shri (92-Deganga—North 24-Parganas)
188. Mehta. Shri Nishi Kanta (236-Arsha—Purulia)
189. Minj. Shri Prokash [26-Phansidewa (ST)—Darjeeling]
190. Mir Quasem Mondal. Shri (73-Chapra—Nadia)
191. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapur)
192. Mistry. Shri Bimal [105-Canning West (SC)—Sourth 24-Parganas]
193. Mitra. Shri Asit (174-Kalyanpur—Howrah)
194. Mitra. Shri Biswanath (77-Nabadwip—Nadia)
195. Mitra. Shrimati Sabitri (44-Araidanga—Malda)
196. Mitra. Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
197. Mohammad Amin, Shri (114-Garden Reach—South 24-Parganas)
198. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]
199. Mondal. Shri Biswanath [66-Khargram (SC)—Murshidabad]
200. Mondal. Shri Ganesh [100-Gosaba (SC)—South 24-Parganas]
201. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
202. Mostafa Bin Quasem. Shri (93-Swarupnagar—North 24-Parganas)
203. Motahar Hossain. Dr. (294-Murarai—Birbhum)
204. Mozammel Haque, Shri (58-Murshidabad—Murshidabad)
205. Mozammel Hoque, Shri (62-Hariharpara—Murshidabad)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

206. Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)
207. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
208. Mukherjee, Shri Ashoke (90-Barasat—North 24-Parganas)
209. Mukherjee, Shri Kamal (182-Chandanagore—Hooghly)
210. Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)
211. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
212. Mukhejee, Shri Narayan (95-Basirhat—North Parganas)
213. Mukherjee, Shri Nirmal (113-Behala West—South 24-Parganas)
214. Mukherjee, Shri Pratyush (175-Amta—Howrah)
215. Mukherjee, Shri Rabin (187-Bansberia—Hooghly)
216. Mukherjee, Shri Samar (43- Ratua—Malda)
217. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)
218. Mukherjee, Dr. Srikumar (34-Itahar—North Dinajpur)
219. Mukherje, Shri Subrata (146-Chowringhee—Calcutta)
220. Mukhopadhyay, Shri Chitta Ranjan (198-Daspur—Midnapore)
221. Munda, Shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
222. Murmu, Shri Debnath [40-Gazole (ST)—Malda]
223. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
224. Mursalin Molla, Shri (115-Maheshtala—South 24-Parganas)
225. Nanda, Shri Brahmamoy (207-Narghat—Midnapore)
226. Nanda, Shri Kiranmay (214-Mugberia—Midnapore)
227. Naskar, Shri Sankar Saran (111-Bishnupur West—South 24-Parganas)
228. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24- Parganas]
229. Nath, Shri Madanmohan (132-Noapara—North 24-Parganas)
230. Nazmul Haque, Shri, (225-Kharagpur Rural—Midnapore)
231. Oraon, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]
232. Paik, Shri Nikunja [122-Mandirbazar (SC)—South 24-Parganas]
233. Paik, Shrimati Sakuntala [124-Kulpi (SC)—South 24-Parganas]
234. Pakhira, Shri Ratan [197-Ghatal (SC)—Midnapore]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

235. Pal, Shri Shyama Prosad (273-Raina—Burdwan)
236. Panda, Shri Debi Sankar (206-Nandigram—Midnapore)
237. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
238. Patra, Shri Manoranjan (244-Taldangra—Bankura)
239. Paul, Shrimati Maya Rani (63-Berhampore—Murshidabad)
240. Paul, Shri Paresh (159-Manicktola—Calcutta)
241. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko—Calcutta)
242. Pramanik, Shri Sudhir [2-Setalkuchi (SC)—Cooch Behar]
243. Purkait, Shri Prabodh [102-Kultali (SC)—South 24-Parganas]
244. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)
245. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
246. Ram, Shri Ram Pyare (147-Kabitirtha—Calcutta)
247. Rana, Shrimati Shakti (230-Gopiballavpur—Midnapore)
248. Ray, Shri Pramatha Nath [32-Kaliaganj (SC)—North Dinajpur]
249. Ray Chowdhury, Shri Biplab (201-Panskura East—Midnapore)
250. Routh, Shri Dibakanta [188-Balagarh (SC)—Hooghly]
251. Roy, Shri Bachcha Mohan [17-Maynaguri (SC)—Jalpaiguri]
252. Roy, Shri Banamali [15-Dhupguri (SC)—Jalpaiguri]
253. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)
254. Roy, Shri Jatindra Nath [21-Rajganj (SC)—Jalpaiguri]
255. Roy, Shri Manmatha (86-Gaighata—North 24-Parganas)
256. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar—Midnapore)
257. Roy, Shri Narmada Chandra [33-Kusmandi (SC)—South Dinajpur]
258. Roy, Shri Phani Bhusan [45-Malda (SC)—Malda]
259. Roy, Shri Ramesh [1-Mekliganj (SC)—Cooch Behar]
260. Roy, Shri Saugata (148-Alipore—Calcutta)
261. Roy, Shri Tapas (157-Vidyasagar—Calcutta)
262. Roychowdhury, Shri Nirode (88-Ashoknagar—North 24-Parganas)
263. Rubi Noor, Shrimati (48-Sujapur—Malda)
264. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (SC)—Hooghly]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

265. Saha, Dr. Tapati [154-Taltola (SC)—Calcutta]
266. Sahis, Shrimati Bilasi Bala [240-Para (SC)— Purulia]
267. Samanta, Shri Rampada (217-Pingla—Midnapore)
268. Sanyal, Shri Kamalendu (70-Palashipara—Nadia)
269. Sardar, Shri Sital Kumar [169-Sankrail (SC)—Howrah]
270. Saren, Shri Subhas Chandra [299-Nayagram (ST)—Midnapore]
271. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
272. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)
273. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
274. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum—North 24-Parganas)
275. Sengupta Basu, Shrimati Kamal (128-Bijpur—South 24-Parganas)
276. Sengupta, Shri Purnendu (223-Midnapore—Midnapore)
277. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
278. Sheikh Daulat Ali, Shri (119-Diamond Harbor—South 24-Parganas)
279. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
280. Singha, Shri Sankar (81-Ranaghat West—Nadia)
281. Singha, Shri Suresh Chandra (30-Karandighi—North 24-Parganas)
282. Sinha, Shri Anay Gopal (131-Jagatdal—North 24-Parganas)
283. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
284. Sinha, Dr. Nirmal [121-Mograhat East (SC)—Sourth 24- Parganas)
285. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
286. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
287. Sk. Majed Ali, Shri (189-Pandua—Hooghly)
288. Soren, Shri Khara [36-Tapan (ST)—South Dinajpur]
289. Sultan Ahmed, Shri (153-Entally—Calcutta)
290. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
291. Tirkey, Shri Monohar [11-Kalchini (ST)—Jalpaiguri]
292. Toppo, Shri Salib [10-Kumargram (ST)—Jalpaiguri]
293. Unus Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
294. Upadhyay, Shri Manik (258-Barabani—Burdwan)
295. Zamadar, Shri Badal (107-Bhangar—South 24 Parganas)

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative chamber of the Assembly House, Calcutta on Friday, the 5th July, 1996 at 11.00 A.M.

## P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 17 Ministers, 10 Ministers of State and 87 Members.

[11-00—11-10 A.M.]

## Starred Questions
### (to which oral answers were given)

### রাজ্যে কমিউনিটি পলিটেকনিক

* ২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৭) **শ্রী আবুআয়েশ মন্ডল :** কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে মোট কতগুলি কমিউনিটি পলিটেকনিক চালু করা হয়েছে;

(খ) (১) উক্ত পলিটেকনিকগুলি কোথায় কোথায় রয়েছে; এবং

(২) সেগুলিতে কি কি বিশেষ ধরনের শিক্ষাক্রম চালু করা হয়েছে?

**শ্রী বংশগোপাল চৌধুরি :**

(ক) বর্তমানে রাজ্যে বিদ্যমান ২৫টি পলিটেকনিকে কমিউনিটি প্রকল্প রূপায়িত হচ্ছে।

(খ) পলিটেকনিকগুলির নামের তালিকা পৃথকভাবে সংযোজিত হ'ল।

**Statement referred to in reply to clause Kha(1) of Starred Question No. *244 (admitted question No. *397)**

১। দার্জিলিং পলিটেকনিক, কার্সিয়াং, দার্জিলিং;

২। কোচবিহার পলিটেকনিক, কোচবিহার;

৩। জলপাইগুড়ি পলিটেকনিক ইনস্টিটিউট, জলপাইগুড়ি;

৪। রায়গঞ্জ পলিটেকনিক, উত্তর দিনাজপুর;

৫। মালদা পলিটেকনিক, মালদা;

৬। মুর্শিদাবাদ ইনস্টিটিউট অফ্ টেকনোলজি, বহরমপুর;

৭। *বিপ্রদাস পাল চৌধুরি* ইনস্টিটিউশন অফ টেকনোলজি, কৃষ্ণনগর, নদীয়া;

৮। রামকৃষ্ণ মিশন শিল্পপীঠ, বেলঘরিয়া, চব্বিশ পরগনা; (উঃ)

৯। জগদীশচন্দ্র পলিটেকনিক, বেড়াচাঁপা, চব্বিশ পরগনা; (উঃ)

১০। নর্থ ক্যালকাটা পলিটেকনিক, কলিকাতা - ৭০০ ০০২;

১১। উইমেনস্ পলিটেকনিক, কলকাতা - ৬৮;

১২। রিজিওন্যাল ইনস্টিটিউট অফ্ টেকনোলজি, কলকাতা - ৩২;

১৩। জ্ঞানচন্দ্র ঘোষ পলিটেকনিক, কলকাতা-২৩;

১৪। রামকৃষ্ণ মিশন শিল্পমন্দির, বেলুড়মঠ, হাওড়া;

১৫। ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউশন ফর জুনিঃ এক্জিকিউটিভস্, দালালপুকুর, হাওড়া;

১৬। হুগলি ইনস্টিটিউট অফ্ টেকনোলজি, হুগলি;

১৭। উইমেনস্ পলিটেকনিক, চন্দননগর, হুগলি;

১৮। এম.বি.সি. ইনস্টিটিউশন অফ্ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বর্ধমান;

১৯। আসানসোল পলিটেকনিক, আসানসোল-২, বর্ধমান;

২০। রানিগঞ্জ ইনস্টিটিউশন অফ্ মাইনিং রানিগঞ্জ, বর্ধমান;

২১। কে.জি. ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট, বিষ্ণুপুর, বাঁকুড়া;

২২। পুরুলিয়া পলিটেকনিক, পুরুলিয়া;

২৩। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর পলিটেকনিক, ঝাড়গ্রাম, মেদিনীপুর;

২৪। কন্টাই পলিটেকনিক, কন্টাই, মেদিনীপুর;

২৫। শ্রী রামকৃষ্ণ শিল্প বিদ্যাপীঠ, সিউড়ি, বীরভূম।

(১) স্থানীয় মানুষের প্রযুক্তিগত প্রয়োজনের নিরিখে উক্ত কমিউনিটি পলিটেকনিকগুলি বিভিন্ন ট্রেড পাঠক্রমগুলির স্বপ্নকালীন প্রশিক্ষণের ব্যবস্থা করছে। তাছাড়া, পঞ্চায়েত স্তরে চাহিদানুসারে কর্ম সহায়কদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে বা হচ্ছে।

(২) গ্রামীণ মানুষের চাহিদা ও প্রয়োজন অনুসারে সংশ্লিষ্ট ক্ষেত্রসমুহে কমিউনিটি পলিটেকনিকগুলির মাধ্যমে প্রযুক্তিগত বিষয়গুলি স্থানান্তকরন ও আনুষঙ্গিক সেবামূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে।

**শ্রী আবুআয়েশ মন্ডল ঃ** মন্ত্রী মহাশয় আপনি আমার প্রশ্নের উত্তরে যে ২৫টি কমিউনিটি পলিটেকনিকের কথা বললেন এবং সেইগুলোর অবস্থানের কথা বললেন, সেইগুলোতে যে

পাঠক্রম চালু আছে সেই সম্পর্কে যা বললেন তাতে বর্তমানে সেইগুলোতে মোট কতজন ছাত্র আছে বা শিক্ষার্থীদের শিক্ষা দেবার ব্যবস্থা আছে, চাহিদার সঙ্গে এর সংখ্যাটা বাড়াবার কোনও চিন্তা ভাবনা আছে কি?

**শ্রী বংশগোপাল চৌধুরি :** বিভিন্ন পলিটেকনিক প্রতিষ্ঠান যেগুলো আছে, সেইগুলোতে স্বল্প মেয়াদী প্রশিক্ষণ দেওয়া হয় এবং সেখানে সারা বছর ধরে পড়াশুনা চলে। এখনকার যে প্রয়োজন স্বনিযুক্তি প্রকল্পের কথা চিন্তা করে ওখানে বিভিন্ন পাঠক্রম চালু করা হয়েছে।

**শ্রী আবুআয়েশ মন্ডল :** এবারে ৯৬-৯৭ সালের শিক্ষা বাজেটে যে নতুন ধরনের পলিটেকনিক স্থাপনের কথা বলা হয়েছে, সেইগুলো কমিউনিটি পলিটেকনিক হবে না অন্য ধরনের হবে?

**শ্রী বংশগোপাল চৌধুরি :** এই বিষয়ে আমরা এখনও চূড়ান্ত কিছু করিনি যে কমিউনিটি পলিটেকনিক করা হবে। তাছাড়া নুতন পলিটেকনিক করা হবে চাহিদা অনুসারে। এখনকার যে চাহিদা, নগর এলাকায় যে ধরনের প্রযুক্তি করতে হবে এবং পঞ্চায়েত স্তরে যে সমস্ত স্বনিযুক্তি প্রকল্প চালু হবে সেইগুলোকে শক্তিশালী করার জন্য যে ধরনের ব্যবস্থা কবা দরকার সেইভাবে ট্রেনিং এর ব্যবস্থা করা হবে।

**শ্রী আবুআয়েশ মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় পলিটেকনিকের যে তালিকা দিলেন তাতে যতদূর আমি শুনলাম মনে হ'ল, কেবলমাত্র মহিলাদের জন্য দুটিমাত্র পলিটেকনিক আছে। যদি সত্যি হয় তাহলে কেবলমাত্র মহিলাদের জন্য আরও পলিটেকনিক বাড়াবার পরিকল্পনা আছে কি না এবং যদি থাকে সেগুলি কোথায় কোথায়?

**শ্রী বংশগোপাল চৌধুরি :** মহিলাদের জন্য পলিটেকনিক ইতিমধ্যেই আমরা বাড়িয়েছি। মাননীয় সদস্য জানেন যে কেবলমাত্র মহিলাদের জন্য আমাদের রাজ্যে একটিই মাত্র পলিটেকনিক ছিল যোধপুর পার্কে, সেখানে আরও দুটি আমরা করেছি চন্দননগর এবং শিলিগুড়িতে। আমরা চেষ্টা করছি আরও এই ধরনের পলিটেকনিকের সংখ্যা যাতে বাড়াতে পারি।

**শ্রী রামপদ সামন্ত :** বাজেটে দেখা. যাচ্ছে যে ব্লক ভিত্তিক পলিটেকনিক স্থাপন করার চিন্তা আপনি রেখেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এর জন্য সাধারণভাবে কি কি রিকোয়ারমেন্ট ফুলফিল করতে হবে?

**শ্রী বংশগোপাল চৌধুরি :** আমি ইতিমধ্যেই বলেছি যে কমিউনিটি পলিটেকনিক করার ক্ষেত্রে আমাদের যে মূল পলিটেকনিক জেলা বা মহকুমা শহরে বা অন্য শহরে আছে তাকে ঘিরে এই ধরনের ছোট ছোট পলিটেকনিক যাতে করা যায় এবং ব্লকে তার এক্সটেনশন সেন্টার সেগুলি পরিচালনা করা যায়। নতুন পলিটেকনিক যা হবে সেখানে জোর দেওয়া হবে সরকারি বাড়ি সেগুলি যাতে ব্যবহার করা যায়। সেই অঞ্চলের চাহিদা অনুসারে এবং কি প্রয়োজন দেখে এগুলি আমরা চূড়ান্ত করব পরবর্তীকালে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় এ বছরের বাজেটে বলেছেন এবং বিভিন্ন পত্রপত্রিকাতেও দেখেছি যে আই.টি.আই. স্টান্ডার্ডে পড়াশুনা করার জন্য জেলায় জেলায় দপ্তর থেকে পরিকল্পনা নেওয়া হয়েছে। যেখানে পরিকাঠামো আছে এবং অন্যান্য

শর্তগুলি পূরণ করা হবে সেখানে এই আই.টি.আই ধরনের নতুন পলিটেকনিক করার কর্মসূচি নেওয়া হয়েছে। সেগুলিতে অগ্রাধিকার দেবার ব্যাপারটা কি ভাবে বিবেচিত হবে জানাবেন কি?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** এটা পরিকল্পনার স্তরে আছে। যখন চূড়ান্ত হবে তখন নিশ্চয় মাননীয় সদস্য সবটা জানতে পারবেন এবং সেখানে তখন অগ্রাধিকারের বিষয়টাও নিশ্চয় বিবেচনা করা হবে।

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে কাঁথী পলিটেকনিক কলেজটি বিশাল জায়গা নিয়ে তৈরি হয়েছে এবং সেখানে বিশাল বিল্ডিংও তৈরি হয়েছে। এখানে আসন সংখ্যা কিন্তু খুব সীমিত। এখনও বহু ঘর সেখানে খালি পড়ে আছে এবং বহু জায়গাও আছে। এখানে আসন সংখ্যা বাড়াবার কোনও পরিকল্পনা আপনার আছে কি?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** গতবার আসন সংখ্যা বেড়েছিল ৫ শতাংশ, এবারেও সিদ্ধান্ত করেছি আরও ৫ শতাংশ বাড়াবার, মোট ২৫ শতাংশ বাড়াতে পারছি। কাঁথীতেও যখন বাড়বে তখন যে বাড়িটি তৈরি হয়ে আছে তা পুরোটি ব্যবহার করা যেতে পারে।

**শ্রী মুরসালীন মোল্লা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে স্বনিযুক্তি প্রকল্পে সহায়তা দেবার জন্য ট্রাইসেম এবং সাইসেক পর্যায়ের পাঠক্রম এবং ট্রেনিং-এর ব্যবস্থা ছিল পলিটেকনিকগুলিতে। পৌরসভা হবার পর সেই অঞ্চলগুলি এই ধরনের সুযোগ পাচ্ছে কি না? নির্দিষ্টভাবে বলছি, মহেশতলা পৌরসভা আগে পঞ্চায়েত ছিল এবং সেখানে এই সুযোগ ছিল, এখন কি সেই সুযোগ নিতে পারবে? এখানে এই যে জ্ঞানচন্দ্র ঘোষ পলিটেকনিক তাতে কি সেইরকম সুযোগ তারা পাচ্ছে?

[11-10—11-20 A.M.]

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** পৌর এলাকা থেকে এই ধরনের কমিউনিটি পলিটেকনিকের প্রস্তাব এলে এবং মূল যে পলিটেকনিক আছে তারা সেই প্রস্তাব বিবেচনা করবেন। যদি আপনার কাছ থেকে এই ধরনের নির্দিষ্ট প্রস্তাব আসে, আমরা বিবেচনা করে দেখব।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটি অতিরিক্ত প্রশ্ন আছে। মাননীয় মন্ত্রী মহাশয় জ্ঞানচন্দ্র পলিটেকনিকের কথা বলেছেন। কলকাতা থেকে দার্জিলিং পর্যন্ত ২৫টি পলিটেকনিক আছে। কিন্তু হোয়াট অ্যাবাউট দি সাউথ? উই হ্যাভ বিন ডিপ্রাইভড ফর লং ৫০ ইয়ারস। মন্ত্রী কোনও অ্যাকশন নিয়েছেন কি না? এই ব্যাপারে অ্যাগ্রো-বেসড ইন্ডাস্ট্রির জন্য আপনি কোনও পলিটেকনিক করার জন্য আমতলায় হোক বা ডায়মন্ডহারবার হোক, যেখানে যোগাযোগ করার সুবিধা আছে সেখানে করবার পরিকল্পনা নিয়েছেন কি না জানাবেন কি?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** দক্ষিণ ২৪-পরগনাতে আমরা কারিগরি প্রশিক্ষণের জন্য একটা কেন্দ্রের কাজ শুরু করেছি আমাদের প্রয়াত মন্ত্রী প্রভাস রায়ের নামে। সেই কাজের অনেক অগ্রগতি হচ্ছে। দক্ষিণ ২৪-পরগনার চাহিদা অনুযায়ী সেখানে আমরা নতুন ট্রেড চালু করব। দ্বিতীয়ত আমাদের জ্ঞানচন্দ্র ঘোষ পলিটেকনিক যা কলকাতায় আছে, তার সমস্ত

এক্সটেনশন সেন্টার, কমিউনিটি পলিটেকনিক তা দক্ষিণ ২৪-পরগনা জেলায় চালু করা হচ্ছে এবং বিশেষ করে ফলতায় জোর দেওয়া হয়েছে। আমি মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি যে, আমরা নতুন এই যে পরিকল্পনা গ্রহণ করব সেখানে অবশ্যই দক্ষিণ ২৪ পরগনা এবং আপনার এলাকাকে গুরুত্ব দেওয়া হবে।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানিয়েছেন যে বিভিন্ন এলাকার চাহিদা এবং সম্ভাবনা যাচাই করে বিভিন্ন জায়গায় স্বল্প ব্যায়ে পলিটেকনিক কোর্স প্রশিক্ষণ দেবার চেষ্টা করছেন। আমি জানতে চাচ্ছি তিনি কি এই সম্ভাবনা যাচাই করে দেখেছেন যে কোথায় কি সম্ভাবনা আছে এবং তার ভিত্তিতে সামগ্রিক প্ল্যান রচনা করছেন কি?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** আমরা ইতিমধ্যে এই সব কাজকর্ম শুরু করেছি এবং এই ব্যাপারে খুব সাবধানতা অবলম্বন করব। এই ধরনের সংযুক্তি প্রকল্পের সঙ্গে যুক্তি করে যে ট্রেড দেওয়া দরকার সেই ব্যবস্থা সেখানে নিতে হবে। এগুলি জেলার সঙ্গে আলোচনা করে যেগুলি আমরা সফলভাবে করতে পারব সেইভাবে এগিয়ে যাচ্ছি।

**শ্রী গুরুপদ দত্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে হায়ার সেকেন্ডারি স্কুলে কারিগরি শিক্ষা প্রবর্তন করলে আপনার যে এইম সেটা সফল হতে পারে। কাজেই এই ধরনের পরিকল্পনা কিছু আছে কি?

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** সম্প্রতি বিদ্যালয় শিক্ষা দপ্তরের সঙ্গে আমাদের একটা আলোচনা হয়েছে। আমাদের বিভিন্ন জেলার বিদ্যালয়ে ভোকেশনাল কোর্স চালু আছে। আমরা সেগুলিকে এখন কারিগরি শিক্ষা প্রশিক্ষণ দপ্তরের পক্ষ থেকে আলোচনা করে নতুন ধরনের কোর্স করতে চাচ্ছি। কারণ অতীতে যে কোর্সগুলি ছিল ভোকেশনাল কোর্স, সেগুলি বর্তমান পরিস্থিতিতে তার স্বকীয়তা বজায় রাখতে পারছে না। আমরা নতুন কিছু ভোকেশনাল কোর্স সেই বিদ্যালয়গুলিতে করতে চাই। আপনি দ্বিতীয় যে কথাটি বলেছেন, আমরা ঐ ধরনের বিদ্যালয়গুলিকে ব্যবহার করবার ব্যাপারে গুরুত্ব দিচ্ছি।

***245.** ................ Not Called ...............

***246.** ................ Not Called ...............

***247.** ................ Held over ................

**ভাগিরথী নদীর উপর সেতু নির্মাণ**

*** ২৪৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩৩।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় রঘুনাথগঞ্জে ও জঙ্গীপুরে ভাগিরথীর উপর নতুন সেতু নির্মাণের রূপরেখাটি কিরূপ; এবং

(খ) ঐ সেতু নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ**

(ক) সেতুটি নির্মাণের জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহের বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

(খ) এখনই বলা সম্ভব হচ্ছে না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ঐ ব্রিজটির জন্য এস্টিমেটেড কস্ট কত ধরা হয়েছে?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** ঐ ব্রিজটির জন্য আনুমানিক ব্যয় ধরা হয়েছে ২০ কোটি টাকা।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আমার দ্বিতীয় প্রশ্ন, আমরা একটা সময় শুনেছিলাম যে, রাজ্য সরকার বেসরকারি সংস্থার সহায়তা নিয়ে ব্রিজটি নির্মাণের জন্য একটি স্কীম করেছেন; সংবাদটি ঠিক হ'লে কোন কোন সংস্থার সঙ্গে এ-ব্যাপারে আলোচনা হয়েছে?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** ঐ ব্রিজটি করতে আমরা বি.ই.ডি.পির সঙ্গে একটা স্কীম তৈরির চেষ্টা করেছিলাম। ওটি মুম্বাই-এর একটি সংস্থা। তারা এসে বলেছিলেন যে, ব্রিজটি তারা করে দিতে পারবেন এবং তার জন্য তারা আমাদের সঙ্গে একটা 'মৌ'-য়ে স্বাক্ষরও করে যান। আমরা তাদের ফিজিবিলিটি সার্ভে করবার জন্য ওখানে পাঠাই এবং তারা সার্ভে করবার পর আমাদের বলেন যে, ঐ ব্রিজটির জন্য এস্টিমেটেড কস্ট দাঁড়াবে ৩০ কোটি টাকা। কিন্তু ওদের রিপোর্টে আমাদের আপত্তি দেখা দেয়, কারণ আমরা মনে করি, মূল ব্রিজটা নির্মাণে ব্যয় হবে ১৭.৭০ কোটি টাকা এবং সেটা আমরা তাদের বলি। তখন তারা আমাদের বলেন যে এতে তাদের বিরাট আর্থিক ক্ষতি যা হবে তার জন্য কলকাতার কাছে ওদের জমি দিতে হবে। তার জন্য রাজারহাটে ৩০ বিঘা এবং সোনারপুরে ১৪ বিঘা জমি তারা আমাদের কাছে চান। কিন্তু আমরা ক্ষতিয়ে দেখেছি যে, অত পরিমাণ জমি কিনে দিতে গেলে তার মূল্যটা ব্রিজটির নির্মাণ-খরচের কাছাকাছি এসে যায়, আমরা যেভাবে এস্টিমেট করেছি। তার জন্য আমরা বিকল্প চিন্তা শুরু করি এবং দেখি যে, ১৭.১৭ লক্ষ টাকায় ব্রিজটা করা সম্ভব। এবং প্রাইস এসকালেশনের ফলে ৪-৫ বছর পর হয়ত সেটা ২০ কোটিতে গিয়ে দাঁড়াবে। তার জন্য ব্রিজটির নির্মাণ ব্যয় আমরা আনুমানিক ২০ কোটি টাকা ধরি। বিকল্প আর একটি প্রচেষ্টা আমরা সরকারপক্ষ থেকে চালাচ্ছি যে, জেলা পরিষদের পক্ষ থেকে ৫ কোটি বি.ই.ডি.পি. থেকে ১০ কোটি এবং আমাদের পূর্ত দপ্তরের পক্ষ থেকে ৫ কোটি টাকা নিয়ে একটা তহবিল গঠন করবার ব্যবস্থা আমরা করেছি এবং সেভাবে একটা প্রস্তাব তৈরি করে অর্থ দপ্তরে অনুমোদনের জন্য তাদের কাছে পাঠিয়ে দিয়েছি। যদি এটা অনুমোদিত হয় তাহলে এভাবে ব্রিজটা আমরা করব। অবশ্য সংস্থাটি বিষয়টা পুনর্বিবেচনার জন্য আমাদের কাছে সময় চেয়েছেন। কিন্তু যেহেতু সেটা অনেকদিন হয়ে গেছে তার জন্য আমরা এভাবে প্রস্তুতি নিয়েছি। এর অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাপ্রুভাল পেয়ে গেলে এবারের বর্ষার পরে কাজটা শুরু করবার ইচ্ছা আছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** কৃষ্ণনগর থেকে গৌরাঙ্গ সেতুর পর ২০০-২৫০ কিলোমিটার দূরে রঘুনাথগঞ্জ পর্যন্ত বিস্তীর্ণ এলাকায় আর কোনও ব্রিজ নেই। দ্বিতীয় হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি এবং সভাধিপতি মিলে ওখানে শিলান্যাস করেছেন। যার ফলে মুর্শিদাবাদের

মানুষ শুধু নয় উত্তরবঙ্গের মানুষ, এদের মধ্যে একটা সাড়া তৈরি হয়েছে। আপনি বলছেন বর্ষার পর, আমি জানতে চাইছি একটি নির্দিষ্ট সময় সীমা নির্ধারণ করা যাবে কি না শুরু করার ব্যাপারে? মাননীয় মুখ্যমন্ত্রী উদ্বোধন করেছেন, যার ফলে মানুষের মধ্যে আর সংশয় নেই। সেই কারণে একটা নির্দিষ্ট সময় সীমা জানতে চাইছি যে কবে থেকে এই সেতুর কাজ শুরু হবে।

[11-20—11-30 A.M.]

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** আমাদের সময় সীমা বেঁধে কাজ করতে অসুবিধা নেই। মূল যে বিষয়টা এসে দাঁড়াচ্ছে সেটা হল অর্থের যোগান। আমি আগেই বলেছি এই হাউসে যে সারা পশ্চিমবাংলায় ৭৪টি ব্রিজের কাজ চলছে যেগুলি আমরা হাতে নিয়েছি। এই ক্ষেত্রে অর্থের যোগান ঠিকমতো থাকলে আমরা নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ করতে পারব এবং সেটা করে দেখাতে পারি। এই ৭৪টি ব্রিজের মধ্যে কোনটার কাজ শেষ হয়েছে, কোনটার কাজ চলছে, কোনটার কাজ শেষ হওয়ার মুখে এবং কোনটার কাজ শুরু করছি। অনেক ক্ষেত্রে যে সময় বেঁধে দেওয়া হচ্ছে সেই সময়ের মধ্যেই আমরা কাজ শেষ করছি। আপনারা শুনে আনন্দিত হবেন, মাননীয় মুখ্যমন্ত্রী শিলান্যাস করে এসেছিলেন গঙ্গারামপুরে পুনরভবা নদীর উপর সেতু তৈরি করার জন্য। আমরা একটা ভাল সংস্থা পেয়েছি, ম্যাকিনটোস বার্ন যারা তৎপরতার সঙ্গে এই সেতু নির্মাণের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যেই শেষ করে ফেলেছে। এইরকম ভাবে আমরা চেষ্টা করছি যে নির্দিষ্ট সময়ের মধ্যে কাজটা শেষ করতে। মাননীয় মুখ্যমন্ত্রী বক্তব্যে সেখানে বলেছিলেন যে শিলান্যাস করা যায়, কিন্তু দরকার হচ্ছে নির্দিষ্ট সময়ের মধ্যে কাজটা শেষ করা। আর্থিক যোগান যেটা দরকার তার জন্য আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। সেটা যদি পাওয়া যায় তাহলে নির্দিষ্ট সময়ের মধ্যেই কাজটা শেষ হবে। সাধারণত এই ধরনের কাজ করতে গেলে বিশেষ করে ভাগিরথী নদীর উপর সেতু তৈরি করতে গেলে ৪টি ওয়ার্কিং সিজিন আমাদের দিতে হবে। তা না হলে এই ধরনের ব্রিজ করা যায় না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** কবে শুরু করবেন সেই নির্দিষ্ট সময়টা যদি বলেন ভাল হয়।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** আসল ব্যাপার হচ্ছে টাকা লাগবে। আমরা যে এজেন্সিকে কাজ করতে বলব মোবিলাইজ করার জন্য, অন্তত এইরকম একটা ব্রিজের ক্ষেত্রে ৮ কোটি টাকা তাদের অ্যাডভান্স দিতে হবে। টাকার ব্যাপারে নির্দিষ্ট কিছু নির্দেশ না পেলে আমরা তো কিছু করতে পারব না, অর্থ প্রশাসনিক নির্দেশ না পেলে পি.ডবলু.ডি তো প্রসিড করতে পারবে না। ফাইনান্সের কাছে যেতে হবে, এখনও অ্যাপ্রুভাল হয় নি। তবে মনে হয় পাওয়া যাবে, চেষ্টা আমরা চালিয়ে যাচ্ছি। বর্ষার মধ্যে কাজ শুরু করা যাবে না, বর্ষার শেষে শুকনো মরশুমে কাজ শুরু হবে আশা করছি।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** স্যার, এখানে একটা বেসিক পলিসির প্রশ্ন এসে যাচ্ছে। স্যার, ইউ প্লিজ হেয়ার মি, প্রশ্ন হচ্ছে যে মুখ্যমন্ত্রী উদ্বোধন করতে যাচ্ছেন, অন্যান্য মন্ত্রীরাও শিলান্যাস করতে যাচ্ছেন এবং এই শিলান্যাস নিয়ে বহু প্রশ্ন উঠেছে। স্যার, এই ক্ষেত্রে ২০ কোটি টাকা লাগবে এবং এই টাকা কোথা থেকে আসবে সেটাও মোটামুটি ঠিক হয়ে গেছে।

কিন্তু কবে শুরু হবে এটা বলা যাচ্ছে না। গত ২ বছর ধরে আমরা লক্ষ্য করছি যে রেভিনিউ হেডে যে রোজগার হচ্ছে সেই টাকা খরচ হচ্ছে। তাহলে রেভিনিউ হেডে যেটা কালেকশন হচ্ছে সেই ব্যাপারে কনসাল্ট না করে কেন উদ্বোধন করছেন? মুখ্যমন্ত্রী শিলান্যাস করছেন আর আমাদের দপ্তর কাজ করবে, তাহলে কেন বলা যাবে না যে কবে থেকে শুরু হবে? রেভিনিউ হেডে টাকা আছে কি না সেটা উদ্বোধন বা শিল্যানাস করার আগে ভাবব না কেন? মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার প্রশ্ন হচ্ছে এই যে, আমাদের রেভেনিউ হেড যদি ঠিক থাকে, তাহলে আমরা কেন শুরু করতে পারব না? আমার এই যে পয়েন্ট শুরু করার ক্ষেত্রে, সেটা কেন পারব না?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় সদস্য যথার্থ প্রশ্ন করেছেন। আমি এইজন্য তাঁর কাছে কৃতজ্ঞ। আমাদের রেভেনিউ হেড যেটা আছে, তা আছে। সেটাকে যে ভাবে ডিস্ট্রিবিউট করা হয়, আমাদের যাকে যে ভাবে দেওয়া হয়, ইকুইটিবিলি ডিস্ট্রিবিউট করে দেওয়া হয়। সেখানে আমাদের কোনও ক্ষোভ নেই। প্রশ্ন হচ্ছে, আমাদের সরকারকে এ ছাড়া বিভিন্ন ধরনের এজেন্সীর উপরে নির্ভর করতে হয় টাকা সংগ্রহের জন্য। সম্পদ সংগ্রহের একটা জায়গা আছে। সেইক্ষেত্রে আমরা যখন একটা কাজ ধরতে যাই, যেমন ধরুন, জেলা পরিষদের কাছ থেকে আমরা একটা সহায়তা পাই। জেলা পরিষদ আবার সেন্ট্রাল গভর্নমেন্টের বিভিন্ন যে স্কীম আছে, যেমন, জওহর যোজনা, এমপ্লয়মেন্ট ইনস্যুরেন্স স্কীম ইত্যাদি, এইসবের মাধ্যমে তাঁরা টাকা পান। জেলা পরিষদের সঙ্গে হাত মিলিয়ে আমরা তাঁদের কাছ থেকে টাকা পাই। জেলা পরিষদের কাছ থেকে এই টাকা পাওয়ার ব্যাপারটি আবার আনসার্টেন। কোনও জেলা পরিষদ একবার ক্লেম করতে পারে, কোনও জেলা পরিষদ একবার, দু'বার বা তিনবার ক্লেম করতে পারে। এইভাবে যেটা আসে, তাঁদের কাছ থেকে আমাদের কাছে বছরের শেষে আসে। আমরা (পি.ডবলু.ডি.) সেটা ব্যবহার করি, ইরিগেশন ডিপার্টমেন্টও সেটা নিয়ে ব্যবহার করে। কিন্তু এই যে সেকেন্ড বা থার্ড ক্লেম হচ্ছে, এটা আনসার্টেন। বর্ডার এরিয়াতে আমরা যে কাজগুলো করি, বিশেষ করে রাস্তার কাজগুলো—বি.এ.ডি.পি., এটার জন্য সেন্ট্রাল গভর্নমেন্টের একটা ফান্ড আছে। এই বিএডিপি'র ব্যাপারে আমাদের গত বছরে বলে দেওয়া হয়েছিল, দিস ইজ দি লাস্ট ইয়ার, এর পর এটা আর থাকছে না। নতুন সরকার বলছেন, বিএডিপি তুলে দেবেন না। এই বিএডিপি আমাদের এক্তিয়ারে নয়। সুতরাং এই যে ফান্ড, এগুলোকে এক জায়গায় নিয়ে, রেভেনিউয়ের ক্ষেত্রে আমরা বলছি, পি-ডব্লু.ডি. থেকে আমরা ফান্ড দেব। সুতরাং অভাবের সংসারে এধারে ওধারে কিছু জায়গা থাকে, যেখান থেকে আমাদের টাকা যোগাড় করতে হবে। সাধারণত এইভাবে আমাদের টাকা যোগাড় করতে কিছুটা দেরি হয়ে যায়।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** টু স্টার্ট উইথ ইউ হ্যাভ গট ইওর ওন ফান্ড?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** কিন্তু এক্ষেত্রে কাজটা বড় কাজ। বিএডিপি-টা ঠিকমতো হচ্ছে কি না, এটা উঠে যাবে কি না তা আমাদের লক্ষ্য রাখতে হবে। সেন্ট্রাল গভর্নমেন্ট একবার বলছেন তুলে দেবেন, আর একবার বলছেন তুলে দেবেন না। যেমন লাস্ট ইয়ারে বলেছিলেন, এটাই শেষ। সুতরাং এটা নির্ভর করছে সেন্ট্রাল গভর্নমেন্টের পলিসির উপরে। সুতরাং এই

ধরনের ঘটনার উপরে আমরা নির্ভরশীল। টাকা যোগানের ক্ষেত্রে শুধু আমাদের রেভেনিউয়ের যোগান থাকে না, আমরা বিভিন্ন জায়গা থেকে টাকা যোগাড় করি। পঞ্চায়েতে যেমন 'ডোভ টেলিং' করে করা হয়, এই রকম ডোভ টেলিং করে করতে হয়। তাঁরা যদি অন্য জায়গায় খরচ করে ফেলেন তাহলে আমাদের ক্ষতি হয়।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** জনপ্রতিনিধি হিসাবে আমাদের বিপদে পড়তে হয়। যা হচ্ছে তা আপনি বলুন, যা আপনি পারবেন না সেটা বলবেন না। এই যে শিলান্যাস যেগুলো হয়েছে, সেগুলোর কাজ যেটা হচ্ছে না, তাতে আমরা পড়ছি বিপদে। পিপল্ আমাদের কাছে এসে জিজ্ঞাসা করছে, উই আর আনসারঅ্যাবল্ টু দি পিপল্। আমরা এই জায়গায় দাঁড়িয়ে আছি।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** আপনি ঠিকই বলেছেন। আমরা যতটা পারছি চেষ্টা করছি। সব কথা সবাইকে ব্যাখ্যা করে বললে বোঝে না। কনস্ট্রেনটা কি সেটা তাঁরা বোঝে না। কাজেই, আমরা কাজটা কি, কেন হচ্ছে না, কি কারণে হচ্ছে না, এই সমস্ত বিষয় জনপ্রতিনিধিদের ক্যাটাগোরিক্যালি বলি।

[11-30 – 11-40 P.M.]

যদি ঠিকমতো সাহায্য পাওয়া যায় তাহলে তৈরি করা যায় কিন্তু জমি অধিগ্রহণ করার ক্ষেত্রে অনেক বাধা আছে। ল্যান্ড অ্যাকুইজিশন করতে গিয়ে বাধা সৃষ্টি হচ্ছে। একোয়ার করার নোটিশ দিতে হচ্ছে এবং তারপরে কোনও একটা এজেন্সিকে যোগ করা হল। ওই এজেন্সি কাজটা ধরবার পরে দেখা গেল পেট্রোল, ডিজেল, কেরোসিনের দাম বেড়ে গেল। ওই দাম বেড়ে যাবার ফলে ওই এজেন্সি হয়তো বললেন যে আমরা ওই টাকায় কাজ করতে পারব না। ফলে হল কি, মাঝখানে ফেলে দিয়ে ওই এজেন্সি চলে গেল। আমরা তখন বলি যে, মাঝখানে ফেলে গেলে আমরা পেনাল্টি করব, ওরা তখন কোর্টে গেল। সুতরাং এই জাতীয় অসুবিধা আমাদের ... সময়ে আছে।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, [illegible]গঞ্জের ব্যাপারটা আমার নয়, আপনি জানেন যে, বিবেকানন্দ সেতুর পাশে তৃতীয় হুগলি সেতু গড়ার পরিকল্পনা আছে এবং এটা নিয়ে আমি আগেও বিধানসভাতে প্রশ্ন করেছিলাম যে, অ্যালায়েনমেন্টের কাজও হয়েছে কিন্তু কিছু সংবাদপত্র অসাধু খবর প্রকাশ করে একটা বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করেছে। আমার প্রশ্ন এই তৃতীয় হুগলি সেতুটি কোন পর্যায়ে আছে এবং কবে নাগাদ শুরু হতে পারে। বিবেকানন্দ সেতুর সংস্কার করছেন কিন্তু তার নিচে যে পিলারগুলো বহুদিনের পুরনো আছে, তার যে অবস্থা হয়ে আছে যে বারেবারে ৩০-৪০ টন ওজনের ট্রাক যাওয়ার ফলে কতদিন ওই সেতু টিকবে তাতে সন্দেহ আছে, সুতরাং তৃতীয় হুগলি সেতু কোন পর্যায়ে আছে দয়া করে জানাবেন কি?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** তৃতীয় হুগলি সেতু যেটা হবে সেটা দ্বিতীয় বিবেকানন্দ নামেই ডাকা হবে, ভবিষ্যতে কি নাম হবে বলতে পারছি না। এই সেতুটি নির্মাণ করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের উপরে নির্ভর করতে হবে। আমাদের পক্ষে এই ধরনের ব্রিজ করা কঠিন।

মিনিস্ট্রি অফ সারফেস ট্রান্সপোর্ট (মোস্ট) এর মাধ্যমে আমরা যোগাযোগ করবার চেষ্টা করি। আমরা এস্টিমেটস্ করে পাঠিয়েছি এবং এই ধরনের স্কীম সাধারণত বিওএটি স্কীমই তৈরি করার চেষ্টা করেন। বিওএটি স্কীম তৈরির জন্য সি ই এস নামে একটি সংস্থা সার্ভে করে রিপোর্ট দেন। আমরা সেটাকে অ্যাপ্রুভ করে 'মোস্টের' কাছে পাঠিয়ে দিই। তারপরে 'মোস্টের' থ্রু দিয়ে আমরা গ্লোবাল্লি কথা বলব। আমরা আমাদের সার্ভে রিপোর্ট কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দিয়েছি। মোস্ট এখন এজেন্সির সঙ্গে যোগাযোগ করবে। 'মোস্ট' গ্রিন সিগন্যাল দিলে পরে কাজ শুরু হতে পারবে। এই বি ও এ টি স্কীম মানে বিল্ডিং অপারেট অ্যান্ড ট্রান্সফার অর্থাৎ তোমরাই তৈরি করবে তোমরাই চালাবে, তারপরে খরচ তোমাদের ওঠে এলে পরে সরকারকে ট্রান্সফার করে দেবে। এইভাবে আন্তর্জাতিক দু' একটি সংস্থায় যেসব কনসালটেন্সি করতে রাজি আছে তাদের ক্ষেত্রে বি ও এ টি এই বিষয়ে আমাদের তরফ থেকে কথা বলবে। আমরা আমাদের সার্ভে রিপোর্ট দিয়ে দিয়েছি। এখন সমস্ত ফিজিবিলিটি রিপোর্ট স্টাডি করে কাজ করবে এবং সমস্ত ব্যাপারটাই 'মোস্টের' সিদ্ধান্তের উপরে নির্ভর করছে। সুতরাং এই হচ্ছে অবস্থা।

**श्री सलीव टोप्पो :** मै माननीय मंत्री से जानना चाहता हूँ कि 1993 मे बाढ़ मे जो नुक्सान हुआ था जिसमे 31 नम्बर जातीय सड़क मे करीब11 पूल (ब्रीज) नुक्सान हुआ है, क्षतिग्रस्त हुआ है, उसका निर्माण नही हो सका है। अलीपुर के यजन्ती लालपुर मे जो रोड है उसका भी पुल टूट गया है। 9 चाय बगान है वहां का लिंक रोड क्षतिग्रस्त हो गया है, वहाँ सरकार की परियोजना मे कोई रास्ता बनाने की बात है? सर, आज वहाँ के लोग आतंकित है। वहाँ जो जो 31 नं जातीय राजपथ का जो जो लिंकरोड का जो पुल है क्षतिग्रस्त हुआ है उसका निर्माण क्बतक होने की संभावना है, कारण कि आज रेडियो मे खबर हुआ है कि डोअर्स इलाको मे बाढ़ होने की संभावना है, अगर ऐसा हुआ तो वहाँ की हालत सोचनीय होगी।

**श्री क्षिति गोस्वामी :** माननीय सदस्य को मालुम ही होगा कि ब्रीज का काम शुरु कर दिया गया है। ये भी मालुम होगा कि यह जातीय राजपथ है, और इसके लिए केन्द्रीय सरकार की तरफ से 50 हजार रुपया भेजा था। 50 हजार मे कोई भी एजेन्सी काम करने को राजी नही हो रहा था। हमलोगो ने फिर हमारे इन्जीनियर को वहाँ भेजा और उनलोगों के साथ बात हुआ। तय हुआ कि ब्रीज के काम के लिए पैया देगे, वो पैसा भेजे है नए ब्रीज का काम शुरु हो रहा है। और साथ ही साथ 9 और जो ब्रीज है उसके लिए सेन्ट्रल रोड प्लानिंग कमीशन के साथ बैठक की है। कभी कभी होता यह है वहाँ से सम्पर्क करने और बैठके करते-करते इतना समय हो जाता है कि काम गड़बड़ होने लगता है। सदस्य की चिन्ता से मै भी सहमत हूँ और उनकी यह जानकर खुशी होगी कि बरसात के बाद हम वहाँ काम शुरु करेंगे।

## এড্‌স রোগ নিয়ন্ত্রণে ব্যবস্থা

***২৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৫।) শ্রী তপন হোড় ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এড্‌স রোগ নিয়ন্ত্রণে রাজ্য সরকার সর্বশেষ কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী পার্থ দে ঃ** এখনও পর্যন্ত উপযুক্ত প্রতিষেধক ও ঔষধ আবিষ্কার না হওয়ার এডস্ রোগ নিবারণের লক্ষ্যে জনসাধারণের মধ্যে বিশেষ করে সংক্রমণ প্রবণ গোষ্ঠীর মধ্যে ব্যাপক সচেতনতা গড়ে তুলতে তথ্য শিক্ষা ও জনসংযোগ' কর্মসূচির উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।

নিরাপদ রক্ত সরবরাহ ব্যবস্থা সুনিশ্চিত করতে রাজ্যের ৫৬টি সরকারি ব্লাড ব্যাঙ্কের মধ্যে ৩৬টিতেই এইচ.আই.ভি. পরীক্ষার ব্যবস্থা করা হয়েছে। অনুমোদিত বেসরকারি ব্লাড ব্যাঙ্কও এই কাজ তত্ত্বাবধান করা হচ্ছে। পশ্চিমবঙ্গে বেসরকারি ৩০টি ব্লাড ব্যাঙ্কে ও কেন্দ্রীয় সরকারের ১১টি ব্লাড ব্যাঙ্কেও এইচ.আই.ভি. পরীক্ষার ব্যবস্থা আছে। রাজ্যের ৫২টি যৌনসংক্রামিত রোগ চিকিৎসাকেন্দ্রের (এস.টি.ভি.ক্লিনিক) মধ্যে ২৮টিকে এড্‌স সহায়ক কেন্দ্র হিসাবে উন্নীত করা হয়েছে। যন্ত্রপাতি ও ফান্ড দেওয়া হয়েছে। এস.টি.ভি. ক্লিনিকে কর্মরত ডাক্তার ও টেক্‌নিশিয়ানদের ট্রেনিং দেওয়া হয়েছে।

এযাবৎ প্রায় ২০০০ জন স্বাস্থ্য আধিকারিক ও সমান সংখ্যক সেবিকাকে বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয়েছে। বেসরকারি চিকিৎসকদের আই.এম.এ.র মাধ্যমে প্রশিক্ষণ দেওয়ার কর্মসূচি নেওয়া হয়েছে।

ব্যাপক জনসংযোগের উদ্দেশ্যে বিদ্যালয়ের শিক্ষক, শ্রমিক সংগঠনের নেতা, পঞ্চায়েত পদাধিকারি ও স্থানীয় প্রশাসকদের এই কর্মসূচিতে যুক্ত করার পরিকল্পনা করা হয়েছে।

[11-40 – 11-50 P.M.]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন এই পর্যন্ত কতজন এইডস্ রোগে আক্রান্ত হয়েছে এবং কোন কোন অংশের মানুষ এই রোগে আক্রান্ত হয়েছেন? জেলাওয়ারি হিসাব দিলে ভালো হয়।

**শ্রী পার্থ দে ঃ** আমরা জেলাভিত্তিক হিসাবটা এখনই দিতে পারছি না। কিন্তু এই ব্যাপারে যে তথ্যটা এখানে দেওয়া যায় সেটা হল ধারাবাহিক যে সার্ভেলেন্স হয়েছে তাতে এইচ.আই.ভি পজিটিভ রক্ত পরীক্ষা করে পাওয়া গেছে ১,০৫,২৬০ জনের মধ্যে। তবে এর মধ্যে প্রত্যেকের রক্তেই ভাইরাস হয়নি, ৫৩৯ জনের রক্তে এটা পাওয়া গেছে। ফুল ব্রোন এইডস্ হয়েছে এই রকম ৪৩ জনকে পাওয়া গেছে। যাদের মধ্যে এই সংক্রমণ পাওয়া গেছে তাদের ধরনটা এই রকম, অভ্যাসের দিক থেকে এবং সামাজিক অবস্থার দিক থেকে যাদের আমরা সমকামী বলে থাকি এই রকম তিনজনকে পাওয়া গেছে ; হিমোফিলিয়া আছে এই রকম ১০ জনকে পাওয়া গেছে, বিদেশি ছাত্র গোষ্ঠী এই রকম ১৬ জনকে পাওয়া গেছে ;

নেশাগ্রস্ত যারা বা যারা ড্রাগ ও ইঞ্জেকশন নেন এই রকম ৭ জনকে পাওয়া গেছে ; মহিলা যৌনকর্মী এই রকম ৯৪ জনকে পাওয়া গেছে ; অন্য যৌন রোগী ৩৮ যক্ষ্মা রোগীদের মধ্যে এই ২২ জনকে পাওয়া গেছে, প্রফেশনাল ব্লাড ডোনার যারা তাদের মধ্যে পাওয়া গেছে ১৩৪ জনকে ; একটা গোষ্ঠীর মানুষ যারা লরি বা ট্রাক চালায় এই রকম ৭৬ জনকে পাওয়া গেছে।

**শ্রী তপন হোড় ঃ** এই এইড্‌স রোগী যারা আক্রান্ত হয়েছেন, আমরা বিভিন্ন খবরের কাগজে দেখতে পাচ্ছি সামাজিক দিক থেকে তারা বিচ্ছিন্ন হয়ে যায়। হাসপাতালে যখন তাদের চিকিৎসার জন্য নিয়ে আসা হয় তখন সেখানে বেডের ক্ষেত্রে অসুবিধা হয়। আগে টি.বি বা পক্সের রোগীদের ক্ষেত্রে যে রকম অসুবিধা হত সেইরকম অসুবিধা হচ্ছে। কলকাতায় বা অন্যান্য জেলায় বলুন, ওদের হসপিটালাইজড করলে প্রোটেকশনের জন্য কি কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী পার্থ দে ঃ** সাধারণভাবে এরকম একটা আশঙ্কা থাকে। বিশেষ করে এই অসুখটা সম্পর্কে মানুষ কম জানে বলে একটু অসুবিধা হতে পারে। সেইজন্য একটা গুরুত্বপূর্ণ কাজ আমরা করছি, সব স্তরে পরিচিত করার চেষ্টা করা হচ্ছে এবং চিকিৎসকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। এই ভয়টা দূর করার চেষ্টা করা হচ্ছে যে, একসঙ্গে এক হাসপাতালে চিকিৎসিত হলে সেখানে অন্য রোগী যারা আছেন, তাদের সেইভাবে সংক্রামিত হওয়ার সম্ভাবনা নেই। এর সংক্রমণের প্রক্রিয়া, পদ্ধতি আলাদা। কাজেই, এক ঘরে থাকলেও বা কাছাকাছি থাকলেও বা যে শয্যায় একজন এইডস রোগী শুয়ে আছেন, সেটা যদি কেউ ব্যবহার করেন—সাধারণভাবে তো পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাই উচিৎ—তাতে সংক্রমিত হওয়ার আশঙ্কা নেই, এটা ধারাবাহিকভাবে বলা হচ্ছে। তা সত্ত্বেও এটা বলা হচ্ছে, যারা বিশেষজ্ঞ, যে চিকিৎসকদের এই সম্বন্ধে যথেষ্ট দখল আছে, তারাই এই ধরনের রোগের চিকিৎসা করবেন, সব জায়গায় তো হবে না। আর, অকারণ আতঙ্ক যাতে না ছড়িয়ে পড়ে, সেইজন্য কতগুলো ব্যবস্থা ডাক্তারি শাস্ত্রে আছে—রোগীর নিরাপত্তা, সম্মান, মর্যাদা যাতে সবসময় রক্ষা করা হয়, সেটা বলা হচ্ছে এবং প্রতিপালিতও হচ্ছে। কোনও জায়গায় যদি ত্রুটি-বিচ্যুতি ঘটে, সেখানে কর্তৃপক্ষকে বলা আছে সেইভাবে ব্যবস্থা নেওয়ার জন্য।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, ব্লাড সেফটির ব্যাপারে এই কলকাতায় কিছু কিছু ব্যবস্থা করেছেন। বিভিন্ন জায়গা থেকে যে রক্ত নেওয়া হয়, তাদের মধ্যে এইচ.আই.ভি. পজিটিভ্ কার আছে, কার নেই, এই ব্যাপারে একটা সন্দেহ থেকেই যায়। এই কলকাতায় বা অন্যান্য জেলায় ব্লাড সেফটির জন্য কি কি ব্যবস্থা নিয়েছেন যদি বলেন।

**শ্রী পার্থ দে ঃ** আজকের দিনে এটা একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন। পরিশুদ্ধ রক্ত যাতে সংগৃহীত হয় এবং রোগীকে দেওয়া হয়, সেইজন্য খুব সম্প্রতি সারা রাজ্যে রক্তের বিশুদ্ধতা রক্ষার জন্য একটা প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন করা হয়েছে—এটাকে বলা হয়েছে 'কাউন্সিল ফর ব্লাড সেফ্‌টি'। এটা আমাদের রাজ্যে রেজিস্ট্রেশন হয়ে গেছে। তার প্রধান কাজ হবে, সারা রাজ্যে যত ব্লাড ব্যাঙ্ক আছে, তারা যাতে পরিশুদ্ধ রক্ত এবং রক্তের বিভিন্ন যে কম্পোনেন্ট, তা সংগ্রহ করতে পারেন এবং রক্ষা করতে পারেন এবং যে রক্ত সংগৃহীত হচ্ছে বা যারা দিচ্ছে

তাদের মধ্যে সংক্রমণ আছে কি না, এইচ.আই.ভি. পজিটিভ আছে কি না, সেটা পরীক্ষা করা। এটা পরীক্ষা করার ব্যবস্থা সরকারি ২৬টি কেন্দ্রে আছে, এখন বাড়ানো হচ্ছে। বেসরকারি প্রতিষ্ঠানেও যাতে এই ব্যবস্থা থাকে তার ব্যবস্থা করা হচ্ছে। যত তাড়াতাড়ি করা যায় তার ব্যবস্থা করা হচ্ছে।

**শ্রী নাজমুল হক ঃ** আজকে এইডস্ একটা গ্লোবাল ডিজাস্টার এবং যে কোনও রাষ্ট্রের কাছেই এটা একটা জাতীয় সমস্যা। এই পর্যন্ত এর চিকিৎসা ব্যবস্থা নিরাময় করার জন্য, তেমন কিছু নয়—সবই প্রতিরোধমূলক। তাই আপনার কাছে জিজ্ঞাসা—আমাদের ভারতবর্ষের রাজ্যে রাজ্যে, যেখানে এই রোগের সম্ভাবনা দেখা দিচ্ছে, সেখানে নিবিড় প্রতিরোধমূলক ব্যবস্থা চালু করতে, ব্যাপক জনসাধারণকে সচেতন করা, চিকিৎসকদের শিক্ষিত করা, প্রযুক্তিগত বিষয়ে আর্থিক সহায়তার ভারত সরকারের কাছে আপনার দপ্তর কোনও আবেদন করেছেন কিনা, বা ইতিপূর্বে কি পেয়েছেন?

[11-50 – 12-00 Noon]

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় সদস্য যে প্রশ্নটা করেছেন এটা খুবই গুরুত্বপূর্ণ কারণ সেই অর্থে এর কোনও চিকিৎসা নেই বা এখনও জানা যায়নি। এটা ঠিক এর সংক্রমণ খুব দ্রুত ঘটছে। আমাদের দেশেও তার উদাহরণ আমরা দেখতে পাচ্ছি। অর্থের দিক থেকে এই কাজ করার জন্য খুব একটা প্রতিবন্ধকতা এই মুহূর্তে নেই। কিন্তু অর্থ কোথায় প্রযুক্ত করা হবে এবং কি ভাবে হবে? প্রধান দুটো কাজ যেটা রাজ্য সরকারের পক্ষ থেকে উপলব্ধি করা গেছে তা হল (১) নারী-পুরুষের মেলা-মেশার ক্ষেত্রে একটা নৈতিক জীবন পালন করা—এটা খুবই গুরুত্বপূর্ণ বিষয় এবং এজন্য সচেতনতা থাকতে হবে। দ্বিতীয়ত, রক্ত যেটা অসুস্থ মানুষকে দেওয়া হচ্ছে সেটা কাদের কাছ থেকে নিয়ে দেওয়া হচ্ছে, বিশুদ্ধতা বজায় আছে কিনা এবং রক্ত বিশুদ্ধ থাকার নিয়ম ঠিকভাবে পালন করা হচ্ছে কিনা, ব্লাড ব্যাঙ্কে যারা রক্ত দেবেন বা গ্রহণ করবেন এবং প্রশিক্ষণ দেওয়া এর জন্য খুব প্রয়োজন। আর তৃতীয় বিষয়ে বলব, এর মধ্যে হিসাব করে দেখা গেছে, জনসংখ্যার একটা অংশে ঝুঁকি থেকে-ই যাচ্ছে। কতকগুলো অংশের জনগণের মধ্যে জিওগ্রাফিক্যালি নয় সামাজিক অভ্যাসের দিক থেকে, যৌন অভ্যাসের দিক থেকে পেশার দিক থেকে ওদের এব্যাপারে সচেতন করা এবং যারা ঐ জগতের মধ্যে চলে গেছেন বা যাদের যেতে হচ্ছে তারা যাতে কতকগুলো সুবিধা অবলম্বন করেন সেটা দেখতে হবে। আর বড় কথা হচ্ছে এটা একটা অসুখ এবং এর নিবারণের উপায় আছে। যারা আক্রান্ত হচ্ছে তাদের বিরুদ্ধে কোনও সামাজিক বঞ্চনা নয় বা সমাজ থেকে বিচ্ছিন্ন করা নয়। এর উৎস যাতে ছড়িয়ে পড়তে না পারে তার জন্য সকলকে চেষ্টা করতে হবে এবং সাধারণ মানুষের স্বাস্থ্য সম্পর্কে যে কর্মসূচি তাকে আরও শক্তিশালী করে মানুষের উন্নত জীবন বোধ, শ্রমের উন্নতি, জীবনের উন্নতি এবং সাংস্কৃতির দিক থেকে যুক্ত করা এবং সবাই যারা স্বাস্থ্যের সঙ্গে জড়িত সাধারণ মানুষ, বিভিন্ন সংস্থার সংগঠন ট্রেড-ইউনিয়ন, মহিলা সমিতি, যুব-সংগঠন ছাত্র, জন-প্রতিনিধি সবাইকে মিলে একটা কর্মসূচি আমাদের নেওয়া দরকার। এব্যাপারে আমরা একটা পরিকল্পনা করছি। সেই পরিকল্পনা অনুযায়ী কাজ করব এবং পরে সেটাকে আরও উন্নত করা যায় কিনা সেটা দেখব। বিভিন্ন

শহর থেকে, বিভিন্ন পর্যায় থেকে, আমাদের জনপ্রতিনিধি যারা আছেন তাদের কাছ থেকে পরামর্শ আসছে এবং সেইভাবে আমরা এটাকে শক্তিশালী করব। মূল যে প্রশ্ন ছিল তার উত্তরে বলি—এই মুহূর্তে ঐ কাজের জন্য কোনও আর্থিক অ-স্বাচ্ছন্দ্য নেই।

**শ্রী গৌরীপদ দত্তঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সমীক্ষা করতে গিয়ে দেখা গেছে, পতিতা পল্লীর যৌন কর্মীদের মধ্যে এই রোগের প্রাদুর্ভাব খুব বেশি এবং আরও জানা গেছে তাদের মধ্যে ৯৮ ভাগই অশিক্ষিত। দ্বিতীয় সমস্যা হচ্ছে, তারা এমন পরিবেশে থাকে এবং এমন পরিবেশে থেকে তাদের যৌন কর্ম করতে হয় যে তা একেবারে অমানবিক এবং সবচেয়ে বড় ক্ষতি হচ্ছে, তাদের সন্তান-সন্ততিও ঐ বাড়ি-ঘরে ঘুরে বেড়াচ্ছে এবং ঐ ব্যাপারে লিপ্ত থাকতে হচ্ছে। ঐ বাচ্চাদের ভবিষ্যৎ অন্ধকার। একটা সমীক্ষায় বলা হয়েছিল, ঐ ছেলে-মেয়েদের স্কুল-কলেজে পড়াশুনার ব্যবস্থা করা হোক। এই সমীক্ষার ফলে আমরা সাবজেক্ট কমিটি থেকে চেষ্টা করেছি—স্বাস্থ্য দপ্তরের কাছে বলা হয়েছিল, ঐ হতভাগ্য যৌন কর্মীদের সংখ্যা জানাতে একটা সমীক্ষায় বলা হয়েছিল ৬ হাজার থেকে ১২ হাজার অর্থাৎ প্রকৃত সংখ্যা জানা নেই। যদিও যৌনকর্মী বলা হয়েছে, তাদের জন্য এ বিষয়ে স্বাস্থ্যদপ্তর বিশেষ করে স্বাক্ষরতা এবং স্বাস্থ্য সচেতনতার জন্য ওই ক্লিনিক ছাড়া অন্য কোনও ব্যবস্থার কথা চিন্তা করছেন কি না? যে সংস্থাগুলি আছে তাদের স্বীকৃতি দেওয়ার কোনও পরিকল্পনা আছে কি না?

**শ্রী পার্থ দেঃ** মাননীয় সদস্য একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন করেছেন, আমি অল্প কয়েকটি কথা বলতে পারি। এসম্পর্কে কলকাতা শহরে কিছু কাজ হয়েছে, স্বেচ্ছাসেবী সংস্থা তারা কাজ করছে। ওভারসিজ ডেভেলপমেন্ট অথরিটি যেটা বৃটিশ গভর্নমেন্টের আছে তাঁদের আনুকূল্যে তাঁদের থেকে যেটা আমরা বুঝেছি তাঁদের থেকে অনেক তথ্য আমাদের কাছে এসেছে, যেগুলি আমাদের আগে জানা ছিল না। এর মধ্যে যেমন সংক্রমণের প্রাদুর্ভাব দেখা দিচ্ছে, যাদের আমরা যৌনকর্মী বলছি। কিন্তু ওদের অন্য অনেক প্রতিকূলতার মধ্যে কাজ করতে হয়। সামাজিক, অর্থনৈতিক প্রতিকূলতার মধ্যে কাজ করতে হয়, অশিক্ষা, কুসংস্কার, অস্বাস্থ্যকর অবস্থার মধ্যে তাদের সন্তানদের দেখার কেউ থাকে না। আমরা একটা পরিকল্পনা করবার চেষ্টা করছি, এখনও সেটা রূপ পায় নি। এই ধরনের শহরাঞ্চলে আমরা ঠিক করেছি। কলকাতা ছাড়া উত্তরবঙ্গ, পশ্চিমদিকের শহরাঞ্চল এবং আরও কিছু কিছু শহরাঞ্চলে যাতে আমরা ধারাবাহিকভাবে একটা সমীক্ষা করতে এবং এই মুহূর্তে কোনও এন.জি.ও. বা স্বেচ্ছাসেবী সংস্থা দু-একটি সক্রিয় আছেন, এঁরা যদি এই যৌনকর্মীদের সন্তানের জীবন নির্বাহের ব্যাপারে কোনও পরিকল্পনা নেন তাহলে আমরা তাদের সহযোগিতা করতে প্রস্তুত আছি। আমাদের আরও গভীরে যাওয়া দরকার, এই ব্যবস্থাটা বহু দিন ধরেই আছে এবং এর সাথে শুধু একটা ভয়ঙ্কর অসুখ এসেছে তাই নয় এখানে একটা সামাজিক অত্যাচার চলছে এ ব্যাপারে আমাদের বিশেষ কোনও মতামত নেই, এ সম্পর্কে এখনই কিছু বলতে পারছি না। তবে এই যৌনকর্মীদের ব্যাপারে সামাজিক দায়-দায়িত্ব বর্ধিত আকারে পালন করা উচিত।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডলঃ** স্যার, কন্‌স্ট্রাকটেড অর ইয়েট টু বি কন্‌স্ট্রাক্টেড, একটা প্রচার মাধ্যমে উল্লেখ করেছে এবং বিভিন্ন জায়গায় এটা ছড়িয়েছে যে আপনার দপ্তর নাকি ৫০টি

হাসপাতাল যেগুলি কন্‌স্ট্রাকশন হচ্ছে বা হাফ্ কনস্ট্রাকশন হয়েছে সেগুলি খুলবেন না। এটা গ্রামাঞ্চলে ছড়িয়েছে, মন্ত্রিমহাশয় এখানে উপস্থিত আছেন যদি কিছু বলেন।

(নট রিপ্লাই)

**শ্রী শিবপ্রসাদ মালিক :** আমাদের দেশে পশ্চিমী সংস্কৃতির আমদানি হচ্ছে, ফলে স্বাভাবিকভাবেই এইডস্ বাড়ছে। এইডস্ রোগীদের জন্য আলাদা ক্লিনিক বা হাসপাতাল কর'র জন্য আমাদের সরকার কিছু ভাবছে কি না?

**শ্রী পার্থ দে :** এত মানুষ এতে আক্রান্ত হবেন এটা আমরা ধরি নি, আর আলাদা করে এখন কিছু হবে না। একটা কথা মাননীয় সদস্য বলেছেন ঠিকই, এই রোগের বিচরণ সারা পৃথিবীতে তাতে অনুধাবন করার মতো অনেক কিছুই আছে। সেজন্য যেটা মাননীয় সদস্য বললেন, পশ্চিম থেকে আসা একটা সংস্কৃতি এবং অর্থনীতিকে অনুসরণ করে এই অসুখ আসছে কিনা তা ভেবে দেখার নিশ্চয়ই অবকাশ আছে। ভবিষ্যতে যদি সুযোগ হয়, এটা নিয়ে আলোচনা হয় তাহলে আমার মনে হয় এই সভা উপকৃত হবে।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### প্রয়াত প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর মূর্তি স্থাপন

*২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৯) **শ্রী আবদুল মান্নান :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতায় প্রয়াত প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর মূর্তি বসানোর কাজ কোন পর্যায়ে আছে?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

মূর্তিটির নির্মাণ কাজ প্রায় সমাপ্তির পথে। কলকাতায় মূর্তিটি বসানোর স্থান নির্বাচনের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সামরিক বিভাগের সঙ্গে আলোচনা চলছে।

### স্বাস্থ্যকেন্দ্রগুলির পরিচালনভার পঞ্চায়েতের উপর ন্যস্ত করার পরিকল্পনা

*২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭১) **শ্রী কমল মুখার্জি ও শ্রী আবদুল মান্নান :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের প্রাথমিক/সহায়ক স্বাস্থ্যকেন্দ্রগুলির পরিচালনভার পঞ্চায়েতের উপর ন্যস্ত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কি পদ্ধতিতে উক্ত হাসপাতালগুলির পরিচালনভার ন্যস্ত হবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বিষয়টি পরীক্ষা করে দেখা হচ্ছে।

(খ) এখনই এই প্রশ্ন ওঠে না।

**এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকুরি**

*২৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৯) **শ্রী ঈদ মহম্মদ ঃ** কর্ম বিনিয়োগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

১৯৯৪-৯৫ এবং ১৯৯৫-৯৬ আর্থিক বৎসরে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে কতজনকে চাকুরি দেওয়া সম্ভব হয়েছে?

**কর্ম বিনিয়োগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

| আর্থিকবছর | চাকুরি প্রাপকের সংখ্যা |
|---|---|
| ১৯৯৪-৯৫ | ১০,০৮১ |
| ১৯৯৫-৯৬ | ৮,৮৬২ |

*** Question 247 Held over**

**Service of Homeguards on deputation basis**

***249** (Admitted Question No. *310) **Shri Saugata Ray :** Will the Minister-in-charge of the Food & Supplies Department be pleased to state—

(a) whether it is a fact that 5 (five) Homeguards have been working in the Edible Oil Refinery & Packing Plant under the West Bengal Essential Commodities Supply Corporation Ltd. on deputation basis since July, 1989 without any change;

(b) if so, the reasons for non-interruption of their duty rotationally for this long period; and

(c) the steps taken to replace them?

**Minister-in-charge of the food & Supplies Deptt.**

a) Yes.

b) The authority of West Bengal Essential Commodities Supply Corpn. Ltd. has been engaging the Home Guards rotationally with a break in service of 2 days in each 120 days.

c) The authority of W.B.E.C.S.C. Ltd. has taken up the matter for replacement of 5 (five) Home Guards with the Dy. Commis-

sioner of Police (Home Guards), Headquarters but no action has yet been taken in this matter from his end.

**সার্বিক সাক্ষরতা প্রকল্পে নদীয়া জেলা**

***২৫১।** (অনুমোদিত প্রশ্ন নং *৭২৬) **শ্রীশিবদাস মুখার্জি** ঃ শিক্ষা (বয়স্ক শিক্ষা ও প্রথাবহির্ভূত শিক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) সার্বিক সাক্ষরতা প্রকল্পে নদীয়া জেলার অন্তর্ভুক্তি কখন হতে কার্যকর হয়েছে;

(খ) ৩০.৪.৯৬ পর্যন্ত কি পরিমাণ অর্থ উক্ত প্রকল্প রূপায়ণে ব্যয় করা হয়েছে ; এবং

(গ) ৩০.৪.৯৬ পর্যন্ত কতজন ছাত্রছাত্রী প্রাথমিক স্কুলে ভর্তি হতে পেরেছে?

**শিক্ষা (বয়স্কশিক্ষা) ও প্রথাবহির্ভূত শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৯ই অক্টোবর, ১৯৯২ থেকে নদীয়া জেলায় সার্বিক সাক্ষরতা প্রকল্পের কাজ শুরু হয়।

(খ) ৩০-৪-৯৬ পর্যন্ত সার্বিক সাক্ষরতা প্রকল্পে ব্যয় হয়েছে ৩ কোটি ৭১ লক্ষ ৩ হাজার ৭ শত ৬৫ টাকা।

(গ) সাক্ষরতা আন্দোলনের ফলে এই রাজ্যের শিক্ষার পরিবেশ উন্নত হয়েছে। শিক্ষার প্রতি আগ্রহ মানুষের মধ্যে বৃদ্ধি পেয়েছে। এর স্বাভাবিক পরিণতিতে প্রাথমিক স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে; কিন্তু এই বৃদ্ধির কত অংশ এই আন্দোলনের ফলে সম্ভব হয়েছে তা কারুর পক্ষেই নিরুপণ করা সম্ভব নয়।

**ভূয়ো রেশন কার্ড**

***২৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৬৮) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস** ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে রেশন কার্ড বাতিল করে নতুন রেশন কার্ড দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) না থাকিলে, ভুয়ো রেশন কার্ড বাতিল করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**খাদ ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) ভূয়ো রেশন কার্ড বাতিল করার ক্ষেত্রে সরকারি নিয়ম অনুসারে সরকারি পরিদর্শক দ্বারা বিভিন্ন রেশন দোকানে 'ম্যানিং' করার ব্যবস্থা আছে। তাছাড়া দোকানগুলিতে

মাঝে মাঝে বিশেষ অভিযান চালিয়ে ভুয়ো রেশনকার্ড ধরা হয় এবং সেগুলিকে বাতিল করা হয়।

**লেভেল ক্রসিং-এর উপর সেতু নির্মাণ**

*২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬) **শ্রী জ্যোতি চৌধুরি ও শ্রী আব্দুল মান্নান ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার ডানকুনি রেল স্টেশনের কাছে লেভেল ক্রসিং-এর উপর উড়াল সেতু নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকলে, কবে নাগাদ ঐ পরিকল্পনা কার্যকর করা হবে বলে আশা করা যায়; এবং

(গ) এই পরিকল্পনায় কেন্দ্র ও রাজ্য সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) না।

খ) প্রশ্ন ওঠে না।

গ) প্রশ্ন ওঠে না।

**আরামবাগে কুষ্ঠ হাসপাতাল**

*২৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭২) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে আরামবাগে একটি কুষ্ঠ হাসপাতাল কেন্দ্রীয় সরকারের অনুমোদন লাভ করেছিল; এবং

(খ) সত্যি হলে, উক্ত হাসপাতালটি নির্মাণ না হওয়ার কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) হ্যাঁ

খ) মোট টাকার পরিমাণ অপ্রতুল হওয়ায় নির্মাণ কাজ করা যায়নি।

* 255 Held over

**মুর্শিদাবাদ জেলায় রাস্তা সংস্কার**

*২৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪২) **শ্রী ইউনুস সরকার ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার ইসলামপুর থেকে গোপালপুর ঘাট (ভায়া ডোমকল, সেখপাড়া, সাগরপাড়া) পর্যন্ত রাস্তাটি সংস্কারের কাজ শুরু হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত সংস্কারের কাজ শেষ হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ইসলামপুর থেকে গোপালপুর ঘাট (ভায়া ডোমকল, জলঙ্গী) রাস্তাটি পূর্তদপ্তরের অধীনে। রাস্তাটির দৈর্ঘ ২৯ কি.মি। এর মধ্যে ১৭ কি.মি রাস্তায় সংস্কারের কাজ প্রায় শেষ হয়েছে। অবশিষ্ট ১২ কি.মি রাস্তার সংস্কারের কাজ বাকি আছে।

(খ) চেষ্টা চলছে, বাকি অংশের কাজ শেষ করার জন্যে।

**চন্ডীতলা গ্রামীণ হাসপাতাল**

*২৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮২) **শ্রী রবীন মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি?

(ক) হুগলি জেলার চন্ডীতলা গ্রামীণ হাসপাতালটিতে মোট শয্যা সংখ্যা কত ;

(খ) উক্ত হাসপাতালে

(১) ডাক্তার/নার্স/স্বাস্থ্যকর্মী পদের সংখ্যা কত ;

(২) তন্মধ্যে কতগুলি পদ শূন্য আছে; এবং

(গ) হাসাপাতালের শূন্য পদগুলি পূরণের জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩০ (তিরিশ) টি।

| | | | | |
|---|---|---|---|---|
| (খ) | ১। | ডাক্তার | - | ৪ (চার) জন |
| | | নার্স | - | ১০ (দশ) জন |
| | | স্বাস্থ্যকর্মী | - | ৪৩ (তেতাল্লিশ) জন |
| | ২। | ডাক্তার | - | শূন্য। |
| | | নার্স | - | শূন্য। |
| | | স্বাস্থ্যকর্মী | - | ৭ (সাত) টি। |

(গ) যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে।

## রাজ্যে পাকা রাস্তা নির্মাণের পরিকল্পনা

*২৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৬) **শ্রী বুদ্ধদেব ভকত ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে রাজ্যে মোট কত কিমি পাকা রাস্তা নির্মাণের পরিকল্পনা সরকার গ্রহণ করেছে ; এবং

(খ) তন্মধ্যে ঝাড়গ্রাম মহকুমাতে কত কিমি পাকা রাস্তা নির্মাণের পরিকল্পনা সরকারের আছে?

**পূর্ত ও (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৬০ (ষাট) কিমিঃ।

(খ) ৪ (চার) কিমিঃ।

## Dealing in Rice and Wheat by Food & Supplies Department

*259. (Admitted Question No. *313) **Shri Sanjib Kumar Das :** Will the Minister-in-charge of the Food & Supplies Department be pleased to state—

(a) whether it is a fact that by-passing the West Bengal Essential Commodities Supply Corporation Ltd., Food & Supplies Department itself, being the Administrative Department has been dealing in rice and wheat since 1992 ;

(b) if so, the reasons of such by-passing ; and

(c) the steps taken/proposed to be taken to revitalise the Corporation ?

**Minister-in-charge of the Food & Supplies Deptt., :**

(a) No, it is not a fact that Food & Supplies Deptt. has by-passed the W.B.E.C.S.C. Ltd. The State of West Bengal is covered by a broad-based network of Public distribution channels encompassing its entire population. There are 20,206 fair price shops in the State for distribution rice & wheat in the entire State. The economically weaker sections of the community have been able to get rice & wheat through fair price shops at reasonable price. So there is no need to get the WBECSC involved in the matter at present.

(b) Does not arise.

(c) Various efforts are being taken to revitalise the W.B.E.C.S.C. Ltd.

## স্টেট জেনারেল হাসপাতালকে মহকুমা হাসপাতালে উন্নীতকরণ

*২৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫৯) **শ্রী নটবর বাগদী ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার রঘুনাথপুর স্টেট জেনারেল হাসপাতালটিকে মহকুমা হাসপাতালে উন্নীত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে থেকে রোগীদের জন্য অ্যাম্বুলেন্স পাওয়া যাবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) এখুনি [illegible] সম্ভব নয়।

## আন্দুল রোড সম্প্রসারণ ও উড়াল সেতু নির্মাণ

*২৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩) **শ্রী অম্বিকা ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আন্দুল রোড সম্প্রসারণ ও মৌরীগ্রাম উড়াল সেতুটির নির্মাণের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে ; এবং

(খ) উক্ত নির্মাণ কাজ কবে নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আন্দুল রোড সম্প্রসারণের কাজ শেষ হয়েছে। মৌরীগ্রাম উড়াল সেতু নির্মাণ সংক্রান্ত প্রাথমিক কাজ চলছে।

(খ) উড়াল সেতুর প্রকৃত নির্মাণ কাজ কবে আরম্ভ হবে এখনই বলা যাচ্ছে না।

## ছাত্র-ছাত্রীদের জন্য হেলথ্‌কার্ড

*২৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪০) **শ্রী কামাখ্যানন্দন দাসমহাপাত্র ঃ** স্বাস্থ্য ও পরিবার-পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, প্রাথমিক স্কুলের ছাত্র-ছাত্রীদের জন্য হেলথ্‌কার্ডের পরিকল্পনা

গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত কার্ডে কি কি বিষয় সুনির্দ্দিষ্টভাবে উল্লেখ থাকবে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) উক্ত কার্ডে ছাত্র বা ছাত্রীর নাম, বয়স, স্কুলের নাম, ঐ স্কুল কোন সাব-সেন্টারের আওতায় উল্লেখ থাকবে।

এ ছাড়া নির্দিষ্ট ছাত্র ছাত্রী নিম্নলিখিত অসুখে আক্রান্ত কিনা, তারও উল্লেখ থাকবে;

১। রক্তাল্পতা,

২। পাঁচড়া

৩। পুঁজ নির্ম্মাণকারী কোনও ক্ষত (ঘা)

৪। রাতে বা অল্প আলোতে কম দেখা (রাতকানা) ভিটামিন 'এ'র অভাবজনিত রোগ

৫। দূরের জিনিস কম দেখতে পাওয়া।

৬। দাঁতের ক্ষত।

৭। কানের ব্যাথা বা পুঁজ পড়া।

৮। কৃমি সংক্রান্ত।

**কাঠের সেতুর পরিবর্তে পাকা সেতু নির্মাণ**

***২৬৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৫১৬) **ডাঃ মোঃ ফজলে হক ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোচবিহার জেলার দিনহাটা ১ নং ব্লকের অন্তর্গত দিনহাটা গোসানীমারী রোডের রথবাড়ী ঘাটে যে ভগ্নপ্রায় কাঠের সেতুটি আছে তা পরিবর্তন করে কংক্রীট-এর সেতু নির্মাণ-এর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ এই পরিকল্পনা কার্যকর করা হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রথবাড়ীঘাটের কাঠের সেতুটি পরিবর্তন করে পাকা কংক্রীটের সেতু নির্মাণের পরিকল্পনা আপাতত নেই।

(খ) প্রশ্নই ওঠে না।

**প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে রূপান্তর**

***২৬৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪৬) **শ্রী রামপদ সামন্ত ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পিংলা ব্লকে পিংলা ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটিকে গ্রামীণ হাসাপাতালে রূপান্তরিত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ এই পরিকল্পনা কার্যকর হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্যে সাক্ষরতা প্রকল্প**

***২৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১১০৩) **শ্রী সুকুমার দাশ ঃ** শিক্ষা (বয়স্ক শিক্ষা প্রথাবহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে প্রকৃত সাক্ষরের হার কত ;

(খ) রাজ্যে কয়টি জেলায় সাক্ষরতা প্রকল্প চালু আছে এবং কতজন মানুষ এই প্রকল্পের মধ্যে আছেন; এবং

(গ) ৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত এই প্রকল্পের জন্য কত পরিমাণ অর্থ ব্যয় করা হয়েছে?

**শিক্ষা (বয়স্ক শিক্ষা প্রথাবহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রাপ্ত তথ্য অনুযায়ী শুধুমাত্র সাক্ষরতা অভিযানের মাধ্যমে নব সাক্ষর মানুষের সংখ্যার নিরিখে ৭০.৬৪ শতাংশ।

(খ) রাজ্যের ১৮টি জেলাতেই সাক্ষরতা প্রকল্প চালু আছে এবং মোট ১ কোটি ৩৮ লক্ষ ৬৩ হাজার মানুষ এই প্রকল্পের মধ্যে আছেন।

(গ) প্রদত্ত অর্থের পরিমাণ ৫৮ কোটি ৯৮ লক্ষ ৪৫ হাজার টাকা।

**দামোদর নদ ও গাইঘাটা খালের উপর সেতু নির্মাণ**

***২৬৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৭) **শ্রী ননীগোপাল চৌধুরি ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হাওড়া জেলায় দামোদর নদের উপর 'গড়চুমুকে' এবং গাইঘাটা খালের উপর "বাক্সীতে" ব্রিজ দুটির নির্মাণকাজ বর্তমানে কি অবস্থায় রয়েছে?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

প্রাথমিক পর্যায়ের কাজ চলছে। ঐ কাজ শেষ হলে নির্মাণ কাজ শুরু করা হবে।

**হাসপাতালে চিকিৎসা সংক্রান্ত মেশিন ক্রয়**

***২৬৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৫১৮) **শ্রীসুনীতি চট্টরাজ ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালে ১লা এপ্রিল, ১৯৯৪ থেকে ৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত কতগুলি চিকিৎসা সংক্রান্ত মেশিন কেনা হয়েছে ;

(খ) এর জন্য কি পরিমাণ অর্থ ব্যয় করা হয়েছে ; এবং

(গ) উক্ত মেশিনগুলো উপযুক্তভাবে ব্যবহার হচ্ছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৭ রকমের ২৬টি।

(খ) মোট ৩,৩৯,০৬,২১১.৭৭ টা. মাত্র। (মোট তিন কোটি উনচল্লিশ লক্ষ ছয় হাজার দুই শত এগার টাকা সাতাত্তর পয়সা।)

(গ) হ্যাঁ।

**ডাক্তারের অবহেলায় মৃত্যু**

***২৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬১) **শ্রী মোজাম্মেল হক ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৫ সালের জানুয়ারি হইতে ১৯৯৬ সালে মার্চ পর্যন্ত রাজ্যে ভুল চিকিৎসা কিংবা ডাক্তারের অবহেলাজনিত কারণে কতজন রোগীর মৃত্যু ঘটেছে ;

(খ) উক্ত ঘটনার অভিযুক্ত ডাক্তারের কোনও শাস্তি হয়েছে কি না; এবং

(গ) হয়ে থাকলে, কতজন ডাক্তারের শাস্তি হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সরকারি হাসপাতালে মোট ১০টি অভিযোগের তদন্ত হচ্ছে। চূড়ান্ত ফলাফল পরে জানা যাবে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

## 'টোকলাই' ট্রেনিং কলেজ

***২৬৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৯) **শ্রী অশোক দেব ঃ** কারিগরি শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে চা-শিল্পের সাথে সম্পর্কযুক্ত 'টোকলাই' ট্রেনিং কলেজ চালু করার ব্যাপারে সরকারের কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনাটি কিরূপ?

**কারিগরি শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, এরূপ কোনও পরিকল্পনা বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক

***২৭০।** (অনুমোদিত প্রশ্ন নং *৮০২) **শ্রী অজয় দে ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না, এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা চালু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ বিষয়ে একটি প্রকল্প আগামী ১৯৯৮-৯৯ আর্থিক বছরে সরকারের হাতে নেওয়ার পরিকল্পনা আছে।

(খ) যেহেতু ব্লাড ব্যাঙ্কের লাইসেন্স দেওয়ার ক্ষমতা 'ড্রাগ কন্ট্রোল অফ ইন্ডিয়া'র হাতে সেইজন্য কবে নাগাদ চালু হবে এখনই তা বলা সম্ভব নয়।

## Service of Officers on deputation basis

***271.** (Admitted Question No. *1334) **Dr. Hoimi Basu :** Will the Minister-in-charge of the Food & Supplies Department be pleased to state—

(a) whether it is a fact that despite fall in the Annual Turnover, officers are brought in the West Bengal Essential Commodities Supply Corporation Ltd. on deputation basis regularly; and

(b) if so, number of officers (service wise) brought in the Corporation on deputation basis during the period from 1.1.1992 to 30.4.1996?

**Minister-in-charge of the Food & Supplies Deptt. :-**

(a) This is not a fact that the turnover of the W.B.E.C.S.C. Ltd. is falling. During the last 3 years it has increased its turn over from about Rs. 29.00 Crores to Rs. 62.00 Crores.

(b) Number of officers on deputation basis is given below :-

| | | |
|---|---|---|
| IAS | ... | 2 |
| WBCS (EX.) | ... | 5 |
| WBHJS | ... | 0 |
| WBF&SS | ... | 4 |
| WBA&AS | ... | 1 |
| Executive Engineer | ... | 0 |
| Security Officers | ... | 2 |
| Senior Accounts Officer / Asstt. Audit/ Accounts Officers. | ... | 5 |
| Sr. Auditors/ Accountants | ... | 0 |
| Total Number | ... | 28 |

## কানপুর-বহুতালী রাস্তা নির্মাণ

*২৭২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২১) **শ্রী মোহম্মদ সোহরাব ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সূতী ১নং ব্লকের অন্তর্গত কানপুর-বহুতালী রোড কোন্ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মঞ্জুর হয়েছিল;

(খ) বর্তমানে ঐ রাস্তাটির নির্মাণকাজ কি পর্যায়ে রয়েছে; এবং

(গ) উক্ত নির্মাণকাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায়।

(খ) মোট রাস্তার ৫০ শতাংশেরও বেশি পাকা হয়েছে। সামান্য অংশের জমি অধিগ্রহণের

কাজ বাকি আছে। অধিগ্রহণের উদ্যোগ চলছে। অধিগৃহীত বাকি অংশে কাজ চলছে।

(গ) এখনই বলা সম্ভব হচ্ছে না।

**হাওড়া জেলায় মেডিক্যাল কলেজ স্থাপন**

***২৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০০০) শ্রী জটু লাহিড়ী ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) হাওড়া জেলায় মেডিক্যাল কলেজ স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনার কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক কর্তৃক অর্থ সাহায্য**

***২৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২১৩) শ্রী শৈলজাকুমার দাস ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে কিছু নতুন রাস্তা নির্মাণের জন্য এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক পূর্ত দপ্তরকে আর্থিক সাহায্য দিচ্ছে

(খ) সত্যি হলে, ঐরূপ রাস্তার সংখ্যা কত, এবং

(গ) এ বাবদ আর্থিক লগ্নির পরিমাণ কত?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) একটি সড়কের উন্নয়নের জন্য এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক থেকে এই দপ্তরে আর্থিক সাহায্য পাওয়া গেছে।

(খ) মাত্র একটি।

(গ) আনুমানিক ২২৭.৮ কোটি টাকা।

**কোচবিহারে এম.জে.এন. হাসপাতালে শয্যাসংখ্যা**

***২৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২২৫) শ্রী মিহির গোস্বামী ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ

বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোচবিহার জেলার সদর হাসপাতাল এম.জে.এন. হাসপাতালে অনুমোদিত শয্যা সংখ্যা কত;

(খ) এই হাসপাতালে সরকারি অনুমোদিত ডাক্তারের পদ কত; এবং

(গ) তন্মধ্যে কতগুলি পদ শূন্য আছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) অনুমোদিত শয্যা সংখ্যা ৪০০ (চারশো)

(খ) অনুমোদিত ডাক্তারের পদ ২৬টি (ছাব্বিশ)

(গ) একটিও না।

## পাকা রাস্তা নির্মাণের পরিকল্পনা

***২৭৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৭৬) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মথুরাপুর ২নং ব্লকের রায়দিঘী থেকে বলের ঘাট পর্যন্ত রাস্তাটি এবং কাঞ্চন দিঘী থেকে দমকল পর্যন্ত রাস্তাটি পাকা করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত রাস্তা দুটি পাকা করার কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পূর্ত (সড়ক) বিভাগের অধীন এরূপ কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## বারাসাত জেলা হাসপাতালের উন্নয়ন

***২৭৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৫২) **শ্রী অশোক মুখার্জি ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বারাসাত জেলা হাসপাতালটি উন্নয়নের জন্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি না?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হ্যাঁ।

### জঙ্গীপুরে ভাগিরথী নদের উপর ব্রিজ নির্মাণ

***২৭৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩০০) **শ্রী হাবিবুর রহমান, শ্রী পরেশনাথ দাশ** এবং **শ্রী মোজাম্মেল হক ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুরে ভাগিরথী নদীর উপর ব্রিজ নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকলে, উক্ত ব্রিজ নির্মাণের কাজ (১) কবে নাগাদ শুরু হবে; এবং (২) কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত পরিকল্পনা বাবদ কত অর্থ খরচ হবে বলে অনুমান করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রস্তাবটি সক্রিয় বিবেচনাধীন আছে। সেতুর অর্থ সংগ্রহের বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

(খ) (১) অর্থ সংগ্রহের বিষয়টি চূড়ান্ত হলেই কাজ আরম্ভ হবে।

(২) এই মুহূর্তে বলা যাচ্ছে না।

(গ) সেতুর আনুমানিক নির্মাণ ব্যয় ২০ কোটি টাকা।

### Accommodation in the MR Bangur Hospital

***279.** (Admitted Question No. *1293) **Shri Pankaj Banerjee:** Will the Minister-in-charge of the Health & Family Welfare Department be pleased to state—

(a) whether it is a fact that in the MR Bangur Hospital, more than one patient are accommodated in one bed; and

(b) if so, whether there is any plan to increase the number of beds in the said hospital?

**Minister-in-charge of the Health & Family Welfare Deptt.**

(a) Yes, sometimes.

(b) A comprehensive plan to relieve over crowded hospitals is being considered.

## *Problems created* by acute traffic congestion

***280.** (Admitted Question No. *1381) **Shri Akbar Ali Khandakar** and **Shri Saugata Ray :** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) whether the State Government is aware of the problems created by acute traffic congestion at Haridaspur International checkpost on Indo-Bangladesh Borders;

(b) if so;

(i) what is the present volume of vehicular traffic in the areas; and

(ii) the remedial measures taken/proposed to be taken by the State Government?

**Minister-in-charge of the Public Work Deptt. :**

(a) The State Govt. is fully aware of the problems.

(b) (i) The volume of vehicular traffic at petrapole during 1995-96 were of the order of 57000 giving an average of about 156 tracks per day.

(ii) The following remedial measures are being taken :-

a) creation of extra lanes upto 1.5 Km. from the border area on N.H 35

b) Widening of the balance portion of NH35 upto Ichamoti river.

c) Construction of 4-Lane-lay-bye in customs.

## বীরভূম জেলার যক্ষ্মা হাসপাতাল চালু

*২৮১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯৫) **ডাঃ মোতাহার হোসেন ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

বীরভূম জেলার মুরারই গ্রামীণ হাসপাতাল সংলগ্ন যক্ষ্মা হাসপাতালটি কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বিষয়টি রাজ্য সরকারের বিবেচনাধীন রয়েছে।

**আসানসোল মহকুমা হাসপাতালে জীবনদায়ী ঔষধের অভাব**

***২৮২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩০৪) **শ্রী তাপস ব্যানার্জিঃ** *স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ* বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আসানসোল মহকুমা হাসপাতালে জীবনদায়ী ঔষধের অভাব, বিশেষ করে জলাতঙ্ক রোগের প্রতিষেধক পাওয়া যাচ্ছে না; এবং

(খ) সত্যি হলে, উপরিউক্ত অবস্থা নিরসনে সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) যেহেতু ঔষধ ক্রয় ও বন্টনের ব্যাপারটির জেলা স্তরে বিকেন্দ্রীকরণ করা হয়েছে সেইজন্য আসানসোল মহকুমা হাসপাতালে জীবনদায়ী ঔষধের অভাবের কথা সাধারণভাবে সত্য নয়। তবে সরবরাহকারী প্রতিষ্ঠানগুলি থেকে জলাতঙ্ক রোগের প্রতিষেধক সরবরাহে সম্প্রতি কিছু বিঘ্ন ঘটায় আসানসোল মহকুমা হাসপাতালসহ রাজ্যের সমস্ত স্বাস্থ্যকেন্দ্রই এই প্রতিষেধক প্রয়োজন মতো সরবরাহে সাময়িকভাবে কিছুটা অসুবিধার সৃষ্টি হয়েছে।

(খ) জলাতঙ্ক রোগের প্রতিষেধকের ক্ষেত্রে উৎপাদনকারী সংস্থাগুলির উৎপাদনের গুনগত মান পরীক্ষার প্রক্রিয়াটি যাতে সহজ হয় এবং উক্ত সংস্থাগুলির সরবরাহ যাতে আমাদের চাহিদা অনুযায়ী ও নিয়মিত হয় সে ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

**রামপুরহাট মহকুমা হাসপাতালে চোখের ডাক্তার ও রেডিওলজিস্ট নিয়োগ**

***২৮৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৪) **শ্রী অসিতকুমার মালঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বীরভূম জেলার রামপুরহাট মহকুমা হাসপাতালে চোখের ডাক্তার এবং রেডিওলজিস্ট নিয়োগের ব্যাপারে সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

চক্ষু-চিকিৎসক এবং রেডিওলজিস্ট আছেন, সুতরাং নিয়োগের ব্যাপারে ব্যবস্থা গ্রহণের প্রশ্ন ওঠে না।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker:** To-day I have received one notice of Calling Attention from Shri Prabhanjan Kumar Mandal, on the subject of alleged death of one Debabrata Santra of Kharibandhi village under Jhargram Sub-Division, Midnapore from Hydrophobia on 24.6.96.

As there is no other notice of Calling Attention I have selected the notice of Shri Prabhanjan Kumar Mandal.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Partha Dey:** The statement will be made on 12.7.96.

## POINT OF INFORMATION

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা আজ থেকে ১২ দিন আগে এই সভা থেকে আমাদের রাজ্যের তথা আমাদের দেশের ক্রিকেট খেলোয়াড় সৌরভ গাঙ্গুলীকে অভিনন্দন জানিয়েছিলাম ইংলণ্ডের লর্ডস-এর মাঠে জীবনের প্রথম আবির্ভাবেই টেস্ট ম্যাচে সেঞ্চুরি করার জন্য। তারপর আবার সে জীবনের দ্বিতীয় টেস্ট ম্যাচে'ও নটিংহ্যামশায়ারের টেন্ট-ব্রিজ মাঠে সেঞ্চুরি করে এখনও অপরাজিত আছে। সে এখন পর্যন্ত আমাদের ১৩৬ রান উপহার দিয়েছে এবং তার সঙ্গে শচীন তেণ্ডুলকর'ও ১২৩ রান করেছে। এ জন্য আমি তাদের দু'জনকে অভিনন্দন জানাচ্ছি। বিশ্ব ক্রিকেট ইতিহাসে এটা একটা নতুন সংযোজন—আমাদের সৌরভ গাঙ্গুলী তৃতীয় টেস্ট খেলোয়াড় যে আবির্ভাবেই লাগাতার দ্বিতীয় সেঞ্চুরি করল। এর আগে আমাদের মহঃ আজাহারুদ্দিন করেছিল এবং ওয়েস্ট ইণ্ডিজের আলভিন্ কালীচরণ করেছিলেন। এই অনন্য নজির সৃষ্টির জন্য আমি তাকে আর একবার অভিনন্দন জানাচ্ছি। সৌরভ গাঙ্গুলীর সাথে সাথে শচীন তেণ্ডুলকরকেও অভিনন্দন জানাচ্ছি। ভারতবাসী হিসাবে আজকে যাদের জন্ম দিন, তাদের কাছে দিনটি গর্বের সঙ্গে স্মরণীয় হয়ে থাকবে। এই প্রসঙ্গে আমি রাজ্য সরকারকে অনুরোধ করছি, অবিলম্বে ফ্যাক্স বার্তার মাধ্যমে সৌরভ গাঙ্গুলী এবং শচীন তেণ্ডুলকরকে অভিনন্দন বার্তা পাঠানো হোক।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা কয়েক দিন আগেই সৌরভকে অভিনন্দন জানিয়েছিলাম—সে তার জীবনের প্রথম টেস্ট ম্যাচে সেঞ্চুরি করেছিল। গতকাল আবার সে শতরান করেছে এবং এখনও অপরাজিত আছে। সে জন্য আমরা তাকে আবার অভিনন্দন জানাচ্ছি। শুধু তাকেই নয়, তার সাথে শচীন তেণ্ডুলকর'ও সেঞ্চুরি করেছে, তাকেও নিশ্চয়ই অভিনন্দন জানাচ্ছি। আজকে নতুন করে সৌরভ সম্বন্ধে আর কিছু বলার নেই, কারণ গত দিনই তার সম্বন্ধে আমরা এখানে বিস্তারিত আলোচনা করেছি। আমি আশা করব ওরা দু'জনে ডবল সেঞ্চুরি করবে। সৌরভ এইভাবে একটার পর একটা সেঞ্চুরি করে আমাদের বাংলার মুখ উজ্জ্বল করবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** অধ্যক্ষ মহোদয়, সৌরভ গাঙ্গুলী আবার শতরান করার জন্য এখানে আজকে তাকে অভিনন্দন জানানো হচ্ছে। আমি'ও তাকে অভিনন্দন জানাচ্ছি। তবে সৌরভ গাঙ্গুলী ধারাবাহিক ভাবে এটা করে চলবে। কারণ সে প্রতিভাবান খেলোয়াড়—যেভাবে খেলছে, টেকনিক্ এবং ন্যাটা, সব মিলিয়ে ভাল ক্রিকেটারের সমস্ত লক্ষণ আছে। সে আমাদের গৌরবিত করে চলবে, সে বিষয়ে কোনও সন্দেহ নেই। তাঁকে অভিনন্দন জানাচ্ছি। কিন্তু সেই প্রশ্ন ছাড়াও আমি অন্য একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হল, আজকে

দেখছেন বিরোধীপক্ষের বেঞ্চও ফাঁকা। কারণ তাঁরা আজকে বন্ধ ডেকেছেন এবং এই বন্ধের মধ্য দিয়ে কংগ্রেসের যে দেউলিয়া রাজনীতি সেটা প্রকট হয়ে পড়েছে। বন্ধের বিষয়বস্তু হচ্ছে তাদের কর্মীরা খুন হয়েছে। কিন্তু নির্বাচনের আগে এবং পরে বামপন্থী কর্মীরা অনেক বেশি খুন হয়েছে। অথচ এই ইস্যু যা নিয়ে জনস্বার্থ সম্পর্ক জড়িয়ে নেই, পাবলিক ইন্টারেস্ট জড়িয়ে নেই তবুও বন্ধ ডাকলেন। এব সঙ্গে যদি পেট্রোল-ডিজেল যুক্ত করতেন তবু একটা কথা ছিল। এদের সঙ্গে আবার এস. ইউ. সি এবং সমাজবাদী ফরওয়ার্ডব্লক যুক্ত হয়েছে, কারণ তারা আসেননি। এই অনাবশ্যক বন্ধ ডেকে যদি বিশৃঙ্খল পরিবেশ তৈরি হয়, কোথাও যদি হতাহত হয় তাহলে তার কে দায়িত্ব নেবে? সংসদীয় গণতন্ত্রে বিরোধীদের একটা ভূমিকা থাকে। তাদের দায়িত্বশীল বিরোধী দল হতে হবে। আজকের এই গুরুত্বপূর্ণ পূর্ত বাজেটের বিতর্কে অংশ গ্রহণ করতে পারতেন, রেজোলিউশন আনতে পারতেন, দৃষ্টি আকর্ষণ করতে পারতেন। যদি তারা মনে করেন খুন হচ্ছে, তাহলে এই সংসদীয় ব্যবস্থার মধ্যে সংসদীয় ব্যবস্থাকে হাতিয়ার করে সেগুলি ব্যবহার করতে পারতেন। তা না করে তারা অন্য রাস্তায় নামলেন। সুতরাং ওদের বন্ধ মানেই ধরে নিতে হবে অরাজকতা হবে, বোমাবাজি হবে, হিংস ভূমিকা নেবে এবং বেশ কিছু হতাহত হয়ে যাবে, অনাবশ্যক জীবনহানি হয়ে যাবে। সেই কারণে আমি বলতে চাই, কোনও ঘটনা যদি ঘটে তাহলে তাদের প্রতি আমি নিন্দাবাদ করছি এবং গোটা পশ্চিমবাংলায় বন্ধ পরবর্তী সময়ে সাধারণ মানুষের কাছে প্রচার করতে হবে, এইরকম দায়িত্বজ্ঞানহীন বিরোধীপক্ষ পশ্চিমবাংলায় কাজ করছে।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী রবীন দেব সৌরভ গাঙ্গুলীকে অভিনন্দন জানিয়ে যে বক্তব্য পেশ করেছেন আমি তার সঙ্গে একমত। বিশেষ করে সৌরভ এবং শচীন আমাদের দেশের গুরুত্বপূর্ণ খেলোয়াড়। কিন্তু সেই সঙ্গে সঙ্গে আজকে সৌরভ-এর প্রতি সমগ্র পূর্ব ভারত যেভাবে ক্রিকেট খেলায় অবহেলা করেছিল, সৌরভ তার যোগ্য জবাব লর্ডসে এবারের টেস্টে সেঞ্চুরি করে নজীর সৃষ্টি করেছে এবং নির্বাচকমণ্ডলীকে জবাব দিয়েছেন। সেই কারণে তাদের ২জনকে আমি অভিনন্দন জানাচ্ছি সি. পি. আই. দলের পক্ষ থেকে। সেই সঙ্গে সঙ্গে আমি এটাও দৃষ্টি আকর্ষণ করছি, আমাদের জেলায় আজকে কংগ্রেসিরা যে অহেতুক বন্ধ ডেকেছেন, সেই বন্ধের প্রভাব আমাদের জেলার গ্রামাঞ্চলে এবং আধা শহরে খুব বেশি একটা পড়েনি। আমি জানি না, বিধানসভা চলাকালীন কেন তারা বন্ধ ডাকলেন। উভয়পক্ষের আলাপ-আলোচনা করা সত্ত্বেও, আমাদের মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রী বন্ধ প্রত্যাহার করার জন্য আবেদন জানানো সত্ত্বেও তারা বন্ধ ডাকলেন। যে কোনও খুনই নিন্দনীয়। কিন্তু কংগ্রেসিরা পশ্চিমবাংলার মানুষের স্বার্থের কথা না ভেবে দলীয় সংকীর্ণ রাজনীতিকে চরিতার্থ করার জন্য যেভাবে বন্ধ ডেকেছেন তার নিন্দা করছি এবং প্রতিবাদ জানাচ্ছি।

[12-10 – 12-20 P.M.]

**শ্রীমতী কণিকা গাঙ্গুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিষয়টি মাননীয় সদস্য, শ্রী রবীন দেব উল্লেখ করেছেন আমি তার সঙ্গে সহমত পোষণ করছি। সৌরভ গাঙ্গুলী দ্বিতীয়বার টেস্টে যে সেঞ্চুরি করল তা নয়, তার সঙ্গে ভারতে এইভাবে তৃতীয় কোনও উইকেট

এর আগে ইংল্যাণ্ডের মাটিতে রানে এই স্কোর করতে পারেনি। এই বিষয়টি উল্লেখিত হওয়ার প্রয়োজন আছে। পাশাপাশি যে বিষয়টি সত্যিই ভাবিয়ে তুলছে সেটা হচ্ছে, আজকে বিরোধীপক্ষের লোকেরা বন্ধের নামে জনসমর্থন পাবেন না, তার ফলে সাধারণ মানুষের উপর আক্রমণ করতে যেসব পদ্ধতি নিচ্ছে তার আমি নিন্দা করছি। তাতে আমরা নিন্দা করছি, আমার এলাকায় এই বন্ধের কোনও রকম ছায়া পড়েনি। ওখানে সমস্ত কারখানা খোলা আছে। স্বাভাবিক ভাবে প্রাকৃতিক যে দুর্যোগ চলছে, সেই জন্য মানুষের না বেরোনর ব্যাপার রয়েছে। এই বন্ধ সম্পর্কে কংগ্রেসের যে জন সমর্থন নেই তা প্রমাণ হয়ে গেছে। তাই তারা গতকাল বিধানসভায় হুমকি দিয়ে গেছে। এই বন্ধে জন সমর্থন না থাকার জন্য ওরা বাস ট্রাম পোড়াবে বা পোড়াচ্ছে। আমাদের এই সম্পর্কে নিন্দা সূচক প্রস্তাব নেওয়া উচিত। তাদের কর্মীদের উপর অত্যাচার হচ্ছে এই রকম মিথ্যা অভিযোগ করে তারা এই জিনিস করছে। এই সম্পর্কে প্রমাণ হয়ে গেছে। কারণ স্বরাষ্ট্র মন্ত্রী তাঁদের ডেকেছিলেন, তাঁদের সঙ্গে কথাবার্তা হয়েছে, আলোচনা হয়েছে, তাঁদের বলা হয়েছে আপনারা সহযোগিতা করুন। নির্বাচনোত্তর গোলমালে ওদের কর্মীরা যেমন মারা গেছে, আমাদের কর্মীরাও মারা যাচ্ছে। আজকে বামফ্রন্ট সরকার থাকা সত্ত্বেও আমাদের কর্মীরা গৃহ ছাড়া হয়ে ঘুরে বেড়াচ্ছে। সুতরাং এই বন্ধ সম্পর্কে এই হাউস থেকে একটা নিন্দা সূচক প্রস্তাব গ্রহণ করার অনুরোধ জানাচ্ছি।

**শ্রী রবীন মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই হাউস চলছে, তার কারণ বিজনেস অ্যাডভাইসারী কমিটি থেকে এই হাউস চলার সিদ্ধান্ত আছে। আজকে সবচেয়ে আনন্দের কথা হল এরই মধ্যে ১০৬ জন মাননীয় সদস্য উপস্থিত হয়েছেন। বাইশ জন মন্ত্রী উপস্থিত আছেন এবং দশ জন মহিলা সদস্য উপস্থিত আছেন। এই বন্ধকে প্রতিহত করার জন্য তারা এসেছেন এবং আপনি হাউসের বিজনেস ইতিমধ্যে শেষ করছেন। কংগ্রেস তার নিজের দলের বিরোধকে চাপা দেবার জন্য সন্ত্রাস হচ্ছে সন্ত্রাস হচ্ছে এই সব কথা বলে নতুন করে সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা চালিয়েছেন। আমাদেরও বহু মানুষ ওদের হাতে খুন হয়েছে। ইতিমধ্যে আমি ব্যারাকপুর সম্পর্কে খবর পেলাম, ওখানে সমস্ত মিলগুলো খোলা আছে। আমি ভি. আই. পি. দিয়ে এলাম, দেখলাম প্রচুর যানবাহন চলাচল করছে। কিন্তু তারা সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করছেন। হাজরায় ওখানে একটা বাসে ওরা বোমা মেরেছিল কিন্তু সেটা ফাটেনি, ঐ বাসে আমাদের স্টাফ আসছিল। বাসে তারা ইঁট পাটকেল মারছে, এই ভাবে তারা সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করছে। এই জনবিরোধী বন্ধ মানুষ মনের দিক থেকে ব্যর্থ করে দিয়েছে। আজকে কংগ্রেসের ডাকা এই বন্ধে বামফ্রন্ট সরকারের সমস্ত সদস্যরা এবং জি. এন. এল. এফ. সদস্যরা যে রিস্ক নিয়ে এসেছেন, কিছু সদস্য দূর দূরান্ত থেকেও এসেছেন এবং তারা এই বন্ধকে ব্যর্থ করে দিয়েই এসেছেন, গণতন্ত্র বিরোধী এই বন্ধকে নস্যাৎ করার জন্য সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

## STATEMENT CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I call upon The Minister-in-charge of Health and Family Welfare Department to make a statement on the subject of reported ransacking of the Homeopathy Council office by Chattra Parishad on 26.6.96

(Attention called by Shri Prabhanjan Kumar Mandal Dr. Tapati Saha and Shri Rabin Deb on the 28th June, 1996)

**শ্রী পার্থ দে ঃ**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

গত ১৫ই মে ১৯৯৬ কাউন্সিল অব হোমিওপ্যাথি মেডিসিন-এ ৯/১বি মহাত্মা গান্ধী রোড, কলিকাতা ৯০০০০৯, মেট্রোপলিটান হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজের ও হাসপাতালের ছাত্র-পরিষদ নামে কথিত কিছু ব্যক্তির গঠিত একটি দল উপস্থিত হয় এবং ডি. এইচ. এম. এস পরীক্ষায় পক্ষপাতিত্বের অভিযোগ জানান। তাঁদের দাবি অস্বীকার করলে ভবিষ্যতে তীব্রতর আন্দোলন জনৈক বিধানসভা সদস্যের নেতৃত্বে সংগঠিত করা হবে বলে জানিয়ে যান। ঐ প্রতিনিধি দল নিম্নলিখিত আট (৮) জন অনুত্তীর্ণ ছাত্রর নামের তালিকা দেন ঃ

(১) রাজীবকুমার মিশ্র

(২) অজয়কুমার চৌধুরি

(৩) শ্রীকান্ত মিত্র

(৪) অজয়কুমার মালি

(৫) মনোজ মাহাতো

(৬) বিমলকুমার ঝা

(৭) তারকনাথ ভার্মা

(৮) প্রকাশকুমার ঝা

জনৈক রাজীবকুমার মিশ্র স্বাক্ষরিত ঐ পত্রে অন্যান্য বিষয়ের মধ্যে জানানো হয় "এই বিষয়ে আপনি ৭ দিনের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করলে সদ্য নির্বাচিত বিধায়ক তাপস রায়ের নেতৃত্বে আমরা বৃহত্তর আন্দোলন করতে বাধ্য থাকব ........... ইত্যাদি"

২১/৫/৯৬ তারিখে কাউন্সিলের রেজিস্ট্রার উক্ত বিধান সভার সদস্যকে একটি পত্র দেন (পত্র সংখ্যা এইচ. সি। ৩৭৮, তারিখ ২১/৫/৯৬) অন্যান্য বিষয়ের মধ্যে এই পত্রে দেখানো হয় যে মেট্রোপলিটান হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজের ৭২ জন পরীক্ষার্থীর মধ্যে ২৮ জন অনুত্তীর্ণ হয়েছেন আলাদাভাবে ছাত্র পরিষদের সম্পর্কে কোনও অবিচার হয় নি। এই পত্রে উক্ত মাননীয় সদস্যকে সাদর আহ্বান জানানো হয় যাতে তিনি কাউন্সিলের ব্যাপারে নিজে সমস্ত দেখতে ও জানতে পারেন। কাউন্সিলের সদস্যগণ তাঁর সহিত সাক্ষাৎ করতে আগ্রহ প্রকাশ করেন।

৫/৬/৯৬ তারিখে সভাপতি পশ্চিমবঙ্গ ছাত্র পরিষদ কাউন্সিল সভাপতিকে একটি পত্র

দেন, এবং সেই পত্রে স্ক্রুটিনি ও রিভিউ এর কাজ ১৮ই জুন ১৯৯৬ এর পূর্বে সম্পূর্ণ করতে অনুরোধ করেন। ৬/৬/৯৬ তারিখে কাউন্সিলের রেজিস্ট্রার পশ্চিমবঙ্গ ছাত্র পরিষদ এর সভাপতিকে পত্রের উত্তর দেন ও জানান যে যথাসাধ্য চেষ্টা করা হবে যাতে উক্ত দুটি কাজ সম্পূর্ণ করা যায় কিন্তু তাঁদের ঐ কাজ সম্পূর্ণ করার ব্যাপারে কিছু অসুবিধা আছে। পত্রটি (সংখ্যা এইচ. সি। ৪০২, তারিখ ৬/৬/৯৬) সভাপতি, পশ্চিমবঙ্গ ছাত্র পরিষদের পক্ষে রাজীবকুমার মিশ্র গ্রহণ করেন ১০/৬/৯৬ তারিখে।

২৬/৬/৯৬ তারিখে বেলা ১২-৪০ মিনিটে ২০/২৫ জন ব্যক্তি নিজেদের ছাত্র পরিষদের সদস্য হিসাবে দাবি করে এবং নানা দাবি মীমাংসার কথা বলে স্লোগান দেয়। সমস্তই পরীক্ষার ফলাফল বিষয়ে। তাঁরা কাউন্সিলের সভাপতির সহিত সাক্ষাৎকার চায়। সভাপতির সহিত যোগাযোগ হয় ও তিনি কাউন্সিল ভবনে উপস্থিত হয়ে সাক্ষাৎকার নিতে সম্মত হন। এতে উক্ত দল সন্তুষ্ট হন না এবং কাউন্সিল কর্মচারিদের ঘেরাও করে। এর পর তারা আরও উত্তেজিত ভাবে অফিস ঘরটি ভাঙচুর করে, চেয়ার, টেবিল, টেলিফোন টাইপ-রাইটার ভেঙে দেয়। কাচের সার্সি ও অন্যান্য আসবাব পত্র নষ্ট করে দেয়। এই দলের নেতৃত্ব দেয় উক্ত রাজীবকুমার মিশ্র।

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-charge of Health & Family Welfare Dept. to make a statement on the subject of outbreak of enteric disease in three Block under Contai Police Station, Midnapore.

(Attention called by Shri Chakradhar Maikap on the 2nd July, 1996).

[12-20 – 1-30 P.M.] (Including Adjournment)

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী চক্রধর মাইকাপ কর্তৃক উত্থাপিত পানীয় জলের দূষণ হেতু কাঁথী থানার তিনটি ব্লকে আন্ত্রিক রোগ বিস্তার সংক্রান্ত দৃষ্টি আকর্ষণী প্রস্তাব সম্পর্কে আমি এই বিবৃতি দিচ্ছি। স্যার, কাঁথী থানার তিনটি ব্লক যথা কাঁথী এক নং, কাঁথী দু নং এবং কাঁথী তিন নং-এ আন্ত্রিক রোগ প্রবল ভাবে ছড়িয়ে পড়েছে—একথা ঠিক নয়। এ পর্যন্ত প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দেখা যায় এ বছর জানুয়ারি থেকে জুন মাস পর্যন্ত কাঁথী মহকুমা হাসপাতাল এবং অন্যান্য স্বাস্থ্য কেন্দ্রের বহির্বিভাগে আন্ত্রিক রোগে চিকিৎসা পেয়েছেন ঐ তিনটি ব্লকের ৯৭৬ জন। তা ছাড়া এ বছর নতুন মাস পর্যন্ত ঐ হাসপাতাল এবং অন্যান্য স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্বিভাগে ভর্তি হয়ে চিকিৎসা করিয়েছেন মোট ৩৭৯ জন। প্রকৃতপক্ষে আন্ত্রিক রোগ কিঞ্চিত বেশি মাত্রায় দেখা দিয়েছিল কাঁথী তিন নং ব্লকের অন্তর্গত কুসুমপুর গ্রামপঞ্চায়েতের অধীন রাণীওড়া গ্রামে গত ২০শে জুন থেকে ৩০শে জুনের মধ্যে। ঐ সময়ে ঐ গ্রামে ৪২ জন ব্যক্তি আন্ত্রিকে আক্রান্ত হয়েছিলেন। শ্রী লালমোহন মাইতি নামে এক ৭৫ বছরের বৃদ্ধ রেনাল ফেইলিওর-এ মারা গেছেন। বাকি যারা কাঁথী মহকুমা হাসপাতালে ভর্তি হয়েছিলেন তারা সকলেই সুস্থ হয়ে বাড়ি ফিরে গিয়েছেন। অবস্থা সম্পূর্ণ আয়ত্বের মধ্যে। এই গ্রামে পঞ্চায়েতের ব্যবস্থাপনায় পাইপ লাইনের সাহায্যে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ হচ্ছে। পুকুরের জল সাধারণত বাসন-কোসন ধোওয়ার

কাজে ব্যবহৃত হয়ে থাকে। ঐ গ্রামে একমাত্র ব্যক্তিগত নলকূপটি সিল করে দেওয়া হয়েছে। এ ব্যাপারে স্থানীয় স্বাস্থ্য বিভাগ প্রয়োজনীয় সমস্ত ব্যবস্থাই নিয়েছেন। পুকুরের জল ব্লিচিং পাউডারের সাহায্যে বিশোধন করা হয়েছে। স্বাস্থ্যকর্মীর মাধ্যমে আক্রান্ত সমস্ত এলাকায় প্রয়োজনীয় পানীয় জল-বিশোধক বড়ি এবং ও. আর. এস প্যাকেট সরবরাহ করা হয়েছে। রাণীওড়া প্রাথমিক বিদ্যালয়ে দক্ষিণ পিথুলিয়া প্রাইমারি স্কুল পর্যাপ্ত পরিমাণে ঔষধ পঞ্চায়েত এবং স্বাস্থ্যকর্মীর তত্ত্বাবধানে মজুত করা হয়েছে। ডাক্তাররা সপ্তাহে অন্তত দু' বার ঐ গ্রামে যাচ্ছেন। তা ছাড়া স্বাস্থ্যকর্মীরা ঐ এলাকায় ঘুরে ঘুরে খোঁজ নিচ্ছেন। জনসাধারণের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে ব্যাপক প্রচার অভিযান অব্যাহত আছে।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি, আমরা আবার একটা বেজে তিরিশ মিনিটে মিলিত হ'ব।

(after adjournment)

[1-30 – 1-40 P.M.]

## MENTION CASES

**শ্রী নর্মদা রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র কুশমণ্ডী। ঐ কুশমণ্ডী ব্লকের পাঁচ নম্বর গ্রাম পঞ্চায়েত প্রধান সহদেবচন্দ্র রায়, তিনি সরকারি অর্থ তছরূপ করবার জন্য সেখানকার মানুষের মধ্যে তীব্র ক্ষোভ সৃষ্টি হয়েছে। পঞ্চায়েত সদস্যদের পক্ষ থেকে এ-ব্যাপারে জেলা এবং ব্লক প্রশাসনকে বারবার জানানো সত্ত্বেও কোনও ব্যবস্থা হয়নি। তিনি গত ৯.৩.৯৩ তারিখে মাতৃজনিত বার্ধক্যের ভাতার ৩৯ হাজার টাকা, ১৯.৪.৯৬ তারিখে জে. আর. ওয়াইর ১ লক্ষ ৫৭ হাজার ৯৩০ টাকা এবং ২৫.৫.৯৬ তারিখে হাউস বিল্ডিং গ্র্যান্টের ৩৩ হাজার টাকা গ্রাম পঞ্চায়েতের মিটিং না ডেকেই তোলেন। এর বিরুদ্ধে বারবার বলা সত্ত্বেও স্থানীয় প্রশাসন কোনও ব্যবস্থা গ্রহণ করেননি। তিনি কংগ্রেস দলের প্রধান এবং বি. জে. পির সহযোগিতায় তারা টাকাগুলো আত্মসাৎ করেছেন। যাতে ঐ টাকা তছরূপের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয় তারজন্য আমি অনুরোধ করছি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত রাতে দেখেছি, আমাদের সৌরভ গাঙ্গুলি এবং শচীন তেন্দুলকার যথাক্রমে ১৩৬ এবং ১২৩ রান করেছেন এবং তারা উভয়ে ডবল সেঞ্চুরির পথে। এখন ব্যাপারটা হচ্ছে, কংগ্রেস যে বন্‌ধ ডাকল সেটা মানুষই অ্যাকসেপ্ট করল না। এটা আপনার মাধ্যমে বলার দরকার আছে, কারণ কলকাতার মানুষকে বলতে হবে যে, এখন একটা চামচিকাও যদি বন্‌ধ ডাকে তাহলে দূরপাল্লার বাস এবং ট্রেন বন্ধ করে দেওয়া সম্ভব। একটা জিনিস দেখতে হবে, আজকের এই বন্‌ধ মানুষের মনে কোনওরকম রেখাপাত করেনি, তারা এই বন্‌ধকে প্রত্যাখ্যান করেছেন এবং ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছেন।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এখানে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী উপস্থিত আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে সরকারি হাসপাতালের

পাশাপাশি বেসরকারি এবং এমন কি অনাবাসী ভারতীয়দের দ্বারা পরিচালিত হাসপাতাল এবং নার্সিং হোম আছে। নিয়ম আছে এই সমস্ত ক্ষেত্রে হাসপাতাল বা নার্সিং করার ব্যাপারে সরকারের অনুমোদন নিতে হয়। সেই সময় তাঁরা প্রতিশ্রুতি দেন যে ১০-২০ জন রোগীকে বিনা মূল্যে চিকিৎসা করবেন, দুস্থ রোগীদের তাঁরা সাহায্য করবেন। কিন্তু প্রকৃত অবস্থা যা দেখতে পাচ্ছি সেটা তাঁরা করেন না। কিছু কিছু ক্ষেত্রে কিছু ব্যক্তিকে বিশেষ সুযোগসুবিধা দিয়ে পরবর্তীকালে দেখায় যে দুস্থদের সাহায্য করা হয়েছে। তাই আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি এই সমস্ত বেসরকারি হাসপাতাল বা অনাবাসী ভারতীয়দের দ্বারা পরিচালিত হাসপাতাল বা নার্সিং হোমগুলি যাতে সরকারের কাছে প্রতিশ্রুতি অনুযায়ী দুস্থ রোগীদের চিকিৎসার ব্যবস্থা করে সেটা রাজ্যের স্বাস্থ্য দপ্তর থেকে দেখা হোক।

**শ্রী নির্মল সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মগরাহাট থানায় কয়েক বছর আগে থেকে কংগ্রেস সুপরিকল্পিতভাবে সমাজবিরোধী তৈরি করছে এবং তাদের উৎসাহিত করছে। তারা প্রশাসনের এক অংশকে প্রভাবিত করেছে। যার ফলে এখানকার মানুষের জীবন অতিষ্ঠ করে তুলেছে। এই ব্যাপারে বারে বারে অভিযোগ করা হয়েছে, কিন্তু তার ফল কিছু হয়নি। আমি একটি ঘটনার কথা উল্লেখ করছি। গত ২৮-৬ তারিখে একজন ডাকাত খুন হয় তাদের নিজেদের লোকের হাতে। সে ওয়ারেন্টটেড ডাকাত, তার ছবি থানায় আছে। আর একজন ডাকাত এই ব্যাপারে থানায় এফ. আই. আর.-এর উপর গুরুত্ব দিয়ে তাকে অ্যারেস্ট না করে সেই এফ. আই. আর.-এর উপর ভিত্তি করে পুলিশ নিরীহ সাধারণ মানুষগুলোকে অ্যারেস্ট করেছে। এই ব্যাপারে আমার দাবি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যেন উপযুক্ত তদন্তের ব্যবস্থা করেন এবং তাদের পরিকল্পনা যেন নস্যাৎ করে দেন।

**শ্রী আনন্দকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষ্ণুপুর বিধানসভা এলাকায় বহু মানুষের রেশন কার্ড নেই, প্রায় ১০ হাজার মানুষ রেশন কার্ডের অভাবে মাল তুলতে পারছে না। অন্য জায়গা থেকে বিয়ে হয়ে এসেছে, সে রেশন কার্ড পাচ্ছে না, কারও রেশন কার্ড হারিয়ে গেছে বা নষ্ট হয়ে গেছে, সে রেশন কার্ড পাচ্ছে না। কারও ৮-১০ বছর বয়স, সে রেশন কার্ড পাচ্ছে না। দীর্ঘদিন ধরে তারা পঞ্চায়েত এবং পঞ্চায়ত সমিতির সঙ্গে যোগাযোগ করেও রেশন কার্ড পাচ্ছে না। এই ১০ হাজার মানুষ যাতে রেশন কার্ড পেতে পারে তার জন্য আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পিংলা থানার অন্তর্গত জামনা থেকে পিংলা ডাকবাংলো পর্যন্ত ৩ কিলোমিটার মোরামের রাস্তা আছে। বহুদিন ধরে এখানকার মানুষ দাবি করছে এই রাস্তাটি পাকা রাস্তায় রূপান্তরিত করা হোক যাতে এখানে বাস চলাচল করতে পারে। এই রাস্তাটি করলে একদিকে খড়গপুর মেদিনীপুর এবং ময়নার মধ্যে যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটবে। অন্য দিকে ময়নার পূর্বে কাঁসাই নদীর উপর শ্রীরামপুর ব্রিজ যেটা অনুমোদন পেয়ে গেছে সেটা হলে হলদিয়ার সঙ্গে কলিকাতার সরাসরি যোগাযোগের ব্যবস্থা হয়ে যাবে।

[1-40 – 1-50 P.M.]

তাছাড়া এই তিন কি.মি. রাস্তাটি যদি বাস রাস্তায় রূপান্তরিত হয়, তাহলে ১২ কিমি-র মতো বাস রাস্তা কমে যাবে। তার ফলে মানুষের ব্যবসা-বাণিজ্যের যেমন সুবিধা হবে, তেমনি মানুষের চাহিদাও পূরণ হবে। এইজন্য আমি এই বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অমর চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল এই যে, আমাদের বরানগর থানার ও.সি., মিঃ গুপ্তা, তিনি আগে এয়ারপোর্ট থানার ও.সি. ছিলেন। তিনি একজন কনডেম্‌ড অফিসার। তাঁর বিরুদ্ধে এনকোয়ারি চলছে। ওখান থেকে তিনি এখানে আসার পরে অসামাজিক কাজকর্ম শুরু হয়ে গেছে। ওখানে যে মদের দোকানগুলো ছিল, যেগুলো আমরা বন্ধ করেছিলাম, সেগুলো আবার চালু হয়ে গেছে। সেগুলো এখন পুরোদমে চালু হয়ে গেছে। বনহুগলি, ডানলপ এবং আলম বাজারে এগুলো ব্যাপকভাবে বেড়ে গেছে। আমি অবিলম্বে এই কনডেম্‌ড অফিসারের বিরুদ্ধে শাস্তি দাবি করছি এবং অবিলম্বে তাঁর ট্রান্সফার-এর দাবি জানাচ্ছি। তাঁকে কোনও থানার ও.সি.. করা উচিত নয় বলে আমি মনে করি।

**শ্রী মহম্মদ হান্নান ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, রামপুরহাট বিধানসভা কেন্দ্রে রামপুরহাট দু'নম্বর ব্লকে দ্বারোকা নদীতে দহল্যা মৌজায় দহল্যা ঘাটে একটি সেতু নির্মাণ করা হলে রামপুরহাট দু'নম্বর ব্লক শুধু নয়, রামপুরহাটের সঙ্গে মুর্শিদাবাদের যোগাযোগও সহজ হবে। তাই আমি দাবি করছি, এই আর্থিক বছরেই যেন উক্ত সেতুটি নির্মাণের কাজ মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় করেন।

**শ্রী চিত্তরঞ্জন মুখার্জি ঃ** মাননীয় ডিপুটি স্পিকার, স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল, মেদিনীপুর জেলায় আমার বিধানসভা কেন্দ্র দাসপুর। এখানে দুধকুমড়া হাট যেটি আছে সেটি একটি পাইকারি হাট এবং অত্যন্ত পুরানো হাট। এই হাটটি মেদিনীপুর, হুগলি এবং হাওড়া এই তিনটি জেলার পণ্য ক্রয় বিক্রয় কেন্দ্র। এই হাটটির অবস্থা বর্তমানে খুব শোচনীয় হয়ে পড়েছে। এই হাটটির সঙ্গে যোগাযোগ নদীর উপরে নির্ভরশীল ছিল। ওখানে জে. সি. আই.-এর একটি ক্রয় কেন্দ্র রয়েছে। উক্ত হাটটির সঙ্গে যদি যোগাযোগ করতে হয় তাহলে অবিলম্বে কোলাঘাটের সঙ্গে যুক্ত করতে হবে। যশাড় এবং শ্রীবরার মধ্যে যদি সড়ক যোগাযোগ স্থাপিত হয় তাহলে হাটটির উন্নতি ঘটতে পারে। ওখানে 'দুর্বাচটি' নামে যে নদীটি রয়েছে, তার উপরে একটি সেতু নির্মাণ করা প্রয়োজন। আমি বিষয়টির প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মীরকাশেম মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চ মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র চাপড়াতে কোনও কলেজ নেই। ওখানে দুটিমাত্র মাধ্যমিক স্কুল আছে। এলাকাটিতে দু'লক্ষ পঞ্চান্ন হাজার মানুষ

করেন। প্রত্যেক বছরই বহু সংখ্যক ছাত্রছাত্রী মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হচ্ছে। কিন্তু পরবর্তী পর্যায়ে উচ্চ মাধ্যমিকে ভর্তির ব্যাপারে তাদের সমস্যার মধ্যে পড়তে হচ্ছে। তাই চাপড়াতে দুটি মাধ্যমিক যে স্কুল আছে তাকে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করার জন্য এবং ওখানে একটি কলেজ স্থাপনের জন্য আমি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রামচন্দ্র মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র খেজুরি থেকে কাঁথি পর্যন্ত ১৬ কিমি. দীর্ঘ রসলপুর ক্যানাল আছে। ওখানে যদি ৫০০ মিটারের মতো একটি ব্রিজ তৈরি করা হয় তাহলে ওখান দিয়ে যে শতাধিক লোক প্রতিদিন চলাচল করেন, তাঁদের সুবিধা হবে। সেজন্য আমি এই বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রভঞ্জনকুমার মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ৫ই জুলাই কংগ্রেসিরা বন্‌ধ ডেকেছে, আমিও সেই বন্‌ধের প্রসঙ্গে বলছি এবং আমার যে বিষয়ে বলার ছিল সেটা চেঞ্জ করে আমি এই মেনশেনটা রাখছি। ডেমোক্রেটিক পদ্ধতিতে বন্‌ধ ডাকার সবার অধিকার আছে। কিন্তু ওরা বন্‌ধ ডাকল এই হিসাবে যে, সি পি এম সন্ত্রাস করছে, খুন, জখম হচ্ছে ইত্যাদি। পরবর্তীকালে ট্রেজারি বেঞ্চ থেকে যখন গিভ মি দি লিস্ট চাওয়া হল অর্থাৎ কে কে মারা গেছে তার লিস্ট চাইল এবং এই কারণেই ওদের বন্‌ধ এবং ধর্না যাই বলুন না কেন তখন একটা পিকিউলার অবস্থা হল যে, যারা বেঁচে আছে তাদেরও ডেড বলে চালিয়ে দেওয়া হল। সেইজন্য এই বন্‌ধের বিরোধিতা সাধারণ মানুষ করেছে এবং আমি দুপুরে টেলিফোন করে খবর নিলাম যে সাগর থেকে ডায়মণ্ডহারবার পর্যন্ত সমস্ত জায়গায় স্কুল-কলেজ, অফিস, কাছারি সব খোলা আছে। সেখানে সংখ্যা একটু কম হলেও সব খোলা আছে।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যসরকার বিভিন্ন জায়গায় মহাপুরুষদের নামে বিভিন্ন স্থানে বিভিন্ন বিশ্ববিদ্যালয় স্থাপন করেছে এবং হলগুলো গড়ে তুলেছেন। মেদিনীপুর শহরে বিদ্যাসাগরের নামে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় করা হয়। গত কয়েক বছর ধরে দেখছি যে, ইউ জি সি'র বঞ্চনার জন্য সেখানে পঠন-পাঠনের ক্ষেত্রে খুব একটা উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেনি। তাছাড়া মেদিনীপুর শহরে বিদ্যাসাগর হলে রবীন্দ্রনাথ ঠাকুরের পাদস্পর্শ ঘটেছিল, সেই হলটির সংস্কারের জন্য সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী গুরুপদ দত্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রের রাস্তা দুটি খরার হাজিপুর এবং পলাশচাবড়ী টু শ্রী নগর রাস্তা দুটির কাজ এখনও পর্যন্ত হয়নি। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ওই রাস্তা দুটির কাজ হয়।

**শ্রী রতনচন্দ্র পাখিরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঘাটাল বিধানসভা কেন্দ্রের বড়দা, ইরপালা ভায়া খরার রাস্তাটির বেহাল অবস্থা, অবিলম্বে মেরামতি করা দরকার। ওই রাস্তাটি যানবাহন চলাচলের

অযোগ্য। সুতরাং যুদ্ধকালীন ভিত্তিতে ওই রাস্তাটি মেরামত করা হোক।

[1-50 – 2-10 P.M.]

**শ্রী হাফিজ আলম সায়রানি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মধ্যশিক্ষা দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার গোয়ালপাড়া বিধানসভা কেন্দ্রে ৭টি গ্রাম পঞ্চায়েত আছে, অবিলম্বে সেই সমস্ত গ্রাম পঞ্চায়েতে জুনিয়ার হাই স্কুল এবং হাইস্কুল স্থাপনের দাবি জানাচ্ছি।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** (নট প্রেজেন্ট)।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নতুন করে সার্ভে করে রেশন কার্ড সরবরাহ করার জন্য আমি দাবি জানাচ্ছি। এই রাজ্যের বিভিন্ন এলাকায় রেশন কার্ড এর যে চাহিদা সেই চাহিদা অনুযায়ী রেশন কার্ড পাওয়া যাচ্ছে না। এক একটি পঞ্চায়েত যেখানে ৫ হাজার রেশন কার্ড-এর চাহিদা সেখানে পৌঁছাচ্ছে মাত্র ৫ শত। এবারে যারা মাধ্যমিক পরীক্ষা দিয়েছে তাদের অধিকাংশের বয়স ১৫-১৬ বছর হয়ে গেছে, কিন্তু তারাও রেশন কার্ড পায়নি। আমি খোঁজ খবর নিয়ে দেখেছি এলাকায় একটা বিরাট রেশন কার্ড-এর চাহিদা আছে, তাই নতুন করে রেশন কার্ড সরবরাহ করার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ ৫ই জুলাই কংগ্রেস বন্ধ ডেকেছে, সন্ত্রাসের বিরুদ্ধে। নির্বাচনের পর নাকি সন্ত্রাস হচ্ছে। অথচ আমাদের দল থেকে যারা খুন হয়েছে তার তালিকা আমরা দিয়েছি কংগ্রেস কিন্তু দেয়নি। আমরা দেখছি নির্বাচনের পর সমাজবিরোধীরা অন্ধকারের জীব যারা তারা প্রকাশ্যে রাস্তায় ঘুরছে। প্রতি ৬ দিনে একজনকে তারা খুন করছে। নদীয়া জেলায় ১০টি খুন করেছে। প্রত্যেকটি নির্বাচনের পর কংগ্রেস দল এই রকম তাণ্ডব করে মানুষ খুন করে। পঞ্চায়েতি নির্বাচনের পর আমরা দেখেছি ১৫ই এপ্রিল থেকে ৩০ মে পর্যন্ত ২০ জনকে তারা খুন করেছে। এই কংগ্রেস দলের সমাজবিরোধীরা তারা এই কাজ করছে। আজকের বন্ধ সন্ত্রাসের বিরুদ্ধে নয়, সন্ত্রাস সৃষ্টি করার জন্য। কংগ্রেস তাই ৫ই জুলাই এর দিনকে বেছে নিয়েছে গুণ্ডামি করার দিন হিসাবে আমি চরমভাবে এর নিন্দা করছি, জনগণ এই বন্ধ মানেনি, তারা রাস্তায় বেরিয়েছে, আকাশে মেঘ আছে বৃষ্টি পড়ছে বলে মানুষ একটু কম বেরিয়েছে। কিন্তু তারা এই বন্ধকে তীব্রভাবে বিরোধিতা করছে।

**শ্রী নন্দরানী দল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মেদিনীপুর জেলায় সদর থানার দেপাড়া হাসপাতালের একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩০ জুন ঐ এলাকায় একজন গর্ভবতী মহিলা ঐ হাসপাতালে আসেন এবং ডাঃ স্বদেশরঞ্জন জানার কাছে দেখাতে আসেন তার শারীরিক অসুস্থতার জন্য। কিন্তু সেখানে ডাক্তার বলেন তার শিশু সন্তান মারা গিয়েছে, অবিলম্বে অপারেশন করা দরকার। অপারেশনের পর দেখা যায় সেই শিশু বেঁচে আছে, তখন ঐ হাসপাতালের ডাক্তার সেখানে শিশুটিকে

পাশের একটি ঝোপে ব্যাগে ভরে ফেলার চেষ্টা করেন, এটা জানাজানি হলে সেই ডাক্তার গ্রেপ্তার হলেন সেখানে মানুষও জমায়েত হল, কিন্তু কংগ্রেস-এর নেতারা সেই ডাক্তারকে জামিনে মুক্ত করে নিয়ে গেলেন। আমার দাবি অবিলম্বে স্বাস্থ্যদপ্তর ও স্বরাষ্ট্র দপ্তর বিষয়টি তদন্ত করুক। কারণ হাসপাতালের ডাক্তার ঐ কোয়ার্টারে থেকে সেখানে প্রাইভেট প্র্যাকটিশ করেন, তাই আমার দাবি বিষয়টি অবিলম্বে তদন্ত করা হোক এবং তাকে ট্রান্সফার করা হোক।

**শ্রী সুভাষচন্দ্র সোরেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভার মেদিনীপুর জেলার নয়াগ্রাম গোপীবল্লভপুরে ১ নম্বর ব্লকের অধীন ৩ নম্বর গ্রাম পঞ্চায়েত-এ ঝাড়খণ্ড কংগ্রেস আশ্রিত প্রধান ওখানকার পাট্টা পাওয়া জমি থেকে উচ্ছেদ করছে, স্যার, ২১ তারিখে অর্জুন বেড়া ও তার ভাই-এর বাড়ি পুড়িয়ে দেওয়া হয়েছে, তাদের ৫টি গরু ও সম্পত্তি পুড়িয়ে দেওয়া হয়েছে। কিন্তু ২১ তারিখে গোপীবল্লভপুর থানায় ডায়রি করা হয়েছে, অথচ দোষী ব্যক্তিদের পুলিশ এখনও গ্রেপ্তার করেনি। আমি দাবি করছি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে যাতে ঐ দোষী ব্যক্তিদের অতি সত্বর গ্রেপ্তার করা হয় এবং দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হয় তার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী অশোক গিরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দেশে খুচরো পয়সার বড় আকাল দেখা দিয়েছে। ট্রামে, বাসে বাজারে গেলে খুচরো পয়সা চাই। স্বল্প আয়ের মানুষ এবং গরিব মানুষ তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে। কিছু কাটা-ছেঁড়া-ফাটা নোট চলছে না। এই বিষয়ে নজর দেওয়ার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী খগেন্দ্রনাথ মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে যোগাযোগ সম্পর্কিত একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। শালবনীতে তিনটি গুরুত্বপূর্ণ রাস্তা আছে এবং এই রাস্তাগুলোর অবিলম্বে পাকা করার দাবি জানাচ্ছি। রাস্তাগুলো হল শালবনী-সিজুয়া, সৈয়দপুর-মৌপাল এবং লালগড়-ধেড়ুয়া রাস্তা। এর ফলে এলাকার জনগণের ব্লক ও সদর কেন্দ্রের সাথে যোগাযোগের প্রশ্নে দূরত্ব কমে বর্তমানে অর্দ্ধেক হবে, আর্থিক সাশ্রয় হবে এবং সময়ও বাঁচবে।

**শ্রী দীপক বেরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন আমার বিধানসভা ক্ষেত্র ময়না দুদিকে দুটো নদী আছে, কাঁসাই এবং চণ্ডিয়া এই দুটো নদী বাঁধ মেরামতের দাবি জানাচ্ছি। বিশেষ করে চণ্ডিয়ার কাছে হরিদাসপুর গ্রামের অবস্থা খারাপ। তাছাড়া কাঁসাইয়ের কাছে রামচন্দ্রপুর এবং যোবালী এই নদী বাঁধগুলোর মেরামতির কাজ এবং তদারকির কাজ এ. এস. ও. করেন, কিন্তু তিনি নিয়মিতভাবে অফিসে আসেন না। ওখানে একজন এ. এস. ও. যাতে রাখা যায় তার ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

**শ্রী মানিকচন্দ্র মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলায় আমেদপুর

সুগার মিল এলাকায় আঁখ চাষীরা আঁখ বিক্রি করেছিল সেই দাম তারা পায়নি। এর ফলে আঁখ চাষীদের উৎসাহ-উদ্দীপনার ক্ষতি হচ্ছে এবং এর প্রভাব সুগার মিলের উপর পড়তে পারে। আঁখ চাষীরা যাতে তাদের আঁখ বিক্রির দাম পায় তার ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পর্যটন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল ধর্মতলা এলাকায় প্রায় তিনঘন্টা যানজট ছিল। দিঘা যাওয়ার ট্যুরিস্ট বাসগুলোর মধ্যে হুড়োহুড়ি পড়েছিল। আমি রিসেসের সময় ফোন করে জেনেছি দিঘায় সুন্দরভাবে পর্যটকরা ঘোরাফেরা করছে, ওখানে সমস্ত দোকানপাট খোলা, রামনগরেও সমস্ত দোকানপাট খোলা আছে। কংগ্রেসিরা যে বন্‌ধ ডেকেছিল ওখানে তার কোনও প্রভাব পড়েনি। ওরা দেখেশুনে বন্‌ধ ডাকে, ছুটির আগে, কিংবা ছুটির পরে বন্ধ ডাকে, প্রাকৃতিক বিপর্যয় থাকলে বন্‌ধ ডাকে। আমার আশঙ্কা কংগ্রেসিরা নিজেদের মধ্যে গণ্ডগোল করেই শেষ হয়ে যাবে।

[2-00 – 2-10 P.M.]

**শ্রী নৃপেন গায়েন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ব্লকগুলিতে পশু চিকিৎসালয় কেন্দ্র আছে এবং অনেক গ্রামেও প্রাণী সম্পদ দপ্তরের চিকিৎসালয় আছে। ঐ অঞ্চলের গোবিন্দঘাটিতে, হিঙ্গলগঞ্জ অঞ্চলে একটি পশু চিকিৎসালয় আছে। সেখানে ওষুধ সরবরাহের অসুবিধা নেই। কিন্তু যে ডাক্তার দেওয়া হয়েছে, সে থাকে না, অন্য কাজকর্ম করে। ডিস্ট্রিক্ট ভ্যাটারনারি অফিসারের কাছে আবেদন-নিবেদন করেও কোনও ফল হয়নি। এই বিষয়ে মাননীয় মন্ত্রী দৃষ্টি দেবেন, এই আশা করি।

**শ্রী নাজমুল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, কেন্দ্রের যুক্তফ্রন্ট সরকার কংগ্রেস(আই)-এর কায়দায় রাতের অন্ধকারে, নির্বাচিত প্রতিনিধিদের এবং সাংসদদের কথা না শুনে পেট্রোল, ডিজেলের দাম বাড়াল। এর ফলে নিম্ন মধ্যবিত্ত মানুষের সঙ্কটময় জীবন আরও সঙ্কটের মধ্যে পড়বে, শিল্পায়নের প্রক্রিয়া ব্যহত হবে। শুধু তাই নয়, সাধারণ মানুষের অর্থনৈতিক সমস্যা, রুজি-রোজগারের সমস্যাও বৃদ্ধি পাবে। আপনি পশ্চিমবঙ্গের এই জনদরদি সরকারকে নির্দেশ দিন, যেন তারা দিল্লির সরকারকে বলেন এই বর্ধিত হার প্রত্যাহার করতে।

**শ্রী শেখ জাহাঙ্গীর করিম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, আমাদের রাজ্যে, বিশেষ করে মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, এই তিনিটি জেলায় কংগ্রেস ঝাড়খণ্ড ছাদনাতলায় মালাবদল করে বৈবাহিক সূত্রে আবদ্ধ। কংগ্রেস ও ঝাড়খণ্ড মেদিনীপুর জেলার ডেবরা অঞ্চলে সন্ত্রাস, খুন, ভীতি প্রদর্শন, লুঠ শুরু করেছে। গত দু'তারিখে গোলগ্রাম-শিমুলহাটি গ্রামে কংগ্রেস এবং ঝাড়খণ্ডের আশ্রিত সমাজ বিরোধী বাবলু বারি খান, নকুল সিং এবং জয়দেব মুখার্জির নেতৃত্বে আমাদের শিমুলহাটি গ্রামের বিষ্ণুপদ দলুই ও অজিত মণ্ডলের বাড়ি লুঠ করে। ঐ দু'জনকে তুলে নিয়ে বেধড়ক মারধোর করে রক্তাক্ত অবস্থায় মাঠে ফেলে যায়। এই সন্ত্রাস

এবং খুনের বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি। মন্ত্রী মহাশয়কে অবিলম্বে এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করছি।

**শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের তমলুক মহকুমার নীলকুণ্ঠা গ্রাম পঞ্চায়েতের অধীন কুমারগঞ্জ জুনিয়ার হাই স্কুল ১-৪-৬০ সালে হলেও আজ পর্যন্ত হাই স্কুলে রূপান্তরিত হয়নি। অথচ এই বিদ্যালয়ে শতকরা ৫০ জন তফসিলি ছাত্রছাত্রী পড়ে। এই বিদ্যালয়টি সরকারের কাছ থেকে হোস্টেল চালানোর জন্য গ্র্যান্ট পর্যন্ত পায়। গত ৭-৪-৯৫ তারিখে মহামান্য হাইকোর্ট একটি নির্দেশনামায় ঐ বিদ্যালয়টিকে হাই স্কুলে রূপান্তরিত করার আদেশ দেন। কিন্তু প্রশাসনিক টাল-বাহানার জন্য আজ পর্যন্ত সেই নির্দেশ কার্যকর হয়নি। আমি আপনার মারফৎ মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, অবিলম্বে এই সমস্যার সমাধান করার ব্যবস্থা করুন।

**শ্রী বিনয়কৃষ্ণ বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র রানাঘাট পূর্ব বিধানসভায় কোনও কলেজ নেই। এই কেন্দ্রের আড়ংঘাটাতে যাতে একটা কলেজ প্রতিষ্ঠা করা যায় সে বিষয়ে মাননীয় উচ্চ-শিক্ষা মন্ত্রী ব্যবস্থা নিন। আর ঐ কেন্দ্রের ঘোলা গ্রামে একটা জুনিয়র স্কুল আছে যাকে কেন্দ্র করে ৫-৬ কিমি.র মধ্যে আর কোনও জুনিয়র স্কুল বা হাইস্কুল নেই। ঐ স্কুলকে দশম শ্রেণীযুক্ত করার জন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জ্যোতিন্দ্রনাথ রায় ঃ** (হাউসে অনুপস্থিত)।

**শ্রী ভদ্রেশ্বর মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্র সোনারপুর সেখান থেকে ৩ লক্ষ মানুষ ট্রেনে যাতায়াত করে। কিন্তু কোনও কারণে ট্রেন বন্ধ থাকলে সেখান থেকে সরাসরি কলকাতায় আসার কোনও বাস নেই। দুটো সরকারি বাস আছে কিন্তু সেটা ১ থেকে দেড় ঘন্টা অন্তর চলাচল করে। এ ব্যাপারে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে লিখিতভাবে জানিয়েছি। আজকে আপনার মাধ্যমে আবার পরিবহনমন্ত্রীর এ বিষয়ে যথাযথ ব্যবস্থা নেবার অনুরোধ করছি।

## Zero Hour

**শ্রী বীরেন ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করব। স্যার, আজকে কংগ্রেস রাজনৈতিক উদ্দেশ্যপ্রোণোদিতভাবে বন্‌ধ ডেকেছে। সেই বন্‌ধকে ব্যর্থ করে জীবনযাত্রাকে সচল রাখার জন্য গোটা পশ্চিমবাংলার মানুষের সাথে বর্ধমানের মানুষও এগিয়ে এসেছিল। কিন্তু তাঁকে ভাঙবার জন্য কংগ্রেস সশস্ত্র মিছিল করে, বোমাবাজি করতে করতে জনজীবনকে অচল করার চেষ্টা করে। কংগ্রেসের ছোঁড়া বোমার আঘাতে পালিকা বাজারে ১৪ জন আহত হয়েছে। তাদেরকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের মধ্যে তিনজনের অবস্থা সঙ্কটজনক। আমি স্যার, আপনার মাধ্যমে এ ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য এবং দোষীদের গ্রেপ্তারের জন্য আবেদন করছি।

**শ্রী রবীন দেব ঃ** (হাউসে অনুপস্থিত)।

**শ্রী গুরুপদ দত্ত ঃ** ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ক্ষীরপাই বি. পি. এইচ. সি. ছাদ ফেটে জল পড়ছে। রোগীদের থাকার অসুবিধা হচ্ছে। মহকুমা শাসকের কাছে ত্রিপলের আবেদন করেছি। অবিলম্বে কোনও ব্যবস্থা না নিলে ঐ হাসপাতালে রোগীদের রাখা যাবে না।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** (হাউসে অনুপস্থিত)।

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কয়েকদিন আগে কেন্দ্রীয় সরকার পেট্রোল-ডিজেলের দাম বাড়িয়েছেন। এ ব্যাপারে এই সভায় আমরা তার বিরোধিতা করেছি। আজকেও কোনও কোনও সদস্য এ সম্পর্কে বলেছেন। কিন্তু এটাকে আজকে অজুহাত করে পশ্চিমবাংলার বাস মালিকরা আগামী সোমবারদিন ধর্মধটের হুমকি দিয়েছেন। অথচ পরিবহন মন্ত্রী তাদের নিয়ে আলোচনা করেছেন। যতক্ষণ পর্যন্ত আমাদের মুখ্যমন্ত্রী দিল্লি থেকে ফিরে না আসছেন ততক্ষণ পর্যন্ত কোনও সিদ্ধান্ত না নেবার জন্য বলেছেন। অথচ তাঁরা যানবাহনকে বিপর্যস্ত করার হীন ষড়যন্ত্রে লিপ্ত হয়েছেন। কংগ্রেস(আই) দলও এ ব্যাপারে তাদের মদত দিচ্ছেন। তাই আমি এ ব্যাপারে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব তিনি যেন কেন্দ্রীয় সরকারকে এই বিষয়টা জানান। আমরা হলুদ সবাই রান্নার কাজে ব্যবহার করি, কিন্তু এই হলুদের গুণাগুণ অভূতপূর্ব, বাঁশের কাটা ফুটলে এবং বিভিন্ন ধরনের ব্যাথা বেদনায় দারুণ ভাল কাজ দেয়। কিন্তু এই পেটেন্টটা মিসিসিপি বিশ্ববিদ্যালয়ের হাতে তুলে দেওয়া হয়েছে।

**শ্রী ভন্দু মাঝি ঃ** (নট প্রেজেন্ট)।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় স্পিকার মহাশয়ের আজকে জন্মদিন, আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইতিমধ্যেই বিষয়টা অনেক মাননীয় সদস্যই উল্লেখ করেছেন, মেনশনেও বলেছেন এবং জিরো আওয়ারেও বলেছেন। বিষয়টি হচ্ছে আজকে পশ্চিমবাংলায় বিশৃঙ্খলা সৃষ্টির উদ্দেশ্যে কংগ্রেস দল তথাকথিত বাংলা বন্ধ ডেকেছে। সারা পশ্চিমবাংলার মানুষ এবং হুগলি জেলার মানুষও এই বন্ধকে প্রত্যাখ্যান করেছে। হুগলি জেলায় বিভিন্ন কারখানায় শতকরা ৭০ ভাগ কর্মচারী কাজে হাজির হয়েছেন। রিষড়া এবং শেওড়াফুলি রেল স্টেশনে কংগ্রেস হামলা করেছে এবং রেল চলাচল বন্ধ করে দিয়েছে। সেখানে রেল লাইনের উপর একটি লরির চাকার হাওয়া বার করে দিয়ে ট্রেন চলাচল ব্যাহত করেছে, পরে পুলিশ এসে লরিটিকে সরিয়ে দেয়। হিন্দ মোটর, রেয়ন, ত্রিবেণী টিস্যু—এই সব কারখানায় ৭০ ভাগ কর্মচারী কাজে এসেছেন। আজকে পশ্চিমবাংলার মানুষ এই বন্ধকে প্রত্যাখ্যান করেছেন এবং অভিনন্দনযোগ্য। এই বন্ধের বিরোধিতা করে

পশ্চিমবাংলার মানুষ উন্নত রাজনৈতিক মনোভাবের পরিচয় দিয়েছেন।

**শ্রী শঙ্করসরন নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগনা জেলার মধ্যে বিষ্ণুপুর গ্রামীণ হাসপাতালটি স্বর্গীয় প্রভাস রায়, তিনি আপ্রাণ চেষ্টা করেছিলেন এই হাসপাতালটি চালু করার জন্য। কংগ্রেস(আই) নেতা সেই জমির উপর মামলা করেছিলেন, পরে সোমনাথ চ্যাটার্জি সেটির নিষ্পত্তি করেছিলেন এবং হাসপাতালটি চালু করার অর্ডার হয়েছিল। কিন্তু সেখানে ডাক্তারের ব্যবস্থা হয়নি এবং ইন্ডোরের ব্যবস্থা হয়নি। অবিলম্বে যাতে হাসপাতালটি চালু করা যায় তার ব্যবস্থা করুন। ওখানে আরও দুটি স্বাস্থ্যকেন্দ্র আছে, একটি হচ্ছে দৌলতাবাদ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং অন্যটি হচ্ছে সামালী উপস্বাস্থ্যকেন্দ্র। এই উপস্বাস্থ্য কেন্দ্রটিতে ১০ বছর কোনও ডাক্তার নেই এবং অ্যাম্বুলেন্স নেই। এ ব্যাপারে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। অভিভাবকরা অনেক পয়সা খরচা করে তাদের ছেলেমেয়েদের মাধ্যমিক পরীক্ষায় পাশ করিয়েছে। কিন্তু উচ্চ-মাধ্যমিক ভর্তির ফর্ম পাওয়া যাচ্ছে না। অভিভাবকরা বিভিন্ন কলেজে ঘুরছেন। আমি জানি না এই সমস্যার সমাধান কতটুকু হবে। আমি বলতে চাই এই ভর্তিকে কেন্দ্র করে কংগ্রেস রাজনৈতিক ফায়দা তোলে, তাই আমি এই ব্যাপারে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ছাত্রপরিষদ সে চেষ্টা করছে। তাই আমি আপনার মাধ্যমে এই হাউসে এ কথা বলতে চাই যে, অবিলম্বে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী উচ্চ মাধ্যমিক স্তরে ছাত্র ভর্তির জন্য একটা সুষ্ঠু ব্যবস্থা গ্রহণ করুন এবং তার মধ্যে দিয়ে তিনি অভিভাবকদের হতাশা কাটাবার ব্যবস্থা করুন।

**শ্রী নর্মদা রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের উত্তরবঙ্গে রাষ্ট্রীয় পরিবহন সম্পর্কে আমার নির্দিষ্ট অভিযোগ হচ্ছে—আমি উত্তর-বঙ্গের কুশমুণ্ডি বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি। আমাদের ঐ এলাকায় কয়েক লক্ষ মানুষের বাস। অথচ কুশমুণ্ডী থেকে মালদা যাতায়াতের জন্য কোনও ব্যবস্থা নেই। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের কোনও বাস ঐ পথে চলে না। ওখানে কালীয়াগঞ্জ পর্যন্ত যে বাসটি যাতায়াত করে সেটির অবস্থা এত খারাপ যে বৃষ্টির সময় বাসের মধ্যেই যাত্রী সাধারণকে ভিজতে হয়—বাসের ছাদ ফুটো। কালীয়াগঞ্জ থেকে কলকাতা দিনে এবং রাতে যে বাস দুটো চলে, সে দুটোর অবস্থাও ভাল নয়। যাত্রীদের অনেক সময়ই মাঝপথে দুর্ভোগ ভোগ করতে হয়। অথচ উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের কালীয়াগঞ্জ বুকিং কাউন্টার থেকে সাড়ে চার লক্ষ থেকে পাঁচ লক্ষ টাকা ইনকাম হয়। এ সত্ত্বেও কালীয়াগঞ্জ-মালদা, কালীয়াগঞ্জ-কুশমুণ্ডী, কালীয়াগঞ্জ-কলকাতা সার্ভিসের অবস্থা খুবই খারাপ। আমাদের কুশমুণ্ডী থেকে সরাসরি মালদা বা কলকাতায় যাবার কোনও সার্ভিস নেই। আমাদের কালীয়াগঞ্জে গিয়ে বাস ধরতে হয়। গত ২ তারিখে আমি কালীয়াগঞ্জে গিয়ে কলকাতার বাস ধরে আসছিলাম, সেই বাস রায়গঞ্জে গিয়ে খারাপ হয়ে যায়। এমত অবস্থায় আমি উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থার এই দুরবস্থার প্রতি মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং

কুশমুণ্ডী থেকে কলকাতা এবং কুশমুণ্ডী থেকে মালদা সরাসরি বাস সার্ভিস চালু করার দাবি জানাচ্ছি।

## VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 25

**Mr. Deputy Speaker :** There are 2 cut motions. All are in order but none are moved.

### Demand No. 79

There are 19 cut motions. All the cut motions are in order but none are moved.

(This day the Congress Called for Bangla Bondh)

**শ্রী মীরকাশিম মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গের পূর্ত, পূর্ত (সড়ক) ও পূর্ত (নির্মাণ পর্যদ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রী ক্ষিতি গোস্বামী মহাশয় ২৫ নং ও ৭৯ নং দাবি সম্পর্কিত যে দুশো ছিয়াত্তর কোটি আটাত্তর লক্ষ ছেচল্লিশ হাজার টাকা এবং দুশো একত্রিশ কোটি একুশ লক্ষ পঁচাশি হাজার টাকার ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের সম্পূর্ণরূপে বিরোধিতা করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের পূর্ত বিভাগ সরকারি ভবন, সড়ক এবং সেতু নির্মাণ ও রক্ষণাবেক্ষণের কাজ করে থাকে। সরকারি অফিস, আদালত, শিক্ষা, সংস্কৃতি কেন্দ্রগুলি যেমন এই বিভাগ দেখাশুনা করে, তেমন মেডিক্যাল কলেজ হাসপাতালগুলি থেকে শুরু করে দূরবর্তী গ্রামাঞ্চলের স্বাস্থ্য কেন্দ্রগুলির বাড়িঘরও এই বিভাগের অধীনে নির্মিত হয় এবং রক্ষিত হয়। এর সাথে সাথে রাজ্যের সমস্ত সড়ক এবং সেতুগুলিও এই বিভাগের অধীন। এই বিভাগকে যেমন নতুন সড়ক নির্মাণ করতে হয় তেমন আবার ক্ষয়িষ্ণু সড়কগুলিকে প্রশস্ত করার কাজও করতে হয়। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন এবং আমরাও জানি বিগত সেপ্টেম্বর,, অক্টোবর মাসে যে বন্যা হয়েছে সেই বন্যায় এ রাজ্যের সড়ক ব্যবস্থার একটা বড় অংশের ব্যাপকভাবে ক্ষতি হয়েছিল। ফলে রাজ্যের বিভিন্ন জায়গা বিচ্ছিন্ন হয়ে পড়েছিল।

[2-20 – 2-30 P.M.]

সেইসব রাস্তাগুলিকে যুদ্ধকালীন ভিত্তিতে সংস্কার করার হয়েছে। তাই আমি এই বিভাগের কাজের প্রশংসা করছি। এর পাশাপাশি তিনি বলেছেন, এরজন্য পুরোপুরি যে অর্থের দরকার সেই অর্থ পাওয়া যায় না। যার ফলে কাজের নির্দিষ্ট লক্ষ্যমাত্রায় পৌঁছানো যায় না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সড়ক ব্যবস্থার ক্ষেত্রে জাতীয় একটা নীতি প্রণয়ন এবং সড়ক তহবিলের কথা মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যার মাধ্যমে এই সমস্ত কাজগুলি করা যায়। আমি

মাননীয় মন্ত্রী মহাশয়ের এই পরামর্শকে সমর্থন করছি। বিভিন্ন অসুবিধার মধ্যে বিভিন্ন নির্মাণ প্রকল্প তা নির্দিষ্ট সময় সীমার মধ্যে যাতে সম্পন্ন হয় সে বিষয়ে এই বিভাগে প্রচেষ্টার কোনও ঘাটতি নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পূর্ত সড়ক, পূর্ত নির্মাণ বিভাগ পুলিশের বিভিন্ন আবাসন, আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন স্বাস্থ্যকেন্দ্র, জেলা-ভবন নির্মাণ পুরানোগুলির সংস্কার, সম্প্রসারণ ও উন্নতিবিধানে এই বিভাগ ব্রতী হয়েছে। এই বিভাগ জাতীয় নেতা, শহীদ, স্বাধীনতা সংগ্রামী, মনীষী, আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন ব্যক্তি, সমাজ সংস্কারক প্রমুখের মূর্তি স্থাপন করে তাদের স্মৃতির প্রতি সম্মান প্রদর্শনের কাজেও ব্রতী হয়েছে। যেমন বলা যেতে পারে, ডাঃ বিধানচন্দ্র রায়, রাজা রামমোহন রায়-সহ কয়েকজন জাতীয় নেতা, কবি মাইকেল মধুসূদন দত্ত, বিপ্লবী বাঘাযতীন, খেলোয়াড় গোষ্ঠ পালের মতো স্মরণীয় পুরুষদের মূর্তি এই বিভাগ স্থাপন করেছেন। আমরা জানি, নদীমাতৃক আমাদের রাজ্য স্বাভাবিকভাবে যোগাযোগ ব্যবস্থার উন্নতি করতে গেলে যেমন উপযুক্ত পরিমাণে সড়ক নির্মাণের প্রয়োজন, সাথে সাথে সেতু নির্মাণ করে দুর্গম এলাকার সঙ্গে যোগাযোগ ব্যবস্থা যাতে করা যায় সেইজন্য বেশ কয়েকটি বড় বড় সেতু, মাঝারি এবং ছোট মাপের সেতু বামফ্রন্ট সরকারের আমলে নির্মিত হয়েছে এবং নির্মাণ কাজ কিছু কিছু চলছে। যেমন, হলদি নদীর উপর নরঘাট সেতু (মাতঙ্গিনী সেতু), সুবর্ণরেখা নদীর উপর কুঠিঘাট সেতু (সিধু, কানু বিরষা সেতু), কোচবিহার জেলায় শানসাই নদীর উপর পঞ্চানন সেতু, পলাশি পাড়ায় দ্বিজেন্দ্র সেতু, তারপর নবদ্বীপে শ্রী গৌরাঙ্গ সেতু প্রভৃতি এইরকম অজস্র সেতু বামফ্রন্ট সরকারের আমলে তৈরি হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই রাস্তাঘাট উন্নয়নের ক্ষেত্রে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার গ্রামাঞ্চলেও দেখছি, আর. এল. ই. জি. পি. এবং এন. আর. ই. পি. প্রভৃতি প্রকল্পের মধ্য দিয়ে অসংখ্য কর্মসূচি গ্রহণ করে রাস্তাঘাটের উন্নয়ন ঘটাচ্ছে। কোনও দেশের সড়ক ব্যবস্থা সেই দেশের সমাজজীবনের জীবন রেখা। সড়কের মাধ্যমে কাঁচামাল উৎপাদন কেন্দ্রে পৌছায়, আবার উৎপাদিত পণ্য সড়কপথেই বিক্রয় কেন্দ্রে হাজির হয়। সড়কের মাধ্যমে যেমন, শিক্ষাকে পৌছে দেওয়া যায় তেমনি মুমূর্ষ রোগীকে চিকিৎসা কেন্দ্রে আনা যায়। স্বাধীনতার সময়ে আমাদের এ রাজ্যে পাকা সড়কের দৈর্ঘ্য ছিল ১৭৫০ কিলোমিটার এখন সেটা বেড়ে দাঁড়িয়েছে ১৮০০০ কিলোমিটার। আমাদের পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগ এই রাস্তা বাড়িয়েছে। এই বিভাগ সীমাবদ্ধ সঙ্গতির মধ্যে নতুন সড়ক নির্মাণ, পুরাতন সড়ক সংস্কার এবং রাস্তাকে প্রশস্ত করার কাজগুলি করছেন। বর্তমানে ভারি ওজনের যে যানবাহনগুলি রাস্তার উপর দিয়ে চলছে, তারজন্য এইসব রাস্তাগুলিকে আরও প্রশস্ত করা দরকার। এই সমস্ত কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্ত, পূর্ত সড়ক, পূর্ত নির্মাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ৯৬-৯৭ সালের যে ব্যয়বরাদ্দ দাবি উত্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। যে কোনও দেশের বিকাশের ক্ষেত্রে সড়ক ব্যবস্থার একটা ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু দুঃখের বিষয় হল, এই কথা সত্য আমাদের দেশের জাতীয় সড়ক নীতি না থাকার ফলে আমাদের অবস্থা বিপর্যস্ত হয়ে পড়েছে। এটা আমাদের মন্ত্রী মহাশয়, তাঁর বাজেট ভাষণে স্বীকার করেছেন। কারণ আমরা দেখতে পাচ্ছি মন্ত্রী মহাশয়ও বলেছেন যে আমাদের জাতীয় সড়কগুলো রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে—আমাদের

পশ্চিমবঙ্গ সরকারের পূর্ত বিভাগকে রক্ষণাবেক্ষণ করতে হয়, অথচ দেখছি, আমাদের যে পূর্ত বিভাগ যে কাজ করেছে তার জন্য পাওনা টাকা পাওয়া যাচ্ছে না। এই অবস্থা দেখা যাচ্ছে। আমাদের দেশের কোন্ রাজ্যে কত কিলোমিটার রাস্তা হবে, এটা জাতীয় সড়ক নীতি হিসাবে থাকা দরকার। আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে এই সম্পর্কে চাপ সৃষ্টি করতে হবে। এছাড়া বেসরকারি পুঁজি নিয়োগের ক্ষেত্রে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের পশ্চিমবাংলায় সড়ক নির্মাণের জন্য অন্য একটা নীতি তৈরি করা দরকার। পূর্ত বিভাগ রাজ্যের রাস্তা নির্মাণের কাজ করছে। কিন্তু দেখা যাচ্ছে যে একটা রাস্তা তৈরি করার ক্ষেত্রে তার যে ভার বহন করার ক্ষমতা, কতখানি ক্ষমতা থাকা দরকার, সেটা দেখা হচ্ছে না। একটা রাস্তা দিয়ে কত মেট্রিক টন মালের ট্রাক চলাচল করতে পারবে, এটা কিন্তু দেখতে হবে। প্রয়োজনে এই রাস্তায় সাইন বোর্ড লাগাতে হবে যে এত মেট্রিক টনের বেশি মাল বহনকারী ট্রাক চলাচল করতে পারবে না। গেলে তাকে ধরার ব্যবস্থা করতে হবে। এছাড়া আপনি বলেছেন যে বিটুমিন সহ জিনিসপত্রের দাম বেড়েছে। এটা সত্য কথা। আমাদের রাস্তার মান উন্নয়নের ক্ষেত্রে অসুবিধা দেখা দিচ্ছে। অপর দিকে রাস্তার চাহিদা বাড়ছে। এ সত্ত্বেও পূর্ত দপ্তর রাস্তা তৈরি করছে। আজকে দেখি রাস্তা তৈরি হচ্ছে ইট আর মাটি দিয়ে গর্ত সারানো হচ্ছে। এক মাসের মধ্যে সেইগুলো নষ্ট হয়ে যাচ্ছে। এছাড়া সড়কগুলো রক্ষণাবেক্ষণের জন্য ব্যবস্থা করা হচ্ছে কিন্তু আমি দেখছি বর্তমানে রাস্তাগুলোর অবস্থা থালার মতো হয়ে যাচ্ছে। কারণ রাস্তার দু'দিকে ধাবা, গুমটি, হোটেল, বাড়ি এইসব গজিয়ে উঠেছে। আমি মনে করি, পূর্ত বিভাগের যে রাস্তা সেই রাস্তা থেকে এইসব মুক্ত করা দরকার। এই দপ্তরকে রাস্তার দু'পাশের আনঅথরাইজড কনস্ট্রাকশন মুক্ত করতে হবে। বেশিরভাগ রাস্তায় এই অবস্থা হয়ে দাঁড়িয়েছে। এইগুলো সব মুক্ত করতে হবে। ফলে বর্তমানে বেশির ভাগ রাস্তার অবস্থা শোচনীয় হয়ে দাঁড়িয়েছে। এইগুলো বন্ধ করতে হবে। যখন রাস্তা চওড়া করতে যান, তখন আইন-শৃঙ্খলার সমস্যা দেখা দেয়। সেই জন্য পূর্ত বিভাগের রাস্তার দু'পাশকে মুক্ত করতে হবে। এছাড়াও পূর্ত বিভাগ সেতু নির্মাণের কাজ করেন। আপনার বাজেটে দেখলাম, বহু সেতু নির্মাণের কাজ চলছে এবং বহু সেতু নির্মাণের কথা চিন্তা করছে, এটা দেখছি।

[2-30 – 2-40 P.M.]

কিন্তু আমরা দেখছি, আপনার দপ্তরের যে আর্থিক সঙ্গতি তার সঙ্গে সামঞ্জস্য রেখে এতগুলি সেতু নির্মাণ করা আপনার পক্ষে খুবই কষ্টসাধ্য ব্যাপার। এ ক্ষেত্রে আমার প্রস্তাব, যেগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ সেতু সেগুলিকে অগ্রাধিকার দিয়ে আপনি করুন। যেমন কুচবিহারে তোর্সা সেতু। এই তোর্সা সেতুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সেতু। কুচবিহারের মানুষ বার বার এই সেতুর জন্য আবেদন করেছেন। কিন্তু এই সেতুটির কাজ কবে শেষ হবে সে সম্পর্কে সেখানকার মানুষের মনে সন্দেহ দেখা দিয়েছে। অগ্রাধিকারের ভিত্তিতে সেতু নির্মাণ করলে একদিকে যেমন দ্রুত কাজ শেষ হবে অপর দিকে তেমনি আপনি আপনার বাজেটের মধ্যে কাজগুলি শেষ করতে পারবেন। এছাড়া অপেক্ষাকৃত কম মূল্যে কাজগুলি শেষ করা যাবে। মাননীয় মন্ত্রী মহাশয় আপনার দপ্তর বিভিন্ন সরকারি অফিসবাড়ি, হাসপাতালের বাড়ি স্টেডিয়াম ইত্যাদি নির্মাণ ও রক্ষণাবেক্ষণের কাজ করে। বাড়ি যেগুলি তৈরি হয় সেগুলি খুবই উন্নতমানের কিন্তু আমরা লক্ষ্য করেছি সেগুলি রক্ষণাবেক্ষণের জন্য যে টাকা আপনার বাজেটে থাকা

দরকার এবং খরচ করা দরকার তা হয় না। ফলে সেগুলি খারাপ হয়ে গেলে তার দায়ভার আপনার দপ্তরের উপরই পড়ে। আমি তাই মনে করি, এইসব হাসপাতাল, অফিসবাড়ি, স্টেডিয়াম যেগুলি নির্মাণ করবেন তার রক্ষণাবেক্ষণের জন্য বেশি টাকা বরাদ্দ থাকা দরকার, তা হলে ঐ দায়ভার আপনি এড়াতে পারবেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি, ঝালদা বিধানসভা কেন্দ্রের মধ্যে ঝালদা নদীর উপর একটি সেতু ১৯৯২ সালে ভেঙে গিয়েছে, তার কাজ হচ্ছে না, এর সারানোর কাজটি দ্রুত শেষ করুন। তা ছাড়া রাস্তা, সেতু যেগুলি আপনার দপ্তর করছে তারজন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে সে সম্পর্কে বিস্তারিত তথ্য জনসাধারণের জ্ঞাতার্থে রাস্তার উপর টাঙ্গিয়ে দিন। তা হলে মানুষ সব তথ্য জানতে পারবেন। পরিশেষে বলি, আরামবাগ থেকে কোলকাতা পর্যন্ত আসার রাস্তাটির মধ্যে ব্যাপক বাম্প রয়েছে, সেগুলি তোলা দরকার। হরিণখোলায় রামমোহন সেতু এবং আরামবাগের রামকৃষ্ণ সেতু যা ভগ্ন অবস্থায় রয়েছে অবিলম্বে তা মেরামত করা দরকার। এই কাজগুলি করার জন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানিয়ে এবং তার বাজেটকে পুনরায় সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় পূর্ত, সড়ক এবং নির্মাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় তার দপ্তরের জন্য যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, এই দপ্তরটি এমনই একটি দপ্তর যে দপ্তরের কাছে আমাদের প্রত্যেকেরই অনেক কিছু চাইবার আছে। সঙ্গে সঙ্গে এটাও আমরা জানি, যেসব কাজকর্মের দায়িত্ব এই দপ্তরের উপর ন্যস্ত আছে তারজন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কিন্তু সেই তুলনায় নিতান্তই অপ্রতুল। স্বাভাবিকভাবেই এই টাকার মধ্যে দপ্তরের যে কাজগুলি করার কথা সেগুলি তারা করে উঠতে পারেন না। সঙ্গে সঙ্গে এটাও সত্য কথা যে, প্রয়োজন আমাদের জন্য অপেক্ষা করে থাকবে না। এই দপ্তরটি অত্যন্ত সেনসিটিভ দপ্তর। এই দপ্তরের প্রতি মানুষের ক্ষোভ, বিক্ষোভ তাই যে কোনও সময়ই দেখা দেয় ঐ রাস্তাঘাট বা চলাচলের অব্যবস্থাকে কেন্দ্র করে।

সেজন্য সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেওয়া অত্যন্ত জরুরি। কিন্তু টাকার অভাবের জন্য সব সময়ে সেগুলির ব্যবস্থা নিতে পারছি না এবং তার ফলে একদিকে মানুষের ক্ষোভ বাড়ছে, অন্যদিকে সময়ের কাজ সময় মতো না করার জন্য পরে সেই কাজ করতে গিয়ে অর্থের প্রয়োজন বেশি হয়ে যাচ্ছে। আর একটি বিষয়ে এখানে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করব। আমরা বিভিন্ন জেলার রাস্তা-ঘাটের অবস্থা দেখেছি। কিন্তু বিশেষ করে আমাদের বাঁকুড়া জেলার সঙ্গে অন্য কোনও জেলার তুলনা করা যায় না। এখানে অনেক রাস্তা-ঘাটের অবস্থা খারাপ এবং সেটা দিনের পর দিন বেড়ে চলেছে। এটা একটা ক্রনিক রোগের মতো হয়ে দাঁড়িয়েছে। কিন্তু আমি একটি ব্যাপারে আশ্চর্যবোধ করছি যে, মন্ত্রী মহাশয় যে ১১ পাতার বাজেট বিবৃতি দিয়েছেন, তার মধ্যে কোথাও বাঁকুড়া জেলায় সেতু, সড়ক ইত্যাদি কোনও কিছুর নাম নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আমাদের জেলা একমাত্র জেলা যেখানে জাতীয় সড়ক বলে কিছু নেই। সেজন্য সেন্ট্রাল রোড ফান্ড যেটা আছে তা থেকে নতুন রাস্তা, নতুন সড়ক তৈরি করা দূরে থাক, যে রাস্তাগুলি আছে বাস চলাচল করার জন্য সেগুলির হাল মাঝে মাঝে এমন হয় যে বাস মালিকরা হুমকি দেয় যে তারা

বাস বন্ধ করে দেবে। এই রকম একটা অবস্থার মধ্যে দিয়ে আমরা চলেছি। এই ব্যাপারে আমাদের একটা উপায় খুঁজে বের করতে হবে। বর্তমানে যে ভাবে চিন্তা-ভাবনা করা হচ্ছে, যে সমস্ত সেতু নির্মাণের কাজ, সড়ক নির্মাণের কাজ বে-সরকারি সংস্থা করছে, তাদের কাছ থেকে যদি টোল ট্যাক্স আদায় করা যায় তাহলে বিরাট পরিমাণ আর্থিক দায়-দায়িত্বের কাজগুলি বাদ দিয়ে ছোট ছোট কাজগুলি হাতে নেওয়া যায়। কাজেই এই ধরনের চিন্তা-ভাবনা করার প্রয়োজনীয়তা আছে। আমরা জানি পশ্চিমবঙ্গে যে পরিমাণ মানুষের চাপ, যে পরিমাণ যানবাহনের চাপ, সেই চাপ সহ্য করার মতো প্রয়োজনীয় সংখ্যক রাস্তা আমাদের নেই এবং যেগুলি আছে তার মানও সেই রকম নয়। কাজেই আজকে যে সমস্ত রাস্তাগুলি সঙ্কীর্ণ এবং নিম্নমানের সেগুলির দিকে নজর দিয়ে সেগুলি মজবুত করা প্রয়োজন, অন্যদিকে হেভি ট্রাফিক চলাচলের সমস্যা সমাধানের জন্য সেগুলি প্রশস্ত করা প্রয়োজন আছে।

এছাড়া বর্তমানে আর একটি সমস্যা দেখা দিয়েছে সেটা হচ্ছে রাস্তা এনক্রোচমেন্টের সমস্যা। এই জিনিসটি নিয়ে গভীরভাবে চিন্তা করার প্রয়োজনীয়তা আছে। আমরা দেখছি যে দিনের পর দিন রাস্তা এনক্রোচমেন্ট হয়ে যাচ্ছে। রাস্তার ধার বরাবর যে বসতি গড়ে উঠছে, সেখানে যারা বাড়ি করছে তাদের নিজেদের জমি ছাড়াও দুই ফুট, তিন ফুট, চার ফুট রাস্তার জমি এনক্রোচমেন্ট করে বাড়ি করছে। তার উপরে বাড়ির মেঝে করার সময়ে মেঝেতে ওঠার জন্য যে সিঁড়ি তৈরি করছে, সেই সিঁড়ি তৈরি করতে গিয়ে আবার দুই ফুটের মতো জমি এনক্রোচমেন্ট করে নিচ্ছে। তারপরে আবার জল ফেলার জন্য কিছুটা ডোবা তৈরি করছে। ফলে রাস্তা সঙ্কীর্ণ হয়ে যাচ্ছে এবং একটা মর্মান্তিক আকার ধারণ করছে। পর পর এইভাবে বাড়ি তৈরি করার ফলে সেখানে জল নিষ্কাশনের কোনও জায়গা থাকছে না, সমস্ত জল রাস্তা দিয়ে যাচ্ছে, জল যাবার অন্য কোনও পথ নেই। এই রকম একটা অবস্থার মধ্যে দিয়ে সেখানকার মানুষকে চলতে হচ্ছে। এই রকম অবস্থার মধ্যে যে রাস্তাগুলি মেরামত হচ্ছে সেগুলি বর্ষার পরে আবার ভেঙে যাচ্ছে এবং রাস্তার উপরে বড় বড় গর্তের সৃষ্টি করছে। এই অবস্থা থেকে রেহাই পেতে গেলে যা করা দরকার সেটা হচ্ছে, ঐ ঘনবসতিপূর্ণ এলাকায় রাস্তাগুলিকে সিমেন্ট কংক্রিট করা যায় কিনা সেটা দেখতে হবে। সিমেন্ট কংক্রিট করতে গেলে হয়ত একটু বেশি খরচ লাগবে, কিন্তু এতে বারে বারে মেরামত করার প্রয়োজন হবে না। আমরা দেখেছি যে ঐ সমস্ত ঘনবসতিপূর্ণ এলাকায় রাস্তায় জল জমে থাকে, রাস্তা বারে বারে খারাপ হয়, মানুষের দুর্ভোগের সীমা থাকে না। রাস্তা দিয়ে যখন গাড়ি চলাচল করে তখন পথচারীদের গায়ে রাস্তার ঐ কাদা জল ছিটকে আসে, তাদের জামা-কাপড় নষ্ট হয়ে যায়। কাজেই এগুলি বন্ধ করার জন্য একটা আইন প্রণয়ন করা দরকার। যে সমস্ত জায়গায় এখনও বসতি হয়নি, সেখানে এমন আইন করা যায় কিনা যে রাস্তার দুই ধার দিয়ে রাস্তার শেষ থেকে ৫ মিটারের মধ্যে কেউ কনস্ট্রাকশন করতে পারবে না।

[2-40 – 2-50 P.M.]

এইভাবে রাস্তার ধার বরাবর যদি বাড়ি তৈরি হয় তাহলে নিষ্কাশনী সমস্যা দেখা দেবেই এবং তার ফলে রাস্তা টিকিয়ে রাখা যাবে না। তাই সমস্যাটার প্রতি কঠোর চিন্তার দরকার রয়েছে। আর ভাবতে বলছি রাস্তা এনক্রোচমেন্ট সম্পর্কে। এই এনক্রোচমেন্ট বন্ধ

করতে পূর্ত দপ্তরের অধীনে কোনও নজরদারি বাহিনী গঠন করা যায় কিনা ভাবতে বলছি। বরাবর ঝুপরি বা কালীবাড়ি তৈরি হয়ে গেল এবং পরে সেই ঝুপরি পাকাবাড়ি হয়ে গেল—এটা যেন বন্ধ হয়। রাস্তা এনক্রোচমেন্ট করে কেউ যেন ঘরবাড়ি তৈরি করতে না পারে এটা দেখতে হবে। বিভাগীয় মন্ত্রী যিনি তিনি দক্ষ এবং তিনি নানা জায়গায় ঘোরাফেরা করছেন এবং এই সমস্ত বিষয়ে তিনি ওয়াকিবহাল। ইতিমধ্যে তিনি অনেক শুভ কাজের সূচনা করেছেন। তবে প্রয়োজনীয় টাকার যোগান যদি তিনি পেতেন তাহলে নিশ্চিতভাবে ব্যর্থতাগুলি দূর করতে পারতেন এবং তাঁর দপ্তরে যে ইনফ্রাস্ট্রাকচার এবং যোগ্য ইঞ্জিনিয়ার এবং কর্মীরা রয়েছেন তারা আরও তৎপরতার সঙ্গে সেই কাজগুলি সম্পন্ন করতে পারতেন। এই সমস্ত দিকগুলি চিন্তা-ভাবনা করে আমাদের সামনের দিকে এগোতে হবে। তবে আজকে মানুষের দুর্ভোগের কথা ভুলে গেলে চলবে না। সেটা দূর করতে প্রয়োজনীয় ব্যবস্থা গড়ে তোলার দরকার রয়েছে। তবে সামগ্রিক বিচার-বিবেচনা করে এবং সেদিকে লক্ষ্য রেখে এই পূর্ত বাজেটকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী আনীত ব্যয়-বরাদ্দের পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই ব্যয়--বরাদ্দ পড়ে যতদূর বুঝতে পারছি, পূর্ত (সড়ক) বিভাগের কাজের মূল লক্ষ্য হল শিল্পায়নের স্বার্থরক্ষা এবং সেটা কমার্সিয়াল জোন ও ইন্ডাস্ট্রিয়াল জোনভিত্তিক। এগুলো হোক, আমার আপত্তি নেই, কিন্তু আমরা সবাই জানি এবং মাননীয় অর্থমন্ত্রী স্বীকারও করেছেন যে, আমাদের পশ্চিমবঙ্গের উন্নতির চাবিকাঠি নিহিত রয়েছে কৃষকদের হাতে, কৃষির উপর। এবং সেই কৃষকদের আর্থিক উন্নতির ফলেই আজকে অভ্যন্তরীণ চাহিদা বৃদ্ধি পাচ্ছে এবং তারই ফলে এই পরিবেশটা সৃষ্টি হয়েছে। আজকে গ্রাম বাংলার রাস্তাঘাটগুলি যদি উপেক্ষিত থাকে এবং তার ফলে উৎপাদিত ফসল গঞ্জে আনার অসুবিধার কারণে তারা যদি ফসলের দাম ঠিকভাবে না পায় তাহলে তাদের অর্থনৈতিক অবস্থা খারাপ হবে। তার যে প্রতিক্রিয়া হবে সেটা শিল্পায়নের উপর পড়তে বাধ্য। সেজন্য আবেদন জানাব, গ্রাম-গঞ্জের রাস্তাগুলির দিকে একটু বেশি নজর দিন। আমরা জানি মূল্য বৃদ্ধি হচ্ছে, এও জানি আমাদের তহবিল অপ্রতুল, আবার এও জানি কেন্দ্রীয় সরকার সড়ক নির্মাণ এবং সারানোর জন্য অতি সামান্য টাকা দেন; তা সত্ত্বেও বলছি, যতটুকু অর্থ আমাদের রয়েছে সেটা যদি বিজ্ঞানসম্মতভাবে কাজে লাগাতে পারি তাহলে রাস্তার মান উন্নত হবে তাই নয়, রাস্তার এলাকাও বাড়বে। সেজন্য আমাদের এক্ষেত্রে মেকানাইজড সিস্টেম অফ ওয়ার্ক চালু করতে হবে এবং রাস্তাঘাট মনসুনের আগে মেরামত করতে হবে। তাছাড়া এই কাজে যে সমস্ত ঠিকাদার রয়েছেন তারা যাতে মান অনুযায়ী কাজ করেন এবং সেটা না করলে যদি তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নিতে পারেন এবং যে সমস্ত আমলারা ঐ সমস্ত ঠিকাদারদের নিয়ন্ত্রণ করেন তারা যদি ঠিকাদারদের মদত না দেন, আমার মনে হয়, যতটুকু অর্থ আমাদের রয়েছে তা দিয়ে এক্ষেত্রে অনেকটাই বিকাশ ঘটতে পারে।

রাস্তার উন্নতি ঘটাতে পারব। এই প্রসঙ্গে বলি নিশ্চয়ই এনক্রোচমেন্ট একটা সমস্যা। আমাদের কমিটি আলোচনা করেছে, এটা আমাদের সবাইকে দেখতে হবে। স্যার, লক্ষ্য করে দেখবেন পশ্চিমবাংলায় যেখানে গঞ্জগুলি আছে সেখানকার রাস্তাগুলির অবস্থা সব থেকে খারাপ। সেই এলাকার রাস্তার দু'ধারে যদি আমরা ড্রেন করে দিতে পারি তাহলে রাস্তায় জল

জমে থাকবে না, ফলে রাস্তাগুলি অনেক ভাল থাকবে। তাই আমি আবেদন জানাচ্ছি ওই গঞ্জ এলাকার রাস্তার দু'পাশে যাতে ড্রেন করে দেওয়া যায় তার ব্যবস্থা তিনি যেন করেন। আমরা দেখছি মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, আমরা বিভিন্ন জায়গায় থেকে অর্থ লোন নিচ্ছি এবং তার মারফৎ রাস্তা বাড়াবার চেষ্টা করছি। রাস্তার উন্নতি করার চেষ্টা করছেন, খুব ভাল কথা। রাস্তা বাড়বে ভাল কথা, রাস্তা আমাদের শিরা--উপশিরার মতো, ধমনীর মতো, রাস্তার অগ্রগতি না হলে পশ্চিমবাংলার সামগ্রিক অগ্রগতি হবে না। কিন্তু কি শর্তে আপনি লোন নিচ্ছেন সেটা আমাদের জানা উচিত। শুধু জনস্বার্থে নয়, সমগ্র পশ্চিমবাংলার স্বার্থে এটা জানা প্রয়োজন। তাই আমি আবেদন জানাচ্ছি এবং মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি বিভিন্ন জায়গায় থেকে যে লোন নিচ্ছেন তার শর্তগুলি কি সেটা যদি আপনার বক্তব্যের মধ্যে উপস্থিত করেন তাহলে আমরা খুশি হব। আমি মনে করি আজকে রাস্তা হচ্ছে ঠিকই কিন্তু জমি কমে যাচ্ছে। আমরা সবাই জানি এই জমি কিন্তু একদিনে তৈরি হয়নি, এক ইঞ্চি জমি তৈরি হতে যুগ যুগ লাগে বছরের পর বছর সময় লাগে। সেই জমিকে আমরা রাস্তার কাজে ব্যবহার করছি। তার সঙ্গে আমাদের লক্ষ্য রাখা দরকার রাস্তা করতে গিয়ে যেন জলবিভাজিকাগুলি ক্ষতিগ্রস্ত না হয়। যদি এইগুলি ক্ষতিগ্রস্ত হয় তাহলে বন্যা, খরা দেখা দেবে এবং এর পরিণাম ভয়াবহ হবে এবং আগামী দিনে সমগ্র পশ্চিমবঙ্গ আরও বেশি বিপর্যয়ের সম্মুখীন হবে। আমার আবেদন যখন এই রাস্তা-ঘাটের পরিকল্পনা করা হবে তখন যেন বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়ে পরিকল্পনা গ্রহণ করা হয় এবং সংশ্লিষ্ট বিভাগের বিশেষজ্ঞ এবং ইঞ্জিনিয়ারদের ওপিনিয়ন নেওয়া দরকার। এটা যদি করা হয় তাহলে ভবিষ্যতে আমরা পশ্চিমবাংলাকে রক্ষা করতে পারব। এই কথা বলে মন্ত্রী মহাশয়ের বাজেট বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পেলব কবি** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের পূর্ত, পূর্ত সড়ক এবং সড়ক নির্মাণের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী ক্ষিতি গোস্বামী মহাশয় ১৯৯৬-৯৭ সালের জন্য ২৫ এবং ৭১ খাতে যথাক্রমে ২,৭৬,৭৮,৪৬,০০০ টাকা এবং ২,৩১,২১,৮৫,০০০ টাকার যে ব্যয়--বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবগুলির বিরোধিতা করছি। আজকে এই সভাতে কংগ্রেসিরা নেই। থাকলে এই বাজেটের উপর আলোচনা করতে গিয়ে অন্যান্য বাজেট বিতর্কে অংশ নিয়ে যে কথা বলতে চেয়েছেন যে বামফ্রন্ট সরকার ২০ বছরে কিছু করেনি, এই আলোচনায় সেই কথাই বলতেন। আজকে ওনারা বন্‌ধ ডেকেছেন সি. পি. এম.-এর সন্ত্রাসের বিরুদ্ধে এবং তাঁরা বলছেন সি. পি. এম. নাকি খুন করছেন। আমাদের এই পশ্চিমবাংলায় সব চেয়ে কলঙ্কময় সময় সেই ১৯৭২ সালে এই বিধানসভায় তৎকালীন পূর্তমন্ত্রী ভোলানাথ সেন মহাশয় তাঁর বাজেটের জবাবি ভাষণে পশ্চিমবাংলায় কি কি কাজের কথা বলেছিলেন সেটা আমি এখানে উত্থাপিত করতে চাই।

[2-50 – 3-00 P.M.]

উনি বলছেন, প্রত্যেক একশো মাইল রাস্তার মধ্যে এক মাইল পাকা রাস্তা হওয়া উচিত। বিভিন্ন জায়গাতে, কেরালায় ৮২ মাইল, তামিলনাড়ুতে ৫৩ মাইল এবং আমাদের এখানে হয়েছে ৩০ মাইল, যারমধ্যে ৫ মাইল রাস্তা পি. ডব্লু. ডি.কে নিয়ে। অর্থাৎ ২৫

*মাইল। উনি আবার বলছেন, '৭১-'৭২ সালে তামিলনাড়ুতে ৩৮ কোটি ৭৫ লক্ষ টাকা ব্যয়* হয়েছিল। আর আমরা ব্যয় করেছি মাত্র ৭ কোটি টাকা। এই করিৎকর্মারা স্বপ্ন দেখছে এই পশ্চিমবাংলায় আবার শাসন ক্ষমতায় বসবেন। ইতিমধ্যে আমরা লক্ষ্য করছি, আমাদের সময়ের মধ্যে, '৯২ সালের মধ্যে মোট ন্যাশনাল হাইওয়ে এবং আর্বান প্রজেক্ট রোডস-এর ক্ষেত্রে আমাদের রাস্তার পরিমাণ হচ্ছে প্রায় ৫৯ হাজার ৬৮ কিমি.। আমাদের মাননীয় অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত মহাশয় তাঁর বাজেট ভাষণে বলেছেন, বর্তমানে ১৮ হাজার কিমি. পাকা রাস্তা তৈরি হয়েছে। এরমধ্যে যে সমস্ত ন্যাশনাল হাইওয়ে আছে—আপনারা জানেন যে, '৯৫ সালে বিধ্বংসী বন্যার ফলে রাস্তাঘাট ক্ষতিগ্রস্ত হয়েছিল, ন্যাশনাল হাইওয়েগুলোও ক্ষতিগ্রস্ত হয়েছিল—সেগুলোকে আমাদের পূর্ত দপ্তরকে সারাতে হয়েছিল। এই বাবদ সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে ১৫০ কোটি টাকা যা পাওনা তা তাঁরা দেননি। ন্যাশনাল হাইওয়ের পিছনে খরচ করতে গিয়ে পূর্ত দপ্তরের তহবিলে টান পড়ছে। বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তাগুলোকে যদি ঠিক রাখতে হয় তাহলে আমাদের সুনির্দ্দিষ্ট ব্যবস্থা নিতে হবে। আমাদের স্পেসিফিকেশনগুলোকে পরিবর্তন করতে হবে। এখন যে ধরনের ভারি মাল বহন হচ্ছে, রাস্তাগুলো তার চাইতে কম ভার বহনের উপযোগী। নতুনভাবে স্পেসিফিকেশন করে তার কপি পঞ্চায়েতকে এবং পৌরসভাগুলোকে দেওয়া উচিত। এগুলির তদারকির জন্য এই বছরেই স্পেসিফিকেশন পাঠিয়ে দেওয়া উচিত। আসানসোল মহকুমায় খনি কর্তৃপক্ষ বেপরোয়াভাবে রাস্তাগুলোকে ব্যবহার করছে। তার আর্থ মুভিং মেশিনারিগুলো রাস্তার উপর দিয়ে নিয়ে যাচ্ছে। এর ফলে আমরা যে রাস্তাগুলো তৈরি করছি সেগুলো ভেঙে যাচ্ছে। এছাড়া ঠিকাদাররা সারা বছর মাল জমিয়ে রাখছে এবং বর্ষার আগে কাজ শুরু করে। বর্ষার ফলে রাস্তাগুলোর অবস্থা সাংঘাতিকভাবে খারাপ হয়ে যায়। এই অবস্থায় ঠিকাদারদের এই কাজের ফলে রাস্তাগুলো ভেঙে যায়। এরজন্য তদারকি ঠিকমতো করা দরকার। আমি এই বাজেট প্রস্তাবকে সমর্থন করে এবং বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ রামচন্দ্র মণ্ডল** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় যে বাজেট প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শুরু করছি। স্বাধীনতার আগে এই রাজ্যে ৫০ কিমি. রাস্তা ছিল। বর্তমানে সেটি ১৮০০০ কিমি. পাকা রাস্তায় এসে দাঁড়িয়েছে। এছাড়া আরও মোরাম দেওয়া রাস্তা হয়েছে। যার ফলে আজকে একপ্রান্ত থেকে অপর প্রান্তে যোগাযোগের ক্ষেত্রে মানুষের সুবিধা হয়েছে। এই দিক থেকে দেখলে আমরা দেখব যে, পূর্ত বিভাগ লক্ষ্য দিয়েছে যাতে রাস্তাঘাট ভালভাবে হয়। কিন্তু আর্থিক অসুবিধা দেখা দিয়েছে। ভারত সরকার ৪০ পারসেন্ট টাকা দিচ্ছে। বাকি টাকা তারা না দেবার ফলে কাজকর্ম সব আটকে যাচ্ছে। রাস্তা মেরামতের ব্যাপারে দেখা যাচ্ছে যে ৫০ ভাগ রাস্তা মেরামত করা বিশেষ প্রয়োজন। সেই কাজ না করার জন্য যানবাহন চলাচলের ক্ষেত্রে খুবই অসুবিধা হচ্ছে। আমি সেইজন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে টেকনিক্যাল একটি প্রস্তাব রাখছি আমি কয়েকদিন আগে গেঁয়োখালি থেকে আসার পথে দেখছিলাম যে, সেখানে রাস্তা ভেঙে গেছে এবং জল জমে রয়েছে।

আপনারা একটা টেকনিক্যাল সেল করে ইনভেস্টিগেশনের ব্যবস্থা করুন তাহলে হয়ত যদি কম্পোজিশন অফ দি দ্যাট মেটারিয়াল ইজ রং অর ডিফেকটিভ অর দে আর নট

*প্রপার। তারপরে বিটোমিনের* অভাব রয়েছে এবং এরজন্য বিকল্প কোনও ব্যবস্থা করা যায় কিনা সে বিষয়ে চিন্তাভাবনা করার বিষয়। আমি বলছি ইজ দেয়ার এনি অলটারনেটিভ ফর দ্যাট এবং এরজন্য টাস্ক ফোর্সের রিপোর্ট আপনাদের কাছে দিতে হবে। কোয়ালিটি অফ দি রোডসের স্পেসিফিকেশন অনুযায়ী টেন্ডার কল করা হচ্ছে সেটা ঠিকমতো পালন করা হচ্ছে না। সেখানে ইনেসপেকশন করার, সার্ভে করার এবং ইনভেস্টিগেশন স্কীম থাকার দরকার যাতে হোয়াট আর দি ইমপ্রুভমেন্টস টু বি মেড। এই যে রাস্তার দু'ধারে উঁচু হয়ে রয়েছে এবং জল জমে যাচ্ছে মাঝখানের রাস্তায়, সেখানে অ্যালাইনমেন্ট ঠিকমতো হয়নি। তারপরে রাস্তার দু'ধারে ঘরবাড়ি করে রাস্তায় যাতায়াত বন্ধ করে দিয়েছে এগুলো প্রশাসনিক দিক থেকে লক্ষ্য রাখা দরকার। এই কথা বলে আপনাদের আনীত বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মনোহর তিরকি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২৫ নং এবং ৭৯ নং বাজেটের ব্যয়বরাদ্দের দাবি যেটা পেশ করা হয়েছে সেটা মাননীয় সদস্যরা সমর্থন করেছেন, আমি তারজন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি। অনেকে সুন্দর সুন্দর সাজেশনের কথাও রেখেছেন, আমি স্বীকার করছি এগুলো করার দরকার। আজকে যেভাবে সড়ক সম্প্রসারণ করা উচিত সেইভাবে করা হয়নি। সেই তুলনায় অপ্রতুল। এই বাজেট বইতে আমাদের আশা-আকাঙ্খার কথা, আমাদের প্রায়োরিটির মধ্যে কি কি কাজ করতে চাইছি এবং কত বছরের মধ্যে করতে পারব তার পূর্ণাঙ্গ বিবরণ দেওয়া হয়েছে। আজকে সবাই জানেন যে, সড়কের ক্ষেত্রে কি কি অসুবিধা, আপনার বাড়ি থেকে রাস্তায় নামলেই রাস্তা নিয়ে সমালোচনা শোনা যায় এবং বিধানসভার ভেতরেও রাস্তা সম্পর্কে সব সদস্যরাই বলেন। এই রাস্তার উন্নতি দরকার কিন্তু মূল সমস্যা হচ্ছে আর্থিক সমস্যা। আজকে টাকা-পয়সা না পাওয়ার ফলে সংস্কার ঠিকমতো করা যাচ্ছে না। বিশেষ করে উত্তরবঙ্গের রাস্তাগুলো এবং সড়ক এত খারাপ যে যাতায়াত করার অসুবিধা হয়। সেখানে সেন্ট্রাল থেকে ঠিকমতো আমরা টাকা পাই না। রাজ্য সরকারেরও কিছু টাকা দেওয়ার কথা, সেইদিকে বিশেষ জোর দেওয়া হয়নি। আমাদের ৩১ নং জাতীয় সড়কে ৪টি ব্রিজ হয়েছে এবং ১১টার মধ্যে ৭টি বাকি আছে। অনেক ক্ষেত্রে সার্ভে করা সত্ত্বেও রিপোর্ট ঠিকমতো পাই না। উত্তরবঙ্গের রাস্তার কিছু সংস্কার দরকার একথা ঠিকই কিন্তু এছাড়া অন্যান্য কাজগুলো ডিপার্টমেন্ট শুরু করেছে। অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিংগুলোর কাজ হাতে নেওয়া হয়েছে। এই কাজ করার ক্ষেত্রে অনেক সময়ে টাকা-পয়সার অভাব দেখা দিয়েছে। অনেক সময়ে জিনিসপত্রের দাম বাড়ার ফলে এস্টিমেটস কস্ট বেড়ে যাবার ফলে কন্ট্রাক্টররা কাজ করতে করতে কাজ বন্ধ করে দেয়। তখন কোর্ট কেসের ব্যাপার হয়ে যায় এবং তখন প্রসেস করতে অনেক দীর্ঘ সময় লেগে যায়, টাকা-পয়সাও বেশি খরচ হয়।

আপনারা এই ব্যয়বরাদ্দকে যে সমর্থন করেছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি এবং মাননীয় মন্ত্রী এই ব্যাপারে বিস্তারিতভাবে বলবেন, পুনরায় আপনাদেরকে ধন্যবাদ জানিয়ে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বিভাগের চলতি বছরের কাজের জন্য যে ব্যয় বরাদ্দ দাবি করা হয়েছে সেই সম্বন্ধে ইতিমধ্যে মাননীয় সদস্যরা

অলোচনা করেছেন। আজকে সবাই এখানে সরকার পক্ষের সদস্য, বিরোধীরা থাকলে ওদের দৃষ্টিভঙ্গি থেকে আমাদের কাজের ব্যাপারটা খানিকটা যাচাই করে নিতে পারতাম। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে ওরা নেই। আমাদের সরকার পক্ষের সদস্যরা তারা যেভাবে দেখেছেন সেইভাবে বলেছেন। সকলে স্বীকার করছেন আমাদের পশ্চিমবাংলায় যোগাযোগ ব্যবস্থাকে আরও উন্নততর করা দরকার।. আমরা যে জায়গায় দাঁড়িয়ে আছি, সেটা অন্যান্য রাজ্যের তুলনায় বড় বড় রাজ্যগুলির কথা যদি বলি, তবে এটা অস্বীকার করবার উপায় নেই, আমাদের এখানে ভাল রাস্তা বলতে যা বুঝি, আমরা যা গর্ব করি, এই জাতীয় সড়কগুলি, যেগুলি উত্তর থেকে দক্ষিণ এবং পূর্ব থেকে পশ্চিম বড় বড় সড়কের সঙ্গে যোগাযোগ রাখে, সেই জাতীয় সড়কগুলির যে অবস্থা সেটা. আরও ভাল হোক, এটা আমাদের এবং আপনাদের প্রত্যাশা। কিন্তু জাতীয় সড়ক যে কয়েকটি আছে, সেই কয়েকটির যে অবস্থা আমরা যারা দেখেছি, তা জানি। মোটামুটিভাবে এইগুলিকে এখন এই অবস্থায় চালু রাখা হয়েছে। কিন্তু দিন দিন এর উপর যে চাপ পড়ছে এবং যেভাবে আজকে ব্যবসায়িক সম্পর্কগুলি করতে হবে, পরিবহন রাজ্য থেকে রাজ্যে যেভাবে সড়ক পথে চলছে তাতে এই জাতীয় সড়ক যে অবস্থায় আছে তাতে কিছুতেই এই পরিবহন ব্যবস্থা চালু রাখা সম্ভব নয়। এই জাতীয় সড়কগুলির উন্নয়নের জন্য আমরা বিভিন্নভাবে কেন্দ্রীয় সরকারের কাছে যাচ্ছি, দরবার করছি, কিন্তু আমরা প্রত্যাশা করি, যে ফল সেই ফল কিছুতেই পাচ্ছি না। কিন্তু যদিও জাতীয় সড়কগুলি আপনারা যা দেখেছেন, গতানুগতিকভাবে তার পরিবর্তন না করতে পারলে আমরা এখন পর্যন্ত যেটাকে ব্ল্যাক টপ বলতে বুঝি, সেটাকে কালো রাখবার চেষ্টা করছি। আসলে এই জাতীয় সড়কগুলির যে স্পেসিফিকেশন হওয়া দরকার আমাদের এখানে সেই স্পেসিফিকেশন আদৌ নেই। আমরা নতুন রাস্তা করছি, আপনারা হয়ত অনেকে দেখেছেন, কিংবা দেখেননি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক-এর সহায়তা নিয়ে পানাগড় মৌরিগ্রাম-এর যে রাস্তা করছি, সেই রাস্তার যে থিকনেস দিয়েছি, সেটা প্রায় ১১ শত মিলিমিটার, যার মানে ঐ ১ মিটারের বেশি থিকনেস দিয়ে যে রাস্তা হচ্ছে, স্বাভাবিকভাবে সেই রাস্তা আন্তর্জাতিক মানের হবে। সেই রাস্তা দিয়ে যে পরিমাণ ওজনধারী লরিগুলি যাবে, সেই রাস্তা দিয়ে যেতে যে সুবিধাভোগ করবে, আমাদের এখানে ন্যাশনাল হাইওয়ে যেটা বলা আছে, সেটার থেকেও ভাল হবে। এই ন্যাশনাল হাইওয়ে হচ্ছে ৬শো মিলিমিটারের বেশি নয়, যা ন্যাশনাল হাইওয়ের সবচেয়ে ভাল রাস্তা বলে আমরা মনে করি, কিংবা মনে করি ভাল পরিবহনের পক্ষে যোগ্য রাস্তা, সেখানে এটা কিন্তু আন্তর্জাতিকমানের রাস্তা হবে, এই অবস্থায় এটা দাঁড়িয়ে আছে।

সুতরাং আমাদের এই রাস্তার থিকনেস বাড়াতে হবে, স্পেসিফিকেশন যা আছে তা পরিবর্তন করতে হবে। অনেকে বলেন রাস্তা তাড়াতাড়ি ভাঙ্গছে কেন? রাস্তার ধারে, অর্থাৎ রাস্তার দু সাইডে মাটি উঁচু করে দিতে হয়। তা নাহলে রাস্তাটা টেঁকেনা। তবে মফস্বল এরিয়ায় মোটামুটি ভাবে বড় রাস্তাগুলোকে এইভাবে আমরা করেছি এবং কোন কোন জায়গায় চওড়া করবার চেষ্টা করছি। জেলা পরিষদের সঙ্গে আমাদের সম্পর্ক তৈরি করে আরও অন্যান্য জায়গা থেকে অর্থ যুগিয়ে আমরা চওড়া করবার চেষ্টা করছি। এইভাবে রাস্তা না করলে রাস্তার টেঁকসই ভাবটা কমে যাবে। বর্ষাকালে সেই রাস্তাগুলোর একদিকের মাটি বসে যাচ্ছে, পিচের অংশ ভেঙ্গে গুড়িয়ে যাচ্ছে এবং এক জায়গায় ভেঙ্গে গেলে বর্ষার সময় জল

জমে যায় এবং তারপর ওখান থেকে ভাঙ্গা আরম্ভ হয় এবং বড় বড় পটহোল তৈরি হয়ে যায়। এই পটহোল তৈরি হওয়ার আরও একটা বড় কারণ হচ্ছে আমাদের মাটি। বেশিরভাগ জেলাতেই সাব-গ্রেডের মাটি। যে মাটি রাস্তা ধরে রাখে সেটা অত্যন্ত নরম। কম স্পেসিফিকেশনের রাস্তা দিয়ে গাড়ি চলাচল করলে পিচ বসে যাচ্ছে, নতুন রাস্তা বসে যাচ্ছে। এই গ্রেড সাবসিডাইজডটা বিশেষ করে সাউথ ২৪ পরগনা, উত্তর ২৪-পরগনা, হুগলি এই সব এলাকায় দেখা যাচ্ছে। আবার কোন কোন জায়গা আছে সেখানকার মাটি শক্ত, যেমন উত্তরবঙ্গের মাটি শক্ত, যার জন্য উত্তরবঙ্গের রাস্তা করার দিক থেকে সুবিধা আছে। ফলে সেখানে সাবগ্রেড ফেলিওরটা কম। তারজন্য উত্তরবঙ্গে অনেক কম পটহোল তৈরি হয়। এটা আমাদের ভৌগলিক কারণেই বেশি হয়ে থাকে। অনেকে বলেন সাউথ ইণ্ডিয়ার রাস্তাগুলো ভালো। কারণ ওখানে সাব-গ্রেড-এর সমস্যা নেই, সেখানকার মাটি অনেক ভালো, শক্ত। থিকনেস যদি আমরা যথাযথভাবে রক্ষা করতে পারি, তাহলে এটা কম হবে। মূল সমস্যায় ফিরে আসা যাক। আমাদের প্রতি কেন্দ্রীয় সরকারের যে বিমাতৃসুলভ আচরণ এটা বহুবার আলোচিত হয়েছে। এখানে অনেকে বিভিন্ন প্রসঙ্গ তুলেছেন। রাস্তাগুলো যেভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে তার জন্য আমরা ১৩ কোটি টাকা চেয়েছিলাম ন্যাশনাল হাইওয়ের রক্ষার জন্য। আমরা বার বার এই ব্যাপারটা দিল্লিতে বলেছিলাম। দিল্লি থেকে একটা টীম এসে ইন্সপেকশন করে গিয়েছিল এবং তারা বলেছিল এটা অত্যন্ত রিজনেবল। এই ১৩ কোটি টাকার মধ্যে ৪ কোটি টাকা আমরা পেয়েছি এবং ১৩ কোটি টাকাই আমরা খরচ করেছি। ৪ কোটি টাকা রাজ্য সরকারের কাছ থেকে আমরা ধার হিসাবে গ্রহণ করেছি। রাজ্য সরকার টাকা দেওয়ার ফলে জাতীয় সড়ক নং ৬,৩৪,৩১,৫৫ এই রাস্তাগুলো মোটামুটি একটা জায়গায় আছে। এন. এইচ-৫৫ শিলিগুড়ি থেকে দার্জিলিং পর্যন্ত। এই রাস্তাটিকে রক্ষা করা খুব কঠিন কাজ। এই রাস্তাটা দিয়ে অসংখ্য ট্যুরিস্ট যায়। রাস্তাটিতে ধস নেমে নিচে নেমে যাচ্ছে। আর পাগলাঝোড়া বলে একটা জায়গা আছে সেখানে রাস্তা অনেক নিচে নেমে এসেছে। সেই রাস্তাটির একপাশ দিয়ে টয় ট্রেন যায় এবং একপাশ দিয়ে গাড়ি যাতায়াত করে। আমরা বলেছি রাস্তাটাকে আমরা উঁচু করতে চাই। কলকাতার রাস্তায় রাস্তায় যেমনভাবে বাস এবং ট্রাম চলে এবং সব সময়েই গাড়ি যাতায়াত করছে, সেইরকম টয় ট্রেনের রাস্তাটাকে উঁচুতে যদি তোলা যায়—কারণ টয় ট্রেন তো শুধু সিজনে চলে—তাহলে এই সমস্যার সমাধান করা যাবে। দার্জিলিঙে যাওয়ার যে মূল রাস্তা সেই রাস্তাতে প্রায়ই ধস নামে এবং রাস্তা শেষ হয়ে যাচ্ছে।

[3-10 – 3-20 P.M.]

এর বিকল্প একটা ১৬ কিলোমিটার রাস্তা করার পরিকল্পনা দিয়েছি—যাতে ঐ রাস্তাটি ধসে গেলেও অন্য ভাবে কিছু করা যায়। এটা ভূতল পরিবহন দপ্তর দেখছে। কিন্তু ওরা এখনও পর্যন্ত স্যাংশন পায়নি। বিকল্প রাস্তা তৈরি করে না রাখতে পারলে দার্জিলিং সমতল থেকে বিচ্ছিন্ন হয়ে যেতে পারে। এই সমস্যা নিয়ে আমরা কেন্দ্রীয় সরকারের সাথে কথাবার্তা বলেছি, দেখিয়েছি, বুঝিয়েছি—ওদের বলেছি, তোমরা দেখলে স্বীকার করলে এখন অর্থ দাও। ওরা হতাশ হয়ে বলে প্ল্যানিং কমিশনকে, অর্থ দপ্তরকে বোঝাতে পারছি না, টাকা দিতে পারছি না আপনারা পলিটিক্যাল আওয়াজ তুলুন, না হলে হবে না। সুতরাং পলিটিক্যাল কথাবার্তা বলার প্রশ্ন দেখা যাচ্ছে। এটা না হলে রাস্তাগুলো রক্ষা করতে পারব না। ওরা

বলছে মানুষের সংখ্যা কমিয়ে দাও, ০-৩ তে নামিয়ে আনো। গ্যাংম্যান, মজদুরের সংখ্যা কমাও। আমরা বলেছি, আমরা তা পারব না, আমাদের রাজ্যে আমরা একটা দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করি, আমরা মানুষকে ছাঁটাই করতে পারব না। তবে নতুন রিক্রুট করছি না, রিটায়ার হয়ে যাচ্ছে, সেই ভাবে স্ট্রেন্থ কমছে। আমরা রাস্তা তৈরি করবার ক্ষেত্রে অত্যন্ত পরিষ্কার ভাবে বলেছি শুধু আমাদের রাজ্যের জন্য নয়, সমস্ত দেশের জন্য শতকরা ৮ ভাগ রাস্তা বা যোগাযোগের ক্ষেত্রে বাজেটে বরাদ্দ করা হোক। এই দাবি আমরা করেছি। বিল্ডিং মেইন্টেন্যান্সের ক্ষেত্রে এখন ১৫ টাকা পার স্কোয়ার মিটার ধার্য করা আছে। আপনারা বললেন বিল্ডিং, ব্রিজ ভেঙে পড়ছে, ধসে যাচ্ছে—সেক্ষেত্রে আমরা বলেছি—জাতীয় নীতির ক্ষেত্রেই বলেছি ওটা অন্তত ৭৫ টাকা পার স্কোয়ার মিটার হওয়া উচিত। নতুন বিল্ডিংয়ের ক্ষেত্রে বলেছি শতকরা ২.৫০ ভাগ অন্তত যেন মেইন্টেন্যান্সের জন্য ধরা হয়। আপনারা জানেন, আমাদের রাজ্যের রাস্তাঘাটের উন্নতি করছি, কিন্তু বাইরে থেকে সাহায্য গ্রহণ করতে বাধ্য হই। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক-এর টাকায় পানাগড়-মৌরীগ্রাম দীর্ঘ ১৫০ কিলোমিটার দীর্ঘ রাস্তার প্রায় ৪০ ভাগ কাজ শেষ করেছি এবং বাকি কাজ চলছে। ১০৬ কোটি টাকা দিয়ে কাজটা শুরু করেছিলাম এখন রিভাইজড এস্টিমেটে দাঁড়িয়েছে ২২৮ কোটি টাকাতে। এর সঙ্গে বলেছি ন্যাশনাল হাইওয়ে-২ যাকে গ্রাণ্ড ট্রাঙ্ক রোড বলে, সেখানে এখন অনেক বেশি গাড়ি চলছে, তাই এই রাস্তাটিকে বাড়িয়ে ৪ লেনিং করার পরিকল্পনা গ্রহণ করেছি। তাতে ফাস্ট প্যাকেজ-বরাকর থেকে রানিগঞ্জ পর্যন্ত কাজ সম্পূর্ণ রূপে তৈরি হয়ে আছে, অর্থ দিলেই আমরা করতে পারব।

এটা কেন্দ্রীয় সরকারের দায়িত্ব হবে। টোট্যাল এস্টিমেটের টাকা চেয়েছি তাঁরা যদি দেন তাহলে অদুর ভবিষ্যতে আমরা কাজ শুরু করতে পারব। রানিগঞ্জ থেকে পানাগড় পর্যন্ত কাজের প্রস্তুতি আমরা গ্রহণ করেছি। ন্যাশনাল হাই-ওয়ের একটা সংগঠন তৈরি করা হয়েছে। বিগত সরকার তৈরি করেছিলেন। কিন্তু পরে তাঁরা এটা আমাদের কাছ থেকে ছিনিয়ে নিয়েছেন। মাননীয় মুখ্যমন্ত্রী প্রতিবাদ করেছিলেন কিন্তু বিগত সরকার শোনেন নি। আবার নতুন সরকার হয়েছে তাঁরা কি করবেন বলা যাচ্ছে না। বাকি ৩৬ কি.মি. রাস্তা রানিগঞ্জ থেকে পানাগড়—কি দাঁড়াবে বোঝা যাচ্ছেনা। দ্বিতীয় বিষয় হচ্ছে, বিবেকানন্দ সেতু করার জন্য অনেকটা এগিয়েছি। অর্থ জমা হয়েছে এবং মিনিস্ট্রি অফ সারফেস ট্রান্সপোর্টও তাদের কাজ করছে। যখন তারা প্রস্তুত হবে তখন, কাজ হবে। তারা গ্রিন সিগনাল দিলেই বিবেকানন্দ সেতুর সার্ভের কাজ শুরু হবে। আমাদের রাজ্যে আমরা ওয়ার্ল্ড ব্যাঙ্ক লোন নিয়ে আরও ১৬-টা রাস্তা তৈরি করার কথা বলেছি। তাতে আমরা ১৪৫৩ কি.মি. রাস্তার জন্য ওয়ার্ল্ড ব্যাঙ্কের লোন চেয়েছি এবং এজন্য আমরা ১২০০ কোটি টাকার এস্টিমেট প্রোজেক্ট কস্ট করেছি। তাতে ৩০ পারসেন্ট স্টেটের, ৭০ পারসেন্ট ওয়ার্ল্ড ব্যাঙ্ক লোন হবে। কাজেই এই টাকা আমরা ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে চেয়েছি। গত ২-রা জুলাই মাল্টিস ফাইনালের ব্যাপারে মিটিং হয়ে গেছে। টেকনো-ইকোনোমিক ফীজিবিলিটি স্টাডির জন্য তারা ১৫ কোটি টাকা আমাদের জন্য স্যাংশন করেছেন। তার মানে হচ্ছে, ওয়ার্ল্ড ব্যাঙ্ক আমাদের অ্যাসিস্ট্যান্স দেবেন। এই অ্যাসিস্ট্যান্স ওয়ার্ল্ড ব্যাঙ্ক কেন্দ্রীয় সরকারকে দেন ২ পারসেন্ট হারে, কিন্তু কেন্দ্রীয় সরকার আমাদের থেকে ৭ পারসেন্ট হারে সুদ নেন। অর্থাৎ ৫ পারসেন্ট সার্ভিস চার্জ আমাদের কাছ

থেকে আদায় করে নেন। আমাদেরও বাধ্য হয়ে রাজি হতে হয়েছে। আমাদের এখানে ১৬-টা এক্সপ্রেস ওয়ে তৈরি হবে। এই এক্সপ্রেস-ওয়ে ওয়ার্ল্ড স্ট্যাণ্ডার্ড হবে। আমরা এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের সহায়তায় পানাগড় মৌরীগ্রামের কাজ করছি। এই রকম ২৬৯ কি.মি. রাস্তা ক্যালকাটা সারাউণ্ডিংস এবং দক্ষিণ ২৪-পরগনার জন্য, উত্তর ২৪-পরগনার জন্য ১৩৭ কি. মি., হুগলির জন্য ৫৬ কি.মি., বাঁকুড়ার জন্য ৪৩ কি. মি., বর্ধমানের জন্য ২০৭ কি. মি., মেদিনীপুরের জন্য ১২২ কি. মি., নদীয়ার জন্য ৬৯ কি.. মি., মুর্শিদাবাদের জন্য ২১৮ কি. মি., মালদার জন্য ১৬ কি. মি., দক্ষিণ দিনাজপুরের জন্য ৯৬ কি. মি., উত্তর দিনাজপুরের জন্য ৪১ কি. মি., জলপাইগুড়ির জন্য ৮১ কি. মি., এবং কোচবিহারের জন্য ৯৮ কি. মি. রাস্তা করা হবে। আর পুরুলিয়া, হাওড়াকে এর অন্তর্ভুক্ত করা যায়নি। পুরুলিয়ার ক্ষেত্রে হায়ার স্পেসিফিকেশন হচ্ছে ন্যাশনাল-হাইওয়ে। তবে ন্যাশনাল হাইওয়ে ওয়ার্ল্ড ব্যাঙ্ক এসিস্টেন্সে এই ফেজে ধরছি। এছাড়া মাননীয় সদস্য সুভাষ গোস্বামী যেটা বলেছেন, বাঁকুড়া জেলার সাথে বিমাতৃসুলভ আচরণ করা হয়েছে। আপনারা লক্ষ্য করুন যেটাকে আর. এম. রোড বলা হয়, সেই অবস্থা থেকে ঐ রাস্তাকে অনেকটা উন্নত করা গেছে। বাঁকুড়া থেকে দুর্গাপুর রাস্তাটা খুবই গুরুত্বপূর্ণ। কাজেই এর মধ্যে ওখানকার ৪৩ কি.মি. ধরেছি। এটা হায়ার স্ট্যাণ্ডার্ড-এর। এই রাস্তার যথেষ্ট ইম্পর্টান্স রয়েছে। কারণ এই রাস্তা মেডিয়ায় যে কয়লা খনি পাওয়া গেছে সেখানে গিয়ে পৌছেছে। সেখানে ব্রিজ আছে, রেলওয়ে কাম রোড হচ্ছে। সেই জন্য মেদিনীপুর মেজিয়া রাস্তাকে রাজ্য সরকার প্ল্যানিং করে হায়ার স্পেসিফিকেশন দিয়ে তৈরি করছেন। এগুলো ওয়ার্ল্ড ব্যাঙ্ক এসিস্টেন্স দিয়ে করছে। বাকি ইন্টার ডিস্ট্রিক্ট রোড, বীরভূম থেকে মুর্শিদাবাদ, রামপুরহাট থেকে কান্দী চলে গেছে। সেগুলোকে হায়ার স্পেসিফিকেশন দিয়ে আরও চওড়া করবার সুযোগ পাব। ওয়ার্ল্ড ব্যাঙ্কের এসিস্টেন্সে এগুলো করা হবে। রাজ্য সরকারের মেজর ডিস্ট্রিক্ট রোড যেখানে স্টেট হাই-ওয়ের অংশ থাকবে সেগুলোকে আমরা তৈরি করব। এর মধ্যে দিয়ে আগামী ৫ বছরের মধ্যে পশ্চিমবাংলার রাস্তা-ঘাটের চেহারা অনেক পরিবর্তন করা যাবে বলে আমাদের বিশ্বাস। আপনারা জানেন, আমরা অনেকগুলো ব্রিজের দায়িত্ব গ্রহণ করেছি। সেগুলোর কাজ চলছে। আশাকরি সবকটা ব্রিজ আমরা আরম্ভ করতে পারব।

[3-20 – 3-30 P.M.]

কোন প্রোজেক্ট শেষ করবার জায়গায় এসেছে, আমরা হয়তো শেষ করে যেতে পারবো, ১৯৯৭ সালের মধ্যে জনগনের হাতে তুলে দিতে পারবো বলে আমরা বিশ্বাস করি। কানুয়া ব্রীজ তৈরি করার ফাউণ্ডেশান স্টোন লে তারা করে এসেছেন। সেখানে বাধা হয়েছে পার্বত্য পরিষদ, হিল-কাউন্সিল যাঁরা আছে তাঁদের সঙ্গে আমাদের বোঝাবুঝির ভুল হচ্ছে। তাঁরা বলছেন তাঁরা এটা করতে পারবেন। আমরা বলছিলাম তাঁদের যে ইনফ্রাস্ট্রাকচার আছে সেটাতে করা সম্ভব কি না? চেয়ারম্যানের সঙ্গে আমাদের কথা হয়েছে, তাঁরা বলছেন আমাদেরকে টাকা দিন আমরা এটা করতে পারবো। আমরা বলেছি, না এটা করতে গেলে যে ইনফ্রাস্ট্রাকচার দরকার সেটা আমাদের আছে, আপনারা আমাদের সঙ্গে আসুন আমরা একসাথে কাজ করি। টাকা থাকা সত্ত্বেও আমরা কাজ করতে পারছি না। বন্দেলগেট, লেক-গার্ডেন্স এবং সোনারপুরে উড়ালপুলের কাজের জন্য সার্ভের কাজ হয়ে গেছে, কাজ শুরু

হবে। লিলুয়া রেল ব্রীজ আগে যে জায়গায় ছিল সেখানে আরও কিছু জায়গায় নূতন নূতন ব্রীজ করবার চেষ্টা করছি। ভি. আই. পি. রোড যেটাকে গেট ওয়ে অফ্ ক্যালকাটা বলা হয় যেটাকে সম্প্রসারণ করবার চেষ্টা করছি। বাগুইহাটি, পৈলানে ওয়েপাস করবার চেষ্টা করছি, এছাড়াও নতুন কিছু ব্রীজের কাজ আছে। মুর্শিদাবাদ এবং নদীয়া জেলার সঙ্গে যোগাযোগ করবার জন্য রামনগর হাটে ব্রীজ তৈরি করার চেষ্টা করছি। জলঙ্গী নদীর উপর ব্রীজ হবে, স্বীকারপুরে তার কাজ আমরা শুরু করেছি। মাননীয় সদস্যগন বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজগুলি যেমন রাস্তা সম্পর্কে, ব্রীজ সম্পর্কে এবং অন্যান্য বিষয়ে প্রশ্ন করেছেন। আগে বলেছিলাম এনক্রোচমেন্ট হয়েছে। সমস্ত জেলায় জেলায় কমিটি করে দিচ্ছি—ম্যাজিস্ট্রেট, একজিকিউটিভ ইঞ্জিনীয়ার, এস. পি., এবং পঞ্চায়েতগুলি সেই কমিটিতে থাকবেন। আমরা সেই কমিটিকে দায়িত্ব দিয়েছি যে তোমরা সিদ্ধান্ত গ্রহণ কর এবং যেখানে যেখানে সম্ভব এনক্রোচমেন্ট তুলে দেওয়ার চেষ্টা কর। বাম্পার যা আছে সেগুলি তুলতে গেলে স্থানীয় লোকদের সাথে কথা বলতে হবে, সেখানে বাম্পার একটা ভিলেজ স্ট্যাটাস হয়ে দাঁড়িয়েছে। গ্রামের মানুষের দাবীর ফলেই বাম্পার তৈরি হয়েছে, কাজেই আমাদের এই অবস্থার মধ্যে চলতে হচ্ছে এবং আমরা যে ভাবে পারছি এগিয়ে যাবার চেষ্টা করছি। পশ্চিমবাংলার মানুষের ক্ষোভ আছে, দাবী আছে, অনেক জায়গায় রাস্তা করতে পারি নি, জেলার যোগাযোগ ব্যবস্থাকে আরও ভালোভাবে চালু করবার চেষ্টা আমরা করছি। আমরা আরও ভালোভাবে কাজ করতে চাই এবং আমরা নিশ্চিতভাবে আরও সাফল্যের সাথে কাজ করতে পারবো এই আশা করি। এই কথা বলে বিরোধীদের আনা কাটমোশানের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

## Demand No. 25

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,76,78,46,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads: ''2059—Public Works , 2205—Art and Culture (Buildings), 2216—Houseing (Buildings), 2853—Non Ferrous Mining and Metallurgical Industries (Buildings.), 4050—Capital Outlay on public Works, 4202—Capital Outlay on Education, Sports , Art and Culture (Buildings) 4210—Capital Outlay on Medical and public Health (Excluding public Health) (Buildings), 4210—Capital Outlay on Medical and public Health (Excluding public Health) (Tribal Areas Sub-Plan) (Buildings), 4210—Capital Oulay on Medical and Public Health (Public Health) (Buildings) 4211—Capital Outlay on Family Welfare (Buildings), 4216—Capital Oulay on Housing (Buildings), 4220—Capital Outlay on Information and Publicity (Buildings), 4250—Capital Outlay on Other Social Services (Buildings), 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 4404—Capital Outlay on Dairy Development (Excluding public Undertakings) (Buildings), 4408—Capital Oulay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings), 4851— Capital Outlay on Village and Small Industries (Excludings Public Undertakings) (Buildings), 4851— Capital Outlay on Village and Small

*Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) (Buildings) and 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings).* (This is inclusive of a total sum of Rs. 92,33,00,000 already voted on account in Feburary, 1996) was then put and agreed to.

**Demand No. 79**

The Motion of Dr. Asim Das Gupta that a sum of Rs. 2,31,21,85,000 be granted for expenditure under Demand No. 79 Major Heads: "3054—Roads and Bridges and 5054—Capital Outlay on Roads and Bridges" (This is inclusive of a total sum of Rs. 77,08,00,000 already voted on account in February, 1996) was then put and agreed to.

[3-30 — 3-40 P.M.]

**Demand No. 54**

**Mr. Deputy Speaker:** There are 21 cut motions which are in order but not moved.

**Demand No.86**

**Mr. Deputy Speaker:** There are 5 cut motions which are in order but not moved.

**Shri Nar Bahadur Chhetri:** Mr. Deputy Speaker, Sir, before going through the merits of the Grants sought by the Hon'ble Minister of the Food and Supplies Department, I want to put some of the long standing problems of the people of Darjeeling Hills before the Minister and seek their redressal. Sir, from the Budget speech of the Minister, I could understand that the Government of West Bengal has started two types of rationing system in the State. One is statutory rationing system and another is modified rationing system. The statutory rationing system has been in practice in the Greater Calcutta, Howrah, Hooghly, Asansol, Durgapur and North 24 pags etc. etc. areas and in other areas modified rationing system is involed. Sir, I hope this statutory rationing system has been started only in those areas where there is no paddy cultivation, no wheat cultivation and like that. But so far our hills are concerned Darjeeling, Kalimpong and Kurseong—Our hill does not produce paddy our hills does not produce wheat and other cereals. Sir, you know most of the areas of Darjeeling hills is covered by tea gardens and the rest of the areas are forest areas, and there is very small portion of the Darjeeling hills where the people cultivate land and

in those land they do not produce paddy or wheat. Instead they produce some vegetables and some cereals like maize and Sir, I think, *Darjeeling hills should have been considered for the statutory rationing* system. By the name of Darjeeling, one should not know only Darjeeling town. They should know that 90% of Darjeeling hills and its people live in the interior hills. There life is field with suffering especially in winter months. They will have to depend on fruits toots and bamboo shoots. They don't get adequate meal. When I came to Calcutta from NGP, sometime I see in the field of Burdwan or other areas, other districts Murshidabad or like that. sometimes these fields are field with paddy crops, sometimes with wheat crops and sometimes with musterd seed crops. But in Darjeeling only one crop is produced in a year and the production has one life time only. If one cultivates the potato in the field, out of one quintal of potato seeds only 3 or 4 quintals seeds are produced. But in the plane areas, there are irrigation facilities. In our hills, you know, Sir, there is no irrigation facilities. So, the poor 'bastiwala', we say them 'bastiwala', they are poor cultivators. They just don't get enough production. They have to depend on the supply of the government, that is the rationing system. And Sir, you know, it is very difficult during the monsoon time to send wheat or rice to the interior. Simply because land-slides disrupt the road. The road communication is disrupted by the landslide. So, this way out people have of suffer. They don't get ration in the excuse of road blockade. M.R. dealer sale their ration from the shop in the market and our people have to face the situation. So, Sir, I think if this statutory rationing system is introduced in Darjeeling hills, our people would have been benefited. Actually, I think, when the rationing system was introduced in West Bengal, Darjeeling case should have been considered sympathetically. But it could not be considered. perhaps, some monster is there, some devils were there to deprive the people of Darjeeling to disregard the claim of Darjeeling hills. Perhaps, this issue was not raised before Perhaps, our Minister could not understand the problem of the hills so far the rationing system is concerned. So, I raise this issue and I want a categorical reply from the Hon'ble Minister to the effect that from now the Statutory Rationing System will be started in Darjeeling hills. Sir, next problem that is being faced by our peoples in Darjeeling hills is shortage of ration card. In the hills there are 10 lakhs of people. Population of the Darjeeling hills is 10 lakhs. But I have been told by the officials of the Food and Supply Department that there exists 15 lakhs ration card. We are receiving complants from our people that many of our people do not have ration cards. Since 1984 when the frist batch of ration cards were distributed in the hills, 12 years have already been passed away,

and within these 12 years the population has increased by manifold at least by 10- to 15 per cent. Those 15% of people do not have ration cards, but still there are 15 lakhs ration cards. I would request the Minister to confiscate, to seize the additional ration cards and provide new ration cards to those people who do not have ration cards. Despite these things, I request the Minister that recently Darjeeling has been getting Ata instead of Wheat. Rest of the West Bengal gets wheat, but in Darjeeling Hills, they are getting Ata, and this Ata is not of good quality. I request the Minister to discountinue this system and give wheat instead of Ata onwards now in Darjeeling Hills, and I also request the Minister to construct some godowns in the interior of the hills so that our people may get their quotas of rationing without any disruption. In fact, I have many more issues to be raised and discussed here, but due to lack of time, I could not mention all these things. So I conclude my speech here. Thank you, Sir.

[3-40 — 3-50 P.M.]

**শ্রী শেখ মাজেদ আলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খাদ্য দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় আজ এই সভায় তার দপ্তরের যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তা সমর্থন করে এবং বিরোধিদের আনা সমস্ত কাট মোশনের বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। স্বাধীনতা লাভের পর ভারতবর্ষের মতন একটা দরিদ্র দেশে যেখানে মৌলিক সমস্যাগুলির মধ্যে অন্যতম যে খাদ্য সমস্যা সেই সমস্যার প্রতি বিগত দিনের কংগ্রেসি সরকারগুলি রাজ্য ও কেন্দ্রে ক্ষমতায় থেকে দৃষ্টি দেন নি। কৃষির উন্নতির কথাও তারা ভাবেন নি। শুধুমাত্র ভারি শিল্পের উপর জোর দেওয়ার ফলে আমরা দেখেছি সারা ভারতবর্ষে কংগ্রেস আমলে কৃষির উন্নতি হয়নি, খাদ্য সমস্যার সমাধান হয়নি। কংগ্রেসের আমলে আমরা দেখেছি যে কলকাতার বুকে লক্ষ লক্ষ মানুষ খাদ্যের দাবিতে আন্দোলন করেছেন, সংগ্রাম করেছেন। আমাদের মনে আছে ১৯৫৯ সালের সেই খাদ্য আন্দোলনের কথা যাতে নুরুল ইসলাম, আনন্দ হাইতের রক্ত ঝরেছিল। আমরা দেখেছি ১৯৬৬ সালের খাদ্য আন্দোলন। তৎকালীন মুখ্যমন্ত্রী শ্রী প্রফুল্ল চন্দ্র সেন সেই সময় কাঁচাকলা খাবার কথা বলেছিলেন। এই রকম একটা অবস্থার মধ্যে দিয়ে দেশ চলেছিল। সেই সময় সারা দেশ জুড়ে বামপন্থী দলগুলি খাদ্য সহ ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস নায্য দামে সরবরাহ করার দাবিতে অন্দোলন, সংগ্রাম শুরু করেন। তারপর বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে ক্ষমতায় এসে ভূমি সংস্কারের মাধ্যমে, সার, বীজ বণ্টন করার মাধ্যমে, ক্ষুদ্র সেচের ব্যাপক উন্নতি ঘটিয়ে, ট্রাকটর এবং আধুনিক প্রযুক্তিকে কাজে লাগিয়ে এখানে কৃষির ব্যাপক উন্নতি ঘটালেন। পশ্চিমবাংলায় ১৯৭৭ সালে যেখানে চাল, গম, উৎপাদন হত ৭১.০১ লক্ষ মেট্রিক টন, বামফ্রন্ট সরকারের প্রয়াসের ফলে ১৯৯৪-৯৫ সালে সেই উৎপাদন বেড়ে হল ১২৯.৮০ লক্ষ মেট্রিক টন। তা সত্ত্বেও পশ্চিমবাংলা একটা ঘাটতি এলাকা। কারণ ১.৩.৯৬ তারিখের সেনসাস অনুযায়ী এখানে জনসংখ্যা বেড়ে হয়েছে ৭ কোটি ৫৯.২৭ লক্ষ। আমরা যে ব্যবস্থাটার উপর জোর দিচ্ছি সেটা হচ্ছে রেশনিং ব্যবস্থাটাকে জোরদার করা। কেন্দ্রে যখন কংগ্রেস সরকার ছিল তখন তারা সারা দেশ থেকে রেশনিং ব্যবস্থা তুলে

*দিয়েছিলেন। তারপর গ্যাট চুক্তির ফলে আমরা দেখছি খাদ্যে ভরতুকির পরিমান তারা ক্রমশঃ* কমিয়ে দিতে আরম্ভ করেছিলেন। ভারতবর্ষের খাদ্য নিগম পশ্চিমবাংলার কোটা দিনে পর দিন কমিয়েছেন ফলে রাজ্য সরকারকে বাজার থেকে কিনে কম দামে রেশনিং ব্যবস্থার মাধ্যমে চাল গম চিনি, কেরোসিন তেল বিধিবদ্ধ রেশনিং এলাকায় দিতে হচ্ছে। স্যার, মডিফায়েড রেশনিং এলাকা যেখানে শহরে ইলেকট্রিক আছে সেখানে সপ্তাহে হাফ লিটার কেরোসিন তেল দেওয়া হচ্ছে। আর গ্রামের বেশির ভাগ জায়গায় যেখানে ইলেকট্রিক নেই সেখানে সপ্তাহে কোয়াটার লিটার কেরোসিন তেল দেওয়া হচ্ছে। এই রকম একটা বৈষম্য আমরা লক্ষ্য করেছি, এটা দূর করা দরকার। আর একটা কথা হচ্ছে, রেশনিং ব্যবস্থার ক্ষেত্রে ভুয়ো রেশন কার্ড গ্রামে এখনও প্রচুর পরিমানে থেকে গেছে এবং শহরেও সেটা রয়েছে। এই ভুয়ো রেশন কার্ড ধরার ক্ষেত্রে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত, সেখানকার ফুড ইন্সপেক্টর, প্রধান এবং গ্রাম পঞ্চায়েতের সদস্যদের দিয়ে সেই গ্রামে চেকিংয়ের ব্যবস্থা করা যায় তাহলে ভুয়ো রেশন কার্ডগুলি ধরা যাবে এবং শহরের ক্ষেত্রেও ধরা যাবে।

তারপরে গ্রামে রেশন কার্ড দেবার যে ব্যবস্থা আছে সেটা হচ্ছে, প্রধান এবং গ্রাম পঞ্চায়েতের সদস্যদের রেকমেন্ডশনে যে ভাবে রেশন কার্ড দেওয়া হয়, বিধিবদ্ধ এলাকায় মিউনিসিপ্যালিটি বা পৌর এলাকায় চেয়ারম্যান এবং ভাইস-চেয়ারম্যানের মাধ্যমে সেইভাবে দেবার ব্যবস্থা নেই। এখানেও একটা বৈষম্য আছে। এখানে এম.এল.এ. দের সই করার বিষয়টা আছে। এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং এটা কার্যকর করার জন্য অনুরোধ জানাচ্ছি।

[3-50 — 4-00 P.M.]

আমাদের দীর্ঘদিনের যে দাবি ছিল তৎকালীন কেন্দ্রীয় সরকারের কাছে যে ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিস সারা ভারতবর্ষের মানুষ ন্যায্য দামে পায়। কিন্তু সেই দাবির মধ্যে কিছুকিছু জিনিস রেশানের মাধ্যমে দেওয়া হচ্ছে যেমন গুড়ো হলুদ, সাবান, খাতা, দেশলাই ইত্যাদি। যুক্তফন্ট সরকারের কাছ আমাদের যে দাবি সেই দাবিকে পেশ করতে পারব। এই ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস যাতে সারা ভারতবর্ষের মানুষ এক দামে পায়, সেই বিষয়ে যাতে যুক্তফ্রন্টকে বলা যায় সে জন্য রাজ্য সরকারের সেই প্রস্তাব নিতে হবে। চাল গম পশ্চিমবাংলায় ঘাটতি আছে। পশ্চিমবাংলার বুকে অন্য রাজ্য থেকে, বাংলাদেশ থেকে বিভিন্ন ভাবে মানুষের ঢেউ আসছে। ১৯৭৭ সালের তুলনায় ১৯৯৪-৯৫ সালে চাল এবং গম বেশি উৎপাদন হয়েছে। ১৯৭৭ সালে উৎপাদন হয়েছে চাল এবং গম ৭১.০১ লক্ষ মেট্রিক টন, সেখানে ১৯৯৪-৯৫ সালে যেখানে উৎপাদন হয়েছে চাল এবং গমে ১২৯.৪০ লক্ষ মেট্রিক টন, প্রায় দ্বিগুণ উৎপাদন হয়েছে। কিন্তু তাসত্ত্বেও এখানে খাদ্যে ঘাটতি থেকে গেছে। ১৯৮৫ সালে ৪ শত ২ হাজার টন মৎস্য উৎপাদন হয়েছে, সেখানে ১৯৯৪-৯৫ সালে মৎস্য উৎপাদন হয়েছে ৮ শত ২০ হাজার টন। এত মৎস্য উৎপাদন করা সত্ত্বেও মৎস্যে আমাদের ঘাটতি থেকে যাচ্ছে। পশ্চিমবঙ্গে ক্ষুদ্র মৎস্যজীবীদের সমবায়ের মাধ্যমে ঋণ দেবার ব্যবস্থা করতে হবে এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। সামগ্রিক ভাবে যে সমস্ত জলাশয় ইত্যাদি আছে সেগুলিতে যদি মৎস্য চাষের ব্যবস্থা করা যায় তাহলে ভালো ফল পাওয়া যাবে।

*দুধের ক্ষেত্রে ১৯৯৩ সালে উৎপাদন ছিল ৩০.৯৫ লক্ষ টন, সেখানে ১৯৯৪-৯৫ সালে* উৎপাদন হয়েছে ৩২.৫০ লক্ষ টন। এই ব্যাপারে পশ্চিমবঙ্গের একটা ভূমিকা আছে। এখানে গো কেন্দ্রে হিমায়িত বীজ সরবরাহ করে কৃত্রিম প্রজননের মাধ্যমে শঙ্কর জাতের গরু যেমন হচ্ছে, তেমনি তার দুধের পরিমানও বৃদ্ধি পাচ্ছে। আমাদের দেশের শিশু, বৃদ্ধ এবং রুগীদের জন্য এটা আরও বাড়াতে হবে। সেই সঙ্গে সঙ্গে গ্রামের দিকে গরু এবং অন্যান্য ক্ষেত্রে তফসিলি জাতি এবং উপজাতি মানুষদের ৫০ পারসেন্ট সাবসিডি দিয়ে তাদের উপরের দিকে তোলার ব্যবস্থা করতে হবে।

ডিমের ক্ষেত্রে আমাদের উৎপাদন ১৯৯৩-৯৪ সালে ২৩.৬৫ শত মিলিয়ন ছিল, সেখানে ১৯৯৪-৯৫ সালে উৎপাদন হয়েছে ২৫ শত মিলিয়ন। ডিম শিশু এবং বাচ্চাদের একটা পুষ্টিকর খাদ্য। এটাতে পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষের মধ্যে তৃতীয় স্থানে আছে। এই ডিম উৎপাদনের ক্ষেত্রে আরও বেশি করে লক্ষ্য রাখতে হবে। মুরগির চাষ বেকার ছেলেদের মধ্যে যারা করছে তাদের সহায়তা করতে ঋণ যাতে তারা পায় সেটা দেখতে হবে। ব্রয়লার মুরগি আগে যার উৎপাদন ছিল ৯০ লক্ষ টন সেটা ১৯৯৪-৯৫ সালে ৪৫০ লক্ষ টনে দাঁড়িয়েছে। কাজেই পোলট্রি করছেন এবং সারা ভারতবর্ষে মুরগির মাংস সারা ভারতবর্ষে পাঠাচ্ছেন তাদের সমস্যাটা কি সে ব্যাপারে চিন্তা করতে হবে। ফুড প্রসেসিং এর ব্যাপরে দেখছি, আলু থেকে পটেটো চিপস তৈরি করতে শিল্প কারখানা গড়ে, মালদার আম থেকে জেলি তৈরির কারখানা বা টমটো থেকে জেলি নির্মাণের কারখানার ব্যবস্থা করতে পারলে বহু বেকার ছেলেদের কর্মসংস্থান হতে পারে। এই বলে কাট মোশনের বিরোধিতা করে শেষ করছি।

**শ্রী নিশিকান্ত মেহতা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য দপ্তরের ১৯৯৬-৯৭ সালের যে বাজেট বরাদ্দ তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। তবে বলতে গিয়ে বলার উৎসাহ আসছে না। সভায় যদি বিরোধী বন্ধুরা থাকতেন তাহলে ভালো হত, এরকম একটা গুরুত্বপূর্ণ দপ্তরের বাজেট বিতর্কে তাদের অংশ গ্রহণ করা দরকার ছিল, কারণ খাদ্য হচ্ছে এমন একটা জিনিস যা সমস্ত মানুষের প্রয়োজন এবং তারই জন্য একটা গুরুত্বপূর্ণ বাজেট। সেখানে বিধানসভায় না থেকে কোথায় রাস্তায় বোমা চার্জ করছেন, কোথায়ও বা রেল লাইন আটকে দিয়ে গোটা বাংলার আইন-শৃঙ্খলা বিঘ্নিত করার চেষ্টা করছেন। আর ওরা না থাকলে সভা জমেও না। তাই আজকে ফাঁকা মাঠে গোল দেবার মতো অবস্থা এখানে। যেহেতু কিছু বলতে হবে, সেজন্য বলছি।

আপনি জানেন, শুধুমাত্র পশ্চিমবঙ্গে নয়, ভারতবর্ষ জুড়ে আজকে খাদ্যের সমস্যা। খাদ্যে পশ্চিমবঙ্গ একটা ঘাটতি রাজ্য, কারণ স্বাধীনতার পরবর্তীকালে দেশভাগের ফলে পূর্ব ও পশ্চিম পাকিস্তান সৃষ্টি হবার পর আমাদের দেশের পাট চাষের জমিগুলি চলে গেল পূর্ব পাকিস্তানে। তখন বলা হয়েছিল আপনারা ধানের জমিতে পাট চাষ করে জুট মিলগুলিকে রক্ষা করন, তার শ্রমিকদের রক্ষা করুন। যেহেতু আমাদের রাজ্যের ধানের জমিগুলি পাটের জমিতে রূপান্তরিত হল, তারজন্য তখন কেন্দ্রীয় সরকার বলেছিলেন, প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, পাট চাষ করার জন্য খাদ্যে ঘাটতি যা হবে সেটা তারা পূরণ করবেন। কিন্তু পরবর্তী কালে সেই সাহায্য আমরা পাইনি, বরং বিভিন্নভাবে বঞ্চনা করা হয়েছে আমাদের প্রতি।

ভারতবর্ষে রাজ্যগুলি মধ্যে মানুষের চাপ সবচেয়ে বেশি রয়েছে আমাদের রাজ্যে, কারণ *পশ্চিমবঙ্গের মতো শান্তি-শৃঙ্খলা কোথায়ও নেই, কোনও জাতপাতের বিচার নেই। তারই জন্য অন্য রাজ্যে কিছু করতে না পারা মানুষজন পশ্চিমবঙ্গ চলে আসেন জীবিকার সন্ধানে।* তাছাড়া পশ্চিমবঙ্গ, বিশেষ করে কলকাতায় ৫ টাকা দিয়েও খাওয়া যাবে, আবার থাকলে ৫ লক্ষ টাকাও একদিনে খরচ করা যাবে। স্বভাবতই পশ্চিমবঙ্গে উদ্বাস্তুদের চাপ এবং সঙ্গে সঙ্গে অন্য রাজ্যের মানুষের চাপ, এই চাপের ফলে আমাদের রাজ্য ঘাটতি রাজ্যে পরিণত হয়েছে। তবে ভূমি সংস্কারের ফলে এই রাজ্যে কৃষকদের সমস্যার সমাধান হবার সম্ভাবনা রয়েছে। এ ব্যাপারে আমরা উদ্যোগ নিয়েছি। কংগ্রেসের সময় ১৯৫৯ সালে রাজ্য খাদ্য আন্দোলন হয়েছিল। সেই সময় প্রফুল্ল সেন বলেছিলেন কাঁচাকলা খাও। তখন হাজার হাজার মানুষ শহরমুখী হতেন এবং তাদের মুখে শ্লোগান থাকতো খাদ্য দাও, মাইলো দাও। তখন আমরা বামপন্থীর বলতাম "মানুষ না খেয়ে মরছে কেন কংগ্রেস সরকার জবাব দাও"। না খেয়ে মানুষ মরছে কিনা ব্লকে ব্লকে সেই ব্যাপারে তদন্ত হত। আজকে সেই জিনিস নেই। এখন মানুষের দাবি বিদ্যুৎ দাও, পাকা রাস্তা দাও। আমরা যখন নির্বাচনের সময় মানুষের কাছে গিয়েছি তখন মানুষ বলেছেন আমাদের আর খাওয়া-পরার অভাব নেই, আমাদের অর্থনৈতিক উন্নতি হয়েছে, আমাদের এখন পাকা রাস্তা তৈরি করে দিতে হবে, বিদ্যুৎ দিতে হবে। এই সীমিত ক্ষমতায় মধ্যেও বামফ্রন্ট সরকার খাদ্য সমস্যার সমাধান করার চেষ্টা করছে। স্যার, আমার কয়েকটি প্রস্তাব আছে, ডিপার্টমেন্টের কতকগুলি সমস্যা আছে সেই গুলি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জানাতে চাই। আমাদের এই পশ্চিমবাংলায় রেশন সিস্টেম আছে। এই সিস্টেমটাকে আমরা রক্ষা করার চেষ্টা করছি যাতে গরিব মানুষ এবং সাধারণ মানুষ কম দামে জিনিসপত্র পায়। কংগ্রেসের জামানায় খাদ্য নীতি ছিল যারা পাবে তারা

[4-00 — 4-10 P.M.]

খাবে যারা পাবে না তারা খাবে না। আমরা রেশন সিস্টেমের পক্ষে এবং পক্ষে বলেই পশ্চিমবাংলায় রেশন সিস্টেম আছে যা ভারতবর্ষের অনেক রাজ্যে নেই। এর সঙ্গে আমাদের বামপন্থীদের দাবি ছিল ১৪টি নিত্য প্রয়োজনীয় জিনিস একই মূল্যে গোটা ভারতবর্ষে সরবরাহ করতে হবে। বিগত কেন্দ্রীয় সরকার এটা করেনি, এই যুক্তফ্রন্ট সরকার করবে কিনা জানিনা। আমাদের এফ.সি.আই. বলে একটা সংস্থা আছে যারা গোটা ভারতবর্ষে গম চাল স্টক করে। আমাদের রেশনের সমস্ত জিনিস ওদের ওখান থেকে আসে। তারপর ওখান থেকে জিনিসপত্র আনার সময় ওরা মাঝে মাঝে বলে রেক নেই। সেই জন্য এফ.সি.আই. গুদাম থেকে টাইমলি জিনিসপত্র আনা যায় না। তারপর তো ওই গুদাম থেকে পচা মাল সরবরাহ করা হয় যে গুলি খাবার অযোগ্য। যাই হোক এখানে যে সিস্টেম আছে তা হল এফ.সি.আই. গুদাম থেকে ডিসট্রিক্ট ম্যাজিসট্রেট, সেখানে থেকে ডিসট্রিক্ট ডিসট্রিবিউটারদের হাতে যায়, সেখানে থেকে এম.আর. ডিলারের কাছে যায় এবং তারপর বেনিফিসিয়ারির কাছে যায়। এই এফ.সি.আই গুদাম থেকে বেনিফিসিয়ারিদের কাছে পৌছাতে একটা দীর্ঘ সময় লেগে যায় এবং তারপর সেটাকে ২-৩ দিনের বেশি বিলির সুযোগ পাওয়া যায় না। অন্যান্য জিনিসপত্র সপ্তাহে ২-৩ দিন দেওয়া হয় আর চিনি বা কেরোসিন তো শনিবার ছাড়া আর দেওয়ার সময় পাওয়া যায়না। কারণ তারপর সেই এম.আর. ডিলারকে মাল মিলিয়ে কাগজপত্র

রেডি করে ইন্সপেকটরের কাছে নিয়ে যেতে হবে পরবর্তী অ্যালটমেন্টের জন্য। ব্লকে ডিসট্রিবিউটারদের কাছে গ্রাস রুট লেভেলে জিনিসপত্র পৌঁছে দেওয়ার ক্ষেত্রে দীর্ঘ সময় চলে যায়। এই সিস্টেমের পরিবর্তন করা যায় কিনা, তাড়াতাড়ি জিনিসপত্র পৌঁছে দেওয়া যায় কিনা মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে বলব। এফ.সি.আই যে সমস্ত মালগুলি দেয় সেই ক্ষেত্রে কখনও কখনও দেখা যায় পুরুলিয়ার জেলার জন্য মাল স্টক নেই, দুর্গাপুর বাঁকুড়ায় পড়ে আছে। সমস্ত ডিসট্রিক্টে যাতে মাল স্টক থাকে সেটা কেন্দ্রীয় সরকারের দপ্তরকে জানাতে হবে। স্যার, আর একটা আশ্চর্যের বিষয় আছে। আমরা পশ্চিমবাংলার লোক সিদ্ধ চাল খেতে অভ্যস্ত, ছোট থেকে আমরা আতপ চাল খাই না। আমাদের এখানে পুজার সময় বা পুজার ব্যাপারে আতপ চাল কিছুটা লাগে। সিদ্ধ চাল পশ্চিমবাংলায় বেশি লাগে, গম বা আটা কম লাগে। আমাদের এখানে তারা আতপ চাল বেশি দেয়। আবার সাউথে তারা আতপ চাল বেশি লাগে, সেখানে সিদ্ধ চাল বেশি দেওয়া হয়। এ কি ব্যবস্থা? এই ব্যাপারে বারবার করে দাবি করেও ফল হয়েছে উল্টো। অর্থাৎ যাদের প্রয়োজন আতপ চাল তারা পায় সিদ্ধ চাল। আর আমাদের প্রয়োজন সিদ্ধ চাল, সেখানে আমরা পাই আতপ চাল। আমি এই ব্যাপারে মাননীয় মন্ত্রীকে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করার জন্য অনুরোধ জানাচ্ছি। এখন তো কেন্দ্রে যুক্তফন্ট সরকার হয়েছে। কেরোসিন আমাদের যা প্রয়োজন তার ৫০ পারসেন্ট আমরা পাই। এরজন্য আমাদের লড়াই করতে হবে। বামফ্রন্ট সরকার কৃষি শ্রমিকদের জন্য ৫ সপ্তাহ চালের ব্যবস্থা করেছেন। কিন্তু প্রশ্ন হচ্ছে এই চাল যারা পায় তাদের সবাই কি কৃষি শ্রমিক? প্রধানদের কাছে কৃষি শ্রমিকদের যে লিস্ট আছে সেটা সঠিক নয়। তারা যাতে আরও বেশি করে বরাদ্দকৃত চাল পেতে পারে তারজন্য কৃষি শ্রমিকদের জন্য আলাদা রেশন কার্ডের ব্যবস্থা করা দরকার। এইক্ষেত্রে দেখা যায় যে, যারা কৃষি শ্রমিক নয়, তারাও ভোগ করছে। কাগজে কলমে দেখা যায় যে কৃষি শ্রমিকরা চাল পাচ্ছে। যাদের জন্য এই চাল বরাদ্দ করা হচ্ছে, যাদের জন্য এই স্কীম পাঁচ সপ্তাহ অ্যালটমেন্ট করেন তারা ঐ অ্যাল্টমেন্টে ৮ সপ্তাহ চাল পেতে পারে, যদি কিনা মাননীয় মন্ত্রী মহাশয় কৃষি শ্রমিকদের জন্য আলাদা করে রেশন কার্ডের ব্যবস্থা করতে পারেন। এবারে আমি ক্ষেতে মজুরদের বিষয়ে বলতে চাই। এই ব্যাপারে আমরা এমন ব্যবস্থা করতে পারি কিনা, আমাদের দেশে শতকরা ৪০ ভাগ মানুষ ক্রয় ক্ষমতার নিচে আছে, তাহলে সমস্ত মানুষের জন্য আমরা এই চাল রেশনে অ্যালটমেন্ট করব কেন? গ্রামে শতকরা ৩০-৪০ ভাগ মানুষের জমি আছে এবং তারা ১২ মাসের চাল উৎপাদন করে, তাদের জন্য রেশনে চাল বরাদ্দের কি প্রয়োজনীয়তা আছে? সেই রকম একই ভাবে শহরে একটা অংশ আছে, যাদের পয়সা আছে, তারা রেশনের চাল কেন পাবে? যার নির্ধারিত আয়ের উপরে নির্ভর করে, দেখা যায় যে, তারাই রেশনের চাল খায়। অথচ আমরা সকলের জন্য বরাদ্দ করি। এটা না করে গ্রামাঞ্চলের ক্ষেত্রে যারা সত্যিকারের ল্যান্ডলেস, কেবলমাত্র তাদের জন্য বরাদ্দ করা যায় কিনা তা ভেবে দেখতে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। কেরোসিনের ব্যাপারে আর একটি প্রশ্ন আছে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের কাছে। ছোট ছোট পাম্পগুলো পেট্রোল এবং কেরোসিনে চলে। চাষীরা যখন জল হয়না, খরার সময়ে কেরোসিনের জন্য পাগলের মতো ছোটাছুটি করেও কেরোসিন পায় না। তাদের ধানগাছগুলো মরে যায়। এই ব্যাপারে আমি মাননীয় খাদ্যমন্ত্রী নরেনবাবুকে তিনি যখন খাদ্যমন্ত্রী ছিলেন তখন দরখাস্ত করে বলেছিলাম, এদের জন্য কেরোসিন বরাদ্দ করা যায়

কিনা। তিনি বলেছিলেন, না। ইন্ডাস্ট্রির মধ্যে পাম্প পড়ে, ইন্ডাস্ট্রিতে বরাদ্দ করা যায় না। তাহলে আমার প্রশ্ন হল, এই পাম্পগুলো তাহলে বার করা হল কেন? পাম্পগুলো কৃষির কাজে ব্যবহৃত হয়। তাহলে কৃষি কি ইন্ডাস্ট্রির মধ্যে পড়ে? কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার থেকে পাম্প ক্রয় করার জন্য উৎপাদনের জন্য তাহলে কেন ম্যানুফাকচারারদের পার্মিশন দেওয়া হয়ে থাকে? এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে দেখার জন্য অনুরোধ জানাই। এই কথা বলে বাজেটকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। বিরোধিদের ছাটাই প্রস্তাবকে বিরোধিতা করছি।

**श्री सलीव टोप्पो :** माननीय डिप्टी स्पीकर सर, आज पश्चिमबंगाल के खाद्य मंत्री ने जो वजट पेश किए है उसका समर्थन करते हुए और विरोधी दल द्वारा दिया गया कट-मोशन को निरस्त करते हुए इस बजट पर दो-चार बात अपनी ओर से कहना चाहता हुँ। आज विधान सभा मे एक महत्वपूर्ण विभाग का बजट पेश हुआ, आज विरोधी दल के सदस्यो को भी इसमे भाग लेना चाहिए था, लेकिन यह दुर्भाग्य ही है कि वो आज बाहर मे है और हुल्लड़ मचा रहे है और विशेषकर यही इनका चरित्र है यही इनका अभ्यास भी है। हाउस मे आज उनका रहना जरुरी था खाद्य जैसी एक महत्यपूर्ण विषय पर अंशग्रहण करना जरुरी था।

सर, इस बजट से कहा गया है कि हाल मे पश्चिमबंगाल मे खाद्य समस्या को दुर करने की संम्भावना रही है। चुकि यहा जिस प्रकार कि व्यवस्था है इससे पुवोर्तर के राज्यो एवं बिभिन्न देशो के जैसे नेपाल, भुटान और वंगलादेश लोग गलत ढ़ंग से कार्ड बना रखो है और यहां जो भोटर है सही नागरिक है उनको राशान कार्ड मूहैया कराने मे काफी कठिनाइयां होती है। किसी भी कारण से हो यहाँ पर बंगलादेश, नेपाल के जो गलत ढ़ंग से कार्ड बनबा लेते है एसी व्यवस्था को खतम करना बहुत जरुरी है। अगर इसपर अँकुश नही लगाया गया तो एक समय बहुत ही भयावह समस्या आएगी। सर, यहाँ पर मै मंत्री महोदय ने जो बजट मे वक्तव्य रखो है 270 आंफ टी गारडेन आंफ वेस्ट बंगाल गोट ए मन्थली एलोटमेन्ट आफ 31,836 मेट्रिक टन आफ राइस 47,748 मेट्रिक टन आफ व्हवीट एन्ड 864 मेट्रिक टन आफ सुगर फार डिस्ट्रीव्युसन एमोना 6.00 लाखटी गाडैन वरकर एन्ड मेम्वर आफ देयर फेमिलीज डयुरिंग 1995-96 सर, यहा पर जो कहाँ गया है मे चाय वागन मे रहता हुं मे अच्छी तरह जानता हुँ 6 लाख मजदुर परिवार है, उनमे दो लाख को आज राशन कार्ड की है। 6 लाख

मजदुरो मे से दो लाख चाय वगान मे रहने बालो को किसी तरह का राशान कार्ड नही है। सर, उनको राशान कार्ड की व्यवस्था हो। सर, चाय वगान के मजदुरो के डिपेन्डेन्ट है उनको राशन कार्ड दिया जाए। चाय वगान के मजदुरो को राशन कार्ड नही है जबकि आज राशान कार्ड इन्डियन सिटीजनशिप का प्रमाण पत्र है, फिर भी चाय वगान मे राशन कार्ड की कोर्ह व्यवस्था नही है, चाय वगान के राशन शोप मे शीड की व्यवस्था नही है, सर, अव वहाँ कोन सा राशनिंग व्यवस्था है, समझा मै नही आता है वहां किसी प्रकार की कोई समुचित व्यवस्था नही है। आज जव कि राशन कार्ड नागरिक का प्रमाण पत्र है हम वहाँ के लोगों को इसमे वंचित किया जा रहा है। वहां के लोगो को राशन कार्ड मुहैया किया जाए। वहां केरोसिन तेल या अन्य वस्तु वहाँ समुचित मात्रा मे वितरित नही किया जाता है। आज केरोसिन तेल की वहाँ सबसे अधिक आवशयकता है जबकि अन्य जगहो से ठीक आधा वहाँ वितरित किया जाता है। वहाँ के मजदुर आज भी अन्धकार मे जीने को विवश है।

सर, जहां तक विधुतिकरण की बात है पुरे पश्चिमबंगाल के गाँवों मे 25 प्रतिशात से ज्यादा विद्धुतिकरण नही हुआ है, अधिकतर चाय वगानो मे नही हुआ है। साल 1991 मे श्रम मंत्री, मजदुर युनियन के प्रतिनिधी और चाय वगान मालिको के बीच रोटंडा मे यह फैसला हुआ कि चाय वगान मे विद्धुतिकरण किया जाएगा लेकिन आज तक चाय वगान के मालिक इस फैसले को नजर अन्दाज किए हुए है। सप्ताह मे एक कार्ड पर 250 एम० एल० किरासन तेल दिया जाता है, अन्य वस्तुए भी इसी तरह से वितरित किया जाता है और सबसे कम किरासन तेल दिया जाता है, शहरो मे जहाँ विद्धुत है 500 एम० एल० तेल दिया जाता है यह जो दो तरह की व्यवस्था है इसको हटाना होगा।

सर, 3 नम्वर प्वइंट हमारा है वहाँ जो राशन शोप है अन्य जगहो मे जहाँ 400 ग्राम चीनी सप्ताह मे वितरित किया जाता है हमलोगो को यहाँ पर, मजदुरो को 200 ग्राम चिनी दिया जाता है। यही पर कम वितरित कयो किया जाता है, 200 ग्राम चीनी के जगह अन्य जगहो की तरह 400 ग्राम चीनी देने की व्यवस्था किया जाए। सर, यहाँ चो मजदुर है के लिए राशन शोप है वहाँ पाँच सप्ताह या छः सप्ताह मे किया जाता है उसमे

भी कभी तेल है तो चावल नही कभी। यहँा इन्डीटि फिकेशन करने की जरुरत है। वहँा के लोगों को उपेक्षा का शिकार नही होना पड़े, इस ओर नजर देने की आवश्यकता है। वामफ्रन्ट सरकार जो कि कमजोर वर्ग का हितैसी है, मजदुरो के सरकार के नाम से जाना जाता है, इनकी उपेक्षा नही की जानी चाहिए। डोअर्स इलाको मे भी अन्य जगहो की तरह राशनिंग व्यवस्था हो, सरकार इस ओर नजर दैगी जिससे इन मजदरो की समस्या को बहुत हद तक दुर किया जा सकता है। इसके साथ ही इस बजट का समर्थन करते हुए आपना वक्तव्य शेष करता हुँ। नमस्कार।

[4-10 — 4-20 P.M.]

**শ্রী কিরীটি বাগদী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই। এখানে যে বাজেট প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবকে আমি সম্পূর্ণরূপে সমর্থন করছি। সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। মনমোহন সিং এর নয়া অর্থনীতির ফলে গণ বণ্টন ব্যবস্থা একেবারে উঠে যেতে বসেছে এবং খোলা বাজার অর্থনীতি চালুর ফলে গণ বণ্টন ব্যবস্থাকে ধংস করেছে। কেন্দ্রীয় সরকার যে পরিমান চাল পশ্চিমবাংলাকে দিত সেটাও দেখা যাচ্ছে, সেখানে তার বরাদ্দ কমিয়ে দিচ্ছে এবং যেটুকুও দেয় সেটাও আজকে আমাদের এখানে এখানে যারা বিলি করেন, সেই এফ.সি.আই. থেকে শুরু করে গ্রামে ডিলার পর্যন্ত এই যে অব্যবস্থা, এই অব্যবস্থার জন্য আজকে গ্রামে সেই চাল পৌঁছাতে যেভাবে দেরি হয় তা বলার নয়। সপ্তাহে ১/২ দিনের বেশি রেশন দোকান খোলা থাকে না, সোমবারের মধ্যে আবার রিক্যুইজিশন অফিসে জমা দিতে হয় সেইজন্য আজকে দেখা যাচ্ছে গ্রামাঞ্চলে অসুবিধা সৃষ্টি হচ্ছে। তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে করে অনতিবিলম্বে এটার একটা ব্যবস্থা করা যায় সেই দিকে নজর রাখবেন। ক্ষেতমজুরদের ভরতুকি দিয়ে যে চাল ডাল দেওয়া হয় সেটা ৫,৬,৭ শত যাই হোক না কেন এটা আইনে পরিণত করতে হবে। ক্ষেতমজুররা দীর্ঘদিন ধরে লড়াই করে আসছে, আজকে তারা অবহেলিত হয়ে সমাজের পিছনে পড়ে আছে, সেইজন্য আমি বলব তাদের যেন রেশনটুকু দেওয়া হয়, এটা আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যাতে করে এটা আইনে পরিণত করা হয়। আমি মনে করি আজকে এই যে বণ্টন ব্যবস্থা এই গণবণ্টন ব্যবস্থাকে নিশ্চিতভাবে ব্যবহার করার জন্য ক্ষেতমজুর যারা পিছিয়ে আছে তাদের ব্যাপারটি দেখার জন্য কমিটি করে যদি দেখা হয় তাহলে এটা সুরাহা হতে পারে। এটা সুপরিকল্পিত হওয়ার সম্ভাবনাও আছে। সেইজন্য আমি আশা করব, এই দিকে নজর দেবেন এবং আগামী দিনে গণ বণ্টন ব্যবস্থার মধ্যে দিয়ে যাতে সুরাহা করা যায় এবং গরিব মানুষদের কাছে পৌঁছানো যায় তার আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ নির্মল সিন্‌হা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ মন্ত্রী যে বাজেট উপস্থাপন করেছে আমি সেই বাজেটকে সমর্থন করে এবং বিরোধিপক্ষের আনীত কাটমোশনগুলিব পরোপরি বিরোধিতা করে দ-চারটি কথা বলতে চাই। পশ্চিমবঙ্গ

সরকারকে অভিনন্দন জানাচ্ছি, কারণ কংগ্রেস সরকার ইতিপূর্বে গরিব মানুষদেরকে মারার জন্য যে পরিকল্পনার ব্যবস্থা করেছিলেন সেখানে এই সরকার যে সাহসী পদক্ষেপ নিয়েছেন তার জন্য অভিনন্দন জানাচ্ছি। পারিবারিক রেশন কার্ড তুলে দিয়ে মাথাপিছু রেশন কার্ড চালু করার জন্য ধন্যবাদ জানাচ্ছি। এই মাথাপিছু রেশন কার্ড ১০-১২ বছর আগে চালু হয়েছে, কিন্তু এখন পর্যন্ত প্রয়োজনীয় রেশন কার্ড মানুষ পাচ্ছে না, রেশন কার্ড সাপ্লাই ঠিক মতো হচ্ছে না। জানিনা টাকা-পয়সার ব্যাপার আছে কিনা, যদি থাকে তাহলে ওদের কাছ থেকে এক টাকা করে নিলেই হয়ে যায়। বণ্টন ব্যবস্থা এফ.সি.আই. নিয়েছে, এফ.সি.আইয়ের গুদামে ৬০ পারসেন্ট মাল থাকে। ফলে রেশন ডিলারদের কন্ট্রোলিঙের কোন ব্যবস্থা থাকছে না, ফুড চেকিংয়ের কোনও ব্যবস্থা থাকছে না, কোয়ালিটি কন্ট্রোলের কোনও ব্যবস্থা থাকছে না। ফুড অ্যান্ড সাপ্লাই মিনিস্ট্রি যখন ডাইরেক্ট এফ.সি.আইয়ের কাছ থেকে ফুড নেয় তখন কোয়ালিটি কন্ট্রোল থাকছে না। মাঝখানে ডিলাররা মাল বিক্রি করে দিচ্ছে এবং লো কোয়ালিটির মাল নিয়ে যাচ্ছে। লাল চালের ক্ষেত্রে দেখা যায় ডিলাররা সেই চালুগুলো পাল্টে দিচ্ছে। মুনাফা করার জন্য তারা লো কোয়ালিটির চাল সরবরাহ করে থাকে। এই দিকটা আপনার দেখা উচিত। অ্যাকচুয়ালি ডিলাররা এটা নিয়ে বিজনেস করেন এর বিরুদ্ধে যখনই ব্যবস্থা নেওয়া হচ্ছে তখনই তারা হাইকোর্টে যাচ্ছে এবং শতকরা ৯৫ ভাগ কেসে সরকারের হার হচ্ছে। আমাদের যে সমস্ত ল-ইয়াররা আছে তাদের জন্যই আজকে হার হচ্ছে। ডিলারদের যে অ্যাশোসিয়েশন আছে সেটা খুব শক্তিশালী অ্যাশোসিয়াশন তারা কোর্টে গিয়ে জিতে যাচ্ছে, তারা পূর্ণবহাল হচ্ছে এবং চুটিয়ে দুর্নীতি করে যাচ্ছে। শহর ও গ্রামাঞ্চলের মধ্যে এই বৈষম্য কোয়ান্টিটির ব্যাপারেও আছে ও মালের ব্যাপারেও আছে। গ্রামাঞ্চল চাল, গম চিনি এবং কেরোসিন দেওয়া হয়। অনেক সময় চিনি পাওয়া যায়না, গ্রামাঞ্চলে কেরোসিন বেশি দরকার তা পাওয়া যায় না। কেরোসিনের ব্যাপারে আমরা বার বার কেন্দ্রের কাছে সুপারিশ করেছিলাম এবং আমাদের সরকারের পক্ষ থেকে বলা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার কেরোসিনের কোটা বাড়াচ্ছে না। এখন কেন্দ্রে নতুন সরকার এসেছে, এই ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয়কে নজর দেওয়ার জন্য অনুরোধ করছি। আমরা দেখেছি ডিলারদের সঙ্গে ইন্সপেকটারদের একটা অশুভ আঁতাত আছে এবং এই আঁতাত যাতে দূর করা যায় তার জন্য আমি ডিপার্টমেন্টকে সচেতন হতে অনুরোধ করব। মাল সরবরাহের ব্যাপারে যদি পঞ্চায়েতকে যুক্ত করা যায় এবং ডিলারদের যে মাল দেওয়া হল তার একটা কপি যদি গ্রাম পঞ্চায়েতে দেওয়া যায় তাব চেক করবেন। এই কথা বলে আপনার এই বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-20 — 4-30 P.M.]

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ১৯৯৬-৯৭ আর্থিক বছরে ব্যয় নির্বাহের জন্য ৭৭ কোটি ৬ লক্ষ ৩০ হাজার টাকা ৫৪ নং ও ৮৬ নং দাবি অনুসারে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, তাকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। একটা কবিতা পড়েছিলাম, ''খাই খাই কর কেন এস বস আহারে। খাওয়া আর আজব খাওয়া ভোজ কয় যাহারে''। আজকে সেই আজব খাওয়ার জন্য কিন্তু আলোচনা হচ্ছে না, সেই ভোজের আলোচনা হচ্ছে না। আজকে মানুষ তার মধ্যে যে ক্ষুধা নামক রাক্ষসটা তাকে করে করে

খাচ্ছে, তার পেটের ভাতের যোগাড় করতে পারছে না। অল্প মূল্যে খাদ্য সরবরাহ ব্যবস্থা যাতে সফল হয়, বামফ্রন্ট সরকার চেষ্টা করে চলেছে। আজকে বিরোধিপক্ষ উপস্থিত নেই, কিন্তু কংগ্রেসের সময় থেকে স্বাধীনতার পর থেকে যদি পর্যালোচনা করি, তাহলে দেখতে পাই, বামপন্থীরা, সমাজবাদীরা যে গণ বন্টন ব্যবস্থার দাবি করে আসছে, তারা সেইটাকে বারবার বানচাল করার চেষ্টা করছে। ১৩৪৯ এর ঝড়ে ৫০এর মন্বন্তর যখন শুরু হয়েছিল, সেই সময়, ১৯৪৩ সালে বিদেশি ইংরেজরা নিরুপ্ন মানুষগুলোকে সস্তায় খাওয়াবার জন্য রেশন ব্যবস্থা চালু করেছিল। তারপর দেখতে পাই, কংগ্রেস আসার পর ৫৩ খ্রিস্টাব্দে কিদোয়াই কমিটির সুপারিশ অনুযায়ী সেই গণবণ্টন ব্যবস্থা, রেশন ব্যবস্থা তুলে দিয়েছিল। আমরা বামপন্থী মানুষ তা মেনে নিই নি। রেশন ব্যবস্থা পুনরায় প্রবর্তন এবং গণবণ্টন ব্যবস্থা রাখার জন্য আন্দোলন করেছিলাম। বিনিময়ে কি পেয়েছিলাম? ৪৯ খ্রিস্টাব্দে খাদ্য চাই, রুটি চাই বলে যখন মানুষ কলকাতার পথে মিছিল করেছিল, তখন বিধান রায় বিদেশে গিয়েছিলেন, প্রফুল্ল সেন অল্প সময়ের জন্য মুখ্যমন্ত্রী ছিলেন, তিনি সেই মিছিলের উপর গুলি চালালেন এবং ৪০টি তরতাজা প্রাণকে পৃথিবীর বুক থেকে সরিয়ে দিলেন। কিন্তু তা সত্ত্বেও বামপন্থীদের আন্দোলন থেমে থাকেনি এবং ৬৫ খ্রিস্টাব্দে সরকার বাধ্য হয়েছিল আবার গণবণ্টন ব্যবস্থা চালু করতে। আজকে কি দেখতে পাচ্ছি, কেন্দ্রের সরকার সেই গণবণ্টন ব্যবস্থাকে আবার বানচাল করার চেষ্টা করছে। তারপর নতুন গ্যাট চুক্তির সাক্ষর করে গরিব মানুষকে ভরতুকি কী দিয়ে খাবার দেবার যে প্রচেষ্টা নিয়ে বামপন্থী আন্দোলন সফল হয়েছে, সেটাকেও বানচাল করার চেষ্টা করছে। আমরা দেখতে পাচ্ছি সেই গণবণ্টন ব্যবস্থা ধীরে ধীরে নষ্ট হয়ে যাচ্ছে, কিন্তু আমাদের বামপন্থী সরকার সেই গণবণ্টন ব্যবস্থাকে ভালো ভাবে চালানোর জন্য চেষ্টা করছে। ৭৭ এ যখন ক্ষমতায় এসেছিলাম, তখন চাল,গমের উৎপাদন বাড়াতে সক্ষম হয়েছিলাম। কিন্তু ৭৭ থেকে কেন্দ্রের সরকার গণবণ্টন ব্যবস্থায় চাল, গম চিনির দাম বাড়াবার চেষ্টা করে। ৯০ সালের জানুয়ারি মাস থেকে মূল্য সূচক যদি দেখি, তাহলে দেখব গমের দাম ১২৭.৫ ভাগ কেন্দ্রীয় সরকারের জন্য বেড়েছে। চাল ১৫১.৭ শতাংশ বাড়ল। বর্তমানে দেখছি নিত্য ব্যবহার্য, অসামরিক জিনিসপত্র গ্যাস, পেট্রোল আরও কতগুলো জিনিসের দাম বাড়ছে, আমরা এর প্রতিবাদ করেছি। আমার মনে হয়েছে, দিল্লির চেয়ারে যে বসে, সেই জনসাধারণের স্বার্থ ভুলে যায়। কথায় আছে যে যায় লঙ্কার সে হয় রাবণ। আমরা আশা করেছিলাম, ঐ সরকার জনগণের স্বার্থ পূরণের চেষ্টা করবেন কিন্তু ঐ সরকার অর্থাৎ আমাদের বামপন্থী আদর্শে উদ্বুদ্ধ হয়ে যে যুক্তফ্রন্ট সরকার ওখানে আছেন তারা আজকে নিত্য প্রয়োজনীয় জিনিস-পত্রের দাম দাম বাড়াচ্ছেন। আমরা এর প্রতিবাদ করছি। আমাদের মুখ্যমন্ত্রীও বারবার বোঝাবার চেষ্টা করেছেন যাতে জিনিসের দাম কমানো যায়। আজকে একথা অস্বীকার করা যায়না, গণ-বন্টন ব্যবস্থা ঠিকমতো চালানোর জন্য আমাদের বামপন্থী সরকার কতগুলো কাজে হাত দিয়েছেন। চাল সংগ্রহের ব্যবস্থা, নাগরিকদের রেশন কার্ডের ব্যবস্থা, নিত্য প্রয়োজনীয় জিনিস পত্রের দাম যাতে না বাড়ে তার ব্যবস্থা করেছেন।

(এই সময় বক্তার মাইক বন্ধ হয়ে যায়)

**শ্রী কলিমুদ্দিন সামস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি দুঃখিত যে, আজকে আমাদের বিরোধী বন্ধুরা হাউসে নেই। আমি আশা করেছিলাম, ফুডের মতো একটা বাজেটে

মাননীয় বিরোধী বন্ধুরা উপস্থিত থাকবেন। যাইহোক আপনি জানেন, বামফ্রন্ট আসার আগে ফুড ডিপার্টমেন্ট নিয়ে এদেশের ইতিহাস এদিক থেকে ওদিক হয়ে গেছে। আপনারা ভালো ভাবেই জানেন, প্রি-পার্টিশন ডেজে মাননীয় ফজলুল হক মহাশয়, সেন্ট্রালের প্রাইমিনিস্টার ছিলেন। তার মতো প্রধানমন্ত্রী খুব কমই হয়েছেন। তখন উনি ফুড ডিপার্টমেন্টে দায়িত্বেও ছিলেন। যখন উনি এই ফুড ডিপার্টমেন্টে দায়িত্বে ছিলেন, আপনারা জানেন, পশ্চিমবঙ্গে লক্ষ লক্ষ লোক না খেয়ে রাস্তায় মারা গেছে। তার পরে আপনারা দেখেছেন, কংগ্রেস আমলে পি.সি.সেনকে। খাবার কথা ছেড়েদিন, আমরা দেখেছি, নজরুল ইসলাম নামে কৃষ্ণনগরের একটা ছেলে যে কিনা তেল আনতে গিয়েছিল কিন্তু তার বদলে তাকে পুলিশের গুলিতে মরতে হল। তাকে আমরা ভুলতে পারিনা। আমাদের আসার আগে পশ্চিমবঙ্গে এসব ঘটনা ঘটে গেছে, আপনারা জানেন। কিন্তু বামফ্রন্ট সরকার এখানে আসার পর সিদ্ধান্ত নেওয়া হল, পশ্চিমবাংলায় কাউকে না খেয়ে মরতে হবে না। সীমিত ক্ষমতার মধ্যে থেকেও আমরা পশ্চিমবাংলায় খাদ্য সিস্টেমকে একটা সিস্টেমেটিক ওয়েতে আনার চেষ্টা করছি। আর আপনারা এটাও জানেন, বিগত কংগ্রেস সরকার নানাভাবে আমাদের বাঁধা দেবার চেষ্টা করেছিলেন। এফ.সি.আই., স্টেট ট্রেডিং কর্পোরেশন আমাদের হাতে নেই। আমরা এফ.সি.আই.কে আগে টাকা দিয়ে দিই কিন্তু বস্তা ভর্তি করে তারা ইট-পাথর কি দেয় সেটা আমরা জানতে পারি না। যা তারা ডেলিভার করে তাই আমাদের স্বীকার করে নিতে হয়, বাবা-ভাইয়া বলে। এইভাবে এফ.সি.আই. দীর্ঘদিন ধরে পশ্চিমবাংলাকে জ্বালিয়ে খেয়েছে। তারা টাকা নেবার পরও অনেক সময় মাল সাপ্লাই করে না। দুঃখের বিষয়, এই হল এফ.সি.আই-র অবস্থা। কথায় বলে চোরের মা-র বড় গলা। রেলওয়ে ডিপার্টমেন্টের অবস্থাটা আপনারা জানেন। রেলওয়ে ডিপার্টমেন্ট আমাদের ঠিকমতো র‍্যাক সাপ্লাই করেনা। এতে পশ্চিমবাংলার জনগণের দুর্দশার মধ্যে পড়তে হয়। পশ্চিমবাংলায় এখনও আমাদের ডেফিসিট আছে। কিন্তু এটা ছিল না। পশ্চিমবাংলা যখন আলাদা হয়ে গেল, যখন ইউনাইটেড বেঙ্গল দুভাগে ভাগ হয়ে গেল তখন জুট চাষটা ইস্টবেঙ্গল চলে গেল। পার্টিশন হবার সঙ্গে সঙ্গে আপনারা দেখেছেন

[4-30 — 4-40 P.M.]

বি.সি.রায় পরিষ্কার বলেছিলেন পশ্চিমবাংলাকে বাঁচাতে গেলে ধান চাষকে পাট চাযে পরিণত করতে হবে। পশ্চিমবাংলার চাষীরা পাট চাষ আরম্ভ করল। কেন্দ্রীয় সরকার থেকে বলা হল খাদ্য ব্যবস্থা করা হবে, তারা অ্যাসিওরেন্স দিয়েছিলেন আমাদের। তাই পশ্চিমবাংলার খেটে খাওয়া মানুষ যারা ক্ষেতে খামারে কাজ করেন তারা ধান চাষের পরিবর্তে জুট চাষ করছিল। দুর্ভাগ্যের বিষয় আমি পাঁচ বছর এগ্রিকালচারাল মার্কেটিং মিনিস্টার ছিলাম, তখন কেন্দ্রীয় সরকারকে এ ব্যাপারে বলেছিলাম। আজ এই পাট চাষীরা আশ্চর্য হয়ে গেছে যে তাদের পাট বাজারে আসছে কিন্তু কেউ কিনতে রাজি হচ্ছে না। পশ্চিমবাংলার চাষীদের উৎপাদনকে কেনার জন্য জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া বলে ছিল জুট কিনবে। আমি হাউসে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। কেন্দ্রীয় সরকার আমাকে ফ্যাক্স মেসেজের মাধ্যমে বলেছিলেন জুটকে রক্ষা করার জন্য আমরা জুট কর্পোরেশনকে ২০ লক্ষ টাকা দিয়ে পশ্চিমবাংলায় নামাচ্ছি। এই কথা আমি এখানে বলছি তার কারণ পশ্চিমবাংলাকে শেষ করে দেবার জন্য যত রকম ব্যবস্থা হতে পারে সব রকমেই কেন্দ্রীয় সরকার করেছে। আমাদের বন্ধু নর

বাহাদুর ছেত্রী তিনি দার্জিলিংয়ের কথা বলেছেন। আমি তাকে বলি দার্জিলিং আমাদের গর্ব। এটা আমাদের গর্বের এলাকা, সেখানে যদি তাদেরকে চাল, গম চিনি না পাঠানো যায় তাহলে তারা বাঁচবে কি করে? সেখানে জুট হয় না, সেখানে গম হয় না, সেখানে শুধুই চা বাগান আছে, চা চাষ হয়। আমি নর বাহাদুর ছেত্রীকে বলতে চাই ওখানে ব্যবস্থা করার জন্য আমরা সারা পশ্চিমবঙ্গের যে সব জেলাতে যতটা চাল সাবসিডাইস রেটে সাপ্লাই করে থাকি তার থেকে বেশি চাল আমরা দার্জিলিংয়ে দিই এবং কম পয়সায়। দার্জিলিং-এ আমরা চাল ৬ হাজার ৬০০ টন সাপ্লাই করি, গম ৪ হাজার ৬০০ টন সাপ্লাই করি, সেখানে অন্য রাজ্যে যেমন কুচবিহার আমরা চাল ২ হাজার টন, গম ১ হাজার ৫০০ টন, জলপাইগুড়িতে চাল ২ হাজার ৭০০ টন, গম ২ হাজার ২০০ টন দিচ্ছি, আমরা এটা বাড়াতে চাই না। অন্যান্য জেলাতে যতটা চাল দিচ্ছি, দার্জিলিং সাবসিডি সাপ্লাই সব থেকে বেশি দিচ্ছি। রেশন কার্ডের যে ব্যবস্থা আছে সেটা ঠিক নেই, আমাদের রেশন কার্ডএর অবস্থা খুব খারাপ। এখন রেশন কার্ডের সংখ্যা ৭ কোটি ৬০ লক্ষ প্রায়। এই জাল রেশনকার্ড শুধু দার্জিলিংয়ে নয় সারা পশ্চিমবাংলার অনেক জেলাতেই আছে। আমাদের অফিসারেরা দিন-রাত পরিশ্রম করে এই জাল রেশনকার্ড ধরার চেষ্টা করছেন। কিন্তু মাননীয় সদস্যদের আমি বলতে চাই যে আমাদের অফিসাররা চেষ্টা করছেন তাদের আমি ধন্যবাদ দিচ্ছি, কিন্তু তার সাথে লোকাল রিপ্রেজন্টেটিভ যারা আছেন, এম.এল.এ. যারা আছেন, গ্রামপঞ্চায়েত, জিলাপরিষদ এবং অন্যান্য সোসাল ওয়ার্কারদের এ কাজে এগিয়ে আসতে হবে, সবাই মিলে এতে কাজ করতে হবে। সবাই যদি এগিয়ে না আসেন তাহলে শুধুমাত্র ফুড সাপ্লাই ডিপার্টমেন্টের একার পক্ষে এটা করা সম্ভবপর নয়। আমার অফিসাররা ৫ হাজার লাইসেন্স এবং ৪২০৯টি জাল রেশনকার্ড ধরেছেন। দেখছি যেখানে ১৫ লক্ষ রেশনকার্ড আছে অথচ সেখানে পপুলেশন হচ্ছে ১০ লক্ষ। আমি আমার বন্ধু ছেত্রীকে এবং আপনাদের অ্যাসিওরেন্স দিতে পারি যদি আপনারা সকলে এগিয়ে এসে আমাদের সহযোগিতা করেন, তাহলে নিশ্চয়ই আমাদের অফিসাররা বাকি ৫ লক্ষ ঘোস্ট কার্ড খুঁজে বের করতে পারবেন। সেটা সম্ভব হলেই যারা কম পরিমান রেশন পাচ্ছেন তাদের আমরা আরও একটু বেশি পরিমানে দিতে পারব।

এ কথা ঠিক, আমাদের কেরোসিন তেলের সমস্যা আছে। আমাদের ভয় হচ্ছে, সমস্যা হয়ত আরও বেড়ে যাবে। এখন পেট্রলের এবং গ্যাসের দাম বেড়ে যাবার জন্য কেরোসিন তেলের সমস্যা আরও বেশি বেড়ে যাবার সম্ভবনা দেখা দিয়েছে। পেট্রল এবং গ্যাসের দাম বাড়ার ফলে কেরোসিন তেলের ওপর যে চাপ আসবেই, এটা অস্বীকার করা যায়না। দুর্ভাগ্যের বিষয়, আমাদের কেরোসিন তেলের যা প্রয়োজন তা আমরা পাচ্ছিনা। আমাদের যা প্রয়োজন তার চেয়ে ৩০% কম পাচ্ছি। আমরা বার বার দাবি করছি, কেরোসিন তেল আমাদের আরও বেশি পরিমানে দিতে হবে। হ্যাঁ নিশ্চয়ই এটা ছেলে-খেলার মতো শোনাচ্ছে শহরে কেরোসিন তেল বেশি করে সাপ্লাই করা হচেছ আর গ্রামে তার চেয়ে ৫০% কম সাপ্লাই করা হচ্ছে। গ্রামেই কেরোসিন তেলের প্রয়োজন সবচেয়ে বেশি। শহরে বিদ্যুৎ আছে, অন্যান্য ব্যবস্থা আছে। গ্রামে ছোট ছোট ছেলে-মেয়েদের লেখাপড়া থেকে শুরু করে বিভিন্ন ক্ষেত্রে কেরোসিন তেলের চাহিদা অনেক বেশি। গ্রামে আমরা এখনও পর্যন্ত ডিমান্ড অনুযায়ী বিদ্যুৎ সাপ্লাই করতে পারছি না। যার জন্য গ্রামে বেশি পরিমানে কেরোসিন তেলের প্রয়োজন। এমন

কি চাষী-ভাইদের পাম্প চালাবার জন্যও কেরোসিন তেলের প্রয়োজন আছে। কিন্তু কেন্দ্রীয় সরকারকে বার বার বলা সত্ত্বেও আজ পর্যন্ত আমরা কখনও রিকোয়ার্ড কোয়ানটিটি অফ কেরোসিন তেল পাই নি। আমরা এ নিয়ে বার বার দিল্লিতে দরবার করছি সেদিনও আমি দিল্লিতে গিয়ে কেন্দ্রীয় ফুড মিনিস্টারকে বলেছি যদি পশ্চিমবাংলাকে বাঁচাতে হয়, পশ্চিমবাংলার খেটে খাওয়া মানুষদের মুখে হাসি ফোটাতে হয় তাহলে এফ.সি.আই.-র হাত থেকে পশ্চিমবাংলাকে রেহাই দিতে হবে। আর তা নাহলে তারা যাতে সোজা পথে চলে, তার জন্য ব্যবস্থা করতে হবে।

আমার বন্ধু রাজদেও গোয়ালা আজকে এখানে উপস্থিত নেই। পরশু দিন উনি আমার কাছে এসেছিলেন। উনি কর্মচারী ইউনিয়ন করেন, লড়াই করেন, লড়াকু মানুষ। আজ ২-৩ মাস কাশীপুর গোডাউন চালু নেই, গোডাউন বন্ধ আছে। এফ.সি.আই.র অফিসারদের এবং ইউনিয়নের রিপ্রেজেন্টিটিভদের নিয়ে আমি মিটিং ডেকেছিলাম ইউনিয়নের প্রতিনিধি বলতে , আমি এ ক্ষেত্রে মনে করি নর্থ ক্যালকাটায় একমাত্র সিটু ইউনিয়নই আছে এবং তার নেতৃত্বে রাজদেও গোয়ালা আছেন। সুতরাং তাকে নিয়ে এবং এফ.সি.আই.র অফিসারদের নিয়ে আমি মিটিং-এ বসেছিলাম। আমি শুনে অবাক হয়ে গেলাম— কাশীপুর গোডাউনে ৬০০ ওয়ার্কিং হ্যান্ডের যেখানে প্রয়োজন সেখানে মাত্র ২৫০ লোক আছে। অন্য একটা ইউনিয়ন বাকি লোক নিতে দিচ্ছে না। আমরা জানি ইউনিয়ন খেটে খাওয়া মানুষের স্বার্থে এবং দেশের মানুষের স্বার্থে কাজ করবে, অথচ ওখানে এই জিনিস হচ্ছে। এফ.সি.আই.-র অফিসারদের মুখ থেকে এবং সি.আই.টি.ইউ.র প্রতিনিধির মুখ থেকে যা শুনলাম তাতে বুঝলাম যে, আড়াই শোর জায়গায় যতক্ষণ না ৬০০ কর্মী দেওয়া যাবে ততক্ষণ গোডাউন চালু করা সম্ভব নয়, মাল ডিস্টিবিউট করা যাবে না। আমি জিজ্ঞাসা করেছিলাম, বাধা কোথায়? ওরা বললেন, 'বাধা আছে'। আমাদের বিরোধী বন্ধুরা আজকে এখানে নেই, থাকলে ভালো হত, আমি তাদের সরাসরি জিজ্ঞাসা করতাম, আপনারা ইউনিয়নগত লড়াই যে জায়গায় করবার সে জায়গায় করবেন, কিন্তু সে লড়াই করতে গিয়ে পশ্চিমবাংলার সাধারণ মানুষদের অসুবিধায় ফেলার কোনও রাইট আপনাদের আছে কি? আমি মনে করি, এরকম কোনও রাইট কারও নেই। আমি এফ.সি.আই.-র কাজের একটা উদাহরণ এখানে রাখলাম। কাশীপুরে এ জিনিস ঘটছে।

[4-40 — 4-48 P.M.]

আমার টাইম কম, তানাহলে আমি আরও অনেক উদাহরণ এখানে রাখতে পারতাম।

(এই সময় সবুজ আলো জ্বলে ওঠে)

ডেপুটি স্পিকার আলো জ্বালিয়ে দিয়েছেন। গ্রীন আলোর পরেও লাল আলো জ্বলবে। আমি আপনাদের বলি, কাশীপুরে কর্মী সংখ্যা আড়াই শো থেকে ৬০০ করতেই হবে, তানাহলে ওখানে সমস্যার সমাধান হবে না। সেকেন্ড থিং, খুবই দুর্ভাগ্যের বিষয় যে আড়াই শো লেবার কাশীপুরে কাজ করেন তাদের জন্য আগে যে ওভারটাইম চালু ছিল সেটাও এখন বন্ধ করে দেওয়া হয়েছে। ওভারটাইম কার্টেল করা হয়েছে। বললেন, ওভারটাইম দেওয়া চলবে না। এমনিতেই ওয়ার্কিং হ্যান্ড কম আছে প্লাস ওভারটাইম কম করে দিলে এই লোকগুলো না

খেয়ে মারা যায়। কিন্তু আমি সেদিন এফ.সি.আই. অফিসারদের বলেছিলাম, কত লোক নেওয়া যাবে সেটা পরে চিন্তা করা যাবে। ১৫ তারিখে হাইপাওয়ার একটা মিটিং ডেকেছি। ঐ মিটিং-এ ওদের সঙ্গে কথাবার্তা বলব। কিন্তু যে ওভারটাইম বন্ধ করেছেন সেটা চালু করে দিন। ওরা ভরসা দিয়েছেন, কথা দিয়েছেন ওভারটাইম চালু হয়ে যাবে। ওভারটাইম চালু হবার পর নর্থ ক্যালকাটা ও অন্যান্য জায়গায় চাল, গমের যে অভাবে আছে তা দূর করতে পারব। আমি আপনাদের বলি, আমাদের লাল চালের একটা স্কীম আছে। এই স্কীমের উদ্দেশ্য হচ্ছে, ল্যান্ডলেস লেবারারদের সাবসিডাইসড রেটে চাল সাপ্লাই করা। এই চাল সাপ্লাই কিন্তু রেশন কার্ডের মাধ্যমে হয় না। গ্রাম পঞ্চায়েত, লোকাল লেভেলে যারা অথরিটি আছে তারা লিস্ট সাপ্লাই করে দেন। সেই লিস্টের বেসিসে সাবসিডি রেটে ২ মাস যখন কৃষি শ্রমিকদের কোনও কাজ থাকে না সেই সময় আমরা এই চাল দিয়ে থাকি। আমি দিল্লিতে গিয়েছিলাম। ঐ সময়ে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলেছি। কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে চিন্তা করছেন। রেশন কার্ড যদি পুরো তুলে দেওয়া যায় তাহলেযারা প্রভার্টি লাইনের নিচে আছে তাদের সাবসিডাইসড রেটে চাল এবং গম সাপ্লাই করা যায়। এটা করলে ভালো হবে। এরজন্য আমাদের মুখ্যমন্ত্রী দিল্লি গেছেন। প্রাইম মিনিস্টারের সঙ্গে কথাবার্তা হচ্ছে। যদি এটা হয়, কেন্দ্রীয় সরকার যদি এটা করতে পারেন তাহলে আমরা ওয়েলকাম করব। দিল্লিতে ২ দিন থেকে মুখ্যমন্ত্রী মিটিং করছেন। আগামীদিনে আমাদের দাবি আছে। সেই দাবি হচ্ছে, ১৬টি এসেনসিয়াল জিনিসপত্র ফিক্স করে দিতে হবে। সেই ১৬টি এসেনসিয়াল জিনিসপত্র ফিক্সড করে দেবার পর আমাদের দাবি হবে, কেন্দ্রীয় সরকারকে ঐ ১৬টি জিনিসপত্রের জন্য সাবসিডি দিতে হবে। আমি যখন ইউ.এস.এস.আরে গিয়েছিলাম সেই সময়ে দেখেছিলাম, ঐ দেশে পা থেকে মাথা পর্যন্ত যত জিনিস আছে সবগুলিতে ৭৫ পারসেন্ট সাবসিডি দিচ্ছে। কিন্তু আমাদের দেশে কি হচ্ছে? কেমনভাবে দিচ্ছে? যে সিস্টেমে দিচ্ছে তাতে বোঝা যাচ্ছে, গরিব মানুষ যারা তারা খুব একটা লাভবান হচ্ছে না। আমার অনেক কিছু বলার ছিল, অবশ্য কিছুটা বলতে পেরেছি। অনারেবল ডেপুটি স্পিকার লাল আলো জ্বালিয়ে দিয়েছেন। আমি ঐ চেয়ারে ১০ বছর বসে ছিলাম। সুতরাং আমি বুঝি কি রকম অসহায় হয়ে যান। সেইজন্য আমি ওনাকে এমব্যারাসিং পজিশনে ফেলতে চাই না। তাই আমার বক্তব্য দীর্ঘ না করে শুধু একটি কথাই বলব, পশ্চিমবাংলার খেটে খাওয়া মানুষ বিশেষ করে যারা গ্রামে আছে—শহরে কেরোসিন তেল তো পাওয়া যাচ্ছে, দিল্লিতে দরবার করেছি, দরবার করার পর যদি কোটা আরও বেশি পাওয়া যায় তাহলে তা গ্রামে দেবার চেষ্টা করব। আর রাইস এবং হুইটের ব্যাপারে এফ.সি.আই যদি নিজের অবস্থা ঠিক না করে তাহলে বাধ্য হয়ে পশ্চিমবাংলার সরকারকে অলটারনেটিভ কোনও ব্যবস্থা করতে হবে। এটাই আমি আপনাদের বলতে চাই। কেন না পশ্চিমবাংলার খেটে-খাওয়া মানুষের সরকার সব কিছু বরদাস্ত করতে পারে, কিন্তু গরিব মানুষের উপর অন্যায়, অবিচার, সমস্যা সৃষ্টি করার যে রাজনীতি সেটাকে বরদাস্ত করবে না। এইজন্য আমি আপনাদের বলি, ডিমান্ড নাম্বার ৫৪ এবং ৮৬ যেটা আপনাদের কাছে প্লেসড হয়েছে বিরোধিবন্ধুরা তো খালি নাম লিখিয়ে চলে গেছেন, তাদের মরাল ডিউটি ছিল তারা যে কাট-মোশনগুলি দিয়েছেন সেগুলি মুভ করে যাওয়া। কিন্তু তারা সেটা মুভ করেননি। আমি মনে করি, এর থেকে ডার্ক ডেজ ফর ডেমোক্রাসি আর কিছু হতে পারে না। অপোজিশন দায়িত্বহীন পজিশনে আছে। কাট-

মোশন দেবার পর উইথড্র করে চলে যাওয়া উচিত ছিল। আর কাট-মোশন দেবার পরে মুভ যে করতে হয় সেটাও করলেন না। তাই আমি দায়িত্বহীন অপোজিশন বলব। সেইজন্য যত কাট-মোশন আছে তার বিরোধিতা করে এবং আমার ডিমান্ড নাম্বার ৫৪ এবং ৮৬ যেগুলি আপনাদের কাছে প্লেস করেছি, আমি আশা করছি, আমার ভরসা আছে, পশ্চিমবাংলার খেটে-খাওয়া মানুষের স্বার্থে এই ডিমান্ডগুলি আপনারা পাশ করবেন।

## DEMAND NO. 54

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 77,06,30,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads: "2408—Food, Storage and Warehousing and 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings)" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 25,69,00,000 already voted on account in February, 1996.) was then put and agreed to.

## DEMAND NO. 86

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,93,31,000 be granted for expenditure under Demand No. 86, Major Heads: "3456—Civil Supplies" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 1,32,00,000 already voted on account in February, 1996), was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 4.48 p.m. till 11 A.M. on Monday, the 8th July, 1996 in the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 8th July, 1996 at 11 A.M.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 14 Ministers, 7 Ministers of State and 112 Members.

[11-00 — 11-10 A.M.]

(Several Congress(I) Members rose to speak.)

**Mr. Speaker :** Now questions and answers.

(Question hour could not begin as the microphone did not function)

**Starred Questions**

**(to which oral answers were given)**

**বিদ্যাসাগর সেতুতে টোল ট্যাক্স আদায়**

*২৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭) **শ্রী অম্বিকা ব্যানার্জি এবং শ্রী আব্দুল মান্নান ঃ** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিদ্যাসাগর সেতু থেকে টোল ট্যাক্স বাবদ এ-পর্যন্ত আদায়কৃত অর্থের পরিমাণ কত;

(খ) এটা কি সত্যি যে, কোনও বেসরকারি সংস্থাকে উক্ত কর আদায়ের জন্য দায়িত্ব দেওয়া হয়েছে; এবং

(গ) সত্যি হলে, কোন সংস্থাকে এবং কি শর্তে উক্ত কর আদায় করতে দেওয়া হয়েছে?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ**

(ক) বিদ্যাসাগর সেতু থেকে টোল ট্যাক্স বাবদ এ পর্যন্ত আদায়কৃত অর্থের পরিমাণ (৩১.৫.৯৬ তারিখ পর্যন্ত) হল ১৮ কোটি ১২ লক্ষ ৪২ হাজার ১৪৪ টাকা।

(খ) না, বিদ্যাসাগর সেতু থেকে টোল ট্যাক্স আদায়ের দায়িত্ব হুগলি রিভার ব্রীজ কমিশনার্স (এইচ.আর.বি.সি) কর্তৃপক্ষ এযাবত নিজের নিয়ন্ত্রণেই রেখেছেন। পৃথক কোনও বেসরকারি সংস্থাকে এ ট্যাক্স আদায়ের অনুমতি দেওয়া হয়নি।

(গ) প্রশ্নই ওঠে না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে এই ব্রীজ তৈরি করতে কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছেন, উদ্বোধনী অনুষ্ঠানে তৎকালিন প্রধানমন্ত্রী এবং সারফেস ট্রান্সপোর্ট

মন্ত্রী, দুইজনেই এসেছিলেন, তারা বলেছিলেন যে, এই টাকা মকুব করে দেবেন, এই টাকার *সুদ দিতে হবেনা টাকা যা আদায় হবে সেটা দিয়ে নুতন ব্রীজ তৈরি করার কথা চিন্তা-ভাবনা* করুন আমি এখানে জানতে চাচ্ছি, এই যে টোল ট্যাক্স আদায় হচ্ছে, এই টাকা অন্য কোনও সেতু নির্মাণের জন্য ব্যবহার করবেন কিনা?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** আপনি যে কথা বললেন, এটা ঠিক নয়। এখনও পর্যন্ত সুদ সহ যে টাকা শোধ করার কথা সেই টাকা আমাদের শোধ করতে হচ্ছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, এখনও পর্যন্ত কত টাকা শোধ করেছেন?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** এটা এই প্রশ্নের সঙ্গে সম্পর্কযুক্ত নয়। আপনি যদি নির্দিষ্টভাবে প্রশ্ন করেন তাহলে জানিয়ে দেব।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই টোল ট্যাক্স দিতে গিয়ে দেখা গেছে যে বেশির ভাগ চ্যানেলগুলো বন্ধ থাকে, মাত্র ২।৩টি খোলা থাকে। তারফলে দেখা গেছে যে একটা গাড়ির প্রায় ৫।৬ মিনিট দাঁড়িয়ে থাকতে হয় এবং এরফলে মানুষকে হ্যারাস হতে হয়। কাজেই সব চ্যানেলগুলি খোলার জন্য কোনও ব্যবস্থা করবেন কি?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** মাননীয় সদস্য যেকথা বলেছেন, আমি তাকে জানাচ্ছি যে গাড়ি আটকে থাকার জন্য কোনও অসুবিধা হয়, এইরকম কোনও অভিযোগ আমার কাছে আসেনি। যদি নির্দিষ্ট অভিযোগ আসে তাহলে আমাকে জানাবেন, আমি নিশ্চয়ই এই সম্পর্কে ব্যবস্থা নেব।

**শ্রী আবুআয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৩১.৫.৯৬ তারিখ পর্যন্ত ১৮ কোটি ১২ লক্ষ ৪২ হাজার ১৪৪ টাকা আদায় হয়েছে। আমি জানতে চাচ্ছি যে, বিদ্যাসাগর সেতু দিয়ে দৈনিক গড়ে কত গাড়ি চলাচল করে এবং প্রতিদিন গড়ে কত করে টোল ট্যাক্স আদায় হয় সেটা জানাবেন কি?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** প্রতিদিন গড়ে ২০ হাজার গাড়ি চলাচল করে এবং তার থেকে দৈনিক গড়ে যা আদায় হয় সেটা হচ্ছে ৩ লক্ষ টাকা।

[11-10 — 11-20 A.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** বিদ্যাসাগর সেতুর ইনিশিয়াল রিপোর্ট যা ছিল তাতে দৈনিক ৮৫ হাজার গাড়ি ঐ সেতু দিয়ে যাতায়াত করবে বলে লক্ষমাত্রা ধার্য ছিল, অবশ্য সেটা অ্যাপ্রোচ রোডগুলো হয়ে যাবার পর। আমার জিজ্ঞাস্য, ঐ লক্ষমাত্রা পূরণ করবার জন্য অ্যাপ্রোচ রোডগুলোর কাজ শেষ করতে আর কতদিন সময় লাগবে। রাস্তাগুলো হয়ে গেলে এখন ৩ লক্ষ টাকা আদায়ের কথা যা বললেন সেটা চার-পাঁচ গুণ বৃদ্ধি হতে পারে।

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** হাওড়ার দিকের অ্যাপ্রোচ রোডগুলো কেন করা যায়নি সে সম্পর্কে আমার পূর্ববর্তী মন্ত্রী মহাশয় এক প্রশ্নের উত্তরে ইতিপূর্বেই জানিয়েছেন যে, কেস থাকবার জন্য কোনার সঙ্গে যোগাযোগ রক্ষাকারি রাস্তা করা যাচ্ছে না। তবে সম্প্রতি ঐ

কেসের সমাধা হয়ে গেছে। তবে সেটা হুগলি রিভার ব্রীজ কমিশন নয়, সি.এম.ডি.এ. করবে। তবে সেটা কবে পর্যন্ত হবে সেটা আমার পক্ষে বলা সম্ভব নয়।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** ঐ সেতুটির নজরদারি এবং টোল ট্যাক্স আদায়ের কাজে যারা নিযুক্ত রয়েছেন তাদের জন্য এই সময় পর্যন্ত কত টাকা খরচ হয়েছে?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** এটা সুনির্দিষ্টভাবে নোটিশ দেবেন, উত্তর দিতে পারবো।

**শ্রী সৌগত রায় ঃ** দ্বিতীয় হুগলি ব্রীজ মূলত কেন্দ্রীয় সরকারের সাহায্যে তৈরি হয়েছে। তারপর দেখা যাচ্ছে, ব্রীজটা তৈরি হবার পর অ্যাপ্রোচ রোড তৈরি না হবার কারণে তার উপর দিয়ে যানবাহন যাতায়াত করতে পারছে না। যানবাহন যাতায়াতের ব্যাপারে আবার রাজ্য সরকার একটা নীতি অবলম্বন করেছেন। একদিকে তারা ৩০ টাকা লরির জন্য এবং ৪ টাকা মোটর গাড়ির জন্য টোল ট্যাক্স ধার্য করেছেন যারজন্য বেশি গাড়ি ব্রীজটি দিয়ে যাতায়াত করছে না, অপর দিকে এই সরকার দীঘার দিক থেকে কোনও প্রাইভেট বাসকে ঐ ব্রীজ দিয়ে আসতে দিচ্ছেন না। বর্তমানে এক্সক্লুসিভলি ব্রীজটি দিয়ে সি.টি.সিরবাস চলছে। ঐ সেতু থেকে যাতে আয় বৃদ্ধি পায় তারজন্য দীঘার দিক থেকে অন্যান্য বাস আসতে দেবেন কিনা?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** মাননীয় সদস্য ৪ টাকা টোল ট্যাক্স আদায়ের কথা যা বললেন, কোনও গাড়ি থেকে ৪ টাকা আদায় করা হয় না আগেও হয়নি, এখনও হয়না। রেট হচ্ছে লরি, বাস এবং ট্রাক্টর এর ক্ষেত্রে আগে ছিল ৩০ টাকা, এখন করা হয়েছে ৭০ টাকা; ম্যাটাডোর, মিনিবাসের ক্ষেত্রে আগে ছিল ১৫ টাকা, এখন হয়েছে ৪০ টাকা; মোটর কারের ক্ষেত্রে আগে ছিল ৫ টাকা, এখন ৭ টাকা; স্কুটার ইত্যাদির ক্ষেত্রে আগে ছিল ২ টাকা, এখনও রয়েছে ২ টাকা, এক্ষেত্রে ট্যাক্সটা বাড়েনি। আর কেন্দ্রীয় সরকারের সাহায্যে নয়, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ নিয়ে আমাদের ব্রীজটা করতে হয়েছে এবং সেই ঋণটা শোধ করতে হচ্ছে। যে হারে শোধ করতে হচ্ছে সেটা হল ১৯৮৩ সাল পর্যন্ত ছিল ৬ শতাংশ, ১৯৯০ সালে ছিল ৭ শতাংশ এবং তারপর সেটা বাড়তে বাড়তে ১৯৯২ সালের মার্চ মাস থেকে ১১.৭৫ শতাংশ দাঁড়িয়েছে। প্রাইভেট বাস চলাচল সম্পর্কে যা বলেছেন, যেহেতু ব্রীজটা জাতীয়করণ করা হয়েছে সেজন্য ব্রীজটা দিয়ে কেবলমাত্র দূরপাল্লার বাস এবং সি.টি.সির বাস যাতায়াত করে যেহেতু ব্রীজটা পারাপারে টোল ট্যাক্স রয়েছে। এ-সম্পর্কে প্রাইভেট বাসের পক্ষ থেকে কোনরকম আবেদন করা হয়নি। আবেদন জানালে আমরা দেখবো যে, এক্ষেত্রে কি করা যায়।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিদ্যাসাগর সেতু সংলগ্ন সাঁতরাগাছি ওভার ব্রীজ কত দিনের মধ্যে সম্পন্ন হবে?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** আপনার এই প্রশ্নটা মূল প্রশ্নের সঙ্গে সম্পর্ক যুক্ত নয়। তবুও বলছি এটা সি.এম.ডি.এ-এর অধীনে, আমার পক্ষে এই প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নয়। নির্দিষ্টভাবে প্রশ্ন করলে পূর্ত দপ্তর উত্তর দিতে পারবে।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের উত্তর শুনে দক্ষিণবঙ্গের মানুষ

বিশেষ করে যারা সড়ক পরিবহনের উপর নির্ভরশীল তারা যথেষ্ট আতঙ্কগ্রস্ত হল। দক্ষিণবঙ্গের দিঘার সংলগ্ন এলাকার মানুষের বাস ছাড়া এখানে আসার কোনও উপায় নেই। দ্বিতীয় সেতু যখন হল তখন আমরা আশান্বিত হয়েছিলাম যে যানজট এড়িয়ে আমরা এখানে তাড়াতাড়ি আসতে পারবো। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে সরকারি বাস ছাড়া বিদ্যাসাগর সেতুর উপর দিয়ে অন্য কোনও বাস যাবে না। এখন তো সি.এস.টি.সি-র বাস নেই, সাউথ বেঙ্গলের বাস নেই। প্রাইভেট বাস না আসতে দিলে যাতাযাতের অসুবিধা হবে। আপনি বলুন কবে প্রাইভেট বাস সহ সরকারি বাসগুলিকে দীঘা থেকে বিদ্যাসাগর সেতুর উপর দিয়ে আসতে দেবেন?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** মাননীয় সদস্যের আতঙ্কগ্রস্তের উত্তর আমি দিতে পারবো না। বিষয়টা হল আমাদের এখন একটা রাস্তার উপর নির্ভর করতে হচ্ছে। হাওড়ার দিকে হাওড়া আন্দুল রোডটি সম্পূর্ণ না হলে বেশি বাস চালালে অসুবিধা হবে। অ্যাপ্রোচরোড কমপ্লিট হলে সি.এস.টি.সি এবং সাউথ বেঙ্গল বাসগুলি চালানোর অসুবিধা থাকবে না। যতক্ষণ না পর্যন্ত এই কাজগুলি সম্পূর্ণ হচ্ছে ততক্ষণ বেশি বাস চালানো সম্ভব হবে না।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** স্যার, মন্ত্রী মহাশয়কে একটি অতিরিক্ত প্রশ্ন করছি। টোল ট্যাক্স একটা স্পেসিফিক পারপাসে ইমপোজ করা হয়। আপনি জানেন ডায়মন্ড হারবার ব্রীজের জন্য টোল ট্যাক্স ছিল। যখন সেই স্পেসিফিক পারপাসটা সার্ভ হয়ে যায় তখন আর টোল ট্যাক্স থাকে না। যদি না থাকে তাহলে দু-একটা ক্ষেত্রে এখনও আছে কেন?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** এই প্রশ্নটি মূল প্রশ্নের সঙ্গে সম্পর্ক যুক্ত নয়। আপনি নির্দিষ্টভাবে প্রশ্ন করলে উত্তর দিতে পারবো।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ১৮ কোটি সামথিং টাকা টোটাল ইনকাম হয়েছে। এই অঙ্কটা কি আপনি অর্ডিট হয়েছে এইরকম জায়গা থেকে দেখে বললেন না মনগড়া বললেন?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** আমার কাছে নির্দিষ্ট উত্তর আছে, অর্ডিট অ্যাকাউন্ট দেখেই বলছি। মাননীয় সদস্য যদি প্রয়োজনীয় পেপার দেখতে চান তাহলে আমার কাছে এসে দেখে যেতে পারেন।

## রাজ্যের পর্যটন কেন্দ্রের সংখ্যা

***২৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৯) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য সরকারের কতগুলি পর্যটন কেন্দ্র আছে?

(খ) কতগুলি পর্যটক আবাস আছে; এবং

(গ) বিদেশি বা অন্য রাজ্যের পর্যটক আকর্ষণের জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি :**

(ক) আপাতত মোট ১৭টি পর্যটন কেন্দ্র আছে।

(খ) মোট ৩৫ (পয়ত্রিশ)টি পর্যটক আবাস আছে। পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন বিভাগের অধিন ৫ (পাঁচ) টি পর্যটক, আবাস এবং পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমের পরিচালনায় ২৬ (ছাব্বিশ) টি পর্যটক আবাস আছে। এছাড়া ৪ (চার) টি পর্যটক আবাসের পরিচালন ভার চুক্তির ভিত্তিতে অন্য সংস্থাকে দেওয়া হয়েছে।

(গ) দেশি ও বিদেশি পর্যটকদের আকৃষ্ট করার জন্য পশ্চিমবঙ্গ পর্যটন বিভাগ বিভিন্ন স্থানের ওপর পর্যটন সংক্রান্ত পুস্তিকা ও প্রচারপত্র প্রকাশ করে থাকে এবং পশ্চিমবঙ্গকে পর্যটকদের কাছে আকর্ষণীয় করে হাজির করার উদ্দেশ্য কয়েকটি খুবই উৎকৃষ্ট মানের স্বল্পদৈঘ্যের তথ্যচিত্র তৈরি করেছে। এছাড়াও পশ্চিমবঙ্গে ও রাজ্যের বাইরে যেমন ত্রিপুরা, আন্দামান, দিল্লি প্রভৃতি স্থানে নানা প্রদর্শনীতে পর্যটন বিভাগ অংশগ্রহণ করে। দার্জিলিং, বিষ্ণুপুর, কলকাতা এবং অন্যান্য স্থানে পর্যটন উৎসবের আয়োজন প্রতি বছরই করা হয়। বিভিন্ন ভাষায় প্রকাশিত সর্বভারতীয় পত্রপত্রিকাতে প্রচারের উদ্দেশ্যে বিজ্ঞাপন দেওয়া হয়। কলকাতায় আরও তিনটি পাঁচতারা হোটেলের জন্য জায়গা দেওয়া হয়েছে। সুন্দরবনে ভ্রমনের জন্য তিনটি লঞ্চ রয়েছে, এছাড়া বিদেশি পর্যটকদের জন্য শীততাপ নিয়ন্ত্রিত দুটি লঞ্চ তৈরি করা হচ্ছে।

বর্তমানে বিনয়-বাদল-দীনেশ বাগের রাজ্য পর্যটন দপ্তরের আঞ্চলিক দপ্তরটিকে ঢেলে সাজাবার জন্য সংস্কারের কাজ আরম্ভ হয়েছে। আঞ্চলিক অফিসটিকে শীততাপ নিয়ন্ত্রিত করে এবং পর্যটকদের সুবিধার কথা চিন্তা করে পর্যটক আবাসগুলির অগ্রিম রিজার্ভেশনের জন্য কম্পিউটার ব্যবস্থা চালু করার পরিকল্পনা আছে। শিলিগুড়ি, দুর্গাপুর, দিল্লি ও মাদ্রাজের অফিসগুলিকে ভবিষ্যতে এই কম্পিউটার ব্যবস্থার সঙ্গে যুক্ত করা হবে।

[11-20 — 11-30 A.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি যে, পশ্চিমবাংলায় বিগত দিনের তুলনায় পর্যটকের সংখ্যা কি কমে আসছে? যদি তাই হয়, তাহলে '৯৩-'৯৪ সালের আর্থিক বছর, '৯৪-'৯৫ সালের আর্থিক বছর এবং সম্ভব হলে '৯৫-'৯৬ সালের এ পর্যন্ত পর্যটক যারা এসেছেন, তাদের সংখ্যা কত?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি :** আপনি যদি সুনির্দিষ্ট ভাবে প্রশ্নটি করেন তাহলে আমি সমস্ত উত্তর বিস্তারিত ভাবেই দিতে পারি। তবে আমি এখন আপনার প্রশ্নের একটি অংশের উত্তর আপাতত দিতে পারি। আপনি যেহেতু বিদেশি পর্যটকদের সম্পর্কে প্রশ্ন করেছেন, তাই আমি সেই উত্তরটাই দিচ্ছি। ১৯৯৪ সালে এই রাজ্যে বিদেশি পর্যটক এসেছিল ১.৬৩ লক্ষ, ১৯৯৫ সালে এই সংখ্যাটা কমে হয়েছিল ১.১৮ লক্ষ। ১৯৯৪-৯৫ সালে পর্যটকের সংখ্যাটা কমে যাওয়ার প্রধান কারণটা ছিল বিধ্বংসী বন্যা। এছাড়া আপনার জ্ঞাতার্থে

জানাই, আপনি ১৯৯১-'৯৫ সালে পর্যটকের সংখ্যা কমেছে বলে যেটা বললেন তা ঠিক নয়। ১৯৯১-'৯৫ সাল পর্যন্ত আমাদের রাজ্যে বিদেশি পর্যটকের সংখ্যা বেড়েছে ৫৯ পার্সেন্ট। ঐ একই সময়ে আমাদের দেশে সেই সংখ্যা বেড়েছে ৪১ পার্সেন্ট। কাজেই আমাদের রাজ্যে পর্যটকের সংখ্যা কমেছে, এটা ঠিক নয়। তবে কোনও কোনও সময়ে স্থানীয় কারণে. যেমন, গত বছরের আগের বছরে প্লেগের ফলে একটু কম হয়েছিল এবং ১৯৯৫ সালে বন্যার জন্য স্বাভাবিক ভাবেই কম হয়েছিল। কিন্তু সামগ্রিক ভাবে এখানে পর্যটকের সংখ্যা বেড়েছে।

**শ্রী জয়ন্তকমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি আগে বলেছিলেন যে, মুর্শিদাবাদের লালবাগে ঐতিহাসিক হাজার দুয়ারিকে কেন্দ্র করে ১৪ কোটি টাকার একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সেই পরিকল্পনার মধ্যে কি ধরনের পরিকল্পনা নেওয়া হয়েছে তার একটু পূর্বাভাষ দিতে পারবেন?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আপনার অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই যে, ১৪ কোটি টাকার কোনও পরিকল্পনা গৃহিত হয়নি। আমরা 'ওয়েভকনকে' দিয়ে একটা সমীক্ষা করিয়েছিলাম। তারা সমীক্ষা করে পরিকল্পনা গৃহিত হলে আনুমানিক কত খরচ হতে পারে তা বলেছিলেন। সেই সমীক্ষায় তারা পরিকল্পনাটিতে কত খরচ হতে পারে, তার পরিমাণ বলেছিলেন। ১৪ কোটি টাকা হচ্ছে সেই সমীক্ষায় আনুমানিক খরচ।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** রাজ্য সরকার যে সমস্ত পর্যটন কেন্দ্রগুলি পরিচালনা করছেন আমি জানতে চাইছি, ঐতিহাসিক স্মৃতি বিজড়িত যে সমস্ত স্থান আছে, যেখানে স্বাধীনতা আন্দোলনের সময়ে বহু নামকরা রাজনৈতিক কর্মি বন্দী ছিলেন, যেমন উত্তর বাংলায় বকসাদুয়ার, সেখানে একটি জেল আছে এবং খুব মনোরম পরিবেশ, ঐ বকসাদুয়ারকে কেন্দ্র করে রাজ্য সরকারের কোনও পর্যটন কেন্দ্র খোলার পরিকল্পনা আছে কি?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** এই মুহূর্তে বকসাদুয়ার সম্পর্কে কোন নির্দিষ্ট পরিকল্পনা নেই। আমাদের দপ্তর থেকে পরিকল্পনা করেছি, কোন একটি সর্বভারতীয় সংস্থাকে দিয়ে দার্জিলিংয়ের পূর্ব থেকে জলপাইগুড়ি, অর্থাৎ তিস্তার উত্তর থেকে সংকোশ নদী পর্যন্ত বিশাল অঞ্চলটিতে ট্যুরিজমের ডেভেলপমেন্টের জন্য এবং সমীক্ষা করার কাজে আমরা হাত দিয়েছি। সমীক্ষার কাজ শেষ হলে আমরা সুনির্দিষ্টভাবে জানতে পারবো কোনও জায়গাতে আমরা পর্যটনের কার্যকলাপ বৃদ্ধি করতে পারবো।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, সুন্দরবন অঞ্চলে বিদেশি পর্যটকদের নিয়ে যাওয়ার জন্য, আপনার আগে যিনি মন্ত্রী ছিলেন এই দপ্তরের তিনি বলেছিলেন আমরা একটা মাস্টার প্লান করছি, যেহেতু সুন্দরবন অঞ্চলটি বিদেশি পর্যটকদের কাছে খুবই উপযুক্ত যেমন পশ্চিমবাংলায় পাহাড় আছে, আবার সমুদ্রও আছে, বিশেষ করে সুন্দরবন অঞ্চল, তাই নৃতনভাবে সুন্দরবন এলাকাতে বিদেশি ট্যুরিষ্টদের আকর্ষণ বাড়াবার জন্য কোনও মাস্টার প্লান নেওয়া হয়েছে কিনা জানাবেন কি?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** আপনি নিশ্চয় জানেন, সুন্দরবনের ব্যাপারে আমাদের একটা পুরনো সমীক্ষা করা হয়েছিল, সেই সমীক্ষা আমাদের কাছে আছে। এছাড়াও ক্যাটামারান

সার্ভিস্ চালু হওয়ার ফলে একটা সম্ভাবনা সৃষ্টি হবে সরাসরি কলকাতা থেকে সুন্দরবনে যাওয়ার ব্যাপারে। এছাড়াও ক্যাটামারান এর মত দ্রুতগামি জলযানকে ব্যবহার করে সুন্দরবনে যাওয়ার যে সম্ভাবনা উন্মোচিত হয়েছে তাকে ব্যবহার করা, আমরা এই ব্যাপারে বেসরকারি সংস্থার সঙ্গে প্রাথমিকভাবে স্থির করেছি এই সম্ভাবনাকে কাজে লাগিয়ে ভবিষ্যতে সুন্দরবনকে বিদেশিদের কাছে আকর্ষিত করার জন্য কোনও পরিকল্পনা গ্রহণ করতে পারি কিনা, এই মুহূর্তে রাজ্য সরকারের কোনও সুনির্দিষ্ট পরিকল্পনা নেই। আমরা কিছু বেসরকারি সংস্থার সঙ্গে কথা বলছি যাতে ভবিষ্যতে এইরকম সম্ভাবনা তৈরি হয়, আমাদের পর্যটন দপ্তরের প্যাকেজ লিস্টের মধ্যে আছে।

**শ্রী তিমিরবরন ভাদুড়ি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, মুর্শিদাবাদ এবং নদীয়ার মাঝখানে পলাশির ব্যাটেল-ফিল্ড এবং মীরমদন এর কবর, এটাকে কেন্দ্র করে কোনও পরিকল্পনা নিয়েছেন কিনা?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** আমাদের দপ্তরের থেকে এই মুহূর্তে কোনও পরিকল্পনা নেই।

**শ্রী জটু লাহিড়ি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় ৪টি পর্যটক আবাস বেসরকারি হাতে চুক্তিবদ্ধভাবে দিয়েছেন, আপনারা সব জায়গাতেই চুক্তিবদ্ধভাবে দিয়ে দেওয়ার চেষ্টা করছেন, যেমন শিক্ষক শিক্ষিকা চুক্তিবদ্ধভাবে দিয়ে দেওয়ার কথা ভাবছেন, '৯৬-৯৭ সালে বেসরকারি ভাবে আর কতকগুলি পর্যটক আবাসকে চুক্তিতে দিয়ে দেওয়ার কথা ভেবেছেন, জানাবেন কি?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় সদস্যর অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাচ্ছি, আমরা ম্যানেজমেন্ট চুক্তিতে ৪টি আবাসকে বেসরকারির হাতে দিয়েছি, এই মুহূর্তে কোনও সুনির্দিষ্ট পর্যাটক আবাস বেসরকারির পরিচালনার হাতে দেওয়ার চিন্তা-ভাবনা আমাদের এই দপ্তরের নেই।

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, হুগলি জেলায় ব্যান্ডেল চার্চ এটা একটা ঐতিতহাসিক চার্চ, যেখানে বিদেশি পর্যটকরা আসেন, এছাড়াও গাজিদোয়ারা কে কেন্দ্র করে কোনও পর্যটন কেন্দ্র খোলার কথা বা পরিকল্পনা নিয়েছেন কি?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** এই মুহূর্তে চন্দননগরে একটা আধুনিক রেষ্টুরেন্ট তৈরি করা ছাড়া আর কোনও পরিকল্পনা আমাদের এই দপ্তরের নেই।

[11-30 — 11-40 A.M.]

**শ্রী আবুআয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহণ করে জানাবেন কি, আমাদের রাজ্যে পর্যটন দপ্তর ১৯৯৩ সাল থেকে পর্যটকদের আকর্ষণ করার জন্য এবং সাধারণ মানুষের মধ্যে প্রচারের জন্য অনেক উৎসব করেছেন। ১৯৯৪ সালের জানুয়ারি মাসে যখন কলকাতায় চলচ্চিত্র উৎসব চলছিল, তখন কলকাতা ময়দানে আপনার দপ্তরের পক্ষ থেকে সু-খাদ্য উৎসবের আয়োজন করা হয়েছিল। বর্তমান বৎসরে এই ধরনের কোনও উৎসব করার পরিকল্পনা আপনার আছে কি?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি** ঃ এই ধরনের উৎসব প্রতি বছরই আমরা করে থাকি যেমন, সুখাদ্য উৎসব, টি ফেস্টিভেল, বিষ্ণুপুর উৎসব ইত্যাদি। এই বছরে আমাদের উৎসবের সংখ্যা বাড়ানোর একটা পরিকল্পনা আছে।

**শ্রী সঞ্জীব দাস** ঃ এই সরকারি পর্যটক আবাস যেগুলো আছে তার কতগুলোতে লাভ হয়েছে এবং কতগুলোতে ক্ষতি হয়েছে। লাভের পরিমাণ কত এবং ক্ষতির পরিমাণ কত?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি** ঃ যদিও এই প্রশ্নের সার্থে এটা সংশ্লিষ্ট নই। তবে আমার কাছে ৩৩টি ট্যুরিস্ট লজের হিসাব আছে এবং এটা সব বলতে গেলে দীর্ঘ সময় লাগবে। আমি মাননীয় সদস্যাকে অনুরোধ করব প্রশ্নোত্তর পর্বের পরে উনি আসলে ওনাকে আমি কাগজ দিতে পারব।

**শ্রী নিশিকান্ত মেহেতা** ঃ আপনি জানেন স্যার, পুরুলিয়ার অযোধ্যা পাহাড় দার্জিলিংয়ের পরেই। সেখানে বিভিন্ন জায়গা থেকে পর্যটকরা যান। আগে সেখানে রাস্তা ছিলনা, এখন সেখানে পুরুলিয়া থেকে অযোধ্যা, ভায়া শিরকাবাদ একটা রাস্তা হয়েছে এবং যে পাম্প স্টোরেজ আছে সেখানে পিচের কাজ হয়েছে, এটা জাপানের সহযোগিতায় হয়েছে। সেই জায়গাটাকে ট্যুরিস্ট স্পট হিসাবে উন্নতি করার কোনও পরিকল্পনা আপনার দপ্তরের আছে কিনা?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি** ঃ অযোধ্যা পাহাড়ে আটটি কটেজ তৈরি করার একটি প্রকল্পের কাজ চলছে, পাঁচটি কটেজ তৈরি হয়ে গেছে এবং তিনটি কটেজ শেষ হওয়ার পথে। এই কাজ করছে সি.এ.ডি.সি। অদূর ভবিষ্যতে অযোধ্যা পাহাড়কে সাধারণের জন্য খুলে দিতে পারব। তবে সময় লাগবে।

**শ্রী অসিত মিত্র** ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই, হাওড়া জেলার গড়চুমুকে একটা টুরিস্ট লজ করার ব্যাপারে হাওড়া জেলা পরিষদের সঙ্গে তদানিন্তন মন্ত্রী মহাশয়ের একটা সংঘাত ছিল। সুভাষবাবু বলেছিলেন তিনি ট্যুরিস্ট লজ করবেন, এবং হাওড়া জেলা পরিষদ বলেছিল আমরা ট্যুরিস্ট লজ করবো। আমি জানতে চাই সেই সংঘাত মিটে গিয়ে সেখানে ট্যুরিস্ট লজ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি এবং হাওড়ার গাদিয়ারা এবং নওদাতে ট্যুরিস্ট লজ করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি** ঃ যদিও অরিজিন্যাল প্রশ্ন বিদেশি পর্যটক সংক্রান্ত তাও আমি আমার যতটুকু স্মৃতিতে আছে সেটুকু আপনাকে বলে দিই। গড়চুমুকের বিষয়টা যে জায়গায় ছিলো সেই জায়গাতেই আছে। আর গাদিয়ারা ট্যুরিস্ট লজে অল্প কিছুদিনের মধ্যে আমরা একটা আপ্যনক রেস্টুরেন্ট উদ্বোধন করবো।

**শ্রী অসিত মিত্র** ঃ তাহলে ওই জায়গাটায় আপনাদের থামে নি? যে গন্ডগোল ছিল সেই জায়গাতেই আছে।

### সরকারি ভেড়ি বেসরকারিকরণ

*২৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৭) **শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়** ঃ মৎস্য বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য মৎস্য-উন্নয়ন নিগমের ১১টি সরকারি ভেড়ি যৌথ উদ্যোগে এস.কে. টোডিদের হাতে তুলে দেওয়া হচ্ছে;

(খ) সত্যি হলে, কোন কোন ভেড়ি যৌথ উদ্যোগের মাধ্যমে টোডিদের হাতে তুলে দেওয়া হচ্ছে; এবং

(গ) যৌথ উদ্যোগের শর্তাবলি কি কি?

**শ্রী কিরণ্ময় নন্দ ঃ**

ক) না

খ) প্রশ্ন ওঠে না।

গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, মন্ত্রীর একটা বিবৃতি আমি এখানে দিতে চাইছি। উনি ১১টা ভেড়ির নাম উল্লেখ করেছিলেন। আলমপুর মৎস্য প্রকল্প, ফ্রেজারগঞ্জ মৎস্য প্রকল্প, হলদিয়া মৎস্য প্রকল্প, কাঁটাদিঘী মৎস্য প্রকল্প, কৃষ্ণবাঁধ মৎস্য প্রকল্প, দুর্গাপুর ওয়াটার পুল প্রোজেক্ট, রুক্মিনী মৎস্য প্রকল্প, হিংলা মৎস্য প্রকল্প ও কোলাঘাট মৎস্য প্রকল্প এই ১১টা ভেড়ি এবং দুটো থাকবে রাজ্য সরকারের নিয়ন্ত্রণাধীন মৎস্য উন্নয়ণ নিগমের হাতে। সেই দুটো হচ্ছে নসবন ও গোলতলা। আমার কথা হচ্ছে, আপনারা কি তাহলে একটা চুক্তির প্রসেসিং এ এগিয়ে তারপর কোনও কারণে পিছিয়ে এলেন এই উদ্যোগ থেকে? মৎস্য নিগম যে যৌথ উদ্যোগে যাবে এইরকম পরিকল্পনা গ্রহণ করার পর একটা প্রেস ইন্টারভিউ দিয়ে আবার আপনারা কি আফটার থট একটা সময়ে ভেড়িগুলো তুলে দেব বলেছিলেন তারপর পরবর্তীকালে পিছিয়ে এলেন। সিদ্ধান্ত করে কি পরে পিছিয়ে এসেছেন?

**শ্রী কিরণ্ময় নন্দ ঃ** একটা সময় ছিল যখন মৎস্য নিগম খুব লোকসানে চলছিল পরবর্তীকালে মৎস্য নিগমের উৎপাদন বেড়েছে আয়ও বেড়েছে। অতএব আমরা এখন মনে করছি, যৌথ উদ্যোগে যাওয়ার প্রয়োজন নেই।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** তাহলে আদপে টোডিদের সঙ্গে কোনও ক্ষেত্রেই যে পরিকল্পনা মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে হবে। মৎস্য সচিব কমিটি তৈরি করে তাদের কাছ থেকে একটা রিপোর্ট নিয়ে আসা এগুলো ফলোআপ স্টেপ ছিল কি না? এক কথায় যেমন উত্তরটা দিলেন না, আমি বলছি তার পাস্ট রেকর্ডটা এই রকম একটা প্রোগ্রেস অতদূর পর্যন্ত এগোনোর পর আপনারা বলছেন যে এইগুলো ভয়ঙ্কর ক্ষতিতে চলছে। যৌথ উদ্যোগে যাওয়া যেতে পারে। এতে কোনও অন্যায় নেই। আমি বলছি যে, এটা কি টোডিদের সঙ্গে হওয়ার প্রশ্নে কোনও আলোচনা করে বা মুখ্যমন্ত্রীর সম্মতি সহ সিটুর নেতৃত্বে আলোচনা করে তাদের আপত্তি, না দেওয়ার কথা এই সমস্ত প্রশ্ন এর মধ্যে এসেছিল কি না?

**শ্রী কিরণ্ময় নন্দ ঃ** যখন এই আলোচনাটা হয় তখন পার্টিকুলার কোনও সংগঠন বা কোনও সংস্থার নাম যুক্ত ছিল না। চিফ সেক্রেটারিকে চেয়ারম্যান করে একটা কমিটি তৈরি

হয়। কিভাবে মৎস্য উন্নয়ণ কর্পোরেশনকে ভায়েবল করা যায়। সেখানে তিনটি প্রস্তাব ছিল একটা প্রস্তাব হল কো-অপারেটিভ করা, দ্বিতীয় ছিল ওই সংগঠনকে জোরালো করে তার যে আর্থিক প্রয়োজন সেই আর্থিক অনুদানের ব্যবস্থা, তৃতীয়ত যৌথ উদ্যোগে এই কর্পোরেশন চালানো।

**শ্রী সুদীপ বন্দোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী জানাবেন কি যে, মৎস্য উন্নয়ণ নিগম এর অধীনে যে ভেড়িগুলো আছে তাতে আপনার বছরে সাবসিডাইজিং কত? ক্ষতির কি পরিমাণ টাকা যৌথত উদ্যোগে যাবার কথাতে আপনারা ভাবেন যখন এইগুলোকে লাভজনক সংস্থাতে পরিণত করতে হবে। এটার সাবসিডি বা ভরতুকি আপনাকে, নিগমকে কত দিতে হয় এই ভেড়িগুলি চালাবার প্রশ্নে?

**শ্রী কিরণ্ময় নন্দ ঃ** আমার প্লান বাজেট থেকে যে টাকা আমরা দিই সেখানে সাবসিডি বলে কোনও উল্লেখ নেই। এই কর্পোরেশন এর জলাশয়গুলোকে উৎপাদনমুখী করে তোলার জন্য আমরা প্রতি বছর বিভিন্ন সময়ে বিভিন্ন টাকা দিই।

**শ্রী সুদীপ বন্দোপাধ্যায় ঃ** না, না সেটা লসে চলছে না প্রফিটে? মৎস্য উন্নয়ণ নিগম এটা প্রফিটেয়ারিং কনসার্ন না লুজিং কনসার্ন?

**শ্রী কিরণ্ময় নন্দ ঃ** কতগুলো ভেড়িতে প্রফিট হচ্ছে আর কতগুলোতে লোকসান হচ্ছে।

**শ্রী সুদীপ বন্দোপাধ্যায় ঃ** স্যার, আপনার প্রোটেকশন চাইছি। মৎস্য উন্নয়ণ নিগমের অধীনে ভেড়ীগুলি যে সরকারি নিগম দেখাশুনা করছে এইগুলো লাভে চলছে না ক্ষতিতে চলছে? আমার প্রশ্ন নিগম লসে রান করছে না প্রফিটে রান করছে। আমি স্পেসিফিক জানতে চাইছি।

**শ্রী কিরণ্ময় নন্দ ঃ** এটা বলতে গেলে আমার অডিট রিপোর্ট দরকার। এখনও আমাদের তিন চার বছরের অডিট বাকি আছে। অডিট চলছে, রিপোর্ট না পাওয়া পর্যন্ত।

(গন্ডগোল)

**শ্রী সুদীপ বন্দোপাধ্যায় ঃ** স্যার উনি অডিট রিপোর্ট কবে নাগাদ হাউসে পেশ করতে পারবেন বলবেন। উনি [illegible] করুন! চার বছরের অডিট রিপোর্ট বাকি।

**মিঃ স্পিকার ঃ** মিঃ নন্দ আপনার লাস্ট অডিট রিপোর্টে আপনার লাভ হয়েছিল না ক্ষতি হয়েছিল সেটা জানিয়ে দিন।

[11-40-11-50 A.M.]

**শ্রী কিরণ্ময় নন্দ ঃ** কাল আমি জানিয়ে দেব।

**শ্রী সুলতান আহমেদ ঃ** মাননীয় মন্ত্রী আজকে প্রণ কালচার, মাছ কালচারের জন্য অনেক প্রকল্প করছেন। এই প্রণ কালচারের জন্য শঙ্করপুরে আমাদের পশ্চিমবঙ্গের কিছু বড় ব্যবসায়ি যেমন—টোডি, চন্দন বোসকে সরকার কত জমি দিয়েছেন জানাবেন।

**শ্রী কিরণ্ময় নন্দ ঃ** এই দুজনের নামে কোনও জলাশয় দেওয়া হয়নি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এই মৎস্য চাষের জন্য বা শঙ্করপুরে কোনও ল্যাবরেটরি করার জন্য কোনও বেসরকারি সংস্থাকে কোনও জমি দেওয়া হয়েছে কি না জানাবেন এবং তার নাম কি?

**শ্রী কিরণ্ময় নন্দ ঃ** আপনি স্টার কোয়েশ্চন করবেন, আমি উত্তর দিয়ে দেব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, স্পেসিফিক কোয়েশ্চেনে ছিল যে, আপনারা লসে রান করছেন, না প্রফিটে রান করছেন? আপনি উত্তর দিলেন যে, চার পাঁচ বছর ধরে অডিট হয়নি। আপনি যে উত্তর দিলেন, সেটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। চার পাঁচ বছর ধরে অডিট হয়নি। অথচ মন্ত্রী মহাশয় বসে আছেন, কিন্তু আপনি জানেন না লসে না প্রফিটে রান করছে? তাহলে চার পাঁচ বছর ধরে আপনারা ব্যবসা চালাচ্ছেন কি করে?

**শ্রী কিরণ্ময় নন্দ ঃ** প্রশ্নটা ছিল যে, কর্পোরেশনের ভেড়িগুলি লাভে চলছে না, লোকসানে চলছে? আমি বলছিলাম—ভেড়িগুলি কোনোটা লাভে চলছে, কোনোটা লোকসানে চলছে। আপনি যদি ওভারঅল জিজ্ঞাসা করেন, তাহলে বলব যে কর্পোরেশন লোকসানে চলছে।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী, আপনার দপ্তর কোনও জয়েন্ট সেক্টর প্রকল্প করার সিদ্ধান্ত করেছেন কি না এবং এই রাজ্যে যে বড় বড় কোম্পানি ভেড়ি তৈরি করছেন যেমন অ্যান্ড্রিউ ইউল, হিন্দুস্তান লিভার, ইউনিয়ন কার্বাইড, ক্যালকাটা সি-ফুড, আই এফ বি—এরা কি শর্তে নিচ্ছে? এদের সরকার জমি দিচ্ছে, না এরা জমি কিনে বাকিটা ইনভেস্ট করছে? হেনরী আইল্যান্ডের সাথে রাজ্য সরকার যৌথ উদ্যোগ গ্রহণ করেন। এটা ছাড়াও অন্য কোনও কোম্পানির সাথে যৌথ উদ্যোগে যাবার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

**শ্রী কিরণ্ময় নন্দ ঃ** হেনরি আইল্যান্ডের সাথে যখন যৌথ উদ্যোগ গ্রহণ করা হয়, তখন বিধানসভায় ঘোষণা করেছিলাম। এছাড়া কোনও যৌথ প্রকল্প করা হয়নি। আর এই সমস্ত কোম্পানিকে ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট জমি দেয়, ফিশারি ডিপার্টমেন্ট জমি দেয় না।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করি, হেনরি আইল্যান্ডের যে প্রোজেক্ট সেটা প্রথমদিকে লাভজনক ভাবে চলছিল। কিন্তু বর্তমানে যেহেতু সেটা যৌথ উদ্যোগের জায়গায় আছে সেহেতু এর বর্তমান অবস্থাটা কি সেটা অনুগ্রহ করে জানাবেন?

**শ্রী কিরণ্ময় নন্দ ঃ** বর্তমানেও এটা লাভজনক ভাবে চলছে। কতটা লাভজনক ভাবে চলছে সেটা স্পেসিফিক নোটিশ দিলে বলব।

## যুব-কল্যাণে বেসরকারি সাহায্য

***২৮৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৩) **শ্রী তপন হোড় ঃ** যুব-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, যুব-কল্যাণের স্বার্থে বেসরকারি সংস্থাগুলি থেকে অর্থ সাহায্য নেওয়ার পরিকল্পনা সরকার গ্রহণ করেছে?

(খ) সত্যি হলে, কোন কোন বেসরকারি সংস্থা উক্ত বিষয়ে কিভাবে সাহায্য করছে; এবং

(গ) উক্ত বিষয়ে ৩১শে মে, ১৯৯৬ পর্যন্ত কত টাকা সংগৃহীত হয়েছে?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ**

(ক) যুবকল্যাণের স্বার্থে বেসরকারি সংস্থাগুলি থেকে কোনও অর্থ সাহায্য নেওয়ার পরিকল্পনা সরকার গ্রহণ করেন নাই।

(খ) এইরূপ প্রশ্ন উঠে না।

(গ) টাকা সংগ্রহের কোনও প্রশ্নও উঠে না।

**শ্রী তপন হোড় ঃ** আপনি বললেন যে কোনও পরিকল্পনা গ্রহণ করেননি। কিন্তু যেটা শোনা যাচ্ছে যে, আপনাদের দপ্তর থেকে কোনও প্রস্তাব বেসরকারি সংস্থাকে দিয়েছেন কি না, কিম্বা কোনও বেসরকারি সংস্থা কোনও প্রস্তাব আপনাদের দপ্তরকে দিয়েছেন কি না?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** আমাদের দপ্তর কোনও বেসরকারি সংস্থাকে প্রস্তাব দেয়নি এবং কোনও বেসরকারি সংস্থাও আমাদের দপ্তরকে কোনও প্রস্তাব দেয়নি।

**শ্রী তপন হোড় ঃ** যুবকল্যাণের ব্যাপারে আপনার দপ্তর ১৯৯৬-৯৭ সালে কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন বা মেজর কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন বা মেজর কোনও পরিকল্পনা নিয়েছেন কি না অনুগ্রহ করে জানাবেন কি?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** আপনার প্রশ্ন ছিল বেসরকারি উদ্যোগ সংক্রান্ত, কিন্তু সেটার সাপ্লিমেন্টারি টেনে যে প্রশ্ন করলেন তাতে—যুবকল্যাণ দপ্তরের নিয়মিত কার্যকলাপ সম্পর্কে সুনির্দিষ্ট ভাবে আমার পক্ষে উত্তর দেওয়া কঠিন। যুবকল্যাণ দপ্তর প্রত্যেক বছর যে যে কর্মসূচি পালন করে সেটা হয়। এছাড়া এই ধরনের কর্মসূচি কিভাবে আরও বাড়ানো যায় সেটা আমাদের বিবেচনাধীন আছে।

**শ্রী তপন হোড় ঃ** যুবকল্যাণ দপ্তর থেকে বিভিন্ন জায়গায় ফেস্টিভ্যাল করা হয়। এই ফেস্টিভ্যাল—আদিবাসী-ট্রাইবালদের বিভিন্ন লোকসংস্কৃতির ক্ষেত্রে যেসমস্ত দেখেছিলাম সেই সব ব্যাপারে কোনও পরিকল্পনা আপনারা নিয়েছেন কি না? ট্রাইবালদের ব্যাপারে বা গোর্খাদের ব্যাপারে, বিভিন্ন ট্রাইবাল সেক্টরদের নিয়ে কোনও পরিকল্পনা করেছেন কি না অনুগ্রহ করে জানাবেন?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** এমন কোনও ধরনের উৎসব করা যুবকল্যাণ দপ্তরের কাজের মধ্যে পড়ে না। আপনি যে ধরনের উৎসবের প্রস্তাব দিলেন সেটা যুবকল্যাণ দপ্তরের বিবেচনায় নেই।

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, যুবকল্যাণ

দপ্তরের মাধ্যমে যুবকদের কল্যাণার্থে কি কি কর্মসূচি নেওয়া হয়েছে?

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** এটা এই প্রশ্নের সাথে সংশ্লিষ্ট নয়। তবে খুব সাধারণ ভাবে বলতে পারি, যুবকল্যাণ দপ্তর মোটামুটি ভাবে গোটা বছরে যে কাজগুলো করে তার মধ্যে একটা কাজ হচ্ছে যুব-মানস নামক একটা সাহিত্য পত্রিকা আমরা প্রকাশ করি যুবকদের প্রতিভার বিকাশের জন্য। বিভিন্ন জায়গায় ভোকেশনাল ট্রেনিং-এর ব্যবস্থা করে কর্মবিনিয়োগের ক্ষেত্রে সুযোগ করে দেওয়া হয়। এছাড়া খেলাধুলার সরঞ্জাম দিয়ে সাহায্যের ব্যবস্থা করা হয়। খেলার মাঠের উন্নয়ণের জন্য কিছু কর্মসূচি থাকে এবং বিভিন্ন যুব ও বেসরকারি সংগঠন, ক্লাব ইত্যাদির প্রতিনিধিদের কাজের ক্ষেত্রে সাহায্য দেওয়া হয়। এছাড়া গত ২ বছর ধরে একটা বড় কাজ শুরু হয়েছে, সেটা হচ্ছে বাৎসরিক ভাবে রাজ্য যুব উৎসব করা হয় এবং তার থেকে ব্লক, জেলা এবং রাজ্যস্তর থেকে প্রতিনিধি নিয়ে সর্বভারতীয় যুব উৎসবে পাঠানো হয়।

### হিন্দুস্থান পিলকিংটন কারখানাটি চালু করা

***২৮৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩০৬) **শ্রী তাপস ব্যানার্জি ঃ** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসানসোলের দীর্ঘদিন বন্ধ হিন্দুস্থান পিলকিংটন কাঁচ কারখানাটি পুনরায় চালু করবার জন্য রাজ্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছে কিনা; এবং

(খ) করে থাকলে, কতদিনের মধ্যে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ**

(ক) হ্যাঁ

(খ) অনুমান করা সম্ভব নয় কারণ বিষয়টি সর্বোচ্চ আদালতে বিচারাধীন রয়েছে।

[11-50–12-00 Noon]

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মন্ত্রী মহাশয় 'ক'-এর উত্তরে বললেন 'হ্যাঁ'। তাহলে নিশ্চয় আপনার কোনও পরিকল্পনা আছে এবং এর মধ্যে ফিনান্সের সাহায্য নেওয়ার জন্য সরকার কি কি ব্যবস্থা নিয়েছেন, তার জন্য কত বাজেট করেছেন?

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ** বললাম, এটা আদালতে সর্বোচ্চ পর্যায়ে রয়েছে, সেজন্য ঐ প্রশ্নটা আসছে না। Highest বিড অ্যাটওয়ালের কাছে আছে, সেই জন্য Court-এ যাচ্ছি না।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** বললেন, সর্বোচ্চ আদালতে বিচারাধীন। আপনিও ট্রেড-ইউনিয়নে আছেন, আমিও আইন ব্যবসার সঙ্গে যুক্ত আছি—জিজ্ঞেস করছি, সরকার মামলাটি মেটাবার জন্য কি কি ব্যবস্থা নিয়েছেন এবং কোন পর্যায়ে আছে?

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ** নিশ্চয় নিয়েছি। মুখ্যমন্ত্রী অ্যাটওয়ালের সঙ্গে মিটিং করেছেন। কারণ, অ্যাটওয়াল হাইয়েস্ট বিড রয়েছে এবং যেহেতু হাইকোর্টে কেস রয়েছে, আমি

জানিয়েছি, অ্যাটওয়াল হাইয়েস্ট বিড হলেও এটা সাড়ে তিন কোটি টাকা রয়েছে। কিন্তু সুপ্রিম কোর্টে আপনি নিজে আসানসোলে আছেন, আইন ব্যবসার সঙ্গে আছেন—জানেন, ফ্লোট লেভেল প্রাইস ৬ কোটি ৮৭ লক্ষ টাকা। পরবর্তিকালে অ্যাটওয়াল সাড়ে তিন কোটি টাকা দিলেও এবং সেটা হাইয়েস্ট বিড হলেও, যতক্ষণ পর্যন্ত না সুপ্রিম কোর্ট তার ফ্লোট লেভেলপ্রাইস ৬ কোটি ৮৭ লক্ষ টাকা থেকে নামিয়ে সাড়ে তিন কোটি টাকার সিদ্ধান্ত গ্রহণ করেছে, ততক্ষণ পর্যন্ত এটা অ্যাটওয়ালের পক্ষে খোলা সম্ভব হচ্ছে না, রাজ্য সরকারের থেকেও চেষ্টা হচ্ছে না। আমরা যেটা সরকারের পক্ষ থেকে চেষ্টা করছি, সেটা হচ্ছে, আমাদের অ্যাটর্নি জেনারেলের সঙ্গে পরামর্শ করেছি এবং সুপ্রিম কোর্টের কাছে এই বিষয়গুলো নিয়ে যাওয়া যায় কি না, এই বিষয়ে অ্যাটর্নি জেনারেলকে যেতে বলেছি। অ্যাটওয়ালের উপর চাপ সৃষ্টি করার চেষ্টা হচ্ছে এবং অ্যাটওয়ালকে নিয়ে মুখ্যমন্ত্রীর ঘরে মিটিং হয়েছে। অ্যাটওয়াল নিজে স্বীকার করেছেন সুপ্রিম কোর্টের কাছে অ্যাপিল করবেন। কিন্তু এখনও পর্যন্ত যে খবর, তাতে দেখছি তা করেনি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** তাহলে ধরে নিচ্ছি সরকার লেগে আছেন ব্যাপারটা নিয়ে। তাহলে, যে মুহূর্তে সর্বোচ্চ আদালতের মামলা শেষ হয়ে যাবে, সেই মুহূর্তেই সরকার নেমে পড়বে?

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ** নিশ্চয়। সরকার তো সর্বোতভাবে চেষ্টা করছে এটি খোলার জন্য এবং এর জন্য যা যা করার তা করছে। যে মুহূর্তে সর্বোচ্চ আদালতে এটা হয়ে যাবে, তখন সরকারের করণীয় কাজগুলো অবশ্যই তারা করবে।

**শ্রী সৌগত রায় ঃ** আসানসোলের এই হিন্দু পিলকিংটন কাঁচ কারখানাটি প্রায় ১৪ বছর ধরে বন্ধ আছে, সেখানে সাড়ে তিন হাজার লোক কাজ করত, অনেক শ্রমিক অনাহারে মারা গেছে। এর আগে মাননীয় মুখ্যমন্ত্রী বিভিন্ন উদ্যোগীদের নিয়ে এসেছেন। তক্তাওয়ালাকে নিয়ে মিটিং করেছেন। পরে জানা গেল তক্তাওয়ালা রিলায়েবল এন্টারপ্রিনার নয়। ওরা অ্যাটওয়ালের সঙ্গে কথা বলেছে। আমরা জানি অ্যাটওয়ালের আসানসোলে হোটেল আছে, কোনও ইন্ডাস্ট্রি চালিয়েছে বলে কোনও ইনফরমেশন নেই। আমি জানতে চাই, এই যে, বিড দিয়েছে, দুরকম ভাবে হয়—অনেকে জমিটা কিনে রিয়েল এস্টেট করে দেবে, শ্রমিক ছাঁটাই করে দেবে এবং অনেক এন্টারপ্রিনার সত্যি সত্যি কারখানা চালাতে চায়। মাননীয় মন্ত্রী মহাশয় কি তাঁর দপ্তর থেকে কোনও ইভ্যালুয়েট করেছেন যে, যাঁরা বিড দিচ্ছে তাদের এন্টারপ্রেনাল ব্যাকগ্রাউন্ড কি রকম? তাদের ক্রেডেন্সিয়াল কি? এ ব্যাপারারে আপনার দপ্তর কি কোনও রকম ইভ্যালুয়েট করেছেন? নাকি জাস্ট একটা বিড দিচ্ছে পরে ইঁট-কাঠ বেচে দিয়ে জমিটা রিয়েলস্টেটে ফ্ল্যাট করে দেবে আসানসোলে? এটা আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করছি।

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ** মাননীয় সদস্যের নিশ্চয় জানা আছে এবং তাঁর অভিজ্ঞতাও আছে আমাদের বিশ্বাস। হাইকোর্টের বিড দেবার ব্যাপারে, যদি কেউ বিড দেন সেখানে রাজ্য সরকার গিয়ে তাকে বলতে পারেন না যে, এর সেই ধরনের এন্টারপ্রেনারশিপ আছে কি না বা কিছু। রাজ্য সরকারের তরফ থেকে যখন প্রোমোটার খোঁজা হয়—অবশ্য এবিষয়ে দেখা হয়, যেটা আপনি বলতে চাচ্ছেন। কারণ সত্যিইতো কোথাও কোথাও এই ঘটনা

ঘটছে। পূর্বে যারা এটা নিয়েছিলেন ৬ কোটি ৮৭ লক্ষ টাকা বিড দিয়ে, পরবর্তিস্তরে দেখা গেল গ্লাস লবির মাধ্যমে তাঁরা এটাকে সাসপেন্ড করে রেখেছে যাতে এখানে উৎপাদন না হয়। আমাদের যে ইভ্যালুয়েশন, কারণ ওদের পরে কানোরিয়া ইঞ্জিনিয়ারিং থেকে যে কেস করা হয়েছিল অ্যাজ পার অকশান সেই অনুযায়ী হয়নি। অর্থাৎ এটাকে ইচ্ছা করে ঝুলিয়ে রাখা হয়েছিল। এটা খুবই স্বাভাবিক। পরবর্তিকালে অ্যাটওয়াল সেটা নিলেন। আমাদের রাজ্য সরকারের যে বক্তব্য, আমাদের যেটা মনে হয়েছে, সেইভাবে তিনি এটাকে ঢিলে করছেন। যার জন্য আমাদের সরকারের তরফ থেকে ব্যাপক ভাবে চেষ্টা করা হচ্ছে, যে, তিনি সত্যি সত্যিই হোটেলের ব্যাপারে থাকতে পারেন কিন্তু গ্লাস ইন্ডাস্ট্রিতে তাঁর সেই ধরনের অভিজ্ঞতা নেই, ইত্যাদি। এটা ঘটনা। কিন্তু আমাদের তরফ থেকে যে প্রোমোটার খোঁজা হয়, তাতে অবশ্যই এই দিক দেখা হয়। তবে আপনি যেটা বললেন আড়াই হাজার ওয়ার্কার কখনও ছিল না। ১৯৮০ সালে ১৫০০ ওয়ার্কার ছিলেন এবং ১৯৮০ সাল থেকে, প্র্যাক্টিক্যালি এটা খোলে দু'বছরের জন্য। ১৯৮২ থেকে ১৯৮৪ একটু চলেছিল কিন্তু তাও ওয়ার্কাররা মাইনে পেত না এবং তখন থেকে এটা বন্ধ। ১৫০০ ওয়ার্কার ছিল, আড়াই হাজার ওয়ার্কার নয়।

## ল-ক্লার্কস কাউন্সিল গঠন

*২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৬) **শ্রী মোজাম্মেল হক** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুসারে ল-ক্লার্কস কাউন্সিল গঠনের কাজটি কোন পর্যায় আছে?

**শ্রী নিশীথ অধিকারী** :

(ক) বিষয়টি রাজ্য সরকারে সক্রিয় বিবেচনাধীন আছে।

[12-00 — 12-10 P.M.]

**শ্রী মোজাম্মেল হক** : এই সমস্যাটা দীর্ঘদিন ধরেই লক্ষ্য করা যাচ্ছে এবং সরকার ওদের কাউন্সিল গঠন করে যে সমস্যা আছে তা দূর করার কথা বিবেচনা করছেন, বলা হয়েছে অনেক দিন থেকেই। কিন্তু কত দিনে এটা হবে?

**শ্রী নিশীথ অধিকারী** : মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যকে জানাচ্ছি, ল-ইয়ার ক্লার্ক কাউন্সিলের বিষয়ে বর্তমানে যে আইন আছে অর্থাৎ লিগ্যাল প্র্যাক্টিশনার অ্যাক্ট, তা দিয়ে সম্ভব নয়। সেইজন্য নতুন আইন তৈরি করার কথা হচ্ছে এবং সেই আইন বর্তমানে আমরা প্রসেস করছি।

**শ্রী মোজাম্মেল হক** : প্রসেস করা হচ্ছে, বলছেন। কিন্তু কত সময় লাগবে?

**শ্রী নিশীথ অধিকারী** : মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাচ্ছি, আগামী শেসনের মধ্যে এব্যাপারে একটা পদক্ষেপ নেওয়া হবে—এটা আমি বলতে পারি।

## Starred Questions

## (to which Written answers were laid on the Table)

### বাস টার্মিনাস নির্মাণ

*২৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৯১) **শ্রী রবীন মুখার্জি ও আব্দুল মান্নান ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ থেকে ১৯৯৫-৯৬ আর্থিক বছরে রাজ্যে কোনও সরকারি পরিবহন সংস্থা কতগুলি বাস টার্মিনাস তৈরি করেছে ;

(খ) উক্ত নির্মাণকল্পে মোট কত টাকা ব্যয় হয়েছে ; এবং

(গ) কেন্দ্রীয় সরকার বা কোনও বিদেশি সংস্থার কাছ থেকে এজন্য কত টাকা পাওয়া গেছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী**

(ক) ১৯৯১-৯২ থেকে ১৯৯৫-৯৬ আর্থিক বছরে রাজ্যে রাষ্ট্রীয় পরিবহন সংস্থাগুলি বাস টার্মিনাস তৈরির বিবরণ নিম্নরূপ :

(১) সি. এস. টি. সি.—কোনও বাস টার্মিনাস তৈরি করে নাই।

(২) এন. বি. এস. টি. সি.—মোট ৫টি বাস টার্মিনাস তৈরি করেছে।

(৩) এস. বি. এস. টি. সি.—কোনও বাস টার্মিনাস তৈরি করে নাই।

(৪) সি. টি. সি.—কোনও বাস টার্মিনাস তৈরি করে নাই।

(৫) ডব্লু. বি. এস. টি. সি.—৩টি বাস টার্মিনাস তৈরি করেছে।

(খ) মোট ২৪,৩১,৪৪,৪৮৪ টাকা।

(গ) এইজন্য কেন্দ্রীয় সরকার বা অন্য কোনও বিদেশি সংস্থার কাছ থেকে কোনও টাকা পাওয়া যায় নাই।

### হাওড়া জেলায় মৎস্য চাষ কেন্দ্র

*২৯১। (অনুমোদিত প্রশ্ন নং *১১১৭) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) হাওড়া জেলায় কয়টি মৎস্য চাষ কেন্দ্র আছে ; এবং

(খ) উক্ত জেলার বিভিন্ন গ্রামের বৃহৎ পুষ্করিণীগুলি সংস্কার করে তাতে মৎস্য চাষের কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করেছে কি না?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী**

(ক) একটি।

at Taratala is proposed to be augmented. A new Food Catering Institute has been established at Darjeeling. Diploma Course in Tourism & Travel Management has commenced this year in I.I.S.W.B.M. in Calcutta.

Besides, training programmes in phases are being planned for the employees of Tourism Department & W.B.T.D.C.

## রাষ্ট্রীয় পরিবহনে ভরতুকি

***২৯৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৯২৪) **শ্রী বুদ্ধদেব ভকত ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পশ্চিমবাংলার রাষ্ট্রীয় পরিবহন সংস্থাগুলিকে ১৯৯৫-৯৬ আর্থিক বছরে মোট কত টাকা ভরতুকি দিতে হয়েছে?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

পশ্চিমবাংলার রাষ্ট্রীয় পরিবহণ সংস্থাগুলিকে ১৯৯৫-৯৬ আর্থিক বৎসরে নিম্নলিখিত ভরতুকি দেওয়া হয়েছে :

| | | |
|---|---|---|
| সি. এস. টি. সি. | - | ৫১ কোটি ৭৬ লক্ষ টাকা |
| এন. বি. এস. টি. সি. | - | ১৭ কোটি ৫৩ লক্ষ টাকা |
| | - | ১৪ হাজার ৭৫০ টাকা |
| এস. বি. এস. টি. সি. | - | ৯ কোটি ৭৫ লক্ষ টাকা |
| | - | ৯৬ হাজার ৬১০ টাকা |
| সি. এস. টি. সি. | - | ২৫ কোটি ৪১ লক্ষ টাকা |
| | - | ২৮ হাজার টাকা |

## দিঘা শঙ্করপুরে রোপওয়ে

***২৯৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১২১২) **শ্রী শৈলজাকুমার দাস ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দিঘা-শঙ্করপুরের মধ্যে রোপওয়ে নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনাটি রূপায়ণে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) দিঘা ও শঙ্করপুরকে পর্যটকদের কাছে আকর্ষণীয় করে তোলার জন্য একটি রজ্জুপথ (রোপওয়ে) বেসরকারি উদ্যোগে নির্মাণের পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন। এজন্য প্রথমে দিঘা ও নিউ-দিঘার মধ্যে এই রজ্জুপথ (রোপওয়ে)

for Bankura town, Midnapore town, Kankrajhore, Shankarpur Beach, Norghat, Kolaghat, Burdwan, Asansol, Krishna, Jalpaiguri, Coochbehar, Kaikhali, Piyali, Deamakhali, Chandannagar, Tarokeswar, Arambag, Mangaldip Char and new Jalpaiguri. The construction of some of such projects has already sarted ; construction of other new projects is likely to start in 1996-97 provided the formalities for possession of land are completed. Laudge at Kaikhali, Piyali & Dhamakhali will act as new gateway to Sundarbans.

In addition to three existing non A.C. launches, two new A.C. launches are under construction for undertaking more frequent conducted tours to Sundarbans for the benefit of both domestic and foreign tourists.

For Promotion of leritage tourism a project report on Lalbag has been prepared. For promotion of forest and wildlife tourism project report on Teesta Barrage site & Chalsa has also been prepared. In fact, Chalsa hill top has already been allotted to Sinclaire on long term loans basis for construction of a posh village resort. Three plotes of land in Calcutta have already been allotted to three reputed hotel Chains, namely, ITC, Taj & Hyat is the private sector for construction of 5-Star Deluxe Hotels. Three posh resorts are already under construction by private parties such as Ganapati Green fields, Merlin Green and Panchawati around Calcutta and Howrah.

(a) 3. **Marketing and Publicity of Tourism products :**

Tourism Department has already set up tourist offices at Calcutta, Durgapur, Digha, Siliguri, Darjeeling, Delhi & Madras for dissemination of tourist information & distribution of tourist literature. Besides, Tourism Department has produced several films on different aspects of West Bengal Tourism and regularly organises and Participates in, fairs/festivals/exhibitions both within and outside the State for popularising West Bengal Tourism products. It also occasionally issues advertisements in the leading newspapers and magazines both in national and international editions.

(a) 4. **Improvement of Delivery System :**

For improvement of communication network and quality of service to the tourists, the tourist office at B.B.D Bag in Calcutta in being thoroughly renovated, centrally air-conditioned and computarised with prevision for terminals at Siliguri, Durgapur, Delhi & Madras in future.

For ensuring supply of professionally qualified personnel to the tourism units, the annual intake of admission to Hotel Management Institute

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১। *বিভাগীয় নিগমের পরিচালনায় ৫৫ হেক্টর পরিমাণ এলাকাতে বাগদা চিংড়ি চাষ হচ্ছে।*

২। বেসরকারি ভাবে ৩৯,৮২৭.২০ হেক্টর পরিমাণ এলাকাতে বাগদা চিংড়ি চাষ হচ্ছে।

৩। সমবায় ভিত্তিতে ৬৪.২০ হেক্টর পরিমাণ এলাকাতে বাগদা চিংড়ি চাষ হচ্ছে।

(খ) ১। ১৯৯৫-৯৬ আর্থিক বছরে ১০,০১৭ মে:টন বাগদা চিংড়ি বিদেশে রপ্তানি হয়েছে।

২। এই রপ্তানি থেকে ৩২৪ কোটি ৫৪ লক্ষ ২৬ হাজার টাকা বৈদেশিক মুদ্রা আয় হয়েছে।

**আদালতে বাংলা ভাষায় কাজ**

***২৯৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬২১) **শ্রী ইউনস সরকার ও শ্রী বিশ্বনাথ মণ্ডল ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সব আদালতের কাজে বাংলা ভাষার ব্যবহার চালু করা হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, মুর্শিদাবাদ জেলায় কোনও আদালতে বাংলা ভাষা চালু হয়েছে কি?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নিম্ন আদালতগুলিতে অর্থাৎ প্রধান বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট, মহকুমা বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট, অন্যান্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট এবং মুনসেফ আদালতগুলিতে কাজের জন্য বাংলা ভাষার ব্যবহার চালু করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এখন পর্যন্ত মোট ১০টি জেলায় ঐ আদালতগুলির কাজে বাংলা ভাষার ব্যবহার চালু করা হয়েছে।

নিম্ন আদালত ছাড়া অন্যান্য আদালতগুলির কাজে বাংলা ভাষার ব্যবহার চালু করার বিষয়টি বিবেচনা করছি।

(খ) হ্যাঁ, মুর্শিদাবাদ জেলার নিম্ন আদালতগুলিতে অর্থাৎ প্রধান বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট, মহকুমা বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট, অন্যান্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট এবং মুনসেফ আদালতগুলিতে ২০শে সেপ্টেম্বর ১৯৯৫ হইতে বাংলা ভাষা ব্যবহার চালু করা হয়েছে।

**Increase of Government Lawyers Fees**

***300.** (Admitted Question No. *1394) **Shri Asit Mitra and Shri Saugata Ray :** Will the Minister-in-charge of the Judicial Department

*চালু করা হবে। এটি জনপ্রিয় হলে শঙ্করপুর সমুদ্র সৈকত পর্যন্ত রজ্জুপথটি (রোপওয়ে) সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে। ইতিমধ্যেই দামোদর রোপওয়েজ প্রাঃ লিমিটেড নামক একটি কোম্পানির প্রস্তাব সরকার অনুমোদন করে দিঘা ডেভেলপমেন্ট বোর্ডের কাছে পাঠিয়েছেন।*

**নদীতে চারাপোনা ছাড়া**

*২৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৩) **শ্রী পরেশনাথ দাস ও শ্রী মাজাম্মেল হক ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৪-৯৫ এবং ১৯৯৫-৯৬ সালে কত পরিমাণ মাছের চারা রাজ্যে বিভিন্ন নদীতে ছাড়া হয়েছিল?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

| (ক) | **১৯৯৪-৯৫** | **১৯৯৫-৯৬** |
|---|---|---|
| | ২০ লক্ষ | ২০ লক্ষ |

**১৮ আসন বিশিষ্ট জন-পরিবহন**

*২৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪০) **শ্রী মিহির গোস্বামী ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোচবিহার জেলায় ১৮ আসন বিশিষ্ট জন-পরিবহন-এর উপরে ত্রৈমাসিক কত টাকা এম. ভি. ট্যাক্স ধার্য করা হয় ; এবং

(খ) কলিকাতায় ঐ একই আসনবিশিষ্ট গাড়ির উপর ত্রৈমাসিক ট্যাক্স কত?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) যেহেতু ১৮ আসন বিশিষ্ট জনপরিবহন কোচবিহারে চলাচল করে না, তাই এইরূপ জনপরিবহনের ক্ষেত্রে এম. ভি ট্যাক্স ধার্যের প্রশ্ন ওঠে না।

(খ) ৫২৫ টাকা।

**সমবায় ভিত্তিতে বাগ্‌দা চিংড়ি চাষ**

*২৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪১) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে এখন সরকারি, বেসরকারি বা সমবায় ভিত্তিতে কত পরিমাণ এলাকাতে বাগ্‌দা চিংড়ি চাষ হচ্ছে ; এবং

(খ) বিগত আর্থিক বছরে (১) কত পরিমাণ বাগ্‌দা চিংড়ি বিদেশে রপ্তানি হয়েছে ও (২) তার থেকে কত পরিমাণ বৈদেশিক মুদ্রা আয় হয়েছে?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১। *বিভাগীয় নিগমের পরিচালনায় ৫৫ হেক্টর পরিমাণ এলাকাতে বাগদা চিংড়ি চাষ হচ্ছে।*

২। বেসরকারি ভাবে ৩৯,৮২৭.২০ হেক্টর পরিমাণ এলাকাতে বাগদা চিংড়ি চাষ হচ্ছে।

৩। সমবায় ভিত্তিতে ৬৪.২০ হেক্টর পরিমাণ এলাকাতে বাগদা চিংড়ি চাষ হচ্ছে।

(খ) ১। ১৯৯৫-৯৬ আর্থিক বছরে ১০,০১৭ মেঃটন বাগদা চিংড়ি বিদেশে রপ্তানি হয়েছে।

২। এই রপ্তানি থেকে ৩২৪ কোটি ৫৪ লক্ষ ২৬ হাজার টাকা বৈদেশিক মুদ্রা আয় হয়েছে।

**আদালতে বাংলা ভাষায় কাজ**

*২৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২১) **শ্রী ইউনস সরকার ও শ্রী বিশ্বনাথ মণ্ডল ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সব আদালতের কাজে বাংলা ভাষার ব্যবহার চালু করা হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, মুর্শিদাবাদ জেলায় কোনও আদালতে বাংলা ভাষা চালু হয়েছে কি?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নিম্ন আদালতগুলিতে অর্থাৎ প্রধান বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট, মহকুমা বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট, অন্যান্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট এবং মুনসেফ আদালতগুলিতে কাজের জন্য বাংলা ভাষার ব্যবহার চালু করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এখন পর্যন্ত মোট ১০টি জেলায় ঐ আদালতগুলির কাজে বাংলা ভাষার ব্যবহার চালু করা হয়েছে।

নিম্ন আদালত ছাড়া অন্যান্য আদালতগুলির কাজে বাংলা ভাষার ব্যবহার চালু করার বিষয়টি বিবেচনা করছি।

(খ) হ্যাঁ, মুর্শিদাবাদ জেলার নিম্ন আদালতগুলিতে অর্থাৎ প্রধান বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট, মহকুমা বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট, অন্যান্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট এবং মুনসেফ আদালতগুলিতে ২০শে সেপ্টেম্বর ১৯৯৫ হইতে বাংলা ভাষা ব্যবহার চালু করা হয়েছে।

**Increase of Government Lawyers Fees**

***300.** (Admitted Question No. *1394) **Shri Asit Mitra and Shri Saugata Ray :** Will the Minister-in-charge of the Judicial Department

be pleased to state—

(a) whether there is any proposal to increase the number and the Fee paid to Lawyers on Government's Panel in defferent Courts ;

(b) if so—

(1) the bried outlines of the proposal ; and

(2) the steps taken/proposed?

**Minister-in-charge of the Judicial Deptt.**

Government is contemplating some measures which are yet to take a final shape, to revise the panel of lawyers and to enhance their fees within limitations.

Since the matter is under contemplation, no outline of the proposal or the steps taken/proposed can be intimated at this stage.

**Circuit Bench of Cal. High Court at Midnapore**

***301.** (Admitted Question No. *1512) **Shri Gyan Singh Sohanpal :** will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) wheather the Government have any plan or programme, now or in the near future to set up a Circuit Bench of the Hon'ble High Court of Calcutta at Midnapore ;

(b) if answer to (a) be in the negative–the reason(s) for not taking up the proposal?

**Minister-in-charge of the Judicial Deptt.**

The Government is keen to extend the Justice Delivery System at the door step of the public. But at present setting up or Circuit Bench of Calcutta High Court at different district level is not in the contemplation of the State Government.

[12-00 — 12-10 P.M.]

**LAYING OF REPORT**

**7TH REPORT OF BUSINESS ADVISORY COMMITTEE**

**Mr. Speaker :** I present the 7th Report of the Business Advisory Committee which met in my chamber is as follows :

| | | |
|---|---|---|
| 10.7.96, Wednesday | Demand Nos. 30 and 45 | Education—4 hours |

| | | | |
|---|---|---|---|
| 11.7.96, | Thursday | Demand Nos. 18 and 19 | Home (P & A.R.) Department—4 hours. |
| 12.7.96, | Friday | i) The Bengal, Agra and Assam Civil Court (W.B Amendment) Bill 1996 (Introduction, consideration and Passing) | 1/2 hour |
| | | ii) The Registration (W.B. Amendment) Bill, 1996 (Introduction, Consideration and Passing) | 1/2 hour |
| | | iii) Demand No 39 | Labour—4 hours |
| 15.7.96, | Monday | i) The West Bengal Minorities Commission Bill, 1996 (Introduction, Consideration and Passing) | 1 hour |
| 16.7.96, | Tuesday | Demand No. 69 | Home (Police) Department—4 hours. |

**Shri Rabindra Nath Mondal** : Sir, I beg to move that the 7th Report of the Business Advisory Committee as presented in the House be agreed to.

The motion was then put and agreed to.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker** : To-day I have received eight notices of Adjournment Motion. The first one is from Shri Sobhondev Chattopadhyaya on the subject of increase in number of incidence of murder in the State after election. The second one is from Shri Suniti Chattaraj on the subject of non-refund of R.E.C.loan by West Bengal State Electricity Board. The third one is from Shri Shyamadas Banerjee on the subject of demand for setting up of Question papers in Hindi language for Higher Education examinations. The fourth one is from Shri Ajit Khanra on the subject of reported stalemate condition of Haldia Government College. The fifth one is from Shri Ashok Deb on the subject of illegal transfer of Wakf properties in Calcutta. The sixth one is from shri Pankaj Banerjee on the subject of order of the Calcutta Municipal Corporation to stop construction of building in different Refugee Colo-

nies. The seventh and the eighth ones are from Shri Saugata Roy and Shri Kamal Mukherjee on the same subject of reported attack on shri Sankar Singh, M.L.A. in a procesion at Raghabpur village, Nadia.

The subject matters of the Motions in first, second, third, fourth and sixth are not such which call for Adjournment of the business of the House. The subject matter of the Motion of Shri Deb (No. 6) will be covered by the discussions of Walf report to be held on 9.7.96 as already decided by the House. The subject matter of seventh & eighth Motions falls under the day to day Administration. Moreover, the Member may raise this matter and also other matters through Calling Attention, Mention , Questions, etc.

I, therefore, withhold my consent to all the Motions.

One Member may, however, read out the text of his Motion as amended.

**Shri Saugata Roy :** Sir, this Assembly do now Adjourn its business to discuss a definite matter of urgent public importance of recent occurrence namely, Shri Shankar Singh M.L.A. from Ranaghat Constituency, was injured when a procession that he was leading, was attacked in Raghabpur village under Ranaghat Police Station in Nadia by the Supporters of major Ruling Party with bombs and other lethal weapons. 21 other Congress workers were also injured. The attack took place in front of the police who stood like helpless spectators. Shri Singh has been put in a Nursing Home at Ranaghat,

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received eleven notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| 1. | Problem of admission in Class XI | : | Shri Jayanta Kr. Biswas |
| 2. | Alleged setting fire to the house of one Shri Sanjoy Biswas by the supporters of the main opposition party on 7.7.96 | : | Shri Prabhanjan Kumar Mondal |
| 3. | Alleged Murder of one Shri Dharanidhar Jana on 5th July, 1996 at Purusa-ttampur, Midnapore. | : | Shri Sailaja Kr. Das |

| | | |
|---|---|---|
| 4. Alleged attack on Shri Sankar Singh, M.L.A. by the supporters of major rulling party at Raghabpur Nadia on 7.7.96 | : | Shri Robin Mukherjee and Shri Saugata Roy |
| 5. Non-sanction of water-Augmentation Scheme for Suri Municipality. | : | Shri Suniti Chattoraj |
| 6. Non-availability of X-Ray Film in State General Hospital in North 24-Parganas. | : | Shri Nirmal Ghosh |
| 7. Lock-out at New Central Jute Mill at Budge Budge, Calcutta since 1.7.96 | : | Shri Ashok Deb |
| 8. Non-electrification of Tribal and other Backward Classes areas under Hirapur Assembly Constituency. | : | Shri Shyamadas Banerjee |
| 9. Acute Scarcity of Drinking Water in Asansol | : | Shri Tapas Banerjee |
| 10. Alleged outrage on a woman by a police-Constable at Maidan area under Hare Streat P.S., on 29.6.96 | : | Shri Sudip Bandyopadhyay |
| 11. Alleged murder of two Shri Kheru Laskar and Shri Naren Sardar at Sitakundu under Baruipur P.S. | : | Shri Sobhandeb Chattopadhyay Shri Gyan Singh Sohanpal |

I have selected the notice of Shri Rabin Mukherjee and Shri Saugata Roy on the subject of alleged Attack on Shri Sankar Singh, M.L.A. by the supporters of major ruling party at Raghabpur, Nadia on 7.7.96.

The Minister-in-charge may please make a statement to-day, if possible of give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, this statement will be made on 9th July, 1997.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে মাননীয় সদস্য শ্রী সৌগত রায় মূলতবী প্রস্তাব তুলতে চেয়েছিলেন। তিনি যখন মূলতবী প্রস্তাব জমা দিয়েছিলেন

তখন পর্যন্ত খবর ছিল আমাদের একজন এম. এল. এ., শ্রী শঙ্কর সিং গতকাল রানাঘাটে রাঘবপুর গ্রামে মার্কসবাদি কমিউনিস্ট পার্টির লোকের দ্বারা আক্রান্ত হয়েছেন। তিনি যখন তাঁর নির্বাচনী এলাকার মধ্য দিয়ে শান্তি মিছিল নিয়ে যাচ্ছিলেন তখন সি. পি. এমের লোকেরা—আগেই পুলিশের কাছে ইনফরমেসন ছিল, এক সপ্তাহ আগে ব্লক সংগ্রেসের সভাপতি লিখিতভাবে পুলিশকে জানিয়েছিলেন শ্রী শঙ্কর সিং শান্তি মিছিল করবেন, সুতরাং যথাযথ ব্যবস্থা নেওয়া হোক—কিন্তু তারপর দেখা গেল, পুলিশ অফিসারদের সামনেই সি. পি. এমের লোকেরা ঐ এম. এল. কে আক্রমণ করে। তাঁকে বাঁচাতে গিয়ে ৪০ জন আহত হয়েছে। তার মধ্যে ৮ জন মহিলা আছেন এবং ২৬ জন গুরুতর আহত হয়েছেন। তখন পর্যন্ত এই ঘটনার কথা জানতাম। আরো দুর্ভাগ্যজনক ঘটনার খবর পেয়েছি, আমাদের আর একজন মাননীয় সদস্য, শ্রী নির্মল ঘোষ, তিনি যখন তার বাড়ির সামনে কিছু কর্মির সঙ্গে কথা বলছিলেন তখন একটি ছেলে যে, মার্কসবাদি কমিউনিস্ট পার্টির সঙ্গে জড়িত সে নির্মল ঘোষকে আক্রমণ করে। তার মাথা ইঁট দিয়ে ফাটিয়ে দিয়েছে। তাকে গুরুতর আহত অবস্থায় প্রথমে হাসপাতালে, পরে নার্সিং হোমে ট্রান্সফার করা হয়েছে। ঐ ছেলেটি ধরা পড়েছে, জনসাধারণ তাকে ধরেছে। এইভাবে ২ জন এম. এল. এ. একই দিনে ইনজিওর্ড হলেন অথচ পুলিশ মন্ত্রী এই হাউসে এসে বিবৃতি দিচ্ছেন না। এছাড়া পটাশপুর গ্রামেও আমাদের একজন কংগ্রেস কর্মি নিহত হয়েছেন এবং এম. এল. এ., শ্রী রামজনক মাঝির কেন্দ্রেও একজন কাউন্সিলার আক্রান্ত হয়েছেন। শ্রী নির্মল ঘোষকে যে মেরেছে সে হাতেনাতে ধরা পড়েছে। ছেলেটি মার্কসবাদি কমিউনিস্ট পার্টির সঙ্গে জড়িত এবং ছেলেটি মদ্যপ অবস্থায় ছিল। ছেলেটিকে আমাদের লোকেরা পুলিশের হাতে হ্যান্ডওভার করেছে। এই দুটি ক্ষেত্রেই পুলিশ অপরাধিদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়নি। আমি স্যার, আপনার প্রোটেকশন চাইছি। পুলিশমন্ত্রী যদি এই হাউসে বিবৃতি না দেন—স্বাভাবিক কারণেই ২ জন সদস্য ইনজিওর্ড হবার পর, গুরুতর আহত হবার পর—আমাদের সদস্যদের পক্ষে সেই মানসিকতা নিয়ে সভা চালানো মুশকিল। তাই আমি অনুরোধ করছি, পুলিশ মন্ত্রী এখানে এসে বিবৃতি দিন কিম্বা পার্লামেন্টারি অ্যাফেয়ার্স মিনিস্টার বলুন, নির্মল ঘোষের অবস্থা কি রকম? কে তাঁকে মেরেছে? আমরা আপনার প্রোটেকশন চাইছি। যদি এম. এল. এ.-রা নিজেদের এলাকায় আক্রান্ত হন এবং প্রত্যেক ক্ষেত্রে যদি মার্কসবাদি কমিউন্সিট পার্টির লোকেরা যুক্ত থাকেন তাহলে আমাদের পক্ষে সভার কাজ চালানো মুশকিল। এদিকে বুদ্ধদেব বাবু বলবেন, আলোচনার দরজা খোলা আর তার দলের নিচের তলার লোকেরা আক্রমণ করবে, হাঙ্গামা করবে—এটা হতে পারে না। আমি আপনার প্রোটেকশন চাইছি। মন্ত্রী মহাশয়কে ডাকুন, বিবৃতি দিতে বলুন।

**Mr. Speaker :** I have asked the Minister to make a statement tomorrow as regards the attack on Sankar Singh, M.L.A. After Mr. Mannan had made a submission it appears that another M.L.A. Shri Nirmal Ghosh of Panihati is alleged to have been attacked and injured. Let the Minister make a statement regarding two incidents if he has informed on both the incidents. And after we hear the Minister we will see what is to be done.

**Shri Gulshan Mullick :** Not Present in the House.

## Mention Cases

[12-10 — 12-20 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মেনশনের বিষয়টি বলার আগে আমি খুব ক্ষোভের সঙ্গে এবং দুঃখের সঙ্গে একথা বলতে বাধ্য হচ্ছি যে আমরা কোন রাজত্বে আছি—আমরা কি একটা সভ্য সরকারের রাজত্বে একটা সভ্য সমাজে বাস করছি, না, জঙ্গলের রাজত্বে বাস করছি? স্যার, আপনি নিশ্চয় একথা স্বীকার করবেন যে, নারীর সম্মান, ইজ্জত রক্ষা করা এবং নারী নির্যাতনকারিদের দমণ করার দায়িত্ব পুলিশের। কিন্তু স্যার, সেই পুলিশ বাহিনীই যদি নারীর সম্ভ্রম, ইজ্জত লুন্ঠন করে, নারীকে ধর্ষন করে এবং তা করেও পার পেয়ে যায়, তার যদি সাজা না হয়, তাকে যদি গ্রেপ্তার করা না হয় তাহলে ঐ চেয়ার থেকেই আপনি বলুন স্যার, আমাদের রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতিটা কোন জায়গায় দাঁড়িয়ে আছে? আজকে বেদনার সঙ্গে বলতে বাধ্য হচ্ছি, এই বিধানসভার সংলগ্ন এলাকায়, হাইকোর্টের সামনে গত ২৯শে জুন গভীর রাত্রে এক পুলিশ কনস্টেবল মোটর সাইকেলে চেপে ঠিকা শ্রমিক এক মহিলাকে জোর করে, ভয় দেখিয়ে উঠিয়ে নিয়ে যায় ময়দান অঞ্চলে এবং মোহনবাগানের তাঁবুর পাশে তাকে ধর্ষণ করে দু'ঘন্টা বাদে নেতাজী ইন্ডোর স্টেডিয়ামের সামনে নামিয়ে দিয়ে যায়। এরপর ঐ ঠিকা শ্রমিক মহিলার সহকর্মিরা সেদিন রাত্রেই হেয়ারস্ট্রীট থানায় এই ঘটনা সম্পর্কে ডাইরি লেখায়। এমন কি যে মোটর সাইকেলটি চেপে সে এসেছিল তার ৪টি নম্বরের মধ্যে তিনটি তারা উল্লেখ করে আসেন। কিন্তু আজ ৯ দিন অতিক্রান্ত হয়ে গেলেও সেই পুলিশ কর্মিটি কোনও রহস্যজনক কারণে গ্রেপ্তার হয়নি। স্যার, ঠিক এইভাবে মে মাসের প্রথম দিকে কলকাতা রিজার্ভ পুলিশের একজন কর্মি এক মহিলাকে ধর্ষণ করেছিল। তাকে গ্রেপ্তার করা হয়েছে, সাসপেন্ড করা হয়েছে। এর আগে মেহেরবাণুর ঘটনার কথাও আমরা জানি। গোটা রাজ্যে এইভাবে নারী ধর্ষনের ঘটনা ঘটছে। পুলিশ এর জন্য ওম্যান সেল করেছে কিন্তু দেখা যাচ্ছে পুলিশই নারী ধর্ষনের ঘটনায় যুক্ত। আজকে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে জানতে চাই, এই জিনিস কি চলবে? তা যদি চলে তাহলে এখানকার আইনশৃঙ্খলা পরিস্থিতি কোথায় যাবে? আমার দাবি, স্বরাষ্ট্রমন্ত্রীকে আপনি ডাকুন, তিনি এসে এ সম্পর্কে বিবৃতি দিন এবং বলুন কেন অভিযুক্তকে প্রোটেকশন দেওয়া হচ্ছে, কেন তাকে গ্রেপ্তার করা হচ্ছে না? তিনি বলুন গোটা রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি এইভাবে চলবে কি না? এই দাবি আমি তার কাছে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখলাম গত শনিবার কেন্দ্রীয় সরকার ডিজেলের দাম ১৫ পারসেন্ট কমিয়েছেন। ৩০ পারসেন্ট যেটা আগে বাড়িয়েছিলেন সেটা ১৫ পারসেন্ট কমিয়েছেন অর্থাৎ ডিজেলের দাম ১৫ পারসেন্ট এখন বাড়ছে। কিন্তু ন্যাপথা, প্যারাথিন, কুকিং গ্যাসের দাম কমবে না। স্যার, কেন্দ্রীয় সরকার ডিজেলের দাম যেটা ১৫ পারসেন্ট কমালেন আমি মনে করি এটা একটা প্রহসন। কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের যে দাবি ছিল, আমরা সেই বিধানসভায় আলোচনা করেছিলাম, আমরা যেটা বলেছিলাম, সারা ভারতবর্ষের মানুষ যেটা চেয়েছিল যে, কেন্দ্রীয় সরকারের এই পেট্রোল ইত্যাদি জিনিসের দাম বাড়ানোর ফলে বিভিন্ন জিনিসের মূল্য বৃদ্ধি ঘটবে, কাজেই সেটা তারা প্রত্যাহার করে নেবেন। কিন্তু তারা

সেটা প্রত্যাহার করেননি। ১৫ পারসেন্ট ডিজেলের দাম কমিয়ে তারা একটা প্রহসন করেছেন। আর একটা কথা আপনার মাধ্যমে জানাচ্ছি যে, অবিলম্বে তারা এই মূল্য বৃদ্ধি প্রত্যাহার করুন। আর তা যদি না করেন তাহলে আজকে যে গণ-আন্দোলন তৈরি হবে, সেই গণ-আন্দোলনের মধ্যে দিয়ে এই যুক্তফ্রন্টকে একটা শিক্ষা দিতে হবে। আজকে জনস্বার্থবিরোধী নীতি কংগ্রেসের কায়দায় যেটা তারা গ্রহণ করবে সেটা আমরা রুখব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসে রাখতে চাই বাংলা বন্ধের দিনে সন্ত্রাসের প্রতিবাদে। আজকে কংগ্রেসের ২ জন এম. এল. এ. মার খেয়েছে সেকথা শুনলেন। এইরকম বাংলা বন্ধের দিনে বহু জায়গায় কংগ্রেসের কর্মীরা সি. পি. এম.-এর দ্বারা আক্রান্ত হয়েছে এবং মার খেয়েছে। এই রকম ১৪ জন জখমীকে মার খাবার পরে গিলেরচাঁদ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু সেখানে গিয়ে দেখা গেল যে, ১৯৮৮ সাল থেকে কোনও ডাক্তার নেই, চিকিৎসার ব্যবস্থা নেই, নার্স নেই, সেখানে তালা ঝুলছে। অথচ সেখানে ডাক্তার, নার্স সকলে মাইনা পাচ্ছে। আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই যে, বাংলা বন্ধের দিনে সি. পি. এম. অনেক অত্যাচার করেছে, তাদের কাছে যারা মার খেয়েছে, এই রকম ১৪ জন আহত ব্যক্তিকে যখন গিলেরচাঁদ সাবসিডিয়ারি হেলথ সেন্টারে নিয়ে যাওয়া হল তখন দেখা গেল যে, সেখানে কোনও ডাক্তার নেই নার্স নেই। আমি অবিলম্বে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি করছি যে, তাদের যাতে চিকিৎসা হয় সেই ব্যবস্থা করুন।

**শ্রী রবীন দেব** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের স্বরাষ্ট্র মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। কংগ্রেস পক্ষ থেকে রাজ্যের বিভিন্ন প্রান্তে গত কয়েকদিন ধরে গন্ডগোল পাকাবার চেষ্টা করেছে। আবার নতুন করে তারা হুমকি দিচ্ছে। রানাঘাটের রাঘবপুরে সি. পি. এম. কর্মি সঞ্জয় বিশ্বাসের বাড়ি আক্রমণ করেছে এবং সেই বাড়ি পুড়িয়ে দেওয়া হয়েছে। বালিগঞ্জের তিলজলায় গত ৫ তারিখে কংগ্রেসের সমাজবিরোধীরা আমাদের কর্মিদের উপরে হামলা চালিয়েছে। ওরা গোটা রাজ্যজুড়ে বন্‌ধের নামে হামলা করছে, সমাজবিরোধীদের লেলিয়ে দিচ্ছে, থানায় গিয়ে বসে থাকছে, তারপরে এখানে হৈচৈ করছে। এরা আইন হাতে নিয়ে নিজেরা গুলি চালায়। আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি করছি যে, যারা আইন হাতে নিচ্ছে, সে যে দলের হোক না কেন, তাদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া দরকার।

**শ্রী অসিতকুমার মাল** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলায় প্রায় ৩০ হাজার তাঁতশিল্পী অনাহারে দিন কাটাচ্ছে। কেন্দ্রীয় খাদি কমিশনের কাছ থেকে রাজ্য খাদি বোর্ড কোটি কোটি টাকা নিয়েছে, বীরভূমে যে সমস্ত কো-অপারেটিভ সোসাইটি আছে তাদের লোন দেবার জন্য। সেই লোন দীর্ঘদিন ধরে স্যাংশন করে রেখেছে। অথচ সেই খাদি বোর্ড থেকে তারা পয়সা পাচ্ছে না। যার ফলে মারগ্রাম, ভদ্রপুর, বিষ্ণুপুর, শিতলগ্রাম ইত্যাদি অঞ্চলে হাজার হাজার তাঁতশিল্পী মুর্শিদাবাদ, মালদা জেলাতে কাজের জন্য চলে যাচ্ছে।

[12-20 — 12-30 P.M.]

বিশেষ করে কেন্দ্রীয় খাদি কমিশন রাজ্য সরকারকে যে কোটি কোটি টাকা দিচ্ছেন সেই টাকাটা যাতে সোসাইটিগুলোকে দেওয়া হয়, যাতে শিল্পীরা কাজ পান, তারজন্য ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি। আরও বলছি যে, অনেক সোসাইটি রয়েছে যারা খাদি কমিশনের কাছ থেকে টাকা নিয়েছে, অথচ শিল্পীদের বঞ্চিত করছেন। তারা ঠিকমত কাজ করছেন না, ব্যক্তিস্বার্থ চরিতার্থ করবার জন্য খাদি কমিশন থেকে কোটি কোটি টাকা নিয়েছেন মাত্র। তারজন্য বলছি, এই অন্যায়ের প্রতিকার করা হোক। কেন্দ্রীয় কমিশন রাজ্য খাদি কমিশনকে টাকা দিয়েছেন তাঁতশিল্পীদের বাঁচাবার স্বার্থে, কারণ তারা ঐ কাজ ছাড়া কোনও কাজ করেন না, জমি সম্পত্তি বলতেও তাদের কিছু নেই। আজকে তারা যাতে কাজ পান তার ব্যবস্থা করা হোক।

**শ্রী শঙ্করসরণ নস্কর ঃ** অনুপস্থিত।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মিঃ স্পিকার, স্যার, আমার মোশনের আগে জানাচ্ছি যে, বন্ধের দিন বর্ধমানে আমাদের এম. এল. এ. শ্রী শ্যামাদাস ব্যানার্জিকে সি. পি. এম. সোডার বোতল মেরে আহত করেছে। বিষয়টা আমি বুদ্ধদেববাবুর নজরে আনলাম। শ্রী শ্যামাদাস ব্যানার্জি ওয়াজ ইনজিওর্ড। নাউ আই স্টার্ট মাই মেনশন।

মিঃ স্পিকার স্যার, সিউড়ি পৌরসভার ১৮টি ওয়ার্ডের মধ্যে ৪টি ওয়ার্ড এখনও পানীয় জল পাচ্ছে না। বিষয়টা আমি সরকারকে এর আগেও জানিয়েছি যে, ৬৫ লক্ষ টাকা ওয়াটার অগমেন্টেশন স্কিম ১৯৯৩ সালে ঐ পৌরসভা থেকে পৌর দপ্তরে জমা পড়েছে। ডিস্ট্রিকক্ট ম্যাজিস্ট্রেট সেটা ফরোয়ার্ড করে পাঠিয়েছেন। ঐ মিউনিসিপালিটির চেয়ারম্যান উইথ প্রায়র রেজলিউশন ৬৫ লক্ষ টাকাব স্কিমটা সরকারেব কাছে পাঠিয়েছেন। কিন্তু যেহেতু মিউনিসিপালিটিতে কংগ্রেসি বোর্ড, একজন মাত্র সি. পি. এমের ফেউ দেখা যাচ্ছে সেখানে , তারজন্য তাদের সঙ্গে সৎ মায়ের মত আচরণ করা হচ্ছে। আমি এই হাউসে ৬৫ লক্ষ টাকা স্কিমটি যাতে ইমিডিয়েট স্যাংশন করা হয় তারজন্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিন্তু স্কিমটি যদি অ্যাপ্রুভ করা না হয় জনসাধারণকে পানীয় জল সরবরাহ করার স্বার্থে, তাহলে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কর্ণ আকর্যণ করতে বাধ্য হব স্যার।

**শ্রী দেবকান্ত রাউত ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গঙ্গায় যেভাবে জল বাড়ছে তাতে হুগলি জেলার বলাগড়, গুপ্তিপাড়া থেকে শুরু করে খামারগাছি পর্যন্ত গঙ্গায় ভাঙন দেখা দিয়েছে। গঙ্গা নদীর পাশ্ববর্তি চরকৃষ্ণবাটি গ্রাম পঞ্চায়েত ইতিমধ্যেই মূল ভূখন্ড থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। গত সেপ্টেম্বর মাসের বন্যায় গঙ্গা তীরবর্তি গুপ্তিপাড়া, বাঁধাগাছি, সুলতানপুর, সোদপুর অঞ্চলের অধিকাংশই জলের তলায় তলিয়ে গিয়েছিল এবং তারফলে এখনও সাড়ে তিনশ পরিবার গৃহহারা হয়ে রয়েছেন। তাই এবারে বর্ষা যখন আরও প্রবল হবে তখন যতটুকু অংশ বাকি রয়েছে সেগুলোও জলের তলায় তলিয়ে যাবে। তারজন্য মাননীয় সেচমন্ত্রীর কাছে অনুরোধ, অবিলম্বে সেখানে একটা অনুসন্ধান টিম পাঠানো হোক এবং যে বন্যায় গঙ্গায় ভাঙন দেখা দিয়েছে সেখানে অতি দ্রুত মেরামতির কাজ শুরু করা

হোক। তারই জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করলাম।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যে যখন ওয়াকফ প্রপার্টি নিয়ে গরম হাওয়া চলছে তখন দেখতে পাচ্ছি উত্তর রায়পুরে, স্বয়ং মুখ্যমন্ত্রীর এলাকায় সি. পি. এম.-এর কিছু সদস্য বেআইনী ভাবে ওয়াকফ প্রপার্টির কিছু জায়গা বিক্রি করে এবং লিজ দিয়েছে। আমি জানি না এই ব্যাপারে তদন্ত হবে কি না। আমি অনুরোধ করব যখন এই সমস্ত ঘটনা ঘটেছে তখন আর নতুন করে এই ঘটনাকে কেন্দ্র করে কোনও ঘটনা ঘটানো উচিত নয়। এই ব্যাপারে অবিলম্বে তদন্তের দাবি জানাচ্ছি। সাথে সাথে আপনার কাছে দাবি জানাচ্ছি এই ঘটনাটা কতটা এগিয়েছে সেটা এই হাউসে আমাদের জানাবার চেষ্টা করুন।

**শ্রী শিবপ্রসাদ দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান থেকে আরামবাগ, এই ৪৪ কিলোমিটার রাস্তার মধ্যে কিছু জায়গায় ডবল হয়েছে, অন্য জায়গাগুলি দ্রুত ডবল করার উদ্যোগ নিতে হবে। অন্য দিকে উচালন থেকে বুলচন্দ্রপুর এবং নইসবাই থেকে বাইসমাইল এই অঞ্চলের রাস্তাগুলি মেরামত হচ্ছে ২ বছর ধরে। এই রাস্তার দুধারে চিপস পড়ে আছে। যার ফলে এখানে দুর্ঘটনা ঘটেছে। এখানে মেরামতের কাজ এখনও পর্যন্ত শেষ হয়নি। বর্ধমান ভবনে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন যে, বর্ষার মধ্যে কাজ শেষ হবে। দক্ষিণ দামোদর থেকে সেই রাস্তাটি নেওয়া হয়নি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে সত্তর এই কাজ শেষ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই রাজ্যের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে ইউনাইটেড ফ্রন্ট গভর্নমেন্ট কেন্দ্রীয় সরকারে এসেছে এবং ওঁরা নাকি কমন মিনিমাম প্রোগ্রামের মাধ্যমে এই রাজ্য চালাবে। সি. পি. এম.টি. অর্থাৎ কমন মিনিমাম প্রোগ্রামের মাধ্যমে আলোচনার ভিত্তিতে নিশ্চয়ই পেট্রোলের দাম বাড়িয়েছে। আলোচনার মাধ্যমে যদি না বাড়িয়ে থাকেন তাহলে সরকার কিভাবে চলছে মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসকে জানান। কেন না আমরা জানি তাঁর দায়বদ্ধতা আছে এই হাউসের কাছে। আমরা দুঃখের সঙ্গে দেখলাম যে ডিজেলের দাম ১৫ পারসেন্ট রোল ব্যাক হলেও কিন্তু পেট্রোলের দাম হল না, রান্নার গ্যাসের দাম হল না। মুখ্যমন্ত্রী বলেছেন যে, মধ্যবিত্তদের এইসব দিতে হয়। আমি বুঝতে পারলাম না মাননীয় মুখ্যমন্ত্রীর মধ্যবিত্তদের উপর এত রাগ কেন কলিকাতা এলাকায় ভোট পায়নি বলে, আরবান এলাকায় ভোট পায়নি বলে কি এত রাগ? আমি বলতে চাই এই দাম বৃদ্ধির জন্য বাসের ভাড়া বাড়ানো চলবে না, এই সরকারকে তার জন্য সাবসিডি দিতে হবে। সাধারণ মানুষকে এই ব্যাপারে অ্যাফেক্ট করা যাবে না। যদি বাস ভাড়া বৃদ্ধি পায় তাহলে গণ আন্দোলন শুরু হবে। আপনারা আমাদের আগে অনেক তিরস্কার করেছেন। আচমকা রাতের অন্ধকারে পেট্রোল ডিলারদের স্বার্থে আপনারা দাম বাড়িয়েছেন। আপনারা পুরানো সরকারকে দায়ী করেছেন। আপনাদের সরকার তো কোনও আদর্শের পথ দেখাতে পারেনি। আপনারা আগে বলতেন যে, বাজেটের মাধ্যমে আসুন, বাজেটের মাধ্যমে দাম বাড়ান। কিন্তু আপনারা তো বাজেটের মাধ্যমে আসেননি। তাই আমি পরিষ্কার ভাবে বলতে চাই যে, এই কমন মিনিমাম

প্রোগ্রাম হচ্ছে অল বোগাস। লালুপ্রসাদ এবং জ্যোতিবাবু, আপনারা ভাবছেন পেছন থেকে সরকার চালাবেন এবং একটার পর একটা সিদ্ধান্ত হবে. যে, সিদ্ধান্তগুলি সাধারণ মানুষের পরিপন্থী।

[12-30 — 12-40 P.M.]

আপনাদের শ্রমিক ফ্রন্ট খেলা দেখাচ্ছে, লড়াই লড়াই খেলা দেখাচ্ছে, আমরা এইসব লড়াইয়ে বিশ্বাস করি না। আসল কথা, আপনারা জনগণের সঙ্গে শত্রুতা করছেন। পেট্রোলিয়ামের প্রাইসের ব্যাপারে দেবেগৌড়াকে দায়ী করলে চলবে না। জ্যোতিবাবু এর জন্য দায়ী। সল্টলেকে বসে কেক খাচ্ছেন আর এখানে আর এক রকম কথা বলছেন। আগামীকাল যখন আপনারা আসবেন, তখন মানুষ ভুলে যাবে যে কি কারণে পেট্রোলিয়ামের দাম বেড়েছিল। আজকে আপনাদের বলতে হবে কি কারণে পেট্রোলিয়ামের দাম বাড়িয়ে সাধারণ মানুষের অসুবিধা সৃষ্টি করছেন? আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করলাম। ওরা আগুন নিয়ে খেলছেন।

**শ্রী আনন্দকুমার বিশ্বাস ঃ** (অনুপস্থিত ছিলেন)।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফত কর্মবিনিয়োগ কেন্দ্র এবং সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আমাদের রাজ্যে বেকার যুবকদের স্বনির্ভর করে তোলবার জন্য যে সমস্ত ঋণদান প্রকল্প আছে, চারটি প্রকল্প আছে, যেগুলিতে জেলা শিল্পকেন্দ্র বা ডি. আই. সি., বা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে অনুমোদন দেওয়া হয়, তাতে যে পরিমাণ টাকা দেওয়া হয়, আমি যতটুকু জানি, সর্বোচ্চ ৩৫ হাজার টাকা ঋণদান প্রকল্পের মাধ্যমে অনুমোদন করা হয় বিভিন্ন প্রকল্পে। কিন্তু বর্তমানে বিভিন্ন জিনিসপত্রের দাম যেভাবে বেড়েছে তাতে একজন বেকার যুবক যদি ব্যবসা করতে চান বা স্বনির্ভর হতে চান, তাহলে এই ৩৫ হাজার টাকা ব্যয় করে করা যায় না। এই টাকার পরিমাণ বৃদ্ধি করে ৫০ হাজার টাকা করা হোক। এইসাথে সাথে আমি আরও বলতে চাই যে, এই প্রকল্পের জন্য যেখান থেকে অনুমোদন দেওয়া হয়—জেলা শিল্প কেন্দ্র বা ডি. আই. সি.—সেখানে কোনও জনপ্রতিনিধি নেই। ঐসমস্ত জায়গায় যেসমস্ত জনপ্রতিনিধি আছেন, তাঁদের যাতে নেওয়া হয় বা তাঁদের কোনও প্রতিনিধিকে নেওয়া হয় তারজন্য আমি সরকারকে অনুরোধ জানাচ্ছি। আমাদের এখানে যেসমস্ত ন্যাশনালাইজড্ ব্যাঙ্কগুলো আছে তারা এই সমস্ত বেকার যুবকদের প্রকল্পগুলো স্ক্রিনিং কমিটিতে অনুমোদিত হলেও দেখা যায়—জেলা শিল্পকেন্দ্র থেকে অনুমোদিত হলেও—টাকা তোলার ব্যাপারে নানাভাবে অসহযোগিতা করে। আমরা দেখেছি যে ব্যাঙ্কের একাংশ কর্মীর অসহযোগিতার জন্য বেকার যুবকরা ঋণ পায় না। তাই আমার সরকারের কাছে নির্দিষ্ট একটি প্রস্তাব হচ্ছে, আমাদের রাজ্যে যে সমস্ত সমবায় ব্যাঙ্ক আছে—বেকার যুবকদের স্বনির্ভর হবার প্রশ্নে—এই সমস্ত সমবায় ব্যাঙ্কগুলোকে যুক্ত করা হোক। আমাদের রাজ্যে বহু বড় বড় এবং ছোট ছোট সমবায় ব্যাঙ্ক আছে। তারা নিজেদের মেম্বারদের ঋণ ইত্যাদি সাহায্য দিয়ে ভাল কাজ করছে আমরা দেখছি। সেজন্য এই সমস্ত সমবায় ব্যাঙ্কগুলিকে বেকার যুবকদের এই স্বনির্ভর প্রকল্পে ঋণদানের ব্যাপারে যুক্ত করার আবেদন জানাচ্ছি।

*আমি আমার এই সুনির্দিষ্ট প্রস্তাব রাজ্য সরকারের সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখলাম।*

**শ্রী সবীর ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১১৮ নং ফলতা বিধানসভা কেন্দ্রে চুরি, ডাকাতি খুন, রাহাজানি এত পরিমাণে বেড়ে গিয়েছে যে, এখানে কোনও সরকার আছে বলে আমার মনে হয় না। স্যার, আমরা ইতিহাসে পড়েছি যে হাজার বৎসর আগে এদেশে বর্গিদের হামলা হত। ১৯৯৬ সালের নির্বাচনের পরে প্রত্যেক রাত্রে গ্রামগুলিতে ছ'সাতটি বাড়িতে সারিবদ্ধ ভাবে ডাকাতি হচ্ছে। যেমন, ফতেপুর, দিঘিরপাড়, পাটকেলঘাটা, দস্তুরপুর, নারায়ণী, কোদালিয়া, জাগলা, তেঁতুলিয়া এবং শিবপুর এই রকম প্রায় পঞ্চাশটি গ্রামের উপরে হামলা চলেছে। এস. ডি. পি. ও.-র কাছে ডেপুটেশন দেওয়া হয়েছে, কিন্তু কোনও প্রতিকার হয়নি। সমস্ত গ্রামের লোকেদের রাত্রিতে জেগে কাটাতে হয়েছে, এই গ্রামের লোকেদের কাছে রাত্রি একটা বিভীষিকা হয়ে দাঁড়িয়েছে। তাই আমি আপনার মাধ্যমে জানাতে চাই, স্বরাষ্ট্রমন্ত্রী যাতে এই বিষয়টি হস্তক্ষেপ করেন, এই দাবি জানাচ্ছি।

**শ্রী অমর চৌধুরী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি জনশিক্ষা দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বরানগরে একটি মুখবধির বিদ্যালয় আছে, এটি অত্যন্ত পুরনো রবীন্দ্রনাথের আশীর্বাদধন্য, এই বিদ্যালয় বন্ধ হওয়ার উপক্রম হয়েছে। বাড়িটি ভেঙে যাওয়ার উপক্রম হয়েছে, অবিলম্বে যদি বাড়িটি মেরামতির ব্যবস্থা না করা যায় তাহলে যেকোনও সময় ভেঙে পড়তে পারে। আমি দাবি করছি বাড়িটি মেরামতি করার জন্য। বিদ্যালয়টিতে বিদ্যার্থীরা শিক্ষা গ্রহণের জন্য বিভিন্ন জেলা থেকে আসত, আবাসিক ভাবে থাকত, এখানে অবিলম্বে এই জমিটি অধিগ্রহণ করে মুখবধিরদের জন্য এই হ্যান্ডিক্যাপড্ বিদ্যালয়টি এই শিক্ষামূলক বিদ্যালয়টি যাতে ভালভাবে চালু করা যায় এবং বাড়িটি যাতে অবিলম্বে মেরামতি হয়—তা নাহলে কেলেঙ্কারি হবে—নাহলে ছাত্ররা অবহেলিত হতে পারে, তাই আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে অনুরোধ করব মন্ত্রী মহাশয় এইদিকে দৃষ্টি দিন।

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সকাল বেলায় মহেন্দ্র ভট্টাচার্য রোডে, আমার শিবপুর বিধানসভা কেন্দ্রে, দুঃখজনক অ্যাক্সিডেন্ট হয়ে গেছে। এক ভদ্রলোক তার ছেলেকে স্কুলে দিয়ে স্কুল থেকে ফেরার পথে মহেন্দ্র ভট্টাচার্য রোডে দালাল পুকুরের সামনে বাসের তলায় চাপা পড়েছে। আমি বারবার বলেছি, আমার শিবপুর বিধানসভা কেন্দ্রে এস. এন. গাঙ্গুলী রোডে, রামচরণ শেঠ রোড, মহেন্দ্র ভট্টাচার্য রোড মানুষের এবং যানবাহনের চলাচলের অনুপযুক্ত খানাখন্দে ভর্তি। ৬ মাস আগে একজন লোক এখানে মারা গিয়েছে, আজকে যে অ্যাক্সিডেন্ট হল গর্তে পড়ে উল্টে গিয়ে স্কুটার চাপা পড়েছে এবং বাসটা দালাল পুকুরের রেলিং ভেঙে ঝুলছে, সেখানে ফায়ার ব্রিগেড গিয়েছে, কিন্তু বাসটাকে তুলতে পারছে না। সমস্ত এলাকার মানুষ মহেন্দ্র ভট্টাচার্য রোড, এস.এন.গাঙ্গুলি রোড, রামচরণ শেঠ রোডকে কেন্দ্র করে মেয়র পরিষদের সদস্যদের কাছে আবেদন করেছে, কিন্তু তারা কোনও কর্ণপাত করেননি। মেয়র ইন কাউন্সিল এবং তার অফিসারবর্গ তারা ৩০টি গাড়ি চাপছেন এবং প্রতি মাসে ১০ লক্ষ টাকা খরচ হচ্ছে, অথচ হাওড়ার এই রাস্তাগুলি সারানো হচ্ছে না। মানুষ মারা

যাচ্ছে মানুষের জীবন দূর্বিষহ হয়ে উঠছে, পৌরমন্ত্রীর কাছে আমি তাই অনুরোধ করবো তারা হাওড়ার দিকে নজর দিন, রাস্তা তারা সারাতে পারছে না, এই বিষয়টি দেখার জন্য পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পিকার** ঃ আমি এটা লক্ষ করছি মেম্বাররা নোটিশ দেন একটি বিষয়ে, আর বলেন অন্য একটি বিষয়ে। আপনি নোটিশ দিয়েছেন একটি বিষয়ে, আর বললেন আর একটি বিষয়ে। যাইহোক আপনি একটা কপি দেবেন। এইসব করবেন না, বলবেন একটি বিষয়ে পাঠাতে হবে, আপনি একটা নোটিশ দিয়ে দেবেন, এইসব করবেন না।

[12-40 — 12-50 P.M.]

**শ্রী সুব্রত মুখার্জি** ঃ আপনি জানেন স্যার, প্রাক-নির্বাচনি সময়ে সারা দেশে একটা পরিস্থিতি ছিল হাওলাকে কেন্দ্র করে এবং আজও বহু প্রাক্তন মন্ত্রী, এম.পি. তারা গ্রেপ্তার হয়ে আছেন, জামিন পর্যন্ত পাননি। সাধারণভাবে আমাদের একটা ধারনা হয়ে গিয়েছিল হাওলাতো শুধু দিল্লিতেই হয়, হাওলা পশ্চিমবঙ্গে হচ্ছে না। আমি খুব স্পেসিফিকভাবে তিনটি কেস এখানে মেনশন করছি, জানিনা আপনি কি সহযোগিতা করতে পারবেন। পি.কে.রামপুরিয়া হাওলার ১০ কোটি টাকার সঙ্গে যুক্ত, ডিরেক্টর অফ রেভিনিউ ইন্টেলিজেন্স মামলা করেছে, কেস ফাইল নং ১১৭, ক্যালকাটা - ৯৬, ক্রিমিনাল মিসলেনিয়াস কেস নং ৩৬৩৫।৯৬, ডেটেড ৪.৭.৯৬, ডিস্ট্রিকট জাজ এবং সেশান জাজ তারা এন্টিসিপেটার বেইল পেয়েছে। আজকে যখন হাওলা মামলায় প্রাক্তন মন্ত্রীরা বেল পাচ্ছেন না, তখন এখানে তারা এন্টিসিপেটাবি বেল পাচ্ছে, একটা সংঘাতিক ষড়যন্ত্র পশ্চিমবাংলায় আছে। আরেকটি কেস বলছি, অজিত কুমার আগরওয়াল, ৫০০ কোটি টাকার হাওলার সঙ্গে যুক্ত, কেস নং ২৬৯৪।৯৬, ২০.৫.৯৬, সেও এন্টিসিপেটারি বেল পেয়েছে। আরেকজন রাজেন্দ্র কানোরিয়া এও হাওলার সঙ্গে যুক্ত। এর পরেও কি আমরা বলতে পারিনা একটা গভীর ষড়যন্ত্র মন্ত্রী বা সরকারের সাপোর্টে এরা করছে। কারণ একটা দেশে দিল্লিতে একরকম আইন, সুপ্রিম কোর্টে একরকম আইন ডিস্ট্রিক্ট জজে আরেকরকম আইন হতে পারেনা। এখানে তারা এন্টিসিপেটারি বেল কি করে পেল, এটা নন-বেইলেবল সেকশান, এখানে তাদের হাজতবাস হওয়া উচিত। আমি আপনার কাছে অনুরোধ করব এই ব্যাপারটা জজ কোর্টে না দিয়ে সি.বি.আইকে দিয়ে তদন্ত করান, এই অনুরোধ আমি রাখছি।

**Mr. Speaker** : Mr. Mukherjee, Director of Revenue is controlled by the Central Government and not by the State Government. The District Judge is controlled by the High Court Administration, not by the State Government. The State Government does not have any administration or jurisdiction over these things. Judiciary is independent and it should remain independent. We should not have any interference of the control of the judiciary. What I can only do is - I can send a copy of the statement of yours to the Chief Minister and he can take it up with the Government of India at the appropriate level and what can be done about what he has stated Nothing more we can do.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** *আপনি যা বলেছেন আমি তার সঙ্গে একমত। আইন বাঁচিয়ে এখানে কি করতে পারেন সেটা দেখবেন।*

**মিঃ স্পিকার ঃ** আইনে যা আছে দেখা যাবে।

**শ্রী শেখ মাজেদ আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনি কেন্দ্র পান্ডুয়া সেখানে ৫টি মাত্র হায়ার সেকেন্ডারি স্কুল আছে। আপনি জানেন মাধ্যমিকে ৬৫ পারসেন্ট উত্তীর্ণ হয়েছে। সেখানে একাদশ শ্রেণীতে ভর্তির খুব সমস্যা দেখা দিয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব আমাদের ব্লকে আরও দুটি মাধ্যমিক স্কুলকে উন্নিত করার জন্য অনুমোদন দেওয়া হয়।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর উদ্দেশ্যে পাথরপ্রতিমা বিধানসভা এলাকায় পানীয় জলের যে তীব্র সঙ্কট চলছে তার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগনা জেলার প্রায় সর্বত্র বিশেষ করে সুন্দরবন এলাকায় পানীয় জলের তীব্র সঙ্কট বহু মানুষ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখনও পুকুরের জল খায়। পানীয় জল হিসেবে। যদিও আমি জানি ওই এলাকায় গভির নলকূপ খনন করতে হয় নাহলে মিষ্টি জল পাওয়া যায় না। কিন্তু সম্প্রতি বর্ষার এবং সাময়িক একটি ঘূর্ণিঝড়ে নদীবাঁধ গুলো ভেঙে যাওয়ার ফলে পুকুরে নোনা জল ঢুকে যাচ্ছে। তাই আমি বিভাগীয় মন্ত্রীর কাছে অবিলম্বে পানীয় জলের জন্য অধিক সংখ্যক নলকূপ খননের জন্য দাবি জানাচ্ছি। পাথর-প্রতিমা যেখানে ১৩টা গ্রাম পঞ্চায়েত নিয়ে পঞ্চায়েত সমিতি, কংগ্রেসের অধীন বলে বহুদিন সরকারের কাছ থেকে অবহেলার শিকার হয়ে আসছে। ফলে পানীয় জলের সমস্যা তীব্র থেকে তীব্রতর হচ্ছে। আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি এই অবহেলিত মানুষগুলো যাতে একটু পানীয় জল পায়। ধন্যবাদ।

**শ্রী মহম্মদ হান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বীরভূম জেলার রামপুরহাট মহকুমায় গত ১০ বছর আগে সরকার অনেক টাকা খরচ করে একটি ষ্টেডিয়াম তৈরি করেছেন। দুর্ভাগ্যের বিষয় স্যার, ষ্টেডিয়ামটি রক্ষণাবেক্ষণের অভাবে ভেঙে পড়তে বসেছে। তাছাড়া, পাঁচ বছর থেকে ওই ষ্টেডিয়ামটিতে খেলাধূলার কোন বন্দোবস্ত নেই। আমি আপনার মাধ্যমে, মাননীয় ক্রীড়ামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে সত্বর ওই স্টেডিয়ামটি সংস্কার হয় এবং খেলাধূলার বন্দোবস্ত করা হয়।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** (অনুপস্থিত)

**শ্রী মুরশেলিন মোল্লা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে মাধ্যমিক পরীক্ষার ফল বেরিয়েছে। গ্রামীণ অবস্থানে নতুন প্রজন্মে শিক্ষার ক্ষেত্রে উঠে আসছে। আগামি দিনে আমাদের এইচ.এস পরীক্ষার রেজাল্ট বেরোবে। বামফ্রন্ট সরকার এর শিক্ষা নীতির ফলে যে নতুন শিক্ষার প্রসার ঘটেছে তাকে খেয়ে ফেলছে বর্তমান পুস্তকের দাম। আগে যে বই এর দাম ছিল ৬ টাকা ৭ টাকা তার দাম এখন ৪ গুন বেড়ে হয়েছে ৫০ থেকে ৬০ টাকা। তারফলে নতুন যে প্রজন্ম তারা বই কিনে শিক্ষায়ে এগোতে পারছে না। আমি দাবি জানাচ্ছি বামফ্রন্ট সরকারের কাছে পুস্তক ছাপাবার জন্য ভরতুকি দিয়ে কাগজ সরবরাহ করা হোক।

[12-50 — 1-00 P.M.]

**শ্রী সুদীপ বন্দোপাধ্যায় ঃ** *স্যার, মুখ্যমন্ত্রী দিল্লিঘুরে এলেন এবং পেট্রোল, ডিজেল* এবং গ্যাসের যে মূল্য বৃদ্ধি হয়েছিল, আমাদের প্রত্যাশা ছিল যে, মুখ্যমন্ত্রীর ইন্টারফেয়ারেন্সে সেটা কমবে। কিন্তু ডিজেলের দাম ১৫ পারসেন্ট কমলেও বাকিগুলির দাম কমেনি। সুতরাং আমাদের অভিযোগ যে, দ্য চিফ মিনিস্টার হ্যাজ টোটালি বিট্রেড দি ইন্টারেস্ট অফ দি পিউপল অপ ওয়েস্ট বেঙ্গল। হি হ্যাজ চিটেড আস। তাই স্যার আমার অনুরোধ যে, মমতা ব্যানার্জির সাথে বামফ্রন্টের এম পি রাও যেন তার সমর্থনে ধর্নায় বসেন। কারণ জ্যোতি বাবুর প্রতিবাদে কিছু হবে না। মমতা ব্যানার্জি পেট্রোল ডিজেলের দাম যাতে কমে তার প্রতিবাদে রাস্তায় নামবেন।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে স্মরণ করছি আগামি ১৯৯৭ সালে নেতাজি জন্মশত বর্ষ পূর্ণ হচ্ছে। তাই পশ্চিমবঙ্গ সরকার নেতাজির জন্মদিনে কি কর্মসূচী গ্রহণ করছেন তা এই বিধানসভায় নিশ্চয়ই ঘোষণা করবেন। সাথে সাথে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের কাছে আমি অনুরোধ করবো যে এই বিধানসভার সকলেই আমার সঙ্গে একমত হবেন কেন্দ্রে যুক্তফ্রন্ট সরকার এসেছে, সেখানেও জানাই ঐ মহান নেতা নেতাজির জন্মদিন তামাম হিন্দুস্থানে যেন ভালোভাবে পালিত হয়। ২৩শে জানুয়ারি জাতীয় ছুটি হিসাবে ঘোষণা করা হয় তারজন্য আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** (অনুপস্থিত)

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে গত ৫ই জুলাই বন্ধের দিন সারা রাজ্যে বিভিন্ন জায়গায় মাকর্সবাদি কমিউনিষ্ট পার্টি তান্ডব নৃত্য চালিয়েছে। আমার বিধানসভা এলাকায় বিশ্বজিত মাইতি নামে একজন যুব কংগ্রেস কর্মি কাঁথি হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়াই করছে। আরও দুর্ভাগ্যজনক ব্যাপার হল পটাশপুর এবং পুরুষোত্তমপুরে সেখানে কংগ্রেস লাঠি পেটা করে মেরে ফেলেছে। এখনও পর্যন্ত একজন দোষি ব্যক্তিকেও গ্রেপ্তার করা হয়নি। তাই আপনার মাধ্যমে ওই মৃত ব্যক্তিদের নিকটাত্মীয়দের এককালীন খাতে সাহায্য দেওয়া হয় তারজন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কেন্দ্রের যুক্তফ্রন্ট সরকারকে ধন্যবাদ জানাচ্ছি এই কারণে যে, আজকের কাগজে দেখলাম গত সপ্তাহের মুদ্রাস্ফীতির হার যা কমেছে সেটা ফোর পয়েন্ট ফাইভ ওয়ান পারসেন্ট। আর এবার যেটা কমেছে সেটা হচ্ছে ফোর পয়েন্ট টু টু পারসেন্ট। এই যে মুদ্রাস্ফীতির হার কমছে, এই হার কমার ফলে জিনিসপত্রের দাম কমবে। তাহলে জনসাধারণেরও খুব উপকার হবে। সুতরাং আমি বলি পেট্রোল, ডিজেল এবং গ্যাসের দাম যে বৃদ্ধি হচ্ছে তার সাথে প্যারিটি রক্ষা করা উচিত। আমি মাননীয় অর্থমন্ত্রীকে জানাই যে তিনি যে দিন ফিনান্স বিল নিয়ে ভাষণ দেবেন সেই দিন যেন এই বিষয়ে তিনি আলোকপাত করেন।

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র হীরাপুরে

৭টি স্বাস্থ্যকেন্দ্র আছে। ওখানে কোন ডাক্তার থাকে না। ডাক্তার সপ্তাহে একদিন যান। কোনও জায়গায় ছাদ নেই, জল পড়ে। কোনও ওষুধ নেই। রোগি ভর্তির কোনও ব্যবস্থা নেই। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি অবিলম্বে ওই ৭টি স্বাস্থ্যকেন্দ্রকে নতুন করে তৈরি করা হোক এবং ওষুধপত্র, আধুনিক যন্ত্রপাতি দিয়ে ১০০ শয্যা বিশিষ্ট স্বাস্থ্যকেন্দ্র পরিণত করা হোক

**শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** নট প্রেজেন্ট।

**শ্রী সঞ্জয় বক্সি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার জোড়াবাগান বিধানসভা কেন্দ্রে স্ট্র্যান্ড রোডে অবস্থিত মেয়ো হাসপাতালটি বিশ্বের অন্যতম হাসপাতাল। কানাডা এবং লাহোরে এই মেয়ো হাসপাতালটি চালু আছে। কিন্তু কলকাতায় এই হাসপাতালটি বন্ধ হয়ে যায়। ১৯৮২ সালে সরকার এই হাসপাতালটিকে অধিগ্রহণ করেন এবং ১৯৯১ সালে বেসরকারি সংস্থার যৌথ উদ্যোগে হাসপাতালটি চালু করার কথা বলা হয়। কিন্তু ১১টি বাড়ি সম্বলিত ৭ বিঘা জমি মাত্র ১ কোটি ৫২ লক্ষ টাকায় বিক্রি হয়। স্ট্র্যান্ড রোডের মত জায়গায় যেখানে ১৫ লক্ষ টাকা কাঠায় জমি বিক্রি হয় সেখানে ৭ বিঘা জমি অর্থাৎ ১৪০ কাঠা জমি ১ কোটি ৫২ লক্ষ টাকায় বিক্রি করা হয়েছে। ১৯৯৫ সালে বাড়ি ভাঙার কাজ শুরু হয়। বাড়ি ভাঙার পর কড়ি-বর্গা, দরজা, মার্বেল এগুলো বিক্রি করে ১ কোটি টাকা পাওয়া যায়। আমি আপনার মাধ্যমে দাবি করছি অবিলম্বে এব্যাপারে তদন্ত করে সভাকে জানান হোক। আরও ২টো ডিসপেনসারি ওখানে আছে। এই ২টো ডিসপেনসারির কি অবস্থা সেটাও জানানোর জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিবিপনন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কাটোয়ায় রেগুলেটেড মার্কেট থেকে কাটোয়া মহকুমার কৃষকদের কাছে লক্ষ লক্ষ টাকা কর আদায় করা হচ্ছে। সেই করের টাকা নয়-ছয় হয়ে যাচ্ছে। সাধারণ কৃষকদের কোনও উপকার এতে হচ্ছে না। অবিলম্বে যাতে এই টাকা সাধারণ কৃষকদের উপকারে ব্যয় করা হয় সে ব্যাপারে আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি-বিপণন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বহরমপুর শহরটা এক সময় খুব সুন্দর শহর ছিল। কিন্তু বর্তমানে প্রবল বর্ষণে এখানকার রাস্তা-ঘাটের বেহাল অবস্থা দেখা দিয়েছে। ফলে যানবাহণ চলাচলের সমস্যা দেখা গেছে। এমন কি পায়ে হাঁটাও অসম্ভব হয়ে পড়েছে। ওখানে কংগ্রেস পরিচালিত যে পৌরসভা আছে তারা নাকে সর্ষের তেল দিয়ে নিদ্রা যাচ্ছেন। কংগ্রেস পরিচালিত পৌরসভা ওই শহরটাকে খাটালে পরিণত করেছেন। তাদের কোনও কাজ নেই। শহরবাসীরা বিপর্যস্ত হয়ে পড়েছেন। মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় ওখানে ২-১টি রাস্তা করেছেন। আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি অবিলম্বে এই শহরটাকে বাঁচানোর জন্য এবং এই শহরকে সুন্দর করে তোলার জন্য উদ্যোগ গ্রহণ করুন।

[1-00 — 1-10 P.M.]

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী তথা অন্যান্য যে দায়িত্বশীল মন্ত্রীরা এখানে বসে আছেন তাদের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন পশ্চিমবঙ্গের অনেক সরকারি বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকারা বেতন পাচ্ছেন না। একটা উদাহররণ দিচ্ছি। আসানসোলে মণি মালিকা বালিকা উচ্চ বিদ্যালয় অবস্থিত। বর্ধমান জেলার মধ্যে এই বিদ্যালয়ে গত ১০ বছর ধরের মাধ্যমিক খুব ভাল রেজাল্ট করছে। এবারেও সেন্ট পারসেন্ট প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। গত ৫ বছরে এই বিদ্যালয় থেকে মাধ্যমিকে কেউ ফেল করে নি। কিন্তু দুর্ভাগ্যের ব্যাপার এই, ঐ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শ্রীমতী মমতা ব্যানার্জি জুন '৯৫ থেকে বেতন পাচ্ছেন না। পরিচালন ব্যবস্থা তারসঙ্গে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে বিমাতৃসুলভ আচরণ করছে। সহকারি প্রধান শিক্ষিকা শ্রীমতী কল্যাণী রায়, তিনি জুন '৯৪ থেকে বেতন পাচ্ছেন না। এর প্রতিকারের জন্য অবিলম্বে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি।

**শ্রী রামজনম মাঝি ঃ** (অনুপস্থিত)

**শ্রী বুদ্ধদেব ভকত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমার বিধানসভা ঝাড়গ্রাম পৌর সভার রাস্তার দুপাশের জমি সমস্ত এই কংগ্রেসিরা এনক্রোচ করে, জবরদখল করে একেবারে চলাচলের অযোগ্য করে দিয়েছে। ১০ টার সময় যখন স্কুল, অফিস-কাছারি খোলে এবং স্টেশানে যাত্রিরা নামে, তখন চলাচল করা খুব অসুবিধাজনক হয়ে পড়ে। এমন কি জাতীয় স্মৃতি রবীন্দ্র পার্কও জবরদখল করে একেবারে শেষ করে দিয়েছে। অবিলম্বে এই জবর-দখল মুক্ত করার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। জমির খাজনা মকুব-এর বিষয়ে দেখা যাচ্ছে, খাজনা আদায়কারি তহশীলদাররা খাজনা আদায়েরর আওতাভুক্ত চাষিদের কাছ থেকে তারা দরখাস্ত করবার পর যখন সার্টিফিকেট নিতে যাচ্ছে, তাদের বলছে, ১৩৬০ সাল থেকে বকেয়া খাজনা দিতে হবে, কারণ, তাদের কাছে কোন রেজিস্টার নেই, জে.এল.আর.ও অফিসেও নেই। তারপর দর কষাকষির পর বলছে দুশো টাকা দাও, তোমাদের পাঁচ হাজার টাকা মকুব করে দেওয়া হল। এইভাবে পাঁচশ টাকা নিল। এইভাবে প্রচুর টাকা বেআইনিভাবে, অবৈধভাবে আদায় করছে। এই ব্যাপারে ভূমি এবং ভূমি সদব্যবহার মন্ত্রী একটি বিবৃতি দিন। এই যে কৃষকদের এইভাবে ঠকাচ্ছে, এই যে বিভ্রান্তি, তার হাত থেকে কৃষকদের বাঁচাবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে বিবৃতি দানের জন্য অনুরেরাধ করছি।

**শ্রী বিজয় বাগদি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মাধ্যমিক শিক্ষা দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনি এলাকায় পাণ্ডুয়া, লক্ষ্মী-নারায়ণপুর এবং ভবানিগঞ্জ, এখানে তিনটে জুনিয়ার হাই স্কুল আছে। সেখানে ক্লাস এইটে পাশ করার পর নবম শ্রেণীতে ভর্তি হতে তাদের অসুবিধা হচ্ছে। এই স্কুল গুলোকে অষ্টম শ্রেণী থেকে হায়ার সেকেন্ডারি স্কুলে রুপান্তরিত করে ঐ অঞ্চলের ছাত্র-ছাত্রীদের

অসুবিধা দুর করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আবুআয়েস মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আমরা সকলেই জানি, বিধানসভার মাননীয় সদস্যরা ট্রেনে, সরকারি বাসে, ফেরি সার্ভিসে যাতায়াতের সুযোগ-সুবিধা পান, রেলের কুপন, আইডেন্টিটি কার্ডের সুযোগ পান, কিন্তু তারা মেট্রো রেলের সুযোগ-সুবিধা পান না। তারা যাতে মেট্রো রেলে যাতায়াতের সুযোগ-সুবিধা পান, তারজন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আপনার কাছে অনুরোধ করছি।

**শ্রী রমেশ রায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মেখলিগঞ্জ সদর হাসপাতালে যেখানে ১৫ জন ডাক্তার থাকার কথা সেখানে মাত্র ৬ জন ডাক্তার দিয়ে কাজ চালানো হচ্ছে। এরমধ্যে আবার অনেকে ছুটিতে থাকছেন। ফলে সাধারণ মানুষের প্রচন্ড অসুবিধা সৃষ্টি হচ্ছে। এখানে অ্যাম্বুলেন্স নেই, বিদ্যুতের অভাবে এক্স-রে করা যাচ্ছেনা। স্যার, ওখানে একটা জেনারেটর স্থাপনের আবেদন করছি। সাথে সাথে ওখানে প্রাথমিক চিকিৎসা কেন্দ্র নির্মিত হয়েছে সেখানে একজন মাত্র ডাক্তার রয়েছে। এতে সাধারণ মানুষের অসুবিধা হচ্ছে। যাতে মেখলিগঞ্জ এবং কুসলিবাড়ির লোকেদের এই অসুবিধার হাত থেকে রেহাই দেওয়া যায় তারজন্য আমি আবেদন করছি।

**শ্রী হাফিজ আলম শৈরানি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, ৫০ হাজার সি.এ.জি. যারা গ্রামে-গঞ্জে সাধারণ মানুষের সেবায় নিযুক্ত আছেন তাদের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজ প্রায় ৬।৭ মাস ধরে তাদেরকে অনারিয়াম হিসাবে যে ৫০ টাকা করে দেওয়া হত সেটা বন্ধ করে দেওয়া হয়েছে এবং যে ওষুধ-পত্র বিতরণের জন্য দেওয়া হত তাও দেওয়া হচ্ছেনা। সেইজন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করছি, অবিলম্বে যাতে ওদের ৬।৭ মাসের অনারিয়াম দিয়ে দেওয়া হয় এবং সামান্য ওষুধ-পত্র যা তাদের মাধ্যমে সাধারণ মানুষের বিতরণেরর জন্য দেওয়া হয় তার ব্যবস্থা করা হোক।

**শ্রীমতী সাবিত্রি মিত্র ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, গত ৫ই জুলাই বাংলা বন্ধের দিনে ওরা পুলিশি ক্ষমতা দেখিয়ে বন্ধ রোখবার চেষ্টা করেও পারেননি। কিন্তু স্যার, সেদিন জোর করে পুলিশ দিয়ে আমাদের তিনজন বিধায়ককে অ্যারেষ্ট করা হয়। ঐদিন আমরা বৃষ্টিতে সম্পূর্ণ ভিজে গিয়েছিলাম। কিন্তু ঐ অবস্থায় ৩।৪ ঘন্টা আমাদের আটকে রেখে বলা হয় যে, আপনাদের অ্যারেষ্ট করা হয়নি। এটা কি জঙ্গলের রাজত্ব? বিধায়কদের গ্রেপ্তার করতে গেলে স্পিকারকে জানাতে হয়। সেই জেলার এস.পি.-র ঔদ্ধত্ব একটু চিন্তা করুন, ৪ ঘন্টা আমাদের আটকে রাখার পর ঐ কথা বলছেন। আমি এবিষয়ে আপনার মাধ্যমে স্ব-রাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এবং সাথে সাথে যে সমস্ত পুলিশ অফিসাররা ঐ কার্যকলাপ করেছেন তাদের শাস্তির দাবি করছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি ভালো ভাবেই জানেন, বাঁকুড়া জেলার শুশুনিয়া পাহাড় আমাদের রাজ্যের পর্যটকদের কাছে খুবই আকর্ষনীয় জায়গা। বিভিন্ন সময় কম-বেশি লোক সেখানে যান। এছাড়া যারা পর্বতারোহী শিক্ষার্থী - নভেম্বর,

ডিসেম্বর, জানুয়ারি, ফেব্রুয়ারি মাসে সেখানে যায় এবং বিভিন্ন পিকনিক-পার্টিও যায়। এত লোকের যাতায়াত হওয়া সত্ত্বেও সেখানে কোন দুর্ঘটনা বা কারো অসুস্থতা দেখা দিলে কোনও চিকিৎসার ব্যবস্থা নেই। ভ্রমণার্থীরা খুবই অসহায় বোধ করে। এবিষয়ে আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে সেখানে একটা ডিসপেনশারি খোলা হয় এবং সেখানে তাৎক্ষনিক চিকিৎসা দেবার ব্যবস্থা থাকে। এছাড়াও কলকাতা থেকে শুশুনিয়া যাওয়ার জন্য যাতে স্টেট বাস সার্ভিস চালু করা হয় তারজন্য মাননীয় পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-10 — 1-20 P.M.]

**শ্রী প্রত্যুষ মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, হাওড়া জেলায় কয়েকদিন ধরে কংগ্রেস-এর তরফ থেকে সন্ত্রাস করা হচ্ছে। সেখানে দু-জন খুন হয়ে গেছে এবং আমাদের হাওড়া জেলার আমতা কেন্দ্রের চন্দ্রপুর অঞ্চলে গত ১লা তারিখে কংগ্রেসি গুন্ডারা বাড়ি বাড়ি হামলা চালায় এবং লুৎফার রহমান মল্লিকের স্ত্রীকে আহত করে এবং বাড়ি-ঘর লুঠ করে। গত ২রা তারিখে চন্দ্রপুরা গ্রামে শেখ মেহবুব আলির বাড়ি আক্রান্ত হয় এবং তার স্ত্রী ও শিশু সন্তানকে মার-ধোর করা হয়। শুধু তাই নয়, গত বন্ধের দিন, ৫ তারিখ রাত্রিবেলা বেশ কয়েকজন দুষ্কৃতি গোটা এলাকা দাপিয়ে বেড়িয়েছে এবং ৫০/৬০ জনে দলবদ্ধভাবে আগ্নেয় অস্ত্র নিয়ে অনেককে মারধোর করেছে। সে-সমস্ত ঘটনা থানায় লিপিবদ্ধ করা সত্ত্বেও পুলিশ কোনও ব্যবস্থা নেয় নি। আমি পুলিশি ব্যবস্থার দাবি জানাচ্ছি।

**শ্রী নীরোদ রায়চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় পূর্তমন্ত্রী এখন এখানে উপস্থিত আছেন আমি তাকে বিষয়টি শুনে ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি। স্যার, উত্তর ২৪-পরগনায় হাবড়া থেকে রাজবেড়িয়া পর্যন্ত দীর্ঘ ২৫ মাইল পথ ধরে দুটো বাস চলাচল করত। কিন্তু বর্তমানে ঐ রাস্তাটি এমনভাবে ভেঙে গেছে যে আর বাস চলাচল করতে পারছে না। এক মাসের ওপর ঐ রাস্তায় বাস চলাচল বন্ধ আছে। ফলে ছেলে-মেয়েরা স্কুল কলেজে পর্যন্ত যেতে পারছে না। এমন কি রাস্তার এমন অবস্থা যে ভ্যান পর্যন্ত চলছে না। শুধু ঐ রাস্তাটিই নয়, ঐ এলাকার বেশিরভাগ রাস্তারই অবস্থা খুব খারাপ। অবিলম্বে বিশেষ করে ঐ রাস্তাটি-সহ আমি ঐ এলাকার সমস্ত রাস্তা মেরামত করার জন্য পূর্তমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী মহঃ আনসারুদ্দিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন গত ৫ তারিখে প্রদেশ কংগ্রেসের ডাকা 'বাংলা বনধ্' কার্যতঃ ব্যর্থ হয়েছে। আমার বিধানসভা কেন্দ্র জগৎবল্লভপুর এবং পাঁচলা বিধানসভা কেন্দ্রের একটা অংশে বন্ধ হয়নি। কিন্তু ঐদিন সকাল থেকে পাঁচলা বিধানসভা কেন্দ্রের নস্করপাড়ায় বোমা বৃষ্টি হয়েছিল নস্করপাড়া বাজার বন্ধ করার জন্য। পরবর্তী সময়ে, ৬ তারিখ সকাল ৭টার সময় মাজুক্ষেত্রের ইসলামপুর অঞ্চলে এটাও পাঁচলা বিধানসভা কেন্দ্রের মধ্যে সাংঘাতিকভাবে লুঠতরাজের ঘটনা ঘটল। আমাদের কর্মি তথা নেতা নিমাই পোল্লের বাড়ি সম্পূর্ণ বিধ্বস্ত করা হয়েছে এবং বিজয় চক্রবর্তীর বাড়ি

লুঠ করা হয়েছে। টি.ভি. সেট, রেডিও সেট ১০,০০০ টাকা, একটা পাম্প সেট এবং সোনা রূপার গহনা লুঠ করা হয়েছে। এমন কি বাড়ির মেয়েদের গা থেকে জোর করে গহনা-গাটি কেড়ে নেওয়া হয়েছে। ওখানে দুষ্কৃতিরা সবাই কংগ্রেসি সমাজ বিরোধী, তাদের একটা নামের লিষ্টও করা হয়েছে। তারপর ঐ একই বিধানসভা কেন্দ্রের মধ্যে জালালসী গ্রামে জলিল মল্লিক এবং রওশন মল্লিককে রড দিয়ে মেরে গুরুতর আহত করা হয়েছে। তাদের দু'জনকেই হাওড়া হাসপাতালে ভর্তি করা হয়েছে। দুঃখের কথা হচ্ছে এই সমস্ত ঘটনার নেতৃত্ব দিয়েছেন পাঁচলার বিধায়ক গুলশন মল্লিক। আমি আপনার মাধ্যমে এই সমস্ত ঘটনার প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে দোষীদের গ্রেপ্তার, শাস্তির দাবি জানাচ্ছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, বামফ্রন্টের সর্বাত্মক প্রচেষ্টা সত্ত্বেও শত্রুর মুখে ছাই দিয়ে গত ৫ তারিখ প্রদেশ কংগ্রেসের ডাকা 'বাংলা বনধ্' সম্পূর্ণ সফল হয়েছে। মুখ্য সচিব একটা আনপ্রিসিডেন্টেড সার্কুলার দিলেন যে, যে সমস্ত সরকারি কর্মচারি বন্ধের দিন অফিসে আসবেননা তাদের শো-কজ করা হবে। তা সত্ত্বেও রাইটার্স বিল্ডিং-এ ফ্যান ঘুরেছে, আলো জ্বলেছে, কিন্তু কর্মচারিরা উপস্থিত হন নি। কলকাতার কোথাও ২৫ শতাংশের বেশি কর্মচারি উপস্থিত ছিলেন না। রাস্তায় ফাঁকা বাস চলেছে। ঐ অবস্থার মধ্যেও সি.পি.এম হিংসাত্মক কাজকর্ম চালিয়ে গেছে। কাঁথির পটাশপুরে সি.পি.এম-এর হামলায় কংগ্রেস কর্মী ধরণীধর জানা মারা গেছে। বর্ধমানে আমাদের এম.এল.এ. শ্যামাদাস ব্যানার্জিকে পুলিশ আক্রমণ করেছে। আমরা দেখছি বন্ধের মধ্যে কিরণময় নন্দ বিধায়কদের মাছ খাইয়ে বিধানসভায় উপস্থিত করিয়েছেন। এখন এখানে ২/৩ জন মন্ত্রীকেও দেখতে পাচ্ছি না। অথচ সেদিন ২২ জন মন্ত্রী এখানে উপস্থিত হয়েছিলেন। কিন্তু আমি এটা পরিষ্কার বলতে চাই যে, মন্ত্রী, এম.এল.এ-দের বিধানসভায় হাজির কবিয়ে আমাদের 'বাংলা বনধ্' ভাঙা যায় না। মানুষের সমর্থন না নিয়ে জোর করে ক্যাডার এবং পুলিশ দিয়ে আমাদের 'বাংলা বনধ্' ভাঙা যায় নি। সি.পি.এম-এর সন্ত্রাস এবং পেট্রলের দাম বৃদ্ধির প্রতিবাদে পশ্চিমবাংলার জনগণ গত ৫ তারিখ 'বাংলা বনধ্' সম্পূর্ণ সফল করেছেন, তারজন্য আমি তাদের অভিনন্দন জানাচ্ছি।

**ডাঃ রামচন্দ্র মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীব দৃষ্টি আকর্ষণ করছি. এই যে রাস্তাঘাট পরপর এনক্রোচমেন্ট হচ্ছে, আমাদের খেজুরি থানা অঞ্চলেও একই অবস্থা হয়েছে। যারফলে যানবাহন চলাচলের অসুবিধা হচ্ছে। সেইজন্য এনক্রোচমেন্ট কমিটি তৈরি করা হয়েছে যেখানে ডি.এম, ডি.এস.পি, পি.ডব্লু.ডির ইঞ্জিনিয়ারস এবং পঞ্চায়েত সমিতির সদস্যরা আছেন। কিন্তু দেখা যাচ্ছে, এই কমিটি ইন-অ্যাকটিভ এবং ইন-এফিসিয়েন্ট। কোনও কাজ করছে না আমাদের অঞ্চলে। সেইজন্য এই কমিটি যাতে অ্যাকটিভ হয় সে বিষয়ে লক্ষ দিতে আমি অনুরোধ করছি।

**শ্রী মানিক উপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বারাবনি বিধানসভা কেন্দ্রে যে সমস্ত ছোট-ছোট ছেলে-মেয়েরা মাধ্যমিক পাশ করেছে তাদের এ্যাডমিশন পেতে অসাধ্য হয়ে পড়ছে। দীর্ঘদিনধরে যে স্কুলগুলি আছে সেগুলি মাধ্যমিক অবস্থায় পড়ে আছে, সেগুলিকে সরকারি

তরফ থেকে উচ্চ মাধ্যমিকে উন্নিত করা হচ্ছে না। ঐ প্রত্যন্ত গ্রামের গরিব ছেলে-মেয়েদের সাহায্যার্থে উচ্চ মাধ্যমিক স্কুল করা দরকার। ঐ এলাকা কোল-ফিল্ড এরিয়া এবং ৩০ পারসেন্ট নন-বেঙ্গলির বসবাস। ওখানে অষ্টম শ্রেণী পর্যন্ত হিন্দী আদর্শ বিদ্যালয় আছে। ঐ স্কুলটিকে উচ্চমাধ্যমিক বা মাধ্যমিক স্কুলে উন্নিত করা হোক। আল্লাদিতে কোনও স্কুল নেই। অতএব ওখানে একটা মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্কুল তৈরি করা হোক। এছাড়া পাঁচগাছিয়ায় বিবেকানন্দ হাইস্কুলটিকে উচ্চমাধ্যমিক করা হোক আর কমলা গার্লর্স হাইস্কুলটিকে উচ্চমাধ্যমিকে উন্নিত করা দরকার এবং এ্যাথোরা হাইস্কুলটিকে উচ্চ মাধ্যমিকে উন্নিত করা হোক। এছাড়া রাস্তাঘাটের এমন অবস্থা যে ছেলে-মেয়েরা এবং সাধারণ মানুষ যাতায়াত পর্যন্ত করতে পারে না। এই সরকার বলছেন, আমরা শিক্ষা ব্যবস্থার উন্নতি করছি। তাই আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলায় যে সদর হাসপাতালটি আছে সেখানকার মর্গটি হাসপাতালের ভিতরই আছে। স্বভাবতঃই হাসপাতালের পরিবেশ ঐ এলাকায় নষ্ট হয়েছে। অবিলম্বে ঐ মর্গটি আন্ডারগ্রাউন্ড করে ইলেকট্রিফিকেশনের যাতে ব্যবস্থা করা হয় তারজন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি।

## Zero Hour

**শ্রী শ্যামাপ্রসাদ বোস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে কয়েকটি কথা এই বিধানসভায় উপস্থিত করতে চাই। আপনি জানেন, গত ৫ তারিখে সারা পশ্চিমবাংলা জুড়ে কংগ্রেসের পক্ষ থেকে যে বনধ্ চাপিয়ে দেওয়া হয়েছিল তারজন্য সারা পশ্চিমবাংলায় বামফ্রন্ট কর্মিদের উপর কংগ্রেসের পক্ষ থেকে অত্যাচার নামিয়ে আনা হয়েছিল। বর্ধমান শহরে ঐদিন অর্থাৎ ৫ই জুলাই, কংগ্রেসের পক্ষ থেকে বোমা ছোঁড়ার জন্য অন্তত ১৫ জন আহত হয়েছে যাবমধ্যে ৪ জনের অবস্থা অত্যন্ত গুরুতর। (নয়েজ) এর প্রতিবাদে ৭ তারিখে আমাদের তরফ থেকে একটা সভা ডাকা হয়েছিল। সেই প্রতিবাদ সভায় আমাদের আইনমন্ত্রী, মাননীয় শ্রী নিশীথ অধিকারি উপস্থিত ছিলেন। সেই প্রতিবাদ সভায় যোগ দিতে একটি মিছিল যখন আসছিল তখন কংগ্রেসের পক্ষ থেকে সেই মিছিলের উপর আক্রমণ করা হয়। গত ৫ জুলাই বর্ধমান শহরে নিরীহ মানুষের উপর এইভাবে অত্যাচার করা হয়েছিল আর আজকে মাননীয় সদস্য শ্রী সৌগত রায়, শ্রী সুনীতি চট্টরাজ মহাশয়রা বলছেন, শ্যামাদাস ব্যানার্জি আহত হয়েছেন। মিথ্যা কথার একটা সীমা আছে। আমি পরিষ্কারভাবে ওদের বলতে চাই যে অসত্য কথা বলে মানুষকে বিভ্রান্ত করবেন না। মাননীয় পুলিশমন্ত্রীর কাছে আমি অনুরোধ জানাচ্ছি, অবিলম্বে দোষী ব্যক্তিদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করুন।

(গোলমাল)

(এই সময় মাননীয় সদস্য শ্রী তাপস ব্যানার্জিকে উত্তেজিতভাবে ওয়েলের দিকে ছুটে আসতে দেখা যায়। মাননীয় কংগ্রেসের সদস্যগণ তাকে থামান।)

*মিঃ ডেপুটি স্পিকার ঃ মাননীয় সদস্যগণ, আপনাদের বলি, এখানে প্রত্যেক মাননীয় সদস্যের অধিকার আছে তার বক্তব্য রাখার। কারুর কথা কারুর পছন্দ না হতে পারে কিন্তু প্রত্যেকেরই বলার অধিকার আছে এবং সেই সুযোগ তাকে দিতে হবে। হাউসের মধ্যে এইরকম ব্যবহার করা, দৌড়ে চলে আসা, একদিকে ধাবিত হওয়া এসব কোন মাননীয় সদস্যের গুনের পরিচয় নয়। এবারে জয়ন্ত বিশ্বাস বলুন।*

[1-20 — 1-30 P.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা, মাকর্সবাদিরা ব্যক্তি পূজায় বিশ্বাস করি না। কিন্তু ইতিহাসে ব্যক্তির ভূমিকা অনস্বীকার্য। আজকে আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রীর জন্মদিন এবং সেই সঙ্গে সঙ্গে তার সংসদীয় জীবনের ৫০ বছর পূর্তি। মাননীয় জ্যোতিবাবু আজকে আর শুধু পশ্চিমবঙ্গের নেতা নন, তিনি গোটা ভারতবর্ষের নেতা। বাম গণতান্ত্রিক আন্দোলনের ধারা যা স্বাধীনোত্তর কাল থেকে এ রাজ্যে গড়ে উঠেছে। তারমধ্যে দিয়ে গোটা ভারতবর্ষে এক বিরাট ব্যক্তিত্ব হিসাবে আজ তিনি উঠে দাঁড়িয়েছেন। তার ব্যক্তিত্ব ভারতবর্ষের রাজনৈতিক ইতিহাসে মধ্যাহ্নের সূর্যের ন্যায় দীপ্তমান। পরিষদীয় রাজনীতিকে তিনি একটি বিশেষ মাত্রা দিয়েছেন। বিধানসভার পুরানো প্রসিডিংসগুলি দেখলেই বোঝা যাবে যে ক্ষুরধার যুক্তিতর্ক সহ তার বিতর্ক ভাষণ বিধানসভার মানকে একটা বিশেষ জায়গায় এনে দিয়েছে। বিধানসভার ভেতরে যে সংগ্রামী ভূমিকা তিনি পালন করেছিলেন তা পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের শ্রমজীবি মানুষকে তাদের সংগ্রাম গড়ে তুলতে সাহায্য করেছে। তার জন্মদিন উপলক্ষে এবং সংসদীয় জীবনে ৫০ বছর পূর্তি উপলক্ষে আজ তাকে আমি শুভেচ্ছা জানাচ্ছি। আমরা জানি যে তার নেতৃত্বে বারবার পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে একটা ইতিহাস রচনা করেছে। তিনি আজ আর শুধু বিশেষ রাজনীতির মধ্যেই সীমাবদ্ধ নন, তার নেতৃত্ব গোটা ভারতবর্ষ বরণ করেছে। তার দীর্ঘায়ু কামনা করছি। আরও দীর্ঘদিন দেশ ও জাতিকে তিনি নেতৃত্ব দিন এই প্রার্থনা জানাচ্ছি।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জ্যোতি বসু শুধু পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী নন, উনি আমাদের পার্টির সর্বোচ্চ নেতা। আমরা ওর জন্য গর্ববোধ করি। একথা ঠিকই যে ভারতবর্ষের সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে উনি ৫০ বছর সাফল্যের সঙ্গে পেরিয়ে এসেছেন। তার সমস্ত বলিষ্ঠতা, উচ্চক্ষমতা সম্পন্ন সাধারণ জ্ঞান, প্রখর উপস্থিত বুদ্ধি আজকে ভারতবর্ষের গণতান্ত্রিক আন্দোলনকে এক নতুন খাতে বইয়ে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। আমার একটা দিনের কথা মনে পড়ছে। ১৯৬৯ সালে তখন আমি এই বিধান সভার সদস্য ছিলাম। সেই সময়ে একজন পুলিশ অফিসারের মৃত্যুকে কেন্দ্র করে পুলিশের মধ্যে বিক্ষোভ হয় এবং পুলিশ বিধানসভায় অভিযান করেছিল তাদের সেই উদ্ধত্য চেহারা নিয়ে জ্যোতি বোসের ঘরের দিকে তারা গিয়েছিল। সেই সময়ে আমি সেখানে ছিলাম। সেই সময়ে তিনি যে সাহসিকতা এবং বলিষ্ঠতা দেখিয়েছিলেন, সেটা আমি জীবনে কোনোদিন ভুলতে পারবো না। আজকে পশ্চিমবাংলা সহ ভারতবর্ষের যেখানে গণতান্ত্রিক আন্দোলনের উপরে, গণতান্ত্রিক সংগ্রামের উপরে স্বৈরতান্ত্রিক আক্রমণ আসছে, সাম্প্রদায়িক সম্প্রীতির উপরে আঘাত আসছে, সবকিছুর মধ্যে তিনি যে ভূমিকা পালন করেছেন, সেটা নিশ্চয়ই একটা গৌরবোজ্জল ভূমিকা। তার এই ৮৩-তম কর্মচাঞ্চল্য জীবনে

আমি নিশ্চয়ই কামনা করবো যে তিনি শেষ জীবন পর্যন্ত তার এই প্রখর ব্যক্তিত্ব নিয়ে মাথা উঁচু করে পশ্চিমবাংলা তথা ভারতবর্ষের গণতান্ত্রিক আন্দোলনে নেতৃত্ব দিয়ে যাবেন। ভারতবর্ষের আপামর মানুষ তার নেতৃত্বের প্রতি শ্রদ্ধাশীল। আজকে তিনি গণতান্ত্রিক আন্দোলনের মিথ হয়ে গেছেন। আজকে শুধু ভারতবর্ষেই নয়, ভারতবর্ষের বাইরেও পৃথিবীর মানুষের কাছে তিনি সমাদৃত। সেজন্য আমি কামনা করি যে তার জীবন দীর্ঘ থেকে দীর্ঘতর হোক এবং আজকে তাকে অভিনন্দন জানাতে পেরে আমি নিজেকে গর্বিত অনুভব করছি। এইকথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রীর জন্মদিনে আমি তার শুভেচ্ছা কামনা করি এবং এই প্রার্থনা করি যে তিনি দীর্ঘজীবি হোন। ১৯৪৬ সাল থেকে বোর ইউনিয়ন করেছেন। তিনি লেবারদের প্রতিনিধি হিসাবে প্রথম বিধানসভায় এসেছিলেন। আজও তিনি শুধু পশ্চিমবঙ্গে নয়, তার যে বামপন্থী রাজনৈতিক চেতনা, এই বামপন্থী আন্দোলন, তারজন্য বাংলা দেশের মানুষও আজকে তাকে অভিন্দন জানাচ্ছে। আজকে তার নেতৃত্বে ২০ বছর বামপন্থীরা ক্ষমতায় আছে। পশ্চিমবাংলার গরিব মানুষ যারা শতকরা ৭০ ভাগ দারিদ্র সীমার নিচে আছে, তিনি তাদের নেতৃত্ব দিয়েছেন এবং তার প্রদর্শিত পথে তিনি তাদের এগিয়ে নিয়ে যাবার জন্য বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছেন। ১৯৪৭ সালে ভারতবর্ষ স্বাধীন হয়। ১৯৫২ সালে ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে তিনি বিরোধী দলের ভূমিকা পালন করেছেন। আজকে সারা ভারতবর্ষে তার মাপের কোনও জাতীয় নেতা আছে কিনা, সেটা সন্দেহ আছে। তাই, আমি একান্তভাবে কামনা করি যে তিনি দীর্ঘজীবন লাভ করুন। তিনি আরও দীর্ঘদিন থাকুন যাতে শুধু পশ্চিমবঙ্গে নয়, ভারতবর্ষকেও যাতে আমরা গড়ে তুলতে পারি। এই কামনা করে, সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[1-30 — 1-40 P.M.]

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের দিনটি আমাদের কাছে নিঃসন্দেহে খুবই আনন্দের এবং শুভদিন। আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী ৮৩তম জন্মদিনে পদার্পন করলেন। তার জীবন খুবই বৈচিত্রপূর্ণ। তিনি নানা সংগ্রামের মধ্যে দিয়ে আমাদের দেশের যারা পিছিয়ে পড়া মানুষ তাদের অধিকারকে সুরক্ষিত করার জন্য, তাদের জীবন যাত্রার মান উন্নত করার জন্য, তারা যাতে নিজেদেব অধিকার প্রতিষ্ঠিত করতে পারে, সেই সংগ্রাম তিনি তার কর্মজীবনে প্রথম থেকে চালিয়ে এসেছেন এবং আমাদের দেশের এই যে সংসদীয় ব্যবস্থা চালু আছে, একথা বললে অত্যুক্তি হবেনা যে সেই সংসদীয় ব্যবস্থার ঊষা লগ্ন থেকে তিনি তার সঙ্গে যুক্ত আছেন। আজকে ৫০ বছর একটানা তিনি সংসদীয় ব্যবস্থার সঙ্গে যুক্ত থেকে তার জীবন অতিবাহিত করে চলেছেন। এটা নিশ্চয়ই একটা গৌরব জনক ভূমিকা, সে বিষয়ে কোন সন্দেহ নেই। আজকে তার কর্মকান্ডের পরিধি পশ্চিমবঙ্গেই সীমাবদ্ধ নয়, বা জাতীয় স্তরেই নয়, আন্তর্জাতিক ক্ষেত্রেও বিস্তার লাভ করেছে। আজকে তিনি আন্তর্জাতিক ক্ষেত্রে একটা বিশিষ্ট স্থান অর্জন করতে সক্ষম হয়েছেন তার দক্ষতা, প্রত্যুৎপন্নমতিত্ব এবং উপলব্ধির দ্বারা। আমাদের পশ্চিমবঙ্গের মানুষ এরকম একজন ব্যক্তির নেতৃত্ব পেয়ে নিশ্চয়ই আনন্দিত গর্বিত। এই শুভ দিনে ব্যক্তিগতভাবে আমি এবং মন্ত্রী সভার পক্ষ থেকে মাননীয় মুখ্যমন্ত্রীর দীর্ঘায়ু এবং সুখি জীবন কামনা করে

তাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি খুবই খুশি, আমাদের প্রিয় নেতা কমরেড জ্যোতিবসু আজ নতুন একটা জন্মদিনে পদার্পন করলেন। আমি প্রত্যাশা করি, কামনা করি, এরকম শুভ জন্মদিন তার জীবনে বার বার ফিরে আসুক। এই প্রসঙ্গে মনে পড়ে আমার ছাত্র জীবনের কথা যখন কমরেড জ্যোতি বসুর নাম শুনলে আমি খুশি হতাম, অভিভূত হতাম। সেই সময় থেকে তার সম্পর্কে যত জেনেছি এবং বুঝেছি এবং আজ কাছ থেকে তাকে যত দেখছি ততই অভিভূত হচ্ছি! অভিভূত হচ্ছি এই কারণে যে, যখনই আমাদের দেশ, আমাদের জাতি কোন সঙ্কটের মধ্যে পড়েছে তখনই তিনি তার সুচিন্তিত যুক্তি, সুচিন্তিত দৃষ্টিভঙ্গী এবং পারদর্শিতার দ্বারা সেই সঙ্কট সমাধানে ব্রতি হয়েছেন। আমি লক্ষ করেছি, শুধু বামপন্থীরা নন, সমগ্র গণতান্ত্রিক চেতনাসম্পন্ন মানুষই নন যারা এই সভায় তাকে শুভ জন্মদিন শুভেচ্ছা জানাবার শুভ অবসরে বিতর্ক করছেন তাদের প্রভাবশালি নেতারা পর্যন্ত তার পরামর্শ চাই বলতেন এবং সেই পরামর্শ তারা শুনতেন। আমি আশা রাখি, তার জন্মদিন বার বার ফিরে আসুক এবং তার যোগ্য নেতৃত্বে অতিতে ভারতবর্ষ যেভাবে শ্রেষ্ঠ আসনে প্রতিষ্ঠিত হয়েছে সেভাবে আগামি দিনেও ভারতবর্ষ শ্রেষ্ঠ আসনে প্রতিষ্ঠিত হোক। আগামি দিনে তার সুযোগ্য নেতৃত্বে দেশ এবং জাতি এগিয়ে চলুক কামনা করি। আবার তার জন্মদিন ফিরে ফিরে আসুক এবং তিনি শুখ-সমৃদ্ধ জীবন যাপন করুন এই কামনা করছি।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি ভাবছিলাম, এখানে যে প্রসঙ্গে আলোচনাটা চলছে, আমি কি বলবো। কেন না, যে কোন মানুষের জন্মদিনে শুভেচ্ছা জানানোটা কোন অভদ্রতা নয়, ভদ্রতা। তবে আজকে বিধান সভায় আনপ্রিসিডেন্টেড একটি ঘটনা ঘটেছে এবং সেটা হল, যেখানে বিরোধী দল বসে রয়েছেন সেখানে রুলিং পার্টির নেতা রাজ্যের মূখ্যমন্ত্রী সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। এক্ষেত্রে আমাদের তরফ থেকে যদি কিছু না বলি তাহলে এটাই রেকর্ডে চলে যাবে এবং ইতিহাস এটাই বলবে যে, আমরা সেদিন নীরব ছিলাম। আমি ব্যক্তি জ্যোতিবাবুর নিশ্চয়ই দীর্ঘ আয়ু হোক কামনা করি, কিন্তু তার পাশাপাশি তার চিন্তাধারার সমস্তটা আমরা বিরোধিতা করি। ডাক্তার বিধানচন্দ্র রায় যেভাবে পশ্চিমবঙ্গকে একটি জায়গায় পৌঁছে দিয়েছিলেন তার থেকে তিনি যদি শিক্ষা নিতেন তাহলে আমরা অনেক সম্পদ লাভ করতে পারতাম। কিন্তু ফুলে শুধু গন্ধ নয়, ফুলের সঙ্গে কাঁটাও থাকে। সেই ফুলের সঙ্গে কাঁটাও রয়ে গেছে। আপনারা তো গণতন্ত্রে বিশ্বাসী নন।

(গোলমাল)

বসুন, আপনাদের শুনতে হবে। আপনারাও বলেছেন, আমাকে বলতে দিতে হবে। ব্যক্তিগত ভাবে জ্যোতিবাবুকে নিয়ে আপনারা পার্টি ফোরামে বলতে পারতেন, এই বিধানসভায় অল পার্টির তরফ থেকে কেন বক্তব্য রাখছেন? তাহলে তো আমাদেরও বক্তব্য রাখতে দিতে হবে। বিধানচন্দ্র রায় ওনাকে সমর্থন করে যে জায়গায় তুলে দিয়ে গিয়েছিলেন, সেটা তিনি রাখতে পারেন নি। জ্যোতিবাবুর প্রতি মানুষের অনেক প্রত্যাশা ছিল। মনে রাখবেন ১৯৭৭

সালে পশ্চিমবাংলার মানুষ অনেক প্রত্যাশা নিয়ে ক্ষমতায় বসিয়েছিলেন। কিন্তু সেই প্রত্যাশা পূরণ হয়েছে কিনা বাংলার মানুষ আগামি দিনে জবাব দেবে। জ্যোতিবাবু ভাল কি মন্দ এত তাড়াতাড়ি তার জাজমেন্ট দেওয়া যাবে না, এত তাড়াতাড়ি সেটা বিশ্লেষণ করা যাবে না। মনে রাখবেন এখনও পর্যন্ত সবকিছু আলোচনা করতে পারা যাচ্ছে না, চুল চেরা বিচার করে ভাল কি খারাপ সেটা ইতিহাস বলবে। আপনারা তার হয়ে ভাল ভাল কথা বলতে পারেন যাতে মন্ত্রী সভায় যোগদান করতে পারেন কিন্তু আমরা সেটা করতে পারবো না। মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয়ই দীর্ঘায়ু হোক এটা আমি চাই। আপনারা যে বলছেন ৫০ বছরের সংসদ জীবন এটা পরিসংখ্যান গত ভুল আছে, এটা ৫ বছর কম হবে। একটানা ৫০ বছর নয়, ৫ বছর কম। ৫০ বছর হোক আর যাইহোক, তিনি ভাল রাজনীতিবিদ, ভাল মানুষ তাকে আমি সাধুবাদ জানাচ্ছি। আমি বলবো আরও যতদিন উনি থাকবেন, বাংলার মানুষের জন্য একটু চিন্তা করতে বলবো। মানুষের কথা শুনুন, মানুষের আর্তনাদের কথা কান্নার কথা একটু ভাবুন। আজকে সেই জ্যোতিবাবু যারজন্য আমরা দীর্ঘায়ু কামনা করছি, তিনি মানুষের থেকে অনেক দূরে সরে গেছেন। আমি বলবো আরও নিচে এসে মানুষের কাছে আসুন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার জিরো আওয়ারে যে বিষয়টি ছিল সেটা আমি বলছি। আজকে কেন্দ্রীয় সরকার যে পেট্রল এবং ডিজেলের দাম বাড়ালো এটা চূড়ান্তভাবে জনবিরোধী। এই দর বৃদ্ধির সিদ্ধান্তের সুযোগ নিয়ে এই রাজ্যের বাস মালিকরা, মিনিবাসের মালিকরা, ট্যাক্সির মালিকেরা যেভাবে ভাড়া বৃদ্ধির হুমকি দিচ্ছে সেটা কোনোদিক থেকেই সমর্থন যোগ্য নয়। কারণ এই পেট্রল ডিজেলের দাম বৃদ্ধির ফলে যৎসামান্য তাদের খরচ বাড়ে। ইতিমধ্যে সরকারি অনুকূলে যেভাবে বাসের ভাড়া বাড়ানো হয়েছে তাতে বাস মালিকরা যথেষ্ট মুনাফা লুটছে। এই অবস্থার চাপে পড়ে সরকারের নতি স্বীকার করা উচিত না। কার্যত সত্যিই কি খরচ বাড়ছে এই আয় এবং ব্যয়ের হিসাব পরীক্ষা করার জন্য এই রাজ্যের যারা সাংবাদিক আছেন, যারা বুদ্ধিজীবী আছেন যারা বিশেষজ্ঞ আছেন এবং সমস্ত দলের প্রতিনিধি আছেন, তাদের নিয়ে একটা কমিটি করুন। এই কমিটি সমস্ত আয় ব্যয় পরীক্ষা করে বাস ভাড়ার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নিক। তাই আমি বলতে চাই মালিকদের হুমকির চাপে ভাড়া বৃদ্ধির ব্যাপারে যেন সরকার নতি স্বীকার না করেন।

[1-40 — 1-50 P.M.]

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ আমাদের পশ্চিমবাংলার স্বনামধন্য মুখ্যমন্ত্রী শ্রদ্ধেয় জ্যোতি বসু সংসদীয় রাজনীতির ইতিহাসে যে ৫০ বছর পূর্ণ করেছেন, তারজন্য পশ্চিমবঙ্গবাসী হিসাবে আমরা সত্যিই গর্বিত। আমরা সেঞ্চুরির কথা শুনলে অনেকে শিহরিত বোধ করি। তিনি সংসদীয় রাজনীতিতে হাফ সেঞ্চুরি করে আমাদের মধ্যে সেই শিহরণ তৈরি করেছেন। তার যে নাম, সেই অনুযায়ী পশ্চিম[illegible]ীয় যে গণতান্ত্রিক আন্দোলন, সমাজতান্ত্রিক আন্দোলন, জনদরদি যে ভূমিকা তার নামের সঙ্গে মিল ঘটিয়েছেন। তার নাম যেমন 'জ্যোতি', ঠিক তেমনি পশ্চিমবাংলাকে ভারতবর্ষের ইতিহাসে একটা জ্যোতি দেখিয়েছেন। ভারতবর্ষের ক্ষেত্রে, পৃথিবীর ক্ষেত্রে গণতান্ত্রিক আন্দোলনে, সমাজতান্ত্রিক

আন্দোলনে তিনি জ্যোতিষ্কের মত জ্বলজ্বল করছেন। আমরা তার সুখি জীবন, দীর্ঘ জীবন কামনা করি। পশ্চিমবঙ্গবাসী তার সফল রাজনীতির জন্য আন্তরিকভাবে গর্বিত।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে অনেকেই বলেছেন এবং আপনিও জানেন যে আজকে মুখ্যমন্ত্রীর জন্মদিন। তিনি ৮৩ বছরে পড়লেন। আমি জানি, আমার সাথে অনেকে একমত হবেন যে, তার রাজনৈতিক জীবন যথেষ্ট বিতর্কিত। কোন সন্দেহ নেই, অনেক সময়ে আমরা তার দর্শনে বিশ্বাস করিনা, ঠিক কথা। কিন্তু তবুও এই কথা অস্বীকার করে লাভ নেই, দীর্ঘ ৫০ বছর ধরে নিষ্ঠা নিয়ে, একটা রাজনৈতিক ধারাবাহিকতা বজায় রেখে তিনি রাজনীতি করে গেছেন। তিনি আমাদের পশ্চিমবঙ্গের জন্য কিছুই করেন নি, দেন নি, এই কথা আমি মনে করি না। অনেক বিতর্কিত হলেও তার যথেষ্ট নিষ্ঠা আছে যারজন্য আমরা তাকে ধন্যবাদ জানাতে পারি। দু'রকমের সততা আছে একটা হল রাজনৈতিক এবং আর একটা হল অর্থনৈতিক সততা। রাজনৈতিক সততা বলতে গেলে বলতে হয়, তিনি সম্পূর্ণভাবে অভিনন্দনযোগ্য। কারণ এমন দিন গেছে, ভারতের কমিউনিষ্ট পার্টি যখন ভাগ হয়ে গেছে চাইনিজ অ্যাগ্রেশানের সময়ে অনেকে তাকে সমর্থন করেছেন। তিনি ধারাবাহিকভাবে মেন স্ট্রীমের বাইরে কোনোদিন যান নি। এটা আমাদের তার কাছ থেকে একটি অনুকরণীয় বিষয়। আজকে যেমন রাজ্যে রাজ্যে, দেশে দেশে কোনও জায়গায় লালু ভুলু জাতীয় সস্তা জাতের নেতৃত্ব আমরা দেখতে পাচ্ছি, এই অবস্থায়, আজকের দিনে অনেক বিতর্ক থাকলেও তাকে অভিনন্দন জানানো কর্তব্য। অনেক বিতর্ক থাকলেও তাকে অভিনন্দন জানাচ্ছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক শ্রী জয়ন্ত বিশ্বাস আজকে আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী, বামপন্থী আন্দোলনের সর্বভারতীয় নেতা, সিপিএম 'এর পলিট বুরোর সদস্য জ্যোতি বসুর ৮২তম জন্মদিন উপলক্ষে এখানে যে অভিনন্দন প্রস্তাব উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করছি। এটা একটা শিষ্টাচারের বিষয়। একটা দেশের রাজনৈতিক ক্ষেত্রে পার্থক্য থাকতে পারে, আদর্শের ক্ষেত্রের পার্থক্য থাকতে পারে। কিন্তু তার যে ব্যক্তিত্ব রাজনৈতিক স্বার্থে, জনকল্যাণের স্বার্থে একটা শিষ্টাচার একটা আদর্শকে আঁকড়ে থাকা এটা একটা বিরল দৃষ্টান্ত। স্যার এটা সবাই জানেন যে জ্যোতি বসু একটা পার্টিকে প্রতিনিধিত্ব করেছেন একটা শ্রেণী দৃষ্টিভঙ্গি নিয়ে চলছেন দেশের স্বার্থে। যখন দেশে বিপদ এসেছে, তখন বিপদের সময় কে কোন দলের সরকার আছে, সেটা প্রশ্ন নয়, দেশের সামনে যখন আহ্বান এসেছে প্রতিটি ক্ষেত্রে তিনি তখন দৃঢ়তা নিয়ে দাঁড়িয়েছেন। আমি শুধু একটি কথা উল্লেখ করতে চাই, এটা আমাদের সকলের গর্ব, যখন পত্রিকাতে অনেক নিন্দিত হয়েছে, ধিকৃত হয়েছে তখন '৬২ সালে কালিপূজোর সময় একটি পত্রিকার এডিটোরিয়ালে বেরিয়েছিল, শ্রী শ্রী কালি চ'ই বলি, তারাই আবার পরবর্তীকালে দেখছি, ৮৭ সালের ৬ই এপ্রিল দিল্লিতে যখন অন্ধ্র হলে বিকল্প নিয়ে আলোচনা হচ্ছে, বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীরা একটা সম্মেলনে বসেছিলেন, সেই সম্মেলনের পর যে সাংবাদিক সম্মেলন হয়েছিল, তখন সেই পত্রিকাতে '৮৭ সালের ৭ই এপ্রিল প্রথম পাতায় লিখেছিলেন, জ্যোতি বসুর বক্তৃতা ছিল রাষ্ট্র নায়কের মতো। যখন চীনের দালাল বলে তিনি কুখ্যাত হয়েছিলেন, আমাদর গর্ব সেই তাকেই কিন্তু '৮৮ সালে তদানিন্তন ভারতের

প্রধানমন্ত্রী যখন চীন সকলের যান, চীন সরকারের আমন্ত্রণে, তখন তিনি চীনে গিয়ে কি বলবেন সেই ব্যাপারে কথা বলার জন্য আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু যখন দিল্লিতে গিয়েছিলেন তখন তাকে ডেকে নিয়ে যান এবং তার পরামর্শ চান। চীন যাওয়ার আগে সেই প্রয়াত প্রধানমন্ত্রী বলেছিলেন, আমি কি বলব বলুন। আপনি আমার বাবার বন্ধু, আমার মার সহকর্মী, তিনি বলেছিলেন, '৬২ সালে চীন ভারত সীমানার মীমাংসা নিয়ে আলোচনার টেবিলে বসুন পঞ্চশীল নীতি মেনে। সেই বিতর্কিত এডিটর যিনি পরে সাংসদ হয়েছিলেন, তিনি গিয়েছিলেন জ্যোতি বসুর সঙ্গে, এবং রাজীব গান্ধীর সঙ্গেও গিয়েছিলেন। ঐ সময় পত্রিকাটি খুলে দেখুন, চীন ভারত সীমানার মীমাংসা নিয়ে আলোচনার টেবিলে বসুন পঞ্চশীল নীতি মেনে, এটা তারা লিখেছিলেন। '৯২ সালের ৬ই ডিসেম্বর গোটা দেশের সামনে যখন একটা দেশ থর থরকরে কাঁপছিল, তখন তিনি দরকারি পরামর্শ দিয়েছিলেন, ভেবে দেখুন অনেক জায়গা যখন আক্রান্ত হয়েছে, অনেক মন্ত্রী, অনেক সর্বোচ্চ জায়গায় আছে যারা, তারা তার বাসভবনে এসে পরামর্শ নিয়েছেন। এটা কিন্তু একটা ব্যক্তির প্রশ্ন নয়। তিনি তার সেই নীতিকে আঁকড়ে থেকে গোটা দেশের সামনে যে সম্মান আমাদের পশ্চিমবাংলার অধিবাসি হিসাবে, ভারতবর্ষের নাগরিক হিসাবে যে গর্ব তার জন্মদিনে যে শুভেচ্ছা এসেছে, সেখানে তার দীর্ঘায়ু কামনা করে তার সুখ, শান্তি ও সুস্থ জীবন যাপন এর যে কামনা করা হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টা নিয়ে দৃষ্টি আকর্ষণ করছি সেটা এখন গোটা পশ্চিমবাংলার মানুষের কাছে দৈনিক আতঙ্ক এবং গোটা দেশের মানুষ সব সময় ভাবছে আগামি দিনে কি হতে যাচ্ছে। তেল এবং তেলজাত দ্রব্যর একতরফাভাবে রাতের অন্ধকারে বর্তমান কেন্দ্রীয় সরকার যেভাবে মূল্যবৃদ্ধি ঘটিয়েছে তাতে মিনিবাস সহ সমস্তরকম যানবাহন এর যারা গতি প্রকৃতি নির্দ্ধারণ করে সেই এ্যাসোসিয়েশানগুলি মন্ত্রী মহাশয়ের সঙ্গে আলোচনা করেন এবং তাদের ভাড়া বৃদ্ধির ব্যাপারে তারা আবেদনও জানিয়েছেন। মন্ত্রী মহাশয়ের সঙ্গে বসে তারা কন্ট্রাক্ট ক্যারেজ এর মালিকরা একতরফাভাবে ভাড়া বাড়িয়ে গিয়েছেন, গত ৪ দিন কলকাতার যারা তৈল বিদ্যা বিশারদ আছেন এবং ট্রান্সপোর্ট বিশারদ আছেন তাদের সঙ্গে কথা বলেছি, বর্তমান তেল এর মূল্যবৃদ্ধির ফলে ভাড়া কিরকম বাড়ে। সেই সম্পর্কে একটি রিপোর্ট আমি আপনাকে দিচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তারা হিসাব করে দেখেছে মিনিবাস এক লিটারে চলে ছয় কিলোমিটার এবং দাম বাড়ার ফলে বর্ধিত খরচ হবে পার কিলোমিটারে ৩৫ পয়সা এবং টায়ার টিউবের জন্য ১০ পয়সায় একটি বাসে ৪৫ জন যাত্রি যাওয়ার কথা। হিসাব করে দেখা গেল এক পয়সা ভাড়া বাড়া উচিত।

[1-50 — 2-00 P.M.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে এই জিরো আওয়ার পর্বে বলতে চাই, পেট্রোল, কুকিং গ্যাসের দাম ২৫ পারসেন্ট থেকে ৩০ পারসেন্ট পর্যন্ত বেড়েছে, তারপর আমাদের মুখ্যমন্ত্রী অনুরোধ করা সত্ত্বেও দাম কমানো হল না, আমি তার তীব্র নিন্দা করছি। এই ব্যাপারে রাজ্য সরকারের পক্ষ থেকে কোনও প্রতিবাদ করা হল না। মুখ্যমন্ত্রী দিল্লি থেকে এটা মেনে চলে এলেন। পেট্রোলের দাম ১৫ পারসেন্ট বাড়ছে। বাস,

ট্যাক্সি ভাড়া বাড়ছে। কেন্দ্রীয় সরকারের এই এক তরফা দাম বাড়ানোর সিদ্ধান্তের প্রতিবাদ জানাচ্ছি। এর ফলে মধ্যবিত্ত মানুষের উপর চাপ পড়বে তার বিরুদ্ধেও আমি নিন্দা করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, পঙ্কজ বাবু, সৌগতবাবু এবং আরও অন্যান্যরা যে প্রশ্নটা আজকে উত্থাপন করেছেন, সেটা প্রথমদিনই আমাদের বিরোধী দল নেতা অতীশ সিনহা মহাশয় বলেছিলেন। রবীন বাবু এখানে প্রতিবাদ করলেন। কিন্তু আমরা সরকারপক্ষের থেকে সেইরকম কোন সাড়া পাচ্ছি না। আমি অনুরোধ করছি নন-অফিসিয়াল ডেতে একটা প্রস্তাব এনে এখানে আলোচনা হোক। যে হারে আজকে মূল্যবৃদ্ধি করা হয়েছে সেটা উড়িয়ে দেবার ব্যাপার নেই। এখানে সংসদীয় মন্ত্রী আছেন, তিনি বলুন।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে মুর্শিদাবাদ জেলা, বিশেষ করে আমার বিধানসভা এলাকা হরিহরপাড়া ও বহরমপুরের দৌলতাবাদ থানা এলাকায় যেভাবে সন্ত্রাস চলছে, তাতে সর্বস্তরের মানুষ ভীত-সন্তস্ত্র হয়ে পড়ছে। এই সমস্ত ঘটনা পুলিশের দৃষ্টি আকর্ষণ করলে পুলিশের বড় কর্তার বক্তব্য হচ্ছে এটা বর্ডার এলাকা এখানে ফোর্স কম। তাই এই খুনের সঙ্গে যুক্ত ব্যক্তিদের দমন করা যাচ্ছে না।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

**শ্রী অসিতকুমার মাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রান্নার গ্যাস এবং পেট্রোল ডিজেলের মূল্যবৃদ্ধির নিন্দা করছি। আমাদের কংগ্রেসের সাংসদ মমতা ব্যানার্জি এই ব্যাপারে সংসদে ধর্ণার ডাক দিয়েছে। বামফ্রন্টের সমস্ত সংসদকে এই আন্দোলনে সামিল হওয়ার জন্য আমি আবেদন জানাচ্ছি আপনার মাধ্যমে।

**শ্রী হাফিজ আলম সায়রনি ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে উত্তর দিনাজপুর জেলায় মাস লিটারেসি প্রোগ্রাম যা নেওয়া হয়েছে তা মাঠে মারা যাওয়ার অবস্থায় এসেছে। ৪ কোটি ৪৭ লক্ষ টাকার এই কর্মসূচী নেওয়া হয়েছিল, কিন্তু আমরা দেখতে পাচ্ছি তিন মাসের মত এই কর্মসূচী বন্ধ আছে। এর কারণ হচ্ছে গ্রাম পঞ্চায়েতের যারা প্রধান তারা এই কাজে উৎসাহিত হচ্ছেন না। সেইজন্য প্রথা বর্হিভূত শিক্ষামন্ত্রী ও পঞ্চায়েত মন্ত্রীকে বলব আপনারা আলাপ-আলোচনা করে এই ব্যাপারে একটা নির্দেশ দিন।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নির্বাচনের পরে আইন শৃঙ্খলা এমন পর্যায়ে গিয়ে পৌঁচেছে আমার বিধানসভা এলাকার ব্রজবল্লভ পুরে ডাকাতি হচ্ছে। পুলিশ দেড় ঘন্টা পরে গিয়ে পৌঁচেছে। অন্যদিন পুলিশ লঞ্চ জলে ভাসানো থাকে কিন্তু সেদিন পুলিশ লঞ্চ ডাঙায় তোলা ছিল। আর স্যার, স্বরাষ্ট্রমন্ত্রীর নিজের এলাকা যাদবপুরে বৈশাখমাস থেকে আষাঢ় মাসের মধ্যে কসবা থানায় ১১টা ডাকাতি হয়েছে। এখনও পর্যন্ত কোনও অপরাধি ধরা পড়ে নি। এ বিষয়ে আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বুদ্ধদেব ভকত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এর আগেও আমি আমার ঝাড়গ্রাম হাসপাতালের কথা বলেছি।

সেখানে কুকুরে কামড়ানোর কোনও ইংজেকশন নেই। একটি ছেলে প্রায় পাগল হয়ে গিয়ে মারা যায়। আরও কয়েকটি ছেলে বর্তমানে কুকুরে কামড়ানোর ইনজেকশন না পেয়ে মৃত্যুর কাছাকাছি চলে এসেছে। এই পিছিয়ে পড়া আদিবাসি মানুষগুলোকে যাতে বাঁচানো যায়, তারজন্য আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে তথ্য সংস্কৃতি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে ২০ লক্ষ লোকের বাস। এখানে টি.ভি. চ্যানেল আছে। দ্বিতীয় চ্যানেল তৈরি করার সমস্ত ব্যবস্থা পূর্ববর্তী সরকার করে গিয়েছিলেন। কিন্তু নতুন সরকার এ ব্যাপারে এখনও কোনও উদ্যোগ দেখান নি। আমি তথ্য ও সংস্কৃতি মন্ত্রীকে জানাচ্ছি কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে আসানসোলে দ্বিতীয় চ্যানেল খোলার ব্যবস্থা করুন।

[2-00 — 3-00 P.M. (including adjournment)]

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খুব অল্প সময়ের মধ্যে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে উল্লেখ করতে চাই। পেট্রোল ডিজেল এবং গ্যাসের দাম বৃদ্ধি হয়েছে। ঐটা নিয়ে মুখ্যমন্ত্রী দরবার করেছেন। বিভিন্ন পত্র পত্রিকার সাহায্যে আমাদের প্রতিবাদ প্রতিধ্বনিত হয়েছে। এখানে কংগ্রেসের তরফ থেকে বলছেন যে, আসুন আন্দোলন করি। আমাদের তরফ থেকে বলি যে কংগ্রেস নিজের দলকে ঠিক করুন। তাদেরই প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেছিলেন যে, দেশের জটিল অবস্থায় পেট্রোল ডিজেলের দাম বাড়ানোটা একান্ত প্রয়োজন ছিল। কংগ্রেসের নিজেদের অন্তর্দ্বন্দের বহিঃপ্রকাশ ঘটেছে, সেটা সামলান।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

(At this stage the House was adjournment till 3.00 p.m.)

(After Recess)

DISCUSSION ON VOTING OF DEMANDS

[3-00 — 3-10 P.M.]

DEMAND No. 24. 53, 74, 75, 76, 87 88, 92, 93, 94, 95, 96 & 97

**Demand No. 24**

There are two cut motions to Demand No. 24. All the cut motions are in order

| | |
|---|---|
| Shri Saugata Roy<br>Shri Sultan Ahmed | Sir, We beg to move that the amount of the Demand be reduced by Rs.100/- |

**Demand No. 53**

There is one cut motion to Demand No. 53. The cut motion is in order

**Shri Shayama Das Banerjee :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**Demand No. 74**

These one 7 Cut motions to Demand No. 74. The Cut motions are in order.

**Shri Sultan Ahmed :**
**Shri Abdul Mannan :**
**Shri Anor Gopal Sinha :**
**Shri Ashok Deb :**
**Shri Deba Prasad Sarkar :**
**Shri Kamal Mukherjee :**

} Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-

**Demand No. 75**

There are 6 cut motions to Demand No. 75. All the cut motions are in order.

Shri Sultan Ahmed (1-2)
Shri Abdul Mannan (3)
Shri Nirmal Ghosh (4)
Shri Deba Prasad Sarkar (5)
Shri Kamal Mukherjee (6)

} Sir, we beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

**Demand No. 76**

There is no cut motion to Demand No. 76.

**Demand No. 87**

There is one cut motion to Demand No. 87. The cut motion is in order.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-.

**Demand No. 88**

There is one cut motion to Demand No. 88. The cut motion is in order.

**Shri Sultan Ahmed :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

**Demand No. 93**

There are two cut motions to the Demand No. 93. All the cut motions are in order.

Shri Sultan Ahmed (1) Sir, we beg to move that the amount of

Shri Gyan Singh Sohanpal the Demand be reduced by Rs.100/-

**Demand No. 94**

There is no cut motion to Demand No. 94.

**Demand No. 95**

There is no cut motion to Demand No. 95.

**Demand No. 96**

There is no cut motion to Demand No. 96.

**Demand No. 97**

There is no cut motion to Demand No. 97.

**Demand No. 98**

There are three cut motions to Demand No. 98. All the cut motions are in order.

**Shri Sultan Ahmed :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় শিল্প-বাণিজ্যমন্ত্রী এখানে ডিমান্ড নং-২৪, ৫৩, ৭৫, ৭৬, ৮৭, ৮৮, ৯৩, ৯৪, ৯৫, ৯৬, ৯৭, ৭৪, ৯২ যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের আনা কাট-মোশন কে সমর্থন করছি। কেন বিরোধিতা করছি এটা স্বাভাবিক ভাবে আপনারা জানতে আগ্রহী কিন্তু তার আগে দুটো কথা বলি—একই দপ্তরের মধ্যে দুটো অথরিটি থাকা ঠিক নয়। বর্তমান শিল্প বাণিজ্যমন্ত্রী গতবারে রাষ্ট্রমন্ত্রী ছিলেন, এবারে ক্যাবিনেট পর্যায়ে উন্নিত হয়েছেন। তিনি শিল্প বাণিজ্যের উন্নতি করার চেষ্টা করছেন। পাশাপাশি তার প্যারালাল অথরিটি চলছে এই দপ্তরে। ডাব্লু.বি.আই.ডি.সি.র সোমনাথ চ্যাটার্জি আমেরিকা, ইংল্যান্ড, জার্মান যাচ্ছেন। কে এই দপ্তরের অথরিটি তা শিল্পদ্যোগীরা বুঝতে পারছেন না। শিল্পদ্যোগিরা সোমনাথ চ্যাটার্জির কাছে যেতে হবে, না বিদ্যুৎ গাঙ্গুলির কাছে যেতে হবে তা তারা জানেন না। কারণ শিল্প বাণিজ্য অথরিটি কার সেটা কেউ জানে না। চিফ মিনিস্টার আগে ইন্ডাষ্ট্রি মিনিস্টার ছিলেন। দুটো একসাথে করেছেন। তার দপ্তরের অথরিটি ছিলেন সোমনাথ চ্যাটার্জি। জুট কর্পোরেশনের চেয়ারম্যানের মত পার্টির পজিশনের ফলে অনেক সময় তিনি বিদ্যুৎ বাবুকে ওভার শ্যাডো করে যাচ্ছেন। এটা ঠিক নয়। এটা ডুয়েলিটি হয়ে যাচ্ছে। একই কাজের ডুপ্লিকেশন হচ্ছে। এটাকে অ্যাভয়েড করা দরকার বলে আমি মনেকরি। দ্বিতীয়ত বামফ্রন্ট সরকারের কাছে বিনিতভাবে একটা কথা বলতে চাই, ১৯৯৪ সালে মুখ্যমন্ত্রী তার নতুন শিল্পনীতি পাশ করেছিলেন। আমরা এখানে ছিলাম। তার পর থেকে বামফ্রন্ট সরকার প্রথমে ঠিক করেছিলেন যে, শিল্পয়াণই তাদের প্রধান ক্যামপেন পয়েন্ট হবে এবং পশ্চিমবঙ্গে শিল্প করেছি এইকথা বলে তারা নির্বাচনের বৈতরণী পার হবেন ভেবেছিলেন। কিন্তু ১৯৯৬ সালের নির্বাচনে বামফ্রন্ট শিল্পায়ণকে মূল ইস্যু হিসাবে রাখেন নি এবং তারা প্র্যাকটিক্যাল বলে বুঝতে

পেরেছিলেন যে শিল্পায়ণের কথা তারা বলেছিলেন, কিন্তু শিল্পায়ণ তারা করতে পারেন নি। তাই নির্বাচনে শিল্পায়ণের কথা বলা ঠিক হবেনা বলে তারা মনে করেছিলেন। তাই তারা ভূমি সংস্কার ইত্যাদির কথা বলেছেন। সুতরাং শিল্পায়ণের ক্ষেত্রে যে গুরুত্ব আশা করা গিয়েছিল. সেই গুরুত্ব আপনারা এখনও পর্যন্ত দিতে পারেন নি। তাই শিল্পের ব্যাপারে এই রাজ্য কোথায় দাঁড়িয়ে আছে সেটা পরিষ্কারভাবে বলা দরকার। বিদ্যুৎ বাবু, শুরুতে আরও অনেকে বলেছেন যে, বামফ্রন্ট সরকার কেন পশ্চিমবঙ্গে আস্তে আস্তে পড়ে গিয়েছেন। একই কথা বার বার ওরা বলছে যে, কেন্দ্র লাইসেন্সের ব্যাপারে বৈষম্য করত, মাসুল সমীকরণ ছিল, সেইজন্য পশ্চিমবঙ্গ উঠতে পারে নি। আমরা এটা কখনো অস্বীকার করি না যে, মাসুল সমীকরণ আগেই উঠে যাওয়া উচিত ছিল। সাম্প্রতিককালে আপনারা জানেন, লোহা, ইস্পাতের ক্ষেত্রে মাসুল সমীকরণ উঠে গেছে। একটা রাজ্যে, যেখানে একটা সরকার ২০ বছর ধরে আছে, সেখানে সামগ্রিকভাবে শিল্পের ব্যর্থতা ঢাকবার জন্য তারা ইতিহাসের অজুহাত দেয়, এটা হতে পারেনা। ২০ বছর একটা রাজ্যে, একটা দেশে ডেভেলপ করার পক্ষে যথেষ্ট সময় এটা ওদের মনে রাখা ভালো। এই ২০ বছর ওরা কতটা করেছে, কতটা করতে পেরেছে, আজকের বক্তৃতায় সেটাই মূলত সামনে রাখব।

এটা ঠিক যে, পশ্চিমবাংলায় কিছু ভৌগলিক সুবিধা বা অসুবিধা আছে। ব্রিটিশ যখন এসেছিল, তখন এক ধরনের শিল্প গড়ে উঠেছিল। প্রথমত পাট শিল্প। দ্বিতীয়ত চা কে যদি শিল্প হিসাবে ধরা হয়, সেই চা শিল্প। চা, পাট (বস্ত্র), ভারি ইঞ্জিনিয়ারিং শিল্প আপস অ্যান্ড ডাউনের মধ্যে দিয়ে গেছে, এই বিষয়ে সন্দেহ নেই। জুটমিল গুলো ফাটকা বাজদের হাতে গেছে, ফলে আধুনিকিকরণের জন্য যত টাকা বিনিয়োগ করা দরকার, সেটা হয়নি। কোনও কোনও বছর পাটের দর ভালো যায়, এই বছর যেমন খারাপ যাচ্ছে-র' জুটের অভাব, বাজারের অভাব। এবং, এরমধ্যে ১০টি জুট মিল বন্ধ হয়ে গেছে। এই মাসে আরও কতগুলো জুট মিল বন্ধ হয়ে যাবার সম্ভাবনা আছে, যদিও নতুন পাট আগামি কয়েকদিন-এর মধ্যে বাজারে আসতে শুরু করবে। রাজ্য সরকারের ভূমিকা এখানে একমাত্র লেবার ডিসপিউট হলে টাকা ছড়ায়। চট শিল্পের আধুনিকিকরণের ব্যাপারে রাজ্য সরকার কোনও ভূমিকা গ্রহণ করতে পারে নি। একটা জুট মিল রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রে চালিয়েছেন ভারত জুট মিল। আর একটাকে সাহায্য করেছিল নিউ সেন্ট্রাল জুটমিল। সেটা কয়েকদিন আগে লক আউট হয়ে গেছে। বিদ্যুৎবাবু এক কোটি টাকা দিতেও চেয়েছিলেন, কিন্তু লক আউট আটকাতে পারেন নি। ইঞ্জিনিয়ারিং শিল্প রেলের উপর, ওয়াগানের উপর নির্ভরশিল ছিল, সেইজন্য ৬০ এর দশকের মাঝামাঝি একটা রিসেসান হয়। সেই সময় ইন্দিরা গান্ধী না থাকলে এই সমস্ত ইঞ্জিনিয়ারিং শিল্প বন্ধ হয়ে যেত যেটা বিদ্যুৎ বাবুরা স্বীকার করেন না। ব্রেথওয়েট, জেসপ, ইস্কো, ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড ওয়াগান, এই সমস্ত ভারি বড় শিল্পগুলি সেই সময় কেন্দ্রীয় সরকার ন্যাশানালাইজ করে। তারপর, এটা ঠিক কেন্দ্রীয় সরকার ন্যাশানালাইজ করার পরও সেইগুলোকে যথেষ্ট ডাইভার্সিফায়েড করতে পারেননি, তারফলে ওয়াগানের উপর নির্ভরশিলতা ব্রেথওয়েট, জেসপ-এর থেকেই গেল। যারজন্য এখন এই সমস্যা বেড়েছে। ওরা আশা করছেন এই বিষয়ে নতুন ইউনাইটেড ফ্রন্ট গভর্নমেন্ট কিছু করবেন! আমরাও দেখার জন্য অপেক্ষা করছি পশ্চিমবঙ্গে এই ভারি শিল্পগুলোকে বাঁচাবার ক্ষেত্রে ওদের নতুন

বন্ধ সরকার কি করেন। আমি ওদের স্মরণ করিয়ে দিই ৯৪ সালে কেন্দ্রীয় সরকার কি করেছিল দেখুন। দেখবেন, ৪,৯৩৮ কোটি টাকার প্রজেক্ট ইমপ্লিমেন্টেড হয়েছিল। ওরা বলেছিল, এই ৪,৯৩৮ কোটি টাকার মধ্যে ৪,৪৯২ কোটি টাকা ছিল কেন্দ্রের এবং দুর্গাপুর স্টিল প্ল্যান্টের আধুনিকিকরণের জন্য পুরোপুরি কেন্দ্রীয় সরকার দিয়েছে। তাই দুর্গাপুর স্টিল প্ল্যান্টটা বেঁচে গেল, এটা মনে রাখা ভালো। এটা আপনার বাজেট বক্তৃতায় স্বীকৃতি নেই। মেজর ইনভেস্টমেন্ট দুর্গাপুর স্টিল প্ল্যান্ট আধুনিকিকরণের জন্য কেন্দ্রীয় সরকার করেছিল। এছাড়া দুর্গাপুর বেল্টে অন্যান্য কোম্পানিগুলো রুগ্ন হয়ে গেছে যেমন এম.এ.এম.সি.। তারপর কোনও কোনও কোম্পানিতে ক্রাইসিস দেখা দিয়েছে যেমন ভারত অপথালমিক গ্লাস। তখন কেন্দ্রীয় সরকার একটা সিদ্ধান্ত নিয়েছিলেন, এইগুলো বি.আই.এফ.আর.-এ পাঠান হবে। এই কতগুলো কোম্পানিকে রি-হ্যাবিলেটেশনের জন্য কিছু কিছু প্যাকেজ দেওয়া হয়েছে। নজর রাখা হয়েছে কোনও কোনও কোম্পানি লিকুইডিশনে যাচ্ছে। গত ৫ বছরে, ৯১ থেকে ৯৬ নতুন কোন প্রাইভেট সেক্টর কোম্পানি বন্ধ হয়নি।

[3-10 — 3-20 P.M.]

তার পাশাপাশি এটা মনে রাখতে হবে এখানে এমন কোম্পানি আছে যেখানে বছরের পর বছর এক-ছটাকও উৎপাদন হয়না কিন্তু লোকেদের মাইনে ঠিকই দিয়ে দেওয়া হচ্ছে। কৃষ্ণাগ্লাস, সিলিকেট ওয়ার্কস, ইন্ডিয়ান পেপার পাল্প এক পয়সারও উৎপাদন হয়না কিন্তু মাইনে গুনছে। কেন্দ্রীয় সরকার কোনও কোম্পানি নিয়ে এইভাবে ডিল করেননি। যেটা আপনি ইনডাইরেক্টলি স্বীকার করেছেন। ভারতবর্ষে শিল্প হওয়ার পারসপেকটিভ বলতে মনমোহন সিং-এর দৃষ্টিভঙ্গী। শুধু শুধু এখানে বলা হয়েছে, রাজ্যের কোনও সুযোগ নেই। এটা কেন্দ্রকে দোষ দেবার জন্য বলা হয়েছে। আবার বলা হচ্ছে লাইসেন্স দিচ্ছেনা। লাইসেন্স চাইতে যারা আসছেন তাদের অন্য দিকে নাকি পাঠিয়ে নেওয়া হচ্ছে। স্যার, ১৯৯১ সালের সমস্ত লাইসেন্স প্রায় উঠে গেছে। ডি-রেগুলাইজ হয়ে গেছে। এখন রাজ্য সরকার নিজের উপর নির্ভর করে শিল্পকে তার রাজ্যে নিয়ে আসতে পারেন। এটা মনমোহন সিং-এর পরিবর্তন। এই পরিবর্তন অনেক আগে করা উচিত ছিল, আমরা করতে দেরি করেছি। কিন্তু পশ্চিমবাংলায় যে শিল্পের সম্ভাবনা সৃষ্টি হয়েছে বলছেন সেটা হয়েছে মনমোহন সিং-এর নয়ানীতির ফলে। আমাদের সাউথ-ইষ্ট এশিয়াতে ছোট্ট ছোট্ট দেশ ভারতবর্ষ থেকে এগিয়ে গেছে। তার একটা ফিগার আমি দিচ্ছি। আমাদের পার ক্যাপিটা জি.এন.পি. মাথা পিছু গড় আয় ১৯৯৩ সালে ৩০০ ইউ.এস. ডলার। সিঙ্গাপুরের ১৯,৮৫০, হংকঙের ১৮,০৬০, কোরিয়ার ৭,৬৬০ ইউ.এস.ডলার। এই দেশগুলো অসম্ভব উন্নতি করেছে। এবারে এক্সপোর্ট সম্বন্ধে কিছু বলব। ১৯৯৩ সালে ভারতবর্ষ এক্সপোর্ট করেছিল ২১.৫ ইউ.এস. ডলার। সিঙ্গাপুর ৭৪.০, হংকং ১৩৫.২, কোরিয়া ৮২.২ ইউ.এস.ডলার। আমরা লিবারালাইজেশনের যে পলিসি নিলাম সেটা সময়োচিত ছিল, ভারতবর্ষের বাজারে এটাই একমাত্র রাস্তা ছিল। কিন্তু তখন আপনারা এটা স্বীকার করেননি এবং সেইজন্য তিন বছর কেন্দ্রের শিল্পনীতির বিরোধিতা করলেন এবং তিনটে ভ্যালুয়েবল বছর নষ্ট করলেন। ১৯৯১ সালের জুন মাসে মাননীয় মনমোহন সিং তার নয়ানীতি ঘোষণা করলেন আর আপনারা এই নীতি ইন টোটো মেনে নিলেন ১৯৯৪ সালের সেপ্টেম্বরে। এই তিন বছর তিন মাস

ইতিহাসে অনেক সময় এটা আপনারা নষ্ট করলেন। এই সময় আপনাকে আর কেউ ফেরত দিতে পারবেন না। এতে আমাদের রাজ্যের ক্ষতি হয়ে গেল। কিন্তু তার পর অর্থাৎ ১৯৯৪ সালের পর থেকেও আপনাদের মুখে যেসব কথা কোনদিন শোনা যায়নি এখন এটা শোনা যাচ্ছে। আমাদের কিছুটা আশ্চর্য লাগছে। আপনারা এখন ইনভেষ্টরস ফ্রেন্ডলিনেসের কথা বলছেন, আপনারা পুঁজিপতিদের প্রতি বন্ধু ভাবাপন্ন হচ্ছেন। মুখ্যমন্ত্রী বলছেন, ওয়েলকাম ফরেন ইনভেষ্টমেন্ট। কমিউনিষ্টদের মুখে এসব শুনতে ভালোই লাগছে। আপনারা নিজেদের কিছুটা চেঞ্জ করেছেন সমাজতান্ত্রিক দুনিয়ার পতনের পরে। মুখ্যমন্ত্রী নানা জায়গায় যাচ্ছেন, সোমনাথবাবু যাচ্ছেন। অনেক লোক নিয়ে আপনারা চীনে গেলেন। কিন্তু কাজের কাজ কিছুই হলনা। এখন আবার ওয়ার্ক কালচারের কথা, রেসপনসিবল ট্রেড ইউনিয়ানের কথা আপনারা বলছেন। বামপন্থী কমিউনিষ্টদের মুখে শুনতে ভালোই লাগছে। এখানে ইন্ডাস্ট্রিয়ালাইজেশ-এর ক্ষেত্রে সমস্যাটা হচ্ছে ইট ইজ টু লিটিল, টু স্লো অ্যান্ড টু লেট। আমি বলছি না যা করছেন তা করা উচিত নয়। আমি বলছি, যেটা করছেন দরকারের চেয়ে কম করছে। আস্তে করছেন, অনেক দেরিতে করছেন, অনেক মূল্যবান সময় নষ্ট করার পর এটা করছেন। আমি আস্তে আস্তে তথ্য দিয়ে এটা প্রমাণ করবার চেষ্টা করব। আজকে একটা বই আমাদের দিয়েছেন সেই বইতে যে তথ্য রয়েছে তা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সাথে পশ্চিমবাংলার কম্পেয়ার করে পড়ে আমি আপনাদের শোনাচ্ছি কত ইন্ডাস্ট্রিয়াল ইনট্রাপ্রিনিওর মেমোরেন্ডাম সই হয়েছে বিভিন্ন রাজ্যে। তাতে স্টেটওয়াইজ ব্রেকআপ যেটা দেখা যাচ্ছে, ১৯৯১ থেকে ১৯৯৫ খুব লেটেষ্ট ফিগার দিচ্ছি। তাতে দেখছি, মহারাষ্ট্রে আই.ই.এম. হয়েছে ৮৭,৩৯২ কোটি টাকার; গুজরাটে ৯৩ হাজার কোটি টাকার; কম ডেভেলপড রাজ্য অন্ধ্রপ্রদেশে হয়েছে ৪০ হাজার কোটি টাকার; উত্তর প্রদেশে ৪৬ হাজার কোটি টাকার এবং পশ্চিমবাংলায় হয়েছে মাত্র ১৪ হাজার কোটি টাকার। আপনার হিসাব মতো ১৯৯১-সাল থেকে ১৯৯৫ সালের মধ্যে আই.ই.এম. নতুন প্রস্তাব সই হয়েছে মহারাষ্ট্রে ৮৭ হাজার কোটি টাকার, গুজরাটে ৯৩ হাজার কোটি টাকার। আর তার চেয়ে ৬ ভাগ কম ১৪ হাজার কোটি টাকার পশ্চিমবঙ্গে। মহারাষ্ট্রে যেখানে ৭ লক্ষ ১৪ হাজার ছেলে চাকরি পাবে, সেখানে আপনার নতুন প্রস্তাব মাত্র ১ লক্ষ ৭৩ হাজার ছেলে চাকরি পাবে। তারমানে ওদের ৪ ভাগের ১ ভাগ। ১৯৯১ সাল থেকে ১৯৯৫ সাল পর্যন্ত নতুন ইন্ডাস্ট্রিয়াল পলিসি আসার পর যে ডেভেলপমেন্ট হল তার সুযোগ নিয়ে ওরা যে পরিমাণ প্রস্তাব আনতে পেরেছে, আপনার আনা প্রস্তাবের পরিমাণ তার কাছাকাছি'ও নয়। একমাত্র যেখানে আপনি বেটার প্রোপজাল পেয়েছেন ইন টার্মস এগ্রিমেন্ট সেখানটা হচ্ছে ফরেন ডাইরেক্ট ইনভেষ্টমেন্ট-এর ক্ষেত্রে। এ ক্ষেত্রে আপনি যে প্রস্তাব পেয়েছেন তার অবস্থাটা একটু ভাল। আপনি ভারতবর্ষে সেকেন্ড বলে দাবি করেছেন। ফরেন ডাইরেক্ট ইনভেষ্টমেন্টে ১৯৯১ সাল থেকে ১৯৯৫ সালের মধ্যে মহারাষ্ট্র প্রস্তাব পেয়েছে ৫৭৩ কোটি টাকার। পশ্চিমবাংলা সেখানে পেয়েছে ৩৭০ কোটি টাকার। মহারাষ্ট্র ১৬% পশ্চিমবাংলা সেকেন্ড- ১০.৬%। কিন্তু আমরা দেখছি যে, আপনি ফরেন ডাইরেক্ট ইনভেষ্টমেন্টের যে সব প্রস্তাব পেয়েছেন সে-সবগুলো কোনও রেপুটেড কোম্পানির কাছ থেকে পান নি। কোনও রিলায়েবল কোম্পানি থেকে কোনও প্রস্তাব আসে নি এবং ইনটার্মস অফ কোয়ালিটি অফ টেকনোলজি, সেগুলোও খুব একটা ইমপ্রুভ নয়। সুতরাং আপনার প্রচেষ্টা ঠিক আছে, কিন্তু আপনার

প্রচেষ্টার ফল এ রাজ্যের পক্ষে যথেষ্ট বেনিফিসিয়াল নয়। এই যে আমরা দেখছি আই.ই.এম. পশ্চিমবাংলায় কম হয়েছে, এর ফলশ্রুতি হচ্ছে, এখানে লোন কম ডিসবারসমেন্ট হচ্ছে। ভারতবর্ষে শিল্প করার ক্ষেত্রে আই.ডি.বি.আই. হচ্ছে সব চেয়েবড় ব্যাঙ্ক। তারা এখানে আপনার হিসাব মতো লোন ডিসবারস করেছে ৪১৫ কোটি টাকা। আর সে জায়গায় মহারাষ্ট্রে তারা লোন ডিসবারস করেছে ২,৪৪৭ কোটি টাকা। তারমানে আই.ই.এম.-এর ক্ষেত্রে আই.ডি.বি.আই.-র ডিসবারসমেন্ট পশ্চিমবাংলায় মাত্র ৪%; মহারাষ্ট্রে ১৩%, গুজরাটে ১৫.৫%। মহারাষ্ট্র আর গুজরাট ২৩% আর ১৫.৫% আই.ডি.বি.আই.-র কাছ থেকে নিয়েগেছে। ভারতবর্ষের ঐ দুটো রাজ্য এত এগিয়ে যাচ্ছে, ফলে তাদের সঙ্গে আমাদের যে গ্যাপের সৃষ্টি হচ্ছে সেই গ্যাপ আমরা মেক-আপ করতে পারছি না ইন এনি টার্মস। এটা আমাকে খুবই দুঃখিত করছে। আমি এটাই আপনার দৃষ্টিতে আনতে চাইছি। আমাদের যা অবস্থা তাতে আত্ম-সন্তুষ্ট হওয়া তো দূরের কথা ন্যূনতম অ্যাচিভমেন্টের কথা এই হাউসের সামনে রাখার মতো সময় এখন পর্যন্ত আসে নি পশ্চিমবাংলায়। আমি আপনাকে আরও একটা ফিগার দেখাতে চাই, আপনি দেখুন — ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন ইনডেক্স কি পশ্চিমবাংলায় ভারতবর্ষের তুলনায় যথেষ্ট বাড়ছে; না। সেখানেও আপনি অনেক পিছনে পড়ে রয়েছেন। আপনার সরকারের যে ইকনমিক রিভিউ, তাতে বলছে—১৯৯০-৯১ সালে ভারতবর্ষের ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশনের ইনডেক্স ছিল ২১২; সেখান থেকে সেটা বেড়ে ১৯৯৪-৯৫ সালে হয়েছে ২৫১।

[3-20 — 3-30 P.M.]

তার মানে কত পয়েন্ট বাড়ছে? ৩৯ পয়েন্ট। আর পশ্চিমবাংলায় যেটা ছিল ১২৫, সেটা বেড়ে হয়েছে ১৪২। তার মানে ১৭ পয়েন্ট বাড়ছে। ভারতবর্ষে ৩৯ পয়েন্ট ইনডেক্স অফ ইন্ডাস্ট্রিয়াল প্রডাকশন এবং পশ্চিমবাংলায় বাড়ছে মাত্র ১৭ পয়েন্ট। তারমানে টোটাল ইন্ডাস্ট্রিয়াল প্রডাকশন আমাদের এখানে সেইভাবে বাড়ছে না। এবার যদি এমপ্লয়মেন্টের ক্ষেত্রে দেখেন, টোটাল কারখানায় লোক কাজ করে সেটা কিভাবে বাড়ছে দেখুন। ১৯৮০ সালে যেখানে আমরা ছিলাম, সেখান থেকে খুব বেশি আমরা এগুতে পারিনি। ১৯৮০ সালে ৮ লক্ষ ৭৫ হাজার লোক কারখানায় কাজ করতো। ১৯৯৫ সালে সেটা বেড়ে হল ৮ লক্ষ ৯২ হাজার। ১৯৯৩ সালে ৯ লক্ষ ৪ হাজার। তার মানে ১০ হাজার লোক কারখানায় নতুন ঢুকেছে এইরকম লোকের সংখ্যা বেড়েছে। বছরে ফ্যাকটরিতে এমপ্লয়মেন্ট ১ হাজার নতুন করে হয়েছে। সুতরাং এটাকে আপনি নিশ্চয়ই বলবেন না এনকারেজিং সাইড ফর ইন্ডাস্ট্রিস ইন ওয়েস্ট বেঙ্গল। এবার আর একটু ডিটেলস-এ যাই। আপনার যে প্রজেক্টস আপনি আপনার বক্তৃতায় কি কি করেছেন বলেছেন। আপনি শিল্পবন্ধু করেছেন সিঙ্গল উইনডো উইংগস করেছেন এবং আই [illegible] ডি সিকে নিয়ে ইনফ্রাষ্ট্রাকচার তৈরির করার ক্ষেত্রে [illegible] তৈরি করেছেন। কিন্তু কি কো[illegible]লিটি অফ ইনভেস্টমেন্ট আপনার এখানে আসছে [illegible] করা ভাল এবং তার মাধ্যমে ক্লিয়ার হয়ে যাবে যাতে মানুষের মধ্যে বেশি আশা তৈরি [illegible] হয়। আমি দেখছিলাম, এই যে প্রজেক্ট ইমপ্রিমেনটেড ডিউরিং দি ১৯৯৫, আপনার বছরে [illegible] প্রজেক্ট ইমপ্লিমেনটেড হচ্ছে ৪০০।৫০০ কোটি টাকার বেশি নয়। অর্থাৎ কোনও বছরে

৪০০।৫০০ কোটি টাকার বেশি প্রজেক্ট ইমপ্লিনটেড হচ্ছে না এবং সেই হিসাবটা যদি দেখেন তাহলে দেখবেন, ১৯৯০ সালে হয়েছে ২৩০ কোটি টাকা। ১৯৯১ সালে হয়েছে ২৮৪ কোটি টাকা। ১৯৯২ সালে হয়েছে ৪৯২ কোটি টাকা, ১৯৯৩ সালে হয়েছে ৫৪৪ কোটি টাকা। ১৯৯৪ সালে হয়েছে ৫০০ কোটি টাকা আর ১৯৯৫ সালে হয়েছে ২৬৭ কোটি টাকা। আপনি উপলব্ধি করবেন, যেভাবে আপনার ইনভেস্টমেন্ট হয়েছে সেইভাবে এমপ্লয়মেন্ট জেনারেটিং হয়নি। হাইটেক টেকনোলজি এলে চাকরি কম লোকের হয়। সুতরাং ৪০০।৫০০ কোটি টাকার রেঞ্জে বছরে আপনার ইনভেস্টমেন্ট হয়। যদি নতুন প্রজেক্ট ইমপ্লিমেনটেশন হয় তাহলে একদম এমপ্লয়মেন্টে দাগ কাটতে পারবে না। আমি আপনাকে ফিগার দিয়ে দেখাবো ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্টে আন-এমপ্লয়মেন্টে দাগ কাটতে পারেনা যদি মিনিমাম বছরে ৩ হাজার কোটি টাকার প্রজেক্ট ইমপ্লিমেনটেড না হয়। তাই পশ্চিমবাংলায় এমপ্লয়মেন্ট মার্কেট ডেন্ট করেছেন বলে মনে হবে না। দুর্ভাগ্যবশত পশ্চিমবাংলায় এখনো সেইরকম পরিস্থিতি হয়নি। আপনি সেইরকম প্রজেক্ট পাচ্ছেন না যাতে আপনি এটা করতে পারেন। সেখানেও আমরা দেখছি এবং বার বার এই হাউসে বলেছি, এই রাজ্যের বাইরে যারা বড় ইন্ডাস্ট্রি চালায় তারা কেউই আসছে না। এই ব্যাপারে সিরিয়াসলি দেখতে হবে। আপনি প্রজেক্ট পড়ে দেখবেন ভারতবর্ষের বড় ইন্ডাস্ট্রি যারা চালায় তারা কেউই এখানে আসছে না। যেমন, রিলায়েন্স, আম্বানি গ্রুপ এরা সবচেয়ে বড় ইন্ডাস্ট্রি চালায়। আদিত্য বিড়লা সবচেয়ে বড়, তারপর টেলকো বা টিসকো এইরকম বড় কেউই আপনার এখানে আসছে না। ভারতবর্ষে যারা আধুনিক ইন্ডাস্ট্রি চালায় পেট্রোকেমিক্যালে আম্বানি আছে, মফৎলাল আছে, তারা আপনার এখানে কেউই আসছে না। ভারতবর্ষে এতগুলি গাড়ির কোম্পানি আছে। যেমন, ফোর্ড আসছে না, টোয়েটো আসছে না, পেজো আসছে না, সিয়েলো আসছে না একটা বড় কোম্পানি আসছে না। হিন্দুস্থান মোটরস এখানে এত বছর হয়ে গেল, সেই হিন্দুস্থান মোটর-এর নতুন গাড়ি ইউনিট এখন মধ্যপ্রদেশ এবং উত্তরপ্রদেশে করছে। Why none of them are coming to West Bengal. এবারে বিদ্যুতের ব্যাপারে আসি। বিদ্যুতের ব্যাপারে দেখুন যে, কোয়ালিটি অব ইনভেষ্টমেন্ট-এ আবার ফরেন ডিরেক্ট ইনভেষ্টমেন্ট কোথায় হচ্ছে? এটা হচ্ছে পাওয়ারে সবচেয়ে বেশি। ভারতবর্ষে পাওয়ারের ক্ষেত্রে বড় বড় কোম্পানি যারা আসছে তাদের কেউ কি পশ্চিমবঙ্গে আসছে? আপনার এখানে আছে ঐ আর.পি.গোয়েঙ্কা। রোলস রোয়েসের সঙ্গে টাই আপ করে ওদের মাল কিনে আনছে। কি দামে কিনে আনছে, কি দামে বিক্রি করছে তা ভগবানই জানেন। আপনার এখানে এনরন এসেছে কি? কোজেনট্রিক্স এসেছে কি? জেনারেল ইলেকট্রিক্স এসেছে কি? কেন এখানে একটাও বড় ফরেন ডাইরেক্ট ইনভেষ্ট পাওয়ারের ক্ষেত্রে আসলো না সেটা কি ইনভেষ্টিগেশন করবেন না? তারপর বড় বড় ইলেকট্রনিক্স জায়েন্টস যারা- আই.টি.টি, মোটুরোলা, এ.টি.এন.টি যারা গ্লোবাল কমিউনিকেশনের জায়েন্টস তারা কেউ এখানে আসছে না। অথচ আপনি জানেন যে ভারতবর্ষে এ ক্ষেত্রে এখন ইনভেষ্ট করার একটা বড় জায়গা কিন্তু তবুও তারা কেউ আপনার এখানে আসছে না। আপনি জানেন বেসিক টেলিকম সার্ভিসের জন্য যখন অ্যাডভাটাইসমেন্ট করা হয়েছিল তখন সারা পৃথিবীর বড় বড় কম্পানিগুলি ভারতবর্ষে ইনভেষ্ট করতে চেয়েছিল কিন্তু পশ্চিমবঙ্গ রিজিওনের জন্য কেউ টেন্ডার দেয় নি। West Bengal is one of low priority areas এ ক্ষেত্রে

আপনাকে আমি দেখাবো যে যারা আপনার সঙ্গে টাই আপ করেছে তারা কারা। এ ক্ষেত্রে ওয়েবেলের এফোর্টকে আমি ছোট করে দেখতে চাই না। ১১৫ কোটি টাকার ব্যাপারটা আমি ফুঁ ফুঁ করে উড়িয়ে দিতে চাই না। জাপানের ছোট ছোট ইলেকট্রনিক কম্পানিগুলির ২/৩ হাজার কোটি টাকা টার্ন ওভার। আজকের দিনে এই ১১৫ কোটি টাকার টার্ন ওভার ইলেকট্রনিক্স ইন্ডাস্ট্রিতে করে আপনি কি কোথাও রিচ করতে পারবেন ভেবেছেন? একদিকে আপনার সানসেট ইন্ডাস্ট্রি যেমন জুট নেমে যাচ্ছে, হেভি ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিস নেমে যাচ্ছে, সানসেট হচ্ছে অপর দিকে সানরাইজ ইন্ডাস্ট্রির যে এলাকা সেই এলাকায় আপনি মেজর কিছু করতে পারছেন না। এই প্রসঙ্গে আমি অটোমোবাইলের কথা বললাম, পাওয়ারের কথা বললাম, প্রেট্রো কেমিক্যালের কথা বললাম, এবারে আমি ফার্মাসিউটিক্যালের কথায় আসছি। এ ব্যাপারে পৃথিবীর মধ্যে জায়েন্টস যারা তার কি কেউ আপনার এখানে ইউনিট করতে আসছে? এ ক্ষেত্রে বেয়ার বলুন, হেক্স বলুন, স্কুইপ বলুন, রসে বলুন তারা কি কেউ এখানে তাদের ইউনিট করতে আসছে? আপনি এখানে একটাও ফার্মাসিউটিক্যালসের জায়েন্টসকে আনতে পারছেন না। এরপর আমি কনজিউমার ডিমান্ডের ব্যাপারে আসছি। এই যে এত ওয়াশিং মেশিনের কারখানা তৈরি হচ্ছে, ওয়াশিং মেশিনে আপনি ছাড়ও দিয়েছেন, আই.এফ.বি'র কম্পানি কলকাতায় কিন্তু কোথায় তারা ওয়াশিং মেশিন বানায়? তারা ওয়াশিং মেশিন বানায় গোয়াতে। কে বানাচ্ছে? ওয়ালপুল ওয়াশিং মেশিন বানাচ্ছে। কেন তারা এখানে আসছে না? আপনাকে সিরিয়াসলি ভেবে দেখতে হবে কোথায় গ্যাপ থাকছে। আপনাকে দেখতে হবে যে Where due to seriously consider where you house gone whong. আমরা জানি আপনার পার্টি এখনও পুরোপুরি অ্যাকসেপ্ট করেনি আপনাদের নিউ ইন্ডাস্ট্রিয়াল পলিসি। চিফ মিনিষ্টার, আপনি, সোমনাথবাবু এই ধরনের ১০/১৫ জন আপনাদের পার্টির লোক চান এখানে ইন্ডাস্ট্রিস হোক কিন্তু আপনি দেখবেন তার সুযোগ নিয়ে কিছু লোক হয় সল্ট লেকে না হলে বাইপাসের ধারে শস্তায় জমি নেবার তালে রয়েছে ইন্ডাস্ট্রি করার নাম করে। কিন্তু আসলে তারা কিছু করছে না। আমি দেখছিলাম নামগুলি, এত ফেমিলিয়ার সব নাম যে দেখতেই আমার বিরক্তি লাগছিল। এক তো কিছু কম্পানি এখানে আছেই, যেমন হিন্দুস্থান লিভার, আই.সি.আই. সিমেন্ট ইত্যাদি তারা এখানে ছিল এবং কিছুদিন থেকে দেখছি তারা দু/একটা প্রজেক্ট নতুন করে করছে। আর নতুন প্রজেক্ট দেখছি আই.সি.আই-এর একটা, কুসুম প্রডাক্টস-হিন্দুস্থান লিভারের দুটি, গত বছরের প্রজেক্ট টিটাগড় স্টীলস, এরা তো টিটাগড় পেপার মিলের জন্য আপনাদের থেকে টাকা নিয়েছে। সেই একই লোক, মিঃ চৌধুরি আপনাদের ঘনিষ্ট লোক। তারপর ফিলিপস কার্বন ব্ল্যাক-আর.পি. গোয়েঙ্কার। আর.পি. গোয়েঙ্কা নতুন বড় ইনভেষ্টমেন্ট আপনার এখানে করছে না। মাদার ডেয়ারির এম.কে.জালান, একই যারা ফ্রুটি তৈরি করে, আপনাদের খুবই ঘনিষ্ট লোক, খৈতান, এগ্রো, যার নামে আপনারা একটা নগর করতে চাইছেন। কিন্তু এরা কি বাইরের কোন ইন্ডাস্ট্রিয়ালিষ্ট? Who has got any credibility in the market as proper industrialist আপনি আমাকে বলুন, আমি তো তেমন কিছু দেখতে পাচ্ছি না। একই কোম্পানি ঘুরেফিরে আসছে। আপনি বলেছেন, ডব্লু.বি.আই.ডি.সি. টাকা দিয়েছে ক্যাটাম্যারান কেনার জন্য এটা কি কোন ইন্ডাস্ট্রিয়াল প্রজেক্ট? আপনি পিয়ারলেসের কথা বলেছেন সে তো উঠে যাবার অবস্থা। পিয়ারলেসের হসপিট্যাল প্রজেক্ট ডব্লু.বি.আই.ডি.সি

টাকা দিয়েছে বলেছেন। পিয়ারলেস তো উঠে যাবার যোগাড় হয়েছে, কি হবে ভবিষ্যতে ভগবানই জানেন।

[3-30 — 3-40 P.M.]

আমরা আরও দেখলাম যে ওয়েবেল কোম্পানিগুলির মধ্যে বেটার করছে। কিন্তু ওয়েবেল যাদের সঙেগ টাই আপ করছে তারা কেউ গ্লোবাল টেন্ডার ডাকছেনা। ইনডিপেনডেন্ট একটা সিটি তৈরি করা হবে। ইনডিপেনডেন্টলি হাইওয়েতে একটা মডেল সিটি করবে, এগুলি ভাল কথা। কিন্তু হোয়াট ডু উই হ্যাভ টু অ্যাট্রাক্ট দেম? এখনও পর্যন্ত লার্জ ইউনিট ইন দি ইলেকট্রোনিক ফিল্ড আমরা দেখছিনা। ওয়েবেল এগুলি যাদের সঙেগ টাই আপ করছে তাদের সঙ্গে আর একটা কম্পানি দেখছি না দোজ হু হ্যাভ গট অ্যান ইন্টারন্যাশানাল নেম। সেইরকম সই কি করতে পেরেছেন? ওয়েবেল পক্ষ থেকেও এটা আমরা দেখছিনা। তারফলে আপনাকে আবার রিমাইন্ড করিয়ে দিচ্ছি যে, খালি স্বদিচ্ছা থাকলেই ইন্ডাস্ট্রি হয়না বা ভাল ভাল কথা বললে, চেম্বার অব কমার্সে ভাল বক্তৃতা দিলেই ইন্ডাস্ট্রি হয়না। আপনি ২০ বছরে যে ফেইলর হয়েছেন সেটা হচ্ছে আটার ফেইলর ফেইলর ইন বিল্ডিং ইনফ্রাসট্রাকচার এবং ক্রিয়েট এনি ইন্ডাস্ট্রি অর ফ্যাক্টরি। এই দুটোর একটাও আপনি করতে পারেন নি। আমি সরকারের একটা হিসাব দেখছিলাম যে রাজ্য সরকারের কত রাস্তা আছে, কত হাইওয়ে আছে। রাস্তা না থাকলে পৃথিবীর কোনও দেশই এগিয়ে যেতে পারেনা। যেখানে মহারাষ্ট্রে ১ লক্ষ ৮৪ হাজার কিলোমিটার রাস্তা আছে, গুজরাটে ৯১.হাজার ৭৪২ কিলোমিটার রাস্তা আছে, সেখানে পশ্চিমবঙ্গে মাত্র ৩৮ হাজার কিলোমিটার রাস্তা আছে। রাস্তার ব্যাপারে আপনি ২০ বছর ধরে নেগলেক্ট করেছেন। এটাতে সেন্ট্রালের দরকার হয়না। আপনারা এখন বলছেন যে কলকাতা থেকে হলদিয়া পর্যন্ত রাস্তা করবেন, শিলিগুড়ি এক্সপ্রেস চালু করবেন। আবার সোমনাথবাবু বলেছেন যে, এয়ার সার্ভিস চালু করবেন। আপনারা এতকিছু চালু করবেন, কিন্তু জেলাগুলিকে কি দেওয়া হয়েছে? আপনারা বলছেন যে পাওয়ার পজিশান ষ্ট্যাবিলাইজড হয়েছে। পাওয়ার না থাকলে ইন্ডাস্ট্রি ডেভেলপ করেনা। আপনারা বলেছেন যে পাওয়ার সারপ্লাস হয়েছে। পাওয়ার না থাকলে ইন্ডাস্ট্রি ডেভেলপ করেনা। আপনারা বলেছেন যে পাওয়ার সারপ্লাস হয়েছে। আজকে ইন্ডাস্ট্রি সেইভাবে গড়ে ওঠেনি বলে পাওয়ার ষ্ট্যাবিলাইজড হয়েছে। ইন্ডাস্ট্রি যদি সেইভাবে গড়ে উঠতো তাহলে পাওয়ার ষ্ট্যাবিলাইজড থাকার কথা নয়। আপনারা বলেছেন যে পাওয়ার জেনারেশান ষ্ট্যাবিলাইজড হয়েছে। কিন্তু হোয়াট অ্যাবাউট ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন? ভাটপাড়ার মূলাজোড় সি.ই.এস.সি-কে বিদ্যুৎ দেয়। কিন্তু সি.ই.এস.সি'র বাইরে এস.ই.বি'র অবস্থা খুবই খারাপ। সি.ই.এস.সি'র বিদ্যুতের রেট ক্রমশ বেড়ে যাচ্ছে। আজকে সি.ই.এস.সি তো মনোপলি বিজনেস করছে। আপনারা পাশাপাশি আর একটা কম্পানি দিতে পারেন নি। ডিস্ট্রিকটে এত পাওয়ার ভোল্টেজ ড্রপ হচ্ছে, এত পাওয়ার ফেইলর হচ্ছে, সেখানে কে যাবে ইন্ডাস্ট্রি করতে? আপনারা রাস্তা দিতে পারেন নি। এখন বলছেন যে রাস্তা করবেন অর্থাৎ রাস্তা তৈরি হবে তারপরে ইন্ডাস্ট্রি হবে। আপনারা পাওয়ার ষ্ট্যাবিলাইজড করতে পারেন নি, টেলিকমিউনিশোনের সুযোগ দিতে পারছেন না। বেঙ্গল সার্কেলের জন্য কেউ বিডে যাচ্ছে না, তার কারণ এখানে এত খারাপ প্রসপেক্ট। এখানে ইন্ডাস্ট্রি করার জন্য ল্যান্ড অ্যাকুইজিশনে

এত ঝামেলা যে, কেউ যদি ইন্ডাস্ট্রি করতে চায় তাহলে তাকে পঞ্চায়েতের সঙ্গে লড়াই করতে করতে তার সমস্ত এনার্জি নষ্ট হয়ে যায়। তার পাশাপাশি এখানে ওয়ার্ক কালচার নেই, ওয়ার্ক কালচারের একটা প্রবলেম আছে। আমরা বহুবার বলেছি যে এখানে ওয়ার্ক কালচার ডেভেলপ করুন। এখানে কোনও এনটেপ্রেনার আসছে না। তারা ব্যাঙ্গালোর ছেড়ে কেন কলকাতায় আসবে? কি আছে পশ্চিমবঙ্গে? এখানে কোনও সোসাল ইনফ্রাসট্রাকচার আছে, কোনও ভাল হোটেল আছে, হসপিটাল কোনও ভাল ব্যবস্থা আছে, ভাল স্কুল আছে যেখানে তাদের ছেলে-মেয়েদের ভর্তি করাতে পারবে, এখানে কোনও রিসর্ট আছে, কোনও রিক্রিয়েশন্যাল অ্যারেঞ্জমেন্ট আছে? এইসব অসুবিধার জন্য ইন্ডাস্ট্রিয়ালিষ্টরা এখানে ইন্ডাস্ট্রি করতে চায়না। তাছাড়া অ্যাজ এ হোল কোনও ইকনমিক্যাল ইনফ্রাসট্রাকচার আপনি দিতে পারছেন না। আপনারা তাদের কোনও সাপোর্ট দিতে পারছেন না। কাজেই এইদিকে আপনাদের দৃষ্টি দেওয়া উচিত। কিছু করার আগে প্রচার বেশি করছেন। কিছু করবার আগে সোমনাথবাবু 'মৌ' সই করছেন এবং তারপরই বিবৃতি দিচ্ছেন। মাননীয় অর্থমন্ত্রীর গত বছরের বাজেট বক্তৃতার একটি কপি আমার কাছে রয়েছে। এতে তিনি বলেছিলেন 'আমি গর্বিত, তিন মাসের মধ্যে হলদিয়া পেট্রো কেমিক্যালস-এর কাজ শুরু করতে পারবো।' এবারের বাজেট বক্তৃতায় সেই তিন মাসের কথাটা এলো না, এবারে বললেন আই.ডি.বি.আই.-এর বাধা শেষ হলে হলদিয়ার কাজ শুরু হবে, তবে মেগাসিটি প্রকল্পের কাজে হাত দিয়েছি।' কিন্তু এর পলেটিকাল ফলআউট আপনাদের পেতে হয়েছে; হলদিয়ায় আপনারা হেরেছেন, সুতাহাটায় হেরেছেন, ফলতায়ও আপনারা হেরেছেন। ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোন করবেন বলে বলেছেন, কিন্তু সেখানে রাস্তা পর্যন্ত করতে পারেননি। You have not been able to do it in 20 years কি করে আপনাদের কাজটা হবে? আপনারা বিজ্ঞাপন না দিয়ে, এ্যাটলিষ্ট পাঁচ বছর বিজ্ঞাপন না দিয়ে, বিবৃতি না দিয়ে কাজ করবার চেষ্টা করুন। এর পাশাপাশি বলতে চাই, ডিপার্টমেন্টকে ড্রাগ ডাউন করেছেন। আপনারা লস মেকিং পাবলিক সেক্টর আন্ডারটেকিংকে বি.আই.এফ.আর.-এ পাঠিয়ে কিভাবে বাঁচাতে পারেন সে-ব্যাপারে টোটালি সাইলেন্ট। পাবলিক সেক্টর মানেই সেক্রেড কাউ; বলা যাবে না যে, পাবলিক সেক্টরকে লাভজনক করতে হবে। বি.জি. প্রেস আপনাদের দপ্তরের অধীনে রয়েছে। সেখানে লোকজন রয়েছেন, তারা ওভার টাইম নিচ্ছেন, কিন্তু কোন কাজ হয়না। বি.জি.প্রেস সম্পর্কে কয়েকবার বলেছি যে, ওটা মর্ডানাইজ করুন, আধুনিক করে ভালভাবে চালাবার চেষ্টা করুন, কিন্তু সেটা এখনও পর্যন্ত সেরকমভাবে চালাতে পারছেন না। তারফলে আমাদের রাজ্যে যে পরিমান এক্সপেক্টেশন তৈরি হয়েছে সেই পরিমান ফিড ব্যাক আপনারা পাচ্ছেন না। হিসাব দেখছিলাম, ষ্টেট পাবলিক সেক্টর আন্ডারটেকিংগুলিতে একটা ম্যাসিভ লস চলছে। এই অবস্থায় কতদিন টাকা দিয়ে চালাতে পারবেন কোম্পানিগুলি? দুর্গাপুর কেমিক্যালসে এক্যুলেটেড লস ১৪১ কোটি টাকা, ওয়েস্ট বেঙ্গল সেকসবি ফার্মারে লস ১৪৭ কোটি টাকা। কিন্তু এক্ষেত্রে আপনাদের কোনও প্ল্যান নেই। কিন্তু মানুষকে তো জানাতে হবে এর থেকে টার্ন এ্যারাউন্ড করবার জন্য এটা করছি। কিন্তু সেসব কিছুই বলছেন না যে, টার্ন এ্যারাউন্ড করবার জন্য প্রকল্পটা আপনাদের কি। ৩০ কোটি টাকা এটা মৃণালবাবুর দপ্তর এক্ষেত্রে সাপোর্ট দেবার জন্য ধরেছেন, কিন্তু জিরো ডেট থেকে টার্ণ এ্যারাউন্ড ইন্ডাস্ট্রি করবার জন্য একটা প্রকল্প থাকবে তো! ইন্ডাস্ট্রিগুলিকে টার্ণ এ্যারাউন্ড করবার কোনও প্ল্যান

আপনাদের আছে কি? লস মেকিং কোম্পানীগুলিকে টার্ণ এ্যারাউন্ড করবার কোনও প্রকল্প থাকবে না? আপনি জানেন, চা ইন্ডাস্ট্রিতে গভর্নমেন্টের ২০ বছর ধরে লোকসান চলছে। ডব্লু.বি.টি.সি.-তে আগের থেকে ভাল প্রডাকশন হচ্ছে, তা সত্ত্বেও ওখানে লোকসান দিতে হচ্ছে কেন? যেখানে বেসরকারি চা বাগানের মালিকরা কোটি কোটি টাকা লাভ করছেন? কেন টি.ডি.সি. কন্ট্রোলড চা বাগানগুলিতে লোকসান হবে? লোকেরা জানতে চাইবেন না, এত টাকা আপনাদের যা দেওয়া হচ্ছে সেটা নিয়ে আপনারা কি করবেন? যে কোম্পানিগুলি রয়েছে সেগুলোর প্রসপেক্ট ছিল। ফাইটো কেমিক্যালের প্রসপেক্ট রয়েছে, সুগার মিলেও লোকসান করবার কোনও কারণ নেই। আহমদপুর মিল নিয়ে আমাদের পক্ষ থেকে সুব্রতবাবু আরও ডিটেলসে বলবেন। You are lagging sadly behind. আপনারা রাজ্যে ষ্টেট ইনফ্রাস্ট্রাকচার কমিটি তৈরি করেছিলেন। সেই ইনফ্রাস্ট্রাকচার কমিটি যাদের নিয়ে করেছিলেন, জানি না তারা কারা। তারা একটি সিরিয়াস রিপোর্ট দিয়েছেন। বলেছেন ২৯ নম্বর এক্সচেঞ্জকে ইলেকট্রনিক করতে হবে। কমিটিতে হয়তো এমন একজন মেম্বার ছিলেন যার বাড়ি বা অফিস পার্ক স্ট্রীটে এবং সেজন্য তিনি রিপোর্টের একটি পার্টে এই কথা বলেছেন। ইনফ্রাস্ট্রাকচারের বিষয়টা নিয়ে গত ৪-৫ বছর কি করেছেন দয়া করে সেটা বলবেন। যেখানে একটা ছোট্ট রাস্তা বানাতে পারছেন না সেখানে সোমনাথবাবু কলকাতা থেকে সিঙ্গাপুর পর্যন্ত রাস্তা নির্মাণের কথা বলছেন। রাস্তার ব্যাপার নিয়ে কতদূর কি করেছেন সেটা আমরা জানতে চাই।

[3-40 — 3-50 P.M.]

আমি জানতে চাই যে হলদিয়া জিরো ডেট কবে হবে, করে থেকে শুরু হবে। মুখ্যমন্ত্রীকে নিয়ে গিয়ে ন্যাপথা ক্র্যাকার-এর উদ্বোধন করিয়েছেন। আমরা জানতে চাই ডব্লু.বি.আই.ডি.সি.-র একজ্যাক্ট রোল কি? ডব্লু.বি.আই.ডি.সি-র বোর্ডে যারা ছিলেন তারা সব আগের দিনে হয়ে গিয়েছে। পি.সি.সেন, তার কোনও গুরুত্ব নেই, চুগ আই.টি.সি ছেড়ে চলে গেছে। সেই সমস্ত লোক ডব্লু.বি.আই.ডি.সি-তে রয়েছে। তাদের রোল কি প্রোমোশনাল নাকি মারচেন্ট ব্যাংকিং-এ সই করা সেটা কারেকটলি বলতে হবে। আপনারা যে ইনসেনটিভ স্কিম দিয়েছেন তাতে কত টাকা ডিসবার্স করেছেন? সেই ইনসেনটিভ স্কীম রি-অরিয়েন্ট করার দরকার আছেন কিনা, রিঃফরমুলেট করার দরকার আছেন কিনা সেটা আজকে জানতে চাই। আমি যে কথা দিয়ে শুরু করেছিলাম সেটা আবার বলতে চাই যে আমরা কেন অন্য রাজ্যের তুলনায় এগোতে পারছি না? কেন আমাদের এইরাজ্যে যে লেভেলে ইনভেষ্টমেন্টকে নিয়ে যাওয়ার দরকার আছে সেই লেভেলে ইনভেষ্টমেন্টকে নিয়ে যেতে পারছি না? কেন যে লেভেলে ব্যাঙ্ক ফাইনান্স দরকার সেই লেভেলে যেতে পারছি না? অথচ আমাদের এই রাজ্যে দেশের মধ্যে সবচেয়ে বেশি বেকার। ফরটিন পারসেন্ট আনএমপ্লয়েড ইন দিস কানট্রি আর ইন দিস স্টেট। এখনই যদি ব্রেকথ্রু না করা যায় এমপ্লয়মেন্টের ক্ষেত্রে তাহলে আমরা প্যারালালি যেতে পারবো না। আমরা যদি ইন্ডাস্ট্রিয়াল আউটপুটের ব্যাপারে দেখি তাহলে দেখবো, ১৯৮০-৮১ সালে ওয়েস্ট বেঙ্গলে ইন্ডাস্ট্রিয়াল আউট পুট যদি ১০০ ধরা হয় তাহলে এখন সেটা বেড়ে দাঁড়িয়েছে ৩৪৩। অর্থাৎ সাড়ে তিন গুন বেড়েছে। ইন্ডিয়ার ক্ষেত্রে ১৯৮০-৮১ সালে যদি ১০০ ধরা হয় তাহলে এখন সেটা বেড়ে দাঁড়িয়েছে ৬০৩।

অর্থাৎ ইন্ডিয়ার ক্ষেত্রে ইন্ডাস্ট্রিয়াল আউট পুট বেড়েছে ৬ গুন। অর্থাৎ ইন্ডাস্ট্রিয়াল আউটপুটের ক্ষেত্রে আপনারা কমে যাচ্ছেন। আপনাদের একচুয়াল ফিগার অনুযায়ি ১৯৯১ সাল থেকে ১৯৯৫ সাল পর্যন্ত টোটাল এমপ্লয়মেন্ট কমে গিয়েছে। ১৯৯১ সালে যেটা ছিল ২৪১ লক্ষ ৯৪ হাজার সেটা ১৯৯৫ সালে কমে দাঁড়িয়েছে ২৩১ লক্ষ ৬২ হাজার। অন্যসব ষ্টেটে অরগানাইজ সেক্টরে এমপ্লয়মেন্ট বেড়েছে আর পশ্চিমবাংলা একমাত্র রাজ্য যেখানে ১৯৯১ সাল থেকে ১৯৯৫ সালের মধ্যে টোটাল এমপ্লয়মেন্ট ইন দি অরগানাইজ সেক্টরে কমে গেছে। তারফলে আমরা একটা আগ্নেয় গিরির উপর দাঁড়িয়ে সেটা বেশি করে বলার দরকার নেই। শুধুমাত্র কয়েকটি বিদেশি শিল্পপতিকে কলিকাতায় এনে, সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীকে এনে, বৃটেনের কমার্স মিনিষ্টারকে এনে ইন্ডাস্ট্রি করা যায় না। অনেক হার্ড হেডেড বিজনেসম্যান আছেন, তাদের নানা ডেসটিনেশান আছে, পৃথিবীতে অনেক ভাল ভাল জায়গা আছে, সাউথ-ইষ্ট এশিয়া আছে তারপর আরও ১৫টি কানট্রি আছে তারপর তারা ইন্ডিয়ার দিকে যাচ্ছে। সেই ইন্ডিয়ার মধ্যে তারা আবার পশ্চিমবাংলার দিকে দেখবে। সেই পশ্চিমবাংলায় ফিজিক্যাল, সোসাল ইনফ্রাসট্রাকচারে আমরা এত পেছিয়ে যে দি কমপিটিশান ইজ রিয়েলি টাফ। আমাদের যে সমস্যা, এত বেকার নিয়ে এত জমির চাপ নিয়ে ইন্ডাস্ট্রি ছাড়া আমাদের বাঁচার পক্ষে আর কোন স্কোপ নেই। আমরা পেছিয়ে রয়েছি। এখনও পর্যন্ত আমাদের যা পারফরমেন্স তাতে আমরা স্যাটিসফায়েড নয়, এখনও পর্যন্ত আপনারা যে অ্যাপ্রোচ দিতে পেরেছেন তাতে আমরা স্যাটিসফায়েড নয়। আপনারা পুরানো আইডিয়োলজিক্যাল সিবোলেথ থেকে বার হয়ে এসেও সম্পূর্ণ বার হতে পারছেন না। আজকে আর তাকিয়ে থাকা নয়, নিজের পায়ে দাঁড়াতে হবে। আমাদের বলতে হবে দিস ইজ হোয়াট উই হ্যাভ টু অফার, ইন্ডাস্ট্রি! দিস ইজ হোয়াট উই হ্যাভ টু অফার, ইনভেষ্ট ইন্ডাস্ট্রি! তবে এখানে ইন্ডাস্ট্রি আসবে। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি

**শ্রী রঞ্জিত কুন্ডু ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমাদের শিল্প বাণিজ্যমন্ত্রী যে দাবি রেখেছেন সেই দাবিকে আমি সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখবো। বিরোধী দলের সদস্য একটি কথা বলেছেন যে, আত্মসন্তুষ্টি যেন না আসে। না, আমাদের আত্মতুষ্টি নেই। আমরা শুরু করেছি। দীর্ঘ ৩০ বছরের বঞ্চনা, ৩০ বছরের যে অবিচার তাকে হঠিয়ে আমরা নতুন করে যাত্রা শুরু করেছি। নানা রকম যে বাধা, নয়া শিল্পনীতি, নয়া অর্থনীতির যে ধাক্কা গোটা দেশে রয়েছে, সেটা আমাদের উপরেও আছে। এটাকে মাথায় রেখে আমি দু'একটি কথা বলব। এটা শোনার ব্যাপারে অধৈর্যের কিছু নেই। এক কথা আমাদের বারেবারেই বলতে হবে। বারেবারে এইজন্যই বলতে হবে যে, এই রাজ্যের যে শিল্প কাঠামো, শিল্পের যে পরিস্থিতি তা ধ্বংস হল। সেই ব্যাপারে আপনারা যখন কেন্দ্রীয় সরকারে ছিলেন সেই সময় থেকে আপনারা কিভাবে রাজ্যকে ধ্বংস করেছেন, সেটা আপনাদের জানা আছে। বিশেষ করে আপনাদের যে বঞ্চনা, যখন একটা রাজ্যে শিল্পে অগ্রগতি, শিল্পায়ণ সম্ভব হতে পারত, সবই আপনাদের জানা আছে। এটা ঠিকই, সৌগত বাবু যে কথা বলেছেন, সেটা হচ্ছে একটা রাজ্যে শিল্পায়ণ, অগ্রগতি এবং শিল্পায়ণ তখনই সম্ভব যখন একটা রাজ্যে পরিকাঠামো ঠিক থাকে, যদি পরিকাঠামোর দিকে নজর থাকে এবং সেটা যদি ঠিকমত গড়ে তোলা যায়। তাহলেই শিল্প

পরিস্থিতিকে অনুকূলে নিয়ে যাওয়া যায়। পরিকাঠামো বলতে বোঝায় রেল, রাস্তা, হাইওয়ে, আর বোঝায় বন্দর, বোঝায় বিদ্যুতের যোগান। এগুলোর বেশির ভাগই হচ্ছে কেন্দ্রীয় সরকারের দায়িত্বে। যে রাজ্যগুলোর নাম আপনারা বারে বারে করেছেন, যারা এগিয়ে আছে, তাদের কথা আমরা অস্বীকার করছি না। অস্বীকার করার কারণও নেই। সেই রাজ্যগুলোতে পরিকাঠামো গড়ে তোলার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কিভাবে দায়িত্ব নেওয়া হয়েছে, আর এই রাজ্যে পরিকাঠামো গড়ে তোলার ক্ষেত্রে কি বঞ্চনা— রেলের ব্যাপারেই ধরুন, গত পাঁচ বছরে বা তারও আগে থেকে এখানে রেলের কোনও পরিকল্পনা হয়নি, বিস্তার ঘটানোও হয়নি। হাইওয়ের ব্যাপারে সৌগতবাবু পরিসংখ্যান দিয়েছেন। বললেন যে, এখানে অনেক কম। ন্যাশনাল হাইওয়ের দায়িত্ব কাদের? তাঁরা সেটা নতুন করে গড়ে তুললেন না, উপরন্তু কেন্দ্রীয় সরকারের উপর যেটুকু দায়িত্ব বহন করার কথা, তা তাঁরা বহন করেননি। তাঁরা বারেবারে প্রতিশ্রুতি দিয়েছেন, কিন্তু কোনও টাকা পয়সা দেননি। এইসব কথা তো আপনাদের জানা আছে। এখানে আবার বিশেষ করে যে কথাটা ওঠাতে হবে, যেটা ঘটনা তা আমাদের বলতেই হবে। দেশের উত্তর পূর্বাংশের রাজ্যগুলোতে যে দায়িত্ব কেন্দ্রীয় সরকারের তা তাঁরা দেননি, আমরা নিজেরাই তা বহন করছি। এইভাবে বঞ্চনার মধ্যে দিয়ে যেভাবে তাঁরা সবকিছুকে রোগগ্রস্ত করেছেন তা যদি এখনও বুঝতে না পারি, তাহলে আর কোনওদিনই বুঝতে পারব না। চারটি বিষয়ের প্রতি আপনারা পরিকল্পিত ভাবে বঞ্চনা করেছেন, শুধু এই রাজ্যকে নয়, গোটা পূর্বাঞ্চলের রাজ্যগুলোকে বঞ্চনা করেছেন। মাশুল সমীকরণ নীতি এখনও পর্যন্ত পুরোপুরি প্রত্যাহার করা হয়নি, আংশিক হয়েছে। চার বছরে একশোর উপরে লৌহ ইস্পাত শিল্প, এই সমস্ত শিল্প এবং নতুন শিল্প মিলিয়ে একশো শিল্প তারা রেজিস্ট্রি করেছিল। অর্থাৎ '৫৬ সালের পর থেকে কিভাবে এই রাজ্যকে ধ্বংস করেছেন, এর থেকে জলজ্যান্ত উদাহরণ আর কিছু হতে পারে না। শিল্প লাইসেন্স প্রথা গোটা দেশে যেভাবে দেবার প্রতিশ্রুতি দিয়েছিলেন দেশের সমস্ত বৈষম্য দূর করার ক্ষেত্রে তা আমাদের রাজ্যের ক্ষেত্রে কি দেখলাম? আমরা দেখলাম যে, আমাদের রাজ্যের ক্ষেত্রে এই বৈষম্যটা আপনারা বাড়িয়ে দিলেন। ভৌগলিক অবস্থানের দিক দিয়ে যেটা সুবিধাজনক অবস্থায় ছিল, মাশুল সমীকরণ করে তা আপনারা কেড়ে নিলেন। তারই উপরে আবার নতুন করে লাইসেন্স প্রথা ইত্যাদি প্রবর্তন করলেন। কেন্দ্রীয় বিনিয়োগের ক্ষেত্রে কিভাবে বঞ্চনা করা হয়েছে সেই পরিসংখ্যান নিশ্চয় আপনাদের জানা আছে। সেটার উদ্ধৃতি দিয়ে আমি সময় নষ্ট করতে চাই না। আর্থিক সংস্থাগুলি ব্যাঙ্ক এবং অন্যান্য রাজ্যে আমানত এবং বিনিয়োগের যে রেশিও. আমাদের রাজ্যকে সেইদিক থেকে অনেক পিছনে রাখা হয়, আমাদের এখানে বিনিয়োগ হয় না। এমনকি আর্থিক সংস্থাগুলি প্রতিশ্রুতি দিয়ে বিশেষ করে রুগ্ন শিল্পগুলির ব্যাপারে যে বি. আই. এফ. আর. এর কথা বললেন, যে সমস্ত শিল্পগুলি রাজ্য সরকার পরিচালনা করছে, সেইগুলি দিয়ে দিলে ওরা ভাল দাওয়াই বদলাতেন। বি. আই. এফ. আর. এ যাওয়া যায়, ওখানে কোনও এক্সপার্ট নেই, কয়েকজন আমলা, কয়েকজন অবসরপ্রাপ্ত কর্মচারী আছেন তারা নির্ভর করেন ঐ সমস্ত অপারেটিভ এজেন্সির উপর ; কেন্দ্রীয় সরকারে ব্যাঙ্ক এবং তাদের যে আর্থিক প্রতিষ্ঠানগুলি আছে তারা সেটা পালন করেন। ঐখান থেকে বি. আই. এফ. আর.-এ যেটুকু বলা যায় তারা কিন্তু কিছুই করেন না। বি. আই. এফ. আর. যেগুলি দেয় সেটাও তারা রক্ষা করেন না। আমরা দেখেছি

কেন্দ্রীয় সরকারের সংস্থা বি. আই. এফ. আর. থেকে বলে দেওয়া হল কিন্তু ব্যাঙ্কগুলি তারা মানছে না। এই বাস্তব পরিস্থিতির উপর দাঁড়িয়ে এই রাজ্যের একটা পরিবর্তন ঘটেছে, এটা নিয়ে বারে বারে আলোচনা হয়েছে। আমি এটা নিয়ে বলে সময় নষ্ট করতে চাই না। গ্রামীণ অর্থনীতিতে যে চঞ্চলতা যে প্রাণের সঞ্চার হয়েছে দারিদ্র সীমার নিচের মানুষ যেভাবে উঠে এসেছে তার ফলে বাজার সৃষ্টি হয়েছে, তার ফলে দেশে বিদেশে যে শিল্পপতিরা তারা এখানে এসেছেন, ওদের এটা পছন্দ নাও হতে পারে। একদিকে আপনারা কাট মোশন দিয়েছেন, এখানে শ্রম নির্ভর শিল্প গড়ে তোলা যাচ্ছে না, আবার যে কথাগুলি বলছেন, একটাও শ্রম নির্ভর কথা বলছেন না। আপনারা এরকম কথা বলছেন, সেটাও শর্ত নির্ভরতা। যেখানে মুনাফার গ্যারান্টিতে শ্রমিক কর্মচারীদের কোনও অধিকার থাকবে না। ওদের যে হায়ার অ্যান্ড ফায়ার নীতি এই সমস্ত নীতির সাথে বামফ্রন্ট সরকার আপোষ করতে পারেনি। কিন্তু আমরা যখন শুরু করছি, তখন আমরা বিরোধীদের কাছে বলব, এইখানে আমাদের আত্মতুষ্টির কোনও কারণ নেই। আজকে পাটশিল্পকে ধ্বংসের পথে কারা নিয়ে গেল, আজকে যদি বামফ্রন্ট সরকার না থাকত আজকে যদি পাট শিল্প না থাকত তবে হয়তো বোম্বে কটন টেক্সটাইলস ইন্ডাস্ট্রির মত সমস্ত বস্ত্র শিল্প উঠে গেলে মানুষ কি কাপড় পরছে না। কোথায় গেল সেই শিল্প, ছড়িয়ে দিলেন পাওয়ার লুমে, হ্যান্ড লুমে, অর্গানাইজড সেক্টরকে ধ্বংস করে দিলেন। পরিকল্পিত ভাবে করলেন। আমরা এই রাজ্যে সেটা করতে দিইনি। ওরা মর্ডানাইজেশন প্যাকেজ করলেন। তিনি বিষয়টা কাটিয়ে গেলেন। আজকে এই পাটশিল্পকে বাঁচানোর জন্য এই বিধানসভা থেকে দুবার প্রস্তাব এসেছে। এটার ভবিষ্যত আছে। আজকে নতুন করে বিশ্ব পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে, পরিবেশ পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে আমরা মনে করি পাটশিল্পের ভবিষ্যত আছে এবং সরকারকে সেই দায়িত্ব নিতে হবে। কয়েকজন বেপরোয়া মালিক, যাদের কোনও দায়দায়িত্ব নেই, আজকে মালিক কেউ নেই সব প্রোমোটার হয়ে গেছে। তারা টাকা এখানে বিনিয়োগ না করে অন্য রাজ্যে টাকা নিয়ে যাচ্ছেন। অন্য রাজ্যে গিয়ে তারা সিন্থেটিকের কারখানা করছে, মহারাষ্ট্রে সিন্থেটিকের কারখানা করছে, গুজরাটে করেছে। আর আজকে এখানে পাটশিল্প ধ্বংস হয়ে যাচ্ছে। ১৯৯৩ সাল থেকে এখানে শিল্পের যে একটা সহায়তা প্রকল্প তৈরি হয়েছে, আমরা দেখছি তা শিল্পপতিদের আকর্ষণ করছে। আমরা দেখতে পাচ্ছি ১১৭টি শিল্প সংস্থা রেজিস্ট্রি হয়েছে শিল্প সহায়তা আইন ঘোষণা করার পর, ৪৩টি পুরোনো শিল্প সম্প্রসারণের কথা বলেছে। আমরা দেখছি রুগ্ন শিল্প সেখানে সহায়তা প্রকল্প সামনে পেয়ে তারা আসছে। কাজেই প্রচেষ্টা শুরু হয়েছে আকর্ষণ করার জন্য। ওরা পাবলিক সেক্টরকে তুলে দেবেন, সার্ভিস সেক্টরে বিদেশি পুঁজিকে ঢুকিয়ে দেবেন। এটা অন্যায়। টেলিকমিউনিকেশনে ওরা বিদেশিদের ঢুকিয়ে দিলেন। কিন্তু আমরা সেইসব পাব না। আমাদের সরকারের পক্ষ থেকে আমরা এই পলিসি ঘোষণা করেছি, পুরোনো শিল্পকে আমরা রাখব, সেটা যাতে ধ্বংস না হয় তার চেষ্টা করব। আমাদের দেশীয় শিল্পের যাতে বিকাশ ঘটে সেটায় দেখব। আমরা এমন বিদেশি প্রযুক্তি ডাকব না যারা আমাদের পুরোনো প্রযুক্তিকে ধ্বংস করবে। আমরা এই রাজ্যের মানুষের স্বার্থে, শিল্পের স্বার্থে এই ধরনের শিল্পগুলোকে আমরা করব। এক বা একাধিক রুগ্নশিল্প যা আছে সেগুলোকে আমাদের দেখতে হবে। যে রুগ্নশিল্পগুলো রাজ্য সরকারের মালিকানায় আছে সেখানে এক্সপার্টদের ডেকে এনে কি করা যায় সেই ব্যাপারে

আমরা কথা বলেছি। এবং কোনও কোনও শিল্পে কোথায় আমরা বিনিয়োগ করতে চাই এই রকম ১০-১১টি ক্ষেত্রে আমরা নির্দিষ্ট করেছি। বিরোধী দলের একজন অনেক কথা বললেন, কিন্তু কোনও বিকল্প প্রস্তাবের কথা বললেন না। কোনো গঠনমূলক সাজেশন দিলে ভাল হত। আমাদের রাজ্যে এবং আমাদের পাশ্ববর্তী রাজ্যে কয়লা পাওয়া যায়, এখানে কয়লা ভিত্তিক শিল্প যদি গড়ে তুলতে পারি তাহলে আমাদের রাজ্যের মানুষের উপকার হবে, সেখানে এমপ্লয়মেন্ট জেনারেশন হবে। এই কটি কথা বলে এই বাজেট প্রস্তাবকে সমর্থন করে এবং কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 P.M.]

**শ্রী অনয়গোপাল সিনহা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি জানাতে চাই যে, আমাদের পার্টি যে কাট মোশন প্রস্তাব এনেছে সেই প্রস্তাবকে সমর্থন করে আমার ছোট্ট বক্তব্য আপনার কাছে রাখতে চাই। বক্তব্যটা হচ্ছে যে, আপনাদের বাজেটের মধ্যে যেটা এসেছে রুগ্ন ইন্ডাস্ট্রি—বেসিক ইন্ডাস্ট্রি যেগুলো আছে সেগুলো অনেকদিন ধরে বন্ধ আছে। সেই ইন্ডাস্ট্রিগুলোকে খোলার কোনও প্রস্তাব আপনাদের বাজেটের মধ্যে নেই। সেই ইন্ডাস্ট্রিগুলো যাতে খোলা যায় তার ব্যবস্থার জন্য আমি শ্রমমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি। আমার এলাকায় অনেকগুলো মানুষ জুটমিলে কাজ করে। সেই তিনটি জুটমিল হচ্ছে, মেঘনা জুট মিল রিলায়েন্স জুট মিল আর অ্যালাউন্স জুট মিল। এই জুট মিলগুলো যদি খোলার ব্যবস্থা হয় তাহলে আমার এলাকার মানুষ যারা বেকার হয়ে আছে তারা কাজ পাবে। আমার এলাকায় ৭৬ সাল থেকে ডানবার কটন মিল বন্ধ হয়ে আছে। আমি মন্ত্রী মহাশয় এর কাছে অনুরোধ জানাচ্ছি ডানবার কটন মিলটি খোলার ব্যবস্থা করলে ওই এলাকার জনগণ অপনাকে আশীর্বাদ করবে। আমি মন্ত্রী মহাশয়ের বিরুদ্ধে কিম্বা সরকার পক্ষের বিরুদ্ধে কিছু বলছি না কিন্তু এই জুট মিলগুলো, কটন মিগুলো বন্ধ' থাকলে মানুষের ভুল পথে যাবার একটা রাস্তা তৈরি হয়ে যায়। বেকার সমস্যা বেড়ে যাচ্ছে দিনের পর দিন। চুরি ডাকাতি বেড়ে যাচ্ছে, বেকার সমস্যার জন্য এটা হচ্ছে। তারা একটা সমাজ বিরোধী কাজে লিপ্ত হয়ে যাচ্ছে। পশ্চিমবাংলায় অনেকগুলো বিস্কুট কারখানা বন্ধ হয়ে আছে। তার কারণ হচ্ছে বিস্কুট কারখানাগুলোকে খোলা যায় তাহলে পশ্চিমবাংলার জনগণ যারা আজকে বেকার হয়ে আছে তারা কাজ পাবে। বেকারত্ব যেগুলো হয়েছে সেগুলো দূর করতে সরকার সক্ষম হবে। সমাজে বেকার বাড়ছে ফলে চুরি রাহাজানি বাড়ছে। আমি তাই মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করছি, আপনি এগুলো দেখুন। আমার এলাকার উন্নয়ণের ব্যাপারে—ডানবার কটন মিল, আমার এলাকায় যে জুট মিলগুলো আছে সেগুলো খোলার ব্যবস্থা করুন। বিস্কুট কারখানার ট্যাক্স কমানোর ব্যবস্থা করুন তাহলে বেকার কমবে।

**শ্রী মহম্মদ ইয়াকুব :** মাননীয় শিল্প বাণিজ্য মন্ত্রী, তাঁর শিল্পখাতে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন, তাকে সমর্থন জানিয়ে বিরোধীদের কাট মোশনকে বিরোধিতা করে দু'একটি বিষয় উল্লেখ করতে চাই। আমাদের বিরোধী বন্ধুরা বিরোধিতা করতে হয়, তাই বিরোধিতা করেছেন। পরিবর্তিত পরিস্থিতি উপলব্ধি করে আমার বিরোধী বন্ধুদের উচিত পশ্চিমবঙ্গের স্বার্থে এখানে শিল্পায়ণে যে নতুন পরিবেশ সৃষ্টি হয়েছে, সেটাকে বাস্তবায়িত

করা এবং কেন্দ্রে আজ যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে। এই যুক্তফ্রন্টের পূর্বে কংগ্রেস সরকারের কাছে আমরা দীর্ঘদিন কেন্দ্র রাজ্য সম্পর্ক নিয়ে বারেবারে দাবি তুলেছি। এমনকি সারকারিয়া কমিশনের ভিত্তিতে একটা সিদ্ধান্তে আসার এবং রাজ্যের সাথে সুসম্পর্ক গড়ে ওঠার দাবি আমরা বারেবারে জানিয়েছি। আজকে তারা সমালোচনা করছেন, কিন্তু তাঁরা নিশ্চয় অবগত আছেন যে, ১৯৭৭ সালে যখন বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসে, তখনকার অবস্থা এবং আজকের অবস্থার মধ্যে কতখানি ফারাক। এখন কত পরিবর্তন হয়েছে নিশ্চয়ই বুঝতে পারছেন। আজকে আপনারা সমালোচনা করতে গিয়ে হলদিয়া পেট্রোকেমের কথা বারেবারে উল্লেখ করেছেন। কিন্তু বামফ্রন্ট সরকারের কাছে তখন দরবার করেছেন। কিন্তু তারা সেই রকম সুযোগ পশ্চিমবঙ্গকে দেননি। আজকে তারা বলছেন কিন্তু বলার আগে তাদের ভাবনা চিন্তার মধ্যে এই বাস্তবগুলিকে আনা উচিত ছিল। আমি এই কথা বলতে চাই যে, দেশ ভাগ হওয়ার পরে শিল্পতে পশ্চিমবঙ্গ এক নাম্বারে ছিল। কিন্তু কংগ্রেস সরকারের নীতির ফলে আস্তে আস্তে এমন একটা জায়গায় যায় যে, তাকে পরিবর্তন করতে গেলে অনেক সময় লাগবে। শিল্প উৎপাদনের গড় হার ৮.৪ থেকে নেমে ৫.৯ হয়। শুধু তাই নয় কংগ্রেসের জমানায় পশ্চিমবাংলায় আমরা লক্ষ্য করেছি, ১৯৬৫-৭৫ এই দশ বছরে যেখানে ১৯৬৫ সালে ছিল ১২৬.৩, সেখানে ১৯৭৫ সালে নেমে হল ১০২.৭।

[4-10–4-20 P.M.]

এবং ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর ধাপে ধাপে নানা পরিকল্পনার মধ্যে থেকে নানা বাধা বিঘ্ন অতিক্রম করে এগিয়ে গেছেন। তাছাড়া শিল্পায়ণের জন্য পরিকাঠামো তৈরি করা দরকার। এরজন্য আমরা বন্দরের ব্যাপারে বারবার বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে কলকাতা বন্দরের উন্নয়ণের দাবি করেছিলাম, আজও করে যাচ্ছি। কলকাতা বন্দর একেবারে শেষ হয়ে গেছে। কয়েক হাজার শ্রমিক তাদের জমানাতে ছাঁটাই হয়েছে। অথচ তাঁরা আজকে এইসব প্রসঙ্গ উল্লেখ করছেন না।, কলকাতা পোর্ট ট্রাস্টের আন্ডারে ৮ নং গার্ডেন রীচের ব্রিজ আছে, এটা ৩০ বছর ধরে অকেজো। যার ফলে এখানে জাহাজ চলাচল ৩০ বছর ধরে অসুবিধাজনক হয়ে পড়েছে। গঙ্গার নাব্যতা কমে গেছে। ফলে বড় জাহাজ খিদিরপুর ডকে প্রবেশ করতে পারে না। বিরোধী বন্ধুরা কি বলবেন? তাঁদের সরকার যখন ছিল, তখন তাঁরা ক্যালকাটা পোর্ট-ট্রাস্টের—কলকাতা বন্দরের উন্নয়ণের জন্য, গার্ডেনরীচের ৮নং ব্রিজ যেটা ৩০ বছর ধরে অকেজো হয়ে আছে, সেটার উন্নয়ণের দাবি তাঁরা কখনও গ্রহণ করেননি। এয়ারপোর্টের অবস্থা আমি ব্যাখ্যা করতে চাই না। রেল এবং হাই-ওয়ে কেন্দ্রীয় সরকারের অধীনে থাকা সত্বেও তাঁরা এইদিকে নজর দেননি, এ ব্যাপারে কোনও ইনভেস্টমেন্ট করেননি। আমরা বড় বড় ইন্ডাস্ট্রির দাবি করেছি। কিন্তু দাবি করা সত্বেও তাঁরা কোথাও এগুলোর প্রতি মনোযোগ দেননি। আজকে তাঁরা যাই বলুন না কেন, আমরা তাঁদেরকে বলব—এগুলো ভাল করে চিন্তা করে দেখুন যে, এখানে আমরা কিভাবে শিল্পায়ণের মাধ্যমে উন্নতি করার চেষ্টা করেছি। কংগ্রেস জমানায়, কেন্দ্রীয় সরকার তাঁর নয়া অর্থনীতির ফলে বিদেশিদের, এখানে শিল্পায়ণের ব্যাপারে ইনভেস্টমেন্ট করার জন্য যেভাবে দ্বার উন্মুক্ত করে দিয়েছিলেন, তাতে আমাদের দেশীয় যেসব শিল্প আছে, যেমন—ক্ষুদ্রশিল্প, মাঝারি শিল্প—এগুলো আস্তে আস্তে মার খাচ্ছিল।

আমরা সেইসব শিল্পকে পুনর্জীবন করি। এছাড়া ক্ষুদ্র শিল্পের সাথে বড় বড় শিল্পকেও যাতে এই শিল্পায়ণের মাধ্যমে গড়ে তোলা যায় সেদিকে বিশেষ করে নজর দেওয়ার জন্য বর্তমান কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে হবে। কারণ, কেন্দ্রীয় সরকার যেসব কথা ঘোষণা করেছেন, মানুষের যেসব প্রতিশ্রুতি দিয়েছেন তা যাতে বাস্তবায়িত হয় তার জন্য চাপ সৃষ্টি করতে হবে। কংগ্রেস মুক্তি পায় এবং পশ্চিমবঙ্গে শিল্পায়ণের পরিবেশ যাতে গড়ে উঠে এবং সেটা যাতে বাস্তবায়িত হতে পারে তারজন্য কেন্দ্রীয় সরকারকে নজর দিতে হবে। কেন্দ্রীয় সরকার যেসব বেসরকারি সংস্থাকে দিয়ে দিতে চান এবং কেন্দ্রীয় সরকারের অধীন যেসব রাষ্ট্রায়ত্ত শিল্পকে তাঁরা বেসরকারিকরণের কথা বলেছেন সে ব্যাপারে আমাদের দাবি হওয়া উচিত যে, এই রুগ্ন এবং রাষ্ট্রায়ত্ত শিল্পগুলোকে কেন্দ্রীয় সরকার যেন অধিগ্রহণ করেন। এবং এইগুলোকে রাষ্ট্রায়ত্ত সংস্থা হিসাবে তাদের পুনরুজ্জিবিত করা এবং রুগ্ন শিল্পকে বাঁচিয়ে তোলার জন্য যুক্ত ফ্রন্টের কাছে আমাদের সরকারের পক্ষ থেকে দাবি ওঠা উচিত। সাথে সাথে একথা বলব যে, দীর্ঘদিন মেটাল বক্স কোম্পানি বন্ধ হয়ে আছে। প্রায় ১৫ বছর হয়ে গেল, তার কোনও সুরাহা হল না। সেখানকার বহু শ্রমিক আজ ঘর ছেড়েছে, এবং অনেকে আত্মহত্যা করেছে, অনেকে আজ পথের ভিখিরি হয়েছে। স্বাভাবিক ভাবেই এই বিষয়টাকে আমাদের রাজ্য সরকার তথা কেন্দ্রীয় সরকারের সহযোগিতা নিয়ে দেখা দরকার এবং মেটাল বক্স কোম্পানি সরকারের যাতে আবার চালু করা যায়, তারজন্য আমি আবেদন রাখব। স্টিল অ্যালায়েড কোম্পানি যাতে আবার চালু করা যায়, তার জন্য আমি আবেদন রাখব। স্টিল অ্যালায়েড কোম্পানিও প্রায় ১৫-১৬ বছর বন্ধ হয়ে থাকায় তার যন্ত্রপাতি সব অকেজো হয়ে পড়ে আছে, সেখানে কয়েকশ শ্রমিক আজকে বেকার। সেদিকেও সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সাথে সাথে বলতে চাই, উলুবেড়িয়াতে যে ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ, সেখানে দেখা যাচ্ছে ছ'খানা কারখানা মাত্র চালু আছে, ১৪টি কারখানা সম্পূর্ণ ব্যাঙ্ক থেকে এবং অন্যান্য ইন্ডাস্ট্রিয়াল লোন নেবার পরও অকেজো হয়ে পড়ে রয়েছে। সেদিকে নজর দেওয়া দরকার। সাথে সাথে উত্তরবঙ্গের কথা উল্লেখ না করে আমি পারছি না। মালদা, জলপাইগুড়ি, উত্তর এবং দক্ষিণ দিনাজপুর, কুচবিহারে যাতে শিল্পায়ণ হয়, নতুন শিল্প গড়ে ওঠে, সেদিকেও আমাদের সরকারকে নজর দিতে হবে। এই যে নতুন শিল্পায়ণের আবহাওয়া, তার মধ্যে যেন তাদের নেওয়া যায়, সেদিকে নজর দেবেন। এই কথা বলে, এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, শিল্পবাণিজ্য বিভাগ এবং শিল্প পুনর্গঠন বিভাগের ১৯৯৬-৯৭ সালের এই যে বাজেট বরাদ্দ করেছেন, তার বিরোধিতা করে এবং বিরোধী দলের আনা ছাঁটাই প্রস্তাবের সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি। আমি প্রথমেই শিল্প মন্ত্রী বিদ্যুৎ গাঙ্গুলী মহাশয়কে ধন্যবাদ জানাই—তিনি স্বীকার করেছেন যে, স্বাধীনতার পর পশ্চিমবঙ্গ রাজ্য শিল্পে এগিয়ে ছিল, কিন্তু বিগত ২০ বছরে এই রাজ্য শিল্পে অনেক পিছিয়ে গেছে। আমি আশা করব যে, কেন্দ্রের বন্ধু সরকার, যে সরকারে স্বরাষ্ট্রমন্ত্রী আপনাদের দলের লোক, সেই সরকারের সহায়তায় এই রাজ্যে অনেক শিল্প গঠন করতে পারবেন। আপনারা বিগত দিনে বিগত কেন্দ্রীয় সরকারের সমালোচনা করেছিলেন—কখনো অর্থনৈতিক, কখনো অন্যান্য কারণে। কিন্তু আজকে দেখা যাচ্ছে যে

মাননীয় বিদ্যুৎ বাবু স্বীকার করছেন যে, বিদেশি পুঁজি দরকার। তার ভাষণের ৪-৫ পাতায় দেখা যায় যে, তিনি বিগত কেন্দ্রীয় সরকারের প্রস্তাবের সমালোচনা করেছিলেন এবং সাথে সাথে বাজেটের ৬ পাতায় লেখা আছে, বিদেশি পুঁজি ছাড়া চলবে না, এবং যথেষ্ট সম্মান জানিয়ে সেই বিদেশি পুঁজি আনো, আমাদের পশ্চিমবাংলায় যাতে পুঁজির সংস্থান হয়। বলেছেন ১১৭টি সংস্থা নাকি নথিভুক্ত করেছে, এখানে শিল্প করার জন্য এবং ৫ হাজার কোটি টাকা দেওয়ার সম্মতি দিয়েছে। আমরা জানতে চাই, কারা কারা নথিভুক্ত করেছে, কতজন টাকা দিয়েছে, কত লোকের চাকরি হয়েছে, বেকার সমস্যা কত দূর হয়েছে, কত শ্রমিক চাকরি পেয়েছে? চট শিল্পের কথা বলেছেন। গালভরা কথা শুনতে ভালোই লাগে। কিন্তু আমরা দেখছি অনেক জুটমিল বন্ধ হয়ে গেছে। ১০টি জুটমিল বন্ধ হয়ে গেছে। নিউ সেন্ট্রাল জুটমিল, ভারতবর্ষে একটিই যেখানে শ্রমিকরা কো-অপারেটিভ সিস্টেমে চালায়, সেটা বন্ধ হয়ে গেছে। অথচ দেখছি জ্যোতি বসু দিল্লিতে বলছে, জেসপ খোলা দরকার। কিন্তু বাকি এই দশটা মিল খোলার কথা বলছেন না। সেইগুলো খোলা দরকার।

[4-20–4-30 P.M.]

আজ ৭০ হাজার শ্রমিক অনাহারে মরছে। সরকারের পক্ষে যারা চিৎকার করে গেলেন তাদের এবিষয়ে ভাবা দরকার। শ্রমিকদের স্বার্থটা দেখা দরকার। আজকে শ্রমিকরা মনমতো কাজ না করলে তাদের ছাঁটাই করে দেওয়া হচ্ছে। আবার দেখা গেল গোষ্ঠ অ্যাসোসিয়েট বলে একটা সংস্থা করে দেবার চেষ্টা করলেন এবং তাদের বললেন এমন রিপোর্ট দিতে যাতে সোমনাথ বাবু-জ্যোতিবাবুরা বার বার বিদেশ যেতে পারে। অদ্ভুত ব্যাপার। শিল্প নিয়ে নাটক করা হচ্ছে। মৌ সই হচ্ছে কিন্তু শ্রমিকদের কোনও উন্নতি হচ্ছে না। কাজ কিছু হচ্ছে না। আমরা কাজ চাই। আপনারা বললেন, বিগত দিনে নাকি আপনারা ২২টা সংস্থাকে ২৬২ কোটি টাকা দিয়েছেন এবং ১ হাজার ৫১৭ জন শ্রমিকের কাজ হয়েছে। হিসাব করলে দেখা যাবে একজন শ্রমিক পিছু ১৫ হাজার টাকা করে খরচ হয়েছে। কিন্তু একটা শ্রমিকের পেছনে ১৫ টাকা করেও দেওয়া হয়নি। সমস্তটাই নষ্ট হয়েছে। কাদের টাকা এটা? শ্রমিকদের টাকা, জনগণের টাকা। বাজেটে এই রকম অনেক কথা আপনারা আমাদের নামে বলেছেন। আপনারা আরো বলেছেন, এই সরকার অনেক কাজ করার চেষ্টা করেছেন, করছেন কিন্তু কেন্দ্রীয় সরকার নাকি তার বিরোধিতা করছেন। আমি মনে করি, কেন্দ্রীয় সরকার বিপদের দিনে শুধু এই রাজ্য সরকারকে নয় অন্য রাজ্যকেও, যেখানে বিগত দিনে অন্য সরকার ছিল—তাদের সাহায্য করেছেন। স্যার, বাঙ্গালোরের একটা সংস্থার সমীক্ষায় বেরিয়েছে—কোনও বিদেশি পশ্চিমবাংলায় শিল্প করার জন্য আসতে চাইছে না। তার কারণ হচ্ছে, এখানে প্রচন্ড বিক্ষোভ দেখা দিচ্ছে। কখনও শ্রমিক—অসন্তোষ, আবার কখনও দেখা যাচ্ছে বিদ্যুতের অভাব, কখনও দেখা যাচ্ছে মন্ত্রীসভার জন্য এই ঘটনা ঘটছে। আবার দেখা যাচ্ছে, সি. পি. এম.-এর কিছু নেতা আছে যাদের কিছু না দিলে সেখানে শিল্প করা যাবে না। এইজন্য নানা রকম অসন্তোষ দেখা দিচ্ছে। বাঙ্গালোরের সমীক্ষায় যেকথা বলা হয়েছে এটা একেবারে নায্য কথা। অথচ দেখা যাচ্ছে, ত্রিপুরা, নাগাল্যান্ড, মেঘালয় প্রভৃতি রাজ্যে শিল্প হচ্ছে কিন্তু পশ্চিমবাংলায় হচ্ছে না। বিগত ১ বছর ধরে শিল্প উন্নয়ণ নিগমের চেয়ারম্যান কমরেড সোমনাথ বাবু নির্বাচনে জয়লাভ

করবার জন্য শিল্পের কথা বললেন। কিন্তু একটাও শিল্প কি তৈরি হয়েছে? শ্রমিক কোথায় চাকরি পাচ্ছে? বরং আমাদের আমলে যে শিল্প ছিল তাও আপনারা বন্ধ করে দিয়েছেন। এইভাবে চলতে পারে না। আমাদের মনে হয়, যেটুকু বলা হয়েছে সেটুকুও অন্তত করা উচিত। আমরা হাউসে অনেক কিছু জানতে চেয়েও অনেক সময় পাই না। শ্রমিকদের নামে কিছু বলতে গেলে বিরোধী দলের নেতারা আমার কণ্ঠরুদ্ধ করে দেন। আগামী বাজেটে আমার মনে হয় আপনারা এসবের প্রতি দৃষ্টি দেবেন। শুধু মৌ-স্বাক্ষর করে কোনও লাভ নেই, শিল্প চাই, শিল্প। ডাঃ বিধান রায় যেভাবে উন্নতি করে গেছেন সেইভাবে কিছু করুন। তাহলে বন্ধ কারখানা খুলবে, নতুন কারখানা তৈরি হবে, শ্রমিক বাঁচবে, দেশের উন্নতি হবে। তাই স্যার, আমাদের কাট মোশনের সমর্থন করে এবং ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তিমিরবরণ ভাদুড়ি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আজকে দীর্ঘ ১৫ বছর পরে আবার এই বিধানসভায় আসার সুযোগ পেয়েছি। এতদিন আমি বনবাসে ছিলাম। বনবাস থেকে রাম হয়ে ফিরে আসতে পারিনি ; সে গর্ব আমার নেই, হনুমান হয়ে এসেছি। হনুমান হয়ে এসে রাবনের লঙ্কায় একটু আগুন দিতে ইচ্ছে করছে। যেভাবে বেকারের সংখ্যা পশ্চিমবাংলার মাথায় চেপে বসেছে তাতে একটা অসহনীয় অবস্থা দেখা দিয়েছে। আমি একজন মার্কসবাদি কর্মী হিসাবে মনে করি যে, এই দেশটাকে আগুন লাগিয়ে পুড়িয়ে দেওয়া উচিত। আমাদের এক ফোঁটা সারও এল না, অথচ সে বাবদ আমাদের দেশের প্রধানমন্ত্রীর নামে ১৩৩ কোটি টাকা জমা পড়ে গেল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বাঁ হাত দিয়ে খারাপ কাজ করা হয় ; সেজন্য যারা খারাপ কাজ করে তাদের আপনার বাঁদিকে বসতে দেওয়া হয়েছে। ওরা ভাল কাজ করতে জানে না, ওরা চিরকাল খারাপ কাজ করেছে, করছে এবং ভবিষ্যতেও করবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের গ্রামে একটা গল্প আছে—একজন সাধু খুব সকালে গঙ্গাস্নান করতে গিয়ে গঙ্গায় নেমে ভগবানের উদ্দেশ্যে প্রণাম জানাচ্ছেন, সূর্যস্তপ করছেন ; এমন সময় এক সিঁধেল চোর, গাঁঠকাটা ও সারা রাত চুরি করার পর গায়ের কাদামাটি ধুতে গঙ্গায় নেমেছে। সিঁধেল চোরকে দেখে তার দিকে তাকিয়ে সাধু ভাবছেন, 'না জানি এ কত বড় সাধু এত সকালে গঙ্গাস্নান করতে এসেছে মানুষের মঙ্গল কামনায়।' আর গাঁটকাটা ভাবছে, 'ওরে বাবা, এতো আমার চেয়েও বড় গাঁটকাটা, আমার আগেই গঙ্গায় কাদা-মাটি ধুতে এসেছে।' মাননীয় উপাধ্যক্ষ মহাশয, আপনার বাঁদিকে যাঁরা বসে আছেন তাঁদের অবস্থা হচ্ছে ঐ সিঁধেল চোর, গাঁটকাটার মত। ওঁরা সেই দৃষ্টিতে আমাদের দিকে তাকাচ্ছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী ১৯৯৪ সালে নতুন শিল্প নীতি ঘোষণা করেছেন। পশ্চিমবাংলার মানুষ দু'হাত তুলে বামফ্রন্টকে আশীর্বাদ করেছেন। আমি একজন বামপন্থী হিসাবে, সরকার পক্ষের লোক হিসাবে নিশ্চয়ই এই ঘটনাকে সমর্থন করব। বহু ত্যাগ, বহু পরিশ্রম, বহু কমরেডের জীবনের বিনিময়ে আমাদের এই সরকার প্রতিষ্ঠিত হয়েছে। তারই পরিপ্রেক্ষিতে যে শিল্প বাজেট এখানে পেশ করা হয়েছে সে বাজেটকে নিশ্চয়ই আমি সমর্থন করব। আর আপনার বাঁদিকে যাঁরা আছেন, খারাপ কাজ করেন,

তাদের কাট মোশনকে নিশ্চয়ই ছ্যা-ছ্যা করব। ওঁরা কোন মুখে এই সভায় এসে ঐসব কথা বলছেন? ওঁদের রাজত্বের সময় শিল্পের অবস্থা কি ছিল? একসময় ওঁদের মুখ্যমন্ত্রী ছিলেন সিদ্ধার্থশঙ্কর রায়। আমি তখন এই বিধানসভায় এসেছিলাম—সেই ১৯৭২ সালে উনি আমাদের মুর্শিদাবাদ জেলার বহরমপুরে গিয়ে রাত্রিবেলা ক্যাবিনেট মিটিং করে ঘোষণা করেছিলেন, 'মুর্শিদাবাদ জেলায় আমরা শিল্প প্রতিষ্ঠা করব। বেলডাঙা রাধাকৃষ্ণ সুগার মিল আমরা অধিগ্রহণ করব এবং চালু করব।' তারপর কাকস্য পরিবেদনা—সে মিলের একটা চাকাও ঘোরেনি। সুনীতিবাবু এখানে বসে আছেন। তিনি তখন মন্ত্রীসভার সদস্য ছিলেন। গটআপ করে বীরভূমে ট্রেন অবরোধ করে আমেদপুর ন্যাশনাল সুগার মিল, যেটা বন্ধ ছিল সেটা চালু করার কথা সিদ্ধার্থবাবুকে দিয়ে ঘোষণা করান হল। চালু হল।

[4-30 — 4-40 P.M.]

কিন্তু একবারও দেখলেন না সেখানে র-মেটিরিয়ালস কি পাওয়া যাচ্ছে? আখ কোথায় পাওয়া যাবে? তারা বিচার করলেন না যে নদিয়া জেলা হচ্ছে আখের জায়গা। তৎকালীন ডি. এম সরকারের কাছে লিখিত ভাবে বলেছিলেন, বেলডাঙা রাধাকৃষ্ণ সুগার মিল ন্যাশন্যালাইজ কর, অধিগ্রহণ কর। আর তা যদি না কর তাহলে আখ চাষ বন্ধ করে দাও। আমরা এই নিয়ে হৈ-চৈ করলাম, আন্দোলন করলাম। আজকে প্রণাম জানাই প্রাক্তন শিল্পমন্ত্রী, কানাই ভট্টাচার্যের পায়ে। তিনি আমাদের দুঃখ-দুর্দশার কথা ভেবে ঘোষণা করলেন, হ্যাঁ, আমি যাব, বেলডাঙা সুগার মিল দেখতে যাব। তিনি দেখলেন, বিচার করলেন। তিনি কেমিস্ট ছিলেন, ডক্টোরেট ছিলেন। তিনি সব ব্যাপারটা জানতেন। তিনি বেলডাঙা সুগার মিল অধিগ্রহণ করার জন্য ব্যবস্থা নিলেন। মাননীয় মুখ্যমন্ত্রীর সদিচ্ছা এবং সক্রিয় সাহায্য নিয়ে প্রায় ৪৮ লক্ষ টাকা দিয়ে বেলডাঙা সুগার মিল পারচেসড করলেন হাইকোর্ট থেকে। কানপুর সুগার ইনস্টিটিউট থেকে লোক আনা হল ৫০ হাজার টাকা ভিজিট দিয়ে। তারা ৭দিন পুঙ্খানুপুঙ্খ ভাবে দেখলেন এবং দেখে বললেন বেলডাঙা সুগার মিল ভায়াবেল ইউনিট, অতএব ইমিডিয়েট চালু কর। আখ চাষীদের দুঃখ-দুর্দশা যদি মোচন করতে হয় তাহলে বেলডাঙা সুগার মিল চালু করা একান্ত দরকার। সরকারের আরও লোক তলিয়ে দেখবার চেষ্টা করলেন। মন্ত্রী সভার পরামর্শদাতা কমিটি তৈরি হল। ধ্রুবজ্যোতি বন্দ্যোপাধ্যায়কে দিয়ে একটা কমিটি করা হল। তারা পরীক্ষা করলেন এবং বললেন, হ্যাঁ, বেলডাঙা সুগার মিল ভায়াবেল ইউনিট হবে আই. আর. সি.-র টাকা দিয়ে। তখনও মাশুল সমীকরণ নীতি চালু হয় নি। মুখ্যমন্ত্রী বারবার সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে এই ব্যাপারে গেলেন এবং বললেন। আমরা আই. আর. সি.-র কাছে ধরলাম। তারা সমস্ত কাগজপত্র দেখলেন, কানপুর সুগার ইনস্টিটিউটের রিপোর্ট, এগ্রিকালচারাল ডায়রেক্টোরেটের রিপোর্ট, ধ্রুবজ্যোতি বন্দ্যোপাধ্যায় রিপোর্ট। তা সত্ত্বেও তারা বেলডাঙা সুগার মিলে গিয়ে পরীক্ষা-নিরীক্ষা করলেন এবং দেখে বললেন, রিনোভেশনের জন্য ১ কোটি ২৫ লক্ষ টাকা দেব। দুর্ভাগ্যের বিষয়, কানাই বাবু মারা গেলেন। এলেন নির্মল বাবু (শ্রী নির্মল কুমার বসু), তাঁর কাছে আবেদন করেছিলাম এবং বলেছিলাম কানাই বাবুর অসমাপ্ত কাজ আপনি দায়িত্ব নিয়ে করুন। তিনি বললেন, হ্যাঁ, আমি দায়িত্ব নিচ্ছি। তিনি বলেছিলেন আমার যে টাকার অভাব আছে। আমার কাছে সেই চিঠি আছে। আমরা জয়েন্ট সেক্টারে বা যৌথ সংস্থার মাধ্যমে করব।

*তিনি লিখেছিলেন, যদি কেউ জানাশুনা থাকে, ইন্ডাস্ট্রিয়াল হাউসের কোনও লোক বা* কোম্পানি, তাদের সঙ্গে যোগাযোগ করে নিয়ে আসুন। ডেলটা কর্পোরেশন চিঠি দিয়ে লিখেছিলেন, হ্যাঁ, আমরা ইনভেস্ট করতে রাজি আছি। যাওয়া হল তাদের কাছে। ইন দি মিন টাইম, দুর্ভাগ্য আরও একটা পাশে এসে দাঁড়াল, নির্মল বাবু মারা গেলেন। কাকস্য পরিবেদনা। মাননীয় মুখ্যমন্ত্রী শিল্পমন্ত্রী হলেন। আমরা তাঁর কাছে আবেদন করেছিলাম। তিনি বিচার বিবেচনা করতে লাগলেন। নূতন করে ভাবনা-চিন্তা হতে লাগল। টাকা পয়সার ব্যাপার, জমির ব্যাপার, আরও পরীক্ষা-নিরীক্ষা এগ্রিকালচারকে দিয়ে পলাশী সুগার মিল, আমেদপুর সুগার মিল এবং বেলডাঙা সুগার মিল এই ৩টি সেক্টরকে কিভাবে চালানো যায় তা নিয়ে নানা পরীক্ষা-নিরীক্ষা হতে লাগল। ইন দি মিন টাইম পলাশী সুগার মিল লক আউট হয়ে গেল।.

পলাশীর মিল লক আউট হয়ে যাবার পর মাননীয় মুখ্যমন্ত্রীর সক্রিয় সহযোগিতায় পলাশীর মিলের শ্রমিক কর্মচারিদের দুঃখ-দুর্দশার কথা ভেবে খৈতান কোম্পানিকে দিয়ে পলাশীর মিল অধিগ্রহণ করানও হল। কিন্তু এই পলাশী মিলের এখানকার অবস্থাটা কি? ৭ মাস সেখানকার কর্মচারিদের মাহিনা হয় নি। এ বছর মাত্র ৪০ হাজার টন ক্রাশিং হয়েছে। ও দিকে আমেদপুর সুগার মিল যা সুনীতি বাবু ভোটের দিকে তাকিয়ে সিদ্ধার্থ বাবুকে দিয়ে চালু করিয়েছিলেন সে আজ পঙ্গু সন্তানের মতন। আজকে সেই মিল একটা বোঝা হয়ে দাঁড়িয়েছে। ৩৬ কোটি টাকা লসে রান করছে। প্রতি বছর সেখানে যা ক্রাশিং হয় তার ৮০ ভাগ আখ আসে মুর্শিদাবাদ, নদীয়া থেকে। এই রকম একটা অবস্থার মধ্যে আমরা ভেবেছিলাম, স্বপ্ন দেখেছিলাম পলাশীর মিল সম্বন্ধে। বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছে, বামফ্রন্টের মন্ত্রীরা মানুষের সঙ্গে তাদের দুঃখ দুর্দশার মধ্যে থাকেন কাজেই তাদের কাছে অনেক আশা রয়েছে। বেলডাঙার প্রতিনিধি হিসাবে আমার নৈতিক দায়িত্ব ও কর্তব্য রয়েছে বিষয়টি তুলে ধরার। কারণ, বামফ্রন্ট সরকারের গায়ে কেউ কালিমা লেপন করলে সেটা আমি সহ্য করব না। তাই আমি বিদ্যুৎ বাবুর কাছে করজোড়ে আবেদন করছি, বেলডাঙ্গা সুগার মিল সম্বন্ধে চিন্তা করুন। এই যে সুগার মিলটি আপনি বিক্রি করে দিলেন তা করার আগে কোনও পরীক্ষা-নিরীক্ষা করালেন না কাউকে দিয়ে। দু বার কানপুরের টিম এসেছিলেন এবং তারা বেলডাঙা সুগার মিল রিভ্যাইভাল করতে বলেছিলেন কিন্তু তা হল না। এমন কি বিক্রি করার সময় কোনও অ্যাসেসমেন্ট পর্যন্ত হল না। কে সেখানে দাম নির্ধারণ করলেন জানি না। অল্প টাকাতে তা বিক্রি করে দিলেন। সরকার ৬৫ লক্ষ টাকা দিয়ে নিয়েছিলেন, তারপর ১/১।। কোটি টাকা খরচ হল কিন্তু সেগুলি চিন্তা ভাবনা না করে সেখানে লোহার দামে তা বিক্রি করছেন। সমস্ত মেশিনপত্র সেখানে নয়ছয় করে দিচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে নূতন করে এটা ভাবার জন্য বলছি। ইন্ডাস্ট্রির আবহাওয়ার কথা যেটা বলছেন সেটা যাতে ঠিক মতন কার্যকর করা যায় সে দিকে ভাবতে হবে। এই বলে পুনরায় বাজেটকে সমর্থন করে এবং স্যার, আপনার বাঁ দিকের লোকদের পূর্ণ অচ্ছুত করে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী সুলতান আহমেদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্প মন্ত্রী আজ এই সভায় তার দপ্তরের যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে আনা কাট মোশনগুলি সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, মাননীয়

শিল্প মন্ত্রী এবারে ক্যাবিনেট মিনিস্টারের চার্জ পেয়েছেন। আগে এই দপ্তরটি মাননীয় মুখ্যমন্ত্রীর অধীনেই ছিল এবং উনি তার রাষ্ট্র মন্ত্রী ছিলেন। এর আগে মাননীয় মুখ্যমন্ত্রী বহুবার বিদেশ ঘুরে শিল্পপতি আনার চেষ্টা করেছেন। তিনি চেয়েছিলেন এ রাজ্যে শিল্প আসুক সে দেশীয় শিল্প হোক, ফরেন ইনভেস্টমেন্ট হোক বা এন. আর. আই. হোক। কিন্তু তার কোনও চেহারা এখনও পর্যন্ত এখানে আমরা দেখতে পাই নি। ফরেন ইনভেস্টমেন্ট মহারাষ্ট্র বা গুজরাটে যা হয়েছে তার তিন পারসেন্টও পশ্চিমবঙ্গে হয় নি। তার কারণ আছে। কিছুক্ষণ আগে মাননীয় সৌগত বাবু বলেছেন যে তারা আসার আগে ইনফ্রাস্ট্রাকচার, সোশ্যাল কনডিসান্স, ওয়ার্কাস অ্যাটিচুড ইত্যাদি দেখে আসে এবং তারপর ইনভেস্ট করে। কিন্তু এই তিনটির ব্যাপারেই আমাদের রাজ্য ব্যর্থ। বছর দেড়েক আগে আমরা জানি ব্রিটিশ মিনিস্টার নিউহাম সুপারসনিক জেট-কনকর্ডে চেপে এ দেশে এসেছিলেন এবং তার সঙ্গে তিনি ১৫০ জনের মতন ইন্ডাস্ট্রিয়ালিস্টকে এনেছিলেন। আমরা ভেবেছিলাম, পশ্চিমবঙ্গে ইনভেস্টমেন্ট হবে। তারা সঙ্গে করে বিল জর্ডন বলে একজন বড় ইন্ডাস্ট্রিয়ালিস্টকে এনেছিলেন। এখানে লাঞ্চ, ডিনারে জ্যোতি বাবু তাদের আমন্ত্রণ জানালেন, রাজ্যপাল মহাশয় তাদের ওয়েলকাম জানালেন কিন্তু আমরা রেজাল্ট যা দেখলাম সেটা হচ্ছে যে সুপারসনিক বিমানে তারা এসেছিলেন তাতে করেই তারা দেশে পালালেন।

[4-40 — 4-50 P.M.]

এখানকার ইনফ্রাস্ট্রাকচার নেই। হলদিয়ায় কিছুদিন আগে মাননীয় মন্ত্রী বলেছিলেন যে আমরা সিলভার জেট চালু করেছি। অসীম বাবু নিজে বাজেট স্পীচে বলেছেন যে সিলভার জেট চালু করেছেন। কিন্তু কথা হচ্ছে, 'ক্যাটামেরান' যে স্পীডে যাচ্ছে, আমরা খোঁজ নিয়েছি যে হাজার টাকা করে তার ভাড়া, প্যাসেঞ্জার হচ্ছে দিনে ১০ জন। তাহলে অবস্থাটা কি দাঁড়াচ্ছে? আজকে যে স্পীডে লঞ্চ চালু করলেন, সেখানে প্যাসেঞ্জার পাচ্ছেন না। তার মানে হচ্ছে ইন্ডাস্ট্রিয়্যালিস্টরা আর নট ইন্টারেস্টেড, তারা বাসে যায়, গাড়িতে যায়। তারপরে মন্ত্রী মহাশয় বলছেন যে সমস্ত ডিস্ট্রিক্টে আমরা এয়ার সার্ভিস চালু করব। এয়ার সার্ভিসে কারা চড়বে? এয়ার সার্ভিসে সেই ডিস্ট্রিক্টে কারা যাবে? এয়ার সার্ভিস চালু করবেন। আমরা জানি যে আজ থেকে ৯ মাস আগে মন্ত্রী মহাশয় এয়ার পোর্টে, গোলাম নবি আজাদ সেই সময়ে মন্ত্রী ছিলেন, সিভিল অ্যাভিয়েশানের, তার সঙ্গে দেখা করে বলেন যে সিভিল অ্যাভিয়েশান মিনিস্ট্রি থেকে পার্মিশান দিচ্ছে না, আপনি এটা দেখবেন। ওনাদের সঙ্গে কথা বলার পরে গোলাম নবি আজাদ সাহেব বলেন যে ওয়েস্ট বেঙ্গল সরকার যদি রোজি পিকচার দেন তাহলে সমস্ত ডিস্ট্রিক্টে এটা চালু হবে কুচবিহার, মেদিনীপুর, নদীয়া সমস্ত জায়গায়। কিন্তু প্যাসেঞ্জার কোথা থেকে পাবেন? আজকে ডিস্ট্রিক্টে যদি ইনফ্রাস্ট্রাকচার না হয়, ইন্ডাস্ট্রিয়াল সিনারিও না হয়, গ্রোথ না হয় তাহলে আপনি যতই স্পীডে এয়ারে নিয়ে যান বা রাস্তা দিয়ে নিয়ে যান কোনও লাভ হবে না। আজকে ডিস্ট্রিক্টে ইনফ্রাস্ট্রাকচার দরকার। আজকে সারা দেশে এক্সপোর্টের একটা বিরাট হাওয়া চলছে। এখানে যে বিজনেস — বিগ বলুন, আর ছোট বলুন — এক্সপোর্ট ইউনিটগুলি হচ্ছে, ফলতায় যে রকম একটা স্টেট জোন হয়েছে, ফলতায় যে মাল প্রোডাকশান হচ্ছে — আমাদের পাশে একটা দেশ আছে, বাংলাদেশ, তার রোড সার্ভিস অনেক ভাল — এখান থেকে যে লরিগুলি মাল

লোড করে বর্ডারে যায় সেখানে কতদিন একটা লাগেজ খালি করতে লাগে সেটা আপনি জানেন? ৩০ দিন, ২৫ দিন লেগে যায়। কারণ সেখানে কোন ইনফ্রাস্ট্রাকচার নেই। বেনাপোল থেকে যশোর রোড, মধ্যমগ্রাম পর্যন্ত লরিগুলি এক মাস দাঁড়িয়ে থাকে। তারপরে সেই জায়গায় মাল আনলোড হয় বাংলাদেশের পেট্রাপোলে। এই হচ্ছে আপনার ইনফ্রাস্ট্রাকচার। অন্য রাজ্যে যান, দিল্লিতে একটা ড্রাই ডক আছে। সেখানে সমস্ত উত্তর প্রদেশ, হরিয়ানা এবং দিল্লি থেকে এক্সপোর্টের মালগুলি ড্রাই ডকে আসছে এবং সেই ড্রাই ডক থেকে কাস্টম ক্লিয়ারেন্স হচ্ছে এবং সেই মাল বাই রেল, বাই ওয়াগন বোম্বে পোর্টে চলে যাচ্ছে এবং বোম্বে থেকে এক্সপোর্ট হচ্ছে। আজকে নর্দাণ ইন্ডিয়া থেকে যে মালগুলি ক্যালকাটায় আসত অর্থাৎ ক্যালকাটা পোর্টে আসত আজ থেকে ১০।১৫ বছর আগে, সেই মালগুলি এখান থেকে আর বিদেশে যাচ্ছে না। কারণ এই পোর্টটা ডেড হয়ে যাচ্ছে। আজকে হলদিয়া-কলকাতা পোর্টে যে আকারে বিজনেস হওয়ার কথা ছিল বা আমদানী-রপ্তানী করার কথা ছিল, আমরা দেখছি যে পোর্টগুলিকে আমরা ইউটিলাইজ করতে পারছি না। কারণ আজকে বোম্বে থেকে, উড়িষ্যা থেকে, ঐ ভাইজ্যাক পোর্টে বা পারাদ্বীপে মাল সহজে নিয়ে যাচ্ছে এবং সেখানে ১০ দিনে লরি খালাস হয়ে যাচ্ছে এবং ওখান থেকে এক্সপোর্টের ফর্ম্যালিটিজগুলি হচ্ছে। এখানে মানুষের একটা ভয় আছে। কারণ ক্যালকাটা পোর্ট থেকে যদি মাল পাঠায় সেটা যাবে কি যাবে না, কোন দিন স্ট্রাইক হবে, বা কোনও ঝামেলা হবে এই চিন্তা তাদের মধ্যে থাকে আজকে এই পোর্টগুলি মাফিয়ারা কন্ট্রোল করছে। আপনি জানেন যে আজকে মৈটালি পোর্টটাকে এরা কন্ট্রোল করছে। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এই রোজি পিকচার মন্ত্রী মহাশয় হাউসে দিয়েছেন, এটা শুধরে রোজি পিকচারই। আপনি ইন্ডাস্ট্রি করবেন কার বেসিসে? ফরেন ইনভেস্টমেন্ট এখানে যে আকারে আশা করেছিলেন সেটা আসছে না। বড় ইন্ডাস্ট্রিয়ালিস্ট ইন্ডিয়া চেম্বার অফ কমার্সের চেয়ারম্যান মিঃ দীপক পাক্কোজ, ইন্ডিয়া চেম্বার অফ কমার্সের প্রেসিডেন্ট মিঃ আর. বাজাজ — এরা পশ্চিমবঙ্গে কোন ইন্ডাস্ট্রি করছেন? অরুনাচলম — তিনিও ওয়েস্ট বেঙ্গলে আসতে চাইছেন না। আর আপনাদের আর. পি. গোয়েঙ্কা, তিনি সি. ই. এস. সি.-র পাওয়ার ইন্ডাস্ট্রি ছাড়া এখানে কোথায় কি ইন্ডাস্ট্রি করেছেন? হ্যারিশন মালায়ালাম কোম্পানি মাদ্রাজে টেকওভার করেছেন এবং তার নূতন ইন্ডাস্ট্রি হচ্ছে সাউদার্ণে, নর্দানে, মহারাষ্ট্রে, গুজরাটে, কিন্তু ওয়েস্ট বেঙ্গলে কোনও ইনভেস্টমেন্ট করছেন না। এখানে সি. ই. এস. সি.-র বিদ্যুতের তারিফ দিন দিন বাড়ছে। এক্ষেত্রে তামিলনাড়ু, মহারাষ্ট্র, গুজরাট বা রাজস্থানের সঙ্গে পশ্চিমবঙ্গের তুলনা করুন, দেখবেন ইন্ডাস্ট্রিয়ালিস্টরা এই ইলেকট্রিসিটির তারিফের কারণে এখানে আসতে চাইছেন না। আমরা শুনছি, ডব্লু. বি. আই. ডি. সি. পশ্চিমবঙ্গে নাকি সিঙ্গল উইনডো সিস্টেম চালু করেছেন। কিন্তু স্মল, মিডিয়াম বা বড় ইন্ডাস্ট্রিয়ালিস্টরা বলছেন যে, পঞ্চায়েতের কাছে যখন তারা ট্রেড লাইসেন্সের ব্যাপারে পারমিশন নিতে যাচ্ছেন তখন পঞ্চায়েতের লোকজন যা করছেন তাতে মনে হচ্ছে, তারা ইন্ডাস্ট্রি নয়, রাজ্যে চুরি করতে এসেছেন। এই যদি এখানকার মানুষের সেন্টিমেন্ট হয় তাহলে সোমনাথ বাবু যতই সিঙ্গল উইনডো সিস্টেমের কথা বলুন না কেন, এখানে ইন্ডাস্ট্রি আসবে না। আজকে মালদা, শিলিগুড়ি, জলপাইগুড়ি, উলুবেড়িয়া প্রভৃতি জায়গায় ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার করেছেন। আমি নিজে উলুবেড়িয়া গ্রোথ সেন্টারে গিয়ে দেখেছি, সেখানে ৬টি ইন্ডাস্ট্রি চলছে। ১০ বছরে উলুবেড়িয়া

ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার জঙ্গলে পরিণত হয়েছে। অথচ অফিসাররা বলছেন, এক্ষেত্রে রাজ্যে অনেক কিছু হয়েছে, বাজেট স্পীচেও একই কথা বলেছেন। আজকে ইন্ডাস্ট্রি করতে ফিনানশিয়াল ইনস্টিটিউশনগুলো আপনাদের টাকা দিতে চাইছে না। আজকে মহারাষ্ট্র, গুজরাট প্রভৃতি রাজ্যে আই. আর. সি. আই., আই. ডি. বি. আই., এল. আই. সি., জি. আই. সি. প্রভৃতি সংস্থার ইনভেস্টমেন্ট পশ্চিমবঙ্গের তুলনায় অনেক বেশি। এক্ষেত্রে পশ্চিমবঙ্গে পার্সেন্টেজ যেখানে ২.৪৫, সেখানে মহারাষ্ট্রে ২৩.৩৭ পারসেন্ট। ইউ. পি. এবং উড়িষ্যার পার্সেন্টেজটাও বেঙ্গল থেকে অনেক বেশি। কিন্তু ফিনানশিয়াল ইনস্টিটিউশনগুলো যদি এগিয়ে না আসে তাহলে এখানে ইন্ডাস্ট্রি কি করে হবে? কিন্তু তারা এগিয়ে আসছেন না। তাই এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনিত কাট মোশনকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের সামনে যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি। সমর্থন জানিয়ে বলছি যে, কিছু আগে সৌগত বাবু বলছিলেন — পশ্চিমবঙ্গ এগোবার পথে চলছে ঠিকই, কিন্তু অনেক পিছিয়ে গেছে। কিন্তু এই পিছোনোর কারণগুলো যদি তিনি একটু অনুসন্ধান করেন তাহলে আমরা আন্তরিক ভাবে খুশি হব। কারণ আপনারা এবং আমরা সবাই জানি যে, বিগত দীর্ঘ দিন ধরে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আছেন এবং কেন্দ্রে ছিলেন কংগ্রেসী সরকার। যেহেতু এখানে বামফ্রন্ট সরকার, সেজন্য নানা ভাবে তাঁরা আমাদের সঙ্গে পক্ষপাত মূলক আচরণ করেছেন, আমাদের রাষ্ট্রায়ত্ব শিল্পে বিনিয়োগ উপেক্ষা করেছেন, আমাদের রাজ্যে শিল্প গড়ার ক্ষেত্রে ছাড়পত্র দেন নি, দিলেও সেক্ষেত্রে বিলম্ব করেছেন। এরকম সব ঘটনা ঘটেছে। এখানে মনমোহন সিং-এর অর্থনীতির কথা বলা হয়েছে। কিন্তু আমাদের দেশে দেশীয় শিল্প যেসব রয়েছে তারা প্রস্তুতি নেবার সুযোগ পেল না, তার আগেই বিদেশী শিল্পগুলোকে এদেশে অনুপ্রবেশের সুযোগ করে দেওয়া হল। এর ফলে দেশীয় শিল্পগুলি টিকে থাকতে পারল না, ধ্বংস হল। এভাবে একটা চূড়ান্ত সর্বনাশ ডেকে আনা হল এবং সেটা আমাদের সঙ্গে প্রতারনা বলেই আমি মনে করি।

[4-50 — 5-00 P.M.]

পরিণতি হিসাবে আমাদের শিল্প উৎপাদনের সূচক নেমে এসেছিল, ১৯৯৩-৯৪ সালে ২.৯ নেমে এসেছিল। তারপরে ৫ বছর ক্ষমতায় থাকার ফলে এখানে নূতন পরিস্থিতি তৈরি করেছে সে ভূমি সংস্কারের ক্ষেত্রে হোক, কৃষির ক্ষেত্রেই হোক, কৃষি পুর্নগঠনের ক্ষেত্রেই হোক বিদ্যুতের ক্ষেত্রেই হোক আর রাস্তা ঘাটের উন্নতি ঘটানোর ক্ষেত্রেই হোক আজকে এখানে বিনিয়োগ হয়েছে। তবে এই কথা ঠিক যে অন্যান্য রাজ্যের মত নয়। কেন নয় সেটা আমি আগেই ব্যাখ্যা করেছি। তার ফলে শিল্পে উৎপাদনের সূচক বেড়েছে। সেই বাড়াটা অত্যন্ত কম নয়, ১৯৯৫ সালে সূচক বেড়ে হয়েছে ৮.৩। আজকে কেন্দ্রে যুক্ত ফ্রন্ট সরকার এসেছে, তাঁরা নূতন নীতি গ্রহণ করছেন। কিভাবে রুগ্ন শিল্পকে চাঙ্গা করা যায়, রাষ্ট্রায়ত্ব সংস্থা গুলিকে কিভাবে সংস্কার করা যায়। আমরা আশা করছি আমাদের শিল্প উৎপাদনের ক্ষেত্রে গতিশিলতা দেখা দেবে। এই ভরসা আমরা রাখি। আমাদের সব চেয়ে বড় সমস্যা হচ্ছে রুগ্ন শিল্প। এই কথা ঠিক যে শিল্প উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে, শিল্পোন্নয়নের

*গতি বাড়ানোর ফলে কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। কিন্তু রুগ্ন শিল্পের জন্য সমস্যা দেখা দিয়েছে। যার ফলে কর্মহীনতা দেখা দিয়েছে। নতুন শিল্পে যতটা কর্মসংস্থানের যে সুযোগ* আসছে আর রুগ্ন শিল্পে যে ছাঁটাই হচ্ছে আখেরে কিন্তু বিশেষ লাভের দিকে যেতে পারছি না কর্মসংস্থানের ক্ষেত্রে। এই প্রসঙ্গে একটা তথ্য দিয়ে বলি ক্ষুদ্র কুটির শিল্পের ক্ষেত্রে আমরা দেখলাম ১৯৯০-৯১ সালে ২৮,৮৪৬ জনের কর্মসংস্থান হয়েছিল, আর ১৯৯৪-৯৫ সালে সেটা হয়েছে ১৫,০৬৯ জন। সেখানে কর্মসংস্থান কমে গিয়েছে। এই ক্ষুদ্র ও কুটির শিল্পের ক্ষেত্রে যে সমস্যা আছে সেইগুলি সমাধান করা দরকার, তাদের আর্থিক সাহায্য দেওয়া দরকার।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

প্রধানমন্ত্রীর যোজনা প্রকল্প আছে, কিন্তু ব্যাঙ্ক টাকা দিচ্ছে না। তারা ঘুষ চায়, ঘুষ না দিলে ব্যাঙ্কের টাকা পাওয়া যায় না। এই যদি অবস্থা হয় তাহলে গ্রামের বেকার যুবকরা কি করে কর্মসংস্থানের সুযোগ পাবে? এই জটিলতার ব্যাপারটা মন্ত্রী মহাশয়কে দেখতে হবে। আমাদের দেশ গ্রাম নির্ভর, সুতরাং আমাদের এখানে অ্যাগ্রোবেসড ইন্ডাস্ট্রি গড়ে তোলা দরকার। আমি আগেই বলেছি পাঁশকুড়ায় অনেক শস্য আছে, সেখানে জমি আছে জল আছে সেচের ব্যবস্থা আছে বিদ্যুৎ আছে, সেখানে কাঁচা মাল আছে, বাদাম, ফুল বাঁশ, চামড়া প্রভৃতি আছে। সেখানে অ্যাগ্রোবেসড ইন্ডাস্ট্রি করা দরকার। পার্থ অ্যাসোসিয়েট কমিটি সুপারিশ কার্যকর করার জন্য অনুরোধ জানাচ্ছি এবং জেলাশাসক কমিটির সুপারিশকে কার্যকর করার জন্য অনুরোধ জানাচ্ছি।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

**শ্রী দৌলত আলি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় শিল্প বানিজ্যমন্ত্রী তাঁর বাজেট ভাষণে যে সমস্ত বিষয়ের অবতারণা করেছেন তার আমি বিরোধিতা করি। যদিও তিনি একটা ঐতিহাসিক সত্য কথা বলেছেন। তিনি বলছেন শিল্পোন্নয়নের দিক থেকে ৭০ দশকে দেশের সমস্ত রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গ অগ্রগন্য ভূমিকা অধিকার করেছিল। এটা সত্যি কথা। তাহলে কেন সেই অগ্রগন্য ভূমিকা নেই এই বামফ্রন্ট সরকারের? এমন কি তিনি তাঁর বাজেট ভাষণে বলেছেন আর্থ সামাজিক কারণে এবং ঐতিহাসিক কারণে পূর্বতন পূর্ব পাকিস্তানের বিশাল সংখ্যায় বাস্তুচ্যুত মানুষের আগমনে শিল্পের দিক থেকে পেছিয়ে এসেছে। আমি কিন্তু আপনাদের দিকে আঙুল দিয়ে বলছি না যে, কেন আমাদের মাননীয় মন্ত্রী তার ব্যাখ্যাটা সঠিকভাবে দিলেন না। আমি কিন্তু এইজন্য তাঁর ভাষণের বিরোধিতা করছি। তিনি আর একটি জায়গায় বলেছেন, পশ্চিমবাংলায় ডায়মন্ড হারবার বিধানসভা কেন্দ্রের মধ্যে ফলতায় অবাধ বানিজ্য কেন্দ্র আছে, তাঁর বাজেট ভাষণে ফলতা বানিজ্য কেন্দ্র সম্পর্কে যে তথ্য দিয়েছেন, আমি তার সাথে একমত হতে পারছি না। আপনাদের যদি কোনদিন সুযোগ থাকে, মাননীয় মন্ত্রীকে যদি দেখাতে পারতাম, ফলতা বানিজ্য কেন্দ্রে এক এবং দু'নম্বর যে সেক্টর আছে, তারমধ্যে এক নম্বর সেক্টরে কয়েকটি ইউনিট চালু আছে। সেগুলো চলে কেন্দ্রের টাকায়, চলে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায় এবং ষ্টেট গভর্ণমেন্টের টাকায়। দু বছর একটা কারখানা চলে। তারপর ম্যানেজমেন্ট ডিক্লিয়ার করে যে, এ আর

চলছে না। ফলে কারখানায় লালবাতি জ্বালিয়ে দেয়। কারখানার শ্রমিকরা বেকার জীবন যাপন করে। আবার দেখবেন সেই একই ম্যানেজমেন্ট এর মালিকরা ঐ ঘরে নতুন পন্য নিয়ে হাজির হয়। নতুন লোক যোগাড় করে। কম পয়সায় ওখানকার লেবারকে পাওয়ার এই রকম ধুরন্ধর প্রয়াস আছে। আমি তাই মাননীয় মন্ত্রী মহোদয়কে জিজ্ঞাসা করি, আপনি ওখানে ১৬০ কোটি টাকা বিনিয়োগ করছেন, আর পেয়েছেন ১৯৬ কোটি টাকা। তার মাঝখানে আপনি কোনও হিসাব দেখাতে পারেন নি যে, কোন কোন ক্ষেত্রে কোন কোন ফ্যাক্টরিতে আপনি লাভ করেছেন। সেই কথা কিন্তু আপনি বলেন নি। আমি কিন্তু আপনাকে বলতে পারি, এ হিসাবের মধ্যে কারচুপি রয়ে গেছে। আপনাকে এটাকে তদন্ত করতে বলি। ফলে যে আন্তরিক ভাবে আপনি করছেন বলে দাবি করছেন তা সত্য নয়। তা যদি হত, তাহলে ওখানে যে রতন কমপ্লেক্স ছিল, কম্পিউটারের কারখানা ছিল, জেমস্ কারখানা ছিল, পাম জুয়েলারী ছিল, সেগুলো কেন এক এক করে বিদায় নিল? ওখানে পেপার মিল করবেন বলে আপনার স্বপ্ন ছিল, এ পর্যন্ত তা আপনি চালু করতে পারলেন না। আপনি বারে বারে ফলতা বিকাশ কেন্দ্রের কথা বলেছেন। তারজন্য রাজ্য সরকার অনেক টাকা দিয়েছেন। এরজন্য রাস্তাঘাটের উন্নয়ন ইত্যাদি অনেক কিছু করেছেন বলে দাবি করেছেন। কিন্তু আমার মনে হচ্ছে, আপনি সরেজমিনে এখনও পর্যন্ত দেখেন নি। সাত আট বছর আগে যা ছিল, তারসঙ্গে বাড়তি কিছু হয়নি। ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টারে ডেল্টা কোম্পানি ছিল, এ্যালকোয়া ছিল। আপনি এ্যালকোয়াকে একশো কোটি টাকা দিয়েছেন এবং ডেল্টাকে ৬৫ কোটি টাকা দিয়েছেন। কিন্তু এখন পর্যন্ত আপনি এ্যালকোয়ার কাছে সেখানে পৌঁছুতে পারেন নি। আপনাকে কারা রিপোর্ট দিয়েছেন আমি জানি না। এ্যালকোয়ার সঙ্গে আরও তিনটি কোম্পানি যুক্ত হয়েছে। আমি দেখেছি, এখনও পর্যন্ত তাদের বাই প্রোডাক্টস নীল রান করছে। এছাড়া ডেল্টা এখনও পর্যন্ত সেখানে চালু হতে পারলো না। এই যে আপনার শিল্প স্থাপনের আগ্রহ সেটা আপনার বাজেট ভাষণেই কেবল আমরা দেখছি। কিন্তু বাস্তব জগতে আপনি যে কথা বলেছেন, ওখানে বিদ্যুতের উন্নতি হয়েছে, রাস্তাঘাটের উন্নতি হয়েছে, তা সঠিক নয়। ওখানে যারা সর্বহারা হয়েছেন, জায়গা জমি দিয়ে গ্রামেব পর গ্রামের যারা উজাড় হয়ে গেছে, তাদের শান্তিতে রাখতে পেরেছেন বলে দাবি করেছেন। সেটা কিন্তু সত্যি কথা নয়। আমরা কোনও জায়গায় একটা ইন্ডাস্ট্রিয়াল প্লেন্ট তৈরি করি কেন, না গ্রামের ছেলেরা সেখানে বিভিন্ন ভাবে যোগ্যতা অর্জন করার পরে কাজ পাবে। সেই রকম কতজন কাজ পেয়েছে, আপনি কিন্তু তার হিসাব বলতে পারেন নি। ফলতা বানিজ্য কেন্দ্রে কতজন ছেলে সত্যিকারে কাজ পেয়েছে বা ব্যবসা করে তাদের জীবনে চিরস্থায়ীভাবে সফলতা লাভ করেছে তার হিসাব আপনি দিতে পারেন নি। তাদের জীবনে চিরস্থায়ী সফলতা কিছু আসে নি। ফলতা বানিজ্য কেন্দ্র এবং তার সাথে ফলতা ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সম্বন্ধে আপনি যে কথা বলেছেন, সেখানে আপনার দপ্তর আপনাকে ঠিক পরিসংখ্যান পরিবেশন করতে পারে নি।

[5-00 — 5-10 P.M.]

এলাকার উন্নয়নের ক্ষেত্রে আমরা শুধু জমি দিচ্ছি, আমরা আজকে সর্বহারা হয়েছি, এই প্রসঙ্গে একটি কথা আপনার বাজেটের মধ্যে আমি উল্লেখ করতে চাই, আরও জায়গা

আপনারা চেয়েছেন, রামনগর মৌজার পাশে দু-একটি গ্রাম উজাড় করে দেওয়ার জন্য, তুলে দেওয়ার জন্য নোটিশ গিয়েছে, আমরা অতীত অভিজ্ঞতায় দেখেছি, শিল্প কারখানা গড়ে তুলতে গিয়ে আজ পর্যন্ত মানুষের যে জমি গিয়েছে তার পরিবর্তে তারা টাকা পায়নি, কমপেনসেশন এর টাকা পায়নি। ওখানকার প্রতিনিধি হিসাবে আমি জানাতে চাই, রামনগর মৌজায় যে সমস্ত জমি আছে, তার জন্য আপনি যে নোটিশ পাঠিয়েছেন, সেই ব্যাপারে বলি তারা জমি ছাড়তে চাচ্ছে না। কারণ আমাদের মুখের রুটি যদি চলে যায়, তার পরিবর্তে আমরা যেটা চাই, যারা শিক্ষিত বেকার ছেলে, ঐ এলাকায় কাজ করার মত যারা যোগ্য, তারা কাজ পাবে। কাজ পাওয়ার জন্য যে বিদ্যা থাকা দরকার, সেই ব্যাপারে আমাদের ওখানে একটা ট্রেনিং সেন্টার আছে, সেই ট্রেনিং নিলে লোকে কাজ পাবে। কিন্তু আজ পর্যন্ত ট্রেনিং সেন্টার থেকে ট্রেনিং নেওয়া কোনও যুবক কাজ পায়নি। আজকে এখানে শিল্প সম্পর্কে যে সব কথা আপনারা বলেছেন তার সঙ্গে কিন্তু এটা কিছুতেই মানানসই হচ্ছে না বলে আমি বাজেটে ভাষণের বিরোধতা করছি। আপনি বলেছেন, বর্তমানে শিল্প পুনরুত্থানের ক্ষেত্র হিসাবে প্রস্তুত হয়েছে পশ্চিমবাংলায়। এই পরিপ্রেক্ষিতে আমি যে উদাহরণ দিলাম তাতে কি করে পুনরুত্থান হচ্ছে? বেহালায় যে ফার্মাসিউটিক্যালগুলি আছে, সেইগুলি বাস্তবে কি ভীষণ অবস্থার মধ্যে আছে সেইগুলি আরও উল্লেখযোগ্য। বাজেট ভাষণে আপনার ভূমিকা থাকলেও তবুও আমি শেষ কথা বলি, আপনার বাজেট ভাষণের বক্তব্যকে আর একটা নতুন চোখে নিজের মনে বিশ্বাস করে বলবেন, যেটুকু বলেছেন সেটুকু সঠিক কিনা?

**শ্রীমতী কণিকা গাঙ্গুলী ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, আমি শিল্পবাণিজ্য দপ্তরের মন্ত্রীর এবং অন্যান্য দপ্তরের যে ব্যয়-বরাদ্দ প্রস্তাব এখানে পেশ করা হয়েছে তার সমর্থন করছি এবং সমর্থনেব সাথে সাথে কয়েকটি প্রস্তাব যা রয়েছে ওদের সেটাকে পবিস্কার করে কিছু প্রস্তাব রাখছি। প্রথম হল, কোনও জায়গায় কোনও শিল্প বাণিজ্য তৈরি করতে গেলে বিরোধী পক্ষের বন্ধুরা এবং আমাদের অনেক বক্তা বলেছেন পরিকাঠামোর প্রশ্নে, শুধু এই ব্যাপারে সমস্ত দিক থেকে আমাদের পরিকাঠামোর দিক থেকে উন্নত ব্যবস্থা নিতে হবে। ন্যাশনাল হাইওয়ের দুইপাশে শিল্পায়ন তৈরি করার পরিকল্পনা বাজেটে আছে এবং নতুন যে উদ্যোগগুলি আজকে আমাদের পশ্চিমবাংলায় তৈরি হওয়ার জন্য প্রস্তাব এসেছে, তার জন্য জমি অধিগ্রহণের সময় যে সমস্ত বন্ধ কারখানা ভবিষ্যতে খোলার সম্ভাবনা আর নেই, সেই সমস্ত ষ্ট্রাকচার জমিতে নতুন শিল্প স্থাপনের জন্য প্রস্তাব রাখছি। মাননীয় সদস্য পদ্মনিধি ধর এন.আর.আই.এর যে প্রস্তাব রেখেছেন সেটাকে এর সঙ্গে যুক্ত করছি এবং এই প্রস্তাবগুলিকে সামনে রেখে আমি দু-একটি কথা বলব। পরিকাঠামোর উপর অনেকক্ষণ ধরে বক্তব্য আমি শুনেছি। বিগত দিনে বক্তব্যর সময় আমি বক্তাদের বক্তব্য শুনেছি। বিরোধী পক্ষের সদস্যারা যখন আমাদের পক্ষের কেউ আলোচনা করতে গিয়েছেন বিগত সরকারের কেন্দ্রীয় সরকারের নীতি নিয়ে, সেখানে প্রাসঙ্গিকভাবে আমাদের পশ্চিমবঙ্গের বিগত ২০ বছরের আগের ৩০ বছরের কথা এসে গিয়েছে, তখনই তারা তারস্বরে আর্তনাদ করেছেন। আমার মনে হচ্ছে তারা তাদের অতীতকে অস্বীকার করতে চাইছেন। তারা বর্তমানে হাঁটতে চাইছেন, ভবিষ্যতের

পথে হাঁটতে চাইছেন। ভবিষ্যতে হয়ত তারা তাদের পূর্বপুরুষদের স্বীকার করতে দ্বিধাগ্রস্ত হবেন। তারা মনে করেন অতীত মানে জঞ্জাল। পরিকাঠামোর প্রশ্নে অবশ্যই বলব আমরা অনেক কিছু করতে পারিনি। ১৯৪৭ সালের পর থেকে ১৯৭৭ সাল পর্যন্ত মাঝখানে ৩০ টা বছর কি এক্সপাঞ্জ হয়ে গেল। আমাদের পশ্চিমবঙ্গের যে কলকাতা বন্দর, যে বন্দর দিয়ে ভারতবর্ষের ৪৪ ভাগ বাণিজ্য আমদান-রপ্তানি হত, আজকে সেই কলকাতা বন্দরের কাজ হয় আট থেকে দশ ভাগ। ১৯৬০-এর দশক থেকে এ সংক্রামক শুরু হয়েছে। আমাদের মাননীয় সদস্যরা নিশ্চয় অবগত আছেন আমাদের কলকাতা বিমান বন্দর বাণিজ্যতে আমদানি-রপ্তানির বন্দর হিসাবে ভারতবর্ষে এক নম্বরে ছিল। আজকে সেখানে কি অবস্থা। এই সংক্রামক শুরু হয়েছিল সেই ৬০-এর দশকে। সেই সময় থেকেই এই সঙ্কট শুরু হয়েছে। রেলওয়ের ক্ষেত্রেও আজকে একই সমস্যা দেখা দিয়েছে, সময়ের অভাবে আমি বিস্তৃত বলতে চাই। আপনারা ন্যাশনাল হাইওয়ের ব্যাপারে বোম্বে, দিল্লির উদাহরণ দিয়েছেন। আমার ভাবতে কষ্ট হয় এই ন্যাশনাল হাইওয়ের ব্যাপারে বিগত ৩০ বছরে ভাববার কিছু অবকাশ পাননি। এই ২০ বছরে তারা ভাবছে বলে পশ্চিমবাংলার মানুষ তাদের স্বাগত জানাচ্ছে। বামফ্রন্টের ভাল কাজকে কংগ্রেস বিরোধিতা না করে সহযোগিতা করেছে। সুতরাং তারা যে কাট মোশন এনেছেন, এই বিরোধিতার কোন অর্থ হয় না। আপনারা বক্তৃতা দিয়ে পশ্চিমবাংলার শিল্পনীতিকে স্বাগত জানিয়েছেন। আপনারা প্রস্তাব রাখুন এবং তা নিয়ে চিন্তাভাবনা করুন তাতে আমাদের কোন আপত্তি নেই।' তবে মাসুল সমীকরণের প্রশ্নে যা বলেছেন তা ঠিক নয়। ১৯৫৬ সালে যখন মাশুল সমীকরণ চালু হয় তখন পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ছিল না, ইতিহাস সেই কথাই বলে। তারা বিষ ফল পুঁতবে, আর আমরা অমৃতফল পাব এটা কি করে হবে। এই রকম কোনও জাদুকাঠি পশ্চিমবঙ্গ সরকারের কাছে নেই। আজকে মাসুল সমীকরণই [illegible] লাইসেন্সিং প্রথাই বলুন, কেন্দ্রীয় সরকারে যে অর্থনীতি ও শিল্পনীতি গ্রহণ করেছে তার বিষময় ফল আমরা ভোগ করছি। ভারতবর্ষের বাজারকে আজকে গ্লোবালাইজেশানের নামে বিশ্বের দরবারের কাছে তুলে দেওয়া হয়েছে। বিশ্বের বাজার থেকে সাম্রাজ্যবাদীরা এসে আমাদেরকে শোষণ করছে, আমাদের চিবিয়ে চিবিয়ে খাচ্ছে।

[5-10 — 5-20 P.M.]

গ্লোবালাইজেশানের নামে দখল হয়েছে, বিশ্বের দরবারের কাছে। আমাদের বাজার নেই। আমাকে মাথা কুটে মরতে হচ্ছে অথচ বিশ্বের বাইরে থেকে এসে সাম্রাজ্যবাদীরা আমাকে শোষণ করছে। আমাকে চিবিয়ে চিবিয়ে খাচ্ছে। এটা নাকি গ্লোবাল টেন্ডার ডেকেছে, খাল কেটে কুমির ডেকেছে, পা ধরে টানছে। স্বাভাবিকভাবে এই অবস্থায় দাঁড়িয়ে, মান করে না থেকে কেন্দ্রীয় সরকারের যে স্বেচ্ছামূলক শিল্প নীতি সেই শিল্পনীতিকে গ্রহণ করতে বাধ্য হচ্ছি। আই.এম.এফ., গ্যাট, বিশ্ব ব্যাঙ্ক ইত্যাদির চাপে সেই শিল্পনীতির ফল আমাদের ভোগ করতে হচ্ছে। আমরা বাইরে থেকে যাদেরকে আমন্ত্রণ করেছি এই নীতিকে সামনে রেখে,

বাধ্যতামূলকভাবে আমরা এটাকে গ্রহণ করেছি। আমাদের কাছে এটা স্বেচ্ছামূলক নয়। কেন্দ্রীয় সরকারের অর্থনীতির পিছনে আমরা দৌড়েছি, বিগত কেন্দ্রীয় সরকারের এটা ভাববার কোনও অবকাশ নেই। আমরা বাধ্যতামূলকভাবে একটা জায়গায় এসেছি তাই আমাদের এই নতুন শিল্পায়নের প্রস্তাব, মাশুল সমীকরণের খানিকটা ছাড়, লাইসেন্স প্রথা উঠে যাওয়া, তাছাড়া পূর্বদিকে একটা সূর্যোদয় ঘটেছে, সূর্যোদয় যে ঘটেছে এই বিষয়ে আপনারা জানেন। জাপান, কোরিয়া, তাইওয়ান বিভিন্ন জায়গায় শিল্পের বিকাশ ঘটেছে। সেই জায়গায় দাঁড়িয়ে আজকে আমাদের পশ্চিমবাংলার সম্ভাবনা আছে। আমি মনে করি আলাদীনের আশ্চর্য প্রদীপ নেই। আজকে আমি আরেকটি প্রস্তাব রাখছি। আজকে বি.এফ.আই.আর. বলে যে সংগঠনটি আছে, আমি মনে করি ওদের যে পদ্ধতি এবং ওদের দীর্ঘসূত্রীতার ফলে আমাদের ভারতবর্ষে বিশেষ করে পশ্চিমবঙ্গে শিল্প ধ্বংস হচ্ছে। কারণ নির্দিষ্ট দিনের মধ্যে ওদের বিষয়গুলো ওরা রাখছে না। আস্তে আস্তে এইগুলো ধ্বংসের পথে চলে যাচ্ছে। যখন বিষয়গুলো সম্পর্কে তারা সিদ্ধান্ত নিচ্ছে তখন রুগ্ন শিল্পগুলো ধ্বংসের পথে চলে যাচ্ছে। সুতরাং এই বি.আই.এফ.আর. তুলে দিয়ে সময় সীমাকে নির্দিষ্ট করার ব্যাপারটাকে আমি বলব। আমার বিরোধী বন্ধুরা অনেকে বলেছেন যে আমরা কি করে শুকিয়ে যাচ্ছি। আমি উদাহরণ দিচ্ছি বার্ণ ষ্ট্যান্ডার্ডের। আমার কাছে তথ্য আছে। আজকে তাঁরা বার্ণ ষ্ট্যান্ডার্ডের অবস্থা জানেন না। ব্রেথওয়েটের অবস্থা তাঁরা জানেন না, সেন্ট্রালের অবস্থা তাঁরা জানেন না? যেখানে মাত্র ৩৫/৩৬ কোটি টাকা খরচ করলে আজকে ভারতবর্ষের বুকে সেন্ট্রাল চ্যাম্পিয়ণ হতে পাবত। সেই সেন্ট্রাল আজকে শুকিয়ে যাচ্ছে। আমার মনে হয় দেশিবিদেশি টু হুইলার বিজনেসম্যান যারা তারা বিগত দিনে কংগ্রেস সরকারের উপর চাপ সৃষ্টি করে এই বিষয়গুলো করেছেন। যার জন্য আমাদের দেশের বিষয়গুলো শুকিয়ে যাচ্ছে। ওয়াগন বন্ধ করে দিয়েছে। রেল ওয়াগন কিনছে না। বার্ণ ষ্ট্যান্ডার্ড চলবে? কেন্দ্রের বস্ত্র নীতি। কেন্দ্র চট শিল্পের ব্যাপারে বারবার বলেছেন। আমি জানি না তাদের কাছে তথ্য আছে কি না। সিন্থেটিক্সের বিষয়টা যেভাবে নিয়ে এসেছেন, সেই ব্যাপারটা তাদের মাথায় রাখা দরকার। কোনও গাছ কেটে ওপর থেকে জল দিলে সেই গাছকে জীবিত করা যায় কি না জানি না। আমরা সীমাবদ্ধ ক্ষমতায় মানুষের ভালো বাসা নিয়ে আমরা কাজ করছি, কাজ করব এই বিশ্বাস আছে। তাই বলছি উইথড্র করুন কাট মোশন। আমি এই প্রস্তাবকে সমর্থন করছি।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মিঃ চেয়ারম্যান, মাননীয় শিল্পমন্ত্রী আজকে যে বাজেট জুন ১৯৯৬ এখানে পেশ করলেন আমি সম্পূর্ণভাবে তার বিরোধিতা করছি। বাজেটের প্রথম তিনটি লাইন ছাড়া দেখতে হবে স্যার, এই শিল্প বাজেটকে সমর্থন করছি না কেন। তিনটি কারণ। একটা কারণ হচ্ছে যে শিল্পগুলো আছে, পশ্চিমবঙ্গে কংগ্রেস আমলে আমরা যে শিল্পগুলো করে দিয়ে গেলাম, সেগুলো ঠিকমত মেনটেন্যান্স হচ্ছে না এবং নতুন শিল্প পশ্চিমবাংলায় আসছে না। তার কারণ কি? আস্তে আস্তে আমি সেই ব্যাপারে আসব। এখানে কোথাও মেনটেনেন্সের অভাব, কোথাও ইনফ্রাস্ট্রাকচারের অভাব আছে আপনি

টেকনিক্যালি এক্সপার্ট নন এবং পুরানো শিল্প যে সমস্ত আছে, কি আন্ডারটেকিং, কি গভর্নমেন্ট, কি প্রাইভেট, এগুলি আপনার হাতে আছে এবং সেখানে মনিটরিং কমিটিতে যাদের বসাচ্ছেন, তারা ইন্ডাস্ট্রি সম্বন্ধে কিছু জানেন না। উদাহরণ স্বরূপ আহমেদনগর সুগার মিলের কথা বলি। সেখানে চেয়ারম্যান করেছেন কাকে? সেখানে আপনি আপনার পলিটিক্যালি মদতপুষ্ট একজন লোক, যিনি সুগার ইন্ডাস্ট্রি সম্বন্ধে কিছু জানেন না, তাঁকে করেছেন। ডাইরেক্টর কারা? না, যারা সুগার ইন্ডাস্ট্রি সম্বন্ধে কিছু জানেন না। আজকে যদি সুগার মিলের মেনটেনেন্স এবং এক্সটেনশনের ইচ্ছা থাকত এবং প্রোডাকশান বাড়াবার ইচ্ছা থাকত, তাহলে মনিটরিং কমিটিতে কখনই আপনি পলিটিক্যাল লোকদের বসাতেন না, টেকনিক্যালি এক্সপার্ট যারা আছেন, তাদেরই বসাতেন। এই আন্তরিকতা আপনাদের নেই। নতুন শিল্প আসছে না কেন—এই ব্যাপারে আমি উদাহরণ দেবার চেষ্টা করছি। আমি যদি জমি কিনতে যাই, তাহলে প্রথমেই দেখব যে, সেই জমি থেকে পার বিঘা কত প্রোডাকশন পাব, তবেই আমি ইনভেষ্ট করব। আপনার ইকনমিক রিভিউ এ পেজ নাম্বার ১১ এর টেবিল ৬(৩)—১৯৯৫-৯৬ তে দেখছি যারা ইনভেষ্ট করতে আসবে—আমি বাইরের কথা বলছি না, ভারতের মধ্যে যেকোনও শিল্পপতিই আপনার এখানে অ্যাটমসফিয়ার সৃষ্টি করতে পারেন—কিন্তু জ্যোতি বাবু প্লেজার ট্রিপে কোটি কোটি টাকা খরচ করেন কি করে? প্রোডাকশন অফ সিলেকটেড ইন্ডাস্ট্রিজ ইন ওয়েস্ট বেঙ্গল—টেক্সটাইল ইন্ডাস্ট্রি, জুট এন্ড আদার্স—আপনার ১৯৯০তে টোটাল প্রোডাকশন যা ছিল, ১৯৯৫ সালে তার থেকে ডিক্রিজ করছে। এবার কটন টেক্সটাইল—ইয়ার ইন কেজি হচ্ছে ৭০ হাজার ৭৩৪, ১৯৯০ সালে, কিন্তু সেটা ১৯৯৫ সালে হল ৩৩ হাজার ৭৭। এখানে ইনক্রিজ করছে না, ডিক্রিজ করছে। আজকে যিনি ইন্ডাস্ট্রিতে ইনভেষ্ট করতে আসবেন, তিনি দেখছেন যে, ক্লোথ ইন মিটার ৭৪ হাজার ১৯২, আর ১৯৯৫ সালে ১৮ হাজার ৮০০ হচ্ছে। ডিক্রিজ করছে, ইনক্রিজ করছে না। আপনার ফুড ম্যানুফ্যাকচারিং এর ক্ষেত্রেও এটা ঘটেছে। ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ইন নাম্বার, ১৯৯০ সালে ১৫ হাজার ৬৮৮, ১৯৯৫ সালে ডিক্রিজ করে হয়েছে ৩ হাজার ৬০৮। এবার যারা ইন্ডাস্ট্রিয়াল টেন্ডার প্লেনার, যাঁরা এখানে আসবেন, তারা তো দেখবেন যে পশ্চিমবাংলায় ইনভেষ্ট করবার মত অ্যাটমসফিয়ার আছে কি না। এখানে প্রোডাকশন ডে বাই ডে ডিক্রিজ করছে। শিল্পের ৩ টি প্রধান শর্ত হল—রোডস্, পাওয়ার এবং অ্যাটমসফিয়ার। যেখানেই যাবেন, দেখবেন যে, বন্ধ কারখানা গুলোর দরজায় লাল পতাকা বাঁধা আছে, হয় ইলেকশান ফান্ড বা ইল্লিগ্যাল ডিমান্ড প্লেস করে বা লেবার কমিশনারের কাছে যাবার নাম করে। যারা ম্যানেজমেন্টে আছে, তারা প্রোডাকশন করে কিছু অংশ লাভ করতে এসেছে পশ্চিমবঙ্গে।

[5-20—5-30 P.M.]

আই ডু নট কেয়ার টু লেট দেম্ বার্ক। আমি যে কথা বলছিলাম যে, যদি এখন পশ্চিমবঙ্গে উপযুক্ত রোড ডেভেলপমেন্ট এবং ল এন্ড অর্ডার ইত্যাদি সমস্ত অ্যাটমসফিয়ার

ঠিকমত করে প্রোডাকশন ইনক্রিজ করতেন তাহলে যাদের জমি ইনভেস্টমেন্ট করবেন তারা ভয় পেতেন না। দে আর নট্ কামিং, দে আর গোয়িং ব্যাক। যে কথা মাননীয় বিধায়ক সুলতান আহমেদ বলেছেন, মাননীয় বিধায়ক সৌগত রায় বলেছেন যে—শিল্পের উন্নয়নের নাম করে ভন্ডামি করলে চলবে না। আমি প্রধানত এখানকার কতগুলো ইউনিটের কথা বলব। বক্রেশ্বরের ব্যাপারে ফলস্ ধাপ্পা দিয়েছেন। দুটো নির্বাচন পর পর হলো, কিন্তু এক মেগাওয়াট ইউনিট বিদ্যুৎও উৎপাদন হল না। কারণ এ্যাটমসফিয়ার ইজ নট্ দেয়ার। বক্রেশ্বরের হেডে কাকে বসালেন? পলিটিক্যালি এ্যাপয়েন্টেড—জেলাপরিষদের সভাপতিকে—তাঁর চালাবার ক্ষমতা নেই। তিনি কি করে বক্রেশ্বরে বিদ্যুৎ উৎপাদন করবেন? অথচ তাকে বক্রেশ্বরের ম্যানেজিং অ্যাডভাইসরি কমিটির হেড করে রেখেছেন। সেখানকার ইঞ্জিনিয়ার, এক্সপার্টরা বলছেন—আমরা কিছু করতে পারছি না। কারণ আমরা পলিটিক্যালি বাধা পাচ্ছি। আহমেদপুর সুগার মিল, বক্রেশ্বর ইত্যাদি যেগুলো আছে, সেগুলোর মেইনটেনান্স হচ্ছে না। শিল্পপতিরা আসছেন না। প্রোডাকশন বাড়ছে না। প্রোডাকশন ডে টু ডে ডিক্রিজ করছে। শিল্পপতিরা পশ্চিমবঙ্গে ঢুকছেন না। তাঁরা অন্য জায়গায় চলে যাচ্ছেন। এন.আর.আই.রা পশ্চিমবঙ্গ ছেড়ে অন্য রাজ্যে শিল্প গড়ছেন। জ্যোতিবাবু, আপনি পশ্চিমবঙ্গের ল অ্যান্ড অর্ডার ঠিক করুন। পশ্চিমবঙ্গে বিদ্যুৎ, জলের উপযুক্ত ব্যবস্থা নেই, শিল্প ধ্বংস হচ্ছে। শিল্পপতিরা কিসের আশায় ইনভেস্টমেন্ট করবে? ডে টু ডে প্রোডাকশন ডিক্রিজ করবে, মুনাফা লস করবে। আপনারা মউ সই করছেন। এ প্রসঙ্গে বলি—''মউ বনে বউ কথা কও। বামফ্রন্ট ছেড়ে সোমনাথ বাবু ল্যাঙ মারে জ্যোতি বাবুকে। ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ হচ্ছে না। জ্যোতিবাবুকে কিভাবে ল্যাঙ মারা যায়, সোমনাথ বাবুর এই প্রচেষ্টার জন্য পশ্চিমবঙ্গে কিছু হচ্ছে না। বাজেট ভাষণের (২) পাতায় আপনারা বলেছেন—১৯৯৪-৯৬ সালের মধ্যে ২৬১.৪৯ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে। এতে বাস্তবে ২২টি শিল্প হয়েছে এবং কর্মসংস্থান হয়েছে মাত্র ১ হাজার ৫১৭ জনের। আপনাকে একটা সাজেশন দিচ্ছি—আপনি ডাব্লু.বি.আই.ডি.সি.কে বলুন—পশ্চিমবঙ্গে নতুন যাঁরা শিল্পদ্যোগী আছেন তাঁরা শিল্প গড়ার জন্য টাকা লোন পাচ্ছেন না। যাঁরা ঘুষ দিতে পারবে তাঁরাই টাকা ইনভেস্টমেন্টের জন্য লোন পাবে। আপনি শিল্পপতিদের জন্য জানলার সৃষ্টি করেছেন, সেই জানলা নতুন শিল্পপতিদের জন্য বন্ধ আছে। প্লিজ ট্রাই টু ওপেন অল ডোর। শিল্পপতিদের জন্য সমস্ত দরজা খুলে দিন। এব্যাপারে মাননীয় বিধায়ক শৈলজা বাবু বলেছেন, আমি রিপিট করছি না। নতুন শিল্পদ্যোগীরা নতুন ইন্ডাস্ট্রি খুলতে গিয়ে লোনের জন্য ৬-৭ বার গিয়ে ফিরে আসছে। আপনি এব্যাপারে ডাব্লু.বি.আই.ডি.সি.কে বলুন। তারা যে টাকা শিল্পপতিদের হাতে তুলে দেবে, সেখানে তাঁরা যেন দেখে নেন যে এমপ্লয়মেন্ট ওরিয়েন্টেড আছে কিনা। কারণ যে টাকায় আপনারা ১ হাজার ৫১৭ জনের কর্মসংস্থান করেছেন সেই টাকায় ২ লক্ষ লোকের এমপ্লয়মেন্ট হত। ইউ প্লিজ হ্যাড গট্ নো আইডিয়া। শিল্প জাহাজ এল, জ্যোতি বাবু ট্রিপ করলেন, এতে পশ্চিমবাংলার মানুষের মন ভরবে না। বক্রেশ্বরের নামে ইলেকশনে বারেবারে ধাপ্পা দিতে পারেন, কিন্তু পশ্চিমবাংলার মানুষের মন ভরবে না। দেখুন যদি এমপ্লয়মেন্ট

ওরিয়েন্টেড স্কীম ওদের দিতে পারেন—যেভাবেই হোক, যে প্রকারেই হোক দিন। সব অফিসারই তো আর ডিস-অনেস্ট নন, পি.কে.সেনগুপ্তের মত অনেস্ট অফিসারও পশ্চিমবাংলায় আছেন, তাঁদের নেতৃত্বে ইনভেস্টেমেন্ট করুন, পলিটিক্যালি মোটিভেটেড না হয়ে যেন এমপ্লয়মেন্ট ওরিয়েন্টেড স্কীমে টাকা লগ্নি করেন। ডব্লু.বি.ডি.সি.র কথা মানুষকে বলুন। আমি মেইনটেন্যান্সের কথা আপনাদের বললাম। অন্যান্য প্রোডাকশনের কথায় ইকনমিক রিভিউতে এত অল্প সময়ে যেতে পারব না, শুধু কয়েকটি জানাচ্ছি। কণিকা দেবী বলে চলে গেলেন, বন্ধু বললেন। ৩০ বছরে যদি পশ্চিমবাংলায় কিছু না হয়, তাহলে বিধান রায়কে পশ্চিমবাংলার মানুষ রূপকার বলতেন না। এখনও তাকে রূপকার বলে তার জন্মদিন, মৃত্যুদিন পালন করে পশ্চিমবাংলার মানুষ। হি হ্যাজ ডান সাম থিং কংগ্রেস হ্যাজ ডান সামথিং। আমার ওখানে আমেদপুর সুগার মিল, সিউড়ি মিনি স্টিল, ময়ূরাক্ষী কটন মিল করা হয়েছিল কংগ্রেস আমলে। আপনারা কি করলেন? আজকে সে গুলো বন্ধ, লাল পতাকা তুলেছেন সেখানে। সিউড়ি মিনি স্টীল বন্ধের মূলেও সেই ব্রজ মুখার্জি। যেভাবে ম্যানেজমেন্টকে হ্যান্ডেল করল, তাতে মিলটি বন্ধ হয়ে গেল।

আপনি জানেন, ইন্দিরা গান্ধীর আমলে ইস্কো ন্যাশনালাইজড্ হয়। তরুন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী এটা মর্ডানাইজেশনের, এক্সটেনশনের চেষ্টা করেন। কারণ, মর্ডানাইজেশন না হলে এমপ্লয়মেন্ট বাড়বে না। ইস্কো আপনাদের হাতে নেই, কিন্তু আপনারা তো রেকমেন্ডেশান দিতে পারতেন? সেটাও দেন নি। সেটা নিয়ে রাজনীতি করছেন। সেন র‍্যালে কংগ্রেস আমলে ন্যাশনালাইজড্ হয়েছিল। আজকে তার কি অবস্থা? আজকে সাইকেলও সেখানে প্রোডাকশন হচ্ছে না। হিন্দুস্থান কেবলস্ আজকে বন্ধ হয়ে গেছে। কাঁচামালের অভাবে সেখানে প্রোডাকশন বাড়ছে না। সেন র‍্যালেতে যেখানে তিন হাজার, চার হাজার এমপ্লয়মেন্ট ছিল, সেখানে এখন মাত্র ১,৩০০ কর্মচারী। কেন এটা হল? কারণ, র'ম্যাটেরিয়ালের অভাব। মন্ত্রী মহাশয়কে আমি সাজেশন দিচ্ছি, বাইরে থেকে এন.আর.আই. এনে ওয়েস্টেজ অফ্ মানি না করে, জ্যোতি বসুর প্লিজার ট্রিপ করে শিল্প পতিদের ধরে আনা, এসব না করে, যেগুলো কংগ্রেসিরা করে গিয়েছেন, সেইগুলো ঠিক মত মেইনটেন্যান্সর চেষ্টা করুন, আর পরিকাঠামো যেগুলো করেছেন, সেইগুলো মেইনটেন করার চেষ্টা করুন। আপনার বাজেট বাস্তববাদী নয়, এমপ্লয়মেন্ট সম্পর্কে একটা কথাও এতে নেই। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ গুলোতে রেজিস্টার বেকার দেখা যাচ্ছে ৫২ লক্ষ। রেজিস্ট্রেশন করেনি এরকম এক কোটি ছেলে হা চাকরি, হা চাকরি করে ঘুরে বেড়াচ্ছে। শুধু, হলদিয়া করব, বক্রেশ্বর করব, আমাদের ভোট দাও, এরকম করে পশ্চিমবঙ্গটাকে নষ্ট করবেন না। অবশেষে এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে আনা কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-30 — 5-40 P.M.]

**শ্রী নন্দদুলাল মাঝি ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের শিল্প-বাণিজ্য মন্ত্রী যে ব্যয়-

বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধিদের আনা কাট-মোশনের বিরোধিতা করে দু-একটা কথা বলব। বিগত কেন্দ্রীয় সরকারের শিল্প-বাণিজ্য নীতির ফলে আমাদের ক্ষতি হয়ে গেছে। আমাদের কোনও লাভ হয়নি। কারণ শিল্পোন্নত দেশগুলো এবং পুঁজিপতিদের স্বার্থে এই নীতি এবং নির্দেশিকা প্রবর্তন করা হয়েছে। আমরা জাতীয় উৎপাদনের ক্ষেত্রে দেখেছি, যেখানে আমাদের ১৯৭৬ থেকে ১৯৮৭ সালের উৎপাদনের হার ছিল ৬.৩ সেটা পরবর্তী ৫ বছরে ৪.৩ নেমে গিয়েছে। তাই বলছি, এতে আমাদের কোনও লাভ হয়নি। দ্বিতীয়ত, ১৯৯৫ সালের এপ্রিল মাস থেকে ডিসেম্বর পর্যন্ত আমাদের জাতীয় উৎপাদন ছিল ১৫ মিলিয়ন মার্কিন ডলার কিন্তু তা কমে দাড়াল ৩ হাজার ৫৪৩.৮৬-তে। গত পাঁচ বছরে ১০টা বড় কোম্পানির সম্পদ আরও বৃদ্ধি হয়েছে। যেমন লায়ন্স কোম্পানি ২,৫৫৩ থেকে ৮,১২১ কোটি টাকায় বাড়িয়ে ফেলল। টিস্কো ২,৯৭৭ কোটি থেকে ৭,৩৪২ কোটি টাকা করে ফেলল। এইভাবে নরসীমা রাও-এর প্রধানমন্ত্রী থাকাকালীন ১০টা কোম্পানি ফুলে-ফেঁপে ঢোল হয়েছে। এছাড়া আমাদের দেশে রেল-ইঞ্জিন আগে তৈরি করা হচ্ছিল। কিন্তু এই শিল্পকে মার খাওয়ানোর জন্য এখন বিদেশ থেকে এটা নিয়ে আসা হচ্ছে। দেখা যাচ্ছে আমাদের চিত্তরঞ্জনে লোকোমেটিভে এটা করতে খরচ পরে ৩ থেকে সাড়ে ৩ কোটি টাকা কিন্তু বিদেশ থেকে আনতে খরচ পড়ছে ৪৫ কোটি টাকা প্রতিটি। এছাড়া আমাদের দেশে ১৫-টি রুগ্ন শিল্প এখনও বন্ধ হয়ে রয়েছে সেখানে কোনও টাকা-পয়সা দেওয়া হয়নি। কেন্দ্রীয় ঘোষিত নীতির সাথে আমাদের রাজ্য সরকার ঘোষিত নীতির অনেক পার্থক্য রয়েছে। কেন্দ্রের প্রতি আত্মনির্ভরশীলতা, মাশুল সমীকরণনীতি এবং রাজ্যের প্রতি বৈষম্য থাকার জন্য আমাদের রাজ্য ভাল ফল করতে পারেনি। ক্ষুদ্র শিল্পের সম্প্রসারণ করে এবং তার সহায়তায় আমাদের এগিয়ে যেতে হয়েছে। বর্তমানে আমাদের যে পদক্ষেপ নেওয়া হয়েছে তাতে আমরা সর্বক্ষেত্রে এগিয়ে যাচ্ছি। এবং এটা হচ্ছে বিকল্প অর্থনীতির ফলে। আমাদের রাজ্যে শিল্পের উন্নয়নের দিকে ১৯৯৩-৯৪ সালে ছিল ২.৯ পারসেন্ট। আর ১৯৯৫ সালের এটা গিয়ে দাঁড়াল ৮.৩ পারসেন্ট। আগামী বছরে এটা ১০ শতাংশে গিয়ে পৌঁছুতে পারব বলে আশা করছি। এর থেকে ভাল উদাহরণ আর কোনও রাজ্যে পাওয়া যাবে না। শুধু তাই নয় আমাদের এই রাজ্যে বিদেশি বিনিয়োগ অনেকটা বেড়েছে। একটা পরিসংখ্যান দিলেই সেটা বোঝা যাবে। আর্থিক সমীক্ষায় যে পরিসংখ্যান উল্লিখিত হয়েছে তাতে আমরা দেখছি যে, মহারাষ্ট্রে ৫৫০০.৭০ কোটি টাকা বিনিয়োগ হতে চলেছে; আর পশ্চিমবাংলায় ৩৪৮৩.৬৫ কোটি টাকা বিনিয়োগ হতে চলেছে। দিল্লিতে ২৬৯৪.৯৮ কোটি টাকা; গুজরাটে ১৮৪৫.৬৬ কোটি টাকা; তামিলনাড়ুতে ১৭০৯.৮৮ কোটি টাকা বিনিয়োগ হতে চলেছে। আর বাকি সব রাজ্যে অনেক কম টাকা বিনিয়োগ হবার এখন পর্যন্ত প্রস্তাব এসেছে। এই পরিসংখ্যানে দেখা যাচ্ছে যে, এক্ষেত্রে পশ্চিমবাংলা সারা ভারতবর্ষের মধ্যে দ্বিতীয় স্থানে রয়েছে। আশা করছি আগামী দিনে আমরা আর একটা মাত্র রাজ্য মহারাষ্ট্রকে অতিক্রম করে প্রথম স্থান অধিকার করতে পারব। পারব এই কারণে, আমাদের রাজ্যে একটা সুস্থ পরিবেশ আছে, সঠিক পরিকাঠামো গড়ে উঠছে, দক্ষ শ্রমিক

আছে এবং সর্বপরি এখানে রাজনৈতিক অস্থিরতা নেই। সুতরাং আমরা আগামী দিনে শিল্পে বিনিয়োগের ক্ষেত্রে প্রথম স্থান অধিকার করব বলে আশা করেছি। এটা শুধু আমার কথা নয়; ১৯৯৫ সালে সি.আই.আই. নিয়োজিত আর্থার ডি. লিটল এবং ইন্ডিয়ান চেম্বার অব কমার্শ নিয়োজিত প্রাইস-ওয়াটার হাউসের মত বিখ্যাত প্রতিষ্ঠানের সমীক্ষা রিপোর্ট বলছে। তাঁরা বলছেন, পশ্চিমবঙ্গে শিল্পবানিজ্যের বিনিয়োগের ক্ষেত্রে একটা আশা-ব্যাঞ্জক অবস্থার সৃষ্টি হয়েছে। সেজন্য আমি আমাদের রাজ্যের ১৯৯৬-৯৭ সালের শিল্প-বানিজ্য বিভাগের বাজেটকে পূর্ণ সমর্থন করে, বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**Shri Narbahadur Chettri :** Mr. Speaker Sir, I was rather disappointed when I was going through the budgetary speech of the Hon'ble Industries Minister. As you know, Sir, there is no provision for setting up of a new industry in the hill areas. Sir, in Darjeeling hills the number of unemployed persons are repeatedly growing the number of educated unemployed boys and girls in three Employment Exchanges has reached the figure of 1,00,000 and uneducated employed youth have crossed the figure of more than 1,00,000 together it reached about 2.5 lakhs. There is enormous potentiality to set up new industries in the Darjeeling hill We can also set up tanneries in the hills since 75% of the people of this district residing in the hill areas are non-vegetarians. So, there is no dearth of animal skin in the hill. Besides, we can set up other industries as well like food processing, electronics, etc. The climatic condition of the hill best suite for the cultivation of mushroom. Floriculture can also be a good venture. Sir, I want to submit before the Hon'ble Minister that in a brother district which is very sensitive, growing unemployment cannot be good neither for the state nor for the society. Besides these industries, this Commerce and Industry Ministry has two industries-one is tea industry managed by the W.B.T.D.C., Ranga Tea Garden and the condition of that tea garden is not good either. So far as cinchona industry is concerned, this is the industry which the Britisher had set up 140 years ago

[5-40 — 5-50 P.M.]

This industry during 1974-75 and 1976-78 had earned enough foreign exchange. But after 1980-81 and 1981-82 this industry has become sick. Now this industry has been infested with corruption and administration. When late Dr. Kanai Lal Bhattacharyya was the Minister of Industry he used to visit hills, had set up two factories, one for Diosgenin

and another for Eometine. He had spent 50 lakhs for these two factories. But now both these factories have become white elephants. They produce very little and marketing has become a problem since there is no demand for either Diosgenin or Eometine. Late Dr. Kanai Lal Bhattacharyya had also renovated a quinine factory but after completion of the same even after ten years the factory is yet to operate, the factory is yet to start. The expert says that this factory will never function since there is some technical mistake in it. Dr. Bhattacharyya was a gentlemen. Perhaps he might have been influenced by some officers by jugglery of figures. One crore sixty lakhs has been wasted and the existing factory which was established by the Britishers long ago, about a century ago has thus become very old and this does not and cannot function smoothly. So many technical difficulties are there and due to this cinchona bark worth 40 crores of rupees have been languishing in storehouses and some of barks are getting spoiled. They were harvested sometimes 15,16,20 years ago and in the field there are barks worth more than 50 crores of rupees and cinchona department middle ranking officers are infested with deeprooted corruption. The corruption has become the order of the day. When some materials are required for the cinchonna plantation the officers invite quatation. They do not give paper advertisements but they ask some traders to give quotation. The traders neither have trade lincence nor they have any registered address. They just give quotation and supply articles. In fact, they are not supplying articles. They are given vouchers, bill is passed, payment is made and this has become the order of the day. Some time ago, during the agitation, there was a Bungalow which was gutted. But afterwards it was found that the Bungalow was not gutted by the GNLF. But it was a handi-work of the suppliers in connivance with the unscrupulous officers.

Then, Sir, I want to read a portion from the Audit Report of the Government of West Bengal :: "An amount of Rs.733.00 was paid on 17-3-89 for one set of tube light Rs.150/- and two pieces of file cover Rs.600/- to Jain Enterprise, Siligury without any purchase order or stock receipt. The cost of two pieas file cover was abnormally high." This can be imagined to what extent the corruption is going on there in the cinchona plantation. I would request the Honourable Minister to make some arrangements for an enquiry into this corrupt deal where more than Rs. 15.00 crores have been spent since 1982 due to its corrupt

practice. You know, Sir, the Government has some commitment to the workers. Your department, this department has not been able to increase the rate of Winter Allowance to the workers of the cinchona plantations.

**(At this stage, the red light was lit)**

These workers are getting Rs.100/- as Winter Allowance since 1974. After 22 years they are getting the allowance to the tune of Rs.120/- only. In 1954, the workers got the Khet Allowance @12 paise per day. Now, after 42 years, they are still getting the same i.e. 12 paise per day which is yet to be revised. In one hand, crores of rupees have been wasted in shady dealings. On the other hand, the government has not been able to fulfil its commitment to the workers. So, I request the Minister to order an enquiry by the C.B.I. to unearth the corrupt practices in cinchona plantation.

Sir, I want to be more clear ......

**(At this stage, the mike was off)**

**Mr. Deputy Speaker :** Now, Shri Subrata Mukherjee.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় শিল্পমন্ত্রী মহাশয় তার বাজেট রাখতে গিয়ে যে বক্তব্য রেখেছেন আমি প্রথমেই তার বিরোধিতা করছি এবং আমাদেব দলের পক্ষ থেকে আনা কাটমোশনগুলি সমর্থন করছি। এই বক্তৃতাটা যদি উনি ঠিক করে পড়তেন তাহলেই উনি বুঝতেন যে এটা কমপ্লিটলি ব্যুরোক্রাটিক জাগলারি ছাড়া আর কিছুই নয়। বাস্তবের সঙ্গে এর কোনও মিল নেই। স্যার, আপনি শিল্প এলাকায় থাকেন, বাংলার শিল্প আজ কোন দিকে যাচ্ছে তা আপনি নিজেই জানেন। যদি আমরা ভাবের ঘরে চুরি করি তাহলে বলতে হয়, বক্তৃতায় যাই বলা হোক না কেন, আমরা সবাই জানি শিল্পের ক্ষেত্রে আমরা কিন্তু সব কটা রাজ্যের চেয়ে পিছিয়ে আছি। মাননীয় মুখ্যমন্ত্রীর জন্য আমার দুঃখ হয়। চিৎকার করে উনি বলেন, আমরা শিল্পে এক নম্বর স্থানে ছিলাম, কয়েকমাসের মধ্যেই আবার আমরা শিল্পে এক নং স্থানে চলে যাব। কোথা দিয়ে যাবেন? সবচেয়ে বড় ঘোষণা উনি করেছিলেন ঐ হলদিয়া, বক্রেশ্বর নিয়ে এন.আর.আই. নিয়ে। এক/দু বছরের নয়, ২০ বছরের ওদের প্রতিশ্রুতিগুলি যদি বিশ্লেষণ করা যায় তাহলে দেখা যাবে সবচেয়ে বেশি যেখানে আপনারা ব্যর্থ হয়েছেন সেটা হচ্ছে শিল্প ক্ষেত্রে। এখানে ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ জিওমেট্রিক্যাল হারে কমে গিয়েছে অন্যান্য রাজ্যের তুলনায়। তারপর আপনারা শিল্পপতিদের সামনে মৌ-কে তুলে ধরলেন। বললেন, সমস্ত পুরানো ইন্ডাস্ট্রিকে ফেলে দাও। বললেন, তাদের কথা আর ভাবতে হবে না। ঐ বার্ণ, জেশপ, মেটাল বক্সের কথা ভাবতে হবে না। ২০০ শ্রমিক যে অনাহারে থেকে আত্মহত্যা করল তাদের কথা

ভাবতে হবে না। এম.এম.সি. যে মরে যাচ্ছে তার কথা ভাবতে হবে না। ডক, পোর্টে আগে ৭৪ হাজার লোক কাজ করত আর এখন ১৪ হাজার লোক কাজ করছে—এসব উচ্ছন্নে যাক।

[5-50—6-00 P.M.]

আজকে রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য আপনারা মৌ-এর শ্লোগান দিচ্ছেন, বলছেন যে নতুন নতুন প্রতিষ্ঠান তৈরি করা হবে, নতুন শিল্প নগরি তৈরি হবে, পশ্চিমবঙ্গ এবং কলকাতাকে নতুনভাবে তৈরি করা হবে। একটা কথার উত্তর দেবেন যে, সারা বিশ্বের একটা রাষ্ট্রের নাম বলতে পারেন যেখানে এই ৪টি বিষয়ে ইনফ্রাষ্ট্রাকচার না থাকলে শিল্প নগরী হিসাবে তাকে প্রতিষ্ঠিত করা গেছে? আমি বিজ্ঞানভিত্তিক একথা বলতে চাই, যার উপরে দাঁড়িয়ে আজকে পশ্চিমবঙ্গকে তৈরি করবেন, সেই ন্যুনতম ৪টি জিনিসের কোনটা আপনার আছে? আপনার রাস্তা নেই। আপনি নিজে জানেন যে প্রচন্ড কমিউনিকেশন গ্যাপ এখানে আছে। আপনি বাইরে থেকে লোককে ডেকে আনছেন কনকর্ড করে, এখানে এনে খাওযাচ্ছেন, কিন্তু তাদের রাস্তা দিয়ে পলতায়, বজবজে, ব্যারাকপুরে নিয়ে যেতে পারবেন না। তার কারণ রাস্তার যা অবস্থা গাড়িতে করে যদি যাওয়া যায় তাহলে কনকর্ড চলে যাবে। আপনারা তাদের হেলিকপ্টারে করে নিয়ে গিয়ে পলতা দেখিয়ে আবার ফিরিয়ে আনছেন। দুই একটা এন.আর.আই যা আনছেন তারা এমন কি ছোট ছোট কারখানাও নয়, হোম ইন্ডাস্ট্রি বলা ভাল। কারণ সেখানে ১০ জন, ১৫ জন ২০ জন করে লোক কাজ করতে পারে, এই ধরণের কোনটা ফল চটকানো অর্থাৎ ফুড প্রসেসিং করে, কোনটা বাল্ব তৈরি করে, কোনটা বাল্বের ফিলামেন্ট তৈরি করে, যেগুলিতে ৪/৫ জন লোক দরকার হয় সেই রকম সংখ্যা দিয়ে বক্তৃতা ভরিয়ে দিয়েছেন। আজকে যেখানে বেকারদের এমপ্লয়মেন্ট দরকার, সেখানে এ্যাভিনিউ অব এমপ্লয়মেন্ট দেবার মত পরিকল্পনা কোথায় করেছেন? খালি মৌ সই করছেন, আর ধাপ্পা দিচ্ছেন। শিল্পপতিরা আপনাকে চমক দিয়ে সই করিয়ে হাসতে হাসতে চলে যাচ্ছেন। আর একজন নাটের গুরু আছেন, সোমনাথ চ্যাটার্জি, তাকে মাচানবাবা তৈরি করে রেখেছেন, তিনি পা নাচিয়ে যাচ্ছেন, আর আপনাদের লোককে বলে দিচ্ছেন যে মউ করে যেকোনও জায়গায় আপনারা বিনিয়োগ দেখিয়ে দেবেন। যত ইনভেস্ট করবেন বলে প্রতিশ্রুতি দিচ্ছেন, আপনি কোথায় কোথায় দিচ্ছেন, কত হাজার কোটি টাকার বিনিয়োগ করছেন, সেটা একজায়গায়ও কি বলেছেন? সাতের পাতায় বলেছেন যে, ১-৪-৯৩ থেকে ৩১-৩-৯৬ পর্যন্ত ৪,৮৯৯.৫১ কোটি টাকা বিনিয়োগের জন্য ১১৭টি সংস্থা নথিভুক্ত হয়েছে, তাছাড়া ৬২১.৫০ কোটি টাকা বিনিয়োগ সম্পন্ন ৪৩টি শিল্পের সম্প্রসারণ-এর প্রস্তাব নথিভুক্ত হয়েছে। আমি যদি জিজ্ঞাসা করি যে বড় শিল্প কোথায় কোথায় হয়েছে তখন আপনি যদি আমাকে চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দেন যে এই এই জায়গায় হয়েছে তাহলে যতই রাজনৈতিক কারণ থাক, আমি বলতে পারব না যে ইন্ডাস্ট্রি হয়নি। আপনি আঙ্গুল দিয়ে যদি দেখিয়ে দেন যে হলদিয়ায় ইন্ডাস্ট্রি করেছি, ১০ হাজার বেকার ছেলের চাকরি হয়েছে,

তাহলে আমার একথা বলার ক্ষমতা নেই যে, না, হয়নি। আপনি যদি বক্রেশ্বরের দিকে আঙ্গুল তুলে বলতেন যে এটা করেছি তাহলে আমার ক্ষমতা ছিল না বলার। কাজেই আজকে শিল্পের ব্যর্থতার দায়িত্ব আপনাকে মাথা পেতে নিতে হবে। আমাদের রাজত্বে যে শিল্পগুলি ছিল, সেই শিল্পগুলিও আজকে ধ্বংস হয়ে গেছে। ২০ বছরে আপনারা কিছু করতে পারলেন না। এক সময়ে সৌগত রায় মেনশনে উল্লেখ করেছিলেন যে, ৮ শত কিলোমিটার রাস্তা হবে। আমরাও তাজ হোটেলে গিয়েছিলাম। সেখানে ভাল খাইয়েছেন, আমরাও ভাল খেয়েছি। কিন্তু কি পরিস্থিতি আপনারা করেছেন সেটা দেখেছেন কি? আপনারা বলছেন যে ৮ শত কিলোমিটার রাস্তা তৈরি করবেন কলকাতা থেকে শিলিগুড়ি পর্যন্ত। এটা কি বিশ্বাসযোগ্য যে সরকার ২০ বছরে হাওড়া এ্যাপ্রোচ রোড করতে পারেনি, যে সরকার সেকেন্ড হুগলি ব্রীজের ১৫ পারসেন্ট ইউটিলাইজেশন করতে পারেনি, সেই সরকার ৮ শত কিলোমিটাব রাস্তা তৈরি করবে? সেটা কি আমরা জীবিত অবস্থায় দেখে যেতে পারব? আমরা বলেছিলাম যে আধুনিক পোর্ট ছাড়া বিশ্বের কোনও দেশে শিল্প নগরি গড়ে উঠতে পারে না। সিঙ্গাপুর, হল্যান্ড, হংকং, একটা জায়গা দেখান যে জায়গায় আধুনিক পোর্ট ছাড়া শিল্প নগরি গড়ে উঠেছে। আমাদের দুটি পোর্ট। একটি হলদিয়া পোর্ট, সেটা সম্ভবতঃ ড্রাই হয়ে গেছে, আর একটি হচ্ছে কলকাতা পোর্ট, যার নাব্যতা রক্ষা করতে গেলে ৪০,০০০ কিউসেক জল দরকার এবং এক্সপার্টরা বলেছেন যে, ১১,০০০ কিউসেক জল ছাড়লেই কলকাতা ভাসবে, সঙ্গে সঙ্গে জ্যোতিবাবুও ভাসবেন। শুধু জলই নয়, কোনও আধুনিক পোর্টও এরা তৈবি কবতে পারছেন না। বলেছিলেন ফলতায় একটা পোর্ট তৈরি করবেন। কিন্তু আমি এক্সপার্টদের জিজ্ঞাসা করায় তারা বলেছেন যে, আন্তর্জাতিক মানের একটি পোর্ট তৈরি কবতে গেলে তাব সমীক্ষা করতেই চার-পাঁচ বছব লেগে যায়। এবং তারা বলেছেন যে, যে জায়গার কথা সরকার ঘোষণা করেছেন সেখানে একটি বড় জেটি হতে পারে মাত্র, কিন্তু পোর্ট কখনই নয়। সেখানে পোর্ট দেখিয়ে বিদেশী লোকদের আকর্ষিত কববার চেষ্টা করছেন এঁরা। বলা হচ্ছে, রাজ্যে নাকি বিদ্যুতের বন্যা বয়ে যাচ্ছে। রাজ্যে বিদ্যুতের কিছুটা মনিটরিং হয় ঠিকই। তবে ডোমেস্টিক বিদ্যুৎ সাপ্লাই একটা অন্য জিনিস। এক সময় হাওড়াকে প্রাচ্যের ম্যাঞ্চেস্টার বলতাম। সেখানে প্রায় প্রতিটি বাড়িতে দুই-একটি করে লেদ মেশিন থাকত। কিন্তু সেই শহর আজকে ধুঁকছে। সেখানে প্রধানত বিদ্যুৎ কনজিউম করত কারা? কারখানাগুলি সেটা করত। আজকে সেখানে ২৩,০০০ কারখানা বন্ধ এবং তারফলে সেই বিদ্যুৎটা ডাইভার্ট করে ডোমেস্টিকে দিয়ে দিচ্ছেন, আর দেশের লোকদের বলছেন বিদ্যুতের বন্যা বয়ে যাচ্ছে। আজকে গ্রামে গঞ্জে শিল্প তৈরি হলে বিদ্যুতের অভাবটা ভয়ঙ্করভাবে ধরা পড়বে এবং ডোমেস্টিক ও কমার্শিয়াল ক্ষেত্রে সেটা ভয়ঙ্কর হয়ে দাঁড়াবে। আজকে এফ.আই.সি.সি.আই রিপোর্ট যদি দেখেন, বিদ্যুতের কমার্শিয়াল রেট এমন একটা জায়গায় পৌঁছে দিয়েছেন ইন্ডাস্ট্রি সেক্টরে, তাতে ইন্ডাস্ট্রি চলতে পারে না। ডানকানের স্বার্থে এটা করেছেন, কারণ একমাত্র ডানকানই আপনাদের পাশে এসে দাঁড়িয়েছে এবং অন্য সমস্ত ইন্ডাস্ট্রি করছেন না। তাদের শেষ যে কাজ—১,৭০০ কোটি টাকার ফার্টিলাইজার ফ্যাক্টরি —

সেটা পর্যন্ত তারা পশ্চিমবঙ্গে করেননি। অথচ আমরা জানতাম, ওদের একটা ইমোশনাল অ্যাটাচমেন্ট রয়েছে পশ্চিমবঙ্গের সঙ্গে। আজকে তাদের একদল দিল্লিবাসী এবং আর একদল মুম্বাইবাসী হয়ে গেছেন। এখানে তারা আর টাকা ইনভেষ্ট করছেন না। আপনারা এক সময় গর্বের সঙ্গে বলেছিলেন যে, শিল্পে আপনাদের সবচেয়ে বড় হাতিয়ার হচ্ছে হলদিয়া। তাই হলদিয়ার পরিস্থিতি আমরা সরাসরি জানতে চাই। হলদিয়া প্রজেক্টের খরচ প্রথমে ধরা হয়েছিল আনুমানিক ৩৬০০ কোটি টাকা, কিন্তু এখন সেটা দাঁড়িয়েছে—ডিলে করতে করতে৫১৭০ কোটি টাকা। প্রায় ১৫০০ কোটি টাকা বেড়ে গেছে অতিরিক্ত। প্রথমের ৩৬০০ কোটি টাকার ক্ষেত্রে টার্গেটটা কিভাবে ছিল? ঠিক ছিল, ২৪০০ কোটি টাকা ঋণ নেবেন এবং ১২০০ কোটি টাকা ইক্যুইটি থেকে আদায় করবেন। ১২০০ কোটির মধ্যে ৩০০, ৩০০ এবং ১০০ কোটি করে মোট ৭০০ কোটি টাকা ইক্যুইটি থেকে সংগ্রহ করবেন, আর টেক্কো থেকে ৫০০ কোটি টাকা তুলবেন। কিন্তু দেখা যাচ্ছে, ১৬০০ কোটি টাকা ঋণের ক্ষেত্রে ফিনান্সিয়াল ইনস্টিটিউশনগুলি, যেমন আই.ডি.বি.আই., আই.এফ.সি.আই., আই.সি.আই.সি.আই., এরা কেউ কিন্তু এখনও পর্যন্ত গ্যারান্টি আপনাদের দিতে পারছে না। তাই টাকাটা কোথা থেকে সংগ্রহ করবেন সেটা আমরা ক্যাটাগরিক্যালি জানতে চাই। ইক্যুইটি থেকে যেখানে ১২০০ কোটি টাকা সংগ্রহ করবার কথা, সেখানে ৫০০ কোটি টাকার বেশি আনতে পারেননি।

[6-00—6-10 P.M.]

কিন্তু মিনিমাম আনতে হবে ১০১০ কোটি টাকা। কোথা থেকে আনবেন এই প্রশ্নের উত্তর ক্যাটাগরিক্যালি দেবেন। আজকে বলবেন যে হলদিয়ার জিরো ডেট কবে হবে, হলদিযা কবে থেকে শুরু করবেন। আপনি ন্যাপথা শুরুর কথা বলেছেন, এপ্রিল মাস থেকে শুরু হবে। কিন্তু এপ্রিল মাস ক্রস করে চলে গেছে। আপনি বলবেন টায়ার কোম্পানির কাজ কবে শুরু করবেন। আপনার বন্ধু সরকার ন্যাপথার দাম বাড়িয়ে দেওয়ায় একটা নতুন পরিস্থিতির সৃষ্টি হল, এই পরিস্থিতির মোকাবিলা কি করে করবেন সেটা। এই সমস্ত প্রশ্নে উত্তর দিলে আমি বলব শিল্প সম্পর্কে আপনাদের দায়িত্ব জ্ঞান আছে। তা না হলে ২০ বছর ধরে হলদিয়া নিয়ে যেভাবে ধাপ্পা দিয়েছেন তাতে আপনাদের ফাঁসি হওয়া উচিত, জেল হওয়া উচিত। সব শেষে যে কথা বলতে চাই তা হল সংবাদ পত্রে দেখলাম ১৯৯৯ সালে ফেব্রয়ারি পর্যন্ত টার্গেট আছে, আপনি হলদিয়া তৈরি করে দেবেন। আড়াই বছরের মধ্যে আমরা হলদিয়াকে পাব। ২ বছর অপেক্ষা করে আপনার হাতে যে সমস্ত কোম্পানি রয়েছে সেইগুলি পাব? সমস্ত গুলি সমাপ্ত করতে পারবেন? প্রথমে আমরা দেখলাম ডানলপ, তারপর ডানকান এই করতে করতে সোরেশ পর্যন্ত চলে গেলেন। আজকে সোরেশের কাছ থেকে ৩০০ কোটি টাকা তারা পাবে। সোরেসে নিজের কোম্পানি আমেরিকায় সেখানে তাদের জেলে যাওয়ার মতো অবস্থা। ব্যাঙ্কের সাথে তাদের লড়াই হচ্ছে। অনেক জায়গায় তাদের জোরচুরি ধরা পড়েছে। আপনার দেশে সে বিনিয়োগ করবে? হলদিয়া

সম্পর্কে আমরা সরাসরি সমস্ত কিছু জানতে চাই। আপনি বলবেন যখন সমস্ত জায়গা থেকে, ফাইনান্সিয়াল ইনস্টিটিউট থেকে অন্য রাজ্যগুলি ২০ থেকে ২৫ শতাংশ ঋণ বলুন আর সাহায্য বলুন পাচ্ছে সেখানে আপনাদের বই থেকে দেখতে পাচ্ছি ৩ থেকে ৫ শতাংশের বেশি আপনারা পাচ্ছেন না। এটা কেন? এটা আপনি ক্যাটাগরিক্যালি বলবেন। এই ক্ষেত্রে আপনাদের ক্রেডিবিলিটি নিল। দেশের কিছু শিল্পপতিকে ধরে ফাটকা 'মৌ' সই করে নিচ্ছেন। তাঁরা বলেছেন হ্যাঁ যাবে। কিন্তু আসলে তাঁরা আসবেন না। সিংগাপুরের চামারিয়াকে দিয়ে ২০০ কোটি টাকা মৌ সই করিয়ে নিলেন। কিন্তু সেই চামারিয়া আসতে পারে না, ব্যাঙ্কের জালিয়াতির জন্য গ্রেপ্তার হবে। এইভাবে সমস্ত সই করাচ্ছেন আর বলে বেড়াচ্ছেন সই করিয়েছি। হাজার হাজার কোটি টাকার মৌ এর নাম করে জালিয়াতি করে যাচ্ছেন। আপনি জানেন জুট ইন্ডাস্ট্রির কি অবস্থা। ১০-১১ টি জুট মিল বন্ধ হয়ে গেছে। ৩০ লক্ষ লোক এই ইন্ডাস্ট্রিতে যুক্ত। সবচেয়ে মজার ব্যাপার কি হচ্ছে দেখুন। আপনি ভাবুন এই ব্যাপারে কি করবেন। আজকে জুটের ক্ষেত্রে কি হয়েছে দেখুন। এবারের জুটের দাম বেশি ছিল, চাষিরা কিছু দাম পেয়েছে। সেই কারণে এবারে উৎপাদন বেশি হবে। গত বারে ৯০ লক্ষ বেল পাট উৎপাদন হয়েছে। এবারে চাষ বেশি করার জন্য পাটের উৎপাদন বেশি হয়েছে ১৪০ লক্ষ বেল তৈরি হয়েছে। ফলে এবারে ডিসট্রেস সেল হবে। আপনি কো-অপারেটিভের মাধ্যমে পাট কেনার ব্যবস্থা করেন নি, পঞ্চায়েতের মাধ্যমে পাট কেনার ব্যবস্থা করেন নি। এই বছর চাষিরা কম পয়সা পাবে। চাষিরা ডিসট্রেস সেলের ফলে মার খাবে। তারপর এই পাট নিয়ে একটা ফাটকা কারবার চলবে। তার ফলে শিল্প বাণিজ্যের লোকেরাও মার খাবে। এই ব্যাপারে কি করবেন তার উত্তর আপনাকে দিতে হবে। নিউ জুট মিল, ৪১ পারসেন্ট শেয়ার, সেটা বিক্রি করবার জন্য তৈরি হয়ে গেছেন নাকি, আমাদের কাছে এই খবর আছে। একটা কোম্পানি বিপর্যস্ত, শ্রমিকরা কো-অপারেটিভ করে নিজেদের টাকা দিয়ে ৫৯ পারসেন্ট শেয়ার, তারা চালাচ্ছে। ভারতবর্ষে এই রকম কোনও নজির নেই যে শ্রমিকরা এই ভাবে চালাচ্ছে কোম্পানি। আপনি একটা ইন্ডাস্ট্রিয়াল কো-অপারেটিভ করে দিন। একটা কোম্পানি তারা কো-আপারেটিভ করে চালাচ্ছে! একটা ভাসমান ভেলার মাধ্যমে ছিল, তার কোনও গুরুত্ব ছিল না। আজকে সেই লোকগুলো তারা সর্বহারা হয়ে যখন চলে যাচ্ছে, যাদের একটা পয়সাও নেই, সেই সময়ে, আমাদের কাছে খবর আছে যে, রাজ্য সরকারের কাছে যে ৪১ পার্সেন্ট শেয়ার ছিল সেটা তারা বিক্রি করে দেবার চেষ্টা করছে। আমাদের কাছে খবর আছে যে, তারা মাড়োয়াড়ির সঙ্গে যোগাযোগ করেছে যাতে বিক্রি করে দিতে পারে। আপনি আজকে বলবেন, এই কোম্পানির ভবিষ্যত কি? এই যে কোম্পানি একে যদি আমরা কম্প্রিহেনসিভ ব্যবস্থা নিয়ে চালাতে পারি, তাহলে পরে বি. আই. এফ. আর.-এর মাধ্যমে চালু করতে পারি। আমরা বারে বারে যে কথাগুলো বলছি, সামগ্রিক একটা পরিকল্পনা গ্রহণ করতে হবে। জুট ইন্ডাস্ট্রি এবং বিশেষ করে রাজ্য সরকারের অধীনে যে সমস্ত ইন্ডাস্ট্রি আছে, সেখানে আমাদের একটা সামগ্রিক পরিকল্পনা গ্রহণ করতে হবে। যে সমস্ত ইন্ডাস্ট্রিতে আমাদের ক্ষমতা আছে, আমরা তো বলি, সেন্ট্রাল

গভর্নমেন্টের যেখানে কোর সেক্টর আছে, সেখানে আমরা বলেছি, ইস্কোকে প্রাইভেটাইজেশনের সময়ে আমরা বাধা দিয়েছিলাম। সেখানে কিন্তু আমরা কোনও কংগ্রেস কমিউনিস্ট দেখি নি। আই. ডি. বি. আইয়ের ক্ষেত্রে আমরা কোনও কংগ্রেস কমিউনিস্ট দেখি নি। স্যাক্সবি, ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিংয়ে আমরা মিনিমাম ওয়েজ দেবার জন্য বলছি। আজকে কৃষ্ণা ইঞ্জিনিয়ারিং তো টি. ডি. হয়ে গেছে। সেখানে দু টাকা করে দেওয়া হচ্ছে। আমি এখানে ক্যাটাগোরিক্যালি কতকগুলো প্রশ্ন রাখলাম — হলদিয়া, 'মৌ', জুট ইত্যাদি রাখলাম। আশা করি, মন্ত্রী মহাশয় উত্তর দেবেন, আমরা বসে থাকব। আর উত্তর না দিলে কিছু করার নেই।

**শ্রী আব্দুল রেজ্জাক মোল্লা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় সুব্রত মুখার্জিকে ধন্যবাদ জানাই যে, উনি ফল চটকাবার কথাটা মনে রেখেছেন। আমি ওঁকে জানিয়ে রাখি, আমি এখন আর চটকাচ্ছি না, যেটুকু পারছি নিংড়ে দিচ্ছি। আমি ওদের দু চারটে কাজের কথা জানাই। ফুড প্রসেসিং দপ্তরটার পাঁচ বছর চলে গেছে। এরমধ্যে তিনটে বছর গেছে সাজিয়ে গুছিয়ে নিতে, আর দুবছর কাজ করা গেছে। আমরা প্রথমে যেটা করেছি — সুনীতি বাবু যেটা জানতে চাইছিলেন, মেনটেনেন্স সম্পর্কে — এই দপ্তরটা শুরু হয়েছে। আমাদের রাজ্যে ছোট বড়, মাঝারি ২১০টি খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ছিল। কিন্তু এদের বেশির ভাগই ছিল রুগ্ন। এই রুগ্নতাকে বাঁচাবার জন্য আমরা প্রথমে চেষ্টা করি এগুলোকে বাঁচাতে হবে, ধরে রাখতে হবে। তারপরে নূতন-এর কথায় বলি, আমরা নূতনের জন্য তিনটি ব্যবস্থা নিয়েছি। (১) ছোটদের অর্থাৎ ৫ লক্ষ টাকার যন্ত্রপাতি ব্যবহার করে এই সমস্ত শিল্পের ক্ষেত্রে আমরা তাদের সমস্ত সেলস ট্যাক্স মুকুব করে দিই। তার উপরে ফেরত যোগ্য হচ্ছে ৯০ ভাগ। ৯০ ভাগ আমরা ফেরৎ দেবার ব্যবস্থা করি। সর্বশেষে অকট্রয় উঠে যাবার পর এই সমস্ত শিল্পের বেশির ভাগেই উৎপাদন বেড়েছে, বিক্রি বেড়েছে, বিনিয়োগ বেড়েছে এবং আংশিক কর্মসংস্থান বেড়েছে। এই ইউনিটগুলোর সবটাই লাভজনক। এদের মধ্যে ১৬ জন আমাদের কাছে আবেদন করেছে এক্সটেনশানের জন্য। ১৬টি ইউনিটের জন্য তারা আমাদের কাছে ২৫ একর জায়গা চাইছে। আমরা তার জন্য চেষ্টা করছি। সেটা পেলে এক বছরের মধ্যেই তারা উৎপাদন করতে পারবে, এই রকম জায়গায় এসেছে। দ্বিতীয় হচ্ছে, নূতন প্রস্তাব আমাদের কাছে এসেছে ২৬২টি। এই যে নূতন প্রস্তাব এসেছে, এর মধ্যে ৮৬টি উৎপাদন শুরু করেছে। ৭টি ইউনিট এখানে কনস্ট্রাকশান করছে। এখানে ইনফ্রাস্ট্রাকচারের যে কথা বলা হয়েছে, এটা হয় নি বলে বলেছেন। আমরা একটা মডিউলার ফুড পার্ক করার চেষ্টা করছি। এই ফুড পার্ক হবে সম্পূর্ণ আধুনিক ব্যবস্থা সমেত। ২১৫টি ফুড প্রসেসিংয়ের জায়গা থাকবে। এর মধ্যে ৭০ একর জমি সংগ্রহ করা গেছে এবং ৩২ একর জমির জন্য বায়নাপত্র হয়েছে।

[6-10 — 6-20 P.M.]

আর ইত্যবসরে ৫৪টি আবেদনপত্র জমা পড়েছে। কাজ পাবে ১ লক্ষর মত লোক। এই হচ্ছে মডুলার পার্ক অর্থাৎ মডুলার কনসালটেন্ট লিমিটেড তারা এই পার্কটি ডানকুনিতে

করছে, তার জন্য এর নাম হচ্ছে মডুলার পার্ক। যাই হোক অর্থমি ইনভেস্টমেন্ট এর কথা বলি মাঝারি সাইজে, বাইরের ভেতরের। আন্তর্জাতিক সংস্থা পেপসি কোলা এটা বাইরের, বড়, এরা সোনারপুরের মহামায়াতলাতে জমি নিয়েছে, কাজ শুরু হয়েছে। এরা প্রাথমিক ভাবে ইনভেস্টমেন্ট করবে ৪০ কোটি টাকা, ফলের রস করবে, পরে ১০০ কোটি টাকা ইনভেস্টমেন্ট করবে। এর পরে বলছি এক্সপোর্ট নিয়ে। এনট্রিউল ওদের নিজেদের চা-বাগান, মাশরুম করবে, ওরা ১৫ কোটি টাকা ইনভেস্ট করবে, কাজ শুরু করেছে। এছাড়া এগ্রি প্রিজারভেশন বলে একটি সংস্থা দক্ষিণ রসুলপুরে-হুগলিতে কাজ শুরু করেছে, ওরা মাশরুম করবে, ইনভেস্টমেন্ট হবে ৩৫ কোটি টাকা। কারশান ফুড লিমিটেড বলে একটি সংস্থা তারা দক্ষিণ ২৪ পরগনার বামুনমুড়ায় কাজ শুরু করেছে, ওখানে ফলের কাজ করবে, তৃষ্ণা কানাডিয়ান বলে একটি সংস্থা আছে, ১০০ শতাংশ এক্সপোর্ট, ওখানে ককটেল, ফলের রস হবে। কলকাতা কর্পোরেশন ওরা ২টি মিট প্রসেসিং এর জন্য জমি নিচ্ছে, ইস্টার্ণ বাইপাসের ধারে। আরামবাগ এর হ্যাচারি তারা মাংসের জন্য মিট প্রসেসিং শুরু করেছে। এছাড়া কোয়ালিটি টি প্লানটেশন নেদারল্যান্ডের সঙ্গে হুগলির বৈচীতে আলুর কাজ শুরু করেছে, ১০০ শতাংশ এক্সপোর্ট করবে ওরা এটা ট্রায়ালে নিতে যাচ্ছে। আলানা ফ্রেজারিও কনজারভা আমাদের দেশের ফ্রুট জুস বোম্বে বেস, ওরা ৩০ কোটি টাকা ইনভেস্ট করবে মৌড়িগ্রামে। এছাড়া মাননীয় সদস্য নর বাহাদুর ছেত্রী জানতে চেয়েছিলেন, মাশরুমের জন্য জি. জি. এইচ. সি. কে. ৭৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে, তাবা কার্শিয়াঙের ট্রান্সভ্যালিতে করছে। ওটা ওখানে হয়ে যাবে। প্রথম দিকে আমরা ভাল সব্জী প্রক্রিয়াকরণ এর উপর জোর দিয়েছিলাম, এখন আমরা মাছ, মাংস, ডিম, দুধ, পোলট্রি, দানা শস্য, ভোজ্য তেল, বেকারি, তুষের তেল, ইত্যাদির দিকে নজর দিচ্ছি। আশা করি আগামী বছরে বেশ কিছু নূতন ইউনিট স্থাপনের কথা বলতে পারব। এই বলে আপনাদের ধন্যবাদ দিয়ে কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মৃণাল ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষ থেকে যে কাট মোশনগুলো আনা হয়েছে আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি এবং ব্যয়-বরাদ্দের প্রস্তাব যা রাখা হয়েছে আমি তাকে সমর্থন করছি। আমি তাদের কাট মোশনের বিরোধিতা করছি এই কারণে, কাট মোশনের বক্তব্য এবং যে বক্তব্য তারা রেখেছেন বিশেষ করে ডিমান্ড নম্বর ৭৪ এবং ৯২ দাবির সমর্থনে তা শুনে মনে হয়েছে যে, একটা কাট মোশান আনতে হয় বলেই আনা হয়েছে। আমার অভিজ্ঞতা বেশি নেই, আমি প্রথম বাজেট প্লেস করছি, আমাদের বিরোধী পক্ষের থেকে যে উৎকণ্ঠা প্রকাশ পেয়েছে রুগ্নতা সম্পর্কে তার সঙ্গে কাট মোশনগুলোর কোন সম্পর্ক নেই। আমি জানি না, এটা সম্ভব কিনা, শিল্প ইত্যাদির ক্ষেত্রে যে অবস্থা তাকে যদি ভালো করে তুলতে হয় পশ্চিমবাংলায় তাহলে কাট মোশন নয়, এড মোশন আনা উচিত ছিল। আমি জানি না, এটা সম্ভব কিনা। আমরা দেখলাম যা বললেন তারা জানেন, এক, দুই জন বক্তব্য কিছু রেখেছেন। মাননীয় সৌগত বাবু একটা প্রস্তাব অবশ্য দিয়েছেন, রাজ্য সরকার পরিচালিত কলকারখানায় লস হচ্ছে সেগুলোকে কাটিয়ে তুলবার জন্য বি. আই. এফ. আর. যাওয়ার প্রস্তাব দিয়েছেন। বি. আই. এফ. আর. সম্বন্ধে আমাদের যে অভিজ্ঞতা তার মধ্যে দিয়ে আমরা ঐ রিভাইভ প্রস্তাবে যেতে পারছি

না। মাননীয় সদস্যদের আমি বলব আমাদেরও এই উৎকণ্ঠা আছে, আমাদের রাজ্যের যে শিল্প কারখানাগুলো আছে তাকে কি করে ভালো করা যায় সে বিষয়ে আমাদেরও অবশ্য লক্ষ্য আছে। আমাদেরও এই সীমাবদ্ধ অবস্থার মধ্যে দিয়ে তাকে ভালো করার প্রচেষ্টা রয়েছে। তবে এই রুগ্ন শিল্প কারখানা যেগুলো প্রায় অধিকাংশ ছিল কতগুলো ব্যক্তি মালিকানাধীন, সেই কারখানাগুলো রাজ্য সরকার অধিগ্রহণ করতে বাধ্য হয়েছিল। কিন্তু এইগুলোকে রিভাইভ করতে গেলে যে অর্থের প্রয়োজন তা আমাদের নেই। এই শতাব্দীতে বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে যে বিপ্লব ঘটে গেছে, শুধুমাত্র পশ্চিমবাংলায় নয়, ভারতবর্ষে নয়, পৃথিবীর উন্নততর ধনতান্ত্রিক দেশে যে সঙ্কট তৈরি হয়েছে, সেইসব দেশেও পুরানো কারখানাগুলো বন্ধ হয়ে যাচ্ছে, নূতন নূতন কারখানা আসছে। তাদেরও যে সঙ্কট আসছে। আমার ধারনা সে বিষয়ে বিরোধী পক্ষের সদস্যরা জানেন। আজকের দিনে ডিমান্ড চেঞ্জ হচ্ছে, কনজিউমার প্রোফাইল চেঞ্জ হচ্ছে। সেগুলোকে করতে হলে আমাদের যে অর্থের প্রয়োজন তা আমাদের নেই। তারা প্রশ্নটা তুলেছেন, লিখিত ভাবে তাদের বক্তব্যে সেটা তারা আনেন নি। আমার বক্তব্য আর দীর্ঘ করব না, সবাইকে ধন্যবাদ জানিয়ে, বিশেষ করে বিরোধী পক্ষকে ধন্যবাদ জানাচ্ছি। কারণ তারা বুঝেছেন রাজ্য সরকারের পক্ষে গোটা ব্যাপারটাকে কাটিয়ে ওঠা সম্ভব নয়। রুগ্ন যেগুলো হয়েছে সেগুলো নানা কারণে হয়েছে, তার মধ্যে ফ্যামিলি ফিউড আছে, অপদার্থ ম্যানেজমেন্ট আছে, অর্থের অভাব আছে। ডাইভারসিফিকেশনের অভাব আছে, লিবারেশনের অভাব আমাদের দেশে আছে সেটা তারা জানেন। কাজেই এটা তারা লিখিত ভাবে বিরুদ্ধাচরণ করবার জন্যই করেছেন। আমি তাদের এই কাট মোশনের বিরোধিতা করে এই ব্যয় বরাদ্দের প্রস্তাবকে সমর্থন করছি।

[6-20 — 6-30 P.M.]

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলী ঃ** মাননীয় উপাধ্যক্ষ, মহাশয়, আমি আমাদের দপ্তরের বাজেট প্রস্তাব সম্পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করছি। আমি এইভাবে উত্তর দেওয়ার চেষ্টা করব। কাট মোশনের ভিতর যেগুলো খুব গুরুত্বপূর্ণ তার দু একটি আমি উল্লেখ করার চেষ্টা করব। আর বিভিন্ন বক্তারা যে প্রশ্ন তুলেছেন তার জবাব দেওয়ার চেষ্টা করব। সময় সীমিত কাজেই অনেকটা ধরে বলা যাবে না. যতটা সম্ভব আমি বলার চেষ্টা করব। প্রথম হচ্ছে সৌগত বাবু। কংগ্রেসের প্রথম বক্তা ছিলেন। সৌগত বাবু গুছিয়ে বলেন, ভালো বলেন এবং শিক্ষিত লোক। কিন্তু মুশকিল হচ্ছে আমরা যা বলছি সেটাই ঠিক আর বাকি কেউ কিছু জানে না, এটা মনে করা উচিত না। উনি একটা কোম্পানির নাম বলেছেন। আমাদের এখানে আসে নি কেন? আমাদের এখানে কেউই আসছেন না ইত্যাদি। আমি রাজনীতির দিকে দু একটি কথা পরে বলব। আপনি আই. টি. টি.-র কথা বলেছেন। এটা খুব মারাত্মক বলেছেন বলে উল্লেখ করছি। সব তো বলা যাবে না। আই. টি. টি কোম্পানিটা পৃথিবীতে নেই। সুতরাং ওদের এখানে আসার কোনও সম্ভাবনা নেই। ১৯৮৭ সালে আই. টি. টি. কোম্পানিটা উঠে গেছে। আই. টি. টি. — ইন্টারন্যাশন্যাল টেলিগ্রাফ অ্যান্ড টেলিফোন কোম্পানি — এটা উঠে গিয়ে, এখন এদের কাজ করছে অ্যালকাটেল এবং শুনলে খুশি হবেন অ্যালকাটেল পৃথিবীর ১০টা ফাস্ট টেন কোম্পানির মধ্যে একটা। এতদিন পর্যন্ত সারা পৃথিবীতে এদের ব্যবসা বাণিজ্য কেন্দ্র ছিল।

ভারতবর্ষ এবং দক্ষিণ এশিয়াতে ছিল না। এই প্রথম এই মাস থেকে অ্যালকাটেল, এলডেন কোম্পানির সাথে যৌথ উদ্যোগে এসেছে। পশ্চিমবাংলায় এলডেন কোম্পানির ৬টা ছোট ছোট কারখানা আছে। বিহারে দুটো আছে। পাওয়ার সেক্টরে অনেকগুলো কাজ করে ওরা। এর সাথে অ্যালকাটেল আসছে। তাছাড়া বড় বড় যে কোম্পানীগুলো আসছে সফট ওয়ারে কয়েকটা আপনাকে উল্লেখ করছি। প্রথম ধরুন সিমেন্স মরাশুইতা এসেছে। মারশুইতা এসেছে। পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম সফট ফেরাইটে। কল্যাণীতে ওদের কারখানা হচ্ছে, ভারতবর্ষে এখন শ্রেষ্ঠ ফেরাইটে। যেটা আমাদের এ. সি. সি. সেমেন্স মারশুইতা ওরা করেছে। সিমেন্সের ওয়েবেল হচ্চে পার্টনার। ওরা আজকে ভারতবর্ষে ফেরাইটে সবচেয়ে বড় কোম্পানি। তারপর এ. সি. সি.-র সাথে আরেকটা জয়েন্ট সেক্টর আছে। টেলি কোয়াটজ ঘড়ির মধ্যে যেটা থাকে, ভারতবর্ষের কোথাও নেই। আজকে ওরা এটা পশ্চিমবাংলায় করেছে। ছোট বড় প্রশ্ন এটা নয়। এটা হচ্ছে লেটেস্ট টেকনোলজি ওয়াল্ডে। সে তো ক্যাপিটাল ইনসেনটিভ হবে, লেবার ইনসেনটিভ হবে। সেটা আমি পরে আসছি। সীমা কোম্পানি — থার্ড লার্জেস্ট কোম্পানি অব ইওরোপ। এরা ২৩।২৪ তারিখে আমাদের এখানে আসবে। আমাদের এগ্রিমেন্ট সই হবে ওয়েবেলের সাথে। গেস্টনাররিকো ওরা এখানে একটা ইন্টারন্যাশন্যাল প্রোডাকশন সেন্টার করবে সল্ট লেকে। দেখে আসতে পারেন। সল্টলেক ইলেকট্রনিক্স কমপ্লেক্সে কত বড় কাজ গিয়ে দেখে আসতে পারেন। আরও অনেকগুলো যেমন বার্টেক কম্পিউটার। আমাদের সাথে কথা হয়ে গেছে। ওরা আমাদের এখানে আসবেন। হিউলেট প্যাকার্ড কোম্পানি ভারতীয় একটা কোম্পানির সাথে যৌথ ভাবে আসছে। এই কয়টা উল্লেখ করলাম। এখন একটা কথা আপনাদের কাট মোশনে আছে, মাননীয় সদস্য সুলতান আমেদের, সেটা হচ্ছে কেন্দ্রীয় নীতির সুযোগ আমরা কেন নিতে পারলাম না।

সেটা হচ্ছে যে কেন্দ্রীয় নীতির সুযোগ আমরা কেন নিতে পারলাম না। ১৯৯১ সালে যে আর্থিক নীতি আগেকার কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সেই সুযোগ গ্রহণ করতে পারে নি। এর রেজাল্টটা কি? এই যে আগের আর্থিক নীতির — "The average annual growth of gross domestic product which stood at 6.3% in the five years (1986-87 to 1995-96) fell to 4.7% in the subsequent five years (1991-92 to 1995-96). The average rate of growth of industrial production came down from 8.4% to 5.9% over the same comparable period".

আমি এটা বলতে চাইছি যে কেন্দ্রীয় সরকারের আর্থিক নীতির কোনও কোনও জায়গায় আমরা বিরোধিতা করি, আর কোনও কোনও জায়গায় আমরা বলেছি যে, নিজেদের পায়ে দাঁড়িয়ে বিশ্বের সাথে যোগাযোগ রাখা যায়। সেই কথা গত ৫ বছরে ১৯৯১ সাল থেকে এখনও পর্যন্ত এই হাউসের মধ্যে বহুবার আলোচনা হয়েছে। এটা আরও একবার রিপিট করার দরকার নেই। কাজেই নয়া আর্থিক নীতির উপর খুব বেশি জোর দিয়ে লাভ নেই। এটা নিয়ে আলোচনা করলে অনেকক্ষণ আলোচনা করা যায়। আমাদের নীতি — একটা রাজ্যের যে অর্থনৈতিক বিকাশ হয়েছে কৃষিক্ষেত্রে, গ্রামীন অর্থনীতির ক্ষেত্রে, তার সাথে সামঞ্জস্যপূর্ণ। গ্রামীন অর্থনীতি এবং শহরের অর্থনীতির সাথে আমরা একটা সুদৃঢ়

সামঞ্জস্য সৃষ্টি করতে চাই। সেই লক্ষ্যে আমাদের শিল্পায়নের প্রচেষ্টা। ১৯৯১ সালের নয়া আর্থিক নীতির প্রশ্ন তুলে কোনও লাভ নেই। অনেকটা বলতে পারব না বলে একটা কথা বলে দিচ্ছি যে, দীপক নাইয়ার হচ্ছেন নরসিমা রাও গভর্নমেন্টের চিফ ইনকনমিক অ্যাডভাইজার — আজকের বিজনেস টেলিগ্রাফে ওনার একটা ইন্টারভিউ বেরিয়েছে, সেটা আমি লিখে এনেছি। সেটা পড়ছি —

"In the run up to the election, the government had unleed a barrage of propaganda about the performance of the economy over the past 5 years. Much of which, however, is manipulative statistical jugglery, deceptive half truth or just plain imagination".

এটা দীপক নাইয়ার বলেছেন। দীপক নাইয়ারের বিগত ১৯৯১ সাল থেকে ১৯৯৬ সাল পর্যন্ত নরসিমা রাও গভর্নমেন্টের নয়া অর্থনৈতিক নীতি সম্বন্ধে এই হচ্ছে মূল্যায়ন। আজকে বিজনেস টেলিগ্রাফে এই কথা বেরিয়েছে। আমি দীপক নাইয়ারের কথা এই জন্য বললাম যে, আপনাদের গভর্নমেন্টের সাথে, নয়া আর্থিক নীতির সাথে উনি ওতপ্রোত ভাবে যুক্ত ছিলেন। তারপর যে কথা ছিল, আর যে কাজটা আপনারা করেছেন, সেটা দেখে উনি বিরক্ত হয়ে এই ইন্টারভিউ দিয়েছেন। আজকের বিজনেস স্ট্যান্ডার্ড দেখে নেবেন! তাতে যদি আপনি ঠিক সন্তুষ্ট না হন, তাহলে বামপন্থী নয়, কমিউনিস্ট নয়, একজন বিশ্ব বিখ্যাত অর্থনীতিবিদ অমর্ত্য সেন সম্প্রতি যে বইটা লিখেছেন, সেই বইটা আপনি পড়ে দেখে নেবেন। সেটা পড়ে দেখলেই বুঝতে পারবেন যে, ছত্রে ছত্রে ভারতবর্ষ কোথায় যেতে পারত, কিন্তু কোথায় দাঁড়িয়ে আছে? এটা পড়ে দেখবেন। এখানেই আমাদের প্রতিবাদ ছিল। রাজ্যের তো অত ক্ষমতা নেই যে, নিজে সম্পূর্ণ একটা নূতন নীতি ঘোষণা করে দেবে। কিন্তু আমরা বলতে চেয়েছি যে, এটা ভুল। এই পথে গেলে স্টেট সেক্টরগুলি দুর্বল হবে। সমস্ত স্মল স্কেল ইন্ডাস্ট্রি যদি তুলে দেওয়া হয়, তাহলে আমাদের অর্থনীতি দুর্বল হবে, মার খাবে। প্রকৃতই সেটা হয়েছে এবং দেশের লোক বুঝেছে এবং সেইজন্য নির্বাচনে এই ফল হয়েছে। এটা বুঝতেই পারছেন যে এটার উপর নির্বাচন হয়েছে। শিল্পায়ন ও নির্বাচন — এই কথাটা সৌগত বাবু এটা তুলেছেন যে, আমরা শিল্পায়নের কথা অনেক বলেছি, কিন্তু নির্বাচনের সময় ম্যানুফেস্টোতে এটা আমরা বড় করে রাখি নি। এর কারণটা খুবই সিম্পল। কারণ হচ্ছে বড় আর মাঝারি শিল্প রাজ্যের এক্তিয়ার ভুক্ত নয় এখনও। ডিলাইসেন্স হয়েছে, ফ্রেড ইকুইলাইজেশন খানিকটা উঠে গেছে। তা সত্বেও ফিনানসিয়াল ইনস্টিটিউশন আমাদের হাতে নেই। ব্যাঙ্ক আমাদের হাতে নেই। ফরেন ইনভেস্টমেন্ট প্রোমোশন বোর্ড আমাদের হাতে নেই। ব্যাঙ্ক আমাদের হাতে নেই। এমন কি সেন্ট্রাল ইনভেস্টমেন্টও আমাদের হাতে নেই। সেইজন্য রাজ্য কখনও বড় মাঝারি শিল্পের ক্ষেত্রে ইচ্ছা প্রকাশ করতে পারে, কিন্তু যেখানে কর্মসূচি গ্রহণ করা হয়েছে যে আমরা নির্বাচনে জিতে সরকার গড়লে কি কি কাজ করব, তাতে কখনও কমিটমেন্ট আসতে পারে না যেহেতু এতে অনেকগুলি বাধ্য বাধকতা আছে।

[6-30 — 6-40 P.M.]

যেহেতু অনেকগুলো বাধ্য বাধকতা আছে। যেখানে আমরা পারি, সেখানে সীমাবদ্ধ

আর্থিক ক্ষমতার মধ্যেও যেমন — স্বাস্থ্য. পরিষেবা, শিক্ষার সম্প্রসারণ, কৃষির উন্নয়ণ, গ্রামোন্নয়ণ, পঞ্চায়েত, পুরসভা — এইসব বিষয়ে আমরা যথেষ্ট জোরের সঙ্গে উল্লেখ করেছি। কাজেই এ বিষয়ে কনফিউশন থাকার কোনও কারণ থাকতে পারে না। এখানে অনেকেই যেটা জানতে চেয়েছেন যে কি, কতদূর হচ্ছে? আমি এখানে একটা কথা বলে নিতে চাই যে পশ্চিমবঙ্গে যে শিল্পায়ণ প্রচেষ্টা শুরু হয়েছে তাতে এখনও প্রধান বাধা কেন্দ্রীয় সরকার। এটা কংগ্রেসের লোকেদের বোঝা দরকার। কংগ্রেসের লোকেরা জ্ঞানে, অজ্ঞানে এই রাজ্যের যে ক্ষতি করেছে তা সীমাহীন। আজও আপনারা যে সব কথা বললেন তাতে আপনাদের কোনও রিয়ালাইজেশন হয়েছে বলে মনে হয় না। যদি হত তাহলে আপনারা খেয়াল রাখতেন। আপনারা কংগ্রেস করেন, পশ্চিমবঙ্গেব লোকেরা তো আপনাদের জিতিয়েছেন। আপনাদের মনে রাখা উচিত, এটা এমন একটা রাজ্য যেটা ভাগ হয়েছে — পাঁচ ভাগের তিন ভাগ বিদেশ হয়েছে। পাঞ্জাব হয়েছে — পাঞ্জাবকে আপনারা পুরোপুরি ঠিক করে দিয়েছেন। আর এখানে ১৫ বছর শিয়ালদহ স্টেশনে রেফিউজি ছিল। ৮০ লক্ষ উদ্বাস্তু আসার কথাটা আমরা বড় করে বলি নি। রেফিউজির একটা হিসাব বলেছি, তাদের চাপের কথা বলেছি। ৮০ লক্ষ উদ্বাস্তু কেন? কারণ এই উদ্বাস্তুরা বাংলাদেশ থেকে আসে, বিহার থেকে আসে, উড়িষ্যা থেকে আসে — খুব গরিব লোক, যারা জমি থেকে উচ্ছেদ হওয়া লোক, তারা বেঁচে থাকার জন্য পশ্চিমবঙ্গে আসে। পশ্চিমবঙ্গের মাথা-পিছু জমির পরিমাণ খুবই কম। কেন কম হয়েছে? আমাদের একটা শহর ভিত্তিক রাজ্য। কেন আমাদের তো ঢাকা ছিল, কলকাতা ছিল, চট্টগ্রাম ছিল -- সেটা তো কেটে গেল, আপনারা তার কোনও দায়-দায়িত্ব নিলেন না। ওরা নিল না, আপনারাও প্রতিবাদ করলেন না। আর এখনও ওরা সেন-র‍্যালে বন্ধ করে রেখেছে। হিন্দুস্তান কেবলস বন্ধ করে রেখেছে। তাপস বাবু, যতদূর সম্ভব আপনার বিধানসভা এলাকায় সেন র‍্যালে, হিন্দুস্তান কেবলস কেন ধ্বংস হচ্ছে, সেটা নিজে গিয়ে একবার দেখুন। এখন মুশকিল হচ্ছে, দুঃখের বিষয় হচ্ছে এই যে হিন্দুস্তান কেবলসের মতো একটা দৈত্যাকৃতি কারখানা, যার কথা মাননীয় সুনীতি বাবু উল্লেখ করেছেন, আপনারা জানেন কেন এর খারাপ অবস্থা হয়েছে? এরকম একটা কারখানা, মানে একটা বিরাট শহর, হাজার হাজার কোয়ার্টার্স — এখানে র-মেটেরিয়ালসের অভাব নেই, কেন্দ্রীয় সরকারের নীতির জন্য এই কারখানার অবস্থা খারাপ হয়েছে। শুনে নিন, আপনি ম্যানেজমেন্টের সাথে, ইউনিয়নের সাথে কথা বলুন। আপনাদের তো ওখানে ইউনিয়ন আছে। আমি দেখেছি ওরা সবচেয়ে ভাল টেলিকমিউনিকেশন কেবল করেন, সবচেয়ে ভাল রেলওয়ে কেবল করেন। কিন্তু ওরা অর্ডার দেওয়া কমিয়ে দিয়েছে। ওরা বলছে ইন্টারন্যাশন্যাল টেন্ডারের মধ্যে দিয়ে আসতে হবে। ৪০ বছর ধরে ভারতবর্ষের মধ্যে সবচেয়ে ভাল এই জিনিস তারা তৈরি করছে ভারত সরকারের কারখানায়। অথচ এখন বলছে ইন্টারন্যাশন্যাল টেন্ডারের মধ্যে দিয়ে আসতে হবে। ওদের এত বিশেষজ্ঞরা আছে যে ওরা ইন্টারন্যাশন্যাল টেন্ডারও পেয়েছে। জেনে রাখুন, ইন্টারন্যাশন্যাল টেন্ডার পাওয়ার পর ভারত সরকার বলেছেন — তোমাকে অর্ডার দিলাম, তুমি মাল সাপ্লাই কর, ৭ বছরে টাকা পাবে, ২৮টা কোয়ার্টারে চেকে পেমেন্ট করা হবে। সুব্রত বাবু আপনাদের ইউনিয়ন আছে, আপনাকে ওপেন ইনভাইটেশন জানাচ্ছি — ম্যানেজমেন্টের সাথে কথা বলে দেখন। ম্যানেজিং ডাইরেক্টর থেকে, আনস্কিলড ওয়ার্কার সকলের সাথে কথা বলে

দেখুন। এটা অগ্রগতির লক্ষণ নয়, আমাদের জন্য এর খারাপ অবস্থা হয় নি। ইন্দিরা গান্ধী একটা সেড করেছিলেন, একটা জায়গা রেখেছিলেন যে, ওরা একটা অ্যানসিলিয়ারি করবে। ওরা আমাদের রিকোয়েস্ট করল যে, ওই সেড নিয়ে রাজ্য সরকার যদি পারেন তবে একটা স্মল স্কেল করুন। এভাবে আপনারা হিন্দুস্তান কেবলস ধ্বংস করার চেষ্টা করছেন, ভারত হেভি ইলেকট্রিক্যালস লিমিটেড যেটা পৃথিবীর মধ্যে ৫-৬ নম্বর স্থানে আছে, তাকে ধ্বংস করার চেষ্টা করছেন, ও. এন. জি. সি. কে ধ্বংস করার চেষ্টা করছেন যারা শুধু বোম্বে হাই থেকে ১০ হাজার কোটি টাকা রোজগার করে দেন। আগে যা করেছেন এবং গত ৫ বছরে যা করেছেন তার জন্য তো অনেক ফল ভোগ করতে হবে, ঠিক হবে না তো। এখন একটা কথা এল, সেটা হচ্ছে রাস্তা কম কেন?

দেশ ভাগ হওয়ার ফলে আমাদের মত দুর্দশা কার হয়েছে ভারতবর্ষে? এতখানি ক্ষতি হয়ে গেলেও কেন্দ্রীয় সরকার এদিকে তাকাল না, ঢেলে দিল বোম্বে, মহারাষ্ট্র, গুজরাটকে। এটা বাস্তব। আপনারা এখানকার এম. এল. এ.। আপনারা এটা স্বীকার করেন না, এটা দুঃখের বিষয়। হলদিয়া পেট্রো কেমিক্যালস লিমিটেড সম্বন্ধে সৌগত রায়, সুব্রত বাবু, দুজনে উল্লেখ করেছেন। সুব্রত বাবু অনেকদিন বিদেশে ছিলেন, আপ ডেট খবর তিনি পান নি, যারা তাঁকে খবর দিয়েছে, আগের খবর দিয়েছে, গত সপ্তাহের আগের সপ্তাহে প্রশ্নের জবাবে হলদিয়া পেট্রো কেমিক্যালস নিয়ে আমি বলেছি। আমরা বলেছিলাম প্লাস্টিকের যুগ আসছে। পেট্রো কেমিক্যালস ইন্ডাস্ট্রি না হলে কখনও ইকনমিক ডেভেলপমেন্ট হতে পারে না। আমরা চেয়েছিলাম দিল্লির সরকার দিল না। প্রাথমিক সই করতে ১১ বছর সময় লাগাল, যেটা করতে লাগে দু মাস। তাও ভি. পি. সিং সরকার সই করেছে। আপনারা জানেন মহারাষ্ট্র আর গুজরাটে পেট্রো কেমিক্যালস কমপ্লেক্স ভারত সরকার করে দিয়েছে নিজেদের খরচে। এখানে করল না, রিলায়েন্সের প্রোডাক্ট এখানে আসে। পেট্রো কেমিক্যালস কমপ্লেক্স এখানে হোক, এটা কেন্দ্রের কংগ্রেস সরকার চায় নি। সুব্রত বাবু যেটা হিসেব দিলেন ৩৬শ কোটি টাকা ছিল। সেটা এখন ৫ হাজার ১৭০ কোটি টাকায় দাঁড়িয়েছে। ম্যাটেরিয়াল পার্টটা সবটা বলা যাবে না, আমি খানিকটা বলছি। ডেফারড পেমেন্ট যে গ্যারান্টি আপনি বললেন ওরা দিতে চাইছে না, সেটা পাওয়া যাবে কয়েক দিনের মধ্যে। ইক্যুইটিন্টা বেড়েছে। পশ্চিমবঙ্গ সরকার দিয়েছে, টাটা দিয়েছে, ওরাও দেবে। ট্রায়োর সাথে যে চুক্তি হয়েছিল, সেটা কার্যকর করা যায় না। অনেকগুলো চুক্তি হয়েছে। পেকটেল ম্যানেজমেন্টের কনসাল্টেন্সির ব্যাপারে যে চুক্তি হয়েছিল, একটা কাগজে বেরিয়েছিল এটা হবে না — সেটা ঠিক না। তাতে কোনও অসুবিধা নেই, সেটা হয়ে যাবে। হলদিয়া পেট্রো কেমিক্যালসের ব্যাপারে বলা যেতে পারে, প্রচন্ড বাধার মধ্যে দিয়ে হলেও এমন জায়গায় এসেছি, এর নির্মাণ দ্রুত শুরু হবে। ১১০০ একর জমি নেওয়া হয়েছে। প্রচুর কাজ হয়েছে। এখানে রিহ্যাবিলেশন কলোনি তৈরি হয়েছে। প্রাথমিক কাজ হয়েছে, শুধু অনেক টাকা পয়সার ব্যাপার। এর কনসোর্টিয়ামের ব্যাপারে আই. ডি. বি. আই. দায়িত্ব নিয়েছে। আর, ইক্যুইটি কিছুটা কমে গেলে ভারসাম্য কমে গিয়েছিল। সেই ইক্যুইটি বাড়িয়ে একটা সাম্য আনা হয়েছে। বক্রেশ্বর সম্বন্ধে বলছেন? দুর্গাপুর থেকে সিউড়ি যদি কেউ যায়, তাহলে প্রথমে যখন বক্রেশ্বরে ঢুকবে, তার মনটা ভরে যাবে বিশাল কর্মকান্ড দেখে। এটা মনে রাখবেন, বক্রেশ্বরে যেটুকু অসুবিধা ছিল, দূর হয়ে গেছে। বক্রেশ্বর নিয়ে জাপানীদের

সাথে কথাবার্তা হয়ে গেছে। যদিও আমার ডিপার্টমেন্টের ব্যাপার নয়, আমি জানি বলে বলছি। হ্যাঁ, বক্রেশ্বরের জন্য প্রধানমন্ত্রী নরসিমা রাও, মনমোহন সিং সাহায্য করেছেন। এটা না হলে ঐ কোলাবরেশনে অসুবিধা হত। আমরা ইচ্ছাকৃত বিরোধিতা করি না। মেঘনা খুলবে। রিলায়েন্স খুলবে। ডানবার খোলার ব্যাপারে অসুবিধা আছে। মাননীয় সদস্য অশোক দেব ডানবারের কথা বললেন। যদি ভালো করে খোঁজ করেন, তাহলে দেখবেন এটা বন্ধ করেছে আপনাদেরই দলের একজন। মহম্মদ ইয়াকুব উত্তর বাংলার শিল্প সম্বন্ধে বললেন। উত্তর বাংলায় কিছুটা হয়েছে, আরও কিছুটা হওয়ার পরিকাঠামোর অগ্রগতি দরকার, সেটা আমি পরে আসছি।

[6-40 —- 6-50 P.M.]

আরও কিছুটা এর জন্য পরিকাঠামোর অগ্রগতি দরকার। মাননীয় সদস্য বলেছেন, এফ. ডি. আই. আসছে না। এফ. ডি. আই. আসছে না এটা ঠিক নয়। এ বিষয়ে মহারাষ্ট্র, দিল্লির পরেই আমাদের স্থান। লেটেস্ট ফিগার হিসাবে যখন ফরেন ইনভেস্টমেন্ট প্রোমেশন বোর্ড থাকার জন্য ইন্ডিয়ার ইনভেস্টমেন্ট সেন্টার হিসাবে যোগাযোগের সুযোগ ছিল। রাজ্য হিসাবে যোগাযোগের সুযোগ ছিল না। তখন বিশেষ কোনও প্রস্তাব আসে নি। মাত্র ৩। ৪ বছর ধরে এগিয়েছি। কারণ পশ্চিমবাংলায় অবস্থানগত সুবিধা, দক্ষ শ্রমিক ইত্যাদি আছে এবং সেই কারণে আসছে। এখানে নিউ সেন্ট্রাল জুট মিল সম্বন্ধে বলা হয়েছে। মাননীয় সদস্য সুব্রত বাবু এবং অশোক বাবুও জানেন, আমাদের ওয়ার্কারদের এতে মেজর শেয়ার আছে। নিউ সেন্ট্রাল জুট মিলে দুবার রিহ্যাবিলিটেশন প্যাকেজ দেওয়া হয়েছে। বি. আই. এফ. আর. থেকে পশ্চিমবাংলাকে যা দিতে বলা হয়েছিল তার চেয়ে অনেক বেশি টাকা আমরা দিয়েছি। কিন্তু মিল চলল না। এখন নিউ কো-অপারেটিভ ফান্ড থেকে ৪ কোটি টাকা এবং স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে কিছু পাওয়ার চেষ্টা করা হচ্ছে। ১৪ই আগস্ট বি. আই. এফ. আর.-এর হেয়ারিং আছে। যতদূর সম্ভব মিল চালু করবার চেষ্টা আমরা করছি। এখানে চিনির মিল নিয়ে কথা উঠেছে। সেখানে ১২৮ কোটি টাকার লায়াবিলিটিস আছে এতে রাজ্য সরকারের অংশ ৩২ কোটি টাকা আর ওয়ার্কারদের ৪০ কোটি টাকা আছে। রাজ্য সরকারের টাকা যদি মকুব করে দেওয়া হয় তাহলেও এটা চালানো মুশকিল হবে। এটাকে একটু নূতন ভাবে দেখা দরকার। সকলের সহযোগিতা না হলে হবে না। মেজর শেয়ার ওয়ার্কাদের। ডাইরেক্টর বোর্ড সিদ্ধান্ত নিল এটা চালানো সম্ভব নয়। কিছু দিন আগে ১ কোটি টাকা দেওয়া সত্বেও শ্রমিকদের দু সপ্তাহের মাইনে দিয়ে, এদিক-ওদিক কি হল—আমি বলতে চাই না—মিল বন্ধ হয়ে গেল। মাননীয় সদস্য তিমির বাবু বেলডাঙ্গা সুগার মিল সম্বন্ধে বলেছেন। এটা নিয়ে আমি আলোচনা করতে প্রস্তুত। তবে পশ্চিমবাংলায় ক্যান গ্রোয়িং কমান্ড এরিয়া যেটা আছে তাতে এটা ঠিক পলাশি, বেলডাঙ্গা, আইমেদপুর — এই তিনটে মিল চালানো সম্ভব নয়। এক রিপোর্টে একথা বলা হয়েছে। ভারত সরকারের যে, রিপোর্ট আমি তা পড়েছি, তাতে দেখেছি, আড়াই হাজার টনের বেশি উৎপাদন না করতে পারলে কোনও মিল ভায়াবেল হবে না। যাই হোক রাজ্য সরকার এটা নিয়েছিলেন কিন্তু চালাতে পারেন নি। তবে স্টাডি করে দেখা গেছে যে সয়েল কোয়ালিটি,

তাতে ঐ তিনটে মিল সাইমালটেনিয়াসলি চলতে পারে না। এই অবস্থায় বিশেষজ্ঞদের মতামত নিয়ে ঐ কোম্পানিকে ডাইভারসিফায়েড জুট প্রডাকশন করার জন্য দিই। ওঁরা ভালো কাজ করছেন এবং একমাত্র পশ্চিমবাংলায় এটা করেছেন। ওঁরা সাকসেসফুলি অনেক কাজ করেছেন। শুধু একটু অসুবিধা গন্ডগোল হয়েছিল পজিশন নেবার সময়। কিন্তু এখন ওরা করবেন। মাননীয় সদস্য সুলতান আহমেদ বেঙ্গল এয়ার সম্বন্ধে বলেছেন। আমরা ফিডার রুট চালু করতে চাই। আমাদের রিপোর্টে ছিল, শিলিগুড়ি থেকে কলকাতা এক্সপ্রেস হাইওয়ে করার কথা। এয়ার ট্রাফিক, রিভার ট্রাফিকও করতে হবে। না হলে একজিকিউটিভ-রা যাতায়াত করবেন কি করে? আপনারা তো হাইওয়ে ঠিক করার জন্য টাকা দিচ্ছেন না। স্বাধীনতার পরে রেলওয়ে-এর এক্সপ্রেনশনের জন্য একটা টাকাও দিলেন না। শুধু মাত্র টেলিকমিউনিকেশনে ছাড়া অন্য কোনও ক্ষেত্রে কিছুই সাহায্য দিলেন না। এক্সপার্ট কমিটির রিপোর্টেও এ সম্বন্ধে বলা হয়েছে। বেঙ্গল এয়ার সার্ভিস প্রাইভেট লিমিটেড যে রিপোর্ট বেরিয়েছে তাতে বলা হয়েছে — ফিডার রুট চালাতে চাই। সব কিছু হয়েছে। কোম্পানি তৈরি হয়েছে, স্টাডি হয়েছে। আর আই. ডি. বি. আই. লোনের ব্যাপার আছে, আমরাও কিছু টাকা দেব। কিছু পুরনো পাইলট এক সঙ্গে একটা কোম্পানি করে এটা করছে। যদিও আমাদের সামান্য কিছু টাকা থাকছে তবুও এটা জয়েন্ট সেক্টর নয়। ওদের সঙ্গে উড়িষ্যার একটা কোম্পানি পার্টনারসিপে এটা করছে। ইতি মধ্যেই আমি এ বিষয়ে একটা স্টার কোশ্চেনের রিপ্লাই এই বিধানসভায় দিয়েছি। এখন পর্যন্ত এটা খুবই ভাল পর্যায়ে আছে।

'সিলভার জেট ক্যাটাম্যারণ' নিয়ে অত ব্যাঙ্গ করার কিছু নেই। এই সার্ভিসের দরকার ছিল, তাই এটা চালু হয়েছে। এসব জিনিসে প্রথম দু এক বছর যাত্রী কম হয়। এখনই বেশি যাত্রী হবার মতো অত ইন্ডাস্ট্রি হলদিয়ায় হয় নি। আগামী দু তিন বছরের মধ্যে এই সার্ভিস নিশ্চয়ই আমাদের উপকারে আসবে। এ ছাড়াও আমরা হলদিয়া পর্যন্ত একটা এক্সপ্রেসওয়ে, রাস্তা করার চেষ্টা করছি। দুটো উদ্দেশ্য নিয়ে রাস্তাটি করা হচ্ছে — এক, তাড়াতাড়ি হলদিয়া যাবার জন্য; দুই, রাস্তাটির দুপাশে বিভিন্ন কারখানা গড়ে উঠবে।

মাননীয় সদস্য শেখ দৌলত আলি দেখছি চলে গেছেন। তবুও আমি তাঁর কথার উত্তর দিচ্ছি। উনি বলেছেন, 'ফলতায় কিছু হচ্ছে না'। ওঁর কথা ঠিক নয়। ফলতার কথা উঠলেই লোকে শুধু মাত্র এক্সপোর্ট জোনের কথা ভাবে। কিন্তু এক্সপোর্ট জোন বাদেও ফলতায় দুটো গ্রোথ সেন্টার, শিল্প বিকাশ কেন্দ্র হয়েছে এবং সে দুটো ইতি মধ্যেই সম্পূর্ণ ফিল-আপ হয়ে গেছে। এখন আর ওখানে এক একর জমিও কাউকে দিতে পারছি না। আরও নূতন জমি আমরা নিতে যাচ্ছি। ১৮টা শিল্প ইউনিটকে জমি দেওয়া হয়েছে এবং তার মধ্যে ১০টা ইউনিট চালু হয়েছে। তাতে এ. সি. সি. আছে, গ্রিভস আছে, বালা টেকনো সিন্থেটিক্স আছে। ওখানে পেসিফিক কস্টপিস লিমিটেড এবং ডেলটা কর্পোরেশনের কারখানার নির্মাণ কার্যও প্রায় শেষ পর্যায়ে এসে গেছে, শীঘ্রই চালু হবে।

উলুবেড়িয়ার শিল্প বিকাশ কেন্দ্র সম্পর্কেও এখানে অনেকে বলেছেন। তবে ওখানকার পজিশন যে রকম বলা হল সেরকম নয়। আমি ইতিমধ্যে চার বার উলুবেড়িয়ায় গিয়েছি।

এ পর্যন্ত উলুবেড়িয়া শিল্প বিকাশ কেন্দ্রে ৪৯টি শিল্প ইউনিটকে জমি দেওয়া হয়েছে। এর মধ্যে ২১টি শিল্প ইউনিটকে ১৯৯৪-৯৫ সালে জমি দেওয়া হয়েছে। এই শিল্প ইউনিটগুলির মধ্যে ১৪টি ইতিমধ্যেই চালু হয়েছে, এবং ২২টি শিল্প ইউনিট কারখানা তৈরির কাজ শুরু করেছে।

[6-50 — 7-00 P.M.]

ফলতায় যান. উলুবেড়িয়ায় যান, সল্টলেকের ইলেকট্রনিক্স কমপ্লেক্সে যান, গিয়ে দেখে আসুন। আপনাদের বিরোধিতা না করলেও চাকরি যাবে না, কারণ এখন আবহাওয়া অন্যরকম, কাজেই সমর্থন করতে পারেন। মাননীয় সদস্য শ্রী সুনীতি চট্টরাজ আমেদপুর সুগার মিল সম্পর্কে বলেছেন। আমেদপুর সুগার মিলটিকে ভাল ভাবে দাঁড় করাবার চেষ্টা করছি। আপনাদের (কংগ্রেসিদের উদ্দেশ্য করে) সহযোগিতা পেলে ভাল হয়। আশা করি, আপনারা সেই চেষ্টা করবেন। এখানে যদিও ক্যাপিটাল ইনভেস্টমেন্টের অসুবিধা আছে, কিন্তু এর মধ্যে চাষ বাড়াবার জন্য বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। বেশিটা আপনাদের সহযোগিতার উপর নির্ভরশীল। ঠিক কিভাবে কি করা যায় সেটা আমরা চেষ্টা করছি। আর একটা কথা ফিগার দিয়ে মাননীয় সদস্য বলেছেন, হাইটেকে যে ইনভেস্টমেন্ট হবে তার এমপ্লয়মেন্ট কি? আমাদের যেমন হাইটেক ইন্ডাস্ট্রি দরকার, তেমনি লেবার ইনটেনসিভ ইন্ডাস্ট্রিও দরকার। আমরা এ বিষয়ে সচেতন। আপনারা যেরকম ৩০ বছর ধরে অর্থাৎ তিন দশক ধরে পশ্চিমবাংলাকে নষ্ট করেছেন এই নষ্ট করার ফলে এই সময়ে পৃথিবীতে বিজ্ঞান, প্রযুক্তির যে অগ্রগতি হয়েছে সেই লিংকেজ যদি আমরা করতে না পারি তাহলে নিউ জেনারেশন কি পাবে? ধ্বংস হয়ে যাবে। যেমন, কম্পিউটার সফট ওয়্যার নিয়ে আমাদের মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু এত চেষ্টা করলেন, কিন্তু দিল্লি থেকে দিল না, বাঙ্গালোরে করে দিলেন। ১০ হাজার ছেলে মেয়ের ওখানে চাকরি হল। ৫ হাজার পশ্চিমবাংলা থেকে গেছে। আমরা নিজেরা চেষ্টা করছি। ৮৯ একর জমি নিয়েছিলাম, পুরোটা হয়ে গেছে। আরও ১০০ থেকে ১৫০ একর জমি নিতে যাচ্ছি। খুবই উল্লেখযোগ্য প্রস্তাব আমাদের কাছে এসেছে এইসব ব্যাপারে। সেইজন্য বলছি, হাইটেক যেমন দরকার, আধুনিক জ্ঞান-বিজ্ঞান, প্রযুক্তির যেমন দরকার, সঙ্গে সঙ্গে তেমনি লেবার ইনটেনসিভ দরকার। লেবার ইনটেনসিভের জন্য আমরা যেটা করছি সেটা হচ্ছে, লেদারের উপর জোর দিয়েছি, গারমেন্টসের উপর জোর দিয়েছি, হোসিয়ারির উপর জোর দিয়েছি, ফুড প্রসেসিং-এর উপর জোর দিয়েছি, অ্যাগ্রো বেসড ইন্ডাস্ট্রির উপর জোর দিয়েছি, হর্টিকালচারের উপর জোর দিয়েছি, স্মল স্কেল ইন্ডাস্ট্রির উপর জোর দিয়েছি। কৃষির অগ্রগতি, লেবার ইনটেনসিভের অগ্রগতি আর হাইটেক-এর অগ্রগতি এগুলি মিলিত ভাবে করার চেষ্টা করছি। তারপর দুর্গাপুর স্টিল প্ল্যান্ট সম্পর্কে একজন মাননীয় সদস্য উল্লেখ করেছেন। দুর্গাপুর স্টিল প্ল্যান্টকে ৪ হাজার কোটি টাকা দিয়ে আধুনিকীকরণ করা হয়েছে। এখন প্রডাকশন ডাবল হয়েছে।

(নয়েজ)

শুনুন, শুনুন। চিৎকার করে কিছু হবে না। আপনাদের কথা আমি শুনেছি, আমার কথা আপনাদের শুনতে হবে। এম. এম. সি. কারখানা আপনারাই বন্ধ করে দিয়েছেন।

*(This is inclusive of a total sum of Rs. 90,00,000 already voted on account in February, 1996)* — was then put and agreed to.

**Demand No. 88**

The motion of Shri Sultan Ahmed that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Ashim Kumar Das Gupta that a sum of Rs. 4,30,40,000 be granted for expenditure under Demand No. 88, **Major Head : "3475 — Other General Economic Services".**

(This is inclusive of a total sum of Rs. 1,44,00,000 already voted on account in February, 1996) — was then put and agreed to.

[7-10 — 7-17 P.M.]

**Demand No. 93**

The motion of Shri Sultan Ahmed and Shri Gyan Singh Sohanpal that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Ashim Kumar Das Gupta that a sum of Rs. 95,47,00,000 be granted for expenditure under Demand No. 93, **Major Head : "4856 — Capital Outlay on Petro-Chemical Industries (Excluding Public Undertakings), 4860 — Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings), 4885 — Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings) and 6885 — Loans for Other Industries and Minerals (Excluding Public Undertakings)".**

(This is inclusive of a total sum of Rs. 31,83,00,000 already voted on account in February, 1996) — was then put and agreed to.

**Demand No. 94**

The motion of Dr. Ashim Kumar Das Gupta that a sum of Rs. 15,00,00,000 be granted for expenditure under Demand No. 94, **Major Head : "4859 — Capital Outlay on Telecommunication and Electronics Industries and 6859 — Loans for Telecommunication and Electronics Industries".**

(This is inclusive of a total sum of Rs. 5,00,00,000 already voted on account in February, 1996) — was then put and agreed to.

**Demand No. 95**

The motion of Dr. Ashim Kumar Das Gupta that a sum of Rs.

21,14,00,000 be granted for expenditure under Demand No. 95, **Major Head : "4860 — Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries), 6857 — Loans for Chemical and Pharmaceuticals Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries), 6860 — Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)".**

(This is inclusive of a total sum of Rs. 7,06,00,000 already voted on account in February, 1996) — was then put and agreed to.

**Demand No. 96**

The motion of Dr. Ashim Kumar Das Gupta that a sum of Rs. 12,90,00,000 be granted for expenditure under Demand No. 96, **Major Head : "6875 — Loans for Other Industries (Excluding Closed and Sick Industries and Public Undertakings) and 6885 — Loans for Other Industries and Minerals (Excluding Closed and Sick Industries)".**

(This is inclusive of a total sum of Rs. 4,30,00,000 already voted on account in February, 1996) — was then put and agreed to.

**Demand No. 97**

The motion of Dr. Ashim Kumar Das Gupta that a sum of Rs. 1,33,50,000 be granted for expenditure under Demand No. 97, **Major Head : "4885 — Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries)".**

(This is inclusive of a total sum of Rs. 45,00,000 already voted on account in February, 1996) — was then put and agreed to.

**Demand No. 74**

The motions of Shri Sultan Ahmed, Shri Abdul Mannan, Shri Anoy Gopal Sinha, Shri Asoke Deb, Shri Deba Prasad Sarkar and Shri Kamal Mukherjee that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Ashim Kumar Das Gupta that a sum of Rs. 42,61,20,000 be granted for expenditure under Demand No. 74, **Major Head : "2852 — Industries (Closed and Sick Industries), 4858 — Capital Outlay on Engineering Industries (Closed and Sick Industries), 4860 — Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), 4875 — Capital Outlay on Other**

বলতে ভুলে গেছি যেটা সুলতান আমেদ বলেছেন। এটা উনি কি করে বললেন? পেট্রাপোলের ঐ এক্সপোর্টের ব্যাপারটা খুবই অসুবিধাজনক। আমরা এটা ঠিক করার জন্য চেষ্টা করছি। কিন্তু এই ইনফ্রাস্ট্রাকচার ইন্ডিয়া গভর্নমেন্টকে দিতে হবে। বারে বারে বলা হয়েছে যে এটা বাংলা দেশের দিকে খুব ভাল আছে কিন্তু আমাদের দিকে একেবারে যা তা হয়ে আছে। সেজন্য অ্যাপ্রোচ রোডই বলুন, আর কনটেনার হোল্ডিং বলুন, এই ব্যাপারে আমরা ইন্ডিয়া গভর্নমেন্ট-এর সঙ্গে চেষ্টা করছি। এটা কিন্তু রাজ্য সরকারের ব্যাপার নয়। আপনি যে ভাবে বলেছেন তাতে অনেকের ভুল ধারণা হতে পারে। পেট্রাপোলের ইনফ্রাস্ট্রাকচার ঠিক করা, এটা রাজ্য সরকারের ব্যাপার নয়। তারপরে সল্ট লেকে একটা ইনটেলিজেন্ট বিল্ডিং আমরা করছি। পৃথিবীর আধুনিক জ্ঞান-বিজ্ঞান সেখানে যুক্ত হবে। তারপরে আমরা ইন্ট্রিগেট্রেড লেদার কমপ্লেক্স করছি এবং এর কাজ অনেকটা এগিয়ে গেছে। হলদিয়া, দুর্গাপুরে একটা করে পলি পার্ক করার চেষ্টা করছি। এগুলি আমাদের প্রজেক্ট। অনাবাসী ভারতীয়দের থাকার জন্য একটা বেঙ্গল এন. আর. আই. কমপ্লেক্স হচ্ছে। সিঙ্কোনা, গ্যাস, চা, খনিজ সম্পদের ব্যবহারের ব্যাপারে আমরা চেষ্টা করছি। তারপরে ই. এম. বাইপাসে নিউ ক্যালকাটা স্টক এক্সচেঞ্জ করছি ব্যবসা-বাণিজ্য আধুনিকীকরণের জন্য। তাজ, আই. টি. সি., হায়াৎ রিজেন্সি, এরা তিনটি হোটেল ডেভেলপমেন্ট করবে। যদি কোন ডেভেলপমেন্ট না হত তাহলে কেউ করতে আসত না। আর একটি কথা হচ্ছে, আমরা বহুবার এই বিধান সভায় এবং বাইরে বলার চেষ্টা করেছি যে মাশুল সমীকরণ নীতি, লাইসেন্স প্রথা, ক্রেডিট ডিপোজিট রেশিও, সেন্ট্রাল ইনভেস্টমেন্ট, এই ৪টি কারণে পশ্চিমবঙ্গের ক্ষতি হচ্ছে। এখন যে পরিস্থিতি হয়েছে, এখন যে সুযোগ এসেছে, আসুন, আমরা চেষ্টা করি সেটার ব্যবহার করতে। আমি এই ব্যাপারে আপনাদের সহযোগিতা চাই। আর তা যদি না করেন তাহলে ৫০ বছর পরে পশ্চিমবঙ্গের ইতিহাসে যে সব সমাজ বিজ্ঞানের ছাত্ররা পড়তে বসবে তারা আপনাদের ভূমিকা দেখে আঁতকে উঠবে যে, এরা এই রাজ্যের লোক হয়েও এই রাজ্যের এত ক্ষতি করেছে। আমি আশা করি সেই পথে আপনারা যাবেন না। আপনারা আমাদের সহযোগিতা করবেন এবং চেষ্টা করবেন পশ্চিমবঙ্গের অর্থনৈতিক অগ্রগতির জন্য, নিজের রাজ্যটাকে ঠিক করার জন্য। এই কথা বলে আপনারা যে ছাঁটাই প্রস্তাবগুলি এনেছেন, সেগুলির বিরোধিতা করছি এবং আমার বাজেট প্রস্তাবকে সমর্থন করার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 24**

The motion of Shri Saugata Ray (No.1) that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Shri Sultan Ahmed (No.2) that the amount of the Demand be reduced by Rs. 100/- was then and lost.

The motion of Dr. Ashim Kumar Das Gupta that a sum of Rs. 12,69,70,000 be granted for expenditure under Demand No. 24, **Major Head : "2058 — Stationery and Printing".**

(This is inclusive of a total sum of Rs. 4,24,00,000 already voted

on account in February, 1996) — was then put and agreed to.

**Demand No. 53**

The motion of Shri Shyamadas Banerjee that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Ashim Kumar Das Gupta that a sum of Rs. 2,34,00,000 be granted for expenditure under Demand No. 53, **Major Head : "4407 — Capital Outlay on Plantations and 6407 — Loans for Plantation".**

(This is inclusive of a total sum of Rs. 79,00,000 already voted on account in February, 1996) — was then put and agreed to.

**Demand No. 75**

The motion of Shri Sultan Ahmed, Shri Abdul Mannan, Shri Nirmal Ghosh, Shri Deba Prasad Sarkar and Shri Kamal Mukherjee that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Ashim Kumar Das Gupta that a sum of Rs. 38,09,45,000 be granted for expenditure under Demand No. 75, **Major Head : "2852 — Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)".**

(This is inclusive of a total sum of Rs. 12,70,00,000 already voted on account in February, 1996) — was then put and agreed to.

**Demand No. 76**

The motion of Dr. Ashim Kumar Das Gupta that a sum of Rs. 2,20,85,000 be granted for expenditure under Demand No. 76, **Major Head : "2853 — Non-Ferrous Mining and Metallurgical Industries".**

(This is inclusive of a total sum of Rs. 74,00,000 already voted on account in February, 1996) — was then put and agreed to.

**Demand No. 87**

The motion of Shri Gyan Singh Sohanpal l.c. that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Ashim Kumar Das Gupta that a sum of Rs. 2,67,50,000 be granted for expenditure under Demand No. 87, **Major Head : "5465 — Investments in General Financial and Trading Institutions and 7465 — Loans for General Financial and Trading Institutions".**

চলছে না। এইসবের জবাব দিতে পারবেন না। দুর্গাপুর স্টিল প্ল্যান্টের মর্ডানাইজেশনের জন্য ১৫০ থেকে ২০০ কোটি টাকার পার্টস কিনতে হবে। অ্যানসিলিয়ারী হিসাবে স্মল স্কেল ইন্ডাস্ট্রি আসবে। সুতরাং হাইটেক হলেও তার এ্যাফেক্ট হবে ইন্ডায়রেক্ট এমপ্লয়মেন্ট। তাই ব্যাপারটা বিরাট। সেইজন্য হাইটেক সব সময়ে না দেখা ঠিক হবে না। তারপর ইস্কো, সেন-র‍্যালে নিয়ে বলেছেন। সেন-র‍্যালের ব্যাপারে মাননীয়া সদস্যা, শ্রীমতী কণিকা গাঙ্গুলী ঠিকই বলেছেন। কিছুই নয়, সামান্য কিছু টাকা দিলে দাঁড়িয়ে যায়। আপনারা টু হুইলার চাইলে কি হবে? কেন্দ্রীয় সরকার এখানে টু হুইলার ইউনিট থাক সেটা চায় না। আর চায় না বলে কেন্দ্রীয় সরকার সেন-র‍্যালে কারখানাটিকে ডুবিয়ে দিয়েছে। ভারতবর্ষে বিগ বিসনেস টু হুইলার যারা চালায় তারা চায় না সেন-র‍্যালে কারখানা পশ্চিমবাংলায় থাকুক। সামান্য টাকা দিয়ে এই কারখানাটিকে রিভাইভ করা যায়। ২৫।৩০।৩৫ কোটি টাকা দিলেই হত। কিন্তু ইস্টার্ন ইন্ডিয়া সাইকেল মার্কেট দখলে রাখার জন্য পশ্চিমবাংলায় করতে দেওয়া হচ্ছে না। তারপর হিলস থেকে মাননীয় সদস্য নর বাহাদুর ছেত্রী যেটা বলেছেন .......

**মিঃ ডেপুটি স্পিকার :** মাননীয় সদস্যগণ, এই বাজেটের আলোচনার জন্য যে সময় নির্দিষ্ট ছিল তা শেষ হচ্ছে ৭টার সময়। দেখা যাচ্ছে আরও কিছু সময়ের প্রয়োজন। আমি আপনাদের সম্মতি নিয়ে আরও ১০ মিনিট বাড়িয়ে নিতে চাই।

(মাননীয় সদস্যগণ সম্মতি দেন।)

সময় আরও ১০ মিনিট বাড়ল। এবারে বিদ্যুৎ বাবু বলুন।

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** মাননীয় সদস্য নর বাহাদুর ছেত্রী যেটা বলেছেন লেদার, ফুড প্রসেসিং, মাশরুম, সিঙ্কোনা, ইলেকট্রনিক্সের ব্যাপারে সে সম্পর্কে মাননীয় মন্ত্রী রেজ্জাক মোল্লা সাহেব খানিকটা বলেছেন। এখানে ইলেকট্রনিক্সের ব্যাপারটা আমরা বড় ভাবে করার চেষ্টা করছি। সিঙ্কোনা সম্বন্ধে যেটা বলেছেন সে সম্পর্কে বলি, এমিথিন এবং ডায়োসিন এটা খুবই লোকসানের ব্যাপার। এর প্রডাকশান কষ্ট বা প্রাইস যা আর বিক্রির দাম যা তাতে হয় না। আর কুইনিন বার যেটা আছে সেটা গ্লোবাল টেন্ডার করে আমরা বিক্রি করার চেষ্টা করছি। এ ব্যাপারে রেসপনশও পেয়েছি। মংপু, থানসন, লাকাপাংচা, রংগ — এই ৪টি ডিভিশন নিয়ে সিঙ্কোনার যে টোটাল রিসার্চ সেন্টারগুলি, কারখানা ইত্যাদি আছে তার উন্নয়নের জন্য আমরা আন্তরিকভাবে চেষ্টা করছি। এ বিষয়ে ওর সঙ্গে খানিকটা আলোচনাও হয়েছে, পরে বিস্তারিত ভাবে আরও আলোচনা করা যাবে। কলকাতা এবং হলদিয়া পোর্ট সম্বন্ধে সুব্রত বাবু বলেছেন। কলকাতা এবং হলদিয়া পোর্টের সর্বনাশের জন্য কেন্দ্রীয় সরকারই দায়ী। তবুও গত বছর ওরা একশো কোটি টাকা লাভ করেছে। কাজেই এগুলি একেবারে ড্রাই ডক হয়ে গিয়েছে তা মনে করার কোন কারণ নেই। জলটা যদি ঠিক মতন দিত এবং অন্য কাজগুলি যদি কেন্দ্র ঠিক মতন করত তাহলে ভাল হতে পারত এবং সে সুযোগ এখনও আছে। এখানে বলা হয়েছে পশ্চিমবঙ্গে বন্ধ কলকারখানার সংখ্যা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি। এই তথ্য যেটা দিয়েছেন তা ভুল তথ্য। পশ্চিমবঙ্গে বড়, মাঝারি বন্ধ কারখানায় ব্যাঙ্ক এবং ফিনান্সিয়াল ইনস্টিটিউশনের যত টাকা আটকে আছে মহারাষ্ট্রে ঠিক তার দুগুণ টাকা আটকে আছে। মহারাষ্ট্র যেহেতু কেন্দ্রীয় সরকারের বদান্যতায়

ধারাবাহিক ভাবে নূতন শিল্প পেয়ে গিয়েছে সেইহেতু ওদের সামাজিক এফেক্টটা এতটা হয় নি যতটা আমাদের হয়েছে! হলদিয়াটা কবে হবে জানতে চেয়েছেন। আমি বিধানসভায় আগেও বলেছি, আবার বলছি, ১৯৯৯ সালে শেষ হয়ে যাবে। জুটের সম্বন্ধে প্রশ্ন তুলেছেন। আপনার মতন একজন লোক যিনি একজন নামকরা ট্রেড ইউনিয়ান নেতাও বটে, আপনি তো বললেন না কি ভাবে কেন্দ্রীয় সরকার জুট কর্পোরেশন অব ইন্ডিয়াকে ধ্বংস করে দিচ্ছে? আপনি তো ইউনিয়ান করেন, আপনি কি দেখছেন না কি ভাবে আজকে কাঁচা পাটের বাজারটা ফাটকাবাজদের হাতে তুলে দেওয়া হচ্ছে? এসব কথা তো আপনারা কিছুই বললেন না? আমাদের যে ইকনমিক সিস্টেম তাতে এখনও পঞ্চায়েতের মাধ্যমে সবটা সংগ্রহ করার জন্য সেইভাবে তাকে ইক্যুইপ্ট করা ডিফিকাল্ট। ১০ বছর ধরে জে. সি. আইকে তিলে তিলে শেষ করে দিয়ে জুট শিল্পের যে ক্ষতি করা হল আপনারা বলার সময় সেসব কথা বললেন না। আপনি শুধু কংগ্রেসের নেতাই নন, আপনি একজন ট্রেড ইউনিয়ন নেতাও বটে, কাজেই আপনার এটা বলা উচিত ছিল। তারপর আরও একটা কথা বলেছেন যে, 'জীবিত অবস্থায় দেখতে পারব কি'? এবারে বলছি, কি দেখতে পাবেন। ১৯৯১ সালে পশ্চিমবঙ্গে ২৮টি প্রকল্প কার্যকর হয়েছে, ১৯৯২ সালে ৫৮টি কার্যকর হয়েছে, ১৯৯৩ সালে ১১টা কার্যকর হয়েছে, ১৯৯৪ সালে ৩৪টা কার্যকর হয়েছে, ১৯৯৫ সালে ১২৫টা কার্যকর হয়েছে এবং এ বছর ৮০টি প্রজেক্টের কাজ মাঠে, ময়দানে কলে কারখানায় চলছে। এটা আমাদের প্রয়োজনের তুলনায় কম তবে বাস্তব সত্যটা আমি বললাম। তা ছাড়া কি কি করছি সেটাও জানিয়ে দেওয়া দরকার। আমরা দেখছি শিল্পের প্রস্তাব যেগুলি আসছে সেগুলির ব্যাপারে যাতে দ্রুত সিদ্ধান্ত নিয়ে কার্যকর করা যায়। আপনারা জানেন, আমাদের পশ্চিমবাংলায় মাথা পিছু জমির পরিমাণ কম। জমির সমস্যা এ ক্ষেত্রে যাতে না হয় সেটা আমরা দেখছি। তবে যে যেখানে জমি চাইবে সেখানেই সেই পরিমাণ জমিই আমরা দিয়ে দেব না তো। এক্ষেত্রে আমরা স্টাডি করে দেখব যে কোন প্রজেক্টের জন্য জমি সত্যিকারের প্রয়োজন। এরজন্য একটি ক্যাবিনেট সাব কমিটি হয়েছে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করার জন্য। ডিস্ট্রিক্ট লেভেলেও ইন্ডাস্ট্রিয়াল কমিটি হয়েছে এবং তাতে ডি. এম., সভাধিপতি এবং অন্যান্যরা আছেন, আপনারা ও আছেন। আর একটা চিফ সেক্রেটারিকে নিয়ে উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি যেটা আছে সেটাকে রিঅর্গানাইজ করা হয়েছে। এগুলি করা হয়েছে যাতে দ্রুত কাজ করতে পারা যায়। আমরা বিনিয়োগের প্রস্তাবগুলি নিয়মিত মনিটারিং করি।

[7-00 — 7-10 P.M.]

নূতন বিনিয়োগকে উৎসাহিত করে, শিল্প বিকাশ কেন্দ্রের পূর্ণ ব্যবহার করার চেষ্টা করি। দুর্গাপুরে ইন্ডাস্ট্রিয়াল এক্সপোর্ট প্রোমোশন পার্ক একটা হবে। আপনারা জানেন যে আগে যখন চিদাম্বরম বাণিজ্য মন্ত্রী ছিলেন তখন এটা স্যাংশান হয়েছে। একটা কমিটি তৈরি হয়েছে, জমি আইডেনটিফাই হয়েছে, এটা একটা বড় কাজ হবে দুর্গাপুরে। ফলতা, উলুবেড়িয়ায় শিল্প বিকাশ কেন্দ্র সম্প্রসারণের চেষ্টা করছি। আরও তিনটি বৃহদাকার গ্রোথ সেন্টার আমরা করব — একটা বীরভূমে, একটা মালদায়, একটা জলপাইগুড়িতে, মেগা গ্রোথ সেন্টার। ইন্ডিয়া গভর্নমেন্টের কাছে দেওয়া আছে, ওদের স্যাংশান হলে হবে। আর একটা কথা

**Industries (Closed and Sick Industries), 6858 — Loans for Engineering Industries (Closed and Sick Industries) and 6860 — Loans for Consumer Industries (Closed and Sick Industries)".**

(This is inclusive of a total sum of Rs. 14,22,00,000 already voted on account in February, 1996) — was then put and agreed to.

**Demand No. 92**

The motion of Shri Sultan Ahmed (Cut motion No. 1-3) that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Ashim Kumar Das Gupta that a sum of Rs. 30,56,00,000 be granted for expenditure under Demand No. 92, Major Head : "4408 — Capital Outlay on Food, Storage and Warehousing (Public Undertakings), 6857 — Loans for Chemical and Pharmaceutical Industries (Public Undertakings), 6858 — Loans for Engineering Industries (Public Undertakings) and 6860 — Loans for Consumer Industries (Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs. 10,19,00,000 already voted on account in February, 1996) — was then put and agreed to.

**Adjournment Motion**

The House was then adjourned at 7.17 P.M. till 11 A.M. on Tuesday, the 9th July, 1996 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 9th July, 1996 at 11 A.M.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 29 Ministers, 11 Ministers of State and 151 Members.

[11-00 — 11-10 A.M.]

## Starred Questions
## (to which oral answers were given)

### পুলিশ কর্মীদের রেশন

*৩০২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪।) **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের পুলিশ কর্মীদের ভরতুকি দিয়ে রেশন দেওয়ার প্রথা বন্ধের জন্য রাজ্য সরকার পরিকল্পনা নিয়েছে ; এবং

(খ) গত আর্থিক বছরে রাজ্যে পুলিশ কর্মীদের রেশন দেওয়ার জন্য কত টাকা ভরতুকি দেওয়া হয়েছে ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) না।

(খ) ৪৫,২৬,৭১,৭৪৮.১২ পয়সা।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, প্রথম প্রশ্নের উত্তরে বললেন যে না ভরতুকি তোলার ব্যাপারে দাবিটা আমরা করছি না। আমি রাজ্য সরকারের কাছে জানতে চেয়েছিলাম ভরতুকি তুলে দেবেন কিনা? মাননীয় সদস্য জানবেন, হাউসে যখন আপনিও ছিলেন না, আমিও ছিলাম না, আপনারা যখন বিরোধী পক্ষে ছিলেন তখন বারবার দাবি করেছিলেন, পুলিশের রেশনে ভরতুকি দেওয়া উচিত নয়, এটা বন্ধ করতে হবে। বিধানচন্দ্র রায়ের আমলে, প্রফুল্ল সেনের আমলে এটা করা হয়েছিল, ১৯ বছর এই সরকার রয়েছে, এটা কি রাখার যৌক্তিকতা রয়েছে বলে মনে করেন? কংগ্রেস করে ছিল বলেইকি এটা তুলবেন না, এই ব্যাপারে আপনার মতামত জানতে চাই।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য না থাকলেও এটা জেনে নেওয়া ভালো, বিধান রায়ের সময়ে এটা সমস্যা ছিল না, ৬৬ সালে অক্টোবর মাস থেকে প্রফুল্লচন্দ্র সেন যখন এই রাজ্যে মুখ্যমন্ত্রী ছিলেন, এই রাজ্যে যখন বিরাট গণ আন্দোলন হয়েছিল, এপ্রিলের আন্দোলনের পরে প্রফুল্লচন্দ্র সেন তৎকালীন মুখ্যমন্ত্রী তিনি পুলিশদের এই বিশেষ সুযোগটা

পারবেন কিনা। আর্থিক অবস্থার উন্নয়ন না করলে সব গ্রামাঞ্চলে লোক-রঞ্জন শাখাকে পাঠানো যাচ্ছে না। এই আর্থিক অবস্থার উন্নয়নের জন্য আমরা চেষ্টা করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, লোক-রঞ্জন শাখার যে সব বক্তব্যধর্মী নাটক হচ্ছে সেগুলোকে স্বাগত জানাই। সঙ্গে সঙ্গে বলতে চাই একটা সময় মহুয়ার মতো নান্দনিক ধর্মী নাটক অনুষ্ঠিত হত এবং সেগুলো সাধারণ মানুষের মনোরঞ্জনের জন্য বিরাট ভূমিকা নিত, কিন্তু আজ সেটা উপেক্ষিত হচ্ছে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমরা মহুয়া যেমন করেছি তেমনি সাম্প্রতিককালে যেগুলো হচ্ছে যেমন চারণকবি মুকুন্দ দাস, রবীন্দ্রনাথের তাসের দেশ এগুলো খুবই সার্থক প্রযোজনা হয়েছে। প্রযোজনার মান নেমে যায় নি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** সমস্যা হল, এখানকার যারা প্রবীণ শিল্পী, যারা নাচে অংশ গ্রহণ করেছেন তাদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেছি, তাদের দিয়ে কাজ করা একটু কঠিন হয়ে যাচ্ছে। কারণ এ সম্বন্ধে একটা কথা আছে দেহ পটে সনে নট, সকলে হারায়। এরকম শিল্পীরা থাকুন, কিন্তু তার সঙ্গে সঙ্গে নতুন শিল্পী নিয়োগ করা না হলে এই নাটকগুলো উত্তীর্ণ হতে পারছে না। নতুন শিল্পী নিয়োগের ব্যাপারে অনুগ্রহ করে বললেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমরা সরকারে আসার পর দেখেছিলাম লোক-রঞ্জন শাখার ৯০ ভাগ শিল্পী কনট্রাকট সিস্টেমে ছিলেন। আমরা এসে সবাইকে রেগুলার করি। রেগুলার করার পর আমরা বিপদে পড়ে যাই। স্থায়ী চাকরি হওয়ার পর বয়স বাড়লেও তাকে দিয়ে কাজ করা যাচ্ছে না। সে জন্য এখন থেকে স্থায়ী ভাবে শিল্পীকর্মী নিয়োগ করা হবে না। আমরা সেই পদগুলি পূরণ করিনি। যারা পরিচিত নামী-দামী শিল্পী তাদের আমরা কন্ট্রাকটের ভিত্তিতে নিয়ে এসে অভিনয়ের চেষ্টা করছি বিশেষ করে এব্যাপারে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যোগাযোগের চেষ্টা করছি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে আপনারা লোকরঞ্জন শাখার অনেকগুলো অনুষ্ঠানে বাইরে থেকে শিল্পী এনেছেন, শো করছেন। ১৯৯৫-৯৬ সালে লোকরঞ্জন শাখা কলকাতার বাইরে কতগুলো শো করেছেন, সেটা অনুগ্রহ করে জানাবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এ ব্যাপারে নোটিশ দিতে হবে। সংখ্যাটা এখন বলতে পারব না।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** লোকরঞ্জন শাখার উদ্দেশ্য হল লোকের মনোরঞ্জন করা। আমরা দেখি, গ্রামে যে সমস্ত যাত্রা উৎসব হয় গ্রামের মানুষের সমস্যা নিয়ে হয়, সেইগুলো অধিকাংশ গ্রামের মানুষকে আকৃষ্ট করে, তারা তার থেকে শিক্ষাও গ্রহণ করতে পারে। মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন, এই লোকরঞ্জন শাখার কোনও যাত্রাপালা গ্রামে নিয়ে যাওয়ার এবং মানুষের মনোরঞ্জন ও শিক্ষা দেওয়ার ব্যবস্থা করছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** শুধু যাত্রার উপর নির্ভর করে আমরা এগোচ্ছি না। যেমন বললাম 'চারণ কবি মুকুন্দ দাস'-এর প্রযোজনাটা মোটামুটি যাত্রাধর্মী।

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় কিছুক্ষণ আগে জানালেন, সুব্রত বাবুর আমলে লোকরঞ্জন শাখা যখন গ্রামের দিকে কোনও অনুষ্ঠান করতে যেত, তাদের কোনও অর্থ লাগত না। আবার একজন মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানিয়েছেন তাদের বাসের খরচ, থাকার বন্দোবস্ত, খাওয়া-দাওয়ার বন্দোবস্ত করতে হয়। গ্রামে, যেখানে উন্নত সংস্কৃতির চর্চা কম, সেখানে উন্নত সংস্কৃতিকে পৌঁছে দেওয়ার সরকারি বন্দোবস্তের এই বিশাল দায় বহন লোকরঞ্জন শাখাকে নিয়ে যাওয়া সেই সব সংস্থার পক্ষে অসম্ভব হয়ে যায়। মন্ত্রী মহোদয় জানাবেন কি, এই বন্দোবস্ত চলবে না, এর থেকে মুক্ত হবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমি বলেছি চলবে না। বাধ্য হয়ে করতে হচ্ছে। তুলনা করলেন আগের সরকারের সঙ্গে আগের সরকারের যে চাহিদা ছিল, আমাদের চাহিদা তার থেকে ১০০ গুণ বেশি। যাতায়াতের খরচ আমরা কখনও চাই না। বলি, যদি ওয়ান নাইট স্টে করতে হয়, রাত্রিবেলা থাকতে হয়, তাহলে থাকার বন্দোবস্ত করে দেবেন, আর একটু খাওয়া দিলে ভালো হয়। যাতায়াতের খরচ আমরা চাই না।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** লোকরঞ্জন শাখায় গ্রামীণ যে সমস্ত লোক শিল্পীরা রয়েছেন, তারা তুলনামূলক ভাবে কলকাতা থেকে দূরে থাকেন, যাদের খ্যাতি নেই, দূরদর্শন, আকাশবাণীর শিল্পী নন তাদের সুযোগ দেওয়া এবং গ্রামাঞ্চলে, শহরতলীতে যেসব রবীন্দ্র ভবন, মিউনিসিপ্যালিটি কমিউনিটি হল হয়েছে, সেইগুলোতে অনুষ্ঠান করার কোনও পরিকল্পনা লোকরঞ্জন শাখার আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমাদের 'লোক সংস্কৃতি পর্ষদ' আছে, শক্তিশালী সংগঠন, তারা কলকাতা এবং অন্যান্য জেলাতে লোকসংস্কৃতি উৎসব করে', লোকরঞ্জন শাখা করে না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এই লোকরঞ্জন শাখায় শিল্পীদের স্ক্রিনিংয়ের পদ্ধতিটা কি এবং কেন্দ্রের সঙ্স অ্যান্ড ড্রামা ডিভিসনের সঙ্গে এর কোনও সমন্বয় আছে কিনা জানাবেন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমাদের রাজ্য সরকারের উদ্যোগে একটি নাট্য অ্যাকাডেমি আছে, তাতে পশ্চিমবাংলার নাট্য শিল্পের সঙ্গে যুক্ত ব্যক্তিরা আছেন, তারাই চূড়ান্ত সিদ্ধান্ত করেন এবং কাকে দিয়ে করাবেন তারাই ঠিক করেন। এখন যেমন করছেন জ্ঞানেশ মুখার্জি। এসব নিয়ে আমি অত চিন্তা করি না।

আর দিল্লির সঙ্গে সেরকম কোনও সম্পর্ক নেই। দিল্লির নানাবিধ কাজ আছে। সেখানকার ন্যাশনাল স্কুল অফ ড্রামা, সাহিত্য অ্যাকাডেমি, ললিত কলা অ্যাকাডেমি, তারা প্রত্যেকে নিজের নিজের মতো করে করেন। সমন্বয় করিনি, এখন চেষ্টা হচ্ছে করার।

[11-30 — 11-40 P.M.]

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি লোকরঞ্জন শাখার নানা সীমাবদ্ধতার কথা বললেন। কিন্তু আমাদের রাজ্যে বিভিন্ন এলাকায় বিশেষ করে ডুয়ার্সের কথা বলছি—সেখানে অনেক গ্রুপ আছে এবং তাদের কালচারও রিচ। তাদের স্পনসর করে, লোকরঞ্জন শাখা হিসাবে তারাও যাতে নিজেদের চর্চার সুযোগ পান এবং আমাদের মনোরঞ্জন

অনেকেই ডাবল রেশন ড্র করছে। এই ব্যাপারে কোনও অভিযোগ আপনার কাছে এসেছে কিনা আর এটা স্ক্রীনিং করে দেখবার কোনও ব্যবস্থা নিয়েছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এটা হয়ে থাকলে ঠিক হচ্ছে না। পুলিশ রেশন নেবার পরেও মডিফায়েড রেশন নেওয়া, সেটা ঠিক না। এখানে খাদ্যমন্ত্রী আছেন। তিনিও দেখবেন, আমিও দেখব।

**শ্রী সৌগত রায় :** স্যার, মাননীয় মন্ত্রী ঠিকই বলেছেন যে, এখন ওরা রেশন তুলে দেবার কথা চিন্তা করছে না পুলিশের জন্য। তাহলে পুলিশ হাতে থাকবেই বা কি করে এবং বাজারে যখন সর্ষের তেল ৩৬ টাকা করে বিক্রি হচ্ছে, কিন্তু তখন এখানে ২ টাকায় দিচ্ছেন মাননীয় মন্ত্রী পুলিশ রেশন নিয়ে ব্যাপক দুর্নীতির কথা উঠেছে। মন্ত্রী বললেন যে, আগে কন্ট্রাকটারের মাধ্যমে সরবরাহ করা হত। এখন নিজেরাই করেন। এখন নিজেরা করেন মানে কি? চালটা কার মাধ্যমে কেনা হয়? গম কোথা থেকে কেনা হয়? চিনি কোথা থেকে কেনা হয়? এফ সি আই এর কাছ থেকে নিশ্চয়ই কেনে না। কোন সোর্স থেকে পুলিশের রেশন সামগ্রী কেনা হয় যদি কাইন্ডলি জানান, তাহলে ভালো হয়।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমি বললাম যে, আগে সিস্টেম ছিল যে, এজেন্সির মাধ্যমে কন্ট্রাকটারের সাহায্যে কেনা হত। আমরা এখন ওপেন মার্কেট থেকে কিনি। ওপেন মার্কেটে কোন ব্যবসায়ীর কাছ থেকে চাল কেনা হয়, এই রকম প্রশ্ন করলে উত্তর দেব। আগে মিডল ম্যান থাকত, মাঝখানে কন্ট্রাকটার থাকত। এখন তাদের সরিয়ে দিয়ে পুলিশ ডাইরেকটরের থেকে বাল্ক পার্চেজ করা হয়।

**শ্রী সৌগত রায় :** চাল কো-অপারেটিভ থেকে কেনা হয়, না সরকারি সংস্থা থেকে কেনা হয়?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এটা তো অ্যাপ্রিশিয়েট করা উচিত, যে কন্ট্রাকটার বাতিল করা হয়েছে এবং ডাইরেকটলি কেনা হচ্ছে।

**শ্রী প্রভঞ্জনকুমার মণ্ডল :** পুলিশে যারা ডাই ইন হার্নেশ হয়, তাদের যারা ডিপেনডেন্ট থাকে তাদের হয়ত চাকরির বয়স হয়নি। ওই সময়ে হয়ত তাদের ডিপেনডেন্ট ৪ জন। সেইক্ষেত্রে তাদেরকে রেশন দেওয়ার পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এটা ঠিকই ডাই ইন হার্নেশ হলে আমরা চাকরি দিই। কিন্তু যতক্ষণ না চাকরি পাচ্ছেন, তাদের পরিবারকে রেশন দেওয়া যায় কিনা সেই রকম কোনও প্রস্তাব আমাদের কাছে আসেনি। তবে ব্যাপারটা দেখা যেতে পারে।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** আমি জানি যে, আগে পুলিশ রেশন ব্যবস্থা সমবায় দপ্তরের মাধ্যমে করা হত। আমাদের রাজ্যের সমবায় আন্দোলন খুবই দুর্বল। সমবায়ের বিভিন্ন যে সেল আছে, বিশেষ করে ক্রেতা সমবায় আন্দোলনের তরফ থেকে এগুলি করা হত এবং তাতে তাদের একটা লাভের অংশ থাকত। আমি মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাইছি যে, তাদের কাছ থেকে কেড়ে নেওয়ার কারণ কি ; এবং সরকার নিজে এই ব্যবস্থা না করে সমবায় ক্রেতা সম্মেলনের মাধ্যমে এই জিনিসটা করা যায় কিনা? এই ব্যাপারে কোনও চিন্তা

ভাবনা করেছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় বিরোধী নেতা যেটা বললেন, সেটা আমাদের অতীতে করা হয়েছে। তবে বেনফেডের মাধ্যমে করতে গিয়ে আমাদের অভিজ্ঞতা ভালো নয়। তাই এখন খোলা বাজার থেকে টেন্ডার দিয়ে জিনিস কিনে নেওয়া হচ্ছে।

এই হাউসে কনভেনশন আছে যে মূল প্রশ্নকর্তা, তার তিনটি প্রশ্ন এবং সাপ্লিমেন্টারি একটি হবে। কিন্তু এটা লঙ্ঘন করা হচেছ এবং সেটা সিনিয়র মেম্বাররাই করছেন। সুতরাং আমি আপনার প্রোটেকশন চাইছি।

**লোকরঞ্জন শাখার উন্নতি**

*৩০৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৬০।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

লোকরঞ্জন শাখার সার্বিক উন্নতিকল্পে রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

বর্তমান পরিস্থিতিতে উপযোগিতার দিকে লক্ষ্য রেখে লোকরঞ্জন শাখার মান উন্নয়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অনুষ্ঠানের সংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে শিল্পগত উৎকর্ষের দিকে দৃষ্টি দেওয়া হয়েছে। প্রয়োজনবোধে বাইরে থেকে প্রতিষ্ঠিত নাট্য ও নৃত্য পরিচালকদের আমন্ত্রণ করে এনে উন্নতমানের প্রযোজনা প্রস্তুত করা হচ্ছে।

সুস্থ ও উন্নততর পরিবেশে যাতে শিল্পের কাজ করতে পারেন সেই জন্য আধুনিক ব্যবস্থা সম্বলিত একটি ভবন লোকরঞ্জন শাখার বর্তমান জমিতে নির্মিত হচ্ছে। এই নাট্য ভবনে গ্রন্থাগার সংগ্রহশালা, মহলা কক্ষ ও ছোট মঞ্চ ইত্যাদি থাকবে।

বিভিন্ন প্রযোজনার শিল্পগত মান উন্নয়নের জন্য আনুষঙ্গিক সাজ সজ্জা, মঞ্চ, স্থাপত্য, আলোক-সরঞ্জাম ইত্যাদির যথাসম্ভব আধুনিক ব্যবস্থা করা হয়ে থাকে।

[11-20 — 11-30 A.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার সাম্প্রতিককালের অভিজ্ঞতার ভিত্তিতে বলছি একটা সময় হাউসে আপনি ঘোষণা করেছিলেন যে লোকরঞ্জন শাখার অনুষ্ঠানকে গ্রামাঞ্চলেও প্রদর্শন করানো হবে। কিন্তু এখন আর্থিক দিকটা বড় হয়ে যাচ্ছে বাসের ব্যবস্থা নেই। আগে বাসের ব্যবস্থা ছিল। এখন লোক-রঞ্জন শাখাকে বাস দিতে পারছেন না গভর্নমেন্ট। টাকা বেড়ে গেছে। স্থানীয় মানুষ এব্যাপারে উদ্যোগ নিয়ে খরচা করছেন। এব্যাপারে কি ব্যবস্থা নেওয়া হয়েছে অনুগ্রহ করে জানাবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** লোক-রঞ্জন শাখার চাহিদা জেলাতে আছে, কিন্তু সেই তুলনায় আমাদের বাজেট হেডে খুবই কম ব্যবস্থা আছে। প্রোগ্রামের ব্যাপারে লোকাল লোকেদের সঙ্গে কথা বলে ঠিক করতে হয় যে, থাকা-খাওয়ার ব্যবস্থা যাতায়াতের ব্যবস্থা তাঁরা করতে

দিয়েছিলেন। এতদিন পুলিশ কর্মীরা এই সুযোগ ভোগ করছেন, তারাও সমাজের একটা অংশ, হঠাৎ করে সেটা তুলে দেওয়ার আগে অনেক কিছু চিন্তা করতে হবে। আপনি তো পুলিশের সিকিউরিটি নিয়ে ঘোরেন, তার মতটা কি শুনবেন তো?

**শ্রী আব্দুল মান্নান ঃ** আপনি বললেন ৪৫ কোটি ২৬ লক্ষ ৭১ হাজার ৭৪৮ টাকা ১২ পয়সা গত আর্থিক বছরে ভরতুকি দেওয়া হয়েছে। এতে কত সংখ্যক পুলিশ কর্মচারী বেনিফিটেড হয়েছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সংখ্যাটা ঠিক আমি বলতে পারবনা। তবে এটা কন্সটেবল থেকে সাব-ইন্সপেক্টর পর্যন্ত দেওয়া হয় এবং তাদের পরিবারের চারজনকে দেওয়া হয়। এখন সমস্ত কন্সটেবল এবং সাব-ইন্সপেক্টরের সংখ্যাটা গুণিতক চার করলেই এই হিসাবটা বেরিয়ে যাবে। এটা পরে আমি আপনাকে বলতে পারি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** পুলিশের যে রেশন দেওয়া হয় এটা কি কি রেটে দেওয়া হয় এবং এই রেশনের ব্যাপারে একটা করাপশন হয়েছে এই ব্যাপারে কোনও অভিযোগ আপনার কাছে এসেছে কি এবং আপনি কী ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** অভিযোগটা আমার কাছেও এসেছিল। আগে কন্ট্রাকটারের মাধ্যমে এই রেশন ব্যবস্থা করা হচ্ছিল এবং সেই অভিযোগ আসার পর থেকেই এখন সরকার বাজার থেকে সোজাসুজি মাল কিনছে এবং এতে দু-তিন কোটি টাকা বাঁচানো সম্ভব হচ্ছে।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, তারা নিশ্চয় দেশের মানুষ, হোমগার্ড যারা আছে তারাও পুলিশের মধ্যে পড়ে, তাদের ভরতুকি দিয়ে রেশন দেওয়ার ব্যবস্থা আপনি করবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা আমরা বিবেচনার মধ্যে আনতে পারছি না আমাদের আর্থিক কারণে।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৪৫ কোটি টাকা ভরতুকি দেওয়া হয়েছে। ভরতুকির প্রশ্নটা তখনই আসে যখন একটা বরাদ্দ হয় এবং তার অতিরিক্ত কিছু করলেই ভরতুকির ব্যাপারটা আসে। তাহলে আপনার বরাদ্দ কত ছিল এবং কিসের জন্য ভরতুকি এসেছে, জিনিসের দাম বাড়ার জন্য না পুলিশের সংখ্যা বাড়ার জন্য?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** বাড়ার কথা বলিনি, এই বছরের হিসাবটা উনি চেয়েছেন। গত বছরে ৪৯ কোটি টাকা ছিল এবং এই বছরে ৪৫ কোটি টাকা ছিল।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** তাহলে বরাদ্দ কত ছিল?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা প্রকৃতপক্ষে ১৯৬৬ সাল থেকে নামমাত্র মূল্যে দেওয়া হয়। রেশনে চাল, গম, চিনি, তেল এই সমস্ত জিনিস দেওয়া হয়। সেটা নামমাত্র মূলেই দেওয়া হয়, ৫০ পয়সা, ৬০ পয়সা এবং ৭০ পয়সা মূল্যে।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** আমি একটা ক্লারিফিকেশন চাইছি, আপনি বলেছেন ভরতুকি। বরাদ্দ ও ভরতুকি এই ব্যাপারটা সম্বন্ধে আমি ক্লিয়ার হতে চাই। আপনার বলা উচিত ছিল

সবটাই বরাদ্দ। ভরতুকির ব্যাপারটা তখনই আসে যখন অতিরিক্ত প্রয়োজন হয়।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনি সঠিকই বলেছেন, আমি অঙ্কটা পরিষ্কার করে বলতে পারব না। তবে দশভাগ হচ্ছে দাম এবং নব্বই ভাগ হচ্ছে ভরতুকি।

[11-10 — 11-20 A.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, সাপ্লিমেন্টারি। আমার বিষয়টা হচ্ছে এই যে, খুব অল্প দামে, খুব নামমাত্র দামে রেশন দেওয়া হয়। কি কি দামে দেওয়া হয় আপনি বলুন। আর এই সঙ্গে আপনাকে আমার জিজ্ঞাস্য এই যে ৪৫ কোটি টাকা যেটা দেওয়া যেটা সরকারকে দিতে হয় সস্তা দামে দেওয়ার জন্য। আজকে সমাজের অন্যান্য স্তরে যেসব কর্মচারী আছেন। তাদের পুলিশের মতো সস্তা দরে রেশন দেওয়ার সুযোগ, সকলের মধ্যে সম্প্রসারিত করে সমতা আনার জন্য সরকার কোনও চিন্তা ভাবনা করছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য দুটো প্রশ্ন করেছেন। যাইহোক আমি দামটা জানিয়ে দিচ্ছি। চাল ৫০ পয়সা প্রতি কেজি, গম ২৫ পয়সা, চিনি ৭০ পয়সা, ডাল ৬০ পয়সা, তেল দু' টাকা। আর দ্বিতীয় প্রশ্ন যেটা করেছেন তার উত্তরে বলি, নিশ্চিতই নীতিগতভাবে আমরা এটা সমর্থন করি। আরও অনেক কর্মচারী আছেন, অনেক দুর্বল শ্রেণীর অংশ আছেন। তাই আমরা দুর্বল অংশের জন্য আমরা বাজেটে উল্লেখ করেছি এবং সম্প্রতি কেন্দ্রীয় সরকারও উল্লেখ করেছেন। আমরা আমাদের এখানেও রেশনের মধ্যে আবেকটা বিশেষ ধরনের কার্ড চালু করব। দারিদ্র্য সীমার নিচে যে সমস্ত মানুষ তাদের ভরতুকিতে চাল দেবার দায়িত্ব আমরা নেব। এটা আমরা করব।

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে রেশন ব্যবস্থায় সুলভ মূল্যে রেশন দেওয়া হয় সেখানে দুর্নীতির কোনও অভিযোগ মাননীয় পুলিশ মন্ত্রীর কাছে এসেছে কি? ভুয়ো রেশন কার্ড এর ব্যাপারে উনি কোনও ব্যবস্থা নিয়েছেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য ঠিকই বলেছেন। তবে এক মাসের মধ্যে আমি কিছু পাইনি । রেশন কার্ড কন্ট্রাকটরদের কাছ থেকে এই সব প্রশ্ন অতীতে এসেছিল। তো সেগুলো বিচার করে একটা সংশোধিত ব্যবস্থা করা হয়েছে যার ফলে দু'তিন কোটি টাকা বাঁচানো গেছে।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় মন্ত্রীর কাছে আমার একটি প্রশ্ন যে কেন্দ্রীয় সরকার যখন এটা চালু করেছিল, তখন তার বিরোধিতা করেছিলেন। ১৯ বছর মন্ত্রিত্ব থেকে সেটাই চালু রাখার কথা বলছেন। দুটো সিদ্ধান্ত কি পরস্পর বিরোধী নয়? আপনাদের কোনটা ঠিক সমর্থন করাটা না বিরোধিতা করাটা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সেটা কে করেছিলেন কোন সময়ে করেছিলেন কখন করেছিলেন, সেটা যদি নথি দেখে দলিল দেখে বলবেন আমি জবাব দেব।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী অতিরিক্ত প্রশ্ন। যে সমস্ত পুলিশ কর্মচারিদের সুলভ মূল্যে রেশন দেওয়া হয় তাদের পরিবারের সদস্য সংখ্যা বলেছেন ৪ জন। কিন্তু দেখা যাচ্ছে সেই পরিবারের সদস্যরাই আবার আমাদের মডিফায়েড রেশন এলাকা থেকেও রেশন নিচ্ছে।

হতে পারে তার কোনও ব্যবস্থা বা পরিকল্পনা রাজ্য সরকার নেবেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্যকে জানাচ্ছি, সব কিছুই লোকরঞ্জন শাখার সাথে যুক্ত করতে চাচ্ছিনা। আমাদের লোক সংস্কৃতি পর্ষদও আছে। মাননীয় সদস্যকে বলছি, আলিপুরদুয়ার নাগরাকাটা এবং বাগডোগরায় আদিবাসীদের নিয়ে আমার যে লোকসংস্কৃতি উৎসব করছি তা কোনওদিনও অতীতে হয়নি। এইভাবে বিভিন্ন নামে আমরা করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, লোকরঞ্জন শাখায় কোন কোন নাট্যকারের নাটক আসছে এবং তাদের নাম কি কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সব বলতে পারব না। তবে রবীন্দ্রনাথের তাসের ঘর, দীনবন্ধু মিত্রের নীলদর্পণ, চারণ কবি মুকুন্দ দাস যেটা কিনা আমাদের সরকারের একজন লিখেছেন। আর সাম্প্রতিক কালে আমার লেখা রাজধর্ম এখানে এসেছে। আপনাদের সবাইকে অনুরোধ করব ঐ নাটক একবার আপনারা দেখতে আসুন।

**শ্রী তপন হোড় ঃ** বিগত ১৯ বছরে এই লোকরঞ্জন শাখা অনেক ভালো ভালো নাটক এবং যাত্রা পশ্চিমবাংলার প্রত্যন্ত গ্রামাঞ্চলের বহু মানুষের মনোরঞ্জন করেছে। 'চারণ কবি মুকুন্দ দাস' তার মধ্যে একটা। এই রকম বহু সৃষ্টি ধর্মী নাটক লোকরঞ্জন শাখা করেছেন। যে সমস্ত নাটক উত্তীর্ণ হয়েছে, জনগণের কাছে অ্যাকসেপ্ট হয়েছে সেসব নাটক আরও মানুষের কাছে নিয়ে যাবার জন্য চলচিত্রায়ণের কোনও পরিকল্পনা করেছেন কিনা এবং করে না থাকলে করবেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** লোক রঞ্জন শাখার নাটককে চলচিত্রায়ণ করতে পারিনি আমাদের রাজ্যের কতগুলো গ্রুপ থিয়েটার নাটককে চলচিত্রায়ণ করেছি। যেমন অরুন মুখার্জির একটা নাটক 'জগন্নাথ', উৎপল দত্তের 'টিনের তলোয়ার'। আরও যেসব নাটক আছে, যেগুলোকে আধুনিক যুগের দিক চিহ্ন হিসাবে ধরা হয় সেগুলোকে চলচিত্রায়ণের চেষ্টা করছি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনাদের আসার পর থেকে দুর্ভাগ্যবশত লক্ষ্য করছি, লোকরঞ্জন শাখাকে আপনারা দলীয় প্রচার শাখা হিসাবে তৈরি করে তুলেছেন। এই রকম বহু নাটক আমি দেখাতে পারি। যেদিন তথ্য দপ্তরের ব্যয়বরাদ্দ আসবে সেদিন আমরা এ সম্বন্ধে বলব। আমার প্রশ্ন, আপনি নীলদর্পণের মতো ঐতিহাসিক ভালো যেটা কিনা পাবলিক ভয়ঙ্কর ভাবে নিয়েছিল সেই নাটককে তুলে দিলেন এবং তার জায়গায় গণনাট্যর মার্কসাবাদী কমিউনিস্ট পার্টির নাটক পরিবেশন করেছেন। এটা কেন তুলে দিয়েছেন এবং এটা আবার চালু করবেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কোন কোন নাটক দেখিয়েছি, আমাকে বলুন? নীলদর্পণ আমরা কখনও তুলে দিইনি। আমি থাকতে নীলদর্পণকে তোলা হবেও না। এইভাবে বিবৃতি দিয়ে আপনি হাউসকে মিসলিড করছেন। দীনবন্ধুর নাটক কতবার দেখানো হয়েছে আমি বলে দেব?

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** আপনি উৎপল দত্তের ঝড় চলচিত্রায়ণ করে অনেক টাকা নষ্ট করেছেন। দেশের সংস্কৃতিকে আপনি ধংস করছেন। আজকে যারা নীলদর্পণের শিল্পীরা ছিলেন

তারা ছিন্ন-ভিন্ন করে দিলেন। ঐ নীলদর্পণ পুনরায় দেখানো হবে কিনা এটা আমি পরিষ্কার জানতে চাই।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আবার ভুল তথ্য বললেন, আপনি ভুল তথ্য দেবেন না ঝড় তৈরি করা হয়েছে, সেটা হল ফিল্ম। আর আমি নাটকের কথা বলছি। লোক রঞ্জন শাখা যদি সন্ন্যাসীর তরবারি, কল্লোল, তিতুমীর করতে পারতো আমি গর্ববোধ করতাম।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** ঝড় করেছেন, সেগুলি দেখানো হয়নি, আমি উৎপল দত্তকে টেনে বলছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এক জন মৃত নাট্যকার কে টেনে আনবেন না, তার সম্বন্ধে এভাবে বলবেন না। ঝড় ফিল্মটা ডিরোজিওর জীবনী নিয়ে, ওটাকে নাটক করতে পারলে আমরা গর্বিত হতাম।

## Targets for water under DPAP

*304. (Admitted Question No. * 348) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) whether targets were fixed for Water Resources Development under the DPAP during 1994-95 and 1995-96 ,

(b) if so,

(i) the targets and achievements in West Bengal During the period mentioned above ; and

(ii) the achievements in West Bengal (percentage of target) compared to the achievement at all India level?

**Shri Naren Dey :**

(a) Yes

Year : 1994-95

| | TARGETS | | ACHIEVEMENTS | |
|---|---|---|---|---|
| | PHYSICAL | FINANCIAL | PHYSICAL | FINANCIAL |
| Purulia | 1394 ha. | Rs. 71.36 lakh. | 1720 ha | Rs *135.26 lakh |
| Bankura | 60 ha. | Rs. 2.27 lakh. | 60 ha. | Rs 2.27 lakh. |
| Midnapore | 150 ha. | Rs. 47.56 lakh. | 50 ha | Rs 6 83 lakh. |
| Birbhum | Does not arise | | | |

*Including carried over fund of Rs 109.76 lakh.

Year : 1995-96

| | | | | |
|---|---|---|---|---|
| Purulia | 265 ha. | Rs. 46.30 lakh. | 265 ha. | Rs. 46 80 lakh. |

| | | | | |
|---|---|---|---|---|
| Bankura | 115 ha. | Rs. 21.85 lakh. | Work are in prorees | Rs. 12.50 lakh. |
| Midnapore | 100 ha. | Rs. 42.20 lakh. | 25 ha. | Rs. 19.58 lakh. |
| Birbhum | | Rs. 58.60 lakh. | | Rs. 9.02 lakh. |

As the achievements report of other State are not available with us so it is not possible to give reply in this regards.

[11-40 — 11-50 A.M.]

**শ্রী সুলতান আহমেদ ঃ** মন্ত্রী মহোদয় জানাবেন কি, আপনি অ্যাচিভমেন্ট এবং টার্গেট বললেন। এ ক্ষেত্রে সেন্ট্রাল গভর্নমেন্টের কন্ট্রিবিউশন কত এবং স্টেট গভর্নমেন্টের কন্ট্রিবিউশন কত?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** ৫০ ঃ ৫০।

**শ্রী সুলতাল আহমেদ ঃ** দুটো জেলায় টার্গেটের শর্টফল হয়েছে ; Why there is shortfall in the achievement? What is the reason of short-fall?

**Shri Narendra Nath Dey :** Regarding Birbhum I can say that two blocks of Birbhum have been included in the scheme only in the year 1995-96. It was not possible to locate the areas. Only for preparatory work this amount was spent. The work is in progress.

**শ্রী সুলতান আহমেদ ঃ** বর্ধমান, বীরভূম, পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুর জেলার কতগুলি গ্রাম খরা কবলিত ছিল এবং তার মধ্যে কতগুলিকে আপনারা কভার করতে পেরেছেন?

**Shri Narendra Nath Dey :** 30 Blocks in four districts were affected.

### ডেয়ারি

*৩০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮২০।) **শ্রী ইউনুস সরকার ঃ** প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের প্রতিটি জেলায় ডেয়ারি চালু আছে ;

(খ) সত্যি হলে, কোন জেলায় কতগুলি ডেয়ারি আছে ; এবং

(গ) নতুন ডেয়ারি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রী আনিসুর রহমন ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) হ্যাঁ।

**শ্রী ইউনুস সরকার ঃ** 'ক' প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রী জানালেন, 'না'। আমি প্রশ্ন করেছিলাম, প্রতিটি জেলায় ডেয়ারি চালু আছে কিনা? এখন আমি জানতে চাইছি রাজ্যের কোন কোন ডেয়ারি চালু আছে?

**শ্রী আনিসুর রহমান ঃ** আপনি প্রশ্ন যেভাবে করেছিলেন, আমি সেভাবে উত্তর দিয়েছি। আমাদের জেলাওয়ারি কোনও পরিকল্পনা ছিলনা, সাধারণভাবে কয়েকটা জেলায় ডেয়ারি চালু করা হয়। পরবর্তীকালে অপারেশন ফ্ল্যাড প্রোগ্রাম অনুযায়ী কয়েকটা জায়গায় ডেয়ারি করা হয়। সরকারিভাবে আমাদের ৬টা ডেয়ারি আছে— সেন্ট্রাল ডেয়ারি বেলগাছিয়ায় আছে, বর্ধমানে একটা ডেয়ারি আছে, দুর্গাপুরে স্টেট ডেয়ারি আছে, হরিণঘাটায় একটা ডেয়ারি আছে এবং এ ছাড়া ডানকুনিতে সরকারিভাবে এন.ডি.ডি.বি.-র সাহায্য নিয়ে মাদার ডেয়ারি করা হয়েছে। আর সমবায় মিল্ক ফেডারেশনের কতগুলি ডেয়ারি আছে। যেমন—বহরমপুরে ভাগীরথী। দার্জিলিং-এ হিমূল। আর থার্ড মেট্রো ডেয়ারি জয়েন্ট ভেঞ্চারে বারাসতে করা হয়েছে। এখন কুচবিহারে একটা নতুন ডেয়ারি করার কথা বিবেচনা করা হচ্ছে। হাওড়াতে মিল্ক প্রোডাকশন সেন্টারের একটা ডেয়ারি আছে।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি 'গ' প্রশ্নের উত্তরে 'হ্যাঁ' বলেছেন। এটা একটু ক্ল্যারিফাই করে বলবেন কি, যে কোন কোন জেলায় কি কি পরিকল্পনা নেওয়া হয়েছে?

**শ্রী আনিসুর রহমান ঃ** কুচবিহারে একটা নতুন ডেয়ারি করার কথা আমাদের বিবেচনায় আছে। সেটা অনুমোদন হয়েছে এবং কাজও শুরু হয়েছে। এস.টি.এস.সি. কর্পোরেশনের সাহায্য নিয়ে ফেডারেশনের মাধ্যমে কাজ শুরু করছি। কুচবিহারের এই ডেয়ারিটির উৎপাদন ক্ষমতা হবে ১০,০০০ লিটার পার-ডে।

**শ্রী ইউনুস সরকার ঃ** জেলায় যে ডেয়ারিগুলি আছে যেমন, বহরমপুরের যে ডেয়ারিটা আছে সেটা উন্নয়নের জন্য কোনও পরিকল্পনা এই মুহূর্তে আপনার দপ্তরে আছে কি না?

**শ্রী আনিসুর রহমান ঃ** বহরমপুর ডেয়ারিটা সমবায়ের মাধ্যমে ফেডারেশনের দ্বারা পরিচালিত। সমবায় সমিতি এটা করেছে, যদিও এ ব্যাপারে সরকারি সাহায্য আছে। আমাদের একটা পরিকল্পনা আছে এবং ওখান থেকেও একটা প্রস্তাব এসেছে। দুধের উৎপাদনের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা ৬০ হাজার মেট্রিক টন পার ডে। ইতিমধ্যে ১ লক্ষ লিটার দুধ সংগ্রহ হচ্ছে। যারফলে বাড়াবার প্রয়োজন আছে। ইতিমধ্যে আলোচনা হয়েছে এবং প্রস্তাব পেয়েছি। প্রয়োজন হলে যৌথ উদ্যোগে বাড়ানো যায় কিনা সে ব্যাপারে বিবেচনা করে দেখছি।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** এখন মানব সম্পদ নিয়ে গোটা পৃথিবী জুড়ে আলোচনা চলছে। কিন্তু প্রাণী সম্পদ পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পর এর বিকাশ ঘটেছে। এর আগে নাম ছিল অ্যানিমাল হাসবান্ড্রি। বামফ্রন্ট সরকার আসার পর এই দপ্তর লাইমলাইটে এসে নাম হয়েছে প্রাণী সম্পদ বিকাশ। আপনি ডেয়ারির ব্যবস্থার কথা বলেছেন। কিন্তু এখন মানুষের ফুড হ্যাবিট চেঞ্জ হচ্ছে। সেই পরিপ্রেক্ষিতে শুধুমাত্র গরু ছাগলের প্রশ্ন হয়, অন্যান্য যে প্রাণী আছে যেমন, শূকর বা অন্যান্য প্রাণী আছে তাদের ব্যবস্থা করার জন্য বিস্তীর্ণ বনাঞ্চল পড়ে আছে যেগুলি কাজে লাগছে না। সেগুলিকে নিয়ে যেমন জম্মুদ্বীপ আছে এইসব

বনাঞ্চলে বন্য শূকর বা অস্ট্রেলিয়ান শূকর এনে ঐসব বনাঞ্চলে চাষ করার কোনও ব্যবস্থা করবেন কিনা? এইসব না করলে গরিব ছেলেরা কোনও চান্স পাচ্ছে না, বেকার যুবকরা চান্স পাচ্ছে না। গ্রামের বেকার যুবকদের কথা ভেবে আপনি এই ব্যবস্থা নেবেন কি না?

**শ্রী আনিসুর রহমান ঃ** আপনি খুবই গুরুত্বপূর্ণ প্রশ্ন তুলেছেন। আশা করি সকলে শুনবেন। বিগত কয়েকদশক ধরে অর্থাৎ ২-৩ দশক ধরে সারা ভারতবর্ষে তো বটেই, বিশেষ করে পশ্চিমবাংলায় কৃষির অস্বাভাবিক বিকাশ হয়েছে। পশ্চিমবাংলায় ভূমি সংস্কারের কাজ আরও ভালোভাবে হওয়ার জন্য সার্বিকভাবে কৃষির বিকাশ পশ্চিমবাংলায় সর্বাধিক। পশ্চিমবাংলায় কৃষির পাশাপাশি আর যে বিষয় পশ্চিমবাংলার গ্রামীণ অর্থনীতিকে সাহায্য করতে পারে সেটা হচ্ছে প্রাণী সম্পদ বিকাশ। আমাদের এখানে সব রকমের প্রাণী আছে যাদের বিকাশের জন্য কিছু পরিকল্পনা নেওয়া হয়েছে। কিন্তু আমরা ভাবছি, পশ্চিমবাংলায় এই প্রাণী সম্পদকে গ্রামের প্রত্যেকটি পরিবারকে যুক্ত করে যতরকমের প্রাণীসম্পদের বিকাশ ঘটানো সম্ভব তাতে আমরা গুরুত্ব দেব। আমাদের রাজ্যে সব রকমের স্কোপ আছে। উদাহরণ দিলে বুঝতে পারবেন, পশ্চিমবাংলায় দুধের যে চাহিদা আছে ৬০ লক্ষ মেট্রিক টন। কিন্তু পশ্চিমবাংলায় দুধ উৎপাদন হচ্ছে মাত্র ৩৫ লক্ষ মেট্রিক টন। এটাকে বাড়ানোর সুযোগ আছে। এছাড়া মাংসের চাহিদা আছে, আমাদের রাজ্যে, ভারতবর্ষে এবং বাইরের রাজ্যে। ডিমের যে উৎপাদন হয় তার চেয়ে অনেক বেশি চাহিদা আছে। এরজন্য আমরা একটা পরিকল্পনা নিয়ে সার্বিক উন্নয়ন করতে পারি ; সারা রাজ্যের সমস্ত পরিবারকে নিয়ে কিভাবে যুক্ত করতে পারি ; এ ছাড়া গ্রামের যেসব বেকার ছেলে আছে তাদের কিভাবে যুক্ত করতে পারি ; তারজন্য চেষ্টা করছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের উত্তর শুনে আমি হতাশ হলাম। আপনার আগে শ্রী মেহেবুব জাহেদি এই দপ্তরের মন্ত্রী ছিলেন। বিশেষ করে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন টোটোপাড়ার পাশাপাশি বনাঞ্চলে একটা প্রকল্প চালু করা যায় কিনা সে ব্যাপারে বিবেচনা করবেন। মুখ্যমন্ত্রী এ ব্যাপারে একটা নোটও দিয়েছিলেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, বর্তমানে যে বাজেট আছে সেই বাজেট দিয়ে টোটোদের ঐ এলাকায় ঐ প্রকল্প করা যায় কিনা ; কারণ দুধ সরবরাহের সুযোগ আছে, সে ব্যাপারে বিবেচনা করার আশ্বাস দেবেন কিনা?

[11-50 — 12-00 Noon]

**শ্রী আনিসুর রহমান ঃ** টোটোদের জন্য তো বটেই, সারা পশ্চিমবাংলার সব জায়গায় যেখানে আদিবাসী এবং তফসিলি জাতিরা আছেন তাদের ঘিরে এবং বিশেষ করে বনাঞ্চলে যেখানে আছে সেই বনকে ভিত্তি করে পশু পালন এবং দুধ উৎপাদনের আমরা ব্যবস্থা করব। কংগ্রেসের আমলে আমাদের পশ্চিমবাংলায় যেখানে দুধের উৎপাদন হত ১০ লক্ষ মেট্রিক টন, আপনারা শুনে খুশি হবেন, এখন সেই উৎপাদনটা হচ্ছে ৩৫ লক্ষ মেট্রিক টন। অর্থাৎ এ ক্ষেত্রে তিনগুণ বৃদ্ধি হয়েছে। যাইহোক, এর উপর ভিত্তি করেই এটাকে আমরা বাড়াব।

**শ্রী নীরোদ রায়চৌধুরি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, উত্তর ২৪ পরগনাতে

নতুন কোনও ডেয়ারি করার পরিকল্পনা আপনার আছে কিনা এবং যেগুলি আছে সেগুলিকে আরও উন্নতমানের দিকে নিয়ে যাবার পরিকল্পনা আছে কিনা?

**শ্রী আনিসুর রহমান ঃ** এখানে ছোট ডেয়ারি এবং চিলিং প্ল্যান্টের প্রস্তাব এসেছে। কৃষাণ ওয়ান, টু দুটি ইউনিট আছে। সেখানে দুধের উৎপাদন বাড়ছে। আমাদের কাছে প্রস্তাব এসেছে, খোঁজ খবর নিচ্ছি, সম্ভব, হলে এখানে করা যেতে পারে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** সম্প্রতি কাগজে দেখলাম যে মাদার ডেয়ারি গভর্নমেন্ট নিয়ে নিচ্ছে। মাদার ডেয়ারি সল্ট লেকের অফিস এবং সর্বত্র সেখানকার লোকেরা একেবারে কমপিউটারের মতন কাজ করেন। কুরিয়ান সাহেব দুধের উৎপাদন ব্যাপারে খুব ভালো ভুমিকা নিয়েছিলেন এবং ভালো সরবরাহও করছিলেন এবং তা করে একটা বড় দায়িত্ব পালন করছিলেন। আমি জানতে চাই, এটাকে অধিগ্রহণ করা হল কেন এবং এটা কি আবার আর একটা বেলগাছিয়া হবে?

**শ্রী আনিসুর রহমান ঃ** অধিগ্রহণের ব্যাপার নয়। মাদার ডেয়ারি হয়েছিল অপারেশন ফ্ল্যাড ওয়ান, টু, থ্রি প্রোগ্রামে।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বললেন, নতুন ডেয়ারি করার পরিকল্পনা সরকারের আছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন সেটা কোন কোন জেলাতে হবে এবং হাওড়া জেলাতে তা করার কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী আনিসুর রহমান ঃ** দুগ্ধ উৎপাদনের ব্যাপারে সব জেলাকে ঘিরেই পরিকল্পনা আছে। আমাদের লক্ষ্য হল, গ্রাম এলাকায় সমিতি গঠন করে তার মাধ্যমে উন্নত জাতের গাভি দিয়ে উক্ত প্রকল্পকে সব জায়গায় চালু করার।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** আমরা কল্যাণীতে গিয়েছিলাম, সেখানে যে বড় ডেয়ারি ফার্মটি আছে তার অনেকগুলি শেড আমরা দেখে এসেছি পড়ে আছে। শিক্ষা সাবজেক্ট কমিটির তরফ থেকে আমরা সেখানে গিয়ে দেখেছি, শেডগুলি পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। এখন কলকাতা থেকে যে সমস্ত গরু, মোষ নিয়ে যাওয়া হয়েছে তা রাখতে দেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, কল্যাণীকে কেন্দ্র করে ডেয়ারি ডেভেলপমেন্টের কোনও পরিকল্পনা আপনার আছে কিনা?

**শ্রী আনিসুর রহমান ঃ** কল্যাণী এবং হরিণঘাটায় আমাদের সরকারি ফার্ম আছে। কল্যাণী সম্পর্কে সেই সময় ভাবা হয়েছিল একটা মিল্ক কলোনি করার। সেখানে ১০ হাজার গরু রাখার শেড করা হয়েছিল এবং এক হাজর পরিবারের জন্য কোয়ার্টার তৈরি হয়েছিল। এটা ঐ ভাবে করা হয়েছিল যাতে ১ হাজার পরিবার থাকতে পারে এবং প্রতিটি পরিবার ১০টা করে মিলচ কাউ রাখতে পারে। ওদের শেড দেওয়া হয়েছিল, বিদ্যুৎ দেওয়া হয়েছিল, চিকিৎসার ব্যবস্থা করা হয়েছিল সবই বিনা পয়সায়। তবে শর্ত ছিল যে ওদের দুধটা হরিণঘাটায় বিক্রি করতে হবে। আমরা আসার আগেই এটা বন্ধ হয়ে যায়। এ সম্পর্কে দুটি প্রস্তাব আছে। জয়েন্ট সেক্টরে নতুন ডেয়ারি করার জন্য আমাদের কাছে প্রস্তাব এসেছে। ডেন মার্কের একটা সংস্থা অ্যাপ্লাই করেছে, আমাদেরও একটা সংস্থা অ্যাপ্লাই করেছে। আমাদের

এখানে ডেয়ারি পুল আছে, তারা সেখানে ৬ লক্ষ লিটার দুধ উৎপাদন করার প্রস্তাব দিয়েছে এবং সেই প্রস্তাবে ১০ হাজার গরু পালনের কথাও বলা আছে। এছাড়া আশেপাশে যে এলাকা আছে, সেখানে যে সমস্ত বেকার যুবকেরা আছে তারা যদি দলবেঁধে সমিতি করে গরু পালন করতে চায় তাহলে আমরা তাদের সব রকম সাহায্য দেব।

## ইউসুফ কমিশন

*৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৪।) **শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইউসুফ কমিশনের কাজ কবে শেষ করার কথা ছিল ;

(খ) মোট কতবার এই কমিশনের মেয়াদ বাড়ানো হয়েছে ; এবং

(গ) এ পর্যন্ত এই কমিশনের জন্য মোট কত টাকা ব্যয় করা হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) অক্টোবর ১৯৯২।

(খ) ৮ (আট) বার।

(গ) ৩২, ৫৬, ৩৮২ টাকা (একত্রিশ লক্ষ ছাপান্ন হাজার তিনশত বিরাশি)।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই সরকারের হ্যাবিট হয়ে গেছে যে, সমস্ত কমিশনের রিপোর্ট দেরি করে পেশ করা। মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, ইউসুফ কমিশনের রিপোর্ট পেশ করার ক্ষেত্রে দেরি হওয়ার কারণ কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** দেরি হওয়ার কারণ বিভিন্ন। মূল কারণ হচ্ছে, এই কমিশনের ১২০ জন উইটনেস আছে, তাদের সঙ্গে কথাবার্তা বলতে হয়, উইটনেস নিতে হয়। তাদের মধ্যে অনেক ভি.আই.পি. আছে একজন এম.পি. আছেন, ৩ জন এম.এল.এ. আছেন, তাদের সামন দিতে হয়, এই সমস্ত কাজ করতে হয় এবং সমস্ত ডকুমেন্ট দরকার হয়। এই জন্য সময় লেগেছে।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যখন টার্গেট করেছিলেন তখন এই সমস্ত ফাইন্ডিং মাথায় রেখে করেছিলেন তো?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সব সময়ে যে লক্ষ্য রেখে করা হয় সেই ভাবে হয়না। কমিশন চলতে চলতে আরও সময় লেগে যায়। তারা সময় চেয়েছেন, আমরা সময় দিয়েছি। গত মাসের ২৮ তারিখে এই রিপোর্ট তারা সরকারের কাছে জমা দিয়েছে। আমরা আশা করছি যে সরকারের মতো সই বক্তব্য আমরা তাড়াতাড়ি পেশ করতে পারব।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, চলতি অধিবেশনে এই বিধানসভায় এই রিপোর্ট পেশ হবে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমি বলেছি যে আমাদের সরকারের কাছে এসেছে, আমাদের

মতামত আমরা প্রস্তুত করছি। যদি প্রস্তুত হয়ে যায়, আমরা চেষ্টা করছি এই অধিবেশনে। এই বক্তব্য সরকারের বক্তব্য সাই কমিশনের রিপোর্ট পেশ করতে পারব।

**শ্রী প্রভঞ্জনকুমার মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার প্রশ্ন হচ্ছে, ইউসুফ কমিশনের মতো আরও কিছু কমিশন হয়েছিল, তার মধ্যে একটা কমিশন হচ্ছে ওয়াংচু কমিশন।

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউড।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এই অধিবেশনে রিপোর্ট পেশ করবার চেষ্টা করছেন সরকারের মতামত সই। কিন্তু আমরা দেখছি যে মন্ত্রী মহাশয়ের দল মার্কসবাদী পার্টি ইউসুফ কমিশনের ফাইন্ডিংস নিয়ে পাবলিকলি বক্তব্য রাখতে শুরু করেছে। সরকারের কাছে যে রিপোর্ট এসেছে, সেই রিপোর্ট বিধানসভায় পেশ করার আগে কি করে তারা কমিশন কি মতামত দিয়েছে সেটা পাবলিকলি মিটিং করে বলছে—এর জবাব দেবেন কি?

[12-00 — 12-10 P.M.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** পাবলিক মিটিংয়ে কোথায় কে কি বলেছেন তার দায়িত্ব আমরা নিতে পারি না। ঐ রিপোর্টের বিষয়বস্তু সরকারের সর্বোচ্চ স্তর ছাড়া আর কেউ এখনও জানেন না। এক্ষেত্রে সম্পূর্ণ গোপনীয়তা রক্ষা করা হচ্ছে। পাবলিক মিটিংয়ে কোনও পার্টির কোনও নেতা কোথায় কি বলেছেন তার দায়িত্ব সরকার নিতে পারে না।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, ঐ কমিশনের কতজন স্টাফ নিয়োগ করেছেন এবং ঐ কমিশনের যিনি বিচারপতি মাইনে কত এবং টোটাল খরচ কত হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** স্টাফ কতজন বলতে পারব না, তবে স্যালারি বাবদ খরচ হয়েছে ২৪ লক্ষ ৮৬ হাজার টাকা। বিচারপতির জন্য কত খরচ হয়েছে তার তথ্য সঙ্গে নেই। নোটিশ দেবেন, বলে দেব।

**শ্রী আব্দুল মান্নান ঃ** সরকারের একটা প্রবণতা দেখতে পাচ্ছি যে, এই ধরনের কমিশনের অবসরপ্রাপ্ত বিচারপতিদের বসানো হচ্ছে। যে ১৩টা কমিশন গঠন করেছেন তার সব কয়টিতে সেটাই করেছেন, অবশ্য কোনও কমিশনের রিপোর্ট পাওয়া যায়নি। সেসব ফ্রিজ হয়ে গেছে। এক্ষেত্রে অবসরপ্রাপ্ত বিচারপতিদের না বসিয়ে এরপর থেকে সিটিং জজদের বসাবেন কিনা জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** অবসরপ্রাপ্ত বিচারপতিদের বিরুদ্ধে এরকম মনোভাব সুস্থ মানসিকতার লক্ষণ নয়।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—ইউসুফ কমিশন গঠন এবং তাদের রিপোর্ট প্রদান পর্যন্ত কত সময় ধরা হয়েছিল ; অতীতে খাদ্য আন্দোলনের পরবর্তীকালে যে সমস্ত হত্যাকারীর বিরুদ্ধে আমাদের দাবি মতো যে দুই-একটি কমিশন বসানো হয়েছিল যার রিপোর্ট আমরা আজও পাইনি, সেসব রিপোর্ট প্রকাশ করার ব্যবস্থা রাজ্য সরকার নিচ্ছেন কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এরকম তুলনামূলক আলোচনা করতে গেলে নোটিশ দিতে হবে। আগেকার কংগ্রেস আমলের কোনও কমিশনের কোনওরকম তথ্য আমাদের কাছে নেই। তবে আপনি যদি সেসব জানতে চান, নোটিশ দেবেন, সময় লাগলেও উত্তর দেব।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, ইউসুফ কমিশন ভার্ডিকট যেগুলো দিয়েছেন, স্পেসিফিক্যালি পাবলিক মিটিংয়ে সেই ভারডিকটের পয়েন্টগুলি তুলে ধরে আপনাদের নেতারা বলছেন। এটা হবার কারণ কী? সরকারের সর্বোচ্চ স্তরে বা কোনও স্তরে কেউ এই রিপোর্টের কিছু জানেন না। কে কি বলেছেন তার দায়িত্ব আমরা নিতে পারব না। রিপোর্ট হাউসে পেশ করার পর সেটা দেখতে পাবেন।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### রেগুলেটেড মার্কেট

* ৩০৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬৫।) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কিসের ভিত্তিতে "রেগুলেটেড মার্কেট" স্থাপন স্থির করা হয় ;

(খ) "রেগুলেটেড মার্কেট" বর্তমান বছরে রাজ্যের কোন কোন এলাকায় স্থাপিত হবে বলে আশা করা যায়?

**কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

স্থানীয় দাবি ও কৃষিপণ্যের বিপণনের দূরত্ব অনুযায়ী সাধারণত মহকুমা ভিত্তিক নিয়ন্ত্রিত বাজার সমিতি গঠন করা হয়।

সকল মহকুমায় অন্তত একটি করে নিয়ন্ত্রিত বাজার সমিতি গঠন করার প্রস্তাব সরকারি পর্যায়ে বিবেচনাধীন আছে।

### অনাথ শিশুদের নতুন হোম

* ৩০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১০০।) **শ্রী সুকুমার দাস ঃ** সমাজকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে অনাথ শিশুদের জন্য সরকারিভাবে নুতন হোম তৈরি করার কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) রাজ্যের হোমগুলিতে শিশুদের (মাথাপিছু) জন্য কত টাকা বরাদ্দ করা হয়?

**সমাজকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না

(খ) রাজ্যের 'হোম'গুলিতে শিশুদের জন্য মাথাপিছু মাসিক ৪০০ (চারশত) টাকা বরাদ্দ করা হয়।

**'পথের পাঁচালী' ছবির পরিবেশনের চুক্তি**

*৩০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯০।) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্য যে, সত্যজিত রায় পরিচালিত "পথের পাঁচালী" ছবিটি বিভিন্ন দেশে পরিবেশনের জন্য এন.এফ.ডি.সি.-এর মাধ্যমে রাজ্য সরকার ও মুম্বাই (বোম্বাই)-এর এক সংস্থার চুক্তি হয়েছিল ;

(খ) সত্যি হলে, কোন সংস্থার সাথে চুক্তি হয়েছিল ; এবং

(গ) সংশ্লিষ্ট চুক্তিটি কিরূপ ছিল?

**তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্য সরকারের সঙ্গে কোনও চুক্তি হয় নি।

ন্যাশনাল ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশন-এর সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থিত একটি সংস্থার ১৯৯২ সালে চুক্তি হয়েছিল।

(খ) মার্চেন্ট আইভরি প্রোডাক্টস (ইউ.এস.এ.) ইনকর্পোরেটেড।

(গ) চুক্তির মধ্যে ছিল ঃ সংস্থাটি নিজ ব্যয়ে দুই পক্ষের অনুমোদিত বিদেশের কোনও ল্যাবরটেরিতে ছবিটির নেগেটিভ-এর নবীকরণ (পুনর্গঠনের অধিকার পাবেন এবং কাজ শেষ হওয়ার পর এন.এফ.ডি.সি. কে 'অরিজিনাল নেগেটিভ' ফেরত্ দেবেন।

মার্কিন যুক্তরাষ্ট্র এবং কানাডায় ১২ বছর ছবিটির প্রদর্শন এবং পরিবেশনার সার্বিক দায়িত্ব পাবেন এবং এর জন্য ২৩,৫০০ ইউ.এস. ডলার সরকারকে দেবেন।

**Doordarshan's Bengali Channel**

***310.** (Admitted Question No. * 1072) **Shri Saugata Ray :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) whether the State Government has renewed its demand for handing over of Doordarshan's Bengali Channel to the State ;

(b) if so :

(i) the reaction of the new Government at the Centre thereto ; and

(ii) the justification therof ?

**Minister-in-charge of the Information and Cultural Affairs Department :**

(a) no

(b) (i) does not arise.

(ii) does not arise.

**পান বিপণন এবং সংরক্ষণ**

***৩১১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪৩।) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পান বিপণনের এবং সংরক্ষণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(১) পানের সুষ্ঠু বিপণন ব্যবস্থা গড়ে তোলার জন্য পঃবঃ কৃষিপণ্য বিপণন (প্রনিয়ন্ত্রণ) আইনের আওতায় নিয়ন্ত্রিত বাজার সমিতি গঠন করে এদের মাধ্যমে প্রয়োজনীয় পরিকাঠামো সৃষ্টি করার পর পানের বেচা-কেনা ঐ সকল বাজার চত্বরে কেন্দ্রীভূত করার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

(২) ইতিমধ্যে করিমপুর নিয়ন্ত্রিত বাজার সমিতির মুখ্য বাজার চত্বরে পানের পাইকার বেচা-কেনা শুরু করা হয়েছে।

(৩) হাওড়া জেলার উলুবেড়িয়া নিয়ন্ত্রিত বাজার সমিতির অধীনে বাগনানে এবং মেদিনীপুর (পূর্ব) জেলার তমলুক নিয়ন্ত্রিত বাজার সমিতির অধীনে তমলুকে মুখ্যত পান সহ অন্যান্য কৃষিপণ্যের পাইকারি বাজার তৈরি করার জন্য সরকারি পর্যায় থেকে জমি অধিগ্রহণ করা হয়েছে।

(৪) পানের সংরক্ষণের জন্য এখন পর্যন্ত সরকারি পর্যায় থেকে তেমন কোনও উল্লেখযোগ্য পদক্ষেপ নেওয়া সম্ভবপর হয়নি। তবে, এজন্য প্রচেষ্টা চলছে।

**Films and Video Cassettes**

***312.** (Admitted Question No. * 1078) **Shri Sudip Bandyopadhyay :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) whether there is any proposal to spend money for production of propaganda Films and Video Cassettes on the policies of the Government ; and

(b) if so ;

the brief outlines of the proposal ?

**Minister-in-charge of the Information and Cultural Affairs Department :**

(a) The policy of production of the documentary films is one of

the major activities of I. & C.A. Department. Apart from I.&C.A. Deptt. Some other Departments have been producing films concerning their policies & programmes over the past several years.

(b) Since 1977 Govt. in the I & C. A. Department pursues the policy of either direct purchase of documentary films on the recommendation of Film Advisory Board or to produce decumentary films by the empanelled film makers of the Department.

Number of Films Prduced ....... 98

Number of Films purchases ....... 47

**পুরাকীর্তি সংরক্ষণ**

***৩১৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৯।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলার ঐতিহাসিক স্থান, পুরাকীর্তি সংরক্ষণ ও উন্নয়নের জন্য কোনও সরকারি উদ্যোগ গ্রহণ করা হয়েছে কি না?

**তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

এই জেলায় রাজ্য সরকার সংরক্ষিত ছয়টি পুরাকীর্তি আছে (তালিকা সংযুক্ত)

এছাড়া এই জেলার জিয়াগঞ্জে একটি স্থানীয় পরিচালন সমিতির নিয়ন্ত্রণাধীন সংগ্রহালয় স্থাপন করা হয়েছে যার ব্যয়ভার নির্বাহ করেন রাজ্য সরকার। উক্ত সংগ্রহালয়ের জন্য একজন সহকারি কিউরেটর রাজ্য সরকার কর্তৃক নিযুক্ত হয়েছেন।

এই জেলায় 'প্রাগৈতিহাসিক পর্ব' বিশেষত 'কৃষ্ণ ও লোহিত কৌলাল' (Black and Red ware) পর্যায়ের সংস্কৃতি বিষয়ে ১৯৯২ সালে পশ্চিমবঙ্গ প্রত্নতত্ত্ব ও সংগ্রহালয় অধিকারের পক্ষ থেকে একটি 'ক্ষেত্র অনুসন্ধান' (Field Survey) করা হয়েছিল।

**মুর্শিদাবাদ জেলায় রাজ্য সরকার সংরক্ষিত ছয়টি পুরাকীর্তি ঃ**

১। নবাব সরফরাজখানের সমাধি, নাগিনাবাদ, থানা—মুর্শিদাবাদ

২। গঙ্গেশ্বর শিবের মন্দির, বরানগর, থানা—জিয়াগঞ্জ

৩। যুগেশ্বর শিবের মন্দির, যুগসারা, থানা—বরাঞ্জা

৪। নবরত্ন শিবের মন্দির, পাঁচথুপি, থানা—বরাঞ্জা

৫। রত্নেশ্বর শিবের মন্দির, ভট্টমাটি, থানা—নবগ্রাম

৬। জগৎশেঠের রাজপ্রাসাদের ধংসাবশেষ, মাহিমাপুর, থানা—মুর্শিদাবাদ

## Unstarred Questions
## (to which answers were laid on the Table)

### H.T. Power Transmission Centre at Baruipur

**52.** (Admitted Question No. 146) **Shri Shobhan Deb Chattyopadhyay :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) is there any plan to install a new H.T. power transmission centre at Baruipur under 24 Parganas (South); and

(b) if so, when?

**Minister-in-charge of the Power Department :**

(a) & (b) it was contemplated earlier to set-up a 220/132 KV sub-station at Baruipur but the idea has been abandoned owing to some technical considerations.

### রাজ্যে খাস জমি

৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১।) **শ্রী অজয় দে ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে খাস জমির পরিমাণ কত ;

(খ) উক্ত জমির বিলি বণ্টনের জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে কি না ; এবং

(গ) পৌর এলাকায় খাস জমি বিলির ক্ষেত্রে সরকারি নিয়ম কি?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৬ সালে ৩১শে মার্চ পর্যন্ত ২৮.৮৯ লক্ষ একর।

(খ) মামলাতে আবদ্ধ নয় এরূপ খাস জমি সরকারি নিয়ম অনুযায়ী বিলি বণ্টন করা হচ্ছে।

(গ) পৌর এলাকায় কৃষি-অকৃষি সমস্ত খাস জমি লিজ-ভিত্তিতে বন্দোবস্ত দেওয়া হয়।

### শান্তিপুরের শ্যামচাঁদ মন্দির সংস্কার

৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫।) **শ্রী অজয় দে ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, শান্তিপুরের শ্যামচাঁদ মন্দির সরকারিভাবে অধিগৃহীত হওয়া সত্ত্বেও তার সংস্কারের জন্য কোনও পদক্ষেপ গ্রহণ করা হয় নি ; এবং

(খ) সত্যি হলে, উক্ত সংস্কারের কাজের ব্যাপারে সরকার কোনও সিদ্ধান্ত গ্রহণ করেছেন কি না?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(খ) না, সত্য নয়। কারণ, শান্তিপুরের শ্যামচাঁদ মন্দির রাজ্য সংরক্ষিত সৌধ বলে ঘোষিত হবার পরে ১৯৭৮-৭৯ সালে ঐ মন্দির রাসায়নিক ও গঠনভিত্তিক সংরক্ষণ করা হয়েছে।

(খ) মন্দিরটিকে পুনরায় রক্ষণাবেক্ষণের জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। এই বিষয়ে প্রয়োজনীয় সহায়তা চেয়ে স্থানীয় পুরসভার সঙ্গে যোগযোগ করা হয়েছে।

**ফুলিয়া ও দিগনগরে সেক্টর অফিস চালুকরণ**

৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৬।) **শ্রী অজয় দে ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শান্তিপুর গ্রুপ সাপ্লাই-এর অধীন ফুলিয়া ও দিগনগরে সেক্টর অফিস চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকলে, তা কোন পর্যায়ে আছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পূর্বে ফুলিয়া এবং দিগনগরে সেক্টর অফিস খোলার ব্যাপারে রাজ্য বিদ্যুৎ পর্ষদ সিদ্ধান্ত গ্রহণ করলেও তা বর্তমানে স্থগিত রাখা আছে। বিষয়টি বিদ্যুৎ পর্ষদের বণ্টন শাখার (Distribution Wing) সামগ্রিক 'পুনর্বিন্যাসের সঙ্গে যুক্ত। উক্ত পুনর্বিন্যাস সম্পর্কে পর্ষদ এখনও কোনও সিদ্ধান্ত নিতে সক্ষম হয় নি। আপাতত ঐ দুটি অঞ্চলের অধিবাসিবৃন্দ বিদ্যুৎ পরিষেবা পাচ্ছেন শান্তিপুর গ্রুপ সাপ্লাই অফিস এবং তার অধীনস্থ ফুলিয়া এবং দিগনগর 'কল সেন্টার' দুটি থেকে।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্যে সাক্ষরতার হার**

৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩।) **শ্রী সুকুমার দাস ঃ** স্কুল শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এই রাজ্যে শিক্ষিতের হার কত ; এবং

(খ) হিন্দু, মুসলিম, তফসিলি ও আদিবাসী নর-নারীদের মধ্যে সাক্ষরতার হার কত (আলাদা আলাদাভাবে) ?

**স্কুল শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৫৭-৭০ শতাংশ।

(খ) হিন্দু বা মুসলমানদের সাক্ষরতার হার আদমসুমারির পক্ষ থেকে গণনা করা হয় না।

তফসিলি জাতির সাক্ষরতার হার ঃ

নারী .. ২৮.৮৭ শতাংশ

পুরুষ .. ৫৪.৫৫ শতাংশ

আদিবাসীর সাক্ষরতার হার ঃ

নারী .. ১৪.৯৮ শতাংশ

পুরুষ .. ৪০.০৭ শতাংশ

**মেদিনীপুরের গর্গ রাজবাড়ির উদ্বৃত্ত জমি অধিগ্রহণ**

৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫।) **শ্রী সুকুমার দাস ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মেদিনীপুর জেলার মহিষাদল থানা এলাকায় গর্গ রাজবাড়ি ও তার উদ্বৃত্ত জমি অধিগ্রহণের জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি না?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

সমগ্র বিষয়টি সাংবিধানিক বৈধতা সংক্রান্ত প্রশ্ন উচ্চ আদালতের ডিভিসন বেঞ্চে বিচারাধীন। সেজন্য এই ব্যাপারে কোনও ব্যবস্থা বর্তমানে নেওয়া যাচ্ছে না।

**কোন্নগরে রেলওয়ে আন্ডারপাস নির্মাণ**

৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৭।) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার কোন্নগর রেলওয়ে আন্ডারপাস নির্মাণের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(খ) উক্ত কাজটি কবে নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কোন্নগর রেলওয়ে আন্ডারপাসের কাজ এ বছর মার্চ মাসে শুরু হয়েছে এবং কাজটি করছে পূর্ব রেলওয়ে। কিন্তু কোন্নগর পৌরসভা ঐ জায়গায় কিছু অস্থায়ী ঝুপড়ি এখনও সরাতে না পারায় কাজের গতি কিছুটা ধীর। পৌরসভাকে এ ব্যাপারে দ্রুত পদক্ষেপ নিতে অনুরোধ করা হয়েছে। আন্ডারপাসের দু-পাশের দুটি সংযোগকারী রাস্তা এই প্রকল্পের আওতাভুক্ত। সি.এম.ডি.এ. এই রাস্তা দুটি নির্মাণ করবে। যতক্ষণ না আন্ডারপাসের কাজ সম্পূর্ণ হচ্ছে এবং রেলওয়ে কোয়ার্টার সরানো হচ্ছে, ততক্ষণ রাস্তা দুটির নির্মাণকাজ শুরু করতে কিছু সমস্যা আছে। এ ব্যাপারে রেলওয়ে কর্তৃপক্ষের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে।

(খ) আশা করা যাচ্ছে যে, আগামী দু-বছরের মধ্যে প্রকল্পটির কাজ শেষ করা যাবে।

## রাজ্য মহিলা কমিশনের সুপারিশ

৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৭।) **শ্রী তপন হোড়ঃ** সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৫-৯৬ সালের ৩১শে মে পর্যন্ত 'রাজ্য মহিলা কমিশন' কতগুলি সুপারিশ রাজ্য সরকারের কাছে পাঠিয়েছেন।

**সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

রাজ্য মহিলা কমিশন প্রথম অর্ধ-বার্ষিক প্রতিবেদনে মোট আঠারোটি (১৮) সুপারিশ (Recommendation) রাজ্য সরকারের কাছে পেশ করেছেন। এ ছাড়া, কমিশন দ্বিতীয় অর্ধ-বার্ষিক প্রতিবেদনে আরও দশটি (১০) প্রস্তাব (Suggestion) পেশ করেছেন।

## চাঁচোল থানা এলাকায় বৈদ্যুতিকরণ

৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫১।) **শ্রী মহবুবুল হকঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬ সালের মার্চ মাস পর্যন্ত মালদহ্ জেলার চাঁচোল থানায় কতগুলি মৌজা বৈদ্যুতিকরণ করা হয়েছে ;

(খ) কতগুলি মৌজায় বৈদ্যুতিকরণ বাকি আছে ; এবং

(গ) কতদিনের মধ্যে সমস্ত মৌজায় বৈদ্যুতিকরণের কাজ শেষ হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

(ক) মালদাহ জেলার চাঁচোল থানায় ১৮২টি মৌজার মধ্যে সবকটি ভারজিন মৌজাই বৈদ্যুতিকরণ করা হয়েছে।

(খ) প্রশ্নই ওঠে না।

(গ) প্রশ্নই ওঠে না।

## পুরুলিয়া জেলায় বৈদ্যুতিকৃত মৌজা

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৩।) **শ্রী নিশিকান্ত মেহেতাঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার প্রতিটি থানা এলাকায় কতগুলি মৌজাতে বৈদ্যুতিকরণের কাজ শেষ হয়েছে ;

(খ) কত মৌজাতে এখনও কাজ বাকি আছে ;

(গ) বাকি মৌজাগুলির কাজ কত দিনে শেষ হবে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩১.৫.৯৬ পর্যন্ত পুরুলিয়া জেলার বিভিন্ন থানায় যে সব মৌজার বৈদ্যুতিকরণ হয়েছে তার হিসাব নিম্নরূপঃ

| | মৌজার নাম | মোট মৌজা | বিদ্যুতায়িত ভারজিন মৌজা | বিদ্যুৎবিহীন মৌজা |
|---|---|---|---|---|
| ১। | আরশা | ৯৬ | ৬০ | ৩৬ |
| ২। | বাগমুণ্ডি | ১৩৬ | ৬৭ | ৬৯ |
| ৩। | বলরামপুর | ৯০ | ৪৯ | ৪১ |
| ৪। | বাধোয়ান | ১৩১ | ১৪ | ১১৭ |
| ৫। | বড়বাজার | ১৯৮ | ৯৭ | ১০১ |
| ৬। | হুরা | ১১১ | ৯৩ | ১৮ |
| ৭। | জয়পুর | ১০৬ | ৩১ | ৭৫ |
| ৮। | ঝালদা | ২৫০ | ১৭৪ | ৭৬ |
| ৯। | কাশীপুর | ১৯৮ | ১৯৪ | ০৪ |
| ১০। | মানবাজার | ২৭৮ | ১২৩ | ১৫৫ |
| ১১। | নেতুরিয়া | ১১২ | ৯০ | ২২ |
| ১২। | পারা | ১০৪ | ৭৮ | ২৬ |
| ১৩। | পুনচা | ১৫৫ | ৭৬ | ৭৯ |
| ১৪। | পুরুলিয়া | ২০৮ | ১৫৭ | ৫১ |
| ১৫। | রঘুনাথপুর | ১৫৩ | ১২৫ | ২৮ |
| ১৬। | বাঁতুরি | ৯৪ | ৮০ | ১৪ |
| ১৭। | সাঁওতাল ডিহি | ৩২ | ২৮ | ০৪ |
| | | **২৪৫২** | **১৫৩৬** | **৯১৬** |

(খ) উপরোক্ত হিসাবের সর্বশেষ স্তম্ভে এ বিষয় বলা আছে।

(গ) এই সময়সীমা নির্ভর করছে জেলা পরিষদের ওপর। কেননা বর্তমানে বৈদ্যুতিকরণের কাজ চলছে জেলা পরিষদ থেকে প্রাপ্ত টাকার সাহায্যে।

**পুরুলিয়া জেলায় ভূমিহীন কৃষকদের পাট্টা**

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৯১৪।) **শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার পাট্টা দেওয়া হয়েছে এমন ভূমিহীন কৃষকদের সংখ্যা কত ;

(খ) কত পরিমাণ খাস জমি এখনও বিলি করা হয় নি ; এবং

(গ) ভূমিহীনদের মধ্যে উক্ত জমি কবে নাগাদ বিলি করা সম্ভব হবে বলে আশা করা যায়?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৮৩,৭০৩ জন।

(খ) ৬,০১৪ একর।

(গ) দ্রুত বিলি করার জন্য প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**পুরুলিয়া জেলায় লিংক রোড**

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯২২।) **শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯০ সাল থেকে ১৯৯৬ সালের ৩১ শে মার্চ পর্যন্ত পুরুলিয়া জেলাতে কতগুলি লিংক রোড ও কত কিলোমিটার রাস্তা তৈরি করা হয়েছে ;

(খ) কত পরিমাণ অর্থ ব্যয় হয়েছে?

**কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯০ সাল থেকে ১৯৯৬ সালের ৩১শে মার্চ পর্যন্ত পুরুলিয়া জেলাতে কৃষি বিভাগ থেকে মোট ছয়টি গ্রামীণ হাট-বাজারের সংযোগকারী সড়ক তৈরি করা হয়েছে। এই ছয়টি সড়কের নাম হল ঃ

(১) বাকিটার্চ থেকে পুণ্ডক।

(২) কোটশিলা থেকে চিন্টু।

(৩) লোচুর্ক গামার কুলি।

(৪) মিচিরাদি থেকে মুদালি।

(৫) যারগোমার থেকে ইললু হাসপাতাল।

(৬) নিমতল থেকে সিন্ধি ভায়া মাদলা রোড।

তৈরি রাস্তার দৈর্ঘ সম্পর্কিত তথ্য জেলা থেকে সংগ্রহ করে জানাতে হবে।

(খ) উপরোক্ত ছয়টি সড়কের জন্য মোট মঞ্জুরীকৃত সরকারি অর্থের পরিমাণ— ১২,০৩,১৮৩.০০ টাকা।

**বন্যায় মালদহ জেলার ক্ষয়-ক্ষতি**

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩২।) **শ্রী গৌতম চক্রবর্তী ঃ** ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৫ সালের বন্যায় মালদহ জেলার ১৫টি ব্রক ও ২টি পৌরসভায় মোট কতগুলি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছিল ;

(খ) ইংলিশবাজার ব্লক এবং পৌরসভায় তার সংখ্যা কত (আলাদা-আলাদাভাবে) ; এবং

(গ) প্রতিটি ব্লক ও পৌরসভায় ত্রাণবাবদ কি পরিমাণ অর্থ মঞ্জুর করা হয়েছে?

**ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মোট ৭৩,৩৫৩টি বাড়ি সম্পূর্ণভাবে ও ৭০,৪৬৪টি বাড়ি আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল।

(খ) ইংলিশবাজার ব্লকে ক্ষতিগ্রস্ত বাড়ির সংখ্যা ঃ

সম্পূর্ণভাবে—৪,৫৬৯ ; আংশকিভাবে—৫,৫৭৬ ; এবং

ইংলিশবাজার পৌসভায় ক্ষতিগ্রস্ত বাড়ির সংখ্যা ঃ

সম্পূর্ণভাবে—৫,৩৮৪ ; আংশিকভাবে—২,১৬৯।

(গ) ব্লক ও পৌরসভাওয়ারি মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ-সংক্রান্ত হিসাব নিচে দেওয়া হল ঃ

| ক্রমিক নং | ব্লকের নাম | টাকার পরিমাণ (গৃহ-নির্মাণ অনুদান বাবদ) |
|---|---|---|
| ১। | হরিশচন্দ্রপুর—১ | ১৪,৮০,০০০ |
| ২। | হবিশচন্দ্রপুর—২ | ২৭,১৫,০০০ |
| ৩। | চাঁচোল—১ | ২২,৮৫,০০০ |
| ৪। | চাঁচোল—২ | ২২,০৫,০০০ |
| ৫। | রতুয়া—১ | ৩০,১৬,৫০০ |
| ৬। | রতুয়া—২ | ৩৭,৯১,৫০০ |
| ৭। | মানিকচক | ২৪,৬৯,০০০ |
| ৮। | ইংলিশবাজার | ২৯,৫০,৫০০ |
| ৯। | কালিয়াচক—১ | ৩৩,৬১,৫০০ |
| ১০। | কালিয়াচক—২ | ৩০,১৫,০০০ |
| ১১। | কালিয়াচক—৩ | ১৯,৯৬,০০০ |
| ১২। | ওল্ড মালদা | ১৩,৭৭,০০০ |
| ১৩। | হবিবপুর | ২৫,৯৮,০০০ |
| ১৪। | বামনগোলা | ২০,৫৭,০০০ |
| ১৫। | গাজোল | ৪৩,২৭,৫০০ |

| ক্রমিক নং | ব্লকের নাম | টাকার পরিমাণ (গৃহ-নির্মাণ অনুদান বাবদ) |
|---|---|---|
| | **পৌরসভা** | |
| ১। | ওল্ড মালদা | ১২,৫৪,০০০ |
| ২। | ইংলিশবাজার | ২৫,৯১,০০০ |
| | | মোট : ৪,৩৫,০০,০০০ |

## রাজ্যে পানবাজার তৈরির পরিকল্পনা

৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮০।) **শ্রী গোপালকৃষ্ণ দে :** কৃষিজ-বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে পান-চাষীদের জন্য সরকারি উদ্যোগে পানবাজার তৈরির কোনও পবিকল্পনা সরকারের আছে কি না?

**কৃষিজ-বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

হ্যাঁ আছে। ইতিমধ্যে করিমপুর নিয়ন্ত্রিত বাজার সমিতির মুখ্য বাজার চত্বরে পানের পাইকারি বেচা-কেনা শুরু করা হয়েছে। তা ছাড়া, উলুবেড়িয়া-নিয়ন্ত্রিত বাজার সমিতির অধীনে বাগনান এবং তমলুক-নিয়ন্ত্রিত বাজার-সমিতিব অধীনে তমলুকের মুখ্যত পানসহ অন্যান্য কৃষিপণ্যের পাইকারি বাজার তৈরি করার জন্য জমি অধিগ্রহণ করা হয়েছে।

## দেগঙ্গায় লিঙ্ক রোড

৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৫।) **শ্রী মহম্মদ ইয়াকুব :** কৃষিজ-বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দেগঙ্গার অন্তর্গত হাট-বাজারের সংযোগকারী লিঙ্ক রোড নির্মাণ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**কৃষিজ-বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

উত্তর ২৪-পরগনার বারাসাত মহকুমার অন্তর্গত দেগঙ্গাতে হাট-বাজারের সংযোগকারী দুটি লিঙ্ক রোড নির্মাণ করার পরিকল্পনা কৃষি বিভাগের বিবেচনাধীন আছে।

(ক) খেজুরডাঙ্গা (ইদগা) থেকে পদ্মপোল :

১ম পর্যায় — ৫ ০ লক্ষ টাকা

২য় পর্যায় — ৫.০ লক্ষ টাকা

(খ) দেগঙ্গা বাজার ভায়া আমিনপুর থেকে ভাসলিয়া : ৫.০ লক্ষ টাকা

মোট : ১৫.০ লক্ষ টাকা

## দিনহাটা ১নং ব্লকের শিশু-বিকাশকেন্দ্র

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১০৯৪।) **শ্রী ফজলে হকঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কোচবিহার জেলার দিনহাটা ১নং ব্লকে কতগুলি শিশু-বিকাশকেন্দ্র (আই.সি.ডি.এস.) আছে ; এবং

(খ) অঙ্গনওয়াড়ি কর্মী ও সাহায্যকারিণীর সংখ্যা কত?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কোচবিহার জেলার দিনহাটা ১নং ব্লকের সুসংহত শিশু-বিকাশ প্রকল্পে ১৫০টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র আছে।

(খ) অঙ্গনওয়াড়ি কর্মীর সংখ্যা ১৫০ এবং সাহায্যকারিণীর সংখ্যাও ১৫০।

## পুরুলিয়ার রঘুনাথপুরে অগ্নি-নির্বাপককেন্দ্র

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ১১৫৪) **শ্রী নটবর বাগদী ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, পুরুলিয়া জেলার রঘুনাথপুরে অগ্নি-নির্বাপককেন্দ্র স্থাপনের পরিকল্পনা সরকাব গ্রহণ করেছে ; এবং

(খ) করে থাকলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) অর্থ দপ্তরের অনুমোদন পাওয়া গেলেই প্রস্তাবিত অগ্নি-নির্বাপককেন্দ্র স্থাপনের কাজ হাতে নেওয়া হবে।

## গ্রামাঞ্চলে রেশনে কেরোসিন তেলের বরাদ্দ বৃদ্ধি

৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১৬৭।) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গ্রামাঞ্চলে রেশনে মাথাপিছু কেরোসিন তেলের বৃদ্ধির পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না ; এবং

(খ) কেরোসিন তেলের কালোবাজারি ঠেকাতে রাজ্য সরকার কি কি পদক্ষেপ নিয়েছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগ এবং এনফোর্সমেন্ট পুলিশ (উভয় বিভাগ) কেরোসিন তেলের কালোবাজারি বন্ধ করার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করে থাকে। সীমান্তবর্তী জেলাগুলিতে সীমান্ত সুরক্ষাবাহিনীকে (বি.এস.এফ.) সজাগ থাকতে বলা হয়েছে।

## রাজ্যে সি.ডি.পি.ও.-র খালি পদের সংখ্যা

৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৫।) **শ্রী আনন্দগোপাল দাস ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে কতগুলি সি.ডি.পি.ও.-র পোস্ট খালি আছে (জেলাওয়ারি হিসাব)?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রাজ্যে ৬০(ষাট)টি সি.ডি.পি.ও.-র পোস্ট খালি আছে। জেলাওয়ারি নিচে দেওয়া হল ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১। | কলকাতা | নাই | ১১। | পুরুলিয়া | ৩ |
| ২। | হাওড়া | ১ | ১২। | বীরভূম | ৫ |
| ৩। | ২৪-পরগনা (উত্তর) | ২ | ১৩। | মালদা | ৫ |
| ৪। | ২৪-পরগনা (দক্ষিণ) | ৫ | ১৪। | উত্তর দিনাজপুর | ৩ |
| ৫। | নদীয়া | ২ | ১৫। | দক্ষিণ দিনাজপুর | ৩ |
| ৬। | মুর্শিদাবাদ | ৪ | ১৬। | দার্জিলিং | ৪ |
| ৭। | বর্ধমান | ৬ | ১৭। | জলপাইগুড়ি | ১ |
| ৮। | হুগলি | ৩ | ১৮। | কোচবিহার | ৩ |
| ৯। | মেদিনীপুর | ৪ | | মোট সংখ্যা | ৬০ (ষাট) |
| ১০। | বাঁকুড়া | ৬ | | | |

## রাজ্যে অনাথ আশ্রমে অনাথ শিশু সংখ্যা

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৭।) **শ্রী আনন্দগোপাল দাস ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের অনাথ আশ্রমগুলিতে অনাথ শিশুর সংখ্যা কত (ছেলে মেয়েব সংখ্যা)?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রাজ্যে অনাথ আশ্রমগুলিতে অনাথ শিশুর সংখ্যা নিচে দেওয়া হল ঃ

| | | |
|---|---|---|
| ছেলে | ... | ৬,৫০০ জন |
| মেয়ে | ... | ৩,৯০০ জন |
| মোট | ... | ১০,৪০০ জন |

## Managerial Post in W.B.E.C.S.C.

**72.** (Admitted Question No. 1341) **Shri Ram Payare Ram :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to State—

The total number of managerial posts in the West Bengal Essential Commodities Supply Corporation.

**Minister-in-charge of the Food and Supplies Department :**

29 (twentynine) posts.

## Revised Edition of the West Bengal Code

**73.** (Admitted Question No. 1388) **Shri Tushar Kanti Mandal** and **Shri Saugata Ray :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to State—

(a) whether the correction slips, meants for incorporation of Acts and amendments thereto passed by the State Legislature, in the West Bengal Code are printed and published regularly by the State Government ;

(b) if so, the number of such correction slips printed and published during the past three years ;

(c) if not, the reasons thereof ; and

(d) whether there is any proposal to print and publish a revised edition of the West Bengal Code ?

**Minister-in-charge of the Judicial Department :**

(a) No.

(b) The West Bengal Code was last printed in eight volumes in 1965. Since then, most of the Acts contained therein have been amended on several occasions during the last 30 years resulting in insertion of innumerable corrections in the Code. There being hardly any space left in the Code sufficient enough for insertion of any more corrections therein, the issue of any further correction slips from time to time at this stage as a matter of routine is not likely to serve and public interest, especially when the expenditure involved in such publication of correction slips will be palpably nugatory and infructuous.

(d) Yes.

**বাঁকুড়ায় সি.ডি.পি.ও.-র শূন্যপদ**

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪২৭।) **শ্রী নন্দদুলাল মাঝিঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় আই.সি.ডি.এস. প্রকল্পে কয়টি আধিকারিকের পদ (সি.ডি.পি.ও.) শূন্য আছে ; এবং

(খ) কবে নাগাদ ঐ পদগুলি পূরণ করা হবে বলে আশা করা যায় ?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

(ক) বাঁকুড়া জেলায় আই.সি.ডি.এস. প্রকল্পে ৬ (ছয়)টি আধিকারিকদের পদ (সি.ডি.পি ও) শূন্য আছে।

(খ) ঐ পদগুলি পূরণ করার চেষ্টা চলছে।

**রাজ্যে সংরক্ষিত পুরাকীর্তি**

৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৯১।) **শ্রী অশোককুমার দেবঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে জেলাওয়ারি সংরক্ষিত পুরাকীর্তির মোট সংখ্যা কত ; এবং

(খ) কোন কোন জেলায় পুরাকীর্তির অনুসন্ধান চালানোর উদ্যোগ গ্রহণ করা হয়েছে?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

(ক) মোট ১০৬টি।

(খ) দার্জিলিং জেলার কালিম্পঙে ও রংগিত উপত্যকায়, মালদহ জেলার গৌড় ও পাণ্ডুয়া এবং জগজ্জীবনপুরে কাজ চলছে এবং মেদিনীপুর জেলার তিলদা ও সংলগ্ন অঞ্চলে পুরাকীর্তি অনুসন্ধানের উদ্যোগ নেওয়া হয়েছে।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received five notices of Adjournment Motion. The first one is from Shri Pankaj Banerjee on the subject of malpractices in State Government Departments. The second one is from Shri Suniti Chattaraj on the subject of severe damage to the Bridge over Bakreshwar river near Kamordangal village, Suri block I. The third one is from Shri Shyamadas Banerjee on the subject of demand for Hindi medium Higher Secondary Schools at Dharampur and Burnpur Township. The fourth one is from Shri Ashok Deb on the subject of non-holding of Election to the West Bengal Council of Higher Secondary Education Managing Board. The fifth one is from Shri Sudip Bandyopadhyay on the subject of show-cause notice to the State Government Employees absented on 5.7.96.

The Subject matters of the Motions fall under the day to day

administration of the Government. These are not such which call for Adjournment of the business of the House. Moreover, the Members may, ventilate their grievances in these matters through Calling Attention Mentions, etc. in the House.

I, therefore, withhold my consent to all the Motions.

One Member may, however, read the text of this Motion as amended.

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ এবং জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল, বন্‌ধের দিন যারা ছুটির আবেদন করবেন না তাদের শো-কজ করা হবে বলে মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্র (আরক্ষা) মন্ত্রীর মধ্যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সরকারি উদ্যোগে বন্‌ধকে সমর্থন করা অতীতে নজীর এই রাজ্যে বর্তমান বামফ্রন্ট সরকারের আমলে অসংখ্যবার ঘটেছে। এই নজীর ভারতবর্ষের অন্য কোথাও নেই। আজ ক্ষমতার মদমত্ততায় এবং ফ্যাসিস্ট কায়দায় সরকারি কর্মচারিদের দিয়ে ছুটির আবেদনের ভিত্তিতে ক্যাজুয়াল লিভ দেওয়ার নির্দেশ দপ্তরের প্রধানদের কাছে পাঠিয়ে দেওয়া হচ্ছে। অগণতান্ত্রিক এই নির্দেশ জারি করা এবং কার্যকর করা হলে এর প্রতিক্রিয়া সুদুরপ্রসারী হতে বাধ্য। সেইজন্য মানবাধিকার লঙ্ঘনের পর্যায়েও যাবে বলে আওয়াজ উঠেছে। বন্‌ধ-এর দিন অনুপস্থিতি নিয়ে এই ধরনের সারকুলার দেওয়ার অপচেষ্টা থেকে রাজ্য সরকার বিরত থাকুন।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** To-day I have received fourteen notices of Calling Attention, on the following subject, namely :-

| Subject | Name |
|---|---|
| 1. Situation arisen out of the decision of the Central Council of Homeopathy to discontinue Diploma Course in Homeo-pathic Colleges. | : Shri Gyan Singh Sohanpal |
| 2. Alleged mysterious death of one Seo Pujan Roy at Marwari Relief society Hospital on 29.6.96. | : Shri Lagan Deo Singh |
| 3. Reported crisis of drinking water in different areas under CMC Ward No. 62. | : Shri Sudip Bandyopadhyay |
| 4. Modernisation of ISCO of Burnpur through SAIL. | : Shri Shyamadas Banerjee |
| 5. Alarming situation at some blocks of South 24-Parganas due to apprehended damage of river-barrage. | : Shri Ashok Kumar Deb |

6. Deplorable condition to Transport system in Asansol. : Shri Tapas Banerjee
7. Reported murder of one Shri Dharanidhar Jana at Purusattompur, Midnapore. : Shri Sailaja Kumar Das
8. Non-sanction of water augmentation scheme in Suri Municipality. : Shri Suniti Chattaraj
9. Reported molestation of a woman by a Sergeant of the Calcutta Police : Shri Saugata Roy and Shri Id Mahammad
10. Videspread out-break of enteric dissease in the State. : Shri Nirmal Das
11. Alleged death from starvation in the State. : Shri Rabindra Nath Chatterjee
12. Mal-distribution of Mid-day-meal in Canning. : Shri Gopal Krishna Dey
13. Non-clearence of corpse from the morgue of Diamond Harbour Sub-divisional Hospital and consequential situation arisen therein. : Shri Sk. Daulat Ali
14. Alleged distribution of expired medicine of Leprosy to the patients in Purulia District Health Centre. : Shri Tapan Hore

I have selected the notice of Shri Gyan Singh Sohanpal on the subject of situation out of the decision of the Central Council of Homeopathy to discontinue Diploma course in Homeopathic College.

The Minister-in-charge may places make a statement to-day, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** Sir, the Statement will be made on 12th July.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-charge of the Home (Police) Department to make a statement on the subject of reported murder of two Lori Drivers at Behala on 29.6.96.

(Attention called by Shri Nirmal Mukherjee, Shri Tapan Hore and Shri Deba Prasad Sarker on the 1st July, 1996.)

[12-10 — 12-20 P.M.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্যঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেহালায় দুইজন ট্যাক্সি চালক খুন হওয়া প্রসঙ্গে সর্বশ্রী নির্মল মুখার্জি, তপন হোড় এবং দেবপ্রসাদ সরকার কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের জবাবে আমি নিম্নলিখিত বিবরণী পাঠ করছি।

১৯৯৬ সালের ৩০ শে জুন মধ্য রাত্রে দক্ষিণ ২৪ পরগনা জেলার বেহালা থানার ক্ষেত্রাধীন দুইজন ট্যাক্সি চালক খুন হওয়ার দুটি পৃথক ঘটনা ঘটে।

**প্রথম ঘটনা ঃ**

৫১৩নং ট্যাক্সির ৮০ বছর বয়স্ক মালিক ও চালক ভানসিংকে ওল্ড ডগ রেসকোর্স সরকারি আবাসনের ভিতরে তার ট্যাক্সির পাশে মৃত অবস্থায় পড়ে থাকতে দেখা যায়। তদন্ত চলাকালীন পুলিশ এই খুনের একজন প্রত্যক্ষদর্শীকে খুঁজে বার করতে সমর্থ হয়। ১৯৯৬ সালের ৩০ শে জুনের রাতে ১-১৫ নাগাদ সরকারি আবাসনের মধ্যে যখন ট্যাক্সিটি এসে থামে তখন মৃত ভান সিংকে পেছনদিক থেকে কোনও অপরিচিত যাত্রী শ্বাসরুদ্ধ করে হত্যা করে। মনে হয় যে পরে ঐ যাত্রী ট্যাক্সি থেকে নেমে চালককে টেনে নামায় এবং বার বার মাটিতে তার মাথা ঠুকে দিতে থাকে। উপরোক্ত আবাসনের সীমানা প্রাচীরের পশ্চিমদিকের একটি ছিদ্র দিয়ে হত্যাকারীকে পালিয়ে যেতে দেখা যায়।

পুলিশ তৎপরতার সঙ্গে তদন্ত চালানোর ফলে কিছু গুরুত্বপূর্ণ সূত্র পাওয়া গেছে এবং একটি ইতিবাচক অবস্থায় পৌঁছানো গেছে।

**দ্বিতীয় ঘটনা ঃ**

গোপাল দাস নামে ৬০ বছর বয়স্ক অপর এক ট্যাক্সি চালকের মাথায় আঘাত পাওয়া মৃতদেহ ডব্লু বি টি ১৩১৩ নং ট্যাক্সির কাছে ভোর ৪-৩০টার সময় পড়ে থাকতে দেখা যায়। শিশির লেনে শীতলা মন্দিরের কাছে ট্যাক্সিটি দাঁড় করানো ছিল। ট্যাক্সিতে অল্প কিছু টাকা পাওয়া যায়। অন্য কয়েকজন ট্যাক্সি চালক জানিয়েছে যে গোপাল দাস বেহালা ট্রাম ডিপো ট্যাক্সি স্ট্যান্ডে যাত্রী তুলতে গিয়েছিল। মনে হয় যে ৩-১৫ নাগাদ সে কোনও অপরিচিত যাত্রীকে ট্যাক্সিতে উঠতে দিয়েছিল।

খুন করেছেন এই সন্দেহে জনৈক রাজু দাসকে সিআইডি গ্রেপ্তার করেছে। উভয় ঘটনার মধ্যে কোনও সম্পর্ক আছে বলে মনে হয় না। এই দুটি কেসের ক্ষেত্রেই সিআইডি দ্রুত তদন্ত করছে। অপরাধীদের সাজা দেওয়ার জন্য যাতে চেষ্টার কোনও ত্রুটি না থাকে সে ব্যাপারে সরকারের নির্দেশ জারি করা হয়েছে।

**Mr. Speaker :** Now the Minister in-charge of the Home (Police) Department will make a statement or the Subject of reported attack on Shri Sankar Singh, MLA by supporters of Major Ruling Party at Raghabpur, Nadia 7.7.96 (Attention called by Shri Rabin Mukherjee and Shri Saugata Roy on the 8th July 1996).

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়,

নদীয়া জেলায় রানাঘাট থানার অধীনে রাঘবপুর গ্রামের অধীনে কংগ্রেস (আই) ও সি.পি.আই (এম) সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা সম্পর্কে সর্বশ্রী রবীন মুখার্জি এবং সৌগত রায় কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের জবাবে আমি নিম্নলিখিত বিবরণী পাঠ করছি।

১৯৯৬ সালের ৭ই জুলাই রানাঘাট থানার অধীন রাঘবপুর গ্রামে একটি ঘটনা ঘটে। কংগ্রেস (আই) ও সি.পি.আই (এম) দলভুক্ত স্থানীয় গ্রামবাসীদের দুটি গোষ্ঠীর মধ্যে সামান্য সংঘর্ষের একটি ঘটনা ঘটেছিল।

এই ঘটনার চার-পাঁচদিন আগে রানাঘাট থানার ভারপ্রাপ্ত ইন্সপেক্টরের কাছে বিধায়ক শ্রী শঙ্কর সিং এই মর্মে একটি দরখাস্ত জমা দেন যে তিনি ১৯৯৬ সালের ৭ই জুলাই রাঘবপুর গ্রামে একটি মিছিল বার করতে চান। রাঘবপুর একটি বড় গ্রাম এবং একটি রেল লাইন এই গ্রামকে দুভাগে ভাগ করেছে। একদিকে কংগ্রেস (আই)-এর প্রাধান্য, আর অন্য দিকের আনুগত্য সি.পি.আই (এম)-র প্রতি। রানাঘাটের ভারপ্রাপ্ত ইন্সপেক্টর তাকে মিছিলটি শুধুমাত্র কংগ্রেস (আই) সমর্থকদের এলাকার মধ্যে সীমাবদ্ধ বাখার পরামর্শ দিয়েছিলেন। কারণ মিছিলটি সি.পি.আই(এম) এলাকা পর্যন্ত এগিয়ে নিয়ে গেলে উত্তেজনার সৃষ্টি ও শান্তিভঙ্গের আশঙ্কা ছিল। কয়েকদিন আগের একটি ঘটনায় একজন সি.পি.আই (এম) সমর্থক প্রহ্লাদ সরকারের হত্যাকান্ড এবং এফ.আই.আর নাম ওঠা ১১ জন কংগ্রেস (আই) ভুক্ত ব্যক্তিকে গ্রেপ্তার করার পরিপ্রেক্ষিতে এই পরামর্শ দেওয়া হয়েছিল।

একজন এস.আই-এর নেতৃত্বাধীন পুলিশ বাহিনীকে সঙ্গে নিয়ে মিছিলটি ১৯৯৬ সালের ৭ই জুলাই বিকেল ৪-০০ টার সময় যাত্রা শুরু করে। যখন দেখা যায় যে মিছিলকারীরা রাঘবপুরের অপর পারে অর্থাৎ পাড়ার দিকে এগিয়ে চলছে, তখন গুরুতর শান্তিভঙ্গের আশঙ্কায় ঐ অফিসার ঐ কাজ করতে নিষেধ করেন। শ্রী শঙ্কর সিং-এর নেতৃত্বে কংগ্রেস (আই) মিছিলটি পুলিশের পরামর্শ অগ্রাহ্য করে রাঘবপুর গ্রামের উত্তরপাড়াতে প্রবেশ করে। এর ফলে মিছিলকারী ও স্থানীয় গ্রামবাসীদের মধ্যে সামান্য সংঘর্ষ হয় এবং তাতে ১০-১২ জন লোক ইঁটের টুকরোয় আঘাত পায়। মিছিলকারীরা একজন সি.পি.আই (এম) সমর্থক শঙ্কর বিশ্বাসের বাড়িতে আগুনও ধরিয়ে দেয়। আরও অভিযোগ করা হয়েছে যে শ্রী শঙ্কর সিং অথবা তার দেহরক্ষী একটি আগ্নেয়াস্ত্র বহন করছিলেন এবং মিছিল চলাকালীন সেটি প্রদর্শন করছিলেন। অভিযোগের সত্যতা যাচাই করে দেখা হচ্ছে।

পরে কংগ্রেস (আই) সমর্থকেরা হাবিবপুরে জাতীয় সড়ক অবরোধ করে এবং পুলিশ অবরোধকারীদের অপসারণ করে। তারা রানাঘাট শহরে তিনটি সরকারি বাসের উপর হামলা চালিয়ে সেগুলিকে ক্ষতিগ্রস্ত করে। এই ঘটনায় এখনও পর্যন্ত ১১ জন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। ১৯৯৬ সালের ৮ই জুলাই কংগ্রেস (আই) রানাঘাট ও চাকদহ থানা এলাকায় একটি বন্ধের ডাক দেয়।

রানাঘাট থানায় একটি বিনির্দিষ্ট কেস শুরু করা হয়েছে এবং এই বিষয়ে তদন্তের কাজ শুরু হয়েছে।

[12-20 — 12-30 P.M.]

**শ্রী সৌগত রায়ঃ** মিঃ স্পিকার স্যার, আমি মাননীয় মন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যর বিবৃতিটা ভালো করে শুনেছি। আমার মনে হয় ওর তথ্যগুলি পুলিশ দপ্তর সরবরাহ করেন বলে কয়েকটি গুরুতর ভুল এর মধ্যে আছে। প্রথমত শঙ্কর সিং রাঘবপুরে কোনও মিটিং করতে যাবেন বলে চিঠি দেয়নি। রাঘবপুরের ১ নম্বর ব্লক কংগ্রেস এর সভাপতি বিজয়েন্দ্র বিশ্বাস তিনি ৪-৭-৯৬ তারিখে রানাঘাট থানার আই.সি.কে চিঠি দিয়ে জানান, অত্যাচারিত কংগ্রেস কর্মী যারা এলাকা ছাড়া, তাদের ঘরে ফেরানোর দাবিতে ও ক্ষতি পূরণের দাবিতে একটা মিটিং-এর আয়োজন করা হয়েছে। সুতরাং প্রথম তথ্যটা ভুল। দ্বিতীয়ত আপনি বলেছেন, যে মৃদু সংঘর্ষ হয়েছে। শঙ্কর সিংকে ব্লক মেডিক্যাল সেন্টারে নিয়ে যাওয়া হয় রানাঘাটে, সেখান থেকে বলা হয়েছে, Sankar Singh has got multiplying injury following assault. শঙ্করকে রড দিয়ে পিছন থেকে সি.পি.এম-এর গুন্ডারা মেরেছিল ৭-৭-৯৬ তারিখে সন্ধায়। তারপর বলছে Sankar Singh has get multiplying injury following assault এবং বলছে অ্যাসাল্ট Assault not brick batting রড দিয়ে তাকে মারা হয়েছে, আনকনসাস অবস্থায়, নো ভোমিটিং, পালস ৭৩ নর্মাল। The patient is suffered from one superficial cut injury on left side and observation on left shoulder and right knee। তারমানে গুন্ডারা রড দিয়ে মেরেছে এবং ইঁট মেরেছে এবং ডান কাঁধে ও হাঁটুতে চোট লেগেছে, দিজ ইজ দি পিকচার। কিন্তু বুদ্ধদেববাবু যে রিপোর্ট দিয়েছেন, সেই ব্যাপারে তাকে প্রশ্ন করতে চাই, ব্লক কংগ্রেসের চিঠি থেকে অত্যন্ত স্পষ্ট, রানাঘাটের রাঘবপুরের উত্তরভাগের কংগ্রেস কর্মীদের বাড়িছাড়া করে দিয়েছে সি.পি.এম., কারণ সি.পি.এমের কাজ হচ্ছে লোকেদের বাড়ি ছাড়া করা। কংগ্রেসের পক্ষ থেকে এটা জানিয়ে দেওয়া হয়েছিল ঘরছাড়াদের ঘরে ফেরানোর দাবিতে তারা মিছিল করে যাবে। তাহলে সেখানে পুলিশ কেন অ্যাডিকোয়েট ব্যবস্থা নেননি। অপদার্থতার জন্য শঙ্করের উপর আক্রমণ হল এবং আক্রমণটা সিরিয়াস হতে পারত। আমি মাননীয় বুদ্ধদেববাবুকে বলতে চাই, একজন এম.এল.এ. একটা গ্রামে কর্মীদের ফিরিয়ে দিতে যাবেন পুলিশের উপস্থিতিতে আর সি.পি.এম. প্ল্যান্ড ওয়েতে হামলা করছে এবং সেই ব্যাপারে পুলিশ কোনও ব্যবস্থা নিতে পারছে না।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্যঃ** উনি দুটি প্রশ্ন করেছেন। সংশ্লিষ্ট বিধায়ক এখানে আছেন, আমি ভুল বলছি, না ঠিক বলছি, সেটা তিনিই বলবেন। আমার যদি ভুল হয়, আমি পরবর্তী সময়ে মেনে নেব। আই স্ট্যান্ড কারেক্ট আমি এখনও বলছি, শঙ্কর সিংকে পুলিশের পক্ষ থেকে বলা হয়েছিল আপনি রাঘবপুরে যাবেন না। উত্তর রাঘবপুরে তিনি যাবেন কিনা সেই ব্যাপারে ডিসিসন কে নেবে, এম.এল.এ.। পুলিশকে উনি লিখে দিয়েছিলেন আমি যাব। আর দ্বিতীয়ত বেরোনোর মুহূর্তে বিধায়ক বলেন, আমি বারহাট্টা যাব এবং পুলিশকে তিনি বিভ্রান্ত করেন এবং হঠাৎ সেখানে চলে গেলেন। এই অধিকার কোনও রাজনৈতিক দলের নেই। পুলিশকে যদি উনি বিভ্রান্ত করেন, এক জায়গার কথা বলে মাঝে যদি পাল্টে দেন, তাহলে এর দায়িত্ব পুলিশ নিতে পারে না। মাননীয় সদস্য শ্রী শঙ্কর সিং আহত হয়েছেন তার জন্য আমি দুঃখিত। ওর মেডিক্যাল রিপোর্ট পড়ানো হল তার জন্যও আমি দুঃখিত। তিনি আহত হয়েছেন তার জন্য আমরা নিশ্চয়ই সকলে দুঃখিত। কিন্তু সৌগতবাবুকে আমি বলে রাখি,

ওর আহত হওয়ার ঠিক প্রাক মুহূর্তে যে ঘটনা ঘটেছে সে ঘটনাকে কেউই ভুলে যাবেন না। শঙ্কর বিশ্বাস বলে একজন ব্যক্তি তার বাড়িতে আগুন লাগানো হয়েছিল। আগুন লাগানোর ফলে তার স্ত্রী অজ্ঞান হয়ে গেছেন। দলবদ্ধ হয়ে মহিলারা এসে তার গায়ে হাত দিয়েছে। তার গায়ে যারা হাত দিয়েছে তারা এক দলবদ্ধ মহিলা। মেয়েদের কাছে উনি মার খেয়েছেন। এই হচ্ছে ওর মার খাওয়ার রহস্য।

(গোলমাল)

**শ্রী রবীন মুখার্জিঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে বক্তব্য বিধানসভায় পেশ করেছেন যে, একটা এলাকায় নাকি সি.পি.এম এর গুন্ডাদের প্রাধান্য বেশি। ওখানে কংগ্রেসের নির্বাচিত বিধায়ক তার এলাকায় যেতে পারবেন না। এটা তার বক্তব্যের মধ্যে পরিগণিত হয়েছে। আমি জানতে চাইছি, পুলিশ কি ওই এলাকায় শঙ্কর সিং যাওয়ার ব্যাপারে কোনও ১৪৪ জারি করেছিল? দ্বিতীয় প্রশ্ন আমি আপনার কাছে করতে চাইছি, শঙ্কর সিং যে এফ.আই.আর করেছিল তার ভিত্তিতে কজন আসামিকে গ্রেপ্তার করা হয়েছে, যেখানে একজন বিধায়কের নিরাপত্তা নেই? একজন বিধায়ক তার বিধানসভা কেন্দ্রের শান্তি রক্ষা করবার জন্য যেতে চেয়ে তাদের ব্লক কংগ্রেস সভাপতি পুলিশের কাছে অনুমতি চেয়েছেন। আপনি বলছেন, পুলিশ অনুমতি দেয় নি। পুলিশ যদি অনুমতি না দেয় তাহলে পুলিশ সেখানে ১৪৪ ধারা জারি করবে। ১৪৪ ধারা করেছে এইরকম কোনও তথ্য কি আপনি বিধানসভায় পেশ করতে পেরেছেন? আরেকটা বিকৃত কথা আপনি বলেছেন যে, তার দেহরক্ষীর রিভলবার থেকে—রিভলবার দেহরক্ষীকে দেওয়া হয় বিধায়কদের নিরাপত্তার জন্য, ভি.আই.পিদের নিরাপত্তার জন্য। দেহরক্ষীর কাছে রিভলবার এই প্রয়োজনেই থাকে। উনি বিকৃত তথ্য এই বিধানসভায় পেশ করেছেন, এটা আমি আপনাকে জানালাম।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্যঃ** আমি আবারও বলছি, একটা এলাকায় কোনও রাজনৈতিক দলের কোনও এম.এল.এ. যাবেন কিনা, সেই ব্যাপারে পুলিশের পরামর্শ দেওয়ার অধিকার আছে। নিষেধ করার অধিকার আছে। যদি কেউ সেই নিষেধ সম্পূর্ণভাবে অমান্য করতে চান তখন প্রশ্ন আসে ১৪৪ ধারার। আমি আপনাদের কাছে বলতে চাইছি যে, মাননীয় বিধানসভার সদস্যকে পুলিশের পক্ষ থেকে বারবার বারণ করা হয়েছিল, সতর্ক করা হয়েছিল যে, তিনি ওই এলাকায় যাবেন না। কিন্তু এটা সত্যি না মিথ্যা, তিনি আকস্মিকভাবে তার যাত্রা পরিবর্তন করেন? রাঘবপুর যাবেন না, এই কথা বলে পুলিশ ঠিক করেছে। তাহলে সংঘর্ষ এড়িয়ে যাওয়া যেত। দ্বিতীয়ত উনি মার খেয়েছেন। আমি বলেছি ঐ কেসে কারা তাকে আক্রমণ করেছে। কেস হয়ে গেলে অপরাধী ধরা পড়লে, নিশ্চয়ই অপরাধী গ্রেপ্তার হবেন। একজন বিধায়ক কে মারলে নিশ্চয় গ্রেপ্তার হবেন। আর যেটা বললেন, তার দেহরক্ষী করেছেন কিনা, এটায় দু তিন রকমের রিপোর্ট পাওয়া গেছে। তাই আমার ভাষা হচ্ছে, এই যে বন্দুক দেখানো হয়েছে, এই অভিযোগের সত্যতা যাচাই করে দেখা হচ্ছে।

[12-30 — 12-40 P.M.]

**শ্রী শঙ্কর সিংহঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে বিবৃতি দিলেন তা সম্পূর্ণ অসত্য এবং মিথ্যা। অসৎ উদ্দেশ্য নিয়ে বলে উনি ওর নিজের দায়িত্ব এড়িয়ে যাওয়ার জন্য

যেটা লিখিতভাবে ওকে দিয়েছেন সেটা পড়ে সভাকে উনি বিভ্রান্ত করেছেন। এক নম্বর হচ্ছে, মন্ত্রী বললেন যে, পুলিশ নাকি আমাকে ওখানে যেতে বারণ করেছেন। প্রসঙ্গক্রমে একটা কথা বলি যে, এটা অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়, ৪ তারিখে লিখিত জানানোর পরে পুলিশ যদি মনে করতেন, লিখিত প্রস্তাব অনুযায়ী আমি ওখানে গেলে সেই এলাকায় উত্তেজনার সৃষ্টি হতে পারে, তাহলে কেন আমাদের পুলিশ ওখানে সমবেত হওয়ার জায়গা দিলেন? তাহলে পুলিশ কেন ওখানে আমাদের সমবেত হওয়ার সুযোগ দিলেন? এখান থেকেই প্রমাণিত হয় যে, পুলিশের উদ্দেশ্য ছিল মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোকেদের সঙ্গে সমাজবিরোধীদের মধ্যে একটা আপোষ করে আমাকে খুন করার। আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে মন্ত্রী মহাশয়কে বলছি যে, নদীয়ার ভৌগলিক অবস্থান ঠিক উনি জানেন না। হয়ত বা উনি জেনে উঠতে পারেন নি। উনি বললেন আমি নাকি বারহাট্টা যেতে চেয়েছিলাম। রাঘবপুরের প্রসঙ্গে কথা এল। রাঘবপুরের সঙ্গে বারহাট্টার যে দূরত্ব এবং সেখানকার ভৌগোলিক অবস্থান, রানাঘাট থানার মধ্যে অবস্থান করে না। বারহাট্টা ধানতলা থানার মধ্যে অবস্থান করে। রাঘবপুরের ঘটনার সঙ্গে উনি বারহাট্টাকে জুড়ে দিয়ে গোটা ঘটনাকে সবার মধ্যে কনফিউসড করার একটা জায়গায় তিনি নিয়ে গিয়েছেন। সেদিন আমরা আমাদের নির্ধারিত কর্মসূচি অনুযায়ী ওখানে সমবেত হয়েছি এবং সেখান থেকে আমাদের মিছিল যখন শুরু হয়, তখন আমি মিছিলের শেষে ছিলাম। আমাদের দলের কংগ্রেসের অন্যান্য নেতৃবৃন্দ ৪-৫ অঞ্চলের প্রধান, তারা মিছিলের প্রথমেই ছিলেন। হঠাৎ দেখা গেল যে, মিছিলের সামনের মানুষগুলো ছোটাছুটি করছে। বোমার আওয়াজ পাওয়া গেল। খুব স্বাভাবিক ভাবেই মানুষ বিভ্রান্ত হয়ে ছোটাছুটি করছে। আমি সেই মানুষগুলিকে আশ্বস্ত করার চেষ্টা করছি এবং বলছি যে আপনারা ছোটাছুটি করছেন কেন? দাঁড়ান। ইতিমধ্যে সেখানে পুলিশের একজন সাব ইনস্পেক্টর ছিলেন। মাননীয় বুদ্ধদেব বাবু আপনি খবর নিয়ে দেখুন যে, অবশ্য আপনাকে খবর দেবেনা। নাম হচ্ছে তপন রুদ্র। যার বিরুদ্ধে আমরা দীর্ঘদিন ধরেই জেলা প্রশাসনকে জানিয়েছি। আমরা জানিয়েছি যে, রাঘবপুরের ওই অঞ্চল সমাজবিরোধীদের আখড়ায় রূপান্তরিত হয়েছে। একটা রাজনৈতিক দলকে আশ্রয় নিয়ে। সেখানে নতুন কোনও ঘটনা নয়। মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব যে, প্রশাসনকে আপনি জিজ্ঞাসা করুন ওই রাঘবপুর গ্রামে বিগত ৬-৭ মাস আগে বোতল বোমা বিস্ফোরণ ঘটেছিল। এই ঘটনা নিষ্পাপ ৩ জন শিশু প্রাণ হারিয়েছিল। সেই অশুভ শক্তি আজকে সংগঠিত হয়ে আপনাদের পতাকার নিচে দাঁড়িয়ে দিনের পর দিন সেখানে এই অত্যাচার করছে। মাননীয় মন্ত্রী বললেন যে, ওখানে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি অধ্যুষিত জায়গা। পাশে কংগ্রেসের ক্ষমতা অধ্যুষিত জায়গা আছে। কি অদ্ভুত যুক্তি। তাহলে আমরা কি বিশ্বাস করব যে, এখানে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোকেরা শক্তিশালী? সেখানে কংগ্রেস থাকতে পারবে না? তা হলে কি আপনি দাঁড় করাতে চাইছেন যেখানে আমরা কংগ্রেস শক্তিশালী, সেখানে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি থাকতে পারবে না? এটা কোনও দায়িত্বশীল মন্ত্রীর বক্তব্য হতে পারে না। আমি একজন বিধায়ক। নির্বাচিত করে ওখানকার মানুষ আমাকে পাঠিয়েছে। আমার ফান্ডামেন্টাল রাইট, ডেমোক্রাটিক রাইট আছে। আমি বিধায়ক হিসাবে বলছি যে, সেখানকার অত্যাচারিত মানুষ সেই মানুষ যে দলেরই হোক না কেন আমার যেমন অধিকার আছে, যে অধিকার আমাকে দিয়েছে, তা খুব দুঃখের সঙ্গে লক্ষ করলাম যে, মাননীয় মন্ত্রী এই কথা বললেন। আমি জানি না বুদ্ধদেববাবু কেন এইকথা

বললেন। আমি ওনার সঙ্গেও কথা বলেছি। ওনাকেও সেই ঘটনার বিস্তারিত রিপোর্ট দিয়েছি। ওখানকার ভৌগোলিক অবস্থার কথা বলেছি। এর আগেও আমরা বলেছি। আপনি নিশ্চয় অবগত ছিলেন। তারপর আমাকে সেখানে ঘিরে ধরল। আমার সহকর্মীরা ছিল। কোনও রকম ভাবে রড শিক আমার সহকর্মীরা হাত দিয়ে ঠেকালো। সেইজন্য আমার মাথায় ডিরেক্ট লাগেনি। তাই আমি বেঁচে গেছি। আমার সেই সাতজন সহকর্মী এখনও হসপিটালে আছে। আপনি খোঁজ নিয়ে দেখুন। আজকে এই অবস্থা চলছে। আপনাদের সঙ্গে এর আগেও কথা বলেছি। আপনি আমাদের সাজেশন নিয়েছিলেন। সেই সাজেশন অনুযায়ী জেলা পর্যায়ে কথা বলেছি। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যে, আপনি এক কথা বলছেন, আর আপনার জেলার মার্কসবাদী কমিউনিস্ট পার্টি এক কাজ করছেন। এই জিনিস চলতে পারে না। এটা যদি সিদ্ধান্ত হয়েই থাকে যে, আইনশৃঙ্খলা রক্ষা করতে হবে, তাহলে আইন শৃঙ্খলা রক্ষা করার দায়িত্ব শুধুমাত্র বিরোধীদলের নয়, মুখ্যত ক্ষমতাসীন দলে যারা থাকেন, তাদেরই মূলত দায়িত্ব হচ্ছে আইনশৃঙ্খলা রক্ষা করার। কিন্তু আমরা দেখছি, নদীয়া জেলাতে সরকার শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে ব্যর্থ হয়েছেন। গুলি চালানোর কথা বলছেন। আমার কাছে লাইসেন্স প্রাপ্ত রিভলবার নেই, আমার গুলি চালানোর প্রয়োজন নেই। সেখানকার মানুষ আমাকে নির্বাচনে জিতিয়ে এখানে পাঠিয়েছেন। আমি গুলিতে বিশ্বাস করি না। গুলিতে বিশ্বাস করলে এরকম অবস্থা হত? মাননীয় মন্ত্রী বুদ্ধদেববাবুকে বলি, আপনার পুলিশ প্রশাসন রিপোর্ট দিয়েছেন, কিন্তু এফ.আই.আর. নেমড কেউ অ্যারেস্ট হয় নি। যাই হোক এটাই আমার মূল বক্তব্য।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় বিধায়ক অনেকক্ষণ বলেছেন। আমি তার সব কথার উত্তর দেওয়া প্রয়োজন মনে করছি না। তিনি যে কথা বলার চেষ্টা করেছেন যে—কংগ্রেসিদের প্রভাব যেখানে আছে সেখানে আমরা যাব না—সে কথা বলি নি।

**(গোলমাল)**

**(এই সময় সকল কংগ্রেস সদস্য মাননীয় মন্ত্রীকে বাধা দিতে থাকেন।)**

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** কথা বললে উত্তর দেব না, কোনও প্রয়োজন নেই উত্তর দেওয়ার। স্যার আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে এই যে, কোনও জায়গায় যখন সংঘর্ষ হয়, সেটা রাজনৈতিক দলের মধ্যেও হতে পারে সেখানে পুলিশের এ ছাড়া আর কোনও কিছু করার অবস্থা থাকে না। সেজন্য তারা বলেছেন ওই এলাকায় মিছিল করবেন না, এলাকা দিয়ে মিছিল নিয়ে যাবেন না, তবে সেটা চিরকালের জন্য নয়। আপনি ৩টি শিশু মৃত্যুর কথা বললেন। ওখানে সি.পি.এমের কর্মী প্রহ্লাদ সরকার খুন হয়েছিলেন। ওখানে একটা উত্তেজনা আছে সেজন্যই বলা হয়েছিল সেখানে মিছিল নিয়ে যাবেন না। আপনি বিধানসভায় গোপন করছেন—বারে বারে বলা হয়েছিল ওই এলাকায় কিছুদিনের জন্য যাবেন না, কিন্তু আপনারা শুনলেন না। সেখানে মিছিল নিয়ে গেলেন। আমি জানতে চাই, যার বাড়িতে আগুন ধরালেন তার নাম শঙ্কর বিশ্বাস—কেন তার বাড়িতে আগুন ধরালেন? তিনি কি সমাজবিরোধী ছিলেন? সমাজবিরোধীরা—ব্যাখ্যা আপনার কাছে শুনতে হবে? সেই আগুন লাগানোর ঘটনার জন্যই এই ঘটনা ঘটেছে।

## Statement Under Rule 346

**Mr. Speaker:** I now call upon Shri Buddhadeb Bhattacharjee, Minister-in-charge of Home (Police) Department to make a statement on the subject of reported attack on Shri Nirmal Ghosh, MLA, at Panihati, North 24 Parganas on July 8, 1996.

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তর ২৪ পরগনা জেলার পানিহাটির বিধায়ক শ্রী নির্মল ঘোষ জড়িত এমন একটি ঘটনা সম্পর্কে আমি নিম্নলিখিত বিবরণী পাঠ করছি।

৭-৮ তারিখে রাত ১-২০ মিনিটে বিধায়ক শ্রী নির্মল ঘোষ ও তার এক প্রতিবেশি শ্রী তপন চক্রবর্তী অনেকক্ষণ কিছু কাগজপত্র নিয়ে কাজ করার পর এক সঙ্গে তার বাড়ির বাইরে পায়চারি করছিলেন। হঠাৎ শ্রী ঘোষ অন্ধকারে ৩-৪ জন লোককে ঘোরোফেরা করতে দেখেন। তিনি চিৎকার করে তাদের ডেকে তারা কে তা জানতে চান। হঠাৎ ঐ লোকগুলি শ্রী ঘোষ ও তাঁর সঙ্গীর দিকে ইঁট পাটকেল ছুড়তে শুরু করে। এতে তারা শোরগোল আরম্ভ করেন। এর ফলে বহু সংখ্যক লোক ঐ স্থানে জড়ো হয়। জনতা বিমল বোস নামে এক যুবককে ঐস্থান থেকে ধরে ফেলে। শ্রী ঘোষ ও শ্রী তপন চক্রবর্তী ইঁট ছোঁড়ার ফলে মাথায় আঘাত পান ও সেখানে বেশ কয়েকটি সেলাই করতে হয়।

বিমল বোস ঐ বিধায়কের একজন প্রতিবেশি। তাকে পুলিশ গ্রেপ্তার করেছে। কানাই মজুমদার নামে আর এক জন তার সঙ্গে ছিল বলে সে স্বীকার করেছে। তাকেও গ্রেপ্তার করা হয়েছে। সে জবানবন্দী দিয়েছে যে তারা উভয়েই মত্ত অবস্থায় ছিল এবং যখন তাদের চিৎকার করে ডাকা হয়, সেই সময় তারা ঐ স্থান দিয়ে যাচ্ছিল। সে দাবি করে যে ভয় পেয়েই সে ও তার সঙ্গী কানাই মজুমদার, নির্মল ঘোষ ও তার প্রতিবেশি তপন চক্রবর্তীকে লক্ষ্য করে ইঁট ছুড়েছিল।

পরে বিমল বোস ও কানাই মজুমদার স্বীকার করে যে তারা কংগ্রেস (আই) সমর্থক। অবশ্য, প্রাথমিক তদন্তে মনে হয় যে এই ঘটনা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত নাও হতে পারে।

খড়দহ থানায় একটি কেস দায়ের করা হয়েছে। এই বিষয়ে তদন্তের কাজ চলছে।

## Mention Cases

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রাজ্যের বিভিন্ন প্রান্তে, কংগ্রেসিরা এই রাজ্যের সুস্থ পরিবেশ কে বিঘ্নিত করার জন্য ধারাবাহিকভাবে যে চক্রান্ত চালাচ্ছে, তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি। কংগ্রেসের একজন কর্মী একজন বিধায়কের উপর হামলা করলেন, আর এখানে মাননীয় বিধায়ক হাউসকে বিভ্রান্ত করে বললেন যে, সি.পি.এমের কর্মীরা করেছেন। এইভাবে তারা হাউসকে বিভ্রান্ত করছেন। এদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার জন্য মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি কংগ্রেসের যারা হামলাবাজ তাদের সাথে কোনও আলোচনা নয়, তাদের স্থান হচ্ছে জেলখানায়। তাদের জেলখানায় পোরার জন্য যথাযথ ব্যবস্থা নেওয়া

দরকার।

[12-40 — 12-50 P.M.]

**শ্রী কমল গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে বক্তব্য রেখেছেন, সেই ব্যাপারে আমার একটা মৌলিক প্রশ্ন আছে। আমি নির্দিষ্ট কোনও গোলমাল বা সি.পি.এম., কংগ্রেসের গোলমালের কথা বলছি না। এরকম যদি সমস্যা দেখা যায়, আমার এলাকায় কোনওখানে গোলমাল হচ্ছে, কিছু লোক গোলমাল করছে, মানুষ লাঞ্ছিত হচ্ছে, বিধায়ক হিসাবে আমার সেখানে যাওয়া দরকার। কিন্তু, সেখানে পুলিশ আমার যাওয়ার ব্যবস্থা করবে কিনা, যারা গোলমাল করার জন্য তৈরি হচ্ছে, তারা যাতে গোলমাল না করতে পারে তার জন্য এমন ব্যবস্থা নিচ্ছে কিনা, আর বিধায়ক হিসাবে লাঞ্ছিত লোকের কাছে যাওয়ার কোনওরকম সুযোগ পুলিশ দেবে কিনা, এটা জানতে চাই। আজকে স্বরাষ্ট্র মন্ত্রীর বক্তব্য থেকে পুলিশ উৎসাহিত হবে, আমরা যারা বিরোধী বিধায়ক, আমাদের যে দায়িত্ব তাকে তারা খর্ব করে দেওয়ার চেষ্টা করবে। এই নিয়ে আমি পরিষ্কার বক্তব্য স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে জানতে চাই।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্বরাষ্ট্রমন্ত্রী এখানে নেই, কিন্তু একটা গুরুতর অভিযোগ আছে। গতকাল কেন্দ্রীয় সরকারের পেট্রোল, ডিজেল এবং রান্নার গ্যাসের মূল্যবৃদ্ধি এবং বামফ্রন্ট সরকারের বাস মালিকদের সাথে যোগসাজশে পরিবহনের ভাড়া বৃদ্ধির প্রচেষ্টার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে শান্তিপূর্ণ মিছিল আমাদের এস.ইউ.সি.আই. দলের পক্ষ থেকে কলেজ স্কোয়ার থেকে সংগঠিত করেছিল। সেই মিছিল যখন এসপ্ল্যানেড ইস্টে মিটিং করার প্রস্তুতি নিচ্ছিল, সেইসময় পুলিশ বিনা প্ররোচনায় সেই মিছিলকারিদের উপর বেপরোয়া লাঠি চার্জ করে। এতে ১৫ জন আহত হয়, একজনের মাথা ফাটে। এর মধ্যে পূর্ণ দাস এবং বীরেন মালি মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি আছে এবং বিধান চ্যাটার্জি সহ ২৭ জন মহিলা সদস্যা গ্রেপ্তার হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে এইভাবে জনসাধারণের মতামত, তাদের মত প্রকাশের অধিকারকে যেভাবে মেরে ফেলে শান্তিপূর্ণ মিছিলের উপর পুলিশের আক্রমণ চলল, তাতে এটাই প্রমাণ করছে যে, বামফ্রন্ট সরকার পুলিশি রাজ প্রয়োগ করতে চায়। আমি এই পুলিশি আচরণের তীব্র প্রতিবাদ জানাচ্ছি। সাথে সাথে বামফ্রন্ট সরকার সমস্ত প্রতিনিধিদের সঙ্গে সর্বদলীয় মিটিং না ডেকে, বিশেষজ্ঞদের সাথে পরামর্শ না করে একতরফা ভাবে যে ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে তার প্রতিবাদ জানাচ্ছি যাত্রী সাধারণের সেবার উদ্দেশ্যে এই সিদ্ধান্তের প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফত একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে তুলে ধরছি। উনবিংশ শতাব্দিতে বাংলায় নব জাগরণের কালে, অন্যান্য ব্যক্তিগত জয়কৃষ্ণ মুখোপাধ্যায় ১৮৫৯ সালে প্রতিষ্ঠা করেন উত্তরপাড়া জয়কৃষ্ণ গ্রন্থাগার। এইটি নিঃশুল্ক গ্রন্থাগার। এটাকে জাতীয় গুরুত্বপূর্ণ গ্রন্থাগার হিসাবে স্বীকৃতি দেবার জন্য ইতিপূর্বে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বেশ কয়েকবার চিঠি লিখে কেন্দ্রীয় সরকারের কাছে জানিয়েছেন। কিন্তু আগের কেন্দ্রীয় সরকারে যারা ছিলেন, তারা আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীর এই বক্তব্যকে অগ্রাহ্য করেছে, কোনও স্বীকৃতি তারা দেন নি। আজকে কেন্দ্রে নতুন সরকার গঠিত হয়েছে, যুক্তফ্রন্ট সরকার গঠিত হয়েছে। তাই আমি আজকে আবার আমার

রাজ্য সরকারের মাননীয় মুখ্যমন্ত্রীর এবিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি যাতে পুনরায় নতুন করে উত্তরপাড়ার জয়কৃষ্ণ গ্রন্থাগারকে জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের মর্যদা দেওয়া হয়। আমাদের বিধানসভার এডুকেশন অ্যান্ড কালচারাল অ্যাফেয়ারস কমিটির ১২-তে রিপোর্টে বলা হয়েছে যাতে এটাকে জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃতি দেওয়া হয়। তাই আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, গত ৫ই জুলাই প্রদেশ কংগ্রেসের তরফ থেকে দ্রব্য-মূল্য বৃদ্ধি, পেট্রোল-ডিজেল এবং সি.পি.এম.-এর সন্ত্রাসের বিরুদ্ধে বাংলা বন্ধের ডাক দেওয়া হয়েছিল। আপনাদের পুলিশ এবং ক্যাডার বাহিনীর প্ররোচনা সত্ত্বেও মানুষ সতঃস্ফূর্ত ভাবে এই বন্ধে সামিল হয়েছিলেন। এবং এইভাবে মানুষ রুখে দাঁড়িয়ে আপনাদের অপচেষ্টা রুখে দিয়েছেন। স্যার, আজকে সংবাদপত্রে বেরিয়েছে, মাননীয় বুদ্ধদেববাবু মাননীয় মুখ্যমন্ত্রীর সাথে কথা বলেছেন এবং বন্ধের দিন যারা কাজে যোগ দেয়নি তাদের চাকরিতে ছেদ বা মাইনে কাটার একটা চক্রান্ত করা হচ্ছে। বুদ্ধদেববাবুকে বলছি, আপনি আগুন নিয়ে খেলা করবেন না। সরকারি কর্মচারিদের শাস্তির ব্যবস্থা করলে আবার আমরা বাংলা বন্‌ধ ডাকতে বাধ্য হব। আপনাদের যদি বোধোদয় না হয়ে থাকে, শুভবুদ্ধি না হয়ে থাকে তার জন্য আমি আবার হুশিয়ারি করে বলছি, আগুন নিয়ে খেলবেন না।

**শ্রী বিজয় বাগদী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্রের জমি অধিগ্রহণ করার ফলে সেখানকার একশ্রেণীর মানুষ বিশেষ করে তফসিলি আদিবাসী সম্প্রদায়ের মানুষ কর্মচ্যুত হয়ে পড়েছেন। তারা সেই জমির উপর নির্ভর করে তাদের জীবিকা নির্বাহ করত কিন্তু সেই জমি অধিগ্রহণ করার ফলে তারা কর্মচ্যুত হয়ে পড়েন। তাই আমি আপনার মাধ্যমে ঐ লোকেদের কর্মসংস্থানের ব্যবস্থা করার জন্য আবেদন করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মাননীয় সদস্যরা যদি সবাই এই রকম পোডিয়ামের কাছে ভিড় করেন তাদের নাম লিস্টে আছে কিনা দেখবার জন্য তাহলে তো আমাকে হাউস বন্ধ করে এই কাজ করতে হয়। আপনারা কি চান আমি এটা করি এবং হাউস বন্ধ করে দিই? আপনারা দয়া করে আপনাদের নিজের নিজের আসনে গিয়ে বসুন আমি পর পর ডাকব।

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দেপাল হাইস্কুল এবং আনন্দময়ী হাইস্কুল হাজার হাজার ছাত্র পড়া শোনা করে। শতাধিক ছাত্র কৃতিত্বের সাথে মাধ্যমিকে উত্তীর্ণ হয়েছে। এছাড়াও গোবিন্দপুর নিম্ন মাধ্যমিক স্কুল আছে। আমার আবেদন ঐ স্কুলগুলোকে উচ্চ-মাধ্যমিক এবং শেষ উক্তিটিকে মাধ্যমিকে উন্নীত করা হোক। ওখান থেকে রামনগর কলেজ ২-৩ কি.মি. দূরে অবস্থিত। ছাত্ররা সেখানে উচ্চ-মাধ্যমিক পড়তে যেতে চায়না। তাই আপনার মাধ্যমে ঐ স্কুলগুলোকে উন্নীত করার দাবি করছি।

[12-50 — 1-00 P.M.]

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলাতে পঞ্চায়েত ও জিলাপরিষদের মাধ্যমে বহু মোরাম

রাস্তা তৈরি হচ্ছে। প্রতি বছরে ১ কি.মি. করে রাস্তা তৈরির যে স্কীম গ্রহণ করা হয়েছে সেটা শেষ হতে অনেক সময় লেগে যাচ্ছে, রাস্তা সময়ে শেষ হচ্ছে না। শেষের দিকে রাস্তা তৈরি করার সময় দেখা যাচ্ছে প্রথম দিকে তৈরি করা রাস্তার মোরাম উঠে যাচ্ছে। এর ফলে রাস্তা দিয়ে মানুষ চলাচলের অযোগ্য হয়ে পড়ছে। জেলা পরিষদে যে টাকা অ্যালট করা থাকে সেই টাকায় যাতে নির্দিষ্ট সময়ের মধ্যে রাস্তা তৈরি করা এবং তার দ্রুততার সাথে শেষ করার পরিকল্পনা গ্রহণ করার আবেদন করছি।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী তথা পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার মালদা জেলাতে এস.পি. যেভাবে তার ক্ষমতার অপব্যহার করছেন, আমি তার প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং হাউসে তুলে ধরছি। স্যার, যিনি এস.পি. রাখালদাস মুখার্জি তার মেয়ে সেন্ট জেভিয়ার্স স্কুলে ৬টি বিষয়ে ফেল করেছেন এবং তাকে জোর করে পাশ করিয়ে দেবার জন্য সেখানে অ্যান্টিসোশ্যাল পাঠিয়ে, ডি.এমকে প্রেশার দিয়ে, এস.পি.র ফোর্স পাঠিয়ে থানার ও.সিকে দিয়ে জোর করে তুলিয়ে নিয়ে এসে মেয়েকে পাশ করানো হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় হাউসে উপস্থিত আছেন, আমি তার বিবৃতি দাবি করছি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তর এবং পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বোলপুর শহর আজকে একটা যানজটের শহর হিসাবে স্বীকৃতি পাচ্ছে। যানজট সেখানে শুধু সমস্যাই সৃষ্টি করে নি, জনজীবনও বিপর্যস্ত করে তুলছে। একটি মাত্র রাস্তার যান জটের ফলে ওখানকার জনজীবন স্তব্ধ হতে বসেছে।

(এই সময় মাইক অফ হয়ে যায়)

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সংখ্যালঘু সম্প্রদায়ের মন্ত্রীর দৃষ্টি আকষর্ণ করছি। আমার বিধানসভা নির্বাচন কেন্দ্র বাশঁবেড়িয়ায় মাইনোরিটিরা লোন পাচ্ছে না। মাইনোরিটি লোনের ফর্ম পশ্চিমবাংলায় কোন কোন জেলাতে দেওয়া হয়েছে এবং কেন মাইনোরিটি সম্প্রদায়ের মানুষরা এই লোন পাচ্ছে না। এই লোনের জন্য মাইনোরিটি সম্প্রদায়ের ভাইরা টাকা পয়সা খরচ করে দরখাস্ত করেছে কিন্তু কেউ লোনের টাকা পায় নি। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এই মাইনোরিটি লোনের ব্যাপারে এই সভায় তিনি কিছু বলুন।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোলের রেশন ব্যবস্থা ভেঙে পড়েছে। সেখানে দু' মাস ধরে চাল পাওয়া যাচ্ছে না, বিগত তিন সপ্তাহ ধরে গম নেই, শুধু চিনি দেওয়া হচ্ছে। এই রকম অবস্থা চলতে থাকলে আইন শৃঙ্খলার অবনতি ঘটতে পারে। আসানসোলে অবিলম্বে রেশন ব্যবস্থার মাধ্যমে চাল, গম দেওয়ার ব্যবস্থা করা হোক।

**শ্রী মানিক উপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বরাবনী কেন্দ্রে যে সমস্ত রোড স্যাংশন হয়ে আছে জিলাপরিষদ এবং পি.ডব্লিউ.ডি. করবে। সেগুলিতে ৪-৫ ফুট করে গর্ত হয়ে আছে, কোথাও ২৫০ ফুট করে গ্যাপ রাখা হয়েছে, পীচ দেওয়া হয় নি। জি.টি রোড থেকে দো-মোহানিয়া, বি.এন [illegible]

পাঁচগাছিয়া, নিয়ামতপুর থেকে সি.এল.ডব্লিউ. এই রাস্তাগুলি তাড়াতাড়ি রিপেয়ার করা দরকার। তার জন্য অ্যাক্সিডেন্ট হচ্ছে, অথচ লঙ টাইম রোডগুলো ড্যামেজ হয়ে পড়ে আছে। তাই আমি আপনার মাধ্যমে পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে রাস্তাগুলো মেরামতের ব্যবস্থা করা হোক।

**শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে আমার এলাকা পাঁশকুড়ার কংসাবতী নদীর দু' ধারে যে ১০৯টা ঘোগ হয়েছে তার প্রতি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ওখানে কন্ট্রাক্টররা কাজ করছেনা, স্টাইক করে বসে আছে। গত বছর কাজ না করায় আমাদের ঐ এলাকায় কোটি টাকার ফসল নষ্ট হয়েছে। এ বছর আবার ফসল নষ্ট হবার অবস্থার সৃষ্টি হয়েছে। আমি মাননীয় সেচ মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, অবিলম্বে ঐ ১০৯-টা ঘোগ মেরামতের ব্যবস্থা করা হোক। ধন্যবাদ।

**শ্রী বরেণ বসু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। গতকাল এই সভায় একজন মাননীয় বিধায়ক পানিহাটি থেকে নির্বাচিত বিধায়কের ওপব আক্রমণের ঘটনা উল্লেখ করেন। আমি আপনার মাধ্যমে প্রকৃত ঘটনাটি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টিতে আনছি। গত পরশুদিন পানিহাটি থেকে নির্বাচিত বিধায়ক রাত দুটোর সময় আক্রান্ত হন। সে সময়ে তিনি তার এক সহকর্মী-সহ তার বাড়ির সামনে পায়চারি করছিলেন, সে সময় তার মাথায় ইঁট মারা হয়। ঐ ইঁট মারার ঘটনায় যাকে গ্রেপ্তার করা হয়েছে সে হচ্ছে পানিহাটি পৌরসভার ১০ নং ওয়ার্ডে কংগ্রেসি কাউন্সিলর প্রবীর মজুমদারের ভাগ্নে বিমল বসু। স্যার, আজকের সংবাদপত্রে দেখলাম মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থেকে নির্বাচিত সদস্য অধীর চৌধুরি মহাশয় গতকাল নবগ্রামে এক জনসভায় বক্তৃতা করে বলেছেন, তিনি সিপিএম পঞ্চায়েত প্রতিনিধিদের পুড়িয়ে মারবেন। কারণ তিনি এলাকার উন্নয়ন করতে পারছেন না। সেজন্য তিনি সিপিএম-এর পঞ্চায়েত সমিতির সভাপতিকে পুড়িয়ে মারবেন। নির্বাচিত জন-প্রতিনিধি এইভাবে ভয় দেখালে কিভাবে আইন-শৃঙ্খলা রক্ষিত হবে। এই বিষয়টির প্রতিও আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। নদীয়া জেলার কৃষ্ণনগরে টেলি কমিউনিকেশন এবং টেলিফোনের যে স্টোরটি রয়েছে সেখানে রাত তিনটের সময়ে পুলিশ ঢুকে কর্তব্যরত কর্মচারিদের প্রহার করে। ফলে এখন কৃষ্ণনগর-সহ নদীয়া জেলার বিভিন্ন স্থান টেলি যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। সেখানে এক অচল অবস্থার সৃষ্টি হয়েছে। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীকে অনুরোধ করছি, অবিলম্বে ঐ অঞ্চলের টেলি-যোগাযোগ যাতে চালু হয় তার জন্য তিনি যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন এবং ওখানে কর্মচারিদের যে সমস্ত পুলিশরা মেরেছে তাদের বিরুদ্ধে তিনি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করুন। এই আবেদন আমি আপনাদের মাধ্যমে পুলিশ মন্ত্রীর কাছে রাখছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার পিংলা থানার মালিগ্রাম থেকে পাঁশকুড়া থানার রাতুলীয়া পর্যন্ত একটা রাস্তার দাবি দুটো থানার জনসাধারণ দীর্ঘদিন ধরে জানিয়ে আসছে।

এর জন্য অনেক আন্দোলনও হয়েছে। ইতিপূর্বে বার্ষিক পরিকল্পনায় রাতুলীয়া থেকে গোবর্দ্ধনপুর পর্যন্ত রাস্তাটি অর্ধেক নির্মিত হয়ে পড়ে আছে। বাকি অংশের কাজ বন্ধ রয়েছে। অবিলম্বে যাতে সেই কাজ করে রাস্তাটি চালু করা যায় তার জন্য আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-00 — 1-10 P.M.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার। স্যার, বার বার আপনার দৃষ্টি আকর্ষণ করছি, স্পিকার সাহেবেরও দৃষ্টি আকর্ষণ করেছি— আমাদের ধৈর্যেরও একটা সীমা আছে—প্রভঞ্জনবাবু একজন সিনিয়র মেম্বার, ৬/৭বার জিতেছেন, কিন্তু তিনি জুনিয়র মেম্বাররা যখন বক্তৃতা রাখেন তখন সামনে বসে তাদের ডিস্টার্ব করেন। এভাবে কখনও চলতে পারে না। এভাবে চললে যখন বুদ্ধদেববাবু এবং মুখ্যমন্ত্রী বক্তৃতা করবেন তখন আমরাও তাদের বলতে দেবনা। প্রত্যেকবার ডিস্টার্ব করছেন। জুনিয়র মেম্বাররা যখনই বলছেন তখনই ডিস্টার্ব করছেন। আমি ওনাকে অনেকবার রিকোয়েস্ট করেছি এবং চিফ হুইপকেও বলেছি। কিন্তু উনি শুনছেন না। আপনি ওকে রেসট্রেন্ট করুন। তা নাহলে আমরা কাউকে বলতে দেব না।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি যদি ধৈর্য ধরে আমার কথা না শোনেন তাহলে উনিও বা ধৈর্য ধরবেন কি করে? আপনি যদি নিয়ম না মানেন, ওনাকে কি করে নিয়ম মানতে বলব। আপনার মানা উচিত, ওনারও নিয়ম মানা উচিত। শুনুন, প্রত্যেক সদস্যের উচিত অন্যরা যখন বলবেন তাকে বাধা না দেওয়া। আবার এরা যখন বলবেন তখন আপনাদের তরফ থেকে বাধা দেবেন না। প্রত্যেক সদস্য সত্য, অসত্য যাই বলুন, উভয়কেই শুনতে হবে। শুনে তারপর যদি তার বক্তব্য থাকে উত্তর দেবেন। এটাই সংসদীয় গণতন্ত্রের রীতি। আমরা সম্মান করব প্রত্যেককে, এইজন্য সিনিয়ার, জুনিয়ার কোনও মেম্বার নয়, এখানে সবাই অনারেবল মেম্বার। প্রত্যেকেই ইকোয়াল মেম্বার, সমান সম্মানীয়। প্রত্যেককে সম্মান প্রদর্শন করাই উচিত।

**শ্রী পরেশ পাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কলকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট সম্পর্কে বলতে চাই। এই দপ্তর কোন মন্ত্রীর হাতে আছে তা আমি জানি না। তাই আপনার মাধ্যমে জানাতে চাই, কলকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্টে প্রচুর লোক চাকরি করে। সার্ভেয়ার, ম্যানেজার, চেয়ারম্যান সবাই কাড়ি-কাড়ি টাকা নিচ্ছে, অথচ কলকাতা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের সি.আই.টি র যে বিল্ডিংগুলি আছে সেই বিল্ডিংগুলি আজকে ধংসের অবস্থায় এসে দাঁড়িয়েছে। বেশ কিছু অঞ্চলে রাজনৈতিক মদতে এনক্রোচমেন্ট করে নিচ্ছে। আর এরা সব ঘুমিয়ে আছে, কিছু দেখছে না।

(এই সময়ে পরবর্তী নাম স্পিকার ডাকায় মাইক অফ হয়ে যায়)

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী এবং মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার মুর্শিদাবাদ জেলার বহরমপুর শহর থেকে হরিহরপাড়া, তেহট্ট, নওদাঁ, করিমপুর ডোমকল থানা এলাকা একমাত্র যোগাযোগের রাস্তা। সেই রাস্তার মাঝে কুমড়োদহ ব্রিজের নির্মাণ কাজ চলছে। এরফলে পরিবহন ব্যবস্থা একেবারে ভেঙে পড়েছে। তাই দ্রুত সেতুটির নির্মাণ কাজ যাতে শেষ হয় তারজন্য আমি

অনুরোধ করছি। কারণ অফিস-কাছারি সব বন্ধ হয়ে গেছে, ছেলে-মেয়েরা স্কুলে যেতে পারছে না।

**শ্রী সুধীর ভট্টাচার্য :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ফলতা বিধানসভা কেন্দ্রে দুটি হাসপাতাল আছে। একটা প্রাইমারি হাসপাতাল আছে যেখানে কোনও চিকিৎসা হয় না। ডাক্তার সপ্তাহে ৩দিন থাকে। যারফলে কারও হাত ভাঙলে বা কেউ অসুস্থ হয়ে পড়লে তাকে সাব-ডিভিসনাল হাসপাতাল ডায়মন্ডহারবারে পাঠানো হয়। এমন একটি পরিস্থিতি সেখানে সৃষ্টি হয়েছে যেখানে কোনও রকম মানুষের চিকিৎসা হয়না। আমরা কোন রাজত্বে বাস করছি।

(এই সময়ে পরবর্তী নাম স্পিকার ডাকায় মাইক অফ হয়ে যায়)

**শ্রী সঞ্জীবকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় ঝুমঝুমি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে। এই স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে যাতে রূপান্তরিত করা হয় তারজন্য অনুরোধ করছি। এরজন্য ইনফ্রাস্ট্রাকচার আছে, জমি দেওয়া হয়েছে, কিন্তু সরকার নীরব।

**শ্রী বংশীবদন মৈত্র :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার খানাকুল এলাকায় যে হাসপাতালগুলি আছে সেখানকার বিভিন্ন সমস্যার বিষয় বলতে চাই। সমস্যাগুলি হল, দু-একটি হাসপাতালের কোনও ডাক্তার নিয়মিত যাচ্ছেন না। একটা হাসপাতালে দীর্ঘ ৫-৬ বছর ধরে বিদ্যুতের কোনও যোগাযোগ নেই অর্থাৎ বিদ্যুৎ দেওয়া হচ্ছে না। সেখানে একটা এক্সরে মেশিন বসানো আছে কিন্তু কোনও টেকনিক্যাল পারসন সেখানে যাচ্ছেন না, বসে মাহিনা নিচ্ছেন। এই অবস্থার যাতে প্রতিকার হয় তারজন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গোটা কলকাতায় আবার ম্যালেরিয়ার প্রকোপ ছড়িয়ে পড়েছে। কলকাতার সরকারি হাসপাতালগুলিতে ইতিমধ্যেই ৯৪ জন ম্যালেরিয়ার রোগী ভর্তি হয়েছেন, বেসরকারি হাসপাতাল বা নার্সিং হোমে কতজন ম্যালেরিয়া রোগী ভর্তি আছেন সরকারের কাছে সে হিসাব নেই। এরমধ্যে ২৯ জন ম্যালেগনেন্ট ম্যালেরিয়ার রোগী। স্যার, আপনি জানেন, গত বছরও এই ম্যালেরিয়া রোগ কলকাতায় মহামারি রূপে দেখা দিয়েছিল এবং ১৮৯ জন লোক তাতে মারা গিয়েছিলেন। সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, অবিলম্বে এরজন্য উপযুক্ত ব্যবস্থা নিন যাতে ম্যালেরিয়া মহামারির আকারে ছড়িয়ে না পড়ে এবং এতে মানুষের প্রাণ নষ্ট না হয়।

**শ্রী বিনয় দত্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হুগলি জেলার হেলথ সেন্টারে কন্ট্রাক্ট সার্ভিসে কাজ করার জন্য ৬জন ডাক্তারকে অ্যাপয়েন্টমেন্ট দেবার জন্য ডাকা হয়েছিল। তাদের ইন্টারভিউ ইত্যাদি সমস্ত কিছুই হয়ে গিয়েছে কিন্তু এখনও পর্যন্ত এই ৬ জন ডাক্তারের মধ্যে একজনকেও নিয়োগ করা হয়নি। অবিলম্বে আরামবাগ মহকুমায় ৬টি হেলথ সেন্টারে যাতে ডাক্তাররা যেতে পারেন তার ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী কমল মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার চন্দননগর বিধানসভা কেন্দ্রের মধ্যে তিনটি জুট মিল আছে। এরমধ্যে দুটি জুট মিল—ভিক্টোরিয়া জুট মিল এবং নর্থ শ্যামনগর জুট মিলে শ্রমিক ভাইদের ৮ ঘণ্টার জায়গা ৫ ঘণ্টা কাজ দেওয়া হচ্ছে। সেখানকার অবসরপ্রাপ্ত শ্রমিক ভাইরা তাদের পাওনাগন্ডা বুঝে পাচ্ছেন না। এর ফলে এলাকায় বিরাট বিক্ষোভ দেখা দিয়েছে। যে কোনও সময় অশান্তি দেখা দিতে পারে। স্যার আপনি জানেন, এর আগে ভিক্টোরিয়া জুট মিল বন্ধ করাকে কেন্দ্র করে পুলিশ খুন, শ্রমিক নেতাদের বাড়ি ভাঙচুর ভিখারি পাসোয়ানের অন্তর্ধান ইত্যাদি নানান ঘটনা ঘটেছে। সেই ভিখারি পাসোয়ান কোথায় গেল কেউ জানে না, তার কোনও হদিশ নেই। মাননীয় শ্রমমন্ত্রীকে বলছি, অবিলম্বে এ ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা নিন।

**শ্রী কুমকুম চক্রবর্তী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্রের মধ্যে দক্ষিণ ২৪ পরগনায় আমতলা থেকে কবরডাঙা পর্যন্ত একটি রাস্তা আছে। এই রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ। এই রাস্তাটির দুই পাশের গ্রামগুলিতে লক্ষাধিক মানুষ বাস করেন। মাত্র তিন মিটার চওড়া এই রাস্তাটি। রাস্তাটি পূর্ত দপ্তরের অধীনে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, গ্রামবাসীদের স্বার্থের কথা চিন্তা করে, তাদের প্রতিদিনের জীবনযাত্রা সহজতর করে তোলার জন্য অবিলম্বে এই রাস্তাটি মেরামত করা হোক এবং প্রশস্ত করা হোক।

**শ্রী অসিত মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরশিবপুরে গ্রোথ সেন্টার যেটা চালু হয়েছে মাননীয় মুখ্যমন্ত্রী সেখানে একটি কারখানার উদ্বোধন করে এসেছেন। কারখানাটির নাম ম্যাক্স-ল্যাক্স। এটি একটি বাল্ব তৈরির কারখানা। ঐ কারখানার ম্যানেজিং ডিরেকটার অনুপ সাহা হলেও শোনা যায় পশ্চিমবঙ্গের একজন তরুন প্রতিষ্ঠিত শিল্পপতি—চন্দন বসু—ঐ কারখানার অংশীদার। ঐ কারখানায় শ্রমিকদের ছাঁটাই করা হচ্ছে, শ্রমিকদের মাত্র ২৭.৫০ টাকা মজুরি দেওয়া হচ্ছে এবং ইউনিয়ন করার অধিকার দেওয়া হচ্ছে না। এ সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলব, অবিলম্বে ঐ কারাখানায় শ্রমিক ছাঁটাই বন্ধ, মজুরি বৃদ্ধি, ইউনিয়ন করার অধিকার দেওয়া হোক।

[1-10 — 1-20 P.M.]

**শ্রী ভদ্রেশ্বর মণ্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাসন্তি যাবার যে রাস্তাটি এখন আছে সেটা উত্তর ২৪ পরগনার উপর দিয়ে নামখানা থানা হয়ে, হাড়োয়া থানা হয়ে, সন্দেশখালি থানা দিয়ে যাচ্ছে। অথচ দক্ষিণ ২৪ পরগনার উপর দিয়ে এই মুহূর্তে রাস্তাটি নিয়ে যাবার সম্ভাবনা আছে। আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, বিজন সেতুর পাশ দিয়ে আনন্দপুর, গোয়ালবাটি, খেয়াদি, প্রতাপ নগর, জীবনতলী, কালীবাড়ি, ধুড়ি হয়ে বাসন্তী এই রাস্তাটি যদি নির্মাণ করা যায় তাহলে বাসন্তী যাবার ক্ষেত্রে প্রায় ৩০ থেকে ৩৫ কিলো মিটার রাস্তা কম পড়বে এবং সময়ও প্রায় ১ ঘণ্টা কম লাগবে। এতে বাসন্তী, গোসাবা হয়ে কলকাতায় অতি সহজে তারা যাতায়াত করতে পারবে। এই এলাকার ৯২টি মৌজা নিয়ে

বামফ্রন্ট সরকারের মন্ত্রী মহাশয় নতুন উপনগরী হিসাবে গড়ে তোলার কথা বলেছিলেন। এর পরিকাঠামো তৈরি হয়ে আছে। এই রাস্তাটি উপ-নগরীর উপর দিয়ে যাবে। এই বিষয়টি আমি পূর্ত দপ্তরের মন্ত্রী মহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করছি যাতে গুরুত্ব দিয়ে কার্যকর করা হয়।

**শ্রী সবুজ দত্তঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাগনান বিধানসভা কেন্দ্রে এখনও অনেকগুলি মৌজায় বিদ্যুতের আলো পৌঁছায় নি। অথচ আপনারা বিধানসভায় দাঁড়িয়ে বিদ্যুতের আলো দেবেন বলে মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে নির্বাচনী বৈতরণী পার হলেন। বাগনানের মতো একটা গুরুত্বপূর্ণ অঞ্চল, রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে যেহেতু সেটা কংগ্রেস এলাকা, সেখানে বিদ্যুতের আলো পৌঁছালো না। আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে সেখানে বিদ্যুতের ব্যবস্থা করা হয়।

**শ্রী রবীন্দ্র ঘোষঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পঞ্চায়েত মন্ত্রীর এবং স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শ্যামপুকুর এক নম্বর ব্লক পঞ্চায়েত সমিতির অন্তর্ভুক্ত বেলাড়ি গ্রাম পঞ্চায়েতের লক্ষ লক্ষ টাকা নয়ছয় করা হয়েছে, তছরূপ করা হয়েছে এবং তা ধরা পড়েছে। আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, ঐ যে টাকা নয় ছয় করা হয়েছে, বেলাড়ি গ্রাম পঞ্চায়েতের ঐ প্রধানকে এখনই গ্রেপ্তার করা হোক। উনি কংগ্রেসের প্রধান। আমি মনে করি যে সরকারি টাকা নিয়ে গরিব মানুষের জন্য জওহর রোজগার যোজনার টাকা নিয়ে এই ভাবে নয়ছয় করার অধিকার তার নেই। আমি আপনার মাধ্যমে এই বিষয়ে তদন্ত করার দাবি জানাচ্ছি।

**श्री राम जनम मांझी :** मिस्टर डिप्टी स्पीकर सर, मै आपके माध्यम से पूर्त रोड विभाग के मंत्री महोदय का ध्यान आकृष्ट कराना चाहता हूँ। मेरा विधान सभा केन्द्र उलबेड़िया इण्डिस्ट्रीयल एरिया है। रोड की हालत काफी खराब है वहाँ कभी भी एक्सीडेन्ट हो सक्ता है। यहाँ हजारो लोरियां चलती रहती है, रोड काफी टूटा फूटा है। इसकी तुरन्त मरम्मत किया जाए। सर, अभी हालत यह हो गयी है की रोगी को ले जाने के लिए एम्बूलेन्स नही जा पाएगा, सायकिल नही जा सक्ता है, रास्ता को मरम्मत करने के लिए तुरन्त व्यवस्था किया जाए। मै पूर्त मंत्री महोदय का ध्यान दिलाना चाहता हूँ कि रास्ता के मरम्मत के लिए कोई व्यवस्था किया जाए।

**শ্রী মহম্মদ ইয়াকুবঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সাখাওয়াত মেমোরিয়াল গভর্নমেন্ট গার্লস উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয়ে গত ৩ বছর ধরে ৫টি স্কুলবাস বসে রয়েছে। কোনও সার্ভিস দিচ্ছেন না, অথচ ড্রাইভারদের মাইনে দেওয়া হচ্ছে। এরফলে ছাত্রীদের খুবই অসুবিধা হচ্ছে। এ বিষয়ে অবিলম্বে ব্যবস্থা নেওয়া দরকার, কারণ পাঁচ পাঁচটি গাড়ি অকেজো হয়ে পড়ে রয়েছে অথচ ড্রাইভারদের মাইনে গুনতে হচ্ছে। এটা আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর নজরে আনলাম সত্বর ব্যবস্থা গ্রহণ করবার জন্য।

**শ্রী শেখ দৌলত আলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, ডায়মন্ডহারবার একটি ঐতিহাসিক শহর, কিন্তু আজ পর্যন্ত ঐ শহরে কোনও ফায়ার সার্ভিস স্টেশন নেই। পাশেই তৈরি হয়ে পলতা ফ্রি ট্রেড জোন এবং সেখানে বেশ কিছু কারখানা পুড়ে নষ্ট হয়ে গেছে। সম্প্রতি ওখানে একটি পেপার মিলও পুড়ে নষ্ট হয়েছে। সেজন্য আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে ডায়মন্ডহারবারে ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন করা হোক।

**শ্রী অসিতকুমার মাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার নলহাটি কেন্দ্রে দেবগ্রাম ব্রিজ এবং হাসন কেন্দ্রে ধরমপুর ব্রিজ নির্মাণের টাকা স্যাংশন হয়ে রয়েছে। যদি দেবগ্রাম ব্রিজটি তৈরি হয় তাহলে নলহাটি এবং হাসন কেন্দ্রের মানুষ সহজেই বহরমপুর পৌঁছাতে পারেন। ধরমপুর ব্রিজটির অভাবে সেখানকার মানুষের চলাচল বন্ধ। তারজন্য আমি ব্রিজ দুটি সত্বর নির্মাণের দাবি জানাচ্ছি।

**শ্রী মহম্মদ হান্নান :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকষর্ণ করছি। রামপুরহাট মহকুমা আদালতে জেনারেটরের অভাবে লোডশেডিং হলে আদালতের কাজ বন্ধ থাকে এবং তারফলে মানুষজনকে হয়রানি সহ্য করতে হচ্ছে, কারণ এরফলে তাদের কেসগুলো এক-দুই বছর পিছিয়ে যাচ্ছে। মানুষের এই হয়রানি দূর করতে অবিলম্বে উক্ত আদালতে জেনারেটরের ব্যবস্থা করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ৬২ নং ওয়ার্ডে সি.পি.এমের হেড কোয়ার্টার। সি.পি.এম. হেড কোয়ার্টার ছাড়া গত ৪৮ ঘণ্টা ধরে ঐ ওয়ার্ডে জলের অভাব হচ্ছে। এলাকার সাধারণ মানুষজন এব্যাপারে মেমোরেন্ডাম দিতে মেয়রের কাছে গিয়েছিলেন, কিন্তু তিনি দেখা করেননি। তারা সেখানে মেমোরেন্ডামটি রেখে এসেছেন। এরকম হলে সি.পি.এম. হেড কোয়ার্টারে যখন জ্যোতিবাবু এবং বুদ্ধদেববাবুরা থাকবেন তখন ডেপুটেশন নিয়ে যাবে। ঐ ওয়ার্ডে জলের একটা মারাত্মক অবস্থা চলছে ; সি.পি.এম. হেড কোয়ার্টার এবং বড়লোকদের জল দেওয়া হচ্ছে, কিন্তু গরিব সাধারণ মানুষদের জল দেওয়া হচ্ছে না। অবিলম্বে ঐ ওয়ার্ডে জলের ব্যবস্থা করা হোক।

**শ্রী অঙ্গদ বাউড়ি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে মেজিয়া-বাঁকুড়া ভায়া কুস্তল ছাতনা রাস্তাটির অবস্থা খুবই খারাপ হয়ে রয়েছে। কিন্তু মেজিয়া তাপ বিদ্যুৎ কেন্দ্রটি হবার ফলে রাস্তাটির গুরুত্ব অত্যন্ত বেড়ে গেছে। তারজন্য অবিলম্বে রাস্তাটি মেরামত করবার জন্য অনুরোধ করছি।

**শ্রী আকবর আলি খোন্দেকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার মধ্যে চারুশিলা বোস বালিকা বিদ্যালয় একটি গুরুত্বপূর্ণ স্কুল। স্কুলটিতে হুগলি জেলার বিভিন্ন প্রান্ত থেকে ছাত্রীরা পড়াশুনা করতে আসে, কিন্তু সেখানে ক্লাশরুমের সংখ্যা কম এবং তার ফলে একই ক্লাশে ইংরাজি এবং

অঙ্কের টিচার ঢুকে দুটি শ্রেণীর ক্লাশ নেন। ঐ স্কুলের লক্ষ লক্ষ টাকা সি.পি.এমের লোকেরা তছরূপ করেছেন। লোকসভা এবং বিধানসভা নির্বাচনে হেরে যাবার পর থেকে সেখানে ওরা অত্যাচার শুরু করেছেন। এরকম করলে স্কুলটা ধংস হয়ে যাবে। স্কুলটির দিকে নজর দিতে আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

[1-20 — 1-30 P.M.]

**শ্রীমতী শক্তি রানা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা গোপিবল্লভপুরে সুর্বণরেখা নদীর ভাঙনে বেশির ভাগ গ্রাম বিশেষ করে মহাপাল, শালবনী, রগড়া, কাটোয়াপাল এই সমস্ত গ্রামগুলির অধিকাংশ অংশ নদীর ধসে নিশ্চিন্ন হয়ে যাচ্ছে। এই এলাকার কয়েক শো একর জমির ফসল নষ্ট হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি সুবর্ণরেখা নদীর ভাঙন প্রতিরোধ করার জন্য।

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় , আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার হিরাপুর বিধানসভা কেন্দ্রে ৭টি গ্রামে পরিবহনের ব্যবস্থা নেই। এই ৭টি গ্রামে ৪ বছর আগে বাস চলত, এখন কোনও বাস চলে না। আমি পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই এই ৭টি গ্রাম, মরিচকোটা, সুইডি, রঘুনাথবাটী, রায়জীবনপুর, সরারডিহি, গড়পরিরা সাতপুকুররিয়া এবং শিতলা, এখানে বাসের ব্যবস্থা করা হোক।

**শ্রী জয়ন্ত চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বিষ্ণুপুর শহরের উত্তর দিকে দারোকেশ্বর নদীতে ভাঙন দেখা দিয়েছে। সম্প্রতি প্রবল বর্ষণের ফলে বিস্তীর্ণ এলাকা বিশেষ করে অযোধ্য, বিটরা, দেওলি ভাটরা ধরাপাট কাটনা প্রকাশঘাট প্রভৃতি গ্রামগুলির বিস্তীর্ণ এলাকা নদীর ভাঙন দেখা দিয়েছে। অতি সত্তর যদি এই ভাঙন রোধ না করা যায় তাহলে এই গ্রামগুলি নিশ্চিন্ন হয়ে যাবে। সেই জন্য আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দ্বীপবেষ্টিত পাথর প্রতিমার ব্রজবল্লভপুর জুনিয়ার হাইস্কুলকে হাই স্কুলে রূপান্তরিত করা হোক। মেহেরপুরে একটা সংগঠিত জুনিয়ার হাই স্কুল আছে সেটা সরকারি অনুমোদন দেওয়া হোক। তারপর পাথরপ্রতিমার মানুষের দীর্ঘদিনের দাবি এই পাথরপ্রতিমায় একটা কলেজ স্থাপন করা হোক শিক্ষার অগ্রগতির জন্য। এই বিষয়ে আমি শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে ৮টা গ্রাম পঞ্চায়েত। আসুতি (১) গ্রাম পঞ্চায়েত এবং আসুতি (২) গ্রামপঞ্চায়েতে দীর্ঘদিন ধরে কোনও স্বাস্থ্যকেন্দ্র নেই। ২০ বছর ধরে এই সরকার নানা অজুহাত দেখিয়ে এখানে স্বাস্থ্য কেন্দ্র তৈরি করছে না। এই এলাকার মানুষ অসহায় অবস্থায় মারা যাচ্ছে হাসপাতালের অভাবে। অবিলম্বে এখানে স্বাস্থ্যকেন্দ্র যাতে তৈরি করা হয় তার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী সুভাষচন্দ্র নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাকে একটু সময় দেবেন, আমি

এখানে একটা রসাল সংবাদ পরিবেশন করব। স্যার, ভালো ইলিশ পাওয়া যাচ্ছে না বলে বাংলাদেশ থেকে মাননীয় মন্ত্রী মহাশয় ইলিশ মাছ আনছেন এবং সেটা শহরে গ্রামে সরবরাহ করছেন। গত ২ মাস যাবৎ সুন্দরবনের নদীগুলিতে বিশেষ করে গোসাবা এবং বাসন্তী নদীতে প্রচুর ইলিশ ধরা পড়ছে। সেখানে এত ইলিশ ধরা পড়ছে যে সেখানে ইলিশের দর ১০ টাকা কেজিতে নেমে এসেছে। এই দরে ইলিশ তারা বিক্রি করতে বাধ্য হচ্ছে, কারণ সেখানে বরফ নেই। মাননীয় মন্ত্রী মহাশয় যদি সেখানে বরফের ব্যবস্থা করতে পারেন তাহলে টাটকা এবং তাজা ইলিশ সেখানে থেকে এনে কলকাতায় সরবরাহ করতে পারেন। এখানে টন টন ইলিশ উঠছে এবং ফড়েরা লরি করে সেখান থেকে কম দাম দিয়ে এখানে নিয়ে চলে আসছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মৎস্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ইলিশগুলি পচে যাচ্ছে সংরক্ষণের অভাবে, তিনি যেন সঠিক ভাবে সংরক্ষণের ব্যবস্থা করেন এবং সেখান থেকে ইলিশ সংগ্রহ করে অন্য জায়গায় সরবরাহের ব্যবস্থা করেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মাননীয় পরিষদীয় মন্ত্রী, এই যে ইলিশ মাছ সম্পর্কে মাননীয় সদস্য এখানে মেনশন করলেন, আপনি এই খবরটা মাননীয় মৎস্যমন্ত্রী কিরণময় নন্দের কাছে পৌঁছে দেবেন।

**শ্রী লক্ষ্মণ বাগদী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার দৃষ্টি আকর্ষণের বিষয়টি হল এই যে, আমার বিধানসভা কেন্দ্র উখরা এলাকায় দুটি উচ্চ মাধ্যমিক স্কুল এবং ১৪টি মাধ্যমিক স্কুল আছে। মাধ্যমিক স্কুলগুলি থেকে পাশ করে বেরোবার পর উচ্চমাধ্যমিক স্কুলে আসন সংখ্যা কম থাকার জন্য উচ্চ মাধ্যমিকে ভর্তি হতে পারে না। সেজন্য আমি মাননীয় শিক্ষা মন্ত্রীকে অনুরোধ জনাচ্ছি যে, ওখানে অবিলম্বে একটি উচ্চ মাধ্যমিক স্কুল স্থাপনের ব্যবস্থা করুন। ওখানে একটি হিন্দী মাধ্যমিক স্কুল স্থাপনের জন্যও আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ওখানে কোনও হিন্দী উচ্চ মাধ্যমিক স্কুল নেই।

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** অনারবেল ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। জাগুলিয়া থানা এলাকায় একটি মাত্র প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। সেখানে না আছে প্রয়োজনীয় ডাক্তার, না আছে স্টাফ, না আছে ওষুধ। এমন কি ওখানে অ্যাম্বুলেন্স পর্যন্ত নেই। এই রকম অচলাবস্থা দূর করার জন্য এবং স্বাস্থ্য কেন্দ্রটিকে অচল করার ব্যবস্থা গ্রহণের জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রীমতী সুস্মিতা বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, বড়জোড়া বিধানসভা কেন্দ্রের বালিয়াড়া গ্রামে যে ইন্ডাস্ট্রিয়াল স্কুল আছে সেটি আজকে ধংসের মুখে এসে দাঁড়িয়েছে। ঐ স্কুলটিকে পুনরুজ্জীবিত করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

**শ্রীমতী দেবলীনা হেমব্রম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার রানিবাঁধ বিধানসভা কেন্দ্রের বারিকুল অঞ্চলে ঝাড়খন্ডী সমাজ বিরোধীরা দিন দুপুরে রাস্তার মানুষকে আক্রমণ করছে এবং বাড়িঘর লুঠপাট করছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যাতে ঐ সমস্ত ঝাড়খন্ডী সমাজ বিরোধীদের গ্রেপ্তার করা হয়। ধন্যবাদ।

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাকে একটু সময় দিতে হবে। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি যে, আমার কাঁথি (উত্তর) বিধানসভা কেন্দ্রে ওড়িষ্যার কোস্ট ক্যানালটি দক্ষিণ ওড়িষ্যার বর্ডার (ভোগরাই) থেকে উত্তরে সরপাই দশ ফুকার গেট পর্যন্ত ৩০ কিমি. দীর্ঘ। ঐ কোস্ট ক্যানালের সাথে ২২টি ফিডার ক্যানাল যুক্ত, যার মোট দৈর্ঘ ১০৮ কিমি.। শুধু তাই নয়, বারো মাইল থেকে মীরগোদা খালটি ২২ কিমি. দীর্ঘ। উক্ত ২২টি ফিডার ক্যানাল ১০৮ কিমি. 'এর মতো লম্বা। কোস্ট ক্যানালটি বারো মাইল থেকে উত্তরে সরপাই দশ ফুকার পর্যন্ত ২৪ বছর আগে সংস্কার হয়েছিল। কিন্তু বারো মাইল থেকে দক্ষিণ ভোগরাই, ওড়িষ্যার বর্ডার পর্যন্ত সংস্কার হয়নি। ওড়িষ্যার কোস্ট ক্যানালের সাথে কাঁথি ক্যানালও যুক্ত, যেটি প্রায় ৯ কিমি. লম্বা। উক্ত ক্যানালটি যদি সংস্কার করা হয় তাহলে সেচের ব্যবস্থা হবে এবং ১ লক্ষ ৭০ হাজার কৃষক বোরো চাষ করার সুযোগ পাবে এবং তার ফলে এলাকায় অর্থনৈতিক দিক থেকে একটা বৈপ্লবিক পরিবর্তন আসবে।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** (অনুপস্থিত ছিলেন)।

[1-30 — 1-40 P.M.]

**শ্রী মহঃ মহামুদ্দিন ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমার উত্তর দিনাজপুর জেলা চাপড়া আমার বিধানসভা কেন্দ্র। স্যার, গত ৫ তারিখে কংগ্রেসের ডাকা বন্ধকে কেন্দ্র করে রেডিওতে যে প্রচার করা হয়েছে পুলিশ দুই রাউণ্ড গুলি চালিয়েছে সেটা লালবাজার হবে, দাসপাড়ার পরিবর্তে। ৫ তারিখের এই বন্ধকে সাধারণ মানুষ মেনে নিতে পারেনি, সেখানে শান্তিপূর্ণভাবে দোকানপাট চলছিল। সাড়ে ১০টার সময়ে থানার ও. সি. এবং সি. আই. গিয়ে পড়ার পরে কংগ্রেসের লোকেরা উত্তেজিত হয়ে ২৪টি দোকান লুঠ করেছে। তাদের প্রতি ব্যবস্থা নেওয়ার জন্য এবং গরিব মানুষদের যে দোকান লুঠ হয়েছে তাদের ক্ষতিপূরণের দাবিতে আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী বুদ্ধদেব ভক্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরি বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমার নির্বাচনী ক্ষেত্র ঝাড়গ্রাম পৌরসভা এলাকায় ৭০/৮০ হাজার মানুষ বাস করেন। কিন্তু কোনও পানীয় জলের প্রকল্প সেখানে না থাকায় জনসাধারণের খুব অসুবিধা হচ্ছে। অবিলম্বে কংসাবতী নদী থেকে জল সরবরাহ প্রকল্প গ্রহণ করে সেখানকার মানুষের জল কষ্টের অবস্থা থেকে তাদেরকে উদ্ধার করবেন এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমার জেলায় যেখানে দরিদ্রর সংখ্যা বেশি, অনগ্রসরতার সংখ্যা বেশি, সেখানে যখন নেশার প্রকল্প চলে, অন্যদিকে জুয়ার প্রকল্প চলে তার পাশাপাশি চলে জমি হস্তান্তরের ঘটনা। এখন এই জমি হস্তান্তর করতে গিয়ে লোকেরা নাজেহাল হয়ে যাচ্ছে। বিশেষ করে দলিল কপি রাইটারের কাছে যখন কপি করতে যাচ্ছে, যেখানে তাদেরকে দিতে হয় ৩০/৪০ টাকা, সেখানে এই কপি রাইটাররা চার্জ করছে ১০০/১৫০ টাকা। অথচ এদের ছাড়া উপায় নেই তাই সাধারণ

মানুষকে এদের কাছে মাথা নত করতেই হয়। আমি বিচার বিভাগীয় মন্ত্রীর কাছে দাবি করছি, যাতে কঠোরভাবে একটা নিয়ম সর্বত্র চালু করেন এবং তারা যেন সেটা মানতে বাধ্য হন।

**শ্রী নরেন হাঁসদা ঃ** মানতাং স্পিকার বোমকে জোহার। স্যার, আদিবাসী মানুষজনের একটা দুর্ভাগ্যজনক ঘটনাকে আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১৮৫৫ সালের ৩০শে জুন ভোগনাডিহি মাঠে সিধু কানহুর নেতৃত্বে ৩০ হাজার মানুষ জন হাজির হয়েছিল এবং ইংরেজ এর বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছিল। সেটাকে স্মরণীয় রাখার জন্য গত ৩০শে জুন সারা ভারতবর্ষে এই উপলক্ষ্যে অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। কিন্তু ব্যতিক্রম শুধুমাত্র ঝাড়গ্রাম মহকুমার জামবনি থানা। মামরদা, কালিবাঁধ, বামডিহি, ধড়সা গ্রাম, সেখানে আদিবাসী মানুষজন তাদের মহান নেতৃত্বকে সিধু কানহুকে শ্রদ্ধার সঙ্গে সম্মান জানাতে শহীদ বেদী বানিয়ে পূজা করছিলেন। কিন্তু সেখানে সি. পি. এম. এর এল. সি. এস. ও তার লোকেরা ১৭৭টি বন্ধুক হাতে নিয়ে হাজির হয়, এই এল. সি. এস. বাসু ভক্ত এর লোকজনরা সেখানে এলোপাথাড়ি গুলি বর্ষণ করে, তাতে ১১ জন মানুষ সেখানে আহত হয়েছে। আমরা কাহুর মন্দির, মসজিদ ভাঙিনি, মন্দির মসজিদকে আমরা শ্রদ্ধা করি, অথচ আমাদের ধর্মের উপর আঘাত এল কেন, তাই এই ব্যাপারে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, অবিলম্বে এই ব্যাপারে দোষী ব্যক্তিদের যেন গ্রেপ্তার করা হয় এবং জামবনি থানার ও. সি. কে যেন শাস্তি দেওয়া হয়, এই দাবি আমি করছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সম্প্রতি উত্তরবঙ্গে প্রচণ্ড বারি বর্ষণে তিস্তার বেশ কিছু এলাকার বাঁধ ভেঙে গেছে। আপনি অবিলম্বে পরিষদীয় মন্ত্রীর মাধ্যমে সেচমন্ত্রী ও ত্রাণ মন্ত্রীকে বলুন যাতে ওখানে বাঁধ রক্ষা করা যায় এবং বাঁধকে মজবুত করার জন্য বোল্ডার মজুত করা যায়। ১৯৯৩ সালের কথা আমাদের সকলের মনে আছে। ত্রাণ মন্ত্রী, বলেছিলেন একটা ত্রাণ ভাণ্ডার করবেন ওখানে। আলিপুরদুয়ারে বন্যা প্রতিরোধের ব্যবস্থা, উদ্ধারের ব্যবস্থা এবং আলিপুরদুয়ারে একটা ত্রাণ ভাণ্ডার করা দরকার।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, বক্রেশ্বর থার্মাল পাওয়ারে এখন অ্যাডভাইসারী কমিটি আছে, সেখানে পলিটিকাল লোক আছে এবং জেলা সভাধিপতির লোক আছে। সেখানে এক মেগাওয়াটও বিদ্যুৎ উৎপন্ন হচ্ছে না, কিন্তু সেখানে লক্ষ লক্ষ টাকার টেণ্ডার হচ্ছে। কোটি কোটি টাকার টেণ্ডার ঠিকাদারদের দেওয়া হচ্ছে, কিন্তু আমরা দেখতে পাচ্ছি সেখানে কাজগুলো হচ্ছে না। আর এদিকে কন্ট্রাক্টারদের পেমেন্ট হয়ে যাচ্ছে। বক্রেশ্বরে একফোঁটাও বিদ্যুৎ উৎপন্ন হবে না, এটা কন্ট্রাকটারস প্যারাডাইস হবে। এখানে ঠিকাদাররা ঠিকা পেয়ে গ্রামের মানুষের কাছে বলছে। আমরা ঠিকা পেয়েছি, তোমরা যদি এখানে কংগ্রেস করো, তাহলে কংগ্রেস করা ছাড়িয়ে দেব, দোজ কন্ট্রাকটারস আর ওপেনলি টেলিং। এই ব্যাপারে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং কন্ট্রাকটারদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া দরকার।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কংগ্রেস সরকারের আমলে সাংসদদের এলাকা উন্নয়নের জন্য এক কোটি টাকা বরাদ্দের ব্যবস্থা হয়েছিল। আমাদের জেলায় দু'জন

সাংসদের এলাকা নবদ্বীপ এবং কৃষ্ণনগর, তারা নির্দিষ্ট সময় সীমার মধ্যে পরিকল্পনা না দেওয়ার ফলে সেই এক কোটি টাকা ফেরত চলে যাচ্ছে। জেলা শাসকের কাছে দিল্লি থেকে ফ্যাক্স এসেছে, ঐ টাকা খরচ করা আর যাবে না। ঐ সাংসদদের অপদার্থতার জন্য এবং সঠিক সময়ে পরিকল্পনা না দেওয়ার জন্য এক কোটি টাকা ফেরত চলে যাচ্ছে। অথচ এই সরকার কেন্দ্র দিচ্ছেনা বলে কাজ হচ্ছে না এবং কংগ্রেস সরকারের বিরুদ্ধে সোচ্চার হয়। এই ব্যাপারে আমি গ্রামীণ উন্নয়ন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ভন্দু মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণবঙ্গের রাষ্ট্রীয় পরিবহন সংস্থার ১২টি বাস অকেজো অবস্থায় পড়ে আছে। সেই বাসগুলো মেরামতি না করলে সেখানে প্রায় লক্ষ লক্ষ টাকা ক্ষতি হবে। যে বাসগুলো অকেজো হয়ে পড়ে আছে সেই বাসগুলিকে রিপেয়ার করে পুরুলিয়া জেলার প্রত্যন্ত গ্রামে যাতে যান চলাচল করে সেইজন্য পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ইউনুস সরকার ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করতে চাই। ঘরবাড়ি পুড়ে গেলে বিমা কোম্পানির ক্ষতিপূরণ দেওয়ার কথা, কিন্তু আজকে তারা সেই ক্ষতিপূরণ দিচ্ছে না। আমার কেন্দ্র রানিনগর এবং জলঙ্গীতে ৫০০ দরখাস্তকারী দরখাস্ত করেছে, কিন্তু তারা ক্ষতিপূরণ পায়নি। এই ব্যাপারে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-40 — 1-50 P.M.]

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যসরকারি কর্মচারী বিরোধী নীতির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রথম একটা রাজনৈতিক দলের ডাকা বাংলা বন্ধ ভাঙতে মুখ্যসচিব সার্কুলার দিয়েছেন, ৬১২৫/১২৫ ডেটেড থার্ড জুলাই, ১৯৯৬। তাতে উনি বলেছেন All State Government offices should remain open and all Government officers and employees should report for duty. Absence from duty without sufficient cause may call for suitable action. Normal vocation of the people should not be allowed to interfere with. Vital installation should be specifically guarded. অতীতে সি. পি. এমের ডাকা বাংলা বন্ধে অফিস কার্যত বন্ধ থাকে। পুলিশমন্ত্রী বলেছেন মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা হয়েছে বন্ধের দিনগুলোকে আগে বিশেষ ছুটির দিন হিসাবে গণ্য করা হত, কিন্তু এখন আর তা করা যাবে না। তাদের ক্যাজুয়াল লিভ দিতে হবে, নাহলে শোকজ করা হবে। এইভাবে আজকে কর্মচারিদের হয়রান করা হচ্ছে।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সৌগত বাবু যে বিষয়টা উল্লেখ করেছে সেটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। একজন কর্মচারীর কাছে একদিনের ছুটি চাওয়া কোনও ব্যাপার নয়। একটা সরকার যখন কুড়ি বছর ধরে ওয়ার্ক কালচার ফিরিয়ে আনতে পারছে না, যে সরকার আপাদমস্তক দুর্নীতিতে জড়িত তারা আজকে নিজেদের ব্যর্থতা ঢাকবার জন্য এই কাজ করছে। তাদেরকে কায়দা করে দমন করার চেষ্টা করা হচ্ছে, সাহস থাকে তো তাদের শো-কজ করে দেখুক, জ্যোতি বাবুর দপ্তর সমেত রাইটার্সে আগুন জ্বলবে।

শ্রমিক-কর্মচারিরা এই আদেশ বরদাস্ত করবে না। সিটুর লোকেরা যখন স্ট্রাইক করেন তখন শো-কজ করা হয়না কেন। শ্রমিক কর্মচারিদের হুমকি দেখিয়ে কিছু করা যায়না।

**শ্রীমতী ইভা দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার এলাকার একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কংগ্রেসিরা ৫ই জুলাই বাংলা বন্‌ধ ডেকেছিল এবং বলেছিল শান্তিপূর্ণভাবে বাংলা বন্‌ধ করবে এবং তাদের সেই বাংলা বন্‌ধ একেবারেই শান্তিপূর্ণ ছিলনা। বাইরে থেকে তারা গুণ্ডাবাহিনী নিয়ে এসে আমাদের শান্তিপূর্ণ জঙ্গীপাড়া এলাকায় খুন করেছে এবং আমাদের শান্তিপূর্ণ মিছিলের উপর আক্রমণ করেছিল এবং এক ধরনের পুলিশ তাদের সাহায্য করছিল। তার পরের দিন মমতা ব্যানার্জি যারা খুন হয়েছে তাদের সহানুভূতি দেখাতে সেখানে গিয়েছিল, আমি সেই ছবিটা আপনার কাছে দিচ্ছি। এই ছবিতে যে মহিলাদের ছবি আছে তাদের সম্বন্ধে খোঁজ নেন তাহলে দেখবেন ঐ মহিলাদের নিহতদের পরিবারের সঙ্গে কোনও সম্পর্ক নেই। এই ব্যাপারে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-50 — 2-00 P.M.] (Including adjournment)

**শ্রী বিশ্বনাথ মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল স্যার, নদীয়াতে হঠাৎ করে আকস্মিক বন্‌ধ ডাকা হয়েছিল কোনও ইনফর্মেশন ছাড়াই। আমরা বিধায়ক হিসাবে কিছু জানতে পারলামনা। আমরা প্রত্যন্ত এলাকায় থাকি। এটা একটা ঘটনা। গতকাল বিধানসভায় আসার সময়ে বহরমপুর এসে টিকিট কেটে আমরা যখন ট্রেনে উঠলাম তখন শুনছি আমাদের ট্রেন যাবে না। কারণ হিসেবে জানতে চাওয়া হলে তারা বললেন নদীয়াতে রানাঘাটে নাকি বন্ধ ডেকেছে। আমরা এই ভাবে হয়রানি হচ্ছি। আসতে পারছি না। কংগ্রেস নিজেদের মধ্যে মারপিট করছে, নিজেদের মধ্যে খুনোখুনি করছে তার জন্য আমাদের ভুগতে হবে? এলাকার মানুষ যারা কলকাতায় বিশেষ কাজের জন্য আসছিল, নার্সিং হোমে যাদের রুগী ভর্তি ছিল তারা আসতে পারল না। আজকে এই অবস্থার জন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী খগেন্দ্রনাথ মাহাতো ঃ** (অনুপস্থিত)

**শ্রী ভন্দু মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা বলরামপুরে যে ৩৩ কে. বি'র যে সাবস্টেশন আছে, সেই সাব-স্টেশন থেকে বিদ্যুৎ সরবরাহ হয়। সেই সাব স্টেশন থেকে বিদ্যুৎ সরবরাহ হচ্ছে না। ১৯৮২ সালে একটা ওয়ার্ক অর্ডার হয়েছে। সেই ওয়ার্ক অর্ডার এর কাজ যাতে অবিলম্বে আরম্ভ করা হয় এবং সম্পন্ন করা হয়, সেজন্য আমি বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী তথা রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা সবাই জানেন পুরুলিয়া জেলার মাটি রুক্ষ, শুষ্ক, কাঁকড়ে ভরা। এই জেলার ডাঙ্গা পতিত জায়গাতে এলাকার তসর চাষীরা তসর চাষ করে যাচ্ছে এবং তসর চাষ ক্রমশ জনপ্রিয়তা লাভ করছে। ওই এলাকার তসর

চাষীদের সুবিধার্থে সরকারি খামারে ডাইং চেম্বার এবং স্টোরেজ এর ব্যবস্থা করার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রী তাপস ব্যানার্জি :** মাননীয় ডেপুটি স্পিকার, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকে আসানসোলে পানীয় জলের হাহাকার উঠেছে। এক ভাঁড় জল ৬/৭ টাকা করে বিক্রি হচ্ছে। দামোদরে প্রচুর জল অথচ আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশন এই জল বিভিন্ন জায়গায় সঠিকভাবে ডিস্ট্রিবিউশন করতে ব্যর্থ হয়েছে। তাই আপনার মাধ্যমে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে সমস্যা সমাধান করার দাবি জানাচ্ছি।

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিষয়টি আমাদের পক্ষ থেকে তোলা হয়েছে। বিষয়টি হচ্ছে এই যে গত ৫ই জুলাই বাংলা বন্ধের দিন যে সমস্ত কর্মচারিরা আসতে পারেন নি তাদের বিরুদ্ধে শো-কজ করা হবে, বলা হচ্ছে এবং আমরা বিস্মিত যারা গণতান্ত্রিক আন্দোলনের পৃষ্ঠপোষকতা করেন বলে দাবি করেন সেই বামফ্রন্ট সরকার, অতীতে বিশেষ ছুটি বন্ধের দিন গ্র্যান্ট করেছে অথচ এই কর্মচারিদের বলা হচ্ছে শো-কজ করা হবে। (মাইক অফ)

**শ্রী অসিত মাল :** স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন। বীরভূম জেলার ৫টি পৌরসভা—রামপুরহাট, সিউড়ি, সাঁইথিয়া, বোলপুর, এবং দুবরাজপুর কংগ্রেস পরিচালিত পৌরসভা বলে দীর্ঘদিন ধরে তাদের উন্নয়নের কোনও টাকা নেই। যার ফলে হাহাকার অবস্থা পৌরসভাগুলিতে দেখা যাচ্ছে পানীয় জলের অভাব দেখা দিয়েছে কংগ্রেস পরিচালিত এই পাঁচটি পৌরসভায় যাতে রাজ্য সরকার টাকা অনুমোদন করে তার জন্য আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি।

**শ্রী বুদ্ধদেব ভকত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার নির্বাচনী ক্ষেত্র চন্দ্রী, পাথরনালা, চাতকপাড়া, সবধারা, পাঁচামি প্রভৃতি গ্রামে যেসব আদিবাসী অন্যান্য শ্রেণীর পিছিয়ে পড়া মানুষ বাস করে সেখানে যাতে অবিলম্বে বিদ্যুৎ লাইন সংযোজন করা হয় এবং যেখানে লাইন হয় নি সেখানে নতুন লাইন দেওয়া হয় তার জন্য আমি বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আবু সুফিয়ান সরকার :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, আমার নির্বাচন কেন্দ্র ভগবান গোলার সমস্ত প্রাথমিক স্কুলের ইতিহাস এবং ভূগোল বই এখনও পর্যন্ত সরবরাহ করা হয়নি এবং যতগুলি মাধ্যমিক স্কুল আছে, সব জায়গায় পঞ্চম এবং ষষ্ঠ শ্রেণীতে এখনও কোনও বই সরবরাহ করা হয়নি। দুই তিন মাস বিনা বইয়ে কি করে পড়াশোনা হবে? অব্যবস্থার মধ্যে শিক্ষাব্যবস্থা চলছে। আমরা স্বভাবতই ভাবতে বাধ্য হচ্ছি যে, শিক্ষাব্যবস্থা অরাজকতার মধ্যে চলছে এবং শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়েছে। অবিলম্বে এই বই সরবরাহ করার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নির্মল দাস :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে জানাতে চাই যে, আমরা উত্তরবঙ্গ থেকে যে সমস্ত বিধায়করা আসি, সাংসদরা দিল্লিতে যান, তাদের খুবই দুরবস্থা। আমরা ট্রেন পাচ্ছি না। ঘন ঘন আসাম বন্‌ধ হচ্ছে। আমার দাবি আলিপুরদুয়ার থেকে আসামের দোরগোড়া বা গেটওয়ে টু আসাম বলা হয়, সেখানে ট্রেন চালাবার ব্যবস্থা করুন। আমি মুখ্যমন্ত্রীকে বিশেষভাবে অনুরোধ করছি, [* * *] রেলমন্ত্রী বলেছেন যে, তিনি যাত্রী পরিষেবা নিশ্চিত করবেন। আমরা আসতে পারছি না। গতকালও আসতে পারলাম না। আমি স্যার, আপনার প্রোটেকশন চাইছি। আমার অধিকার ভঙ্গ করা হচ্ছে। আমাদের এলাকার বিধায়ক আসতে পারছেন না। সাংসদরা দিল্লিতে যেতে পারছেন না। আলিপুরদুয়ার থেকে এক্সপ্রেস ট্রেন চালাবার ব্যবস্থা করা হোক। আমি চাই ডাবল ওয়ের ব্যবস্থা করা হোক।

**শ্রী মহবুবুল হক :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৫ই জুন ইস্টার্ন জোন বি. ডি. ও. অফিসের কর্মী শ্রী নিতাই ঘোষ, তার ছেলেকে গাজর হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়েছিল। সেখানে ডাঃ সুজাতা মণ্ডলের আণ্ডারে তাকে ভর্তি করা হয়। ডাঃ সুজাতা মণ্ডল অ্যামকসিলিন এবং প্যারাসিটামল ওষুধ লিখে দেন। কিন্তু নার্স স্টোর থেকে তাকে ভুল ওষুধ দেয়। ফলে সেই রোগীর জীবন সংশয় দেখা দিয়েছিল। কিছু দায়িত্বজ্ঞানহীন কর্মচারিদের জন্য এইভাবে রোগীর জীবন সংশয় দেখা দিচ্ছে। এই ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী হাফিজ আলাম সৌরানী :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, কালকে আমাদের মাননীয় সদস্য সৌগত বাবু নয়া অর্থনীতির খুব গুনগান গেয়ে গেলেন। কিন্তু আজকে আমরা বিজনেস টেলিগ্রাফের ১৫ পাতায় দেখতে পাচ্ছি যে, এই রকম একটা কনট্রাক্ট হচ্ছে পি. এন. দাস ডাইরেক্টর অব এনকো এডিবলস এর সাথে। তিনি বলেছন যে, এখন সফটারের সঙ্গে চুক্তি করে বিয়ার বিক্রি করা হবে, যেখানে বিয়ারসের উপর কোনও প্রতিবন্ধকতা থাকবে না। এই অবস্থায় স্কুলের ছোটছোট ছেলে মেয়েরা আছে, তাদের অবস্থা কি হবে, স্াধারণ মানুষের অবস্থা কি হবে, সেই ব্যাপারে নিশ্চয়ই সৌগত বাবু সচেতন আছেন?

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাটোয়া বিধানসভা কেন্দ্রের বিভিন্ন গ্রামে, বিশেষ করে তফসিলি সম্প্রদায় এর মানুষের যেখানে বাস, সেখানে এখনও পর্যন্ত বিদ্যুতের ব্যবস্থা করা হয়নি। অবিলম্বে সেখানে যেন বিদ্যুতের ব্যবস্থা করা হয়, সেই ব্যাপারে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মানিক মণ্ডল :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি তথ্য ও সংস্কৃতি মন্ত্রী এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। সর্বপ্রথম রাজ্যের বামফ্রন্ট সরকার ১৯৮০ সাল থেকে সাঁওতাল বিদ্রোহের অমর কাহিনীকে সামনে রেখে, তার ঐতিহ্যকে সামনে রেখে হুল দিবস পালন করে এসেছেন। এই বছরেও তা যথাযথ ভাবে পালন করা হয়েছে। ইতিহাসে উপেক্ষিত, সমাজের পিছিয়ে পড়া অংশের মানুষ

**Note : Expunged as order by the chair.

সিধু, কানহু, চাঁচ ভৈরবের নেতৃত্বে সমাজের অপরাপর মানুষের যে আত্মত্যাগ, পরবর্তী পর্যায়ে সামন্ততন্ত্র বিরোধী যে সংগ্রাম এবং জাতীয় মুক্তি সংগ্রামকে প্রেরণা জুগিয়েছিল, আজও আমাদের দেশের স্বাধীনতা এবং সার্বভৌমত্ত্ব সংস্কৃতি আক্রান্ত। তাই তার প্রাসঙ্গিকতা আজও আছে। তাই জেলায় জেলায় সিধু কানহু সংস্কৃতি কেন্দ্র গড়ে তুলে, ধারাবাহিকভাবে পিছিয়ে পড়া মানুষের সংস্কৃতি এবং এই বীরত্বপূর্ণ ঐতিহ্য সংগ্রাম তুলে ধরার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** বলুন মিঃ বাপুলি, আপনার কি পয়েন্ট অফ অর্ডার আছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যখন বলতে চেয়েছিলাম তখন মাননীয় মন্ত্রী বুদ্ধদেব বাবু এখানে উপস্থিত ছিলেন। এখন উনি হাউসে নেই। আমি যেটা বলতে চেয়েছিলাম সেটা হচ্ছে উনি যে সার্কুলার দিয়েছিলেন সেটা উনি হাউসে বলবেন যে "এই সার্কুলার দেওয়া ভুল হয়েছে, এটা উইথড্র করলাম।" কিন্তু দুঃখের বিষয় উনি চলে যাওয়ার পর আপনি আমাকে ডাকলেন। আমি বলতে চাই পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের এই অবৈধ, অগণতান্ত্রিক সার্কুলার দেওয়ার কোনও অধিকার নেই।

**শ্রী তাপস রায় ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক শ্রী নির্মল দাস তাঁর বক্তব্যে যখন আলিপুরদুয়ারের কথা বলার সময় তিনি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছিলেন এই পাশোয়ান এই কথা বলে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** "ওই পাশোয়ান" এই কথাটা বাদ যাবে। এখন বিরতি, আমরা আবার ৩টার সময় মিলিত হব।

## After Adjournment

[3-00 — 3-10 P.M.]

## Discussion on the Statement made by the Chief Minister on the 1st July, 1996 on the Wakf Report.

**Mr. Speaker :** Now, before I take up the discussion, there are certain matters which I would like to be clarified. But I do not find the Leader of the Opposition in the House. .....(pause)..... He has come. Now, Mr. Sinha, I have received a letter yesterday from Mr. Sultan Ahmed which is as follows : Respected Speaker, West Bengal Legislative Assembly, "Assembly House", Calcutta,—Sir, I would like to make certain references to you during the debate on the wakf property tomorrow, the 9th July, 1996. I may be permitted to do the same. It is for your consideration whether you will be in the Chair when these references are made. With regards, Sultan Ahmed, MLA." I would like to know basically the procedure with regard to this. I have been trying to find out the relative procedure with regard to this matter. I discussed

the matter with Mr. Gyan Singh Sohanpal and Mr. Subrata Mukherjee in my Chamber. I have also gone through the relevant provision of the Constitution and past practices of the Lok Sabha and also of the May's Parliamentary Practice. Now, a certain thing is required to be done in a certain manner, if somebody likes to make certain comments or criticism against the Chair, under our Constitution that can be done under a motion of no-confidence against the Speaker or Deputy Speaker. The debate cannot be influenced by references to the Chair. It cannot be influenced. The rule do not permit it. But there is a past experience when the Tram ways matter was discussed and I took part in the debate from the Deputy Speaker's Chair asking Deputy Speaker to preside because that was relating to certain action taken by me as a Minister. I have signed certain filed, taken certain decisions along with the Chief Minister and the then Transport Minister, Mr. Amin. The matter was being discussed in the House relating those actions which I thought fit to defend in the House. Now, I have gone through the entire report placed on the Table of the House carefully and meticulously. It is the subject matter of debate and discussion of today. The report does not refer to the period of my ministryship as Judicial Minister. Secondly, the report does not refer my name anywhere. Thirdly, the judgment referred to by the Chief Minister does not contain my name. Her Lordship referred to my name nowhere in the judgment. No reference has been drawn anywhere as to any relationship of mine in the report of the judgment. Now, I do not know what reference Mr. Sultan Ahmed wants to make, because he has not given me any annexure that these are the references he wants to make. It has been the past convention and practice of this House that if a Member wants to make certain allegations against another Member, he gives an advance notice stating the allegations he wants to make, He states—'I want to raise this matter tomorrow, these are the matters I want to make and I request you to present in the House.' An opportunity should be given to defend oneself. But Shri Sultan Ahmed does not state as to what he wants to say against me. He does not make me aware of it. It is not done in this document. Mr. Sudip Bandyopadhyay did make reference to me. He stated, "I am not describing the Chair. I am describing Mr. Hashim Abdul Halim as a member of the State Committee of the CPI(M)." He publicly mentioned that. That is also not allowed. I intended to ignore it then. But I do not want to ignore it now because there is a definite discussion moved by the Chief Minister on a document placed on the Table of the House which has no reference to me.

Now, I would like to have clarifications from Mr. Atish Chandra Sinha on this aspect.

[3-10 — 3-20 P.M.]

**Shri Atish Chandra Sinha :** Hon'ble Speaker Sir, I have listened your comments very carefully. Sir, the practice in this House that is normally followed, as you have mentioned in your reference is that if a member wants to say anything against another member, he has to give a notice in advance and that is exactly what Mr. Sultan Ahmed has done. Sir, in the course of discussion on the Judicial Secretary's report which has been placed by the Hon'ble Chief Minister in the House, it may be that some peoples name might crop up which has not been specifically mentioned in the report. So Sir, in this connection without any malice against anybody far less against you as Speaker, he has given this notice to you. Sir, we would humbly suggest that let the reference be made. We do not expect or we do not compel you to come down from the Chair and to sit in some other Chair and somebody would preside over the proceedings for the time. But as a normal practice when we want to discuss a report in detail, somebody's name might crop up and in that reference he has given this notice to you. So, I think, you should not take it a move against the Speaker himself but in the normal circumstances, keeping in view the normal practice that is being followed in this House, the notice has been given to you.

**Mr. Speaker :** Mr. Sinha, I fully appreciate your views on this. Reading through the notice—the notice reads: "I would like to make certain references to you during discussion on the Judicial Secretary's report on Wakf properties tomorrow, the 9th July, 1996. I may be permitted to do the same." The references are silent. He does not refer to what he likes to mention. Am I to presume the reference I am not a magician. Am I to presume the reference?

**Shri Atish Chandra Sinha :** Sir, you are quite correct. If he had reference that he wanted to make, if he had given an Annexure as you have mentioned, probably that would have been much better. But, as I have said in my initial speech that certain reference to your name might come up in the course of discussion and that he has been given a notice without any malice against the Speaker himself. I hope, you would not take it as a miss. We have not done it intentionally to malign your name or the Speaker,

august person of the House. So, I would humbly request you to allow us to make the reference. If you find in the course of reference that these are going against you, against the honour of the Speaker then you can take action at that time. I would humbly request you to make the reference and in course of the debate if you find that something is going wrong then you can point out again and we shall reconsider the matter then.

**Mr. Speaker :** Mr. Sinha, I would again most humbly like to draw your attention to the fact that in a parliamentary system there is no element of surprise. There can be no element of surprise parliamentary system. You are to make known what you want to do ? In this letter there is an element of surprise. You are not making known what you want to do. Is that permitted in the parliamentary system ?

**Shri Atish Chandra Sinha :** Sir, on the coutrary, I would say that it is not a surprise. If it had been a surprise then this letter would not have been given to you in the first place.

**Mr. Speaker :** Is there not any element of presumption ? What do you presume ? As to what are the references be made ?

**Shri Atish Chandra Sinha :** Sir, my humble suggestion is that in order to apprise you that certain references to your name might crop up in the course of discussion, this letter has been given. If our intention had been to give a surprise to you or to the House, then this letter would not have been issued in the first place. Why do you say Sir, that this is a sort of surprise ?

**Mr. Speaker :** Mr. Sohanpal, I discussed the matter with you in my chamber yesterday and you did express your opinion then.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, the Speaker represents the House. He represents the dignity of the House, freedom of the House. It is the duty of every member individually and collectively to safeguard and protect the dignity of the Speaker. Sir, no member can dare to cast any reflection on the Speaker in the discharge of his duties. The rules are very well known to every one of us. Sir, keeping these rules in mind the letter that has been written by Mr. Sultan Ahmed who had no intention to cast any reflection on the Chair. What he had wanted to convey was just that 'the issue that will be discussed in the House. In the course of discussion some reference may be made, is not sure, some

reference may be made in which your name, not the Speaker, may be mentioned that may not misunderstand it may not cause any embarrasment to you or to the House. He has just kept you informed without any motive or intention. Sir, it is known to us that there are certain high dignities whose conduct cannot be discussed in the House and you are one of them. The constitution has provided scope for discussing the conduct of high dignitaries by a substantive motion. Without that it cannot be discussed. Sir, I most respectfully submit that I am not a constitutional expert. I have no legal background. In a situation like this we have always depended for guidance on Kaul and Sakdher. Let us see what Kaul and Sakdher has to say about it. For the information of the House I seek your indulgence to quote what Kaul and Sakdher has observed. Sir, while discussing that the conduct of high dignataries can only be discussed through a substantive motion Kaul and Sakdher has also observed, "A question has arisen from time to time as to scope of discussion in the House on the conduct of a person in the high authority who is not connected with the discharge of the duties of the office he is holding e.g., if before he assumed office, or while in office, he has done anything unconnected with the office, it would be in order to refer to it in a debate or any bill, motion or resolution or any other form of discussion, provided that the Central Government is primarily responsible for answering such criticism."

Sir, it will appear from the observation that there is no bar in making reference if it is not connected with the discharge of the duties which you hold. This is my submission, sir.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, আপাতদৃষ্টিতে আমার মনে হচ্ছে উই আর ফাইটিং উইথ এ শ্যাডো। মিঃ স্পিকারের বিরুদ্ধে অ্যাসপারসন অর অ্যালিগেশন স্ট্রেটওয়ে'তে হলে সেটা এক রকম ব্যাপার হয়। আর যদি রেফারেন্স হয় অ্যাণ্ড বিফোর নোয়িং দি একজ্যাক্ট রেফারেন্স, কেবল মডেল অফ রেফারেন্সের ওপর ভিত্তি করে আমরা এখনই আলোচনা করতে পারি না। আমি চিঠিটা দেখেছি এবং চিঠিটা দেখার পরে আমার মনে হয়েছে যতক্ষণ না আমাদের সুলতান আহমেদ বক্তৃতা করছেন ততক্ষণ পর্যন্ত রেফারেন্সের নেচার কি, মোটিভ কি জানা যাচ্ছেনা। না জেনে চেয়ারের প্রতি কটাক্ষ করা সংক্রান্ত আলোচনা এখন পর্যন্ত অনুমান ভিত্তিক হয়ে যাচ্ছে। আজকে যদি আদালতে দাঁড়িয়ে কেউ বলেন,—মাননীয় বিচারপতি মহাশয়, এখানে একটা খুন হয়েছে এবং যখন খুন হয় তখন অধ্যক্ষ মহাশয় ঐ আমতলায় দাঁড়িয়েছিলেন। তাহলে এর এক রকম মানে হয়। আবার যদি বলেন,—তখন অধ্যক্ষ মহাশয় ঐ ঘটনার সঙ্গে যুক্ত ছিলেন, তাহলে আর এক রকম মানে হয়। সুতরাং রেফারেন্সের নেচার এবং একজ্যাক্ট মোটিভ কি তা জানা যাবে আলোচনার পর। আলোচনার পর যদি মনে হয় রেফারেন্সের মাধ্যমে ডাইরেক্টলি অর ইনডাইরেক্টলি অ্যাসপারসন অথবা অ্যালিগেশন হয়ে

august person of the House. So, I would humbly request you to allow us to make the reference. If you find in the course of reference that these are going against you, against the honour of the Speaker then you can take action at that time. I would humbly request you to make the reference and in course of the debate if you find that something is going wrong then you can point out again and we shall reconsider the matter then.

**Mr. Speaker :** Mr. Sinha, I would again most humbly like to draw your attention to the fact that in a parliamentary system there is no element of surprise. There can be no element of surprise parliamentary system. You are to make known what you want to do ? In this letter there is an element of surprise. You are not making known what you want to do. Is that permitted in the parliamentary system ?

**Shri Atish Chandra Sinha :** Sir, on the coutrary, I would say that it is not a surprise. If it had been a surprise then this letter would not have been given to you in the first place.

**Mr. Speaker :** Is there not any element of presumption ? What do you presume ? As to what are the references be made ?

**Shri Atish Chandra Sinha :** Sir, my humble suggestion is that in order to apprise you that certain references to your name might crop up in the course of discussion, this letter has been given. If our intention had been to give a surprise to you or to the House, then this letter would not have been issued in the first place. Why do you say Sir, that this is a sort of surprise ?

**Mr. Speaker :** Mr. Sohanpal, I discussed the matter with you in my chamber yesterday and you did express your opinion then.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, the Speaker represents the House. He represents the dignity of the House, freedom of the House. It is the duty of every member individually and collectively to safeguard and protect the dignity of the Speaker. Sir, no member can dare to cast any reflection on the Speaker in the discharge of his duties. The rules are very well known to every one of us. Sir, keeping these rules in mind the letter that has been written by Mr. Sultan Ahmed who had no intention to cast any reflection on the Chair. What he had wanted to convey was just that 'the issue that will be discussed in the House. In the course of discussion some reference may be made, is not sure, some

**মিঃ স্পিকার :** একশোবার মেম্বারকে রিজেক্ট করেছি। I have always been insisting on this. Because, he has not made out what he wants to say.

**Shri Subrata Mukherjee :** You must be present so that you can defend yourself.

**মিঃ স্পিকার :** না জেনে কি ডিফেণ্ড করব? হাউ আই উইল ডিফেণ্ড মাইসেল্ফ

**শ্রী সুব্রত মুখার্জি :** সো মেনি টাইমস আমরা এইরকম করেছি।

**মিঃ স্পিকার :** না, না তা হয় না। বসুন, বসুন। শ্রী সৌগত রায় বলুন।

**শ্রী সৌগত রায় :** স্যার, আমাদের পক্ষ থেকে শ্রী জ্ঞান সিং সোহনপাল যে কথা বলেছেন সেটাই বোধ হয় আজকের আলোচনার মূল কথা। সেটা হচ্ছে, এটা ঠিকই স্পিকার যেখানে হাই অফিস হোল্ড করছেন অ্যাজ ফার অ্যাজ হিজ কনডাক্ট ইন দি হাউস ইজ কনসার্ণ্ড, সেখানে তার উপর রিফ্লেকশন বা অ্যাজপারসন করা যায় না। কিন্তু যদি একটা ডিবেটে স্পিকারের নাম কোনও জায়গায় এসে যায় তাহলে ইট ইজ নট প্রিক্লুডেড, এমন কি রাষ্ট্রপতির নামও যদি এসে যায়, ইট ইজ নট প্রিক্লুডেড। আমি আপনাকে একটা উদাহরণ দিয়ে বলছি, আপনার মনে আছে, বলরাম জাখর তখন লোকসভার স্পিকার ছিলেন। সেই সময়ে ফডার্স স্কানডাল নিয়ে ভারত কৃষাণ সমাজ নিয়ে—এগ্রিকালচার নিয়ে ডিবেট হয়েছিল। সেই আলোচনায় ডায়রেক্টলি বলরাম জাখরের নাম নিয়ে অ্যাজপারসন করেনি। কিন্তু সেটা শাট-আউট করার চেষ্টা হয়নি। আপনি স্পিকার হিসাবে যখন হাউস চালাচ্ছেন, তখন আপনি যা করবেন সেটাই চূড়ান্ত। আপনার সিদ্ধান্ত আমরা মেনে নিতে বাধ্য হব, তা নাহলে হাউস চলবে না, আপনার স্পিকারের বাইরেও নিজস্ব একটা আলাদা পরিচয় আছে, আপনি ক্রিমিনাল ল-ইয়ার ছিলেন। তারপর এই রাজ্যের একজন মন্ত্রী ছিলেন। আপনি স্পিকারশিপ পেয়েছেন। তারপর সি. পি. এম. পার্টির রাজ্য কমিটির সদস্য, একটা পরিবারের সদস্য এবং আপনার অন্যান্য জায়গায় যোগাযোগ আছে। আপনাকে নিয়ে কেউ যদি রেফারেন্স দেয় তাহলে সেই রেফারেন্স নিশ্চয়ই আপনি স্পিকার হিসাবে কি করছেন সেটা নিয়ে রেফারেন্স দেবে না। সামগ্রিকভাবে ওয়াকফ নিয়ে যোগাযোগের কথা বলছে। আমাদের উদ্দেশ্য হচ্ছে ওয়াকফে দুর্নীতি আছে কিনা সেটাকে তুলে ধরা। সেটাকে তুলে ধরতে যদি আপনার নাম এসে যায়। এখন এই ব্যাপারে কোয়েশ্চেন হওয়া উচিত নয়। এই হাউসে অনেক প্রিসিডেন্ট আপনি সেট-আপ করেছেন। ট্রাম কোম্পানির ব্যাপার নিয়ে ডিবেটে আমি অংশগ্রহণ করেছিলাম। আপনি তখন ঐদিকে এই জায়গায় বসেছিলেন এবং আলোচনায় অংশগ্রহণ করেছিলেন। তাই আপনাকে বিনয়ের সঙ্গে বলছি, এটা আক্রমণ করা বা সমালোচনা করা নয়। মাননীয় সদস্য শ্রী সুলতান আমেদ নিশ্চয়ই আপনার সম্পর্কে অভিযোগ করবেন না। অভিযোগ করে থাকলে সেই অভিযোগের কপি নিশ্চয়ই দিতেন। আলোচনা করতে যদি ব্যক্তির নাম এসে যায় সেক্ষেত্রে শাট-আউট করা উচিত নয়। দরজা-জানালা খুলে রেখে চেয়ারের মর্যাদা অক্ষুন্ন রেখে সত্যটা উদ্ঘাটিত হোক।

সুতরাং সেই হিসাবে আজকে যদি আমরা কোনও জায়গায় লিমিট করে দিই ডিবেটটা

তাহলে আমার মনে হয় সত্য উদ্‌ঘাটনে হাউসের যে ভূমিকা সেই ভূমিকা খর্ব হবে। আপনার নাম হয়ত এসে যাবে বলে সুলতান আমেদ আপনাকে আগে থেকে জানিয়েছেন, আসবেই এমন কথা কিন্তু বলেননি। কিন্তু যদি এসে যায় তাহলে সেটা ব্যক্তি হিসাবে আসবে এবং পার্লামেন্টারি নর্মসের মধ্যে হলে আপনি সেটা গ্রহণ করবেন। আপনার নাম মেনশন হলে কি হয়েছে? ১০-১৫ বছর আগে হাসিম আব্দুল হালিম যখন বিচারমন্ত্রী ছিলেন তখন এইসব ওয়াকফ সম্পত্তি দেওয়া হয়েছিল—সেটা বললে তো অন্যায় হবে না। কাজেই সুলতান অমেদ যেটা দিয়েছে সেটা পারফেক্টলি ইন অর্ডার। আপনার স্যার, ওকে আলোচনা করতে দেওয়া উচিত। আপনি চেয়ারে থেকেই সেটা শুনুন। আমরা বলছি না আপনি চেয়ার থেকে নেমে আসুন। তা যদি চাইতাম তাহলে তো আপনার এগেনস্টে নো কনফিডেন্স মোশনই আনতে পারতাম, সেই স্ট্রেন্থ আমাদের আছে। কিন্তু আমরা তারমধ্যে যাইনি। আমরা চাইছি, ওয়াকফ স্ক্যানডাল নিয়ে আলোচনা করতে।

**Mr. Speaker :** Today was the date fixed for discussion on the statement made by the Hon'ble Chief Minister under rule 346 on the 1st of July on the Wakf report submitted by P. K. Sengupta. On the same day the Hon'ble Chief Minister had laid on the table a judgement of Justice Ruma Pal relating to certain Wakf matters. Yesterday I received a letter from the Hon'ble Member Shri Sultan Ahmed intimating me that he would make certain references to me during the debate. He has not given the content or the nature of reference he would like to make to me. He has also made a note. It is for my consideration whether I would like to be in Chair or not when the reference are made. Now I would like to draw your attention towards rule 328 sub-rule (V) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly "A member while speaking shall not reflect upon the conduct of any person whose conduct can only be discussed on a substantive motion drawn up in proper terms under the Constitution." Now as regards the Speaker and Dy. Speaker any reference to them can be made only on a Motion of Confidence as laid out in the Constitution article 179. Now in Kaul and Sakdher which my Hon'ble friend Shri Gyan Singh Sohanpal has referred to, in Page 817 of Kaul Sakdher "the conduct of high dignitaries cannot be questions incidentally in the course of a speech by a member on a Bill, Motion, resolution or any other form of discussion. The Constitution provides for discussion on the conduct of some of the authorities in the manner indicated therein, e.g. President, Vice-President, Speaker, Dy. Speaker, Judges of the Supreme Court and High Courts, Comptroller & Auditor General, Chief Election Commissioner etc." In A. R. Mukherjee's Book Page-180 "No reflection is permitted against the President, the Governor, or any person whose conduct may be criticised only on a substantive motion. Under the foregoing rule no reflection is

allowed to be made on the Presiding Officers of the Legislatures."

According to May's Parliamentry Practice "Unless the discussion is based upon a substantive motion drawn in proper terms, reflections must not be cast in debate upon the conduct of the Sovereign, the heir to the throne, or other members of the Royal family, the Lord Chancellor, the Governor--General of an independent territory, the Speaker, the Chairman of Ways & Means" etc.

Now going by all these precedence and references and the Constitution, no reference can be made incidentally in a speech to the Speaker or Deputy Speaker or the Governor or a High Court Judge. In the past I had given the Dy. Speaker the Chair and taken his seat and addressed the members on a discussion regarding the tramways matter. That act was severely criticised by many members and the Opposition also.

[3-30 — 3-40 P.M.]

A constitution question was also raised whether the Speaker can leave his Chair and sit in the Member's seat when there is a motion of no confidence against him. The question then resolved - the Speaker can only do it in the case of a no confidence motion not in any other incident. I think Hon'ble Member Shri Satya Ranjan Bapuly is contemplating moving the High Court on the ground that I would not be in the chair and sit in the member's seat and defend myself from the member's seat. The question arose then whether the action was proper or not and whether the propriety was maintained or not. Without going much debate into that I would not like to debar or shut speech. I would not like that. I would like the debate to be as free and fair as possible. I do not want to make a precedent also as no one here is to set rules or create precedent which are against the principles of parliamentary standards. I will allow Mr. Sultan Ahmed to make a speech. I will hear him and if I find any aspect is violative of the rules I will then order it to be deleted. The debate can now proceed.

Yes, Mr. Gyan Singh Sohanpal, what you wanted to raise you can raise it now.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, I invite your attention to the List of Business circulated to us. There in Item 4 we see "DISCUSSION ON THE STATEMENT MADE BY THE CHIEF MINISTER UNDER RULE 346 ON THE 1ST JULY, 1996 ON THE WAKF

REPORT". Sir, the Hon'ble Chief Minister as you have rightly mentioned has made a statement on the floor of the House on ,1st July, 1996 under Rule 346.

Sir, you are aware that normally no discussion takes place on a statement. A discussion can only takes when there is a specific motion before the House. Save and except a motion no discussion can takes place in the House. It is for this reason that a discussion can takes place on a statement or on a policy or on a situation and the rule has made a provision. Rule 319 says that a statement, a policy or a situation can be discussed by giving notice of a motion. Unfortunately, we find from the paper circulated that no notice has been given nor there is a motion before the House. Sir, I do not wish to stall the discussion on an important subject that is going to come before us. I would only request you, Sir, to set the record right. A motion should be brought under Rule 319 for taking into consideration the statement of the Chief Minister made on the 1st of July. Then only the House can take up discussion.

**Shri Atish Chandra Sinha :** Sir, the report that has been submitted and circulated to all of us seems to be very very incomplete. So many pages are missing. Sir, for example, in Mr. P. K. Sengupta's report in page 8 it is said "A copy of the Audit report is attached to this report as Annexure 'C'. It appears from page 300....." But in Annexure 'C} that has been given to us contains only five pages.

Sir, through you I would request the Hon'ble Chief Minister here that some of the pages have been missing from the report that has been submitted and circulated.

**Mr. Speaker :** I told Mr. Mannan to compare it and he compared it.

**Shri Atish Chandra Sinha :** Sir, I think that nobody has got it.

**Mr. Speaker :** Mr. Mannan come to me. I told him to sit with my office staff and compare it. He compared it then. Why this point arises at this point of time, I do not know. He compared it. He never told me about the shortage of the missing pages. Why at this point of time you are raising this?

**Shri Atish Chandra Sinha :** Sir, when it was circulated it was

told that it took 3-4 days to get all the papers altogether. It was very difficult to compare at the stage as to whether the pages are there, whether the annexures are there, whether any page is missing or not. when we scrutinise it, it has come out. We find that many of the pages are missing. So, I would request you to circulate these pages. In the Annexure-C, 25 pages have not been given. In Annexure B(4)–5, 6, 7 pages are missing. Annexure B(2) and B(3) are missing. Only Annexure A(1) has been given. Where are Annexure A(2) and A(3). Sir, you kindly see to it and use your good office to make these pages available.

**Mr. Speaker :** After all the documents circulated Mr. Mannan came to me. I have told him that there some discrepancies and some pages are missing. I said that whatever I have received from the Government, I have given that to my office for duplicating. I told Mr. Mannan to sit with my office staff and compare it with them. He compared it. My attention was not drawn. Nothing was told to me then. I have told my copies are there. Whatever has been given to me is given to you. There is no problem in it. My copy can be given to you even now also. There is no problem in it. I cannot understand why these points are coming today at this point of time. Mr. Mannan sat in my Office and he compared it over there. Everything is open and nothing is concealed. What is the problem I cannot understand.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা ঠিকই যে, আপনার কাছে অভিযোগ করেছিলাম আমাদের যে কপি দেওয়া হয়েছে সেটা মিলছে না বলে। আপনি বলেছিলেন যে, আপনার সেক্রেটারির কাছে যে কপি আছে তার সঙ্গে মিলিয়ে দেখতে। তখন ওনার কাছে যে কপিগুলি রয়েছে তার সঙ্গে মিলিয়ে দেখেছিলাম যে আমাদেরটা ঠিকই আছে। কিন্তু পরবর্তীকালে এমন একটি কপি পেয়েছি যার সঙ্গে আমাদের দেওয়া কপি মিলছে না। একজনের কাছ থেকে পাওয়া কপির মধ্যে এমন কিছু অংশ রয়েছে যা আমাদের কপির মধ্যে নেই। এই যে বাইরে থেকে পাওয়া কপি এটা এল কোথা থেকে? সেজন্যই কথাগুলো বলা হচ্ছে। আপনার সেক্রেটারির সঙ্গে মিলিয়ে দেখেছিলাম যে, আমাদের দেওয়া কপি ঠিকই ছিল, কিন্তু বাইরে থেকে জোগাড় করা এই যে কপি এটা এল কোথা থেকে?

[3-40 — 3-50 P.M.]

**Mr. Speaker :** No copy has been distributed to-day. Whatever has been given to me that has been distributed. This question is that when Mr. Mannan sat in my office with my staff he was fully satisfied with the contents of the documents over there. How can this question arises at this point of time. I cannot understand it. No document is

received to-day. How this question arises, I cannot understand.

Now, a point of order is raised by Mr. Gyan Singh Sohanpal that the Chief Minister moved the matter and laid the papers on the Table. He also placed it to-day for discussion in the House. Now, the motion does not have to in a written form,—it can also be an oral motion. The matter was discussed in the B.A. Committee. Time has also been allotted for its discussion. We have also past conventions. In past we discussed the Ballygunge incident. There was also no written motion. On the oral submission the matter was discussed. On flood situation the Finance Minister made an oral submission and on that oral submission debate took place. There are the past precedents. On several occasions, on oral submission, discussion took place. There was no demand for written motion on that. It is our convention. Discussion can taking place under rule 319. By the convention we can discuss it.

**Shri Jyoti Basu :** Mr. Speaker Sir, on 1st July, 1996 I laid a copy of the report of the Judicial Secretary relating to the Wakf matter on the table of the House along with the copy of the judgement passed by the Hon'ble Justice Mrs. Ruma Pal.

I am sure that Hon'ble members have had the chance to go through the documents in the meantime. I will make my submission in course of my reply after hearing the Hon'ble members deliberations.

**শ্রী সুলতান আহমেদ ঃ** মাননীয় স্পিকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী অনেক চাপে পড়ে জুডিশিয়াল সেক্রেটারির রিপোর্ট, যে রিপোর্টটা উনি ডিসেম্বর মাসে পেয়েছিলেন সেই রিপোর্টটা আমাদের দাবিতে উনি জুলাই মাসে এই হাউসে পেশ করলেন। তার সঙ্গে উনি জাসটিস রুমা পালের জাজমেন্টটা যোগ করেছেন। জাস্টিস রুমা পাল ওয়াকফ বোর্ডকে সার্টিফিকেট দিয়েছেন ভাল কাজ করার।

স্যার, জাস্টিস রুমা পালের জাজমেন্ট ওয়াকফ বোর্ডের ৩টি ডেট রেজোলিউশন ২০-৪-৯২, ২৭-৫-৯২ এবং ২৩-৬-৯২ for transferring of few valuable properties.

জাস্টিস রুমা পাল জাজমেন্টে বলেছেন, The petition is not materially affected or that the petitioner has no local stand to challenge the functioning of the Wakf Board. It is not a public interest litigation.

উনি জাজমেন্ট করে ছেড়ে দিয়েছেন। আজকে স্যার, মুখ্যমন্ত্রী জাস্টিস রুমা পালের জাজমেন্টটা জুলাই মাসে ট্যাগ করছেন। জাস্টিস রুমা পাল জাজমেন্টটা দিয়েছিলেন ২৮শে জানুয়ারি, ৯৫। এর আগে মেহেবুব জাহেদী সাহেব যখন ওয়াকফ মন্ত্রী ছিলেন তখন সেপ্টেম্বর

মাসে উনি একটা লিখিত স্টেটমেন্ট করেছিলেন যে, ওয়াকফ সম্পত্তি কোথায় কোথায় নিজে ব্যবহার হয়েছে, কাকে দেওয়া হয়েছে ইত্যাদি উল্লেখ করে তিনি প্রেস রিলিজ করেছিলেন। তার কপি আমার কাছে আছে। স্যার, আমি তা আপনাকে দেব, মুখ্যমন্ত্রীকে দেব। স্যার, আজকে কয়েক মাস পর, জাস্টিস রুমা পালের জাজমেন্টটা পাওয়ার পর জাহেদী লিখিত স্টেটমেন্ট করেছেন। এটার পিছনে কি কারণ ছিল? তারপর জাস্টিস রুমা পালের জাজমেন্টের পর জুডিশিয়াল সেক্রেটারির রিপোর্টকে মুখ্যমন্ত্রী কনডেম করেছেন—It appears that the Report is not based on any material or documentary evidence or facts and, in some cases, it is even contradictory to official documents and, as such, it appears to be misleading and untenable.

মুখ্যমন্ত্রী স্টেটমেন্টে বলেছেন, It also appears that the report is vague, perfunctory, inconsistent and self-contradictory on material aspects and, as such, it does not warrant any action on the part of the Government.

জুডিশিয়াল সেক্রেটারি নিজের রিপোর্ট ডিটেলস বলেছেন যে, মুখ্যমন্ত্রী কোন্ ডেটে অর্ডার দিয়েছিলেন For enquiry us because Judicial Department is controlling the Wakf Board.

ওয়াকফ বোর্ড জুডিশিয়াল ডিপার্টমেন্টের আওতায় পড়ে। ইন দি মিনটাইম জুডিশিয়াল সেক্রেটারির এলিভেশন হল, তিনি হাইকোর্টের জাজ হয়ে গেলেন। তারপর পি. কে. সেনগুপ্ত চার্জ নিলেন। এই রিপোর্ট অন দি বেসিস অফ ওয়াকফ কমিশনার'স রিপোর্ট আমরা ২৭-৯-৯৫ তারিখে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম। আমরা একটা ডেলিগেশন নিয়ে দেখা করেছিলাম। আমরাও অনেকগুলো চার্জ, ওয়াকফ প্রপার্টির লিস্ট করেছি যে কোথায় ওয়াকফ প্রপার্টি ট্রান্সফার হয়েছে, কোথায় প্রোমোটাররা হাই রাইজ বিল্ডিং করছে। বিশেষ করে এর মধ্যে যেসব মসজিদ, ঈদগার, দরগা আছে সেগুলো ভালভাবে মেন্টেনেন্স হচ্ছে না। ওযাকফ প্রপার্টি ওয়াজ ভেরি প্রাইড। মাননীয় মুখ্যমন্ত্রীও বলেন, চোখের সামনে, গড়িয়া রোডে তো প্রপার্টি চলে গেল। নিজের ব্যাপারে উনিও বললেন। এনকোয়ারি রিপোর্ট আসছে না কেন? ওঁর সঙ্গে ছিলেন এক্স চিফ সেক্রেটারি কৃষ্ণমূর্তি এবং প্রাক্তন পরিবহন মন্ত্রী শ্যামলবাবু। উনি সিরিয়াসলি শুনে বললেন, কি হল, রিপোর্ট আসছে না কেন? চিফ সেক্রেটারি বললেন যে, জুডিশিয়াল সেক্রেটারির কাছ থেকে রিপোর্টটা এখনও পাননি। জুডিশিয়াল সেক্রেটারি নিজে কাউকে ডেকে রিপোর্ট তৈরি করেননি। ইভেন আমরা পিটিশনার ছিলাম, আমরা মুখ্যমন্ত্রীকে অভিযোগ জানিয়েছিলাম। কিন্তু তার কোনও অ্যাকনলেজমেন্টও পাইনি।

[3-50 — 4-00 P.M.]

জুডিশিয়াল সেক্রেটারি ওয়াকফ বোর্ড, তার আন্ডারে জুডিশিয়াল ডিপার্টমেন্ট, জুডিশিয়াল সেক্রেটারির নোটিফিকেশনে ওয়াকফ বোর্ড তৈরি হয়। জুডিশিয়াল মিনিস্টার আগে দেখতেন ওয়াকফ বোর্ড। কিন্তু এখন জুডিশিয়াল মিনিস্টার দেখছেন না। ওয়াকফ মন্ত্রী মেহবুব জাহেদীর সময় থেকে আলাদা হয়েছে। কিন্তু দেখুন, জুডিশিয়াল সেক্রেটারি তিনি ওয়াকফ বোর্ডের কাছ

থেকে অনেকগুলি তথ্য চেয়েছিলেন, কাগজগুলি আসল। স্পেসিফিক রিপোর্ট। কোনও জায়গায় কোনও ভুলভ্রান্তি নেই, কনফিউসন নেই, তিনি পরিষ্কারভাবে বলেছেন, ওয়াকফ বোর্ড কি করে গঠিত হয়, ওয়াকফ এর সিস্টেম কি, কেন লোকে ওয়াকফ করে, ওয়াকফ-এর সম্পত্তিগুলি কিভাবে নয়ছয় হয়েছে, কে করেছে, কারা করেছে, আর এটা ক্লোজ সার্কিটে হয়েছে। এটা দেখা যাচ্ছে। একটা কোরাপশন, নেপোটিজিম-এর একটা চেহারা সামনে এসেছে। জুডিশিয়াল সেক্রেটারি পরিষ্কার লিখেছেন "...and lack of supervision and control over the properties of Mutwallis. On the other hand the properties having enormous economic potentiality, are very lucrative to the promoters and real estate dealers because of steep rise in the price of land coupled with increasing demand for scarce land. Some of these properties are prime land in elite or important commercial areas in this city."

স্যার, ১৬০ খানা প্রপার্টি সম্বন্ধে বলেছেন, ১৬০টি প্রপার্টি লিজ দেওয়া হয়েছে, তার থেকে কম হবে না। আপনি যদি ভাল করে এনকোয়ারি করেন, আপনার দিকে তাকিয়ে আছে সারা বাংলার মানুষ, ওয়াকফ প্রপার্টি লুঠ হয়েছে, আপনার পার্টির লোকেরা করতে পারে, কিংবা এই অগাস্ট হাউসে যারা বসে আছেন তাদের থেকেও কেউ হতে পারে, আমাদের পার্টির লোকও হতে পারে। এটা কারা করেছে? স্যার, আপনার অফিসার রিপোর্ট দিয়েছে, ওয়াকফ প্রপার্টি লুঠ হয়েছে, পরিষ্কার উনি লিখছেন ওয়াকফ বোর্ড ১২, ১৩, ১৪ জনকে নিয়ে গঠিত, তার মধ্যে আবার যারা এই প্রপার্টি লিজ দিয়েছেন তারা ৩ জনের সাব কমিটির মতন করে চুপি চুপি বিল্ডারদের ডেকে তাদের কাছ থেকে অফার নিয়ে সেই প্রপার্টিগুলি দিয়েছে। জুডিশিয়াল সেক্রেটারি লিখেছেন "The Wakf Board set up a sub-committee consisting of a few of the members of the Board for consideration of such proposals and apparently on the recommendations of that sub-committee the Board sanctioned such proposals for the approval by way of sale or lease or creation of tenancy. From the record of Wakf Commissioners it appears that there are more than 1600 cases of lease and a few cases of sale of different Wakf properties by the Motwallis with the sanction of the Board."

পরিষ্কার, ওয়াকফ কমিশনার মিঃ পি. কে. সেনগুপ্ত রিপোর্টে লিখেছেন, উনি রিপোর্টটা রেফার করেছেন "Regarding transaction relating to the Wakf property in respect of which allegation of nepotism, malpractice etc. have been received is attached to this report as annexure A."

স্যার, মুখ্যমন্ত্রী স্টেটমেন্ট ঠিকই দিয়েছেন, কিন্তু জুডিশিয়াল সেক্রেটারির রিপোর্ট উনি ভাল করে দেখেননি বা পড়েননি কিংবা ওনার যে আমলারা আছে তারা ভাল করে ব্রিফ করেননি। ওনাকে যদি ভাল করে ব্রিফ করে দেওয়া হত এবং অ্যানেক্সচারগুলি দেখতেন, উনি যদি ভাল করে পড়ে নিতেন, তাহলে পি. কে. সেনগুপ্তর এগেনস্টে বা ওনার উপর যে অ্যাজপারসন সি. এম.-এর প্রথম দিন হয়েছে, এটা দুঃখজনক। পি. কে. সেনগুপ্ত লিখেছেন

"From the records of the Wakf Commissioner it appears that the proposals over transfer by way of lease came from the concerned Mutwallis for the ostensible purpose of development and improvement of the properties to make them economically viable and actual transactions were effected after the Wakf Board gave their approval.

উনি লিখেছেন স্যার,

"At the sametime it appears that the transactions were not discreet in most cases.

উনি বলছেন বার বার বলা হয়েছে সাব কমিটিকে, মোতোয়ালিকে প্রপারটি দেওয়ার আগে একটা নোটিশ ঝুলিয়ে দিয়ে, ৩-৪টি কাগজে বিজ্ঞাপন দিয়ে যে এই প্রপারটি, এত ল্যান্ড, এত বাড়ি, এই জায়গা ওয়াকফ বোর্ড লিজ দিতে চায়। টু রেজ দ্য ইনকাম অফ দ্য ওয়াকফ বোর্ড ফর দ্যাট প্রপারটি। পরিষ্কার উনি বলছেন, "In most of the cases, there was no open invitation of offers of quotations from persons interested. There was no public advertisement calling for offers to take lease and develope the properties. In a number of cases, it was noticed that there was direction by the Wakf Board or the Wakf Commissioner that the offer to lease out property should be published in newspaper in at least 3 languages, namely : Bengali, English, Hindi or Urdu. But this direction was honoured by non-compliance.

উনি আবার বলছেন যে বার বার বলা হয়েছে কাগজে বিজ্ঞাপন দেবার জন্য কিন্তু এটা ওরা মানেননি। একটা নন কমপ্লায়েন্স হয়েছে। তার পর উনি বলছেন It appears that everything was done. কাগজে একটা বিজ্ঞাপন না করে, মানুষকে না জানিয়ে যাতে আরও কনসার্ন, বিডাররা না আসে, প্রসপেকটিভ বিজনেসম্যান না আসে নিজেদের দালালদের হাতে ওয়াকফ প্রপারটি তুলে দেবার জন্য, উনি লিখেছেন, It appears that everything was done in a close circuit. All these facts have exposed the dealing to charges of nepotism, corruption and malpractices etc. স্যার তারপর, স্যার আপনি পি. কে. সেনগুপ্তকে বলছেন, উনার রিপোর্টটা ভেগ? উনি লিখেছেন, Had there been scope for competitive bids in response to open advertisement inviting offers, the Wakf Board would have got responsible opportunity to compare the bids coming from the competitive bidders in order to accept the offers most beneficial to the Wakfs.

এই যে ডীডগুলো হয়েছে, স্যার, ওয়াকফ বোর্ড করেছে, এগুলো কোনও ল'ইয়ারকে দেখানো হয়নি, কোনও লিগাল ডিপার্টমেন্টকে ভেট করা হয়নি। উনি লিখেছেন, The agreement for lease and the deeds or lease were found to have not been vetted by any lawyer or legal expert on behalf of the Mutwalis or the

Board. The terms and conditions in some of the deeds examined by me were found to be more advantageous to the leases.

উনি বলছেন, যে টার্মস অ্যান্ড কন্ডিশন লিজ দেওয়া হয়েছে, স্যার, ম্যাক্সিমাম ক্ষেত্রে সেভেনটি ফাইভ ইয়ারস অ্যান্ড টুয়েন্টি ফোর ইয়ারস। দ্যাট মীনস নাইনটি নাইন ইয়ারস। তার মধ্যে সমস্ত কন্ডিশন প্রোমোটার বা বিল্ডারদের ফেভারে। আমি পরে আসব কি করে ওয়াকফ বোর্ড, মোতোয়ালি, সাব কমিটি, আপনাদের নেতা এই হাউসে যারা বসে আছেন তাঁদের সমর্থকরা, রাইট হ্যান্ড লেফ্‌ট হ্যান্ডরা কি করে নিলাম করেছে। স্যার, পি. কে. সেনগুপ্ত বলছেন যে ১৯৮১র পর অডিট হয়নি। ওয়াকফ বোর্ডে অডিট হয়নি। তার পর উনি স্পেশ্যাল অডিটের কথা বলেছেন। অডিট করা দরকার। স্যার, এই যে প্রপারটিগুলো নয়ছয় হয়েছে অ্যানেক্সচারে দেখবেন। আপনারা কিছু প্রপারটির নাম শুনেছেন। ৩৩ থিয়েটার রোড, ঝাউতলা রোড তাছাড়া শহরের কিছু নামিদামি জায়গা—শ'ওয়ালেস বিল্ডিং, গোলাম মহম্মদ শা রোড, প্রিন্স গোলাম মহম্মদ শা রোড, বাফার স্ট্রিটে বিল্ডিং ১৯৮৫ সালে লিজ শেষ হয়ে গেছে। শ' ওয়ালেস এর মানু ছাপাড়িয়া, কিশোর ছাপাড়িয়া মুখ্যমন্ত্রীর ডিপার্টমেন্টের একজন অফিসারকে ইনফ্লুয়েন্স করে লিজটা রিনিউ করতে দিচ্ছে না।

[4-00 — 4-10 P.M.]

৬০ হাজার স্কোয়ার ফিট জায়গা, এর এরিয়া হচ্ছে ২ বিঘা ৬ কাঠা, ১২ ছটাক, ৪, ৫, ৬ ব্যাঙ্কশাল স্ট্রিট-৩৮ হাজার টাকা ভাড়া দেয়। ৮৫ থেকে বসে আছে। কিছু প্রাইম প্রপারটি আছে আজকে কলকাতা শহরে। তারা ইললিগালি বসে আছে। এম এল এ-রা থাকার জায়গা পাচ্ছে না। এম এল এ বন্ধুরা কংগ্রেসের ২২ মাস হয়ে গেছে রুম অ্যালটমেন্ট এখনও হয়নি। শ ওয়ালেশ বিল্ডিং-এর মতন জায়গা আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব, এখান থেকে বেরিয়ে ওটা ক্যাপচার করে এম এল এ-দের হাতে দিয়ে দিন। শ ওয়ালেশ তুলে দিন। বিনা ভাড়ায় ৮৫ থেকে বসে আছে। এক পয়সা ওয়াকফ বোর্ডকে দিচ্ছে না। স্যার, টলি ক্লাবের নাম আপনি নিশ্চয় শুনেছেন। মুখ্যমন্ত্রীকে অনেকবার ফাংশানে টলি ক্লাবে দেখেছি। ২২২ বিঘা জমি, ওয়াকফ প্রপারটি, ঐটা আমাদের মাননীয় সদস্যরা অনেকেই জানেন। স্যার, রয়াল ক্যালকাটা গল্ফ ক্লাব—৭৭ বিঘা জমি ওয়াকফ প্রপারটি। স্যার, পাগলা বাবা ফিশারি প্রপারটিজ ৩০ বিঘা, লিজ আউট ওয়াকফ শেয়ার। ৩০ বিঘা জমি, ঐসব টালিগঞ্জ। ৪ হেস্টিংস স্ট্রিট, ওয়াকফ প্রপারটি। আজকে স্যার, পি. কে. সেনগুপ্তের রিপোর্টে অ্যানেকসার বি (ওয়ানে? দেখবেন—ওয়াকফ বোর্ডের একজন মেম্বার, তার নাম হামিদুল হুদা, যে নিজেকে ওয়াকফ বোর্ডের খোদা বলে ডাকেন—স্যার, আমরা তাকে সবাই চিনি। কিন্তু আমাদের এই হাউসে আমরা যে চেয়ারের রেসপেক্ট করি, আমি তাকে জিজ্ঞাসা করব যে, উনি ওকে চেনেন কি চেনেন না ওর কাউন্টটা এই রকম স্যার—৪১ এবং ৪২ কলিনস স্ট্রিট, একটা ওয়াকফ প্রপারটি নিয়েছে। আপনি স্যার, এখানে বুদ্ধবাবু আছেন, আলিমুদ্দিন স্ট্রিটে ফোন করে কনফার্ম করে নেবেন। হুদা একজন ফ্রন্টের আফতাব আলম। হি ইজ এ কমরেড। সুদীপবাবুর এরিয়ায় থাকে। ৪১ এবং ৪২ কলিংস স্ট্রিট প্রপারটি উনি দিলেন যে তুমি প্রমোট কর। রিজলিউশন রয়েছে স্যার, অ্যানেকসার বি (ওয়ানের) প্রথম পাতায়, তারপর স্যার, ৪ কাঠা ১২ ছটাক ৪৪ স্কোয়ার ফিট ছিল, সেখানে পুরো বিল্ডিং তৈরি হয়। হুদা কাদের কাদের

জন্য ফ্ল্যাট নিয়েছে? কি ভাড়া এটা শুনুন। শামিমুল হুদা ফার্স্ট ফ্লোরে একটা ফ্ল্যাট নিয়েছেন ৬০০ স্কোয়ার ফিট, তার ভাড়া হচ্ছে মাসে ২৪০ টাকা Central Calcutta, heart of the town তারপর আবার একটা ফার্স্ট ফ্লোরে ফ্ল্যাট নিয়েছেন ওয়েস্টার্ন সাইডে, ৫০০ স্কোয়ার ফিট ২০০ টাকা ভাড়া। আকিকুল হুদা সেকেন্ড ফ্লোরে ইস্টার্ন সাইডে ৬০০ স্কোয়ার ফিট ২৪০ টাকা ভাড়া। সাকিকুল হুদা ৫০০ স্কোয়ার ফিট সেকেন্ড ফ্লোরে ওয়েস্টার্ন সাইডে ২০০ টাকা ভাড়া। কমরেড আফতাব আলম যে নিজে বাড়ি করেছে সেও একটা ফ্ল্যাট নিয়েছে। সে স্যার থার্ড ফ্লোরে ফ্ল্যাট নিয়েছে ইস্টার্ন সাইডে ৫০০ স্কোয়ার ফিট ২০০ টাকা। বস্তি গ্রামে স্যার এই রেটে ঘর পাওয়া যায় না। ইস্টার্ন হাফ অফ দ্য টেরেস—ছাদটাও দিয়ে দিয়েছে। কার নামে না আকিকুল হুদার ছেলের নামে। ভাড়া ২৫ টাকা।

এসব হচ্ছে ওয়াকফের চেহারা। তারপর ওয়াকফ বোর্ড রেজলিউশন করছে ইন প্রেজেন্স অফ হামিদুল হুদা—যে এরা সাবটেনান্ট বসাতে পারবে। এরা টেনান্ট হয়েছে। এদের রাইট দিয়েছে ওয়াকফ বোর্ড বাই গিভিং রেজলিউশন—তারা আবার সাব টেনান্ট বসাতে পারবে। স্যার, আজকে লুটমারের বাজার হয়েছে। স্যার, আপনি অ্যানেক্স দেখেছেন। লাউডন স্ট্রিটের মতো জায়গা লিজ হয়েছে ৭৫ প্লাস ২৪। আমার কাছে ওয়াকফ বোর্ডের রেজলিউশনের কপি আছে। ৩ লাইনের রেজলিউশন—হার্ড দি পার্টি রিজলভড টু গিভ দি লিজ ফর সো মেনি ইয়ারস টু সো অ্যান্ড সো। তারপর এতে সমস্ত ডিলে ৩ জনের নাম দেখেছি। কে. এল. ধারিয়াল, মোহনলাল আগরওয়াল এবং দিলীপ সিং মেহতা। আজকে সমস্ত ডিলে ৩ জনের নাম দেখেছি। কে. এল. ধারিয়াল, মোহনলাল আগরওয়াল এবং দিলীপ সিং মেহতা। আজকে সমস্ত ডিলে ধারিয়াল—স্যার, ধারিয়ালের সঙ্গে অ্যাসেম্বলিতে আমার ২-১ বার দেখা হয়েছে। হুদার এত ক্লাউট যে প্রোটেকটেড এরিয়াতে দেখেছি। প্রোটেকটেড এরিয়ার ২-১টি চেম্বারে ওঁর সঙ্গে আমি চা খেয়েছি। রফি আহমেদ কিদোয়াই রোডে, স্যার, আপনি জানেন, এইসব প্রপার্টিগুলো লাখ করে কাঠা। লাউডন স্ট্রিটে ১৫ লাখ করে কাঠা। ৪৮ ঝাউতলা রোড ধারিয়াল নিয়েছে ২৬ লাখ টাকায়। এক বিঘে ৬ কাঠা জমি। সৈয়দ ওয়াজেদ আলির বাড়ি ৪৮ ঝাউতলায় রোড ক্যামোফ্লেজ করে ধারিয়াল নিয়েছে। ধারিয়াল নেওয়ার পর কলকাতার একজন শিল্পপতি অরুণ পোদ্দারকে দিয়েছে, ওয়াকফ বোর্ড আবার ওটা এনডোর্স করছে। ওখানে, ওই বাড়িটার ইতিহাস আছে। সৈয়দ ওয়াজেদ আলি ওখানে থাকতেন। ওঁরা ১০০ বছর ধরে ওখানে রয়েছেন। ওঁনার ছেলে ছিলেন। ছেলেকে জোর করে তাড়িয়ে দেওয়া হয়েছে—এই পোদ্দার ও ধারিয়াল মিলে অল্প টাকা দিয়ে তাঁকে বের করে দিয়েছে। এখন অরুণ পোদ্দার ও ধারিয়াল ওখানে প্রোমোট করবে। ঝাউতলা মানে ভাববেন না বস্তি। ডালহৌসি ইন্সটিটিউশনের সামনে এবং আমির আলি অ্যাভেনিউর পিছনে এটা অবস্থিত। সৈয়দ ওয়াজেদ আলির নাম আমরা শুনেছি। তাঁর গল্প বাংলার মানুষ জানেন—সাহিত্যিক—'সেই ট্র্যাডিশন সমানে চলছে।' স্যার, ওয়াকফ প্রপার্টিগুলো ওয়াকফ যাঁরা করেন, ওয়াকফ যেটা হয় সেটা কাদের জন্য হয়? এখানে দেখছি ওয়াকফ—হুদা, ধারিয়াল এবং দিলীপ সিং মেহতার মতো লোকেরা ভোগ করছে। ওয়াকফ যাঁরা করেন—আফটার দি ক্রিয়েশন অফ দি ওয়াকফ দি রাইটস টু দি অলমাইটি। তার মানে ওয়াকফ সম্পত্তিগুলো আল্লার সম্পত্তি হয়ে যায়। সেখানে আল্লা যে কাজগুলো দিয়েছেন—ওয়াকিফ যেটা বলেছে—যে, ভাই রিলিজিয়াস কাজগুলো

করতে হবে ওয়াকফের টাকাগুলো দিয়ে। এছাড়া, মাদ্রাসা, মসজিদ, দরগা, ইদগাহ মেইন্টেন করার জন্য ওয়াকফ প্রপার্টিকে কাজে লাগানো হয়।

মুসলমান অরফ্যান ছেলে, যাদের মাথায় ছাদ নেই, তাদের ওয়াকফ বোর্ড দেখবে। সারা দেশে ওয়াকফ বোর্ড এইসব প্রজেক্টগুলো নিচ্ছে। স্যার, ওড়িষ্যার মতো জায়গায়, ওরা ডেভেলপমেন্ট প্রোজেক্ট করছে আঙ্গুলে। দেওয়াল বিহার, তাতার খণ্ড মস্ক, দেওয়ন বাজাজ ৩৫ লক্ষ টাকা খরচা করেছে। উজালা খান মস্কে ৭ লাখ টাকা খরচা করেছে। কলকাতায় যে মসজিদগুলো দেখেছেন সেখানে আপনার ওয়াকফ বোর্ডের এক পয়সা কন্ট্রিবিউশন নেই।

[4-10 — 4-20 P.M.]

গরিব মুসলমানরা চাঁদা তুলে মসজিদ করছে, ওয়াকফ বোর্ড কোনও জায়গায় এক পয়সাও চাঁদা দেয়নি, তারাই মেন্টেন করছে। সি. ই. এস. সি.-র বিল এলে সেটা শুক্রবার যেসব নমাজীরা আসে, তাদের কাছ থেকে চাঁদা তুলে দেয়। ওয়াকফ বোর্ডের কোনও কন্ট্রিবিউশন নেই। ইমাম সাহেবদের অবস্থা কি জানেন স্যার? কলকাতা শহরে ইমাম ছাড়া মসজিদে তাদের স্যালারি কি? সকাল চারটে থেকে তাদের ডিউটি আরম্ভ হয়, রাত্রি সাড়ে আটটায় শেষ হয়—তাদের কেউ মাসে ৫০ টাকা, ১০০ টাকা, ১৫০ টাকা পায়। আর সেখানে ওয়াকফ টাকা, ওয়াকফ প্রপার্টি. ফান্ড ভোগ করছে? আর তাদের প্রোটেকশান স্যার, আমাদের মতো আপনাদের মতো লোকেরাই দিচ্ছে। আজকে কতদিন এটা চলবে? ৮৫.৮৭ লক্ষ টাকা ওড়িষ্যার মতো রাজ্য খরচ করেছে এই মসজিদ, মাদ্রাসার পেছনে। আর পশ্চিমবঙ্গের অবস্থা কি? আপনি বলবেন আপনার ভাষণে, মুখ্যমন্ত্রী বললেন, মুসলমান গার্লস হোস্টেল করা হয়েছে। মুসলমান গার্লস হোস্টেলের নামে ডোনেশন নেওয়া হয়েছে, প্রপার্টি লিজ দেওয়া হয়েছে। ডোনেশন কি করে নেওয়া হয়েছে, আপনাকে দেখতে অনুরোধ করব। অরুণ পোদ্দার ডেকে ৫ হাজার টাকা দিচ্ছে, আপনি কোনও মসজিদের নামে ডোনেশন নেন। ২ লাখ, ৫ লাখ টাকা কে. এল. ধারিয়াল, মোহনলাল আগরওয়াল, দিলীপ সিং মেহেতো ডোনেশন দিয়েছে। স্যার. আপনাকে আমাকে ডোনেশন দিচ্ছে না, তাদের চোখটা আছে, ঝাউতলা রোডে জমি হবে. সেখানে ৪ তলা, ৫ তলা, ৬ তলা মাল্টি স্টোরেজ বিল্ডিং করব, কোটি টাকা হবে। স্যার, আজকে যে ১৬০টি প্রপার্টি আপনাদের, আমাদের, গরিব মুসলমানদের হাত থেকে চলে গেছে, তার ভ্যালু কত সেটা ইভ্যালুয়েট যদি করা যায় তাহলে জানা যাবে। আমি নিজে ৪৮ ঝাউতলা রোড অঞ্চলে ইনকাম ট্যাক্সে গিয়ে দেখেছি। ঝাউতলা রোড, ঐ অঞ্চলের রেজিস্টার দেখলাম, তার লিস্ট দেখলাম—১৫ লক্ষ টাকা করে কাঠা বিক্রি হচ্ছে। সেই জমিগুলো ১ লক্ষ ৫০ হাজার টাকা করে কাঠা দেওয়া হয়েছে। আজকে যদি ভাল কোনও একজন অ্যাসেসর বা সার্ভেয়ারকে দিয়ে ইভ্যালুয়েট করা যায় সমস্ত সম্পত্তি, তাহলে ওয়াকফ বোর্ডকে ফাঁকি দিয়েছে টাকার পরিমাণটা হাজার কোটি টাকা থেকে কম হবে না। স্যার, আপনার গভর্নমেন্ট, মুখ্যমন্ত্রী বার বার হাওলা, ইউরিয়া করাপশনের বিরুদ্ধে বলছেন। জ্যোতিবাবুর নাম, মুখ্যমন্ত্রীর নাম সারা দেশে। মানুষ ভাবে উনি মাথা উঁচু করে কথা বলেন। কিন্তু এখানে, ওয়াকফ স্ক্যান্ডালে দেখছি উনি মাথা নিচু করে নিয়েছেন। যারা চোর, যারা ক্রাফট. লুটপাট করেছে, তাদের কাছে উনি সারেন্ডার করছেন। পি. কে. সেনগুপ্তের মতো লোকের রিপোর্টকে

কনডেম করেছেন। স্যার, পশ্চিমবঙ্গে এডুকেশনাল অ্যাকটিভিটিস, এখানে যে রিপোর্ট আছে—সেন্ট্রাল ওয়াকফ কাউন্সিলের কনট্রিবিউশন একটিভিটিস নীল, মেইনটেন্যান্স অফ মাদ্রাসা-নীল। এরা ৯০ লক্ষ টাকা দেখাচ্ছেন মুসলমান গার্লস হোস্টেলের জন্য মুসলিম গার্লস হোস্টেলের আলাদা ফান্ড হয় না। আপনি স্যার, ওয়াকফ অ্যাক্ট, মনসুর হবিবুল্লা সাহেবের লেখা নতুন ওয়াকফ আইন হয়েছে ১৯৯৫, সেন্ট্রাল ওয়াকফ কাউন্সিলে দেখবেন। আজকে যে অ্যাক্ট, নতুন অ্যাক্টে কোনও জায়গায় মুসলমান গার্লস হোস্টেল বা কোনও একটা আলাদা ফান্ড করা যায়? ওয়াকফ অ্যাক্টে কোনও প্রভিসন নেই। এডুকেশনাল ফান্ড রয়েছে, ওয়াকফ ফান্ড রয়েছে, সেই ফান্ড থেকে হোস্টেল দেখা হবে। আজকে মুসলিম গার্লস হোস্টেল দেখিয়ে যে টাকা নেওয়া হচ্ছে—আপনি বলুন পারমিশন কে দিয়েছে? আমরা জানি, দেশের বাইরে বা এখানে যে জমি, যারা ল্যান্ড স্পেকট্যাকুলার, প্রমোশন বিজনেসে আছে, বিল্ডার বিজনেসে আছে। বোম্বেতে ৫--৭ বছর আগেকার চিফ মিনিস্টারকে রিজাইন দিতে হল যে, উনি জমি অ্যালটমেন্ট করছিলেন। ওনার একটা পার্সোনাল ট্রাস্ট ছিল, ট্রাস্টে টাকা দিতে হবে, জমি অ্যালটমেন্ট হবে। স্যার, আজকে করাপট পিপলদের ইনভলভ্ করে, এখানে আমি একটা বিল পেয়েছি—করিম এ. রসিদ, ওয়াকফ স্টেট। আমি জানি না এ কার নাম—হাসিম আব্দুল হালিম, সোল মতোয়ালি। এটা স্যার, হাসিম হালিম কে? হাসিম হালিম এক হাজার হতে পারে। আমি স্যার, এসেছি, আমি স্যারকে রেসপেক্ট করি, চেয়ারকে রেসপেক্ট করি—ওনার নাম কি না, ওনার বিল কি না সই করা, উনি একটা ওয়াকফ স্টেট ক্রিয়েট করেছেন—হাসিম হালিম ভদ্রলোক। করিম এ রসিদ ওয়াকফ স্টেট ভাড়া তুলছেন। কিন্তু সেকশন ৪৪ বলছে—এনরোল করাতে হবে। ওয়াকফ বোর্ডে এনরোল হয়নি।

স্যার, আর একটা—ইত্রচুমা। কমিউনিস্ট পার্টির নেতা আব্দুস সামাদ একটা চিঠি পাঠিয়েছে।

সেই চিঠিটা রেফার করা হচ্ছে, হামিদুল হুদা মিউজি টোন, ১৯৪ চাঁদনি চক স্ট্রিট। আর স্যার সেটা একজন হাসিম আব্দুল হালিমকে পাঠিয়েছেন। স্যার, আরেকজন হাসিম আব্দুল হালিমের নামে সুপ্রিম কোর্টের ল-ইয়ার মধুমুল চন্দানি চিঠি লিখছেন, আই হ্যাভ রিসিভড ইয়োর লেটার ডেটেড ৮-১২-৯৪ অ্যালং উইথ দি ডিমান্ড—তার মানে টাকা পাঠিয়েছেন আর. এইচ. হালিম করে অ্যাড্রেস করছেন। অ্যাড্রেসে রয়েছে কেস নম্বর। সি. এ. নং ১৮৭৩ নাসির আব্দুল্লা ভার্সেস স্টেট অফ ওয়েস্ট বেঙ্গল অ্যান্ড আদারস। আমি চিঠিটা পড়ছি, ডিয়ার স্যার, আই হ্যাভ রিসিভড ইয়োর লেটার ডেটেড ৮-১২-৯৪ অ্যালং উইথ দি ডিমান্ড ড্রাফট অ্যান্ড এফিডেভিট। দি অ্যাপ্লিকেশন ফর ওরাল হেয়ারিং হ্যাজ বিন ফাইল। হাউয়েভার, আই ফাইন্ড ফ্রম দি রেকর্ড দ্যাট অন ১০-৫-৮৮ দিস কোর্ট হ্যাড হোয়াইল গ্রান্টিং লিভ ডাইরেক্টেড স্ট্যাটাসকো টু বি মেইন্টেইন্ড। ফ্রম দি রেকর্ডস ইট ইজ নট ক্লিয়ার অ্যাজ টু হু ইজ ম্যানেজিং দি ওয়াকফ প্রপার্টিস। লেট মি নো ইমিডিয়েটলি অ্যাজ টু হু ইজ ম্যানেজিং দি ওয়াকফ প্রপার্টিস অ্যান্ড এন ইমিডিয়েট অর্ডার দ্যাট ইজ রিক্যায়ার্ড বাই ইউ। ইয়োরস ফেথফুলি, মধুমুল চন্দানি. কপি টু আব্দুল হালিম, কমিশনার অফ ওয়াকফ। কাকে লিখছেন? একজন এইচ. এ. হালিমকে। ঐ হালিম কে? সেটাই আমরা জানতে চাই। অ্যাড্রেসও আছে স্যার, ১২, এম. ডি. ইসাক রোড (কিড স্ট্রিট)। আরেকটা দিচ্ছি স্যার, একটা ওয়াকফ স্টেট।

একজন ডাক্তার আমার এরিয়ায় থাকেন, ডাঃ কবির রশিদ। উনিও একজন হাসিম আব্দুল হালিমের শালা হন। উনি স্যার, ৭/১, ইব্রাহিম রোডে, খিদিরপুরে একটা বড় ওয়াকফ প্রপার্টি নিয়েছেন। স্যার, কর্পোরেশনে সেখানকার মিউটেশনের কাগজ রয়েছে। কিন্তু সেই বিল্ডিং করতে করতে কর্পোরেশন একটা চিঠি দিয়েছেন ডাঃ কবির রশিদকে। স্যার, কর্পোরেশনের চিঠি আমার কাছে রয়েছে। এস. এম. কবির রশিদ, ৭/১, ইব্রাহিম রোড—কলিম সাহেবের আগের এরিয়া, কলিম সাহেব একটু খোঁজ নেবেন। তাতে লেখা হয়েছে, ডিয়ার স্যার, ইন কমপ্লায়েন্স উইথ দি অর্ডার পাসড বাই অনারেবল মিঃ জাস্টিস সত্যব্রত সিন্হা ডেটেড ১২-৬-৯৫ সিটি আরকিটেক্ট হিয়ার ইউ অন ৫-৭-৯৫ হোয়েন দি ফলোয়িং অর্ডার ওয়াজ পাসড। আই হ্যাভ গন থ্রু দি রেকর্ডস অ্যান্ড ফাইন্ড দ্যাট দি ল্যাপসড প্ল্যান ইনফ্রিনজেস ওভার অল বিল্ডিং রুলস ১৯৯০। দেয়ার-ফোর হিজ অ্যাপিল ক্যাননট বি কনসিডার্ড। ইউ আর দেয়ারফোর রিকোয়েস্টেড টু রিসিভ ব্যাক দি প্ল্যান অ্যান্ড পেপারস হুইচ ইউ হ্যাভ সাবমিটেড ফর কনসিডারেশন। থ্যাংকিং ইউ, ইয়োরস ফেইথফুলি। বিল্ডিং ডিপার্টমেন্ট এটা ওনাকে লিখছেন। এস. ডি. এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার। একটা ল্যাপ্স প্ল্যান নিয়ে উনি ওয়াকফ প্রপার্টিতে বিল্ডিং করতে আরম্ভ করেছিলেন। আর ওনার ভগ্নিপতির নাম হল এইচ. এ. হালিম। ওনার বিল্ডিং করা কর্পোরেশন বন্ধ করে দিয়েছে, ওনার নামটা ওখানে ঝুলছে। স্যার, আজকে আমি হাউসে আপনার প্রোটেকশন চাইছি।

স্যার, ইরান সোসাইটি একটা সংস্থা হামিদুল হুদা যার নাম আমি বললাম, লুঠ-মার করে তিনি ওয়াকফ প্রপার্টি নয়-ছয় করছেন, কোটি কোটি, হাজার হাজার টাকা লুঠ করছেন। আমরা আজকে তাঁর নাম আপনার কাছে প্লেস করলাম। আর সেখানে একজন হাসিম আব্দুল হালিম হচ্ছেন চেয়ারম্যান। কিসের চেয়ারম্যান? ফিন্যান্স বিল্ডিং অ্যান্ড ডেভেলপমেন্ট কমিটির চেয়ারম্যান। আর ওনার সঙ্গে মেম্বার হচ্ছেন হামিদুল হুদা। আজকে এই যে কানেকশনগুলো হচ্ছে, লুঠ-পাঠের সঙ্গে হাসিম আব্দুল হালিম-এর নাম আসছে, কে সেই হাসিম হালিম—এটা যদি আপনি খুঁটিয়ে দেখেন, এটাই আমার দাবি। স্যার, এখানে হাওয়ালা সি. বি. আই. দেখছে, ইউরিয়া কেসে প্রাইম মিনিস্টারের ছেলেকে সি. বি. আই. ছাড়ছে না। আর আজকে এখানে হাজার কোটি টাকার স্ক্যাম হয়েছে। স্পিকার স্যার, আপনি এই হাউস থেকে অর্ডার করুন ঐ যে বড় বড় নামগুলো আসছে, আপনার নামের সঙ্গে সিমিলারিটি থাকতে পারে, এ বিষয়ে সি. বি. আই.কে অ্যালার্ট করুন এবং এঁরা কত কোটি টাকা লুঠ করেছেন সেটা দেখা হোক। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী আপনাকে বলব, সারা দেশ আজকে আপনার দিকে তাকিয়ে রয়েছে। স্যার, সি. বি. আই. গাওয়ালা কেসে লালু যাদবের মতো লোক, যে কাস্টের উপর লড়াই করছে, সেই গাওয়ালা স্ক্যাম সি. বি. আই. ফেস করছে। স্যার, এই রাজ্যে হাজার কোটি টাকার আল্লার সম্পত্তি লুঠ হয়েছে। যারা বিধবা, অনাথ, মসজিদ-মকবরা, ইদগার সম্পত্তি লুঠ করছেন তার তদন্ত করার জন্য আমরা সি. বি. আই.কে দিতে দাবি করছি। আজকে আপনারা এখানে প্রমাণ করে দিন যে এই বামফ্রন্ট গভর্নমেন্ট ঐ চোরেদের প্রশ্রয় দেবেন না। এবং এই কথা আজকে আমরা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে শুনতে চাই। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুলতান আহমেদ সাহেব

বক্তব্য আমি শুনেছি। মাননীয় সদস্য সুলতান আহমেদে সাহেব পি. কে. সেনের রিপোর্ট এবং হাইকোর্টের জাজমেন্টের অংশগুলো বিক্ষিপ্তভাবে পড়েছেন এবং তাঁর প্রয়োজন মতো কোড করেছেন।

[4-20 — 4-30 P.M.]

তাঁর প্রয়োজন মতো কোট করেছেন। সমগ্র রিপোর্টের ভিতর তিনি ঢুকতে চাননি, তাঁর প্রয়োজন মতো বামফ্রন্ট গভর্নমেন্টের কয়েক জনের ব্যক্তিগত চরিত্র হননের চেষ্টা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বললেন কিছু বাড়িতে অল্প ভাড়া দিয়ে লোক বাস করছে তার দৃষ্টান্ত দিলেন। কলকাতা শহরে বহু পুরাতন বাড়িতে অল্প ভাড়াতে মানুষ বাস করছে। আমরা ছাত্রাবস্থায় দেখেছি ১০-১২ কাসিমবাজ বাড়িতে অল্প ভাড়ায় লোক থাকে। এম. এল. এ. হোস্টেলের পাশে প্যালেসকোর্টে অল্প ভাড়ায় লোক থাকে, এটা ভাবা যায় চৌরঙ্গীর মতো জায়গায় অল্প ভাড়ায় থাকা! মাননীয় বিরোধী দলের নেতা অতীশবাবুর বাড়িতে অল্প ভাড়ায় লোকে থাকেন কি না আমার জানা নেই, সেটা অতীশবাবুই জানেন। তবে আমি বলছি এই অল্প ভাড়ায় যারা থাকে তাদের দেখা উচিত। আসলে ওয়াকফ সম্পত্তি দারুণ অব্যবস্থায় ছিল, আগেও ছিল, কংগ্রেস আমলেও ছিল। বামফ্রন্ট আসার পর ওয়াকফের উপর কর্তৃপক্ষ করে নিয়ন্ত্রণ করার চেষ্টা করা হচ্ছে। প্রাইভেট প্রপার্টি মাতোয়ালি এরা ক্রমশ জনগণের স্বার্থে এটা করার চেষ্টা করে চলেছে। এর ফলে বর্তমানে ওয়াকফ বোর্ডের ১ কোটি টাকা লভ্যাংশ দাঁড়িয়েছে। তা ছাড়া এটা অতীতে হত না, এই টাকা থেকে সারা পশ্চিমবাংলায় মুসলমান মেয়েদের থাকার জন্য বিশেষ করে ৯টি গার্লস হোস্টেল হয়েছে, এই সব কাজগুলি হয়েছে। এই মুহূর্তে ওয়াকফ নিয়ে প্রচার চালাচ্ছেন, অনেক দিন ধরেই, প্রায় এক-দেড় বছর ধরে একটা পরিকল্পিত রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে চরিত্র হননের জন্য হীনভাবে এ রকম কিছুদিন ধরেই চলছে। পি. কে. সেনগুপ্তের রিপোর্টে কি আছে? অত্যন্ত পরস্পর বিরোধী, অসংলগ্ন কিছু কথা। আমার ধারণা হচ্ছে ওই রিপোর্ট পড়ে তিনি একটা পূর্ব ধারণা থেকে সিদ্ধান্তে এসেছেন। যার ফলে গোটা রিপোর্টটা যাঁরা পড়েছেন তাঁরা দেখবেন রিপোর্টটি যুক্তি-তর্ক বিহীন। একটা সিদ্ধান্তে আসতে হবে, এই রকম একটা মনোভাব নিয়ে করা, আমি কোনও অ্যাসপার্সন করছি না। সেইজন্যই এই রিপোর্টকে হাইকোর্ট খারিজ করেছে। এতে কোনও টেকনিক্যাল গ্রাউন্ড নেই। হাইকোর্ট পরিষ্কারভাবে বলেছে, পেজ নং টেন, In my view the writ petitioner is liable to be dismissed before on the question of maintainability as well as on merit. অর্থাৎ ল' এবং মেরিট দুই দিক থেকে বিচার করে হাইকোর্ট খারিজ করেছে। ওই রিপোর্ট-এর মধ্যে ল এবং মেরিট এই দুটি দিক থেকে বিচার করে খারিজ করা হয়েছে।

স্যার, ১৫ পাতার শেষ লাইনে বলা হয়েছে, Even the petitioners had to limit their case not to a film statement of the absence of legal necesity but only to a lurking suspicion. রায়তে বলা হচ্ছে 'লার্কিং সাসপিশাস'; তার মানে কি? অতীশবাবু ভাল ইংরাজি জানেন, 'লার্কিং সাসপিশাস' বলতে কি বলছেন? একেবারে খারিজ, একে কখনও অ্যাসটাবলিশ করা যাবে না। অম্বিকাবাবু বিলেতে ছিলেন, তিনি কি 'লার্কিং সাসপিশাস' মানে কি আমাদের একটু বলবেন?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁদের মুশকিলটা হচ্ছে অন্য জায়গায়—ওঁরা বোফর্স কেলেঙ্কারি, শেয়ার কেলেঙ্কারি, হাওলা কেলেঙ্কারি ইত্যাদি করে ভারতবর্ষ থেকে মুছে গেছেন। ভারতবর্ষ থেকে কংগ্রেস মুছে গেল, ভারতবর্ষ থেকে কংগ্রেস চলে গেল। আবার ২০ বছর ধরে ওঁরা পশ্চিমবাংলায় ক্ষমতার বাইরে আছেন। ফলে ওঁরা প্রচণ্ড তৃষ্ণার্ত। সে জন্যই আজকে ওঁদের অবস্থাটা এ রকম দাঁড়িয়েছে—কয়েক দিন আগে দেখলাম বিধানসভার লবিতে নকল বিধানসভা হল। বাস্তবে ওঁরা কেউ জ্যোতি বসু হতে পারবেন না, তাই ওখানে ওঁরা কেউ জ্যোতি বসু হলেন। ওঁরা এখানে কেউ স্পিকার হতে পারবেন না, তাই ওখানে ওঁদের কেউ স্পিকার হলেন, কেউ মন্ত্রী হলেন।

( গোলমাল)

**মিঃ স্পিকার :** আপনাদের আর কি কেউ বলবেন না, আপনাদের সব বলা শেষ হয়ে গেছে? তাহলে আপনারা এভাবে ডিসটার্ব করছেন কেন?

**শ্রী জয়ন্ত বিশ্বাস :** ২০ বছর ক্ষমতার বাইরে থেকে এখন ওঁদের নকল মুখ্যমন্ত্রী হতে হচ্ছে, নকল স্পিকার হতে হচ্ছে। হাওলা, শেয়ার, বোফর্স কেলেঙ্কারিতে ওঁরা ভারতবর্ষ থেকে উচ্ছেদ হয়ে গেছেন, পশ্চিমবাংলায় ২০ বছর ধরে ক্ষমতায় আসতে পারছেন না, সুতরাং কিছু কেলেঙ্কারির কথা তো বলতে হবে। তা কুঁজোর যদি সাধ হয় চিত হয়ে শুতে, বলার কিছু নেই। এখন এসব কিছু তো সবাই দেখছে। ওঁদের সম্বন্ধে আমাদের নির্দিষ্ট বক্তব্য হচ্ছে, দায়িত্বশীল বিরোধী পক্ষ হয়ে অসংলগ্ন রিপোর্টের ওপর দাঁড়িয়ে শুধু মাত্র রাজনৈতিক ফায়দা লোটার জন্য চেষ্টা চালাচ্ছেন। অনেক কায়দা করে নাম-টাম বললেন, তার জবাব যাঁদের দেবার তাঁরা দেবেন। যাঁরা আজকে পশ্চিমবাংলার বৃহৎ ব্যক্তিত্ব, যাঁরা আন্তর্জাতিক ক্ষেত্রে পর্যন্ত পশ্চিমবাংলার মুখ আজ উজ্জ্বল করছেন তাঁদের নিচে টেনে নামানোর জন্য এ এক ধরনের প্রচেষ্টা, এক ধরনের ষড়যন্ত্র। ওঁরা নিজেদের দর্পণে সকলের মুখ দেখবার চেষ্টা করছেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানাই—বহুদিন ধরেই চিৎকার চলছে, বামফ্রন্ট সরকারকে কালিমালিপ্ত করার চেষ্টা চলছে। আজকেই নয়, নির্বাচনের সময়েও এই জিনিস হয়েছে। আমরা দেখেছি দেয়ালে দেয়ালে ওয়াকফ সম্পর্কে লেখা হয়েছে। সুতরাং বিষয়টা হাউসে উপস্থাপন না করা গেলে, আলোচনার সুযোগ না হলে মানুষের মধ্যে সন্দেহ থেকে যেত। আজকে সেই সুযোগ করে দেবার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়কে এবং স্পিকার মহোদয়কে ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় মুখ্যমন্ত্রী অত্যন্ত দৃঢ়তার সঙ্গে সমস্ত নথিপত্র সদস্যদের মধ্যে বন্টন করেছেন এবং মুখ্যমন্ত্রী বলেছেন, 'আলোচনা হবে।' সে অনুযায়ী স্পিকার মহোদয় আলোচনার সুযোগ করে দিয়েছেন। এই আলোচনার মধ্যে দিয়ে পশ্চিম বাংলার মানুষ জানবেন যে কি রকম ষড়যন্ত্র এখানে করা হচ্ছিল। সংবাদপত্র এবং সমস্ত রকম গণমাধ্যমের প্রচারের মধ্যে দিয়ে গোটা পশ্চিমবাংলার মানুষ জানবে এবং প্রমাণ হয়ে যাবে যে, আমাদের বিরোধী পক্ষ কোন রাস্তা গ্রহণ করেছেন। কোন ষড়যন্ত্রের ভেতর দিয়ে এ সরকারের কোনও ক্ষতি করা যাবে না। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারকে রাজ্যের শ্রমজীবী মানুষ সমর্থন করছে।

[4-30 — 4-40 P.M.]

আজকে সুলতান আমেদ বলেছেন জ্যোতিবাবুর মাথা নিচু হয়ে গেছে। জ্যোতিবাবুর মাথা কিসে নিচু হয়ে গেছে? একথা বলাবাহুল্য, ব্যাজস্তুতি নয়, আপনারা মনে মনে জ্যোতিবাবুকে শ্রদ্ধা করেন, কিন্তু মুখে বলতে পারেন না। দস্যু রত্নাকর রাম নাম মুখে আনত না, মরা মরা করত। আপনারা সেইরকম মরা মরা করুন এবং করতে করতে নামটা বলতে শিখবেন। আমরা আপনাদের ভিতরের কথা জানি। তাই বলছি, সমস্ত বিষয়টা গোটা দেশবাসী জানুক। মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় স্পিকার মহাশয় এই ব্যাপারে যে আলোচনার সুযোগ করে দিয়েছেন তারজন্য আপনাদের ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় স্পিকার স্যার, আজকে এই আলোচনায় সুলতান আমেদ আমাদের তরফ থেকে বক্তব্য রাখার পর আমি সরকারের কাছে ওয়াকফ সম্পর্কে ১১ দফার যে দাবি সেই দাবি আপনার কাছে তুলে ধরতে চাই যে কিসের ভিত্তিতে, কি ডিমাণ্ডসের উপর আমি আজকে এই ডেলিবারেশনে টেকপার্ট করছি।

(a) Inquiry by the Central Bureau of Investigation (CBI) into the widesperad belief that valuable Wakf Properties have been misappropriated by the corrupt members of the West Bengal Board of Wakfs in connivance with some promoters and important CPI(M) leaders, who have remote control over Wakf administration in the State.

(b) Publication of a white paper by the State Government regarding the present state of Wakf Properties and details of all such properties which have been transferred, sold or leased out during the last twenty years.

(c) Cancellation of all transfers/leases sanctioned fraudlently by the West Bengal Board of Wakfs in flagrant violation of the provisions of the Bengal Wakf Act 1934.

(d) Effective steps for removal of all encroachment on Wakf properties including Muslim Burial Grounds in defferent parts of West Bengal as promised under the 15 point programme for the Welfare of the Minorities.

(e) Terms of lease and the amount of monthly rent payable by Shaw Wallace and others lessees of Prince Gulam Mohammad Wakf Estate and others Wakf Estates should be finalised by calling for open Tenders so that income from the Wakf properties may be substantially increased and the scope of corruption and kickbacks in underhand deals may be eliminated.

(f) Vacant Wakf land including the Wakf land of Golf Club, Tollyganj Race Ground and other areas should be taken over and utilised for construction of LIG and MIG Houses in Housing Colonies to be set up for the Muslims to solve the Housing problems of Muslims in Calcutta.

(g) Compensation paid for acquisition of land for Metro Railways in Tollyganj should be paid to the Wakf Estate, as the land belongs to Wakf Estate. The lessees and other intermediaries have no business to receive such compensation. The amount so far fraudlently collected by them as compensation should be realised from them.

(h) Income from Wakf Properties including the amount of Compensation referred to above should be utilised for construction of a Tipu Sultan Memorial Centre for Islamic Studies and Research in Calcutta and a Tipu Sultan Memorial Centre for Promotion of Communal Harmony and National Integration in Calcutta and for establishing Colleges, Schools etc. for the Muslims.

(i) All appointments of Mutawallis made by the previous Board of Wakf should be cancelled and those Mutawallis who are accused of corruption should be removed immediately. Hamimul Huda the principal accused in the Wakf Scam should not be allowed to continue to function as Co Trustee of the Tipu Sultan Mosque and Prince Ghulam Mohammad Wakf Estate.

(j) Period of limitation for recovery of Wakf Properties which have been illegally transferred, sold or leased out should be increased.

(k) Evacuee Properties comprised in any Wakf should be brought under the purview of the Wakf Act.

মাননীয় চিফ মিনিস্টার, আপনার কাছে এই দাবিগুলি আমি পাঠিয়ে দিচ্ছি, আমার বিশ্বাস এ সম্পর্কে আপনি আপনার নির্দিষ্ট মতামত দেবেন। আমরা এর আগেও এই সরকারের কয়েকটি কেলেঙ্কারি নিয়ে অনেক অভিযোগ করেছি কিন্তু কোথাও কোনও গুরুত্ব দেওয়া হয়নি। বেঙ্গল ল্যাম্প কেলেঙ্কারি, গ্যাস টারবাইন কেলেঙ্কারি, আলিপুর, হাওড়া ট্রেজারি, নজরতখানা কেলেঙ্কারি, রসিদ কেলেঙ্কারি এবং অ্যাট লাস্ট ওয়াকফ কেলেঙ্কারি। এই ওয়াকফ কেলেঙ্কারি নিয়ে অনেক লড়াই করার পর আজকে আপনারা এখানে আলোচনার সূত্রপাত ঘটিয়েছেন। মাননীয় চিফ মিনিস্টার, আপনার জানা দরকার যে ওয়াকফ বোর্ডের তালুকের সংখ্যা ১৬ হাজার এবং এর সঙ্গে অলিখিতভাবে আরও আছে ৪ হাজার। সব মিলিয়ে ২০ হাজার ওয়াকফ প্রপার্টি আছে থ্রু আউট দি স্টেট। এই ২০ হাজার সম্পত্তির মধ্যে যেগুলি

প্রচণ্ড মূল্যবান সেগুলির ব্যাপারে মোতোয়াল্লিদের উপর চাপ সৃষ্টি করে বর্তমানে যে ওয়াকফ বোর্ড আছে তারা অত্যন্ত কৌশলে লক্ষ, কোটি টাকার সম্পত্তি হয়ত বা ১০ পারসেন্ট কি ১৫ পারসেন্টের বেসিসে এক শ্রেণীর অসাধু প্রোমোটারকে লিজ দিয়ে দিচ্ছে। সেই ধরনের একটি তালিকা আমি আপনার কাছে দিতে চাই। এখানে একটা আনহোলি নেকসাস তৈরি হয়েছে, এই আনহোলি নেকসাসে এক শ্রেণীর অসাধু প্রোমোটার, কিছু বোর্ডের মেম্বার, কিছু আমলা, কিছু মোতোয়াল্লী এবং শাসকদলের কিছু নেতা আছেন। এই আনহোলি নেকসাসটা যতক্ষণ না ব্রেক করা যাবে ততক্ষণ এই ওয়াকফ সম্পত্তি নিয়ে কখনও সমস্যার সমাধান হবে না। আমি কতকগুলি ওয়াকফ প্রপার্টির ব্যাপার রেকর্ড করাতে চাই যেগুলি অত্যন্ত স্বল্প মূল্যে লিজড আউট হয়ে গিয়েছে ওয়াকফ বোর্ডের মাধ্যমে। এই ধরনের সম্পত্তির সংখ্যা প্রচুর। কলকাতা দিয়ে যদি শুরু করি তাহলে বলি, ১৪/১, ১৫/১ রফি আমেদ কিদোয়াই রোড, এই সম্পত্তি দিয়ে দেওয়া হয়েছে মোহন আগরওয়ালকে। রহিম বক্স ওস্তাগদওয়াকফ এস্টেট— বড় মাপের জমিতে ২৬ হাজার টাকার বিনিময়ে দিয়ে দেওয়া হয়েছে। তারপর নবাব আব্দুল লতিফ লেন, তালতলা, এটা আমার কনসটিটিউয়েন্সীর মধ্যে পড়ে, ৪০ কাঠা ল্যাণ্ড, তালুকের ক্রমিক নং ১৬৭৬—দেওয়া হয়েছে। ডালহাউসিতে 'শওয়ালেসের' বাড়ি—সুলতান আমেদ বলেছে, পার্ক স্ট্রিটে আছে সিদ্দিকি ম্যানসন, পার্ক প্যালেস। ১৩৫ পার্ক স্ট্রিটে লখনউ হোটেল, বিশাল বাড়ি, বিল কালেক্টার ছিল মনজুর আমেদ, পরবর্তীকালে সে মোতোয়াল্লী বনে গেল এবং সে হোটেলের মালিক হয়ে গেল। হাওড়ার সীতাপুরে ওয়াকফ তালুকের ৯১ বিঘা জমির কথা আজকে আমরা সকলেই জানি। মালদহের ২২ হাজারী তালুক—বহু বিঘা সম্পত্তির অধিকাংশই বিক্রি অথবা লিজ হয়ে গিয়েছে। মুর্শিদাবাদের নবাবদের ভূসম্পত্তি যার ক্ষয়ক্ষতি দেখে এক সময় প্রয়াত রাজ্যপাল নুরুল হাসান সাহেব বিষ্ময় প্রকাশ করেছিলেন এবং ক্ষোভ প্রকাশ করে রাজ্য সরকারকে বলেছিলেন এইসব সম্পত্তির দিকে নজর দিতে। ৭১/৭৩ ইলিয়ট রোড, ৯ নং কলিন্স স্ট্রিট, মির্জা গালিব স্ট্রিট-মুকিম সরকার ওয়াকফের মোতোয়াল্লী ছিলেন আরিফ মহম্মদ, তার ছেলে সম্পত্তি বিক্রি করে দিয়ে পালিয়ে গেল পাকিস্তানে। ৩ নং রামশঙ্কর রায় রোড—আপনি স্যার, এক সময় মন্ত্রী ছিলেন, আপনার সময়েও কিছু ওয়াকফ প্রপার্টি লিজড আউট হয়ে গিয়েছে। ৩ নং রাম শঙ্কর রায় রোড, হাসিম আলি ওয়াকফ, লিজড ইন ১৯৮১। তারপরও আপনার আমলে হয়েছে—১২০, ১২১/১ কার্লমাক্স সরণী, প্রিন্স কে. কে. বাহাদুর ওয়াকফ এস্টেট। ৩ নং গ্রান্ট স্ট্রিটে শোভনা ওয়াকফ লিজড হয়ে গিয়েছে ৩০.৯.৮১ তারিখে। এইভাবে যদি আমরা দেখি তাহলে দেখব বহু সম্পত্তি এইভাবে একটার পর একটা লিজড আউট হয়ে গিয়েছে অত্যন্ত স্বল্প মূল্যে কোটি কোটি টাকার সম্পত্তি। আমরা দেখেছি, রাজ্য সরকার এ ব্যাপারে কোনও গুরুত্ব দিচ্ছেন না। পি. কে. সেনগুপ্ত তার রির্পোটে এক জায়গায় বলেছেন, যে রির্পোটটির আপনি পাবলিকলি ক্রিটিসাইজ করলেন। রাজ্য সরকারের মুখ্যমন্ত্রী হিসাবে আপনি নিজে তাকে অ্যাপয়েন্ট করলেন—সেই বিচার সচিবকে তারপর পাবলিকলি তাকে তিরষ্কার করলেন। আপনি যা করেছেন আমরা এটার নিন্দা করি, আপনার এই অ্যাটিচুডের পি. কে. সেনগুপ্তর রির্পোট থেকে খুব ছোট করে যদি একটা জায়গা তুলে ধরি, দি offer to lease out property should be published in newspaper যে কথা সুলতান আমেদ বলেছে, কিন্তু উনি বলছেন,

"I got nothing to show that there was ever such advertisement or that offers for taking leases or the properties of development came in response to any advertisement or open invitation by the concerned Mutwalis or the Wakf Board. It appears that everything was done in a closed circuit. All these facts have exposed the dealings to charges of nepotism, corruption, mal-practices etc."

[4-40 — 4-50 P.M.]

আর আপনি সেই রিপোর্টকে বললেন, ভেগ, ইনকনসিসটেন্ট অ্যাণ্ড সেল্ফ কন্ট্রাডিকটোরী। আপনি আরও বললেন যে, প্রিন্সিপাল অব ন্যাচারাল জাস্টিস হ্যাভ বিন ভায়োলেটেড অ্যাণ্ড দি রুল অব দি ল নট অ্যাডহীয়ার্ড টু। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, আমি আপনার কাছে বলতে পারি, ৬ মাস আগে বিচার সচিব যে রিপোর্ট দিলেন, আমরা চাপকে আপনাকে সেই রিপোর্ট বের করতে বাধ্য করেছি। আপনি ৬ মাসের মধ্যে বিচার সচিবকে নিয়ে এক দিনের জনাও কেন বৈঠক করার জন্য বসতে পারলেন না। এই রিপোর্ট সম্পর্কে আপনার মতামত না জেনে তার কথা আপনি সরাসরি ভাবে এই বিধানসভার মধ্যে আনলেন এবং একজন সৎ অফিসারকে আপনি এই ভাবে ক্রিটিসাইজ করলেন। আপনাদের বিরুদ্ধে আমার অভিযোগ, বিশেষ করে আপনার বিরুদ্ধে যে আপনি এবং রাজ্য সরকার এই তদন্তের কাজে বাধা সৃষ্টি করেছেন এবং এই দুর্নীতিকে আপনারা আড়াল করার প্রচেষ্টা যদি চালান তাহলে ফল ভাল হবেনা একথা আজকে এখানে স্পষ্ট ভাবে বলতে চাই। পি. কে. সেনগুপ্ত তার রিপোর্টে পরিষ্কার করে বলেছেন যে, ১৯৮০-৮১ সালের পরে ওয়াকফ বোর্ডের কোনও অডিট হয়নি। ১৫ বছর ধরে যদি কোনও অডিট না হয়ে থাকে এবং বিচার সচিব পি. কে. সেনগুপ্তের রিপোর্টে যদি তিনি সেই কথার উল্লেখ করে থাকেন, তারপরেও আপনি তাকে কোন অধিকারে তিরস্কার করলেন বিধান সভার অভ্যন্তরে? আমি সেই কারণে মনে করি যে আপনাদের এই মনোভাব ওয়াকফ দুর্নীতিকে এক্সপোজ করার ক্ষেত্রে সম্পূর্ণ ভাবে অন্তরায় সৃষ্টি করছে। আপনাকে বলা দরকার যে, ২০.১.৯৫ তারিখে জাস্টিস রুমা পালের জাজমেন্ট আপনি এখানে উত্থাপন করেছেন আপনার রিপোর্টের সঙ্গে। ২০.১.৯৫ তারিখে জাস্টিস রুমা পাল তার রায় দিয়েছেন। আপনার যদি সেই রায় পছন্দ হয়ে থাকে তাহলে ৮ মাস পরে আপনি নুতন করে ইনকোয়ারীর আদেশ দিলেন কেন? আপনি আদেশ দিলেন ১.৯.৯৫ তারিখে। আর জাস্টিস রুমা পাল একটা পার্টিকুলার মামলায় রায় দিলেন ২.১.৯৫ তারিখে। ৭ মাস পরে আপনি এলেন আর একটা তদন্ত করতে, আপনি সেই রিপোর্ট দিলেন। ৬.৯.৯৫ তারিখে আপনি ওয়াকফ বোর্ড ভেঙ্গে দিলেন আজকে আমি আপনার কাছে পরিষ্কার একটা অর্থ জানতে চাই। আপনি ১.৯.৯৫ তারিখে যে আদেশ দিয়েছিলেন, সেই অর্ডারে আপনি যে ডিপার্টমেন্টার ইনকোয়ারী করলেন তাতে কেন্দ্রীয় সরকারের কোনও নির্দেশ আপনার কাছে ছিল কিনা? আমি একটা চিঠি এখানে পড়তে চাই, যে চিঠি পার্লামেন্টের সদস্যা মমতা ব্যানার্জিকে সীতারাম কেশরী লিখেছেন। প্রাক্তন মন্ত্রীর দপ্তরে মমতা ব্যানার্জি যে ২৬শে আগস্ট চিঠি প্রধান মন্ত্রীকে দিয়েছিলেন ওয়াকফ কেলেঙ্কারীর সমস্ত কাগজ-পত্র সই সমেত। ২৬শে আগস্টের সেই চিঠি অ্যাকনলেজমেন্টের পরে সীতারাম কেশরী চিঠি লিখছেন,

My dear Mamata,

Please refer to your letter of 26th August, 1995 addressed to the Hon'ble Prime Minister regarding alleged illegal sale of Wakf properties in the state of West Bengal a copy of which has been received from the Prime Minister's Office.

We have already taken up the matter with the government of West Bengal asking them to investigate into the matter with seriousness and with most top priority basis.

With best wishes.

Yours sincerely,

Sd/- Sitaram Keshri

এটা উনি লিখেছেন নভেম্বর, ১৩ এবং উনি তাতে রেফার করেছেন যে, ২৬শে আগস্ট যখন প্রধান মন্ত্রী কলকাতায় ছিলেন, তার কাছে দেওয়া পেপার তিনি সেখানে দিয়েছেন এবং চিঠির রেফারেন্স নাম্বার আছে, তার কপি আমি আপনাকে দিয়ে দিচ্ছি। আপনি আমাকে এখানে জানান যে, এই চিঠির ভিত্তিতে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আপনার ইস্যুতে কোনও তদন্ত সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়েছিল কিনা এবং সেই তদন্তের বিষয়ে কেন্দ্রীয় সরকারের কোনও নির্দেশ রাজ্য সরকারের কাছে এসে পৌচেছে কিনা? আপনারা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোনও চিঠি পেয়েছেন কি না এবং তারপরে সেপ্টেম্বর মাসে আপনি নিজে ডিপার্টমেন্টাল ইনকোয়ারীর আদেশ দিয়েছেন কিনা, এই প্রশ্নগুলির উত্তর আমি আপনার কাছে জানতে চাই? আপনারা ঢাল হিসাবে হাইকোর্টের রায়কে ব্যবহার করছেন, কিন্তু জাসটিস কমা পালের যে রায় তাতে স্পষ্ট বলা হয়েছে—পিটিশনার নাম্বার-২ নট ট্রেসেবেল, বলা হয়েছে—নাম্বার-১ নিজে একজন কন্ট্রাক্টর এবং নিজে ওয়াকফ প্রপার্টির সঙ্গে জড়িত রয়েছেন এবং তিনি নিজের স্বার্থ সিদ্ধি করার জন্য পাবলিক লিটিগেশনে গিয়েছিলেন। বিচারপতি পাল স্যাটিসফাই না হয়ে সেই আবেদন খারিজ করে দিয়েছেন। কিন্তু পার্টিকুলার কোনও দুর্নীতির অভিযোগ তদন্ত না করে সেভাবে কখনও বাতিল করা যায় না। অথচ সেটা টেকনিক্যাল গ্রাউণ্ডে বাতিল হয়ে গেল। সে কারণে বলতে চেয়েছি, বিচারপতি ডিড নট সামণ্ড দি সেনগুপ্ত'স ফাইল। বিচারপতি পাল দপ্তরে গিয়ে বসলে বিচার কিছুটা হত। তাই নিশ্চয়ই বলতে পারি যে, হাইকোর্ট হোয়াইল ডিলিং উইথ রিট পিটিশন—হাইকোর্ট কোর্ট অফ এনকোয়ারী নন একটা কোর্ট অফ এনকোয়ারীর সঙ্গে রিট পিটিশন মামলার শুনানীর অনেক পার্থক্য থেকে যায়। সেজন্য যে ওয়াকফ কমিশনারের বিরুদ্ধে স্বজনপোষণ এবং দুর্নীতির অভিযোগ রয়েছে সেই ওয়াকফ কমিশনারের রিপোর্ট আজকে এখানে দেওয়া যায় না। আমরা দেখলাম বিচারপতির রিপোর্টে ১৬০টি ওয়াকফ প্রপার্টির খবর রয়েছে। আপনি সেগুলোর মধ্যে বিস্মৃতভাবে না গিয়ে ওয়াইল্ড অ্যালিগেশন আনলেন জুডিশিয়াল সেক্রেটারির এগেনস্টে। মানুষ বলছেন—এটা আপনার ব্যাড টেস্ট, ল্যাক অফ কার্টসী, এটা ডিসগ্রেসেবল। এটা আপনার কাছ থেকে প্রত্যাশিত নয়। সেজন্য আমরা মনে করছি যে, ওয়াকফ বোর্ডের রহস্যময় ব্যাঙ্ক অ্যাকাউন্ট

সম্বন্ধে তদন্ত করে দেখতে বলব। বোর্ডের ব্যাঙ্ক অ্যাকাউন্টের কি পরিস্থিতি সেটা তদন্ত করে দেখা দরকার। শ্রী আসাদুর রহমান ২৬.২.১৯৯২ তারিখে অবসর গ্রহণের পর ওয়াকফ বোর্ডের কমিশনার হয়েছিলেন। তিনি পূর্বতন ওয়াকফ মন্ত্রী মেহবুব জাহেদী সাহেবের ভগ্নীপতি। ওয়াকফ কমিশনারের পুত্র হচ্ছেন আশিস রহমান। মুখ্যমন্ত্রী জানেন, আশিস রহমান যখন যে ব্যাঙ্কে কাজ করেন সেই ব্যাঙ্কে ওয়াকফ বোর্ডের অ্যাকাউন্ট ট্রান্সফার হয়ে যায়। যখন আশিস রহমান বালিগঞ্জ ব্রাঞ্চে চাকরি করতেন তখন ওয়াকফ বোর্ডের অ্যাকাউন্ট বালিগঞ্জ ব্রাঞ্চে রাখা ছিল। তারপর যখন তিনি সন্তোষপুর ব্রাঞ্চে বদলি হয়ে গেলেন, ওয়াকফ বোর্ডের অ্যাকাউন্টটিও ঐ ব্রাঞ্চে ট্রান্সফার হয়ে গেল। আবার আশিস রহমান বালিগঞ্জ ব্রাঞ্চে ট্রান্সফার হয়ে এসেছেন, ওয়াকফ বোর্ডের অ্যাকাউন্টও আবার সেখানে চলে এসেছে। অর্থাৎ যখন যেখানে তিনি যাচ্ছেন অ্যাকাউন্টটিও সেখানে ট্রান্সফার হয়ে যাচ্ছে। ওয়াকফ বোর্ডের অ্যাকাউনটটি যে এত টালমাটাল খাচ্ছে এর কারণটা কি? এর পেছনে একটা গভীর ষড়যন্ত্র লিপ্ত রয়েছে। আজকে ১৬০টি ওয়াকফ প্রপার্টির মূল্য কত? তারমধ্যে কত সম্পত্তি হস্তান্তর হয়েছে, লিজ আউট হয়েছে অসাধু প্রমোটারদের হাতে? কোন কোন অসাধু প্রমোটারকে সেটা হস্তান্তর করা হয়েছে তাদের নামের তালিকা আগেই দেওয়া হয়েছে। কে ধারিওয়াল, মোহন আগরওয়াল, দিলীপ সিং মেহতা, মানপুরিয়া, গপ্পর দেব এরা কারা? কি উদ্দেশ্যে এরা আল্লার সম্পত্তি নিয়ে ছিনিমিনি খেলবে? অভিযোগ করলে বলবেন-এর কোনও যথার্থতা নেই। যখন মাদ্রাসা স্কুলগুলি থেকে টাকা-পয়সা পাওয়া যায় না তখন অফিস অফ দি কমিশনার অফ ওয়াকফ ছোট ছোট মাদ্রাসা স্কুলগুলিকে চিঠি লিখছে—দিস ইজ টু স্টেট দ্যাট, ৮.৩.১৯৯৫ তারিখে চিঠি লেখা হয়েছে, রেফারেন্স নং ১৭৪৩। কমি। ওয়াকফ, লিখছেন—তোমাদের কোনও বছর ২২২ টাকা, কোনও বছর ৬৬৬ টাকা, কোনও বছর ৫৫০ টাকা বাকি রয়েছে, অবিলম্বে সেই টাকা আমাদের কাছে জমা দাও। অর্থাৎ চাঁদা তারা দিয়ে যাবে, ২০০ টাকা ৫০০ টাকা ছাড়ব না। অথচ ভেতর দিয়ে সমস্ত কিছু শেষ হয়ে যাচ্ছে। তাই মানুষের দাবি আল্লার সম্পত্তি ফেরত দিতে হবে। সুলতান আহমেদ বলেছেন, হাজার কোটি টাকার অভিযোগ, এই ব্যাপারে একমাত্র সি. বি. আই-কে দিয়ে তদন্ত করাতে হবে। সি. বি. আই তদন্ত না হলে বাংলা জ্বলবে, তার জন্য আপনাদেরকে তৈরি থাকতে হবে। এই তদন্তের দাবি থেকে আমরা সরছি না।

[4-50 — 5-00 P.M.]

**শ্রী মুরসলিন মোল্লা ঃ** মাননীয় স্পিকার স্যার, আজকে এই ওয়াকফ আলোচনার সময় মনে হচ্ছে ওয়াকফ সবে শিশু হয়ে বার হয়ে আসছে। কিন্তু আমরা জানি যে মুসলিম ধর্ম সম্প্রদায়ের মধ্যে থেকে বড় সম্পত্তি ছোট ছোট হয়ে বিক্ষিপ্ত না হয়ে যায় সেই জন্য ওয়াকফ করে গিয়েছিল। এই ওয়াকফ করেছিল একটা উদ্দেশ্য নিয়ে, হিত সাধনের জন্য। তার নির্দিষ্ট উদ্দেশ্য ছিল মাদ্রাসা স্কুল, মকতর কবরেস্থান খানকা এইগুলির সমৃদ্ধ হবে, বিকাশ লাভ করবে ওয়াকফ ফাণ্ডের মধ্যে থেকে। কিন্তু দেখতে পাচ্ছি ওয়াকফ আলোচনায় ওয়াকফ জন্মবৃত্তান্ত স্বাধীনতার পূর্বকাল থেকে স্বাধীনতা উত্তরকাল পর্যন্ত তার নির্দিষ্ট নিরিখে আমরা যদি বিচার করি তাহলে তার কোনও হদিস আমাদের চোখের সামনে ধরা পড়বে না। আমরা যদি দেখি আমাদের এই কলিকাতার বুকে, উত্তর কলকাতা থেকে দক্ষিণ কলিকাতার দিকে

আমরা যদি তাকাই তাহলে দেখব মুসলিম ধর্মীয় সংখ্যালঘুদের জন্য যে কটি প্রার্থনা গৃহ আছে বা মসজিদ আছে সেই মসজিদ সংলগ্ন যে সম্পত্তি দাঁড়িয়ে আছে সেই মসজিদ সংলগ্ন সম্পত্তির সংখ্যা হচ্ছে ২২৭ থেকে আরও বেশি। স্বাধীনতা উত্তরকালের পর থেকে কোনও সরকারি পরিসংখ্যান আমাদের দেওয়া যায় নি। কিন্তু বেসরকারি এবং বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে যে দাবি করা হয় সেইগুলি যদি দেখা যায় তাহলে দেখা যাবে যেখানেই প্রার্থনা গৃহ আছে সেখানেই তার সঙ্গে ওয়াকফ সম্পত্তি জড়িত হয়ে আছে। যে ওয়াকফ সম্পত্তির মানে হচ্ছে ওয়াকফুল্লা, অর্থাৎ ঈশ্বরে ঈশ্বরে উৎসর্গকৃত সম্পত্তি। এই সম্পত্তির মধ্যে থেকেই হিত সাধনের সমস্ত কার্যধারা এবং কর্মসূচি গ্রহণ করা হবে। কিন্তু দেখতে পাচ্ছি স্বাধীনতা উত্তরকালের পরে এই সম্পত্তি থেকে একটাও সংখ্যালঘুদের জন কল্যাণে কোনও কর্মসূচি গ্রহণ করা হয়েছে? একটাও কি ছাত্রাবাস তৈরি হয়েছে, একটাও কি মাদ্রাসা বিল্ডিং তৈরি হয়েছে, একটাও বিশ্ববিদ্যালয়ের চেয়ারের জন্য টাকা দান করা হয়েছে? না। এর কোনও হিসাব খুঁজে পাওয়া যাবে না। পাওয়া যাবে না এই জন্য যে কিছু সুযোগ সন্ধানী দুর্নীতি পরায়ণ এক ধরনের মাতোয়াল্লি এবং মাতব্বর জন্ম নিয়েছিল যারা একটা বিশেষ রাজনৈতিক দলের ছত্রছায়ায় ছিল। তারা প্রতিটি ওয়াকফে এই ঈশ্বরের উৎসর্গকৃত সম্পত্তির দাবিদার হয়ে দীর্ঘকাল ধরে, প্রায় ৫০ বছর ধরে বৃহৎ অংশটা ধরে রেখে সম্পত্তি জবর দখল করে রেখেছিল। আমি বিরোধী পক্ষের বন্ধুদের একটু অনুসন্ধান করতে বলব উত্তর কলকাতা থেকে দক্ষিণ কলকাতা যেখানে মসজিদ মিনার আছে সেখানে সম্পত্তি আছে সেখানে দোকান আছে এবং সেটা জবরদখল হয়ে আছে, সেখানে দেখুন লুকিয়ে আছে বড় বাড়ি। আমি বিনীত ভাবে জানতে চাই কোন সালে কোন কালে কোন অবস্থায় কার নির্দেশে কোন শক্তি বলে কোন মাতবরের স্থায়িত্বে সেই দিন সেই ভারতবর্ষের স্বাধীনতা উত্তরকালে এই সম্পত্তিকে জবরদখল করেছিল? আমি বিনীত ভাবে আপনাদের কাছে বলতে চাই ওয়াকফের জন্য রাজ্যের এই অংশ স্বাধীনতা উত্তরকালে কংগ্রেস রাজত্বে প্রয়াত শ্রদ্ধেয় বিধান চন্দ্র রায়ের আমল থেকে, প্রফুল্লচন্দ্র সেনের আমল থেকে শুরু করে আমাদের মহান শ্রদ্ধেয় সিদ্ধার্ত শঙ্কর রায়ের আমল পর্যন্ত একই ট্রাডিশন চলে এসেছে। এই ট্রাডিশনের ফলশ্রুতি হিসাবে ওয়াকফের জন কল্যাণ মুখী হিতকর কর্মসূচির একটাও নজীর বামফ্রন্ট সরকারের পূর্ববর্তী জামানায় আমাদের এই পশ্চিমবাংলায় মানুষকে দিতে পারা যায় নি। একটাও নজীর খাড়া করা যায় না যে এই ভাবে পশ্চিমবাংলায় ওয়াকফের অর্থ থেকে সাধুসন্ত মানুষের জন্য দান করে গিয়েছিলেন। স্যার, আমি এই কথা বলতে চাই যে, তার পরবর্তীকালে যে কথা এখানে বলা হলো, কেন আমরা এই ওয়াকফ'এর সম্পত্তি থেকে জনহিতকর কাজে প্রয়োগ করতে পারিনি। তার প্রধান কারণ হলো দুটো। ওয়াকফ শুধু আল্লার ওয়াকফ নয়। একটা হচ্ছে ওয়াকফুল্লাতে এবং আর একটা হচ্ছে প্রাইভেট ওয়াকফ। ওয়াকফুল্লা, অর্থাৎ ফর দি সেক অব গড়। দুটো ওয়াকফের মধ্যে থেকে যেটা ট্রাডিশন, ওয়াকফ করা হয়েছিল, তার শতকরা ৭৫ ভাগ, তার উপসত্ব, তার ভাড়া, তার আয়, তার পরবর্তী বংশধররা ভোগদখল করে যায়। তার বিরুদ্ধে বামফ্রন্ট সরকার আজকে এগিয়ে এসেছে, স্বাধীনতা উত্তরকালে যারা মাথা তুলে দাঁড়িয়েছিল, তার বিরুদ্ধে আজকে চক্রান্ত চলছে। স্বাধীনতা উত্তরকালে মাতব্বররা দাঁড়িয়েছিল। তাদেরই বংশধররা হাইকোর্ট থেকে আরম্ভ করে সমস্ত কোর্টে এই সম্পত্তির উপসত্বকে ভাগ করে কি করে নিজেদের দখলে রাখবে তার চেষ্টা করে যাচ্ছে। তাদের

শক্তিকে কি করে নিয়োজিত করে রেখেছিলেন তা সকলেই জানেন। তাদের ঐ অপবিত্র আধিপত্য থেকে বামফ্রন্ট সরকার নতুন পথের দিশারী হয়ে সত্যিকারের মানুষের হিত-সাধনের কাজে আজকে ব্যায়ের সুযোগ করে দিয়েছে। ওরা যে বক্তব্য এখানে রেখেছেন, তার মধ্যে থেকে আমি সঠিক বক্তব্য আপনার কাছে তুলে ধরতে চাই। এই ওয়াকফ ফুল আওলাত, যেটা প্রাইভেট ওয়াকফ—১৬ হাজার ওয়াকফের মধ্যে কত আছে? এই ১৬ হাজার ওয়াকফের কত অংশ ওয়াকফ বোর্ডের, জনকল্যানময়ী অংশে ব্যবহার করা যায়? এবং যেটা ওয়াকফুল্লা—ফর দি সেক অব দি গড্, সেই ওয়াকফের মধ্যে কত অংশ জবর দখল এবং দুর্নীতিপরায়ণ মাতোয়াল্লী, মাতব্বররা স্বাধীনতা উত্তরকাল থেকে অনড় পাথর হয়ে বসে আছে? আমাদের এখন এটার বিশ্লেষণ খুবই দরকার আছে। এটা যদি না জানা যায়, গোল গোল করে বললে ওয়াকফের কথা বোঝা যাবে না। সেনগুপ্ত সাহেবের রিপোর্টের মধ্যে দিয়ে সেই ছবি স্পষ্ট হয়ে বেরিয়ে আসবে না। আমি বলতে চাইছি যে, এই ওয়াকফের জন্য এবং এই ওয়াকফের আয় থেকে সত্যিকারের জনহিতকর কর্মসূচি, সত্যিকারের ওয়াকিফ, যারা দানকারী, যিনি রক্ষণকারী, ওয়াকফ ক্ষুদ্র হয়ে ছড়িয়ে ছিটিয়ে না পড়ে যাতে, তারজন্য সমস্ত প্রাণশক্তি নিয়ে নতুন প্রজন্ম বেঁচে থাকতে পারে, তারজন্য যে ব্যবস্থা, যে কাজ তাঁরা করেছিলেন, সেই ব্যবস্থা, সেই অবস্থাটা আজকে দাঁড়িয়ে নেই। দাঁড়িয়ে না থাকার কারণ আমি একটা উদাহরণ দিয়ে আপনাদের সামনে তুলে ধরছি। ১৯৭৩ সালের ওয়াকফ যেটা তৈরি হয়েছিল, তারজন্য যে অ্যাক্ট ১৯৩২ সালে তৈরি হয়েছিল, তৎকালীন বিধান পরিষদের আলোচনা আমরা যদি শুনি, ৩২ নং অ্যাসেম্বলি প্রসিডিংস আপনারা যদি পড়েন, তাহলে বুঝতে পারবেন। সেখানে আলোচনা হচ্ছে যে, সংখ্যালঘুদের অবস্থান পেরিয়ে যাচ্ছে। সংখ্যালঘুদের অবস্থান পিছু টানের মধ্যে পড়ে আছে। সংখ্যালঘুরা সেই অন্ধকারে। তাদের সেই অন্ধকার থেকে, সেই সমাজকে তোলার জন্য তাদের শিক্ষার জন্য ব্যয় করতে হবে। এই ওয়াকফ সম্পত্তিতে এডুকেশন ফাণ্ড তৈরি করতে হবে। সেই এডুকেশন ফাণ্ড তৈরি করার জন্য সিলেক্ট কমিটিতে বিল গিয়েছিল। সেই বিলের মধ্যে যারা সেই কালের বুদ্ধিজীবী ছিলেন, শ্রদ্ধেয় সাংসদ ছিলেন, প্রয়াত শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় থেকে শুরু করে, জে. সি. সেনগুপ্ত থেকে আরম্ভ করে খাজা নিজামুদ্দিন এবং তদনিবির, এঁরা সবাই ছিলেন। তাঁদের মূল উদ্দেশ্য ছিল শিক্ষার প্রসারে ওয়াকফকে ব্যয় করতে হবে। সেই আলোচনার মধ্যে থেকে বেরিয়ে এল যেটা তার একটাও প্রমাণ আমরা দেখতে পেলাম না। ১৯৭৩ সালে তৎকালীন মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়, যিনি এখানে মুখ্যমন্ত্রী হয়ে এসেছিলেন, তিনি ১৯৩৪ সালের ওয়াকফ আইন সংশোধন করলেন। অ্যামেনডেড হল ১২ তারিখে। ওয়াকফ আইন অ্যামেনডেড হওয়ায় দেখা গেল যে সেই ওয়াকফ আইনের মধ্যে রাখা হল, নতুন করে একজন ডেপুটী কমিশনার তৈরি হবে। সেই ডেপুটী কমিশনার এর মধ্যে ছিলেন গফিউর রহমান, যিনি মালদহ জেলা থেকে এম. পি. ছিলেন। তাঁকে রিজাইন করিয়ে সিদ্ধার্থবাবু এম. পি. থেকে এম. এল. এ. সিটে নিয়ে এলেন। এবং শ্যাওয়ালিজ, যে শ্যাওয়ালিজের নাম উনি উচ্চারণ করলেন, আমি বিনয়ের সঙ্গে বলব, শ্যাওয়ালিজের ব্যাঙ্কশাল কোর্টের সামনে যে ওয়াকফের যে জমি আছে, এই জমি ১৯৭৩ সালে শেষ হয়ে গিয়েছিল। এবং এই ওয়াকফের মধ্যে থেকে এই জমিকে সরকারি খাস করে জনকল্যাণমুখী কাজে, জনহিতকর কাজে এটা ব্যবহার করা যেত। কিন্তু সেই কাজ ওরা করেন নি। একালে এসে আমরা দেখলাম সেনগুপ্ত সাহেব বললেন যে ১১

জন সদস্য আছে। সেনগুপ্ত রিপোর্টে দেখালেন দু'জন কোটারি করে চলে গেছেন। তিনি বললেন, ডোনেশন নিয়ে হয়েছে। আমি বিনয়ের সঙ্গে জানাতে চাইছি, ওয়াকফের ১৬ হাজার কোটি টাকার সম্পত্তি মনিমুক্তো, এই মনিমুক্তোয় কি এতকাল ধুলো পড়েছিল? মনিমুক্তো কোথায় লুকিয়ে ছিল? সেই মনিমুক্তোর প্রয়োগ এবং প্রসারের জন্য কী ব্যবস্থা গ্রহণ করেছিলেন? আজকে বামফ্রন্ট সরকার যখন দেখল চোখের সামনে যে, মুসলিম মেয়েরা পড়াশুনা করতে পারে না, তাদের পড়াশুনার জন্য ন' ন'টি হোস্টেল তৈরি করার ব্যবস্থা নিলেন ডোনেশন তুলে। প্রশ্ন উঠতেই পারে. সেই ডোনেশনের মধ্যে দিয়ে, সেটি আইনসঙ্গত কি বেআইনি হচ্ছে তা দেখার প্রয়োজনীয়তা আছে. নিশ্চয়ই দেখার প্রয়োজনীয়তা আছে। হজযাত্রী যারা হজে যাচ্ছে, তাদের জন্য যে হজ আউজ তৈরি করছে। সেই হজ আউজের প্রয়োজনীয়তা আছে কিনা, সেটি ভিন্ন প্রশ্ন। আমাদের যদি মনে হয়, দুর্নীতি হচ্ছে, যদি মনে হয় এই ওয়াকফ সম্পত্তিকে নয়ছয় করার জন্য দুর্নীতি পরায়ণ যে ট্রেডিশন পশ্চিমবাংলায় শুরু করেছিলেন, তার রেমন্যান্ট এখনও পড়ে আছে, তাদের নিশ্চয়ই ধরতে হবে। সেজন্য আমি বলতে চাই যে, এই সেনগুপ্ত রিপোর্ট স্ববিরোধী। বামফ্রন্ট সরকার তার সুনির্দিষ্ট নিয়ম নীতির মধ্যে দিয়ে ওয়াকফকে আরও গতিশীল, জীবন্ত করতে চাইছেন। সঞ্জীবনী শক্তি দিয়ে বামফ্রন্ট সরকার এটা করতে চাইছেন এবং সঠিক কাজই করছেন। এখানে মাননীয় সুলতান আহমেদ সাহেব বলেছেন যে, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের মাথা নিচু হয়ে যাবে। আমি বিনয়ের সঙ্গে বলছি, আপনার নাম রসিদের কথায় উঠেছে। আপনার নাম রসিদের সঙ্গে যুক্ত আছে। আমরা কোথায় গিয়ে দাঁড়াব এ ভরা তরিতে? এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-00 — 5-10 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা ওয়াকফ সম্পত্তি নিয়ে আলোচনা করছি মুখ্যমন্ত্রীর একটি স্টেটমেন্ট এর উপর মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলায় সবচেয়ে বড় অ্যাডমিনিস্ট্রেটার, যার ওয়াকফ সম্পত্তি নিয়ে দেখার দায়িত্ব। তিনি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী হয়ে ২০/১২/৯৫ তারিখে মিঃ সেনগুপ্তর রিপোর্ট তিনি যেটা নিজে চেয়েছিলেন সেই রিপোর্ট তিনি দেবেন না বলে ঠিক করেছিলেন। এটা আমাদের মৌলিক দায়িত্ব নয়। সরকারের মৌলিক দায়িত্ব। ওয়াকফ সম্পত্তি ঠিক ঠিক মতন চলছে কিনা বা তার থেকে কেউ কোটি কোটি টাকা চুরি করছে কিনা এটা দেখার দায়িত্ব সরকারের। সেই দায়িত্ব পালন করতে হল কংগ্রেসকে। ধর্ম্মপ্রাণ মুসলিম যারা ওয়াকফ সম্পত্তি দিল যার দাম হাজার হাজার কোটি টাকা, সেই সম্পত্তি রক্ষার দায়িত্ব বোর্ডের থাকতে পারে, তাহলে কি এখানে সরকারে যারা আছেন তাদের কি কোনও দায়িত্ব নেই। আমাদের বিধানসভা বয়কট করতে হল, বাজেটে গুরুত্বপূর্ণ বিষয়ে আমরা আলোচনায় অংশ গ্রহণ করলাম না, বাইরে অপেক্ষা করলাম একটাই দাবি নিয়ে ধর্ম্মপ্রাণ মুসলিমদের সম্পত্তি নিয়ে ওয়াকফ প্রপার্টির দুর্নীতি হয়েছে, আমরা ধরতে চাই। আমাদের দাবির কাছে ওর উঁচু মাথা নিচু করে, মুখ্যমন্ত্রীকে একটা স্টেটমেন্ট দিতে হয়েছে। আমি এখানে হাসিম আব্দুল হালিমকে দায়ী করছি না। যদি আসামির কাঠগোড়ায় কাউকে দাঁড় করাতে হয় তিনি হচ্ছেন মুখ্যমন্ত্রী। তিনি একটা স্টেটমেন্ট দিলেন, যেটা বেসলেস, মিসলিডিং কমপ্লিটলি মিসলিডিং এবং তার দলের প্রমোটারদের কনসিল

করার চেষ্টা করেছিলেন। তার নিজের দলের লোকেদেরকে প্রমোটারদেরকে আত্মসাৎ করে দেওয়ার সুযোগ করে দিয়েছিলেন। যখন সেনগুপ্তর রিপোর্টে একটার পর একটা তথ্য প্রকাশ হতে লাগল, তখন তিনি চাপা দেবার চেষ্টা করলেন। তাই আজকে ৪ ঘন্টা নয়, ৪ দিন হলেও এই আলোচনার শেষ হবে না, সেইজন্য আমরা দাবি করেছি, এখানে শুধু আলোচনা করেই হবে না, সি. বি. আই. কে দিয়ে এটা তদন্ত করাতে হবে, তবেই এটার বিচার হবে।

মুখ্যমন্ত্রীর স্টেটমেন্টটা কিসের? একটা স্টেটমেন্ট উনি বলেছেন এটা কনফ্লিকটিং। আমি বলব না। আপনার নিজের রিপোর্টই কনফ্লিকটিং আপনার রিপোর্ট বেসলেস। The report is not only misleading but also the report is full of corruption. আপনি কিসে ভরসা করলেন কালকাটা হাইকোর্টের জাজমেন্ট। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জানিনা ওর এডভাইসার কারা। ২৯শে জানুয়ারি ১৯৯৫, জাস্টিস রুমা পাল, তিনি একটা জাজমেন্ট দিয়েছেন। কারা ছিল পিটিশনার, দু'জন পিটিশনার ছিল কুতুবুদ্দিন আহমেদ এবং মহম্মদ হালিম। ওরা মামলা করল পাবলিক জাস্টিস ইন্টারেস্টের জন্য। ওরা একটা পাবলিক লিটিগেশনের জন্য মামলা করলেন। কিন্তু ঐ মামলাটা খারিজ হল কেন? সেকশন সিক্স (এইট)-এ বলা আছে, পাবলিক ইন্টারেস্টে লিটিগেশনে মামলা করতে গেলে, He must be interested party to that ওয়াকফ অ্যাক্ট সিক্স, সাব-সেকশন এইট তাতে বলা আছে যেহেতু এই দু'জন লোক এর সঙ্গে কোনওভাবেই জড়িত নয়, তাই তাদের পিটিশন নেওয়া যায় না। পিটিশনটা খারিজ হল কেন? বিকস সেকশন সিক্স (এইট) হিট করছে। এটা পাবলিক ইন্টারেস্ট লিটিগেশনের মধ্যে পড়ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন কি দাঁড়াল, তাদের অভিযোগ কি ছিল। পাবলিক ইন্টারেস্টের মধ্যে তিনি কি চেয়েছেন? রায়ে আছে, আমি পড়েছি, সময় দিচ্ছি তিনি পড়ে নেবেন। তাতে ছিল "In the matter of wrongful gain and misappropriation of the wakf funds made by the members of the board on the pretext of purported development of various Wakf estate and exercise of statutory power in bad faith and with ulterior motive acting in collusion with the developers". একটা ওয়ার্ড অনারেবল জাস্টিস রুমা পাল ডিসকাশন করছে না। আমাদের যেটা মূল বিচার্য বিষয়, যেটা নিয়ে আমাদের আলোচ্য বিষয়, যেটা নিয়ে আমরা আলোচনা করছি। লাস্টে উনি দেখলেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, লাস্টে জাস্টিস কি বলেছেন উনি দেখেননি। "In exercising the power in view of Article 226, the court is limited to considering whether the powers conferred on the State Governments have or have not been exercised properly. But the State Government has not been approached by the petitioners at all with the material facts for exercise of the powers for removal of the Commissioner. মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই উইথ ম্যাটিরিয়াল ফ্যাক্টস তিনি পেশ করেছেন, যেটাকে তিনি বললেন মিসলিডিং। হাইকোর্টের জাজমেন্টের উপর তার ভরসা আছে The entire statement is on the basis of the Judgement of the Hon'ble High court. হাইকোর্টের জাজমেন্ট তার পক্ষে কোনও রায় দিচ্ছে না। বরঞ্চ হাইকোর্টের জাজমেন্ট আমাদের যে অভিযোগ তার সঙ্গে কোনও সম্পর্ক নেই। হয়েছে কি জানেন, A drowning man catches a straw দেখছেন যখন

কিছু পাওয়া যাচ্ছে না, তখন কিছু না পেয়ে হাইকোর্টের জাজমেন্টের উপর তিনি বললেন। একটা সংবাদপত্রের নিউজের উপর সুপ্রীম কোর্টে হাওয়ালা কেস হচ্ছে। জাস্টিস রুমা পাল বলেছেন, যেহেতু তিনি ইন্টারেস্টেড নন, এটা করা গেল না। তার মানে মুখ্যমন্ত্রীকে তার নিজেদের জ্যুডিশিয়াল সেক্রেটারি যে রিপোর্ট দিয়েছেন on the basis of the facts and circumstances on record. উনি বলেছেন ন্যাচারাল জাস্টিস নাকি করা যায় না। ঐ রিপোর্টে ল্যাক অফ ন্যাচারাল জাস্টিস উনি দেখেননি, মানুষ যে জাস্টিস চায় মুখ্যমন্ত্রীর কাছে। আমি একটা একটা করে প্রমাণ করে দেব, এই যে স্টেটমেন্ট দিয়েছিলেন জাস্টিস রুমা পাল, দেখিয়ে দিলাম যেহেতু তারা নট ইন্টারেস্টেড ম্যান। অ্যাকর্ডিং টু ওয়াকফ অ্যাক্টে আটকাচ্ছে এটা হতে পারে না। সেইজন্য এটা ডিসমিস করেছেন। ২২৬, আই হ্যাভ গট দি বুক, তাতেও তার জ্যুরিসডিকশন আছে।

[5-10 — 5-20 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি খালি আপনাকে, মুখ্যমন্ত্রীকে বলব কেন আপনি সি. বি. আই তদন্ত করবেন না? কেন আপনি বললেন যে জুডিশিয়াল সেক্রেটারির রিপোর্টটা নট বেসড অন ফ্যাক্টস? আমি আপনাকে প্রমাণ করে দিচ্ছি, দ্যাট ইজ বেসড অন ফ্যাক্টস। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে ওই বি থ্রী তাতে মিঃ সেনগুপ্ত কি বলছেন, He has gone through all the records এখানে একটি ওয়ার্ড পাবেন না। জাস্টিস রুমা পাল একটা কেস ফাইল করেছেন, একটি রেকর্ড দেখেছেন, একটি লোককে একজামিন করেছেন। She only discussed about the points of law and the matter was disposed of কিন্তু মিঃ সেনগুপ্ত তা নয় ডিসাইড করেছেন অন দি বেসিস অব ফ্যাক্টস অ্যাণ্ড রেকর্ডস। যেটাকে মুখ্যমন্ত্রী বলেছেন ওটা বেসলেস। তাই আমি সেইটি বলতে চাইছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কি ভাবে এখানে বলছেন,—

There is nothing to show that prior permission of the District Judge was obtained for leasing out the property for a long term of 99 years. The amount of rent and the amount of premium appeared to be law considering the location of the property.

তাহলে তাঁর ডিসিসন অন দি বেসিস অফ রেকর্ডস। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে এটা হচ্ছে পেজ থ্রী সেটা হচ্ছে কি সাহাবজান বিবি বাই ওয়াকফ স্টেট, এটা হচ্ছে ১২.১২.৯৫ তারিখে এইটা দিয়েছেন। আমি আরেকটা পয়েন্টে আসছি। উনি যে রিপোর্ট গুলো দিয়েছেন প্রত্যেকটা on the basis of the annexure which has been supplied to us. রেকর্ড থেকে বলছি এবার কি বলছেন? এই বার অ্যানেকসচার বি ফাইভ। তাতে বলছেন,

"There is nothing to show that prior permission of the District Judge was obtained for leasing out the property for a long term of 99 years" It show that there was irregularities and illegalities.

তাহলে তিনি কাগজ দেখেন নি? বেসলেস, কোনটা বেসলেস? জাস্টিস রুমা পাল জাজমেন্ট বরং কিছু দেখেন নি, আইনের পয়েন্ট দেখেছেন। এখন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে আসতে চাইছি। আমাদের কাছে যে কপি দিয়েছেন সেটা হচ্ছে গিয়ে ৬/১ মার্কেট স্ট্রিট, ফোর, বি ফোর তাতে কি বলছে।—

"In September, 1993 the Tenancy sub-committee approved tenancy in respect of a room measuring about 170 sq.ft. in the said premises at a rent of Rs. 60/- per month only in favour of" such & such person. It is reported that the said person is the "wife of Shri Hammimul Hoda a member of the erstwhile Wakf Board".

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে নেপোটিজম, এই যে করাপশন তাহলে মিঃ সেনগুপ্ত আমাদের যে রিপোর্ট দিয়েছেন ইজ উইদাউট এনি বেসিস অর উইদাউট এনি ন্যাচারাল জাস্টিস? তিনি রিপোর্ট দিয়েছেন অন দি বেসিস অব দি ফ্যাক্টস। নাউ আমি আবার আসি এটা হচ্ছে গিয়ে পেজ থ্রী, বি ফোর, কি বলছে। আমি আপনাকে একটার পর একটা সমস্ত বলে দিচ্ছি। বি ফোর নাইন(এ অ্যাণ্ড বি লোয়ার বেঞ্জ ক্যালকাটা। দি ফ্ল্যাট ইজ রিপোর্টেড

Page-3 B-4 (A& B Lawer Range, Calcutta. "The flat is reported to be a spacious one and situated in an area where the rent of flat is very high. Even giving due regard to the offer of donation of Rs 10,000/- to Muslim Girls Hostel, the monthly rent of Rs. 175/- for a flat in such an area appears to be inconsiderably low".

তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে রিপোর্ট দিয়েছেন, তিনি এটা কনসিডার করেছেন অন দি বেসিস অব দি রেকর্ড। আমি ফের আপনার কাছে আসছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কাছে যে কপি দেওয়া হয়েছে বি ওয়ান। আমি আপনাকে ইমপর্টান্ট পোরশনটুকু বলে দিতে চাই। সেখানে বি ওয়ানে কি বলছে, একটা ভেরি ইমপরট্যান্ট রিমার্ক পাশ করেছেন। বি(১) এ ভেরী ইমপর্টান্ট রিমার্ক করা হয়েছে। For possession of the newly constructed space. একটা কন্ট্রাক্টারকে দিয়ে দিলেন। বললেন গ্রাউণ্ড ফ্লোর তুমি ভেঙ্গে দাও। তুমি নিজে দখল করবে, আর তোমার রেট হবে ৪০ পয়সা পার স্কোয়ার ফুট। জায়গাটা হচ্ছে ভেরী ইমপর্টান্ট জায়গা—৪১ এবং ৪২ নং কলিং স্ট্রিট। তাহলে মিঃ সেনগুপ্ত যে রিপোর্ট দিয়েছেন সেটা কি বেসড অন ফ্যাক্ট অর নট নয়? আমি আবারও বলেছি যে আর একটা জায়গা, সেই জায়গাটা হচ্ছে ১৭ নং গড়িয়াহাট রোডে। ২০ হাজার টাকায় ৫১ বছরের জন্য লিজ দেওয়া হল। সেখানে বলা হয়েছে The lessees should pay Rs. 20,000/- only in the minimum to the metawalli was premium. এটা হচ্ছে ১৯৫৩ সালের ঘটনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এবার আসছি বি(৫) এ। সেখানে আর একটি ইরেগুলারিটিজ ধরা পড়ল। উনি রিপোর্ট দিলেন যে, দিজ ইজ ফুল অফ ইরেগুলারিটিস। এবার আমি আপনার কাছে আসি বি ফোর-এ—যেটা আমি আপনাকে আগেও বলেছি।

এবার আপনি সবচেয়ে বেশি খুশি হবেন যেটা আমি আপনাকে জানাতে চাই তা হল এই অ্যানেকসার সি তে বলা হয়েছে—

In the year of 1983 the Commissioner of Wakfs filed a suit under T.S. No. 584 of 1983 in the 2nd Court of Munsiff at Alipur against the Pradip Basu and others for cancellation of their lease. The said suit is still pending. In the meantime a proposal for compromising the lease matter was placed before the Board on 29.7.86 and on 2.8.86 when Board inter alia decided to defer the matter till the disposal of the suit. Further the matter was placed before the Board on 3.1.87 on request of the Hon'ble Minister of Judicial Department for compromising the suit when the matter was deferred. Again the matter was placed before the Board on 16.9.1989 and 3.2.90 when it was decided to differ the matter for the present. কে তখন জুডিশিয়াল মিনিস্টার ছিলেন, আমি জানি না। এর পরেও আমরা বলি সি বি আই এর তদন্ত হওয়া উচিত, তাহলে অন্যায় করা হবে? আজকে অত্যন্ত দুর্ভাগ্যজনক যে, মিঃ সেনগুপ্ত তিনি খেটে, পরিশ্রম করে একটা রিপোর্ট দিলেন অন দি বেসিস অফ রেকর্ডস এবং যাতে দেখা যাচ্ছে একসময় জুডিশিয়াল মিনিস্টার পর্যন্ত ইন্টারফেয়ার করেছিলেন। আমি সেটাই মাননীয় অধ্যক্ষ মহাশয় এর কাছে জানতে চাইছি।

[5-20 — 5-30 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮৭ সালে কে জুডিশিয়াল মিনিস্টার ছিলেন তা আমি জানি না, আপনি সেটা বলবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অ্যনেকসচার-এ, দেখবেন। এটা খুবই দুর্ভাগ্যের বিষয়, আমি নিজে গতকাল গিয়েছিলাম—কালিঘাট ট্রাম ডিপোর পাশে—সেখানে ১০০ কাঠা জায়গা আছে, এখানে কবরস্থান আছে—রেকর্ড হয়েছে সেটা লিজ করার ব্যবস্থা হয়েছিল। টু ওয়ান কমরেড বাট দ্যাট ওয়াজ টেকেন আপ বাই ডিসট্রিক্ট অ্যাণ্ড সেশন জাজ। অ্যনেক্সচার-এ দয়া করে দেখুন। আমি নিজে আই হ্যাভ গন থ্রু দি রেকর্ডস, সেটা মিঃ সেনগুপ্ত ট্যাক্টফুলি নয় অত্যন্ত ক্রুশিয়ালি কতকগুলি কেস রেফারেন্স দিয়েছেন। আমি প্রত্যেকটি ডিস্ট্রিক্ট সেশন, প্রত্যেকটা জজের কেস দেখেছি। সেখানে মামলা করেছে কিন্তু কমিশনকে পাটি করা হয় নি। সরকার জানেন না। তারপর জানতে পারল ডিস্ট্রিক্ট জজের পার্মিশন নিয়ে ট্র্যান্সফার করতে হয়। কিন্তু তা করা হয় নি। এরকম মামলা পেণ্ডিং আছে। অ্যানেক্সচার-এ তে লাস্ট জাস্টিস শ্রী মুকুলগোপাল মুখার্জির জাজমেন্টে কি বলা আছে সেটা দেখুন। দ্যাট ইজ জাস্ট ইন দি ইয়ার ১৯৯৪। মিঃ সেনগুপ্ত যে রিপোর্ট দিয়েছেন সেটা অন দি বেসিস অফ ফ্যাক্টস অ্যাণ্ড রেকর্ডস, কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী যে স্টেটমেন্ট দিয়েছেন সেটা অন দি বেসিস অফ জাজমেন্ট অফ জাস্টিস রুমা পাল।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

Shri M. Yaqoob (Urdu)

**شری محمد یعقوب (اردو) : قابل عزت اور Hon'ble Speaker Sir**

آپ کے نذر عنایت ایک شعر کرتے ہوئے میں اپنی باتیں شروع کروں گا ــ

میں نہ چھوڑوں گا دامانِ ضبطِ الم
لاکھ توڑے زمانہ ستم پہ ستم

---

ان پر الزام آنے نہ دوں گا کبھی
چاہے جتنی بھی ہو میری رسوائیاں

عزت مآب ! Hon'able Speaker Sir ہمارے دوستوں نے بہت سارے الزامات کے ساتھ ہماری موجودہ حکومت اور وقف کے بارے میں ذکر کیا ۔ ہم بہت خوش ہو جاتے کہ انھوں نے بائیں محاذ کے زمانے کا ذکر کیا لیکن اپنے زمانے کا فکر ان کو نہیں رہا اسلئے میں کہنا چاہتا ہوں کہ پرنس انور شاہ روڈ میں داتا پیر کے مزار کے قریب ٹیپو سلطان کے قبرستان [redacted] سال سے جب حکومت انکی تھی بنگال میں، اس زمانے میں ۱۹۷۷ء میں وہ قبرستان کو عالی شان بلڈنگ بنانے کے لئے ہمارے فاضل دوستوں کی حکومت کے برسر اقتدار جو متولی رہے اور جو وقف کی دیکھ بھال کیا کرتے تھے رائٹرس میں بیٹھ کر ان لوگوں نے C.I.T کو دے دیا ۔ اس کا ذکر انھوں نے نہیں کیا ۔ قوم و ملت کی بہت ساری ہمدردی کی باتیں کہی گئیں لیکن سوال یہاں یہ پیدا ہوتا ہے کہ آپ نے اس قبرستان کو عالی شان مکان بنانے Calcutta Improvement Trust کو دے دیا اور اس متولی نے ایک لاکھ روپئے آج بھی ادا نہیں کیا ۔ لیکن ہماری حکومت بننے کے بعد As Trustees C.I.T ہم نے اسکی سخت مخالفت کی ۔ سنہ ۱۹۷۸ء سے وہ کیس آج بھی رکا ہوا ہے متولی نے واپس نہیں کیا ہے وہ روپیہ لیکن یہاں بلڈنگ نہیں بن پائی اب تک وہ کیس pending ہے ۔ دوسری مثال ہم دینا چاہتے ہیں کہ ہمارے فاضل دوستوں نے ہماری حکومت کے زمانے کی بہت ساری باتیں کہیں ۔ ہم نہیں جانتے ان میں حقیقت ہے یا نہیں لیکن ہم یہ کہنا ~~چاہتے~~ چاہیں گے کہ 49-Diamond Harbour Road میں سبحانی بیگم کی مسجد اور اسکی ڈیڑھ بیگھہ زمین اردو زبان کے لئے کالج تعمیر کرنے کے لئے زیر غور رہی سنہ ۱۹۷۷ء میں وہ زمین Lease میں ایک Kamla Singh & Co. کو دے دیا گیا

اس کا آپ نے ذکر نہیں کیا - ہم کہنا چاہیں گے کہ کانگریس کے زمانے میں جو ہوا ہمارے فاضل دوستوں سے کہیں گے کہ جب آپ نے ذکر کیا ہے تو اس کا ذکر بھی کرنا چاہئے تھا - لیکن کبھی بھی انہوں نے یہ ذکر نہیں کیا - 72, Cornfield Road میں Marin Engineering company کو قریب قریب دس کٹھہ زمین اور مسٹر چیڈا کو قریب قریب کچھ کٹھہ زمین کو ایسے کانگریس کے زمانے میں Lease میں دے دی گئی، اس کا ذکر نہیں کیا - ہم کہنا یہ چاہتے ہیں کہ ابھی جب کہ مغربی بنگال میں بائیں محاذ کی حکومت ہے - وقف کا جو اصل مقصد ہے قوم اور ملت کی خدمات کے لئے Social Walfare کا کام - مسجد درگاہ شریف کے علاوہ یہ ہے دیگر تمام سماجی کام کے لئے ملت کے لئے، انسانی حق کے لئے - جیسا کہ وہ ذکر کرتے ہیں کہ اللہ کے نام سے وقف کیا گیا ہے تو اس کا مقصد ہے انسانی خدمات - بائیں محاذ سے قبل ان کے زمانے میں کانگریس کے لئے کوئی ہاسپٹل تیار نہیں ہوا - ان کے زمانے میں کوئی ایسے سماجی کام کی مثال نہیں پیش کر سکتے ہیں جو قوم اور ملت کے مفاد کے لئے ہو حق کے لئے ہو لیکن یہاں بائیں محاذ کی حکومت کا نظریہ ہے مذہب و ملت کے تمام کام کو انجام دینے کے لئے - وقف بورڈ میں جو تبدیلی ترمیم کرنی چاہئے، اس ترمیم کے ذریعہ قوم کا ملت کا جو مقصد ہے وہ اس کو انجام دے رہا ہے - ہاں بے شک یہ کام کئے جانے میں کام کرتے وقت اگر کوئی خامی ہے تو بے شک یہ آپ کا جمہوری حق ہے کہ آپ حکومت کی نظر میں لائیں - ہماری حکومت ضرور اس پر نظر ثانی کرے گی، لیکن آپ نے میں کیا، آپ نے کس وقت کیا ---- وہ مشہور ایک word (شبد) ہے جن کو ہم کہتے ہیں گلنکاری ---- جب مرکزی حکومت آپ کی حکومت کے خلاف گلنکاری کے تھے بہت آواز اٹھی - فساد کے زمانے میں آپ اقلیتی طبقہ کو گمراہ کرنے اور الجھانے کے لئے، انکی توجہ کو دوسری طرف لے جانے کے لئے ---- وقف جیسے ہمارے اقلیتی طبقہ کے بھائی دوست جانتے بھی نہیں کہ اس کا مقصد کیا ہے ---- فساد کے زمانے میں ورغلانے کے تھے اور گلنکاری کو چھپانے کے لئے ہماری حکومت پر آپ الزام عائد کرتے ہیں تو ہم کہتے ہیں کہ یہ حقیقت نہیں ہے - ایک بات ہم کہتے ہیں ہمیشہ یاد رکھیں گے ہمارے فاضل دوست کہ ---

حقیقت چھپ نہیں سکتی بناوٹ کے اصولوں سے
کہ خوشبو آ نہیں سکتی کبھی کاغذ کے پھولوں سے

اسلئے تو ہم یہ کہنا چاہیں گے کہ یہ تمام الزامات ہم نہیں سمجھتے حقیقت ہے، اس پر ہم ایک [illegible] نہیں ہیں - شکریہ!

[5-30—5-40 P.M.]

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমে আমি আপনাকে, মাননীয় মুখ্যমন্ত্রীকে এবং কংগ্রেস দলকে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। কারণ এই ব্যাপারটা আলোচনার জন্য যদি বিধানসভার ভেতর না আসত তাহলে এত কিছু আমরা জানতে পারতাম না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট মন্ত্রিসভার মাননীয় মুখ্যমন্ত্রী যে এই ব্যাপারে জড়িত প্রত্যক্ষভাবে, এটা আমি মনে করিনা। ওঁরা এই যে কতগুলো দুর্নীতি, বৈষম্যের কথা বললেন, অন্যায়ের কথা শুনলাম তার সাথে তিনি জড়িত, এটা সম্ভব নয় বলেই আমার মনে হয়। কিন্তু এর পর আরেকটা জিনিস আছে সেটা আমাদের বুঝতে হবে। আইনের ফাঁক দিয়ে এই জিনিসটাকে যদি চাপা দেওয়া হয় তাহলে বিষয়টা সেখানে থেমে থাকবেনা। কারণ আমরা পত্রিকা মারফত জেনেছি যে, কংগ্রেস দল বা অন্যান্য নাগরিক এটাকে সুপ্রিম কোর্ট পর্যন্ত টেনে নিয়ে যাবেন এবং যা দেখছি সুপ্রিম কোর্ট-ও হয়ত এটাকে হস্তক্ষেপ করতে পারেন। আমাদের দেশেও কিন্তু একটা বিপদ ঘনীভূত হচ্ছে। সেই বিপদটা কি? আজকে সব ব্যাপারেই—রাষ্ট্রের প্রতিটি ব্যাপারেই—সুপ্রিম কোর্টের দিকে আমাদের তাকিয়ে থাকতে হচ্ছে, নির্ভর করতে হচ্ছে। রাজনীতি গৌণ হয়ে যাচ্ছে। আপতদৃষ্টিতে মনে হয় এটা ভাল। কিন্তু এক সময় দেখা যাবে, এই যে হাইকোর্টের সুপ্রিম কোর্টের বিচারকগণ আছেন তাঁরা স্বেচ্ছাচারী হয়ে সরকারের ভূমিকা নিয়ে আইনের ভেতর দিয়ে গোটা দেশটাকে তাদের কুক্ষীগত করে নেবেন। এটা কিন্তু ঠিক নয়। সেই জন্য আমরা একটা জিনিস বুঝেছি—দুর্নীতি, আইনের ব্যাপারে কতটা কি হবে না হবে—এখন কতগুলো জিনিস ভাল করে দেখার দরকার আছে। সাধারণ মানুষের স্বার্থ, বিশেষ করে সংখ্যালঘু ভাই, যাঁরা আজকে দারিদ্রসীমার নিচে রয়েছেন, বিশেষ করে বাঙ্গালি হিন্দুর থেকে বাঙ্গালি মুসলমান ভাইয়েরা তাঁরা শিক্ষা-দীক্ষায় এখনও অনেক পিছিয়ে আছেন নানা কারণে। তাঁদের উন্নতির জন্য এই সম্পত্তির সদ্ব্যবহার হওয়া উচিত। কাজেই যেখানে একটা ৬০০ স্কোয়ার ফিটের ফ্ল্যাট যার ভাড়া এই মুহূর্তে ৫।৬ হাজার টাকা হতে পারে—আমার ঠিক জানা নেই, আমি মফস্বলের লোক—সেখানে দেখা যাচ্ছে ২০০ টাকায় ঐ জায়গা ভাড়া দেওয়া হ'ল। বি.ডি.ও., পঞ্চায়েতের যেসব কর্মীরা গ্রামে গ্রামে কাজের জন্য যান তারাও মনে হয় ২০০ টাকায় ঘর ভাড়া পান না। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করব, এ বিষয়ে সমস্ত সংশয় দূর করে দিয়ে—আইনের কথা ছেড়ে দিন—এই যে বে-আইনি ভাবে লিজ দিয়ে কতগুলো সুযোগ-সন্ধানী লোকেব সুযোগ করে দেওয়া হয়েছে, ভাড়া কমিয়ে দিয়ে বিত্তবান লোকেদের সুবিধা করে দিয়েছেন এবং এ থেকে অনেক আয় হতে পারত, ঠিকমতো হচ্ছেনা, মুসলিম সম্প্রদায়ের গরিব লোকেদের যারা শিক্ষা-দীক্ষায় পিছিয়ে আছেন তাদের জন্য টাকা ব্যয় করা যাচ্ছেনা—তা যাতে করা যায় এটা বামফ্রন্ট সরকারের দেখা দরকার। বিশেষ করে মুসলিম নারীরা শিক্ষার দিক থেকে একেবারে 'শূন্য' জায়গায় রয়েছেন। পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে আমি এটা দেখেছি। কাজেই এই ওয়াকফ সম্পত্তিকে মাননীয় মুখ্যমন্ত্রী পুরোপুরি তাঁর কন্ট্রোলে নিয়ে সমস্ত দুর্নীতি, অবিচার, অনাচার দূর করার ব্যবস্থা করুন। তিনি এখানে ঘোষণা করুন যে কোনও বাধাই আমরা মানব না, যে কোনও স্তর থেকেই আসুক সমস্ত বাধাকে দূর করে সেখানে একটা সুস্থ পরিবেশ সৃষ্টি করবেন। তিনি এমন একটা পরিবেশ সৃষ্টি করবেন বিশেষ করে মুসলমান সম্প্রদায়ের দারিদ্র সীমার নিচে

থাকা লোকেদের জন্য, যাদের বাসস্থান নেই, ধর্মীয় আচার-আচরণের জায়গা নেই—আপনারা কলকাতা শহরের কথা বলছেন, গ্রামাঞ্চলে সামান্য একটা ইঁটের বেদী করে সেখানে মুসলমান ভাইরা নামাজ পড়েন। গ্রীষ্মকালে, বর্ষাকালে সেখানে তাদের মাথার উপর ছাউনী দেওয়ার মতো কিছু থাকে না। এই যে হাজার হাজার কোটি টাকার সম্পত্তি তাকে সঠিকভাবে সদ্ব্যবহার করুন। আমি সি.বি.আই তদন্ত চাই না, সুপ্রীমকোর্টের হস্তক্ষেপ চাই না। সারাদেশে যে দুর্নীতির অন্ধকার চলছে, সেখানে যে টিম টিম করে আলো, যেটা মন্দের ভালো অবশ্যই পুরো ভাল নয়, সেই আলোটাকে টিকিয়ে যাতে রাখা যায়, মানুষের প্রত্যাশাকে যাতে ঠিক জায়গায় পৌঁছানো যায়, তাই মুখ্যমন্ত্রী আজকে হাউস থেকে এই কথা বলুন যে আমি সমস্ত দুর্নীতি দূর করে ওয়াকফ্ সম্পত্তির সদ্ব্যবহার করে যাতে মুসলমান ভাইদের জন্য, তাদের শিক্ষা-দীক্ষা, ধর্মীয় আচরণের জন্য ঠিকমতো সুযোগ পেতে পারে, আমি আমার সরকার থেকে বলব। এই কথাগুলি বলে আমাদের কৃতজ্ঞভাজন হন, এই বলে আমি বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে তদন্ত রিপোর্ট গত ১লা জুলাই এই হাউসে পেশ করেছেন আমি সেই তদন্তের রিপোর্ট-এর উপর আলোচনা করতে গিয়ে প্রথমেই বলতে চাইছি যে এই তদন্ত রিপোর্ট সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী বিচার সচিব পি.কে. সেনগুপ্তের রিপোর্ট সম্পর্কে যে মন্তব্যগুলি করেছেন সেই মন্তব্যগুলি কিন্তু আমার কাছে গ্রহণযোগ্য মনে হয়নি। প্রথমত তিনি বলেছেন হাইকোর্টের যে জাজমেন্ট ওয়াকফ্ সম্পর্কে, সেই জাজমেন্টের সঙ্গে একটা কনফ্লিক্ট রয়েছে এবং তার গুরুত্বের বিষয়ে হাইকোর্টের জাজমেন্টের সঙ্গে তদন্ত রিপোর্টের যে তথ্য সেটা মিলছে না। এখানে আমার বক্তব্য হচ্ছে মুখ্যমন্ত্রীর বক্তব্য থেকে হাইকোর্টের রিপোর্ট সম্পর্কে বামফ্রন্ট সরকার সেই রিপোর্টের পক্ষে গেছে এটা তাঁর বক্তব্য। প্রথমত ওয়াকফ্ সম্পর্কে যে অভিযোগ এসেছে সেই অভিযোগে হাইকোর্টের রায় থেকে পরিষ্কার বোঝা যাচ্ছে সেই অভিযোগ সত্য নয়। ওয়াকফ্ বোর্ডের বিরুদ্ধে বা সম্পত্তির হস্তান্তরের ব্যাপারে আমার প্রশ্ন হচ্ছে সত্যি যদি ২০শে জানুয়ারি এই হাইকোর্টের রায় হয়ে থাকে তাহলে আবার ১লা সেপ্টেম্বর এই তদন্ত কমিটি গঠন করতে গেলেন কেন? এবং ৬ই সেপ্টেম্বর ওয়াকফ্ বোর্ড ডিজলভ্ করে দিলেন কেন? আজকে একথা বলেছেন The report is on the basis of material of documentary evidence কিন্তু এখানে আমার জিজ্ঞাসা উনি যে ১০ পাতার রিপোর্ট জমা দিয়েছেন, ৩০ পাতার বেশি হয়েছে কিন্তু আমরা পেয়েছি ১০ পাতার রিপোর্ট, যেটা উনি জমা দিয়েছেন। এর মধ্যে এ বি করে যে অ্যানেক্সারগুলো দেওয়া ছিল সেগুলো আমরা পাইনি। অথচ রিপোর্টটা পড়তে গিয়ে আমি দেখলাম যে, সেখানে বলা হচ্ছে, অ্যানেক্সার এ বি ইত্যাদি আছে। আমার এখানে জিজ্ঞাসা মেটিরিয়াল ফ্যাক্টের ওপর, ডকুমেন্টরি এভিডেন্সের ওপর নির্ভর করে এই রিপোর্ট যথার্থভাবে তৈরি হয়েছে কিনা? আমি মনে করি, হ্যাঁ, তৈরি হয়েছে এবং এই সমস্ত অ্যানেক্সারই তার প্রমাণ। অভিযোগের বিস্তারিত তথ্য এর মধ্যেই আছে, কিন্তু ওগুলো আমাদের সাপ্লাই করা হয়নি। প্রসঙ্গত এখানে বলতে হয় যে ভোরা কমিশনের রিপোর্ট যখন-রাজনীতিতে দুর্বৃত্তায়ণ সম্পর্কে নরসিমা রাও সরকার পেশ করেছিল তখন তারা এইভাবে উইদাউট অ্যানেক্সারই পেশ করেছিল। তখন বিরোধীরা সঙ্গত কারণে অভিযোগ

করেছিলেন যে, অ্যানেক্সার পেশ করা হয়নি, সুতরাং এ রিপোর্ট পার্শিয়াল পেশ করা হয়েছে। অ্যানেক্সার হচ্ছে রিপোর্টের পার্ট অ্যান্ড পারসেল, কিন্তু মুখ্যমন্ত্রী এখানে তা পেশ করলেন না। উল্টে তিনি বললেন, রিপোর্টটি ডকুমেন্টরি নয়। তথ্যের ভিত্তিতে রিপোর্ট করা হয়নি, এই অভিযোগ করছেন। ফলে আমাকে বলতে হচ্ছে, মুখ্যমন্ত্রী যে বিবৃতি দিয়েছেন সেটা তথ্য প্রমাণের ভিত্তিতে নয়। মিঃ পি. কে. সেনগুপ্তর রিপোর্ট সম্পর্কে তিনি যখন এ'রকম অভিযোগ করছেন তখন কি তিনি মিঃ পি. কে. সেনগুপ্তর হিয়ারিং নিয়ে তা করছেন? তিনি কি তাঁর কাছ থেকে জানতে চেয়েছেন? পি. কে. সেনগুপ্তর বিরুদ্ধে যে অভিযোগ করা হচ্ছে সেই একই অভিযোগ—তথ্য প্রমাণ ছাড়াই মুখ্যমন্ত্রীর বিরুদ্ধেও খাটে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে উনি বলছেন, 'The elementary principles of natural justice and the rule of law have not been adhered to. সত্যিই ন্যায়-বিচার এবং আইনের স্বার্থে অভিযোগকারি এবং অভিযুক্তের বক্তব্য যদি শোনার দরকার হয় তাহলে এ ক্ষেত্রে লিখিত বা ওরাল, কোনটাই হয়নি। এর পাশাপাশি আমরা দেখছি এই একই অভিযোগ তো মুখ্যমন্ত্রীর বিরুদ্ধেও খাটে। এভরিথিং অন রেকর্ডস, তাহলে তিনি যে সিদ্ধান্তে উপনীত হলেন তা কি অন রেকর্ড-এর ভিত্তিতে? অতএব এখানে আমার জিজ্ঞাসা রুল অফ্ ল কে ভায়ওলেট করল? আইনের শাসনকে ভায়লেট করল? বিচার সচিব পি. কে. সেনগুপ্ত, না জ্যোতি বসু, কে করলেন? বেঙ্গল ওয়াকফ্ অ্যাক্ট, ১৯৩৪-এর সেকশন ৭ বলছে, ওয়াকফ বোর্ড একটা পারপিচ্যুয়াল বডি, একটা পারপিচ্যুয়াল সাকসেশন ফলে এটাকে কখনও ডিসলভ করা যাবে না, সুপারসিড করা যাবে না। কিন্তু গত ৬ই সেপ্টেম্বর তাকে ডিসলভ্ করা হ'ল—হুইচ ইজ অ্যাবিউস অফ পাওয়ার। অতএব রুল অফ্ ল কেউ যদি ভায়লেট করে থাকে তাহলে তা করেছে সরকার। রুল অফ্ ল ভায়লেট বিচার সচিব মিঃ সেনগুপ্ত করেননি। ওয়াকফ্ বোর্ডের আইন বলছে—ম্যান্ডেটরি প্রভিসন—প্রতি বছর অডিট করতে হবে। অথচ ওখানে ১৯৮০-৮১ সাল থেকে অডিট হয় না। এ কথা কি প্রমাণ করে, আজকে রুল অফ ল কে ভায়লেট করছে? মুখ্যমন্ত্রী ভায়লেট করছেন, না বিচার সচিব ভায়লেট করছেন? এগুলো আজকে আমাদের জিজ্ঞাসার বিষয়। কেবল এলোপাথাড়ি সুইপিং রিপোর্ট দি রিপোর্ট ইজ ভেগ, পারফাংক্টরি অ্যান্ড সেল্ফকনট্রাডিক্টরি বললে হবে না। এ কথা খাটে না। কারণ বিচার সচিব এই রিপোর্টে যেসব সিদ্ধান্তে উপনীত হয়েছেন সেগুলি তিনি অন রেকর্ড তথ্য প্রমাণের ভিত্তিতেই হয়েছেন। আমি বলব এটা একটা সুনির্দিষ্ট বিচার বিশ্লেষণ প্রসূত তথ্য নির্ভর রিপোর্ট। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের কাছে এটা খুবই আতঙ্কের বিষয় যে সরকার তার বিচার সচিবের ওপর তদন্তের ভার দিয়ে তদন্তের পর তাঁকেই তিরস্কার করছেন। তাঁর বিরুদ্ধে ওয়াইড চার্জ করে ডেঞ্জারাস প্রিসিডেন্ট তৈরি করছেন। ফলে আগামী দিনে প্রশাসনিক তদন্ত করে অনেস্ট অফিসারদের পক্ষে নিরপেক্ষ রিপোর্ট সরকারের পক্ষে না যায় তাহলে তিনি বিপন্ন বোধ করবেন। তাঁর চাকরির নিরাপত্তা বিপন্ন হবে। কোনও অফিসার আর স্বাধীনভাবে তদন্ত করে কোনও রিপোর্ট দিতে পারবেন না। আগামী দিনে সমস্ত রকম প্রশাসনিক রিপোর্ট প্রহসনে পরিণত হবে, ফার্সে পরিণত হবে। এটা একটা ডেঞ্জারাস অবস্থার সৃষ্টি হচ্ছে। প্রাইমা-ফেসি যখন রয়েছে তখন আমি বলব এর বিচার বিভাগীয় তদন্ত হোক। এখানে যেসব অভিযোগ এসেছে তার পূর্ণাঙ্গ তদন্ত করে দোষীদের শাস্তি দেবার ব্যবস্থা করা হোক। সংখ্যালঘুদের স্বার্থে সংখ্যালঘুদের সম্পত্তি রক্ষা করার ব্যবস্থা করা হোক।

**শ্রী মুস্তাফা বিন কাশেম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাই যে আমাদের রাজ্যে ওয়াকফ সম্পত্তির ব্যাপারে যখন কিছু প্রশ্ন উঠল, কিছু বে-আইনি অভিযোগ উঠল যে ওয়াকফ সম্পত্তি তছনছ করা হয়েছে, যখন তিনি শুনলেন, কালবিলম্ব না করে তাৎক্ষণিক বিচারবিভাগের মাননীয় সচিবকে দিয়ে একটা তদন্ত করাবার চেষ্টা করলেন। যদিও মাননীয় মুখ্যমন্ত্রীর সরকার জানতেন যে কলিকাতা হাইকোর্টে একটি রায়, একই ধরনের অভিযোগের ভিত্তিতে কুতুবুদ্দিন এবং অপর একজনের মূল যে অভিযোগ সেই একই ধরনের অভিযোগ মুখ্যমন্ত্রীর কাছে নিয়ে যাওয়া হল। মাননীয়া বিচারপতি রুমা পাল তাঁর জাজমেন্টের মধ্য দিয়ে প্রত্যেকটি অভিযোগ দ্ব্যর্থহীন ভাষায়, আইনের ব্যাখ্যা করে, তথ্যের ভিত্তিতে, যুক্তি তর্ক দিয়ে প্রত্যেকটি ধরে ধরে সমস্ত মামলাকে খারিজ করে দিলেন। এতদ্‌সত্ত্বেও ছোট-খাটো দু-একটি প্রশ্ন থাকলেও তার কাছে যে মামলা হয়েছে তা বিচারের মধ্যে আসে না। হয়ত বা সেটাও যেন বাদ না পড়ে তারই উপর ভিত্তি করে মাননীয় মুখ্যমন্ত্রী বিচার সচিবকে দিয়ে আরও একটি তদন্তের ব্যবস্থা করলেন। আমার মনে হয় এটাই অন্যতম উদাহরণ, দিজ ইজ দি ট্রান্সপারেন্সি ইন রানিং দি গভর্নমেন্টাল অ্যাকটিভিটিজ এবং বিচার সচিব তদন্ত করলেন ও তার রিপোর্টও দিলেন। সেই রিপোর্ট সঙ্গত কারণে বিরোধীপক্ষ থেকে দাবি করা হল যে, বিধানসবায় উপস্থিত করতে হবে। দাবি নিশ্চিতভাবেই করতে পারেন। বিরোধীপক্ষ এই সমস্ত ব্যাপারে বলিষ্ঠভাবে দাবি করতে পারেন। কিন্তু সেই দাবি রাখতে গিয়ে আমরা লক্ষ্য করেছিলাম—এখানে সবাই লক্ষ্য করেছিলেন—মাননীয় ওয়াকফ্ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর একটি মন্তব্যকে ভুল ব্যাখ্যা করে যে ধরনের আচরণ পরিলক্ষিত হল ২৫শে জুন, ১৯৯৬ তারিখে, তাতে আমাদের এই সম্মানিত কক্ষে সেই ধরনের আচরণ বিধানসভার মর্যাদার সঙ্গতিপূর্ণ কিনা এই নিয়ে অনেকে প্রশ্ন করতে পারেন, কিন্তু যে দলের পক্ষ থেকে এই ধরনের আচরণ করা হল তাতে তাদের অধুনা কৃষ্টির সঙ্গে গরমিল নেই, এ ব্যাপারে কারও মনে সন্দেহ থাকল না। এই রিপোর্ট রাখার ব্যাপারে [illegible] একজন সদস্য হিসাবে কেন সরকার পক্ষ থেকে সেই রিপোর্ট উপস্থাপিত করা হচ্ছে না [illegible] মনে মনে আলোচনা করার চেষ্টা করেছি। একবার মনে হয়েছে মুখ্যমন্ত্রী রিপোর্টটি পেয়েছেন এবং সঙ্গতভাবেই খুঁটিয়ে দেখেছেন। এই রিপোর্ট সম্পর্কে হয়তো তার মূল্যায়ন হয়েছে, এই দায়-সারা, পরস্পর বিরোধী একটা রিপোর্ট যার উপর ভিত্তি করে সরকার চাইলেও কোনও পদক্ষেপ নিতে পারবেন না। সুতরাং সেই রিপোর্ট বিধানসভায় উপস্থিত করে কি লাভ? আমি সরকারের মুখে আমার কথা গুঁজে দিতে চাইছি না, আমার সে সুযোগও নেই। মুখ্যমন্ত্রী এটাও হয়ত ভাবলেন, এই দায়-সারা অসম্পট ক্যাজুয়াল দৃষ্টিভঙ্গি থেকে যে রিপোর্ট সেই রিপোর্ট যদি আলোচনা হয় তাহলে বিধানসভার কক্ষে এইরকম একজন সচিব পর্যায়ের ব্যক্তি অমর্যাদার অবস্থায় পড়তে পারেন এবং হেয় প্রতিপন্ন হতে পারেন জনমানসে। সেই সচিবকে মানুষের সামনে হেয় প্রতিপন্ন করতে চাননি বলেই হয়ত রিপোর্ট উপস্থিত করছেন না। আবার এটাও মনে হয়েছে, প্রশাসনিক তদন্তের রিপোর্ট বিধানসভায় সাধারণত উপস্থিত করার কোনও রেওয়াজ নেই, উপস্থিত করে কোনও নজীর সৃষ্টি করতে চান না। কারণ যাইহোক না কেন, যাতে মানুষের মধ্যে, জনমানসে একটা ধোঁয়াসার ভাব না থাকে, যাতে মনে বিভ্রান্তি না থাকে তারজনাই মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যথার্থই সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে রিপোর্ট উপস্থাপিত করা হোক এবং এর উপর আলোচনা হোক। এরজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে

আন্তরিকভাবে অভিনন্দন জানাই। বিষয়টা নিয়ে খোলামেলা আলোচনা হোক। কোনও লুকোচুরির ব্যাপার বা ঢাক-ঢাক গুড় গুড়ের ব্যাপার নয়। আমি বিনীতভাবে বিরোধীপক্ষের কাছে একটি প্রশ্ন করছি, বিশেষ করে মাই ইয়ং ফ্রেন্ড সুলতান আমেদকে। তিনি বললেন বিরাট ব্যাপার এবং হিসাব করে ফেললেন ১ হাজার কোটি টাকার মতন তছনছ হয়েছে।

**(ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চঃ দু' হাজার কোটি টাকা)**

[5-50—6-00 P.M.]

ঠিক আছে, মেনে নিলাম। এতে আমারও বলার সুবিধা হবে। আমার শুধু একটি প্রত্যাশা যে আপনাদের মধ্যে শুভ বুদ্ধির উদয় হোক। যাতে আমি সেখানে আবেদন করতে পারি। একজন বিচারসচিব রিপোর্টি দিলেন। সত্য বাপুলি মহাশয় বললেন এটা অত্যন্ত তথ্য ভিত্তিক রিপোর্ট। আমি আপনাদের কাছে বলি, এই ধরনের রিপোর্টি করতে গেলে কোন ধরনের মানুষ সেটা করতে পারেন সেটা একটু বোঝার চেষ্টা করবেন। এই প্রসঙ্গ বলে রাখি, যিনি এই তদন্ত করেছেন, রিপোর্ট দিয়েছেন ব্যক্তিগতভাবে তাকে আমি চিনি না, তার নামের সঙ্গেই আমার পরিচয়। এখন আরও বেশি করে পরিচয় হয়েছে এই রিপোর্ট সম্পর্কে আলোচনা করতে গিয়ে ব্যক্তিগতভাবে আমি তাকে কিছু বলতে চাই না। উনি বলেছেন, I assumed charge of the Judicial Secretary on 8.12.95.

রিপোর্ট সই করেছেন ২০.১২.৯৫ তারিখে। এই প্রসঙ্গে আপনাদের কাছে অনুরোধ, আপনারা বিবেচনা করে দেখুন, হিসাব এ ক্ষেত্রে কি বলে? একটা তদন্ত করতে কতটা সময়ের প্রয়োজন? কাজ বুঝে নিতে অন্তত একদিন। দপ্তরের কাজ বুঝে নেবার পর ১১ দিনের মাথায় এতবড় একটা বিরাট ব্যাপারে একজন বিচার সচিব সমস্ত কিছু তদন্ত করে, হিসাব-নিকাশ করে একটা রিপোর্ট দিয়ে দিলেন—আপনাদের শুভবুদ্ধি কি বলে? এই সব কথা তো আপনারা বলার সময় একবারও বললেন না, তা ছাড়া আপনারা তো একথাটাও বললেন না যে এই রিপোর্ট হচ্ছে আরও একটা রিপোর্টের উপর ভিত্তি করে তৈরি করা। এখানে বলা আছে যে ওয়াকফ কমিশনার-এর কাছে একটা রিপোর্ট চাওয়া হল। মাননীয় বিচার সচিব ওয়াকফ কমিশনারের কাছে একটা রিপোর্ট চাইলেন। তিনি একটা রিপোর্ট দিলেন। যিনি এই ওয়াকফ বোর্ডের সব কাজের সঙ্গে যুক্ত এবং জড়িত তার রিপোর্টের উপর ভিত্তি করে মূলত বিচার সচিব একটা রিপোর্ট হাজির করলেন, সংখ্যায় ধরলে ১১ দিনের মাথায়, বাস্তবে ১০/১১ দিনের মধ্যে। এর চেয়ে বেশি সময় তিনি পাননি। এক্ষেত্রে আমি সুদীপবাবুকে প্রশ্ন করি, এই সময়ের মধ্যে এই কাজ করা যায় কিনা বলুন এবং এই কাজ করতে গেলে কি ধরনের অভিজ্ঞতা লাগে সেটা বলুন। সেই রিপোর্ট আমাদের কাছে আছে। সেই রিপোর্ট সম্পর্কে আমি কয়েকটি কথা বলব। আমার ইয়ং ফ্রেন্ড সুলতান আমেদ বলতে গিয়ে এমন কতকগুলি কথা বললেন যাতে মনে হবে পশ্চিমবাংলায় ওয়াকফ বোর্ড কিছু কাজ করেনি। আমি আপনাদের বলি, একটা জায়গায় কিন্তু গ্যাপ থেকে যাচ্ছে সেটা মিলিয়ে নেবেন। বিধানসভার মধ্যে এবং বাইরেও এই ধরনের কথাবার্তা বলে মানুষের মধ্যে একটা অন্যরকমের ধারণার সৃষ্টি করতে চেয়েছেন। বিধানসভা এবং লোকসভা নির্বাচনের আগে এ নিয়ে আপনারা ঝাঁপিয়ে পড়েছিলেন এবং একটা ধারণা দেবার চেষ্টা করেছিলেন যেন এই

ওয়াকফ সম্পত্তি সব সরকারের হাতে বর্তে যায়, না হয় ওয়াকফ বোর্ডের হাতে বর্তে যায় এবং সরকার বা বোর্ড সেইসব ওয়াকফ সম্পত্তি নিয়ে যথেচ্ছচার করেন আপনারা জানেন যে ওয়াকফ সম্পত্তিগুলির তত্ত্বাবধায়ক হচ্ছেন মাতোয়াল্লিরা। মাতোয়াল্লির কনসেন্ট ছাড়া ওয়াকফ বোর্ড সরাসরি কোনও সম্পত্তি হস্তান্তর করতে পারেন না, কোনও সম্পত্তি লিজ দিতে পারেন না। এই সত্যটা আপনারা কেন চেপে গেলেন আমি বুঝতে পারলাম না। উদ্দেশ্য প্রণোদিতভাবে আপনারা সমস্ত দোষ ওয়াকফ বোর্ডের ঘাড়ে চাপিয়ে দিলেন। একথা কেন বললেন না যে মাতোয়াল্লিরা ওয়াকফ বোর্ডের কেউ নয়। তাদের সম্মতি ছাড়া কোনও সম্পত্তি হস্তান্তর হতে পারে না এবং ওয়াকফবোর্ড আইনে তার ক্ষমতা আছে। যে উদ্দেশ্যে ওয়াকফবোর্ড করা হয়েছে, সেই উদ্দেশ্যে মোতয়ালি ব্যবহার করছে কি না সেটা দেখার দায়িত্ব হচ্ছে ওয়াকফ বোর্ডের এবং ওয়াকফ যে ট্রাস্টি, সেইটিকে যদি হস্তান্তরের অধিকার দেওয়া থাকে, যদি এক্সপ্রেসলি বলা থাকে তাহলে হস্তান্তর করতে পারবেন। সেক্ষেত্রে ওয়াকফ বোর্ডের কিছু করার থাকে না। যদি লীজ দেবার কথা বলে দেওয়া থাকে তাহলে ওয়াকফ বোর্ডে কিছু করার থাকে না। আমরা অনেক কিছুই জানিনা, আলোচনা শুনে এগুলি জেনে নিতে হয়। যাদের এই ব্যাপারে ঘাটতি আছে তাদের জেনে নিতে হয়, বিশেষজ্ঞদের কাছ থেকে জেনে নিতে হয়, এতে লজ্জার কিছু নেই। যখন ওয়াকফটিকে লীজ দেবার অধিকার থাকে মোতয়ালীর তখন সেই লীজ দিতে গেলে ওয়াকফ বোর্ডের কোনও সম্মতি নিতে হয়না, আইনে বলছে যে নিতে হবে না। শুধু একটা খবর দিয়ে দাও ওয়াকফ বোর্ডে যে তুমি সম্পত্তি লীজ দিয়েছ। এই পরিস্থিতিতে সম্পত্তি হস্তান্তর হবে? একবার এই সব কথা ভাববেন না? এসব বলে, উল্লেখ করে তারপরে কি ঘাটতি আছে বলুন, আমরাও উপকৃত হতে চাই। আপনাদের বিরোধিতা করার জন্য একথা বলছি না। আমিও রিপোর্টের আলোচনায় আসব। কিন্তু একথা যদি না বলি তাহলে ভুল বোঝাবুঝি থাকবে (গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** আপনাদেরও দুইজন বক্তা বাকি আছে, ডিবেট হবে, না বন্ধ করে দেব? এইভাবেই কি চলবে?

**শ্রী মুস্তাফা বিন কাশেম ঃ** আপনারা সি.বি.আই., সি.বি.আই. করছেন, আপনাদের দলের সভাপতিকে সি.বি.আই বলেছেন যে হাজির হও—এটা একটু দেখে নেবেন। আপনারা বললেন যে ওয়াকফ বোর্ড কিছু করেনি। কিছুই করেনি বলে দিলেন। আপনারা সমালোচনা করুন। আপনারা যুক্তির উপরে দাঁড়িয়ে সমালোচনা করুন। কিন্তু যে সত্যের কথা রাজ্যের মানুষ জানে সেটা কেন উল্লেখ করবেন না? আগে ওয়াকফ বোর্ডের অবস্থা কি ছিল? এটা শুধু তর্ক-বিতর্কের কথা নয়। ১৯৭৭ সালের আগেও পশ্চিমবাংলায় একটা ওয়াকফ বোর্ড ছিল, সেটা হয়ত কাগজে-কলমে ছিল, মানুষ তার উপস্থিতি দেখতেন না। আমার কাছেও তথ্য আছে। আমি দায়িত্ব নিয়ে সেই তথ্য হাজির করতে পারি ১৯৭৭ সালের আগে কি ভাবে সম্পত্তি হস্তান্তর হয়েছে। সেই সময় ওয়াকফ বোর্ড বলে কিছু ছিল না। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে আপনারা যেটা জানতে চাচ্ছেন যে, এই হালিম কে, সেই জনৈক হালিম হচ্ছেন বিচার মন্ত্রী বামফ্রন্ট সরকারের। তার উদ্যোগে নুতন করে ওয়াকফ বোর্ড গঠিত হল। কমিশনের ক্ষমতা লুপ্ত হয়ে গিয়েছিল। ১৯৩৪ সালের বঙ্গীয় ওয়াকফ আইন সামনে রেখে কমিশনের ক্ষমতা ফিরিয়ে দেওয়া হল যাতে ওয়াকফ বোর্ড কার্যকর ভূমিকা

পালন করতে পারে। একটা কমিটি প্রথম করা হল যাতে বে-আইনি হস্তান্তর রোখা যায়। সেই কমিটির কাছে সমস্ত কিছু হাজির করতে হবে। সেই সাব-কমিটি সমস্ত কিছু খুটিয়ে দেখে রেকমেন্ড করবে বোর্ডের কাছে এবং বোর্ড সিদ্ধান্ত নেবেন যে সেই সম্পত্তি হস্তান্তর করা যায় কিনা। তার ভিত্তিতে কাজ শুরু হল এবং তারপরে যে কাজগুলি হয়েছে সেখানে উদ্যোগ ছিল তৎকালীন বিচারমন্ত্রীর। ১৯৭৭ সালের আগে ওয়াকফ বিষয়টা কার হাতে থাকবে—এটা নিয়ে একটা বিবাদ ছিল। তারপরে সেচ মন্ত্রীর হাতে দেওয়া হল ওয়াকফ বোর্ড। এটাই পশ্চিমবঙ্গের মানুষ দেখেছেন। ১৯৭৭ সালের পরে সরকার বিবেচনা করলও যে ওয়াকফ নিয়ে বহু মামলা আছে, অনেকদিন ধরে ঝুলছে, অন্তত একজন বিচার বিভাগের মন্ত্রীর হাতে দেওয়া হোক। সেইভাবে উদ্যোগ নেওয়া হল। কোনওদিন আপনারা ভাবতে পেরেছিলেন ওয়াকফ ফান্ডের কথা? আজকে ওয়াকফ ফান্ডের আদায় বেড়ে গিয়েছে। ১৯৬৮-৭৯ সালে ৪ লক্ষ, ৪।। লক্ষ টাকা আদায় হত। ১৯৯৩-৯৪ সালে, কমলবাবুকে জানাতে চাই, আপনিও জেনে নেবেন, ১১।। লক্ষ, ১২ লক্ষ টাকা ওয়াকফ ফান্ডে আদায় হয়েছে। তার ফলশ্রুতিতে মুসলিম গার্লস হোস্টেল শুধু কলকাতায় নয়, অন্যত্রও তৈরি হয়েছে। আমি মুসলিম হোস্টেলের কথা বলছি এই কারণে যে, ওয়াকফ সম্পদ তাদের জন্যই ব্যবহৃত হয়। একবার গ্রাম-বাংলায় যান দেখবেন, দু'হাত তুলে ঐ সমস্ত মানুষ আজকে আশীর্বাদ জানান যাদের মেয়েদের ডাক্তারি বা কম্প্যুটার পড়বার যোগ্যতা থাকা সত্ত্বেও শুধুমাত্র কলকাতায় থাকবার জায়গা ছিল না বলে সেসব মুসলিম মেয়েদের ফিরে আসতে হত। আজকে দিলখুশা গার্লস হোস্টেলে অনেক মুসলিম মেয়ে থাকবার জায়গা পাচ্ছে, জেলা স্তরেও আজকে মুসলিম গার্লস হোস্টেল হয়েছে। ইসলামপুরে এর কাজ সম্পূর্ণ হতে চলেছে, বসিরহাটে শেষ হবার মুখে, বালুরঘাটে মুসলিম বয়েজ হোস্টেল হচ্ছে। ওয়াকফ বোর্ড দায়িত্ব নিয়েছেন এসব করবার। ওয়াকফ বোর্ড প্রতি বছর মেধাবী অথচ দরিদ্র ছেলেমেয়েদের স্টাইপেন্ড আকারে অনেক সাহায্য দেবার ব্যবস্থা করেন। আমার জানার ঘাটতি থাকতে পারে, কিন্তু সুলতান সাহেব, আপনি ইসলামিয়া হসপিটালের সঙ্গে জড়িত, তাই জানেন যে, ওয়াকফ বোর্ড ইসলামিয়া হসপিটালকে ৫.৫ লক্ষ টাকা সাহায্য করেছেন তাদের সীমিত ক্ষমতা নিয়ে। মহিলা অনাথ আশ্রমের জন্যও তারা সাহায্য করেছেন, বয়স্ক পুরুষদের জন্য অনুদান দিয়েছেন। ১৯৭৭ সালের আগে ভাবতে পারতেন ওয়াকফ বোর্ড এই ভূমিকা পালন করতে পারে বলে? ওয়াকফ বোর্ড যে কাজ শুরু করেছেন তারজন্য অনেকে সমালোচনা করছেন, রাগ করছেন, বলছেন তোমরা করছ কেন এসমস্ত কাজ? মাতোয়াল্লিদের মধ্যে কিছু মাতোয়াল্লি—সবাই নন্—যাদের অনেকে চিহ্নিত করে থাকেন অসাধু মাতোয়াল্লি বলে, তারা চান ওয়াকফ সম্পত্তিতে ওয়াকফ বোর্ডের কোনও নিয়ন্ত্রণ থাকবে না; তারা ইচ্ছামতো সেসব নিয়ন্ত্রণ করবেন, লিজ দেবেন এবং সেক্ষেত্রে ওয়াকফ বোর্ড কোনওরকম নজর রাখবেন না। ওয়াকফ বোর্ডের মধ্যে দিয়ে আজকে সেসব নিয়ন্ত্রণ হচ্ছে তারজন্য তারা সন্তুষ্ট নন্ এবং তারই জন্য তারা আজকে কিছু মানুষকে খেপিয়ে দিয়েছেন ওয়াকফ বোর্ডের বিরুদ্ধে। আজকে ওয়াকফ বোর্ডের বিরুদ্ধে যে কণ্ঠস্বর আসছে সেটা কাদের কণ্ঠস্বর? সেটা অসাধু মাতোয়াল্লিদের কণ্ঠস্বর কি না তা ভাবতে হবে না? সুলতান আহমেদ সাহেব প্রশ্নটা তুলেছেন। তিনি ৪৮ নম্বর ঝাউতলা রোডের প্রশ্নটা সব সময় তোলেন। তিনি জানেন যে, এই বিষয়টা নিয়ে মামলা অনেক হয়েছে। মিঃ জাসটিস হাজারীর এজলাসে ১৯৯২ সালে একটা মামলা হয়েছে। সেই মামলার রায়ের একটি কপি

আমার কাছে রয়েছে। আমি অনুমান করেছিলাম এটা তিনি তুলবেন, তাই কপিটা সঙ্গে এনেছি। মিঃ স্পিকার স্যার, উইথ ইওর পার্মিশন আই কোট দি রেলেভেন্ট পোর্শন অফ জাজমেন্ট অফ মিঃ জাসটিস হাজারী। আমি জাজমেন্টটা থেকে পড়ছি : আই হ্যাভ কেয়ারফুলি কনসিডার্ড দি ফ্যাক্টস্ অ্যান্ড সারকামস্ট্যানসেস্ অফ দি কেস অ্যান্ড হোল্ড দ্যাট দি অফার গিভন বাই দি রেসপনডেন্ট নাম্বার থ্রি-কার সম্পর্কে বলছেন? বলছেন ধারিওয়াল অ্যান্ড অ্যাশোসিয়েট সম্পর্কে হাইকোর্টের বিচারপতি! কাজেই একটু ভেবে-চিন্তে বলুন, কারণ সব কথা বলা যায় না। তিনি তাঁর রায়ে বলছেন : I have carefully considered the facts and circumstances of the case and hold that the offer given by the respondent No.3 Mr. K. Dariwal & Associates that they will pay a premium of Rs.26 lakhs and rent of Rs.10,000/- in respect of the property which is fully tenanted is very fair offer and since the Commissioner, Wakf has already adopted the said offer, I do not find any reason to interfere with the same. I further hold that I do not find any reason in the application of the petitioner nor do any bonafide in the offer made by the petitioner. If the Wakf Commissioner raises the rent of Rs.5000/- to Rs.10,000/- the same has been done for the benefit of the Wakf property and the Mutwalis. I cannot be said that the said act is arbitrary and illegal. This is the judgement of the Hon'ble High Court at Calcutta.

এই হচ্ছে ব্যাপার। আপনারা আরও প্রশ্ন তুলেছেন যেগুলি আমার অনুমানের মধ্যে ছিল, সেই জন্য আমি তৈরি হয়ে বিষয়গুলি জেনে এসেছি। আপনারা বলেছেন ৭-১ ইব্রাহিম রোডের সম্পত্তি জনৈক হাসিম আবদুল হালিমের ভগ্নিপতি শেখ কবির রসিদ সাহেব আছেন। হ্যাঁ আছে। আপনারা অন্য ভাবে বলেছেন, আমি খবর নিয়ে জেনেছি এখানকার রীতিনীতি অনুযায়ী জনৈক কেন, আমাদের এই হাসিম আবদুল হালিমের ব্যাপারে বলা যায়, আমি সেই ভাবেই বলছি। হাসিম আবদুল হালিম সাহেবের ভগ্নিপতি কবির রসিদ সাহেব ৭-১ ইব্রাহিম রোড, ক্যালকাটা ২৩তে যখন ১৯৭০ সালে টেনেন্ট ছিলেন তখন এই হাসিম আবদুল হালিম সাহেব মন্ত্রী নন, এম.এল.এ নন এবং এই বিধানসভার স্পিকার নন। ১৯৭০ সাল থেকে এই কবির রসিদ সাহেব টেনেন্ট। মাননীয় অধ্যক্ষ মহাশয় উনি টেনেন্ট কবে থেকে আছেন তার নথিপত্র আপনার কাছে হাজির করব যাতে ওনারা আপনার কাছে গিয়ে দেখে নিতে পারেন। সুলতান সাহেব আরও বললেন যে সেখানে ঘর তোলার চেষ্টা করা হচ্ছে।

(গোলমাল)

আমার কাছে যে রেজিস্টার্ড এগ্রিমেন্ট আছে সেটা ১০০ ভাগ ভ্যালিড, সেই রেজিস্টার্ড এগ্রিমেন্টের মধ্যে দিয়ে তাঁকে অধিকার দেওয়া হচ্ছে এবং লিখিতভাবে অধিকার দেওয়া হচ্ছে যে তিনি ঘর করতে পারেন প্রয়োজন মতো এবং সেই সম্পত্তি তিনি ব্যবহার করতে পারেন। এই সম্পত্তির মাতোয়াল্লি শেখ কবির রসিদকে সেই অধিকার দিচ্ছে। এই প্রমাণ আপনার কাছে আমি হাজির করব যাতে ওনারা গিয়ে আপনার কাছ থেকে দেখে আসতে পারেন। সুলতান আহমেদ, মাই ইয়াং ফ্রেন্ড একজুবারেন্ট প্রশ্ন তুলেছেন যে ৬ নম্বর ম্যাডান স্ট্রিটের সম্পত্তির মাতোয়াল্লি হয়েছেন হাসিম আবদুল হালিম সাহেব। হ্যাঁ, মাতোয়াল্লি হয়েছেন। আপনি

প্রশ্নের মাধ্যমে জানতে চেয়েছেন যে এনরোল হচ্ছে না কেন? এই বিষয়টা আপনার হয়ত জানা আছে, যদি না জানা থাকে জেনে নেবেন। You have raised a vague question but you know fully will. এখানকার এই বিষয়টার কেস হাই-কোর্টে বিচারাধীন। এটা এখনও সাবজুডিশ। সেইজন্য এনরোল হতে পারছে না। আপনারা এটা জানা সত্ত্বেও এই সমস্ত প্রশ্ন তুলেছেন। Because it is sub-judice. Trust deed has been effected but it could not be enrolled as yet. Because the matter is rule judice being in the Hon'ble High Court at Calcutta.

(গোলমাল)

আপনার বলার সময় আপনি বলবেন, মিঃ তাপস ব্যানার্জি why are you disturbing me? কাজেই এই সমস্ত বলে কোনও লাভ নেই। আমার কাছে তালিকা আছে, আমি দায়িত্ব নিয়ে বলতে পারি ১৯৭৭ সালের আগে কি ভাবে কি ধরনের সম্পত্তি বিক্রি হয়েছে। এখানে সুব্রতবাবু বলছেন আমার বক্তব্য মন দিয়ে শুনবেন এবং তিনি তা শুনছেন। আমি অন্তত একজন আপনাদের নেতাকে প্রাণ খুলে অভিনন্দন জানাচ্ছি তিনি কথা রেখেছেন বলে এবং আমাকে সহযোগিতা করেছেন বলে।

[6-10 – 6-20 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলি, মুখ্যমন্ত্রী এই রিপোর্ট সম্পর্কে বক্তব্য রেখেছেন তাঁর বিচার বিবেচনার উপরে দাঁড়িয়ে সরকারের পক্ষ থেকে। আপনাদের অনেকে এর জন্য মুখ্যমন্ত্রীর সমালোচনা করেছেন। আপনারা তো আরও জানেন, কোনও কোনও খবরের কাগজে এইভাবে খবর বেরিয়েছে যে, এই পি. কে. সেনগুপ্ত, আমি নাম করছি আলোচনা প্রসঙ্গে, 'মুখ্যমন্ত্রী চান না যে তিনি হাইকোর্টের জাজ হন।' এটা আমার কানে এসেছে। বিধানসভায় যাঁরা এইসব বিষয়ে খোঁজ খবর রাখেন, তাঁদের কাছে বলছি—সবাই হয়ত জানেন না—যে বর্তমানে তাঁর বয়স হয়েছে সাড়ে আটান্ন বছর। হাইকোর্টে ৩০শে ডিসেম্বরের আগে কোনও জাস্টিস পদে ভ্যাকান্সী হবে না, যে সময়ে তাঁর বয়স ৫৯ বছরে গিয়ে পৌঁছুবে। এখানে প্র্যাকটিসটা হচ্ছে, জাস্টিস নিয়োগের ব্যাপারে ৫৮ বছর বয়স হয়ে গেলে তিনি যত বড়ই আইনজ্ঞ হোন না কেন, যত বড় বিচারপতি হোন না কেন, হি ডাজ নট বিলং টু দি জোন অফ কনসিডারেশন। সুতরাং এই অভিযোগও সঠিক নয়। আমি এবারে রিপোর্টের মধ্যে যে অসঙ্গতি, সেই অসঙ্গতির কথা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে যতটা তুলে ধরা যায়, তুলে ধরছি। মিঃ সেনগুপ্ত বলেছেন যে, এই সমস্ত এগ্রিমেন্ট হ্যাজ নট অলওয়েজ বিন ডিসক্রিট। ওয়াকফ সম্পত্তির হস্তান্তর হয়েছে একটি ক্লোজ সার্কিটের মধ্যে। আমি আপনাদের কাছে প্রশ্ন করতে পারি, এই যে মিঃ সেনগুপ্ত বললেন ক্লোজ সার্কিটের মধ্যে হয়েছে, ডিসক্রিট হয়নি, কাদের নিয়ে সেই ক্লোজ সার্কিট হয়েছে তা আপনারা জানেন? সবাই না জানলেও, আপনারা অনেকেই জানেন যে, ওয়াকফ কমিশনার ইজ এ পার্ট অ্যান্ড পার্সেল অফ দি ওয়াকফ বোর্ড হি ইজ দি প্রেসিডেন্ট অফ দি ওয়াকফ বোর্ড। তাঁর উপস্থিতিতে ওয়াকফ বোর্ড যদি সিদ্ধান্ত গ্রহণ করে তাহলে সম্পত্তি হস্তান্তর হতে পারে, না হলে সম্পত্তি হস্তান্তর হতে পারে না। যদি ক্লোজ সার্কিট হয়ে থাকে তাহলে সেটা কাদের নিয়ে হয়েছিল?

তাহলে কি বলতে হবে যে ক্লোজ সার্কিট হয়েছিল সেই ওয়াকফ কমিশনারকে নিয়ে যিনি বর্তমানে এলাহাবাদ হাইকোর্টের একজন বিচারপতি। এই বিচারপতি চৌধুরি আব্দুর রহিম, তিনিও কি তাহলে এই ক্লোজ সার্কিটের মধ্যে ছিলেন? কিম্বা, আর একজন মিঃ হাই, তিনিও কি তাহলে ক্লোজ সার্কিটের মধ্যে ছিলেন? তিনি বর্তমানে আমাদের রাজ্যের একটি ডিস্ট্রিক্ট জাজের পদ অলংকৃত করছেন। আপনারা ১৬০টি ক্ষেত্রে ওয়াকফ সম্পত্তি হস্তান্তরিত হয়েছে বলে উল্লেখ করেছেন। কোনও দ্বিমত নেই। কিন্তু একটা জায়গাতেও কি বলা হয়েছে যে ১৬০টি ক্ষেত্রেই দুর্নীতি হয়েছে? এই আবিষ্কার আপনারা কোথা থেকে করলেন? এখানে মিঃ সেনগুপ্ত ট্রান্সফারের ব্যাপারে, এই সম্পত্তি হস্তান্তরের ব্যাপারে বলেছেন যে, এই ব্যাপারে কোনও আইনগত বাধা নেই। তিনি বলেছেন, ট্রুলি স্পিকিং, হস্তান্তর যদি ল'ফুল হয়, তাহলে তাতে বাধা দেবার কোনও প্রভিসন নেই। ট্রান্সফার যদি নিয়ম কানুন মেনে হয়, তাহলে তাতে কোনও বাধা নেই। এই যে রিপোর্ট দিয়েছেন মিঃ-সেনগুপ্ত,, তাতে কি কোনও জায়গাতেও বলা হয়েছিল যে এই ১৬০টি জায়গাতেই ইল্লিগ্যাল ট্রান্সফার হয়েছে? হ্যাঁ, তিনি ৭।৮টি জায়গার কথা বলেছেন। আপনারা এই ৭টি সম্পত্তি ইভ্যালুয়েট করে ফেললেন চার হাজার কোটি টাকা, আবার কেউ বললেন দু'হাজার কোটি টাকা। আপনারা ১৬০টি সম্পত্তির মূল্য হিসাব করে ফেলেন? অথচ এই ১৬০টি সম্পত্তি কোথাও বেআইনিভাবে হস্তান্তরিত হয়নি। সার্ভে করে দেখা গেছে ডিসক্রিটলি ট্রান্সফার হয়েছে। সেই ব্যাপারে কিছু বলার নেই। যদি বলেন যে ট্রান্সফার ডিসক্রিটলি হয়নি, তাহলে কিছুই বলার নেই, আমি হেল্পলেস। আমাদের দেশে প্রচলিত ব্যবস্থায়—অনারএ্যাবল্ হাইকোর্টের একজন জাস্টিসের জাজমেন্ট আমাদের সামনে রয়েছে। সেই জাজমেন্ট পুরনো নয়, ১৯৯৫ সালের জানুয়ারি মাসের জাজমেন্ট। তাতে বলা হয়েছে—অ্যান্ড দ্যাট জাজমেন্ট হ্যাজ নট ইয়েট বিন নালিফায়েড বাই এনি ফার্দার জাজমেন্ট অফ দি অনারএ্যাবল্ হাইকোর্ট অ্যান্ড দ্যাট জাজমেন্ট স্ট্যান্ডস্। দ্যাট ইজ এ জুডিশিয়াল ডকুমেন্ট সো ফার অ্যাজ ইন্ডিয়া ইজ কনসার্নড। শুধু ওয়েস্ট বেঙ্গল নয়। আর একদিকে বিচার সচিবের একটা ফাইন্ডিংও আছে। কোনটাকে প্রায়রিটি দেব, বিচার সচিবের ফাইন্ডিংস, একটা অ্যাডমিনিস্ট্রেটিভ ফাইন্ডিংস, সেটা প্রায়রিটি পাবে ওভার এ জুডিশিয়াল ডকুমেন্ট অফ দি কান্ট্রি, দেশের প্র্যাকটিস। থ্যাঙ্ক ইউ মিঃ মুখার্জি, আই হ্যাড বিন হেল্পড বাই ইউ ইন পুটিং ফরোয়ার্ড দিস আর্গুমেন্ট। আপনার একটা আলোচনা আমি শুনেছি। আমার স্ট্রাইক করেছে, হ্যাঁ সঠিকভাবেই, কেউ পারেনা। আমরা বিচার বিভাগের একটা ডকুমেন্টকে, আমরা বিচার সচিবের একটা অ্যাডমিনিস্ট্রেটিভ ফাইন্ডিং এর উপর মত দিয়ে দিয়েছি, সেখানে নির্দিষ্ট এক ধরনের অভিযোগের ভিত্তিতে, এক একটা ভিত্তি দিয়ে সমস্ত অভিযোগ খন্ডন করে দিলেন। মাননীয় সদস্য বাপুলি বললেন, উনি এখন নেই, নিশ্চয় অন্য বাড়তি প্রয়োজনে, বড় প্রয়োজনে যেতে পারেন, কিন্তু এখানে বললেন যে জ্যোতি বাবু মুখ্যমন্ত্রী তথ্যের উপর দাঁড়িয়ে স্টেটমেন্ট দিলেন না। এবং পি. কে. সেনগুপ্ত মহাশয় বিচার সচিব তিনি তথ্যের উপর দাঁড়িয়ে স্টেটমেন্ট দিলেন এবং মাননীয় বিচারপতি রুমা পাল তিনিও কোনও তথ্যের উপর দাঁড়িয়ে আইনের ব্যাখ্যা করে রিপোর্ট দিলেন, ভিতরে গেলেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি ছোট একটি বাক্য দিয়ে জাজমেন্ট থেকে কোর্ট করছি, In my view, the writ petition is liable to be dismissed both on the question of maintainability as well as on merit. এর পরে ওরা বলছে, বিষয়বস্তুর মধ্যে গেলেন

না। গভীরের মধ্যে গেলেন না। স্পেসিফিকালি মাননীয় বিচারপতি মিঃ জাস্টিস রুমা পাল আন মেরিট এর ভিত্তিতে হাইকোর্টে একটা জাজমেন্ট দিলেন, হ্যাঁ একজন বিচার সচিব বলছেন না, সেই জাজমেন্ট তার সামনেও রয়েছে, কেন হাইকোর্ট হ্যাঁ বলছেন, বিচারপতির একটার পর একটা যুক্তি রয়েছে, আইনের ব্যাখ্যা রয়েছে, ধরে ধরে বলা হয়েছে, সেখানে ১১ দিনের একটা অনুসন্ধান করে একজন বিচার সচিব বলে দিলেন ঐসব হ্যাঁ নয়, না। সেইজন্য মাননীয় মুখ্যমন্ত্রী তার রিপোর্টের মধ্যে বলেছেন একজন বিচার সচিব তিনি মাননীয় হাইকোর্টের যে রায় সেই রায় এর বিচারে বসেছে। হি স্যাট অন দি জাজমেন্ট, গিভেন বাই দি অনারেবল হাইকোর্ট অফ ক্যালকাটা। এটা সরকারের কাছে গ্রহণযোগ্য নয়। আপনারা সরকারে থাকলে এটা গ্রহণ করতে পারতেন? অস্পষ্টতা দোষে দুষ্ট। আপনারা আপনাদের একজুবারেন্ট ফেসে এই কথা বললেন না। কিন্তু আমরা অন্যদিকগুলি জানি, বলব। উনি এখানে মিঃ সেনগুপ্ত ওয়াকফ বোর্ডের কারা মেম্বার ছিলেন সেটা তুলে ধরলেন। ভাল কথা লেটেস্ট ওয়াকফ বোর্ড এবং তার আগের ওয়াকফ বোর্ড এর মেম্বার কারা ছিলেন নিউ He knew it fully well because he is a man of the Judicial Department এবং ওয়াকফ বোর্ডের সমস্ত বিষয়ে ওভারসি করেন, মনিটর করেন, জুডিশিয়াল ডিপার্টমেন্ট অফ দি গভর্নমেন্ট, তারা ভাল করে জেনেছেন He is an Ex-officio Member of the Wakf Board. He is not only an Ex-officio Member of the Wakf Board, he is the president, he is the Leader of the Wakf Board—he is the President....I am not ready to accept. It is a genuine omission. যখন এখানে মেম্বারদের দেখানো হল, তখন ওয়াকফ কমিশনার যে এখানে একজন মেম্বার অ্যান্ড হি ইজ দি প্রেসিডেন্ট, একবারও বললেন না, আই অ্যাম নট রেডি টু অ্যাকসেন্ট ইট ইজ এ জেনুইন ওমিশন। কাকে আড়াল করছেন, এই রিপোর্টের মধ্যে দিয়ে। এবং এখানে এই ওয়াকফ কমিশনারের ক্ষেত্রে এটা বলা হল আপনারা রিপোর্টের মধ্যে পড়েছেন। বলছেন জুডিশিয়াল সেক্রেটারি তার রিপোর্ট ফর্মুলেট করার আগে বলছেন The Wakf Commissioner was called upon to submit the report to the Government. কে সেই ওয়াকফ কমিশনার? রিপোর্টের মধ্যে বলবেন না? কোনও ওয়াকফ কমিশনার রিপোর্ট দিলেন, আর একটা দ্বন্দ্বের মধ্যে ফেলে দিলেন, অস্পষ্টতা। এটা যদি ক্যাজুয়াল অ্যাটিচুড না থাকে, এই রকম একটা ব্যাপার তাহলে এই রকম একটা রিপোর্ট সরকারের কাছে আসতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের যে পদক্ষেপ তাকে ধন্যবাদ, তার একজন অফিসার জনমানসে যাতে বিঘ্ন বাধা না করেন সেইজন্য রিপোর্ট প্রেস করবেন কি করবেন না, সেটা তিনি ভেবেছেন। এবং সর্ব শেষে তিনি এই রিপোর্ট হাজির করে বড় উপকার করেছেন। আমরাও গোটা বিষয়টা জানতে পারলাম, না হলে আমরা জানতে পারতাম না। অন্য যে বিষয়টা বলা হল, স্বজনপোষণ দুর্নীতি হয়েছে। জাজমেন্ট এর মধ্যে কি আছে, আপনারা দেখেছেন, সেখানে ক্যাটিগোরিকালি বলে দেওয়া হয়েছে।

তাপসবাবু, আমার এক মিনিট সময় নষ্ট হবে জানি, তবে সহয়োগী সদস্য হিসাবে, নতুন সদস্য হিসাবে বলি, এটা কোনও প্রশংসার ব্যাপার নয়, জাজমেন্ট অফ দি অনারেবল হাইকোর্ট যখন বলছি, তখন বৈপরীত্যে ভরা জাজমেন্টের রিপোর্ট আমি রেকার করছি না,

রিপোর্টটা রেফার করছি। জাজমেন্ট এবং রিপোর্ট বলতে আমি কি বোঝাচ্ছি বুঝেছেন নিশ্চয়। এম.এল.এ হিসাবে আপনার এটা বোঝা উচিত, না বোঝার কোনও কারণ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বজন-পোষণ এবং দুর্নীতির ব্যাপারে এখানে জাজমেন্টের মধ্যে পরিষ্কার আছে The petitioners have also complained about the collection of donation from the purchasers for the purpose of Muslim Girls Hostel যারা অভিযোগ এনেছেন তারা কাউকে ঐ কেসটাকে পার্টি করে দিতে পারতেন, কেসটাকে আরও স্ট্রেইনদেন করার জন্য। তারা বাইরের ল'ইয়ার ধরত না, আপনাদের দলের মধ্যে লব্ধ প্রতিষ্ঠিত ব্যারিস্টার আছেন, তারা আপনাদের পরামর্শ দিতে পারতেন। দি পিটিশনারস The petitioners have complained about the collection of donations from the proposed purchasers for the purpose of Muslim Girls Hostel. There is not one instance of any of the purchasers making any complain regarding the donations said to have been made by them. এর পরেও এই সমস্ত প্রশ্নগুলো আপনারা বলছেন এবং আরও কতগুলো আপনারা বললেন, সেখানে এই জাজমেন্ট সম্বন্ধে বলা হয়েছে, সুইপিং অ্যালিগেশনস Sweeping allegations have been made in the petition the members of the Board and the commissioner without any particulars and without a shred of evidence in support of the same. Instances of some of the allegations. তুলে দিয়েছেন। আমি পুরোটা পড়ছি না। আমি চেষ্টা করেছি বিচার-সচিবের রিপোর্ট এবং মাননীয় মুখ্যমন্ত্রী যে স্টেটমেন্ট দিয়েছেন, ঐ রিপোর্টের কোথাও, কোনও জায়গায় আমি ইতিবাচক কিছু খুঁজে পাইনি। ১৬০টি কেসের মধ্যে মাত্র সাতটি কেস, আপনাদের শুনতে ভুল হয় সেইজন্য আমি ইংরাজীতে বলছি সেভেন, সাতটি কেস উনি বেছে নিলেন। কেন সাত, কেন দশ নয়, কেন কুড়ি নয়। যিনি এই তদন্তের দায়িত্ব পেলেন, তিনি কি নিজের মতো করে একটা লটারি করলেন। আমরা আগে লটারি করতাম, এত পারা যাবে না, কাগজ ছিঁড়ে গোল পাকিয়ে লটারি কর। না কেউ তুলে দিলেন তার হাতে এই সাতটি নিয়ে আপনি কথা বলুন, যে সাতটি নিয়ে আমরা অন্য জায়গায় বলাচ্ছি। আমার বন্ধু জয়ন্ত বিশ্বাস বলেছেন, তখন আমি প্রথমে আপত্তি করেছিলাম, পরে মনে হয়েছে না, ওর কথায় আপত্তি হওয়ার কথা নয়। পূর্ব নির্ধারিত ধারণা নিয়ে এই রিপোর্ট আসতে বাধ্য হয়। আমাদের মধ্যেও এই সমস্ত প্রশ্ন এসেছে। আজকে আপনারা যে তীরটা ছুঁড়ছেন, আপনারা অনেক যুক্তিতর্ক দিয়ে বলতে পারেন, কিন্তু আলোচনাটা কোন দিকে গেছে। আপনারা অনেকেই জানেন, তারা জানবেনই যারা এইসব বিষয় নিয়ে চর্চা করেন। ওয়াকফ বোর্ডের যে তালিকা দিয়েছেন সেই তালিকার মধ্যে একটা নামকে আপনারা ঘুরেফিরে বলেছেন। আপনারা দেখে নেবেন সেখানে আছেন মীর্জা নাসের আলি, তিনি হচ্ছেন পাবলিক সার্ভিস কমিশনের একজন সম্মানিত সদস্য।

(**শ্রী সুলতান আহমেদ্ঃ** সাব-কমিটি কি করে ডিসিসন নেয়।)

সাবকমিটি ফাইনাল ডিসিসন নিতে পারে না। Sub-committee can only make recommendation. ওয়াকফ্ বোর্ডের সিদ্ধান্ত ব্যতিরেকে এই সিদ্ধান্ত নেওয়া যায় না। বেগম মরিয়াম আলি, অনেকেই জানেন, তিনি ইন্টারন্যাশনালি এমিনেন্ট ডার্মোটোলজিস্ট, তাছাড়া

তার অন্য একটা পরিচয়ও আছে, নিজ গুনে তিনি একজন সমাজসেবী। যিনি একজন প্রখ্যাত সমাজসেবী, তিনি হচ্ছেন এখানকার সদস্য, ইউসুফ ভাই প্যাটেল সিয়া কমিউনিটির সম্মানিত প্রতিনিধি। আজকে সন্দেহের ভিত্তিতে, নিছক সন্দেহের ভিত্তিতে উদ্দেশ্য প্রণোদিত হয়ে আননেসেসারিলি বোর্ডকে ম্যালাইন করা হচ্ছে। আপনারাও যদি বোর্ড গঠন করতে চান এবং পার্সনস এমিনেন্স তাঁদের যখন মেম্বার করবেন তাঁরা ওয়াকফ বোর্ডে আসতে চাইবেন না। যে ভাবে স্ক্যান্ডালাস ক্যামপেন আনকাউন্টেড অন ফ্যাক্টস করা হচ্ছে, তার মধ্য দিয়ে জ্ঞানত কিম্বা অজানিতভাবে একটা ক্ষতি বোধহয় আমরা ভবিষ্যতের জন্য করে যাচ্ছি। পার্সনস অব এমিনেন্স, কোনও পারটিকুলার অ্যাফিলিয়েশন নেই, কিন্তু নিজ গুণে তাঁরা বিশেষজ্ঞ বলে দাবি করতে পারেন। ওয়াকফ বোর্ডের সদস্য হয়ে এই ওয়াকফ বোর্ডে থাকতে চাইবেন না। এই ক্ষতিও আমরা করে যাচ্ছি এবং ওয়াকফ কমিশনারের কথা বলেছি যে কোন ধরনের মানুষ। আমার অনেক বন্ধু বলেছেন—আমি সেই কথা বলে শেষ করতে চাইব। যে ভাবে ব্যাপারটা প্রচার করা হল—আমরা জানি আপনারাও গ্রাম বাংলার প্রতিনিধি—নির্বাচনের আগে—আল্লার সম্পত্তি বেচে খাচ্ছে জ্যোতি বসু। অদ্ভুত ব্যাপার। এর জন্য তো আপনাদের ক্ষমা চাইতে হবে। এইটা বলে আপনারা ভুল করেন নি? ওয়াকফ বোর্ডের সম্পত্তি মোতোয়ালীর সম্মতি ছাড়া হতে পারে না। আর এই সমস্ত বলছেন? আমি আগেও বলেছি, আর বলতে চাই না, তা ভেবে একটা কথা ভিতর থেকে বলতে প্ররোচনা বোধ করছি। এত বলেও বিংশ শতাব্দীতে একশ এম. এল. এ আর কংগ্রেসের আর দেখা হল না। আর দেখতেও হবে না। সুতরাং পশ্চিমবাংলার মানুষ এটা মনে রাখবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়েই শেষ করব। যদি কোনও রাজনৈতিক সদিচ্ছা থেকে বিষয়টা তোলা হত, আমিও হয় তো ঠান্ডা মাথায় বিষয়টা বিবেচনা করতাম। কিন্তু একটা উদ্দেশ্য প্রণোদিত হয়ে, যখন বোফর্স কেলেংকারী থেকে শুরু করে, শেয়ার কেলেংকারী, চিনি কেলেংকারীতে কান পাতা যাচ্ছে না নির্বাচনের আগে, তখন ধামাচাপা দেওয়ার জন্য কষ্ট কল্পিত এই ওয়াকফ কেলেংকারী এনে ধামাচাপা দিতে চাইলেন। দুর্গন্ধ দূর করা যাবে না। স্যার, আমি যে কথা বলে শেষ করব। আপনার অনুমতি নিয়েই বলব, স্যার, সুলতান আহমেদ সাহেব বলেছেন, দু' এক ক্ষেত্রে জনৈক এইচ. এ. হালিম, কে! আপনি অনুসন্ধান করে জানান। রশিদের ডায়েরি বলে যদি কিছু থাকে, সেখানে জনৈক সুলতান আহমেদ বলে এক ব্যক্তির নাম আছে। তিনি কে, আপনি অনুগ্রহ করে জানান।

**শ্রী সৌগত রায়ঃ** স্যার, আমি এতক্ষণ আপনাদের বক্তৃতা শুনলাম। অধ্যাপক মোস্তাফা বিন কাশেম, তাঁকে আরেকটা নাম দেওয়া যেত। ডেভিলস অ্যাডভোকেট। দূর্নীতির পক্ষে এত বড় উকিল আমি ইদানীং কালে খুব কম দেখেছি। মোস্তাফা বিন কাশেমকে এটা জানাতে চাই যে আপনি তো শাসক দলের প্রভাবশালী সদস্য, ওই তো মুখ্যমন্ত্রী বসে আছেন, ওঁকে বলুন না দয়া করে রশিদের ডায়েরিটা প্রকাশ করতে তাহলেই জানা হয়ে যাবে সেখানে ওঁর নাম লেখা আছে, আপনার নাম লেখা আছে না সুলতানের নাম লেখা আছে? আমাদের আর কষ্ট করতে হবে না। আমি খুশি সি.পি.এমের মধ্যে আপনি একজন শিক্ষিত লোক। এর মধ্যেও আপনি দু' একটা সত্যি কথা বলে ফেলেছেন। আপনি স্বীকার করে নিয়েছেন, আপনার বক্তব্যে যে এইচ. এ. হালিম এর নাম মোতোয়ালী হিসাবে এনরোলড হয় নি। হাইকোর্ট

হাইকোর্ট কি বলছেন ছেড়ে দিন। ঠিক তথ্যটা আপনি স্বীকার করেছেন। আপনি আরও স্বীকার করেছেন ৭।১ ইব্রাহিম রোডের বাড়িটা জনৈক কবীর রশিদের। তিনি জনৈক এইচ. এ হালিমের নিজের শ্যালক। তাঁর সম্পর্কে একটা রিপোর্ট যে তিনি আরবে দীর্ঘদিন ডাক্তারি করেছেন। বিদেশে থাকাকালীন কলকাতায় একটা মূল্যবান ওয়াকফ সম্পত্তির মালিক বনে যান। ৮৩ সালে তাঁর নামে ইকবালপুরে ইব্রাহিম রোডে ৬ কাঠা জমি রেজিস্ট্রি হয়ে যায়।

[6-30—6-40 P.M.]

তখন রাজ্যের ওয়াকফ মন্ত্রী ছিলেন হালিম। তবে নার্সিং হোমের নক্সা জমা দিয়েও হালিমের শ্যালক এলাকার মানুষের তাড়া খেয়ে একবালপুর থেকে ফিরে আসেন। এটা সত্যি কি না কলিমুদ্দিন শামসকে জিজ্ঞাসা করুন। স্যার, আমি আরও একটি কথা মোস্তাফা বিন কাশেমের জবাবে দিতে চাই। আমি জানি, এটাই সি.পি.এমের লাইন। ওরা বলছেন—না ওয়াকফ বোর্ড তো ধোয়া তুলসি পাতা। আসলে বদমাইস হচ্ছে ওই মাতোয়াল্লি। একটা কথা আছে—সব বকে ছেড়ে দিয়ে বেঁড়ে ব্যাটাকে ধর। ওয়াকফ বোর্ডের কোনও দোষ নেই। আমি জানি মোস্তাফা বিন কাশেম সাহেব পড়াশুনা করনে নি। আমি ওঁকে ওয়াকফ অ্যাক্ট, যেটা ১৯ ৩৪ সেটা রেফার করছি যে কি করে মাতোয়াল্লি হয়। মাতোয়াল্লির কি পাওয়ার? ... Mutawalli to convert property and invest in certain cases. 56-Mutawalli entitled to pay certain costs from Wakf fund. 57-Penalties, & মাতোয়াল্লিকে কি কি সাজা দিতে পারে ওয়াকফ বোর্ড? 58-Removal of any Mutawalli from any Wakf Board. একটা ওয়াকফ বোর্ডে টোটাল পাওয়ার আছে। ফর রিমুভ্যাল অব এনি মাতোয়াল্লি যদি আপনার ওয়াকফ বোর্ড ধোয়া তুলসি পাতা হয়, আর মাতোয়াল্লি যদি বদমাইস হয়, ফিফটি এইট এ বা বি বা সি বা ডি এতে আপনার সরাবার ক্ষমতা ছিল। কিন্তু আপনারা সরালেন না। সুতরাং ডেভিলস অ্যাডভোকেট হিসাবে আপনাকে মানায় না এবং আপনি ভাল হতে পারেন নি আমার সময় কম তাই প্রথমে মূল কথা বলে দিতে হবে। প্রথমে আশ্চর্য প্রকাশ করছি যে সি.পি.এমের কোনটা আসল? একটা সি.পি.এমকে চিনি যে সি.পি.এম নেতা বিমান বসু হাইকোর্টের বিরুদ্ধে হাইকোর্টের লোকেরা ঘুস নেয় এই কথা বলে আদালত অবমাননা দায়ের করেন এবং বাইরে গিয়ে বলেন যে আমি গর্বিত হাইকোর্ট সম্বন্ধে কমেন্ট করেছি বলে। আরেকটা সি.পি.এম—হাইকোর্টের একজন জাজ জাস্টিস রুমা পালের আঁচলের তলায় আশ্রয় নিয়ে ওয়াকফ কেলেংকারী থেকে বাঁচাবার চেষ্টা করছেন। মোস্তাফা বিন কাশেম সাহেব সেটা বলতে পারবেন। আমি আজকে মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই যে আপনি এই পুরো ব্যাপারটা, ওয়াকফ নিয়ে যে কেলেংকারী হয়েছে—সেটা সি.বি.আই এর হাতে তুলে দিতে রাজি আছেন কি না। দ্বিতীয়ত আমার এখানে দাবি যে, হুদা সম্পর্কে সবচেয়ে বেশি অভিযোগ উঠেছে স্বজন পোষণ, দূর্নীতি, নেপোটিজমের। যদি চন্দ্রস্বামীর জায়গা তিহার জেলে হয়, তাহলে হামিদুল হুদার জায়গা আলিপুর সেন্ট্রাল জেলে হওয়া উচিত এবং তার সঙ্গে সমস্ত সম্পত্তি অ্যাটাচড্ করা উচিত। অথচ জাস্টিস ডিমান্ড দিস আমরা এই যে আজকে আলোচনা করছি, দয়া করে করছি না। ডিসেম্বর মাসে রিপোর্ট সাত মাস পরেও আপনারা দেন নি। এই হাউসে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী আপনাদের মন্ত্রিসভার লোকেরা বলেছেন আমরা পি.কে. সেনগুপ্তর রিপোর্ট দেব না। বাইরে বসে বয়কট করে, পাবলিক ওপিনিয়ন রাউস করে

আমাদের এই রিপোর্ট লে করাতে বাধ্য করতে হয়েছে। এই ট্রাংকেটেড রিপোর্ট আমরা আদায় করে নিয়েছি। এটা আপনাদের থেকে আমরা দয়া করে পাইনি। তাই আজকে এই ডিবেট হচ্ছে এটা মনে রাখা দরকার। আজকে আপনাদের সকলের উদ্দেশ্যে বলতে চাই যে ওয়াকফ সম্পত্তি যা কলকাতায় আছে, টালিগঞ্জ ক্লাবের ২২০ বিঘা থেকে শুরু করে রয়্যাল ক্যালকাটা গলফ ক্লাব শ' ওয়ালেস, তিন নম্বর গ্রান্ট স্ট্রিট এবং যে প্রপার্টিগুলো আমরা ডিসকাশ করব এই প্রপার্টিগুলো যদি এক জায়গায় করে এর প্রপার ইউটিলাইজেশন হয় তাহলে পশ্চিমবঙ্গে [illegible] একটা মুসলিম বাচ্চা ছেলেরও শিক্ষার অসুবিধা হবে না। এ রাজ্যে মুসলিম ওয়াকফ [illegible] নিয়ে মুসলিমদের জন্য মেডিক্যাল কলেজ এবং ইউনিভার্সিটি তৈরি করা যেতে [illegible] সম্পত্তি এখানে আছে। এই সম্পত্তির আপনারা নয় ছয় করেছেন। আল্লার সম্পত্তি [illegible] পাপ হবে কি না হবে তা আপনারা বুঝবেন। আমি ধার্মিক নই; আমি বলতে পারব না। আমি আপনাদের কাছে একটা কথা বলতে চাই যে পি. কে. সেনগুপ্ত আমাদের অ্যাপয়েন্টেড জুডিশিয়াল সেক্রেটারি নন। It is an administrative report. যে রিপোর্ট [illegible] মাসে [illegible] তা কমপ্রিহেনসিভ হতে পারে না। রুমা পালের জাজমেন্টে আছে, আপনারাও [illegible] হাজার ওয়াকফ সম্পত্তি আছে। তার মধ্যে ১৬০টি বেআইনি লেন-দেন হয়েছে এবং [illegible] মধ্যে উনি বলেছেন যে, ৭টি প্রপার্টি উনি থরোলি নিজে একজামিন করেছেন। এই সময়ে এর চেয়ে বেশি সম্ভব ছিল না। আপনি বললেন ৭টা কেন? তার কারণ, আপনি হাঁড়ির ভাত সিদ্ধ হয়েছে কি না জানার জন্য পুরো হাড়ির ভাত টিপে দেখবেন না, একটা দানা টিপলেই বোঝা যাবে হাড়ির ভাত সিদ্ধ হয়েছে কি না। তাই পি. কে. সেনগুপ্ত যেটা বলেছেন সেটাই আমরা বার বার বলার চেষ্টা করছি। এই ওয়াকফ বোর্ডের সঙ্গে সমস্ত মন্ত্রী যুক্ত—একথা আমি বলছি না। আমি বলছি কার বা কাদের প্রশ্রয়ে এই ওয়াকফ বোর্ড একটা দুর্নীতির পীঠস্থান হয়ে দাঁড়িয়ে ছিল এবং যেটা বলেছেন It appears that everything was done in a close circuit and all these facts have expressed the dealing to charges of nepotism, corruption and mal-practice. এই স্টেটমেন্ট মাননীয় মুখ্যমন্ত্রীর খারাপ লেগেছে। সেজন্য উনি নিজে এত বছরের মুখ্যমন্ত্রী হয়ে ওনার হায়ার জুডিশিয়াল সার্ভিসের একজন সিনিয়র মোস্ট অফিসারের রিপোর্টের ব্যাপারে যদি বলেন ভেগ [illegible] সেলফ কন্ট্রাডিকটরি তাহলে তো মুখ্যমন্ত্রীব রেকমেন্ডেশন করা উচিত [illegible] যে, such a person should be dismissed from the service. আপনি বলুন কোনটা সত্যি? এই মানুষ যদি এতই অযোগ্য হয়, এত খারাপ রিপোর্ট দিয়ে থাকে তাহলে আপনি রেকমেন্ড করতে পারবেন। আপনি বুঝতে পারছেন ব্যুরোক্র্যাসি অফিশিয়ালি মোরেলের উপর আপনি কি এফেক্ট করছেন। কোথায় উনি অসত্য কথা বলেছেন? কোন পয়েন্ট যা আপনি বলছেন উনি কভার করতে পারেন নি। উনি বলেছেন অনেক জায়গায় মাতোয়াল্লি কোয়ালিফায়েড নয়। মাতোয়াল্লি কোয়ালিফায়েড নয় বলে সম্পত্তির রক্ষণাবেক্ষণ হচ্ছে না। আমি বলি নি, পি. কে. সেনগুপ্ত বলছেন। পি. কে. সেনগুপ্ত বলেছেন টালিগঞ্জ সার্কুলার রোডের প্রপার্টির ব্যাপারে যে—একজন মাতোয়াল্লি, বেআইনি ভাবে, সেখানে আগাম টাকা নিয়েছিলেন। পি. কে. সেনগুপ্ত বলেছেন যে, ১৫ বছর অডিট হয় নি। কার দোষ? এটা বলেছিলেন বলে মুখ্যমন্ত্রী তাঁকে ক্রিটিসাইজ করবেন? পি. কে. সেনগুপ্তর রিপোর্ট—৬ মাস ধরে—ইউ শ্যাড সিট অন ইট—আপনি হঠাৎ স্টেটমেন্ট করলেন। হোয়াট ইজ দি ফ্যাক্ট? ওয়াকফ বোর্ডের

কথা চলছিল। এটা আজকের ব্যাপার নয়। সংবাদপত্র ধারাবাহিক ভাবে ৬-৭ মাস ধরে লিখেছে। আমি পশ্চিমবঙ্গের সংবাদপত্রগুলোকে ধন্যবাদ জানাই যে দে ওয়ার ফার্স্ট টু এক্সপোজ দি ওয়াকফ স্ক্যানডাল। আমরা রাজনৈতিক দল হিসেবে গ্রহণ করেছি এবং সে ব্যাপারে এনকোয়ারি বোর্ড করেছি। অন্তত সংবাদপত্রগুলো দিনের পর দিন লিখেছে কি ব্যাপার হচ্ছে। ওয়াকফ বোর্ড একটা বড় বোর্ড এবং আইন অনুসারে সেখানে ৩জন এম. এল. এ. আছেন। কিন্তু ওয়াকফ বোর্ডের সঙ্গে যে এম.এল.এ.-রা যুক্ত আছেন তাঁরা হেরে যান, তাঁরা সবাই [***]। শীষ মহম্মদ, নাজমুল হক, তোয়াব আলি, নবাব জানি মির্জা সবাই [***]। এই ৪ জনেই হেরে গেছেন গতবারে। (এই সময় রুলিং পার্টির কিছু মেম্বার [**] কথাটার জন্য প্রতিবাদ করতে থাকেন) ওঁদের এলাকায় পৌঁছে গেছে যে ওঁনারা ওয়াকফ কেলেংকারির সঙ্গে যুক্ত। আমি আপনাদের বলছি ঐ কথাটা কোনও খারাপ কথা নয়, কোনও আনডেমোক্রেটিক কথা নয়, আনপার্লামেন্টারি কথা নয়। আমি যেটা বলছিলাম যে এম.এল.এ.রা ব্যস্ত—মফস্বলের এম.এল.এ.। আমি ওয়াকফ বোর্ডের ব্যাপারে যে কথা বলছিলাম—একটা ৫ জনের সাব কমিটিতে রূপান্তরিত হয়েছিল। সেই ৫টা লোক কিভাবে ওয়াকফ সম্পত্তি লুট করেছেন, নেপোটিজম করেছেন, স্বজনপোষণ করেছেন তার অসংখ্য একজাম্পল উনি তুলে ধরেছেন।

[6-40—6-50 P.M.]

যে হামিদুল হুদার কথা বললাম, তার মেয়ে তারিকুয়া বারি, তিনি হচ্ছেন বি.এ. পাশ, টেকনিক্যাল ট্রেনিং ইনস্টিটিউশনের অফিসার ইন চার্জ। আসাদুর রহমান, যিনি আগে ওয়াকফ কমিশনে ছিলেন, ওয়াকফ বোর্ডের মেম্বার ছিলেন—মেহবুব জাহেদির জামাই, তিনি ভগ্নিপতি, তার মেয়ে শিলা নাসের হচ্ছে সুপারিনটেন্ডেন্ট অফ গার্লস হোস্টেল। যারা ওয়াকফ বোর্ডের মেম্বার, তাদের মেয়েরা চাকরি পাচ্ছে, আর, বাংলায় চাকরি পাবার কেউ যোগ্য নেই? কিন্তু আসল জায়গায় আপনি দেখুন, রুমা পালের জাজমেন্টে কি বলেছে। রুমা পালের জাজমেন্টে উনি বলে দিয়েছেন—আমি লিমিটেড, আমার জুরিসডিকশন খুব লিমিটেড। যা আমি স্টাডি করছি, এরা উইদিন দা লিমিটস। উনি বলছেন, দি কোর্ট ইজ লিমিটেড টু কনসিডারিং হোয়েদার দি পাওয়ারস কনফার্মড অন দি স্টেট গভর্নমেন্ট হ্যাভ অর হ্যাভ নট বিন এক্সারসাইজ। উনি মেরিট অফ দা কেসে যান নি। কিন্তু এখানে কেসগুলো রয়েছে, দুর্নীতির কেস। এইগুলো তো শ্রীমতী পাল স্টাডি করেন নি। রডন স্ট্রিটে, লাউডন স্ট্রিটে ৮।১।২, ১৪ কাঠা ২০ স্কোয়ার ফিট—ওখানে বাজার দর হচ্ছে ১৫ লাখ টাকা। দাম হওয়া উচিত ২ কোটি ১০ লাখ টাকা। কত তে সেটেল্ড হয়েছে দিলীপ সিং মেহেতার সঙ্গে আর.এল.গগ্গরের মাধ্যমে? ১১ লাখ টাকা দেবেন আর তিন লাখ টাকা মুসলিম গার্লস হোস্টেলে দেবেন। এটাও বিচিত্র যে, একটা সরকার, তারা মুসলমান মেয়েদের জন্য করবে না, প্রোমোটারদের থেকে চাঁদা তুলে মুসলমান মেয়েদের ব্যবস্থা করতে হবে। সরকার চিঠি লিখে দিয়েছে, জাজমেন্টে, কোটেড আছে, যে, আমরা ১৫ লাখ টাকা দিতে পারব না, মুসলমান মেয়েদের জন্য জায়গা নেই, যাও তোমরা কলকাতায় চোর প্রমোটারদের কাছে। পার তো ধর, তাদের

Note : ** Expunged as order by the chair.

কাছ থেকে চাঁদা নিয়ে মুসলমান মেয়েদের দেখ। আমাদের মুসলমান মেয়েদের এই লজ্জার মধ্যে দিয়ে যেতে হবে। এটা আপনারা বুঝে দেখুন। এবং সেখানে কি হচ্ছে ৩ লাখ টাকা দেবে মুসলমান গার্লস হোস্টেলে, ১১ লাখ টাকা দেবে প্রিমিয়াম। তিন হাজার টাকা ভাড়া দেবে, ৯৯ বছরের লিজ। দু' কোটি ১০ লক্ষ টাকা যে জমির দাম, সেটার জন্য পাচ্ছে—১১ আর ৩, ১৪ লাখ টাকা আর ৩ হাজার টাকা মাসিক রেন্ট—মানে বছরে ১ লাখ টাকা। তাহলে ১৫ লাখ টাকা। তাহলে লস হচ্ছে ১ কোটি ৯৫ লক্ষ টাকা। নেক্সট—৪৮ ঝাউতলা রোড নিয়ে। জাস্টিস হাজারির বিরাট সমর্থক একজন, তিনি তুললেন যে, ৪৮ ঝাউতলা রোড, ২৬ কাঠা জমি। আমি কম করে ধরছি, যদি ১০ লাখ টাকা কাঠা হয়, তাহলেও ২ কোটি ৬০ লাখ টাকা হচ্ছে তার দাম। ধারিওয়াল এটা কত তে পেল? ধারিওয়াল পেল ২৬ লাখ টাকায় আর তার সঙ্গে তাকে মুসলিম উইমেনস্ গার্লস হোস্টেলে কিছু চাঁদা দিতে হ'ল। ২ কোটি ৬০ লাখ টাকার প্রপার্টি ২৬ লাখ টাকায় বিক্রি হচ্ছে। লুঠ নয়? আপনারা সি.পি.আই.(এম.)-এর লোক, চুপ করে মুখ বন্ধ করে আছেন। সবাই তো শেয়ার পাননি, কেন আপনারা প্রতিবাদ করছেন না? আমরা তো আপনাদের বিবেক জাগ্রত করতে চাই। আপনারা ভাবুন, এই যেটা হ'ল। সেনগুপ্ত তো এটুকুর উপর বলেছেন দুর্নীতি। এই যে একটা ৪১।৪২ কলিন স্ট্রিট, যেখানে বাড়ি তৈরি হয়েছে, সেখানে সামিমুল হুদা—৬৬ স্কোয়ার ফিট, আকিকুল হুদা—৬০০ স্কোয়ার ফিট, হাকিকুল হুদা—৫০০ স্কোয়ার ফিট, আবার আকিকুল হুদা—ইস্টার্ন হাফ অফ টেরেস, আবার নিচে একটা দোকান—আকিকুল। তাহলে কি হুদার পরিবারকে রক্ষা করার জনাই ওয়াকফ বোর্ড? ৫টি ফ্ল্যাট ফ্যামিলির ৫ জন পেল। একজন দোকান পেল। আবার মেয়ে মুসলিম ট্রেনিং ইনস্টিটিউশনের চাকরি পেল। কার ক্লোজ আমি বলতে চাই না। শুনলাম অনেক ইরাণ সোসাইটি—টোসাইটি বলেছে, আমি বলতে চাই না। কিন্তু কি করে হয়? আর, আপনারা প্রতিবাদ করছেন না। আবার তারপর—বৌ, একটা মার্কেট স্ট্রিটে আমি দেখেছি যে, দোকান পেয়ে যাচ্ছে ৬০ টাকা ভাড়ায়—মুসতারী বেগম। মানে, এ তো হুদা বংশ চরিত্র। মুসতারি বেগম ১৭০ স্কোয়ার ফিট পাচ্ছেন ৬০ টাকা মাসিক ভাড়ায়। কি মুস্তাফা বিন্ কাশেম সাহেব, মার্কেট স্ট্রিটে এরকম পাওয়া যায় না কি, ১৭০ টাকা ভাড়া? আরও বোধ হয় ২ হাজার টাকা মুসলিম গার্লস হোস্টেলে ডোনেশন দিচ্ছে। লুঠ নয়? ডাকাতি নয়? এর পরেও আপনারা বলবেন আমাদের সাথে তারপর দেখুন, এই ৩৩ থিয়েটার রোড, বিক্রি করে দিলেন আপনি স্বস্তিক প্রোজেক্টকে। সব মহৎ আপনারা, পুঁজিবাদি পেয়েছেন, স্বস্তিক প্রোজেক্টকে বিক্রি করে দিলেন। কি করেছিলেন সেখানে? ৭৫ বছরের লিজ, উইথ অ্যান এক্সটেনশন ফর ২৪ ইয়ারস্। ৯৯ বছরের লিজ। আবার ঐ থিয়েটার রোডের জমিটা ইনকাম ট্যাক্স থেকে অ্যাসেস করে দেখেছে ১৫ লক্ষ টাকা। সেই জায়গায় ও পেয়েছে, ২২ কাঠা ৩ ছটাক। তার বিনিময়ে দি লিজি হ্যাজ এগ্রি টু ডোনেট টু লাখস টু দি মুসলিম গার্লস হোস্টেল। তারপর আবার একটা, সবুজান বিবি ওয়াকফের স্টেট, ব্রাইট স্ট্রিটে। সেখানে ১ লক্ষ ৫০ হাজার টাকা দিয়ে, ডিস্ট্রিক্ট জাজ-এর কাছ থেকে পারমিশন না নিয়ে করা হয়েছে। সেখানে কয়েক লক্ষ টাকা লুঠ করা হয়েছে। সি.বি.আই. তদন্ত ছাড়া এই লুঠ কেউ বের করতে পারবে না। আপনারা আজকে আমাদের সঙ্গে গলা মিলিয়ে সি.বি.আই. তদন্তের দাবি করুন।

মিঃ স্পিকার ঃ 'ভোগে গেছে' কথাটা বাদ যাবে।

**Shri Atish Chandra Sinha :** Sir, today is a very important day in the annals of the Bidhan Sabha debate. Sir, this is for the first time that we have been successful from the Congress party in the last 19 years to compel the Government to submit a report, an administrative report, in the House which we are discussing today. Sir, it is very unfortunate that our Hon'ble Chief Minister has chosen to criticize the report of his Judicial Secretary, Mr. P. K. Sengupta in no uncertain terms. He has said that this report is vague, perfunctory, inconsistent and self-contradictory on the material aspect and as such it does not warrant any action on the part of the Government. He has also said that the report violates principle of natural justice and the rule of law etc.

Sir, what is the message that the Hon'ble Chief Minister wanted to convey to the bureaucracy? He has wanted merely to say to the bureaucracy that if in future the Government orders an enquiry, which the Government does very seldom, and if the report is not in favour of the Government then that particular unfortunate gentleman, he may be in the bureaucracy, would be severely condemned by the Government. Sir, can we expect from the Opposition side that in future any administrative report would go against the Government? Nobody would have the courage enough to submit any report which will speak against the Government or those who are in power. That is the message that the Hon'ble Chief Minister has wanted to convey by the initial remarks that he has made before he submitted the report in the House. This is very unfortunate and we think that he should have avoided.

Now severe criticism of Mr. P. K. Sengupta came out in the paper. The day after that there was a statement also from the Chief Minister which came out in the paper that whether Mr. P. K. Sengupta has done right thing. What can he do? Whatever he has found he has given in his report. He has tried to mollify the severe criticism that he had made on the first day during laying of the report. This is not a very healthy sign. And I would request you, Sir, that in future such remarks from the Chief Minister should be avoided when laying a report.

Now, Sir, we think that the Chief Minister wanted to hide when he laid the report and when he found that it is going against the Government, severe criticism of the Wakf Board has been made.

[6-50—7-00 P.M.]

He wanted to nullify that by citing a High Court case, which if you go through you will find that it has nothing to do with the mal-functioning

of the Wakf Board. What is the judgement? What is the material about the case? The case was instituted, as you all know, by Mr. Kutubuddin Ahmed. Two persons were the petitioners-one was Mr. Kutubuddin Ahmed and the other was Md. Haniff, son of late Md. Ajimuddin of 27-C, Bright Street. Now, Sir, the second petitioner was never found in his address. So half of the petitioners has gone. So, as you know, in a case, if somebody institutes a case, if somebody is a petitioner, and if he is not found in his address in the case, then the case is automatically lost. In this particular case, since one of the petitioners was not found in his address, half of the case was lost itself. The first one, namely, Mr. Kutubuddin Ahmed was an interested person. As you know, he was the contractor of that Muslim Hostel. He had submitted an inflated bill to the Wakf Board for payment. He was also paid a hefty sum. But he was not paid in full. He had some arrears and that arrear was not paid by the Wakf Board. So he had a grudge against the Wakf Board. He hid that point. He did not disclose that point at all when he instituted the case in the High Court in Justice Ruma Pal's Court. When the argument was on, the other side of the government, the Wakf Board, and the Wakf Commissioner—they pointed out this lacuna and also this deficiency on the part of the petitioner, namely, Mr. Kutubuddin. Naturally, it was found by the Justice that the case was out of a grudge. The case had nothing to do with public litigation, the case had nothing to do with the working and the misdeeds—the Wakf Board has done. Therefore, Justice Ruma Pal had no other alternative than to dismiss the case. That was so. Then how can the Chief Minister cite this case for making the whole allegation of this or of our party or the report of Mr P K. Sen Gupta to nullify the report? He cited the case of Mr. Kutubuddin Ahmed which actually had nothing to do that the functioning of the Wakf Board was not in the real sense of the term. Sir, what we have found? A number of instances have been given in which the properties worth crores of rupees have been sold for a son. Our Hon'ble Member, Shri Mustafa Binquasem, he wanted to point out—I don't know where he has gone—that only seven cases out of 160 were cnquired into by Mr. P. K. Sen Gupta. We should not forget that he was given only one month's time to submit the report which of course he could not do because he had to undergo a number of papers and had to enquire into different matters. He took three months before he could submit the report and he went into only seven cases. We would welcome from this side, if the details of the 160 cases have enquired into and put before us. You will find-more cases of nepotism, more cases of selling of the properties for a son, would come into light. This is the main contention, this is the main objection from our side that this Wakf Board has permitted, this Wakf Board has given the per-

mission to the Mutwallis to sell properties without seeing whether the sale or the lease is for any legal necessity for the Wakf Board and also whether the price the building or the property is fetching is proper or not?

No advertisement in the papers were given. No tenders were called and most of the properties worth crores of rupees were sold for a paltry sum and some donations in some cases were taken for the Muslim Girls' Hostel. Curiously enough, he was saying he has cited the judgement of Hon'ble Justice that nobody has objected to the donations that has been asked for Muslim Girls' Hostel. Now if some promoter gets a property worth crores of rupees for one lakh or two lakhs why should he object in giving one more lakh to the Muslim Girls Hostel. Nobody would object to this donation if he gets a much bigger property for a song. Naturally nobody objected. This is very natural. Therefore, Sir, we think that a complete set of enquiry should be done about all 160 cases. We welcome that. This can only be done if a proper CBI enquiry can be done. We would request the Hon'ble Chief Minister to accede to our demand in order to remove all the doubts that have arisen in the minds of all the people of India. A CBI enquiry be called for and instituted to look into the Wakf properties in West Bengal so that the real thing comes out. I don't mind if the enquiry is put even further back even into our times. Somebody had said that such and such things had happened in our time. We do not mind that. But we demand that without a proper CBI enquiry no truth will come out. No judicial enquiry by a retired judge will bring out the truth. No retired judge would have the courage enough just as no future bureaucracy will have the courage enough to give any report against the Government. We think in independent enquiry either by a sitting judge or a CBI enquiry will satisfy the people of West Bengal. That is the only alternative and that is our main demand. We hope that the Government will accede to our demand. With these words I conclude. Thank you for giving us this opportunity.

**শ্রী মহঃ আমিন ঃ** এক ফোঁটা রক্ত, এত লাফালাফি। মি. স্পিকার, স্যার, আজকে আমরা ওয়াকফ নিয়ে মিঃ পি. কে. সেনগুপ্তর রিপোর্ট এবং হাইকোর্টের একটা জাজমেন্টের ভিত্তিতে আলোচনা করছি। আমি সমস্ত মাননীয় সদস্যের বক্তব্য খুবই মনোযোগ দিয়ে শুনেছি। আশা করি মাননীয় সদস্যরা আমার কথাও একটু শুনবেন। না শুনলে ডিবেট হয় না। স্যার, আমরা কিছু অভিযোগ পেয়েছিলাম। এই অভিযোগগুলি এসেছিল গত সেপ্টেম্বর মাস থেকে ডিসেম্বর মাসের মধ্যে। এই অভিযোগ যাঁরা করেছিলেন তাঁদের মধ্যে কংগ্রেসের দু'জন

[7-00—7-10 P.M.]

প্রমিনেন্ট নেতা, শ্রী সোমেন মিত্র এবং ডাঃ জয়নাল আবেদিন—যিনি এর আগের বিধানসভায়

অপোজিশন নেতা ছিলেন। কাজেই অভিযোগ পেয়ে সরকার তদন্ত করবেনা, এ তো হতে পারে না। তদন্তের নির্দেশ দেওয়া হল। সরকারের ইচ্ছা তার থেকে প্রকাশিত হয়েছে। কিন্তু স্যার, আমি আপনাকে বলতে চাই যে, ৭টা কি ৮টা অভিযোগ এসেছে বিভিন্ন জায়গা থেকে। ডেট-টেড সবই আমাদের কাছে আছে। কিন্তু যেটা বিচার্য বিষয়, আগস্ট থেকে ডিসেম্বর মাসের মধ্যে এল কেন? তার আগে আসেনি এবং তার পরেও আসেনি। দিজ ইজ ভেরি ইমপর্টান্ট পয়েন্ট। আপনারা বলছেন অনেকদিন ধরে গোলমাল হয়েছে। আগে কেউ কিছু বলেনি। একমাত্র সুপ্রীম কোর্ট জানতে চেয়েছিল এপ্রিল মাসে, সরকারের কাছে চিঠি এসেছিল। তার জবাব আমরা দিয়ে দিয়েছি। এছাড়া যে অভিযোগগুলো এসেছে সবই আগস্ট টু ডিসেম্বর। This was the time when the general elections were approaching and one after another sensational issues were revealed and the Congress party was in a total disarray. কংগ্রেসের পায়ের তলা থেকে মাটি সরে যাচ্ছিল, কি করবেন? সেইজন্য ইলেকশনের আগে এই কথাটা তোলা হল ওয়াকফে গোলমাল আছে এবং ১ হাজার কোটি টাকার মতন তছনছ হয়েছে এই থিয়োরি দেওয়া হল। আজকে আবার শুনলাম, ২ হাজার কোটি টাকার মতন গোলমাল। আমার আশ্চর্য লাগছে, আমি খুঁজে পাচ্ছি না ১ হাজার কোটি টাকার হিসাব কি করে এল? (গোলমাল) ভ্যালুয়ার দিয়ে হবে, সবই হবে, সবাই ধরা পড়বে, কেউ ছাড় পাবে না, এত ব্যস্ত হবেন না। Only thing I would request you is to listen to me. এই ১ হাজার কোটি টাকার যে থিয়োরি It is a fantastic nonsense imagination and nothing else. এখানে আপনারা বলেছেন ১৬ হাজার রেজিস্টার্ড ওয়াকফ্ প্রোপার্টি আছে। এখন এটা ২০ হাজারও হতে পারে। অ্যাকচুয়্যাল কত এই সংখ্যাটা কেউ বলতে পারবে না। সরকারের কাছে এইরকম কোনও রিপোর্ট নেই। এর কারণ হচ্ছে, In course of time hundreds of Wakf properties are eliminated. সুতরাং কি করে বলবেন এত আছে? এবার আমরা শুরু করেছি সার্ভের কাজ। টোট্যাল সার্ভের কাজ হাতে নেওয়া হয়েছে। এটা ৬ মাস লাগুক কিম্বা ১ বছর লাগুক সব জানা যাবে কত সম্পত্তি আছে এবং তার কি ভ্যালুয়েশন। কথা হচ্ছে, যে বিষয়ে আমরা একমত হতে পারি, ওয়াকফ প্রোপার্টির অবস্থা সন্তোষজনক নয়। An effort should be made from all quarters to improve it. That is the main point. এখানে আপনারা একমত হতে পারেন। তারপর ওয়াকফের কার্যকলাপ নিয়ে প্রশ্ন যদি থাকে তাহলে সার্ভের কাজ হয়ে যাক, ইন দি মিন টাইম ট্রাইবুনাল বসবে। যে কোনও অ্যাগ্রিভড পারসন সেখানে যেতে পারে। ডিসপিউট হলে নিষ্পত্তি হয়ে যাবে এবং নিউ ওয়াকফ বোর্ড হবে প্রভিসন অনুযায়ী। এই ৩টি কাজ হয়ে গেলে পথ পরিষ্কার হয়ে যাবে। যে সমস্ত অভিযোগ করেছেন এভরিথিং হ্যাজ গন অন রেকর্ড। (গোলমাল) আমি পার্লামেন্টে অনেক ডিবেট দেখেছি, কিন্তু এইরকম দেখিনি। আপনারা যখন বললেন তখন আমরা শুনলাম। এবার আমরা যখন বলব তখন আপনাদের শোনা উচিত। এত ডিসটার্ব করা উচিত নয়। এখানে স্যার, আমার কথা হচ্ছে, এই কনফিউশনটা বাড়িয়েছে অনেক Interested quarters including a section of the press.

(গোলমাল)

আমি জানি, প্রেসের অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা আছে পার্লামেন্টারি ডেমোক্রাসিতে, তাদের একটা রোল আছে। In fact press has carried out that role.

অনেক উপকার হয়েছে দেশের। Journalism is a very good job with which I have been associated for a long time. Economic Times.

কিন্তু স্যার, আমি একটা উদাহরণ দিচ্ছি। ১৮ তারিখে ইকনমিক টাইমসে একটা খবর বেরুল। খবরটা হচ্ছে, The West Bengal Wakf Board has sought permission from the State Government to carry out criminal proceedings against Mr. Hashim Abdul Halim, the Speaker and some other L.F. leaders for their alleged involvement in Rs. 1,100 crores Wakf Scandal. Very serious matter.

এই হাউসের যিনি স্পিকার, যিনি গার্জেন তার বিরুদ্ধে এরকম একটা সুইপিং অভিযোগ চার কলমে হেড লাইন করে ইকনমিক টাইমসে বেরুল।

(গোলমাল)

আমি তার বিরুদ্ধে একটা কনট্রাড্রিকশন দিলাম ২০ তারিখে। প্রেস কনফারেন্স ডেকে আমি সেখানে বললাম, My attention has been drawn to a news appearing in certain newspapers that Wakf Board has asked for permission of the State Government to prosecute the Hon'ble Speaker of the West Bengal Legislative Assembly, Shri H.A. Halim in connection with alleged illegal transactions in Wakf properties. I am constraint to say that this news is wholely baseless. There is not even an iota of truth in this allegation. I am not aware of any such request or proposal from any quarter for permission or sanction to launch prosecution against Mr. Halim. At present there is no Wakf Board in this State.

তার এক লাইনও তারা ছাপাল না। কয়েকটা কাগজে অবশ্য সেটা বেরুল কিন্তু যে কাগজ বড় বড় করে এরকম একটা ড্যামেজিং নিউজ ছাপাল তাদের একটা মর‍্যাল রেসপনসিবিলিটি ছিল আমার কথাটাও ছাপান যাতে লোকের মনে কনফিউশন এলে সেটা দুর হয়ে যায়। এইভাবে জিনিসটা ঘোলাটে করা হয়েছে, খারাপ করা হয়েছে। এইভাবেই একটা সন্দেহের তীর মিঃ পি. কে. সেনগুপ্তের রিপোর্ট নিয়েও তৈরি করার চেষ্টা হল। ২৫ তারিখে প্রশ্নোত্তরের সময় আমি বলেছিলাম, এটা একটা ডিপার্টমেন্টাল এনকোয়ারি, ডিপার্টমেন্টাল এনকোয়ারির রিপোর্ট হাউসে পেশ করা হয়না। এখানেও হয়না, লোকসভা, রাজ্যসভাতেও হয়না। এই নিয়ে আর্গুমেন্ট চলল। আমরা ভাবলাম, এটা পেশ না করলে লোকের মনে সন্দেহ দেখা দিতে পারে কিছু গোপন করার চেষ্টা হচ্ছে কি না, সেটা যাতে হয় সেইজন্য আমরা সেটা পেশ করে দিলাম। পেশ করে দেবার পর ওদের অবস্থাটা খারাপ হয়ে গেল। ওরা আর কিছু বলতে পারছেন না। গলার জোর দিয়ে তো সব কিছু হয় না।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** মিঃ সিনহা, এইভাবে কি চলবে? You have made your submission. Now let the Minister make his submission. What is the problem. মিনিস্টারের কথা তো আপনাদের শুনতে হবে।

**শ্রী মহম্মদ আমিন ঃ** স্যার, এই পি. কে. সেনগুপ্তের রিপোর্টের মধ্যে ৪টি অভিযোগ আছে। সেখানে এমন কিছু কথা আছে যেটা ঠিক আবার এমন কিছু কথা আছে যেটা বেঠিক। আমাদের গভর্নমেন্ট একথা বলেছেন যে, The Government Officers are at liberty to give their opinion on the file. But at the same time the Government is also at liberty to accept it or not to accept the report. That is the procedure to the Government. সেজন্য সেনগুপ্ত কমিশন যা বলেছেন তার সঙ্গে এক মত না হলে বলা যাবে না যে এই জায়গায় আমরা একমত নই? তিনি বলেছেন যে ক্লোজ সার্কিট কাজ করেছে, ডোনেশন নেওয়া হয়েছে এবং ওয়াকফ বোর্ডের মেম্বারদের কিছু আত্মীয়কে চাকুরি দেওয়া হয়েছে। এই সবই কোর্টের জাজমেন্ট আছে, গড়া হয়েছে, আমি রিপিট করতে চাচ্ছি না। কিন্তু কোর্টের ওপিনিয়ন, আর ডিপার্টমেন্টাল ইনকোয়ারি—এই দুটো যদি কমপেয়ার করতে হয় তাহলে কোর্টের জাজমেন্ট প্রিভেল করবে। জানলেন অ্যান অ্যাপীল ইজ প্রিফার্ড এগেনস্ট জাজমেন্ট কাউকে কিছু বলার অধিকার সেদিক থেকে থাকে না। অ্যাট দি সেম টাইম ওয়াকফ বোর্ড কিছু ভাল করেছে, সেটা ওরা স্বীকার করতে চাচ্ছেন না। আমার কাছে যে হিসাব আছে তাতে মুসলিম অরফ্যানদের ৫ লক্ষ টাকা এই বোর্ড দিয়েছে। ইসলামিয়া হাসপাতালের জন্য ২ লক্ষ ১৫ হাজার টাকা সাহায্য করেছে। পাঁশকুড়া মুসলিম অরফ্যানদের জন্য ১ লক্ষ টাকা দেওয়া হয়েছে। তারপর মুসলিম বয়েজ অ্যান্ড গার্লস স্টুডেন্টসদের জন্য ৮ লক্ষ ৭১ হাজার টাকা দিয়েছে। এই সব কাজ ওয়াকফ বোর্ড করেছে।

(গোলমাল)

পি. কে. সেনগুপ্ত তার রিপোর্টে একথা বলেছেন যে, যে সমস্ত সম্পত্তি হস্তান্তর হয়েছে তার কতকগুলি কারণ আছে। কারণগুলি কি? (১) ওয়াকফ এস্টেটের কোনও ইনকাম নেই, চালাতে পারছে না। (২) পুরানো টেনেন্ট যারা ৫০।৬০ বছর ধরে আছে, তারা সেখানে রেন্ট দিচ্ছে ৫০, ৬০, ১০০ টাকা করে, তাতে চালানো যায় না। (৪) বহু ওয়াকফ সম্পত্তি এমন আছে যেগুলি এনক্রোচ হয়েছে, জবরদখল হয়েছে, মাতোয়াল্লি উইক, তারা কিছু করতে পারেনি। এই সব নানা কারণ আছে। যখন ইনডিভিজুয়ালি এক একটা প্রোপার্টি নিয়ে ডিটেলস রিভিউ করা যায় তখন বলা যাবে যে কোনটায় কি হয়। **(এ ভয়েজ ফ্রম অপোজিশন ঃ- সি.বি.আই-কে দিয়ে তদন্ত করান)** সি.বি.আই তো আপনাদের এক মন্ত্রীকে ধরে জেলে ঢুকিয়ে দিল। সুপ্রীম কোর্ট রাজ্য সরকারের কাছ থেকে জানতে চেয়েছিল, আমরা জবাব দিয়েছি। সুপ্রীম কোর্ট যদি মনে করেন যে সি.বি.আইকে দিয়ে তদন্ত করার প্রয়োজনীয়তা আছে তাহলে তারা দেবে। আমরা সমস্ত কাগজ-পত্র পাঠিয়ে দিয়েছি।

(প্রচন্ড গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** ওনাকে বলতে দেবেন, না এইরকম চলবে।

**শ্রী মহঃ আমীন ঃ** স্যার, এদের অবস্থা হচ্ছে, নাচুঁগী और इधर भी रहुगा। य दाना चीज तो एक साथ नही हो सकता। আমরা বলেছিলাম যে পর্দা থাক। কিন্তু ওরা বললেন, পর্দাটা সরিয়ে দিন। পর্দা যখন সরে গেল তখন বেরিয়ে পড়ল ৩৩ নম্বর সেক্সপীয়ার স্মরণীর ঘটনা।

(প্রচন্ড গোলমাল)

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় স্পিকার মহাশয়, মন্ত্রী বলছেন, কিন্তু প্রতি মুহূর্তে ও পক্ষ থেকে চেঁচামেচি করা হচ্ছে। এটাই কি চলবে স্যার?

(নয়েজ অ্যান্ড ইন্টারপশন)

**শ্রী মহম্মদ আমিন ঃ** স্যার, ৩৩ নম্বর সেক্সপীয়ার সরণী সম্পর্কে কোর্টে মামলা হয়েছিল। সেই মামলার রিপোর্ট আমাদের কাছে রয়েছে। বেশি চেঁচামেচি করলে আমি কালকে সেটা প্রেসের কাছে দিয়ে দেব। কোনও চালাকি চলবে না। গায়ের জোরে কিছু হয় না বা গলাবাজি করেও কিছুই হয় না।

(তুমুল হট্টগোল)

তবে, মিঃ স্পিকার স্যার, ওয়াকফ নিয়ে যে বিতর্ক হয়ে গেল তাতে একটা লাভ হয়েছে যে, এর ফলে অনেক কথা বোঝা গেল। ওঁরা এক একটি প্রপার্টির কথা যা বলেছেন সেসব রেকর্ডে গিয়েছে। সেটা আমরা দেখে নেব। খোঁজাখুজি করলে তার থেকে অনেক কিছুই বেরোয়। ওঁরা সেটা বুঝতে পারছেন না।

(গোলমাল)

কোনও জিনিস গোপন করা যাবে না, কেউ কিছু গোপন করতে পারবেন না; সব বেরিয়ে যাবে। আমাদের সরকারের ইনটেনশন হচ্ছে বর্তমানে ওয়াকফ প্রপার্টিগুলি যে অবস্থায় রয়েছে তার উন্নতি বিধান করা এবং আইনে এ-সম্পর্কে যে সমস্ত বিধান রয়েছে সেসব আমরা প্রয়োগ করব এবং আমাদের বিশ্বাস, সকলের কোঅপারেশন যদি পাওয়া যায় ইনক্লুডিং দি অনারেবল মেম্বারস অফ দি অপোজিশন তাহলে এই অবস্থার পরিবর্তন করা যাবে, ওয়াকফ বোর্ড এই অবস্থা থেকে বেরিয়ে যেতে পারবে। থ্যাঙ্ক ইউ ভেরি মাচ।

**শ্রী জ্যোতি বসু ঃ** মিঃ স্পিকার স্যার, বলব যে, ওঁরা এত চেঁচালে কি করে বলব? মিঃ স্পিকার স্যার, After having heard the debates on this Report I see no reason to

modify my statement which I still stand by and adhere to. I would like to point out in passing that the Hon'ble High Court of Calcutta had discussed and considered the writ petition directed against the Wakf administration in West Bengal both on merit as well as maintainability and more specifically discouraged sustaining of allegations of irregularity against concerned matowallis, transferees and some of the members of the Board in their absence. This is the fundamental rule of natural justice and before levelling charges of nepotism, corruption and malpractices on the ground of leasing or transferring the Wakf properties to the detriment of the Wakf estate. I would have thought, the enquiry officer should have applied the same test as laid down in the High Court judgement—even though it was an administrative enquiry, and interviewed the concerned matowallies, transferees and the members of the Board as well as others. But not doing so, he acted on in-sufficient materials to say the least and not in conformity with the principles laid down in the High Court Judgement.

Wakf estates in West Bengal number 16000 and even those referred to in the Report number 160. The Report, however, chose to go by seven of them and there is no reason as to why the said seven qualified as a truly representative sample and by tending to generalize his findings on the basis of the truncated evidence of the said seven Wakf estates, the enquiry officer did not act rationally in the matter according to me. The High Court deprecated in the said judgement bandying of vague and speculative generalisations without particulars and that ration has apparently been lost sight of in the Report of the officer.

(noise and interruption)

(At this stage the Congress Members walked out of the Chamber)

The Report has characterized the transactions as product of close circuit decisions, contrary to facts on record. It is true that Sub-committee of the Board processed its recommendations initially, but then they were processed back to, and deliberated upon by, the Board, which unanimously approved of and endorsed the same as the statutorily endowed authority. The important thing which appears to have been missed out in the Report altogether is that the Board was headed as its statutory Chairman by the Commissioner of Wakfs, who at the relevant times was either a Senior Member of Higher Judicial Service or State Civil Service or a Secretary of West Bengal Legislative Assembly, against whose efficiency and integrity no aspersions have ever been cast. Indeed, one of the Commissioners at the relevant time was Shri A. Rahim Choudhury, presently a sitting Judge of Allahabad High Court and another is an Additional District Judge of Birbhum. Do the findings of nepotism, corruption and malpractices involve them as well? This is my question.

The Report seems to have been hastily prepared, within a fortnight, without

proper appreciation of the ratio of the High Court Judgement and without application of the principles of natural justice and without hearing the concerned matowallis and transferees, and members of the Board and other concerned persons. Now, a Board is being formed under the new All India Wakf Act. The term of the old Board has already expired.

However, in the wake of the apprehension and lurking suspicion even now expressed by a section of the members of this House, I have decided to refer the entire matter to a Judicial Enquiry under the Commission of Enquiry Act, 1952 to be headed by a sitting Judge of the Hon'ble High Court of Calcutta in respect of which the Hon'ble Chief Justice will be approached. The terms of reference in this regard shall be formulated accordingly.

**Mr. Speaker :** The debate stands closed.

## ADJOURNMENT

The House was then adjourned at 7-26 P.M. till 11-00 A.M. on Wednesday, the 10th July, 1996 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 10th July, 1996 at 11.00 A.M.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the chair, 14 Ministers, 11 Ministers of State and 174 Members.

[11-00—11-10 A.M.]

### Held Over Starred Questions (to which oral Answers were given)

#### তিস্তা প্রকল্প

*৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬।) **শ্রী আব্দুল মান্নান ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) তিস্তা প্রকল্পের কাজ কোন পর্যায়ে আছে;

(খ) ৩১শে মার্চ ১৯৯৬ পর্যন্ত উক্ত প্রকল্পের জন্য কত টাকা খরচ হয়েছে; এবং

(গ) তন্মধ্যে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের দেয় অর্থের পরিমাণ কত?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

(ক) প্রকল্পটির মূল অংশের কাজ—তিস্তা ব্যারেজ, মহানন্দা ব্যারেজ ও ডাউক ব্যারেজ এর নির্মাণ এবং মূল খালগুলির মধ্যে তিস্তা মহানন্দা লিংক ক্যানেল ও মহানন্দা মেন ক্যানেল এর নির্মাণ কাজ—সম্পূর্ণ হয়েছে। স্ট্রাকচারগুলো নির্মাণ অন্যান্য মূল খাল ও ক্যানেল খালগুলির কাজ আংশিকভাবে সম্পন্ন হয়েছে।

(খ) ৩১শে মার্চ ১৯৯৬ পর্যন্ত প্রকল্পটির জন্য প্রায় ৫৯৫.১৬ কোটি টাকা খরচ হয়েছে।

(গ) ৩১শে মার্চ ১৯৯৬ পর্যন্ত কেন্দ্রীয় অর্থ সাহায্য বাবদ ১১৬ কোটি টাকা পাওয়া গেছে এবং রাজ্যের অর্থভান্ডার থেকে প্রায় ৪৭৯.১৬ কোটি টাকা খরচ করা হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী

মহাশয় জানাবেন কি, কতটা কাজ হয়েছে আর কতটা আংশিক কাজ হয়েছে তার তথ্যটা আপনি জানাবেন। আমার প্রশ্ন হচ্ছে, কত পারসেন্ট কাজ হয়েছে আর বাকি কাজগুলি কবে শেষ হবে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** এক একটা স্ট্রাকচার এক একটা জায়গায় আছে, সুতরাং শতাংশ হিসাবে যদি আমাকে বলতে হয় তাহলে যেগুলি শেষ হয়ে গেছে সেইগুলি আমি আমার উত্তরে দিয়েছি। এছাড়া অনেকগুলি কাজ যেগুলি আমরা করতে পেরেছি সেইগুলি প্রথমত আমি সংক্ষেপে বললাম। এবারে ডিটেলসে আপনাদের অবগতির জন্য জানাচ্ছি, ৩টি মূল ব্যারেজ এর কাজ সম্পূর্ণ করেছি। তিস্তা, মহানন্দা ব্যারেজ, ডাউক ব্যারেজ। এছাড়া আপনারা সকলেই জানেন এটা বহুধা বিস্তৃত, ৬টি জেলার মধ্যে খাল খনন, মাইনর শাখা খনন এর কাজ যেগুলি আছে সেইগুলি চলছে। কয়েকশো কিলোমিটার দীর্ঘ ছয়টি জেলার মধ্যে দিয়ে যাবার সময় খনন কার্য করেছে। উত্তরবঙ্গ নদীমাতৃক দেশ অসংখ্য নদীনালার সম্মুখীন হতে হয়েছে এবং সেইরূপ বেশ কিছু জলবাহী নালা অনেকগুলো করতে হয়েছে। ইতিমধ্যে প্রায় সাতটি জলবাহী নালার কাজ আমরা সম্পূর্ণ করেছি। তবে অজস্র হেক্টরের কাজ আমরা ইতিমধ্যে সম্পন্ন করেছি। আমি মান্নান সাহেব এবং সকল বিধায়কদের জন্য ডিটেলসে বলছি, যাতে করে আমাদের সকলের ধারণা থাকে আমরা কতদূর অগ্রসর হতে পেরেছি এবং কতদূর আমাদের বাকি আছে। (১) তিস্তা-মহানন্দা লিঙ্ক ক্যানেল, ২৫ কিলোমিটার দৈর্ঘ, এটার শতকরা ১০০ ভাগ আমরা কাজ শেষ করেছি, স্ট্রাকচারের সংখ্যা ৩২ টি, তার মধ্যে কাজ সম্পূর্ণ হয়েছে ৯৪ ভাগ। ঐ ডিস্ট্রিবিউটারি দশটির দৈর্ঘ ১১৮ কিলোমিটার, কাজ হয়েছে ৭০ ভাগ, স্ট্রাকচারের সংখ্যা ৩০০, কাজ সম্পন্ন হয়েছে শতকরা ৭২ ভাগ। মাইনর ও সাব-মাইনর তার দৈর্ঘ ১১৬ কিলোমিটার তার শতকরা ৪৬ ভাগ কাজ আমরা শেষ করেছি, স্ট্রাকচারের সংখ্যা ২৫১, তার মধ্যে শতকরা ৪২ ভাগ কাজ আমরা শেষ করেছি। (২) মহানন্দা মেন ক্যানেল ৩২ কিলোমিটার দৈর্ঘ, কাজ হয়েছে শতকরা ১০০ ভাগ, স্ট্রাকচারের সংখ্যা ৫৮, কাজ সম্পূর্ণ হয়েছে শতকরা ৯৭ ভাগ। ঐ ডিস্ট্রিবিউটারির ১৩টির দৈর্ঘ ১১০ কিলোমিটার তার মধ্যে কাজ হয়েছে শতকরা ৪০ ভাগ, স্ট্রাকচারের সংখ্যা ২৬২, তার মধ্যে আমরা ১৯টির কাজ শেষ করেছি। (৩) ডাউকনগর মেন ক্যানেলটির দৈর্ঘ ৮০ কিলোমিটার, কাজ হয়েছে শতকরা ৬৮ ভাগ, স্ট্রাকচারের সংখ্যা ১২৯টি, তার মধ্যে ৫০টির কাজ শেষ করেছি। (৪) তিস্তা জলঢাকা মেন ক্যানেল, দৈর্ঘ ২৯ কিলোমিটার তার শতকরা ৩৯ ভাগ কাজ হয়েছে, স্ট্রাকচারের সংখ্যা ৪৮, কাজ সম্পূর্ণ হয়েছে শতকরা ২৩ ভাগ। এই হচ্ছে মোটামুটি চিত্র। তিন লক্ষ বিয়াল্লিশ হাজার হেক্টরের মধ্যে আশি হাজার হেক্টরের কাজ আমরা সম্পূর্ণ করতে পেরেছি এবং বাকি কাজ আমরা তিন বছরের মধ্যে শেষ করতে পারব বলে আশা করি।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন বারবার কেন্দ্রীয় সরকার এবং প্ল্যানিং কমিশন থেকে প্রশ্ন তোলা হয়েছিল এবং সেটার মীমাংসাও হয়েছে, যে তিন প্রকল্পের হেড

অফিস উত্তরবঙ্গে করা হোক, আপনি অফিস শিফট করতে পেরেছেন, কিন্তু সেখানে পরিকাঠামো কি করতে পেরেছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মোটামুটি সম্পূর্ণ করা গেছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মুখ্যমন্ত্রীর নেতৃত্বে একটা মনিটরিং কমিটি করা হয়েছিল। সেই মনিটরিং কমিটি করাতে কাজের কি কিছু উন্নতি হয়েছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** চিফ মিনিস্টারের নেতৃত্বে যে মনিটরিং কমিটি হয়েছিল তার কাজটা আমাদের খানিকটা এগিয়েছে। অজস্র স্ট্রাকচার আমরা শেষ করেছি। কিন্তু আমাদের মূল কাজটা ঠিকঠিক করা গেছে প্রায় এক তৃতীয়াংশ। আমরা এক লক্ষ হেক্টর করতে পেরেছি এবং বাকি আছে দু' লক্ষ হেক্টরের মতো। এই বিলম্ব হওয়ার কারণ এবং আমাদের সবচেয়ে বড় বাধার সম্মুখীন হতে হয়েছে, সমস্যাটা জমি অধিগ্রহণ আইন। অ্যাকুইজেশন অ্যাক্ট ওয়ান আর টু যে বাধাটা আছে সেটাই হচ্ছে সবচেয়ে বড় বাধা। দ্বিতীয় বড় বাধাটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের সাহায্যটা আজকে যেমন ১শো ১৬ কোটি টাকা পেলাম এই টাকাটা যদি আগে থেকে পেতাম তাহলে আরও অগ্রসর হতে পারতাম। তিন নম্বর হচ্ছে দাউদ নগর মেন ক্যানেল এর জায়গাটা কবর স্থান হওয়ায় মুসলমান এলাকা বলে হাইলি সেনসিটিভ। আমরা বহু চেষ্টা করেও সফল হতে পারি নি। ঐ এলাকার এম.এল.এ.দের সহায়তা যদি পাই তাহলে কাজটা আমি ত্বরান্বিত করতে পারব। এই দপ্তরের সঙ্গে রেলও জড়িত। এরাও কিছুটা সমস্যা সৃষ্টি করে তা সত্ত্বেও এই সমস্যাগুলো কাটতে পারে। আরেকটা বড় সমস্যা হল আমাদের কুচবিহারে জলঢাকা মেন ক্যানেল একটা বড় বনাঞ্চলের মধ্যে খালগুলো কাটতে হচ্ছে। বন দপ্তরের পারমিশন পেতে বেশ খানিকটা সময় লাগে। সম্প্রতি যেগুলো ছিল বৈকুণ্ঠপুর আপেল চা বাগান সেগুলো আমরা ক্লিয়ার করতে পেরেছি।

[11-10—11-20 A.M.]

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানাচ্ছি যে পশ্চিমবাংলা দামোদর হচ্ছে দক্ষিণবঙ্গ এবং মধ্য বঙ্গ উন্নয়নের জন্য তিস্তা উন্নয়ন মন্ত্রী বারবার বলেছেন আমরা জানাতে চাইছি যে অ্যাক্ট ওয়ানে জমি অধিগ্রহণ এর আইনে সুপ্রীম কোর্ট সেখানে বাধা সৃষ্টি করছে। প্রোজেক্ট কস্টে কেন্দ্রীয় সরকারের যে টাকা দেওয়ার কথা ছিল সেই টাকা দিয়েছে কি না আর না দিলে কেন দেয় নি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** কেন্দ্রীয় সরকার প্রথম দিকটা অতটা সহযোগিতা করেনি গত চার বছর ধরে আমি বলছি যে পরিমাণ টাকা দেওয়ার কথা ছিল সেই টাকা দিয়ে যাচ্ছেন।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে তথ্যটা আমাদের কাছে দিলেন আমার সেটা একটু বুঝতে অসুবিধা হল। সেজন্য এই জটিল ব্যাপারটি নিয়ে আপনি আগামী

মাসে উত্তরবঙ্গে যে বিধায়করা আছেন তাদের নিয়ে উত্তরবঙ্গে বসে আলোচনা করুন বিস্তারিতভাবে আলোচনা করুন যে সমস্যাগুলো কতদূর এগিয়েছে, সাফল্য কতদূর।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এটা খুব ভালো প্রস্তাব। আমি দুটো কাজ করতে চাইছি। আপনার নিজের প্রশ্নগুলো আমাদের সামনে এসেছে। আমি খুব সংক্ষিপ্তভাবে তার উত্তর দিয়েছি। আমি মনে করি সমস্ত বিষয়টা বিস্তারিতভাবে সমস্ত বিধায়কদের কাছে তুলে ধরে ইংরাজি ও বাংলা ভাষায় আমি প্রকাশ করতে পেরেছি। তাছাড়া আগামী আগস্টে কুচবিহারে, জলপাইগুড়িতে আমি বিধায়কদের সঙ্গে বসব।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** সময় দিয়ে খবর দেবেন। রেডিও গ্রাম আপনি চলে আসার পর যেন না যায়।

**শ্রী নির্মল দাস ঃ** অতিরিক্ত প্রশ্ন, তবে প্রশ্নের আগে আমি মাননীয় সেচ মন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী এখানে আছেন, তাঁদেরকে একটা খবর জানাই। আজকে খবর এসেছে উত্তরবঙ্গে বন্যা দেখা দিয়েছে। ভূটান পাহাড় থেকে ব্যাপক জল আসছে। আলিপুরদুয়ার ও কুচবিহারের অবস্থা সাংঘাতিক হয়ে দাঁড়িয়েছে। সেখানে অফিসার পাঠিয়ে মনিটারিং-এর ব্যবস্থা গ্রহণ করলে ভাল হয়। এখানে মাননীয় সেচমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী দুজনকেই আমি এটা বলছি। এবারে প্রশ্নের ব্যাপারে আসি। তিস্তা বাঁহাতি খাল খননের ব্যাপারে নিশ্চিত করার জন্য আপনাকে ধন্যবাদ জানাই। কিন্তু যেখানে কবরখানা আছে সেখানে নানা জটিলতা দেখা দিয়েছে। সে ব্যাপারে দিনাজপুরের গুঞ্জরিয়ায় কো-অর্ডিনেশন গড়ে তুলে সেচদপ্তর, হোম-দপ্তর, পঞ্চায়েত ইত্যাদির মাধ্যমে নানা চেষ্টা হয়েছিল এবং সেই চেষ্টা খানিকটা ফলপ্রসু হয়েছে। এই অবস্থায় কতদিনের মধ্যে কাজটা শুরু হবে এবং সেই সঙ্গে উত্তরবঙ্গের বন্যা পরিস্থিতি নিয়েও দয়া করে জানাবেন।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** কবরস্থানের ব্যাপারটা খুবই সংবেদনশীল, সেনসিটিভ কোয়েশ্চেন। এব্যাপারে আমাদের বারবার ধাক্কা খেতে হয়েছে। এই ব্যাপারে পুলিশ দপ্তর, স্বরাষ্ট্র দপ্তর ও পঞ্চায়েত ভয়ঙ্কর ভাবে সাহায্য করেছেন। কিন্তু আমি অভিযোগ না এনে বলি কংগ্রেসের ২-১ জন এম.এল.এ. আছেন, তাঁদের সঙ্গে বসেও এব্যাপারে সুরাহা করতে পারিনি। আশা করি, তাঁরা যদি সহযোগিতার হাত প্রসারিত করেন তাহলে এই ব্যাপারটার মীমাংসা হবে।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এই তিস্তা প্রকল্পের মাধ্যমে কত হেক্টর জমিকে জল সেচের আওতার মধ্যে আনার লক্ষ্যমাত্রা ছিল এবং বোরো চাষে কত হেক্টর জমিতে জল দিতে পেরেছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ৮০ হাজার হেক্টর জমিকে জল সেচের আওতায় এনেছি। এখন ৫০ হাজার হেক্টর জমিতে জল দেওয়া হয়েছে। ৩ মাসের মধ্যে আমরা সব স্টেজে

কাজ শুরু করতে পারব বলে মনে করি।

**শ্রী হাফিজ আলম সৈরাণী ঃ** আপনি উত্তরবঙ্গের ৬টি জেলায় সেচের ব্যবস্থা করেছেন। তিস্তা প্রকল্পের কাজ অনেকদিন আরম্ভ করেছেন, অনেকটা কাজের অগ্রগতি হয়েছে, কিছু কাজ বাকি আছে, তবে সেটাও অবিলম্বে হবে বলে মনে করি।

**মিঃ স্পিকার ঃ** আপনার কি প্রশ্ন সেটা বলুন।

**শ্রী আফিজ আলম সৈরাণী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, তিস্তা প্রোজেক্ট কমান্ড এরিয়ায় চা-বাগান গড়ে উঠেছে কিনা সেটা অনুগ্রহ করে জানাবেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** চা-বাগান গড়ে উঠেছিল। কিন্তু এব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপের ফলে খানিকটা সুফল পাওয়া গেছে।

**ডাঃ অনুপম সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, তিনি তিস্তা ব্যারেজ সম্বন্ধে আমাদের সামনে একটা ব্রাইট পিকচার তুলে ধরেছেন, যেটা গত ৩ বছর আগে পাইনি। তিনি স্বীকার করেছেন আমাদের অ্যাসেম্বলি কমিটি যাওয়ার পর প্রতি বছর কেন্দ্রীয় সরকার থেকে রেগুলার টাকা সাহায্য আসছে—গত ৪ বছর ধরে আসছে। আমি ওনার কাছে জানতে চাই যেটা বারবার ওনার নোটিশেও এনেছি—তিস্তা কমান্ড এরিয়া বলে কোনও জিনিস আছে কি? এবং থেকে থাকলে সেই এরিয়ায় জোর করে, বেআইনি ভাবে শিল্পপতিরা যে চা চাষ করছে এবং ভেস্টেড ল্যান্ড যেগুলো তিস্তা ব্যারেজ প্রকল্পের মধ্যে আছে সেইগুলো নিয়ে নিচ্ছে, ট্রাইব্যাল ল্যান্ড নিয়ে নিচ্ছে, তার সঠিক তথ্য দিন এবং তার জন্য কি ব্যবস্থা নিয়েছেন বলবেন।

[11-20—11-30A.M.]

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** তিস্তা কমান্ড এরিয়ার মধ্যে চা বাগান করতে দেওয়া হয় না। তা সত্ত্বেও ইসলামপুর এবং যেগুলোর কথা বললেন—জলপাইগুড়ি জেলায়, সেখানে চা বাগান গড়ে ওঠার যে প্রবণতা দেখা দিয়েছিল, আমরা তৎপরতা নেওয়ার ফলে, গত দু' বছর বেশ কিছু হেক্টরে ইরিগেশন পোটেন্সিয়াল ক্রিয়েট করার ফলে মানুষের মনে আশা জাগাতে পেরেছি, তাই আগে যে প্রবণতা দেখা দিয়েছিল সেটা কমে যাচ্ছে। মুখ্যমন্ত্রী স্টেপ নেওয়ার ফলেও সেটা কমছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আশ্বস্ত করলেন যে, তিস্তা কমান্ড এরিয়ায় বেআইনি চা বাগান করার প্রবণতা কমছে। কিন্তু ইতিমধ্যেই তিস্তা কমান্ড এরিয়ায় যে বেআইনি চা বাগানগুলো হয়ে গেছে, সেই জমির পরিমাণ কত এবং এর কিছু অ্যাসেসমেন্ট আছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আপনি নোটিশ দেবেন, আমি উত্তর দেব। তবে, পরিমাণটা খুব বেশি নয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন এ পর্যন্ত কত একর জমি সেচের অন্তর্ভুক্ত হয়েছে। এর আগের প্রশ্ন থেকে এটাও জানলাম ১৯৯৯ সালে এই প্রকল্পের কাজ শেষ হবে। আমি জানতে চাই, এটা শেষ হলে কত হেক্টর জমি সেচসেবিত হবে এবং আর কী প্রকল্প আছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** ৩ লক্ষ ৪২ হাজার হেক্টর জমি সেচসেবিত হবে। এর সঙ্গে আর একটি প্রকল্প শুরু করেছি, যেখানে ৬৭ মেগাওয়াট বিদ্যুৎ তৈরি করার কথা।

**শ্রী আব্দুস সালাম মুন্সী :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, খালকাটা এলাকায় কত কিলোমিটার ফরেস্ট এলাকা পড়েছে? সেই সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের পরিবেশ দূষণ দপ্তরের পারমিশন পাওয়া গেছে কিনা এবং পেয়ে থাকলে তার কাজ শুরু হয়েছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** বিশেষ করে তিস্তা-জলঢাকা মেইন ক্যানেল এবং তিস্তা-মহানন্দা লিঙ্ক ক্যানেল—১নং, ২নং ডিস্ট্রিবিউটার বেশ কিছু বনাঞ্চল রয়েছে। সেই বনাঞ্চলগুলোর পারমিশন পেতে আমাদের খুব অসুবিধা হয়েছিল। আমি নিজেই বহু খাটা-খাটনি করি, দিল্লিতে যাই, এর সুফল পেয়েছি। আমি আগেও বলেছি, তিস্তা জলপাইগুড়ি বনাঞ্চল—অ্যাপেলচাঁদ বৈকুণ্ঠপুর, তার পারমিশন পেয়ে গেছি এবং খাল কাটার কাজও শুরু হয়েছে।

**শ্রীমতী সাবিত্রী মিত্র :** তিস্তা প্রকল্পে নিযুক্ত চিফ ইঞ্জিনিয়ারের অফিস কলকাতায় থাকার ফলে এই প্রকল্পের দেখভালের ক্ষেত্রে অসুবিধা হচ্ছে। এখানে ঐ অফিস থাকার কারণ কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** এর উত্তর আগেই দিয়েছি। এখন আর কলকাতায় নেই। দু' বছর আগেই স্থানান্তরিত করা হয়েছে এবং চিফ ইঞ্জিনিয়ার অফিস সেখানে যাওয়ার ফলে কাজ আরম্ভ দ্রুত হচ্ছে।

### জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে উন্নীতকরণ

***৩১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৭১।) **শ্রী ঈদ্ মহম্মদ :** স্কুল শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৫-৯৬ আর্থিক বৎসরে কতগুলি জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে উন্নীত করা হয়েছে?

**শ্রী কান্তি বিশ্বাস :**

২০টি।

**শ্রী ঈদ্ মহম্মদ :** এই যে ২০টা জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে রূপান্তরিত করেছেন এর জেলা ভিত্তিক রিপোর্ট দেবেন?

**শ্রী কান্তি বিশ্বাস :** টেবিলে লে করে দেব। অনেক সময়ের ব্যাপার।

**শ্রী ঈদ্ মহম্মদ :** ২০-টা জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে রূপান্তরিত করলেন এটা কিসের ভিত্তিতে?

**শ্রী কান্তি বিশ্বাস :** ১৯৭৫ সালের আগের যে বিদ্যালয়গুলো মধ্যশিক্ষা পর্ষদের কাছে উপযুক্ত ফি দিয়ে আবেদন করেছিল, এবং জেলাপরিষদের কাছ থেকে যেগুলো এসেছিল-এই দুটোর ক্ষেত্রে বিবেচনা করা হয়েছে।

**শ্রী ঈদ্ মহম্মদ :** এই ধরনের কতগুলো স্কুল হাইস্কুলে রূপান্তরের জন্য আবেদন করেছে?

**শ্রী কান্তি বিশ্বাস :** ১৯৭৫ সালের আগে মধ্য শিক্ষা পর্ষদের কাছে যারা আবেদন করেছিল সেই বিদ্যালয়ের সংখ্যা ৫০০ এর উপর।

**শ্রী মহঃ সোহরাব :** যে সমস্ত স্কুলের আপ-গ্রেডেশনের কথা বলছেন সেগুলো কোন কনসিডারেশনের ভিত্তিতে হয়েছে? পলিটিক্যাল কনসিডারেশন না অ্যাকাডেমিক কনসিডারেশনের ভিত্তিতে?

**শ্রী কান্তি বিশ্বাস :** আমি বিশ্বাস করি, সোহরাব সাহেব আমার সঙ্গে একমত হবেন. পুরোপুরি শিক্ষার দৃষ্টিভঙ্গির দিকে লক্ষ্য রেখেই এটা করা হয়েছে।

**শ্রী সুনীলকুমার ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, নদীয়া জেলার জেলা-পরিষদ থেকে এই রকম অনেক জুনিয়র স্কুলকে হাইস্কুলে রূপান্তরিত করার সুপারিশ এসেছিল। এর মধ্যে নদীয়া জেলার নতুন কোনও স্কুলের অনুমোদন বা উন্নতি করণের সম্ভাবনা আছে কি না?

**শ্রী কান্তি বিশ্বাস :** সম্ভাবনা বিশাল। ইতিমধ্যে ২০টা স্কুলকে উন্নতি করা হয়েছে।

**Shri Narbahadur Chhetri :** Will the Minister-in-charge be pleased to state that after formation of DGHC how many Junior High School upgraded to High School and how many High Schools upgraded to Higher Secondary Schools.

**Shri Kanti Biswas :** Without prior intimation it is very difficult to answer this question. I can say that it is done on the recommendation of the DGHC and on the Commitment that the plan Budget will be earmarked for maintenance of these school which fall under DGHC. So, these are considered separately.

**শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে সমস্ত জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে উন্নতি করার কথা জানালেন তার মধ্যে গার্লস হাইস্কুলের সংখ্যা কত?

**শ্রী কান্তি বিশ্বাস :** ২০-টার মধ্যে ৮-টা গার্লস হাইস্কুল।

**শ্রী অসিত মিত্র ঃ** স্যার, ২০-টা জুনিয়র হাইস্কুল হাইস্কুলে রূপান্তরিত হয়েছে। আমার প্রশ্ন, এই যে ২০ টা জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে রূপান্তরিত করা হল এটা কি বছর বছর আগের প্ল্যান অনুযায়ী করা হয়? না কি ইচ্ছা মতো করা হয়?

[11-30—11-40 A.M.]

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমাদের যে বরাদ্দ থাকে সেই বরাদ্দের উপর নির্ভর করে আমরা অর্থ দপ্তরের সম্মতি চাই যে, আমাদের এতগুলি বিদ্যালয় করতে চাই। অর্থ দপ্তর যতগুলির সম্মতি দেন সেই সংখ্যার উপর ভিত্তি করেই আমরা বিদ্যালয়গুলিকে উন্নীতকরণ করে থাকি।

**শ্রী অমর চৌধুরি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই ২০-টার মধ্যে উত্তর ২৪ পরগনা জেলায় কটা আছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এই ২০টির মধ্যে ৬ টি আছে।

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** যে সব জেলাগুলি শিক্ষার দিক থেকে পিছিয়ে আছে সেই সব জেলায় জুনিয়র হাইস্কুল থেকে হাইস্কুলে রূপায়িত করার ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়ার কোনও পরিকল্পনা আছে কি না?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** একটা পরিকল্পনা নয়, অনুসৃত নীতিতে হবে। যে জেলাগুলিতে সাক্ষরতার হার কম সেই ভিত্তিতে সেই জেলাগুলিকে বিচার করা হবে।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** এই ২০টির মধ্যে কতগুলি স্কুল শিডিউল কাস্ট এলাকায়?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমাদের যে নীতি আছে তফসিলি জাতি ও উপজাতিদের জন্য সংরক্ষণের যে শতকরা হারের হিসাব আছে, সেই শতকরা হারের হিসাব বজায় রেখেই স্কুলগুলিকে উন্নীত করা হয়।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৯৫-৯৬ আর্থিক বছরে হুগলি জেলায় কতগুলি জুনিয়র স্কুলকে হাইস্কুলে উন্নীতকরণ করা হয়েছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এই ৬ টির মধ্যে ২ টি।

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** কাঁথি থানার ৩টি ব্লকে অনেকগুলি জুনিয়র হাইস্কুল আছে, তার মধ্যে কতগুলি স্কুলকে হাইস্কুলে উন্নীতকরণের জন্য আবেদন করেছে এবং কোন কোন জুনিয়র স্কুলকে হাইস্কুলে পরিণত করার চিন্তাভাবনা সরকারের আছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** কতগুলি আবেদন করেছে সেটা বলা সম্ভবপর নয়, আপনি নোটিশ দিলে বলতে পারব।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি, কলকাতায় ৩টে জুনিয়র স্কুলে কোনও ছাত্র-ছাত্রী নেই, তার কারণ ক্লাশ এইট পাশ করার পর তারা কোথায় যাবে জানে না। সে জন্য অভিভাবকরা তাদের পাঠানো বন্ধ করে দিয়েছেন। স্কুল ৩টি বন্ধ হয়ে আছে। এই ৩টি স্কুলের ব্যাপারে আপনাদের কোনও চিন্তাভাবনা আছে এইগুলিকে হাইস্কুলে উন্নীত করার?

**শ্রী কান্তি বিশ্বাস** ঃ আমার কাছে এ রকম কোনও খবর নেই যে তিনটে স্কুলে আদৌ কোনও ছাত্র নেই। তবে কলকাতার কয়েকটি জুনিয়র স্কুলে ছাত্র-ছাত্রীর সংখ্যা কম, সেই স্কুলগুলি সম্পর্কে আমরা চিন্তাভাবনা করছি। এই রকম একাধিক স্কুলকে একত্রিত করে একটা হাইস্কুলে রূপান্তরিত করবার চিন্তাভাবনা আমাদের আছে।

**শ্রী সমর হাজরা** ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, জামারপুর বিধানসভা কেন্দ্রে ২টি স্কুল মাধ্যমিক থেকে উচ্চ-মাধ্যমিকে উন্নীত করা হয়েছে তার জন্য আপনাকে ধন্যবাদ জানাই। এই ২০ টির মধ্যে বর্ধমান জেলায় কতগুলি করা হয়েছে?

**শ্রী কান্তি বিশ্বাস** ঃ বর্ধমানে ২টি করা হয়েছে।

**শ্রী সুকুমার দাস** ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, যে সব অঞ্চলে একেবারেই জুনিয়র হাইস্কুল নেই সেখানে সম্পূর্ণ অগ্রাধিকারের ভিত্তিতে প্রেয়ার করলে টপ প্রায়োরিটি পাবে কি না?

**শ্রী কান্তি বিশ্বাস** ঃ সর্বভারতীয় ষষ্ঠ শিক্ষা প্রতিবেদন আমাদের কাছে আছে, তাতে পশ্চিমবাংলার বিভিন্ন পঞ্চায়েত সমিতি, পৌরসভা স্কুলের বিবরণ আছে। যেখানে বিদ্যালয়ের সংখ্যা কম, যেখানে পঞ্চায়েত সমিতির অধীন বা গ্রাম পঞ্চায়েতের সেই সবটা বিচার-বিবেচনা করে আমরা বিদ্যালয় স্থাপন করা বা উন্নীতকরণ করে থাকি।

**শ্রী অজয় দে** ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ৫০০ টি আবেদনের মধ্যে ২০টি অনুমোদন করেছেন। পশ্চিম বাংলায় স্কুলে ভর্তির ব্যাপারে বিশেষ সমস্যা রয়েছে। সুতরাং ভবিষ্যতে বেসরকারি বিদ্যালয় স্থাপনের কথা আপনি চিন্তা ভাবনা করছেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস** ঃ সে রকম পরিকল্পনা বা ইচ্ছা এই মুহূর্তে আমাদের নেই। প্রশ্নকর্তা ১৯৯৫-৯৬ সালের কথা জিজ্ঞাসা করেছিলেন এবং সে অনুযায়ী আমি ঐ সময়ের কথা উত্তরে বলেছি। তা ছাড়া ১৯৯৬-৯৭ সালে ২১ টি জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে উন্নীত করা হয়েছে। এ বছরের ব্যয়-বরাদ্দের পরিপ্রেক্ষিতে প্রয়োজন অনুযায়ী উন্নীতকরণ এবং স্থাপনের ইচ্ছা ও পরিকল্পনা আমাদের আছে। এই মুহূর্তে বেসরকারিকরণের বিন্দুমাত্র ইচ্ছা আমাদের নাই।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়** ঃ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন,

আগামী শিক্ষা-বর্ষে হুগলি জেলায় কতগুলি হিন্দি মিডিয়াম জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে উন্নীত করার পরিকল্পনা সরকারের আছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এখনই সম্ভব হচ্ছে না।

**শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ** জুনিয়র হাইস্কুল থেকে হাইস্কুলে যেগুলিকে আপনি আপ-গ্রেড করেছেন সেগুলির মধ্যে যেগুলি অর্গানাইজড টিচাররা গড়েছে সেগুলির সেই টিচারদের সকলকেই অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে, না রাজনৈতিক কালার দেখে কাউকে বঞ্চিত করা হবে, কাকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমরা ঘোষিত সুষ্ঠু নীতির ওপর ভিত্তি করে শিক্ষকদের অনুমোদন দেওয়ার বিষয়টা বিবেচনা করি। যে সমস্ত বিদ্যালয় ৭৭ সাল পর্যন্ত প্রতিষ্ঠিত হয়ে বিশেষ অনুমতি নিয়ে মাধ্যমিক পরীক্ষায় ছাত্র প্রেরণ করেছে সে সমস্ত বিদ্যালয়ের সংগঠিত শিক্ষকদের আমরা অনুমোদন দিয়ে থাকি এবং সে বিদ্যালয় জুনিয়র হাইস্কুল থেকে হাইস্কুলেও উন্নীত হয়। তা ছাড়া আর কোনও বিদ্যালয়ে সংগঠক শিক্ষক কেউ যদি থাকেন তাহলে তাঁকে অনুমোদন দেওয়ার কোনও সুযোগ নেই। আপনাদের আমল থেকে, এটাই আমাদের ব্যবধান।

**শ্রী নরেন হাঁসদা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বামফ্রন্ট সরকার নিজেদের আদিবাসী এবং তফসিলি সম্প্রদায়ের মানুষের বন্ধু হিসাবে দাবি করে থাকেন। সুতরাং আমি আপনার কাছে জানতে চাইছি পশ্চিমবঙ্গ বিধানসভায় এস.সি. এবং এস.টি. দের জন্য যে হারে সিট্ রিজার্ভ আছে সেই হারে কি আদিবাসী এবং তফসিলি সম্প্রদায় অধ্যুষিত এলাকায় জুনিয়র হাইস্কুলকে উন্নীত করা হয়েছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** বিধানসভা সিটের সঙ্গে এর কি সম্পর্ক আমি বুঝলাম না। তবে এস.সি., এস.টি.দের জন্য চাকরিতে যে হারে সংরক্ষণ বজায় রাখা হয় এস.সি., এস.টি. এলাকায় প্রকৃত পক্ষে তার চেয়ে অনেক বেশি বিদ্যালয় স্থাপন করেছি। মাননীয় সদস্য যদি পৃথক প্রশ্নে জিজ্ঞাসা করেন তাহলে বলতে পারব যে, তফসিলি জাতি এবং উপজাতি এলাকায় কত বিদ্যালয় স্থাপন করা হয়েছে, উন্নীত করা হয়েছে। আমি এই বিধানসভায় ইতিপুর্বে উত্তর দিয়েছি যে, এই বিধানসভায় শতকরা যে হারে তফসিলি জাতি এবং উপজাতিদের জন্য আসন সংরক্ষিত আছে তার চেয়ে অনেক বেশি হারে তফসিলি জাতি এবং উপজাতি এলাকায় বিদ্যালয় উন্নীতকরণ এবং স্থাপন করেছি। এটা আমরা শুধু দাবিই করি না, এটা প্রতিষ্ঠিত সত্য যে, তফসিলি জাতি এবং উপজাতিদের উন্নতির জন্য আমরা অঙ্গীকারবদ্ধ এবং বাস্তবে তা করি।

## রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির ঋণ আমানতের হার

*৩১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, রাজ্যের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির ঋণ আমানতের হার জাতীয় হার অপেক্ষা কম;

(খ) সত্যি হলে,

(১) উক্ত ঋণ আমানতের জাতীয় হার এবং এ রাজ্যের হার কত; এবং

(২) এই রাজ্যে ঋণ আমানতের হার অপেক্ষা কম হওয়ার কারণ কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) রিজার্ভ ব্যাঙ্ক সূত্রে প্রাপ্ত তথ্যানুসারে ১৯৯৫ সালের শেষে উক্ত ঋণ আমানতের সর্বভারতীয় এবং পশ্চিমবঙ্গের আনুপাতিক হার ছিল যথাক্রমে ৬০.৮ পারসেন্ট এবং ৫২.৫ পারসেন্ট।

(২) এই রাজ্যে বিভিন্ন অর্থনৈতিক উদ্যোগের জন্য প্রয়োজনীয় ঋণ বিনিয়োগের ক্ষেত্রে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির দীর্ঘকালীন ঔদাসীন্য তথা বৈষম্যমূলক আচরণই ঋণ আমানত আনুপাতিক হারের অনুরূপ স্বল্পতার মূল কারণ।

[11-40—11-50 A.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** ঋণ আমানতের জাতীয় হার পশ্চিমবাংলার তুলনায় বেশি এবং পশ্চিমবাংলায় ঋণ আমানতের হার কম এই ফিগারটা আপনি দিলেন এবং তার কারণ বলেছেন আগের কেন্দ্রীয় সরকারে বৈষম্যমূলক আচরণ। কিন্তু আমার জিজ্ঞাস্য, এই বিষয়ে পরীক্ষা করে দেখেছেন কি না যে, পশ্চিমবাংলায় ঋণ আমানতের হার কম হওয়ার পিছনে এই রাজ্যে যে বিনিয়োগ পরিকল্পনা বা পরিকাঠামোর অভাব এবং ঋণ অনাদায়ি জনিত কারণ—এরকম অভিযোগ উঠেছে। এই সম্পর্কে আপনার বক্তব্য কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আপনি ৩টি বিষয় জিজ্ঞাসা করেছেন। প্রথম হল, পশ্চিমবাংলায় ঋণ আমানতের অনুপাত কম হওয়ার কারণ হচ্ছে এখানে ঋণ পরিশোধ দেওয়ার হার কম—এটাই মূল কারণ কিনা? আমি এর উত্তরটা আপনাকে দিতে পারি। আমি এই তথ্য যোগাড় করেছিলাম—সারা ভারতবর্ষের ক্ষেত্রে ন্যাশনালাইজড কমার্শিয়াল ব্যাঙ্কগুলি এগ্রিকালচারের ক্ষেত্রে এই তথ্যটা প্রকাশ করেন। সারা ভারতবর্ষের ক্ষেত্রে গড় হচ্ছে ৪৭ শতাংশ আর পশ্চিমবাংলার ক্ষেত্রে—মূল ব্যাঙ্কগুলির ক্ষেত্রে এই ঋণ পরিশোধের গড় হচ্ছে ৫৫ শতাংশ। সারা ভারতবর্ষের গড় নিয়ে ক্রেডিট ডিপোজিট রেশিও উল্টো কেন—এটা হতে পারে না বলেছেন। আপনি বললেন পরিকাঠামোর আপেক্ষিক অনগ্রসরতা এই ঋণ আমানতের ক্ষেত্রে বাধা কি না? এর উত্তরটা আপনাকে দিচ্ছি, সর্বশেষ সারা ভারতবর্ষের পরিকাঠামোর

একটা সূচক আমি আগেই বলেছি। সেন্টার ফর মনিটারিং ইন্ডিয়া প্রকাশ করেন। লক্ষ্য করুন, আমি এভাবে সাজিয়ে দিই, পশ্চিমবাংলার ক্ষেত্রে ক্রেডিট ডিপোজিট রেশিওর কথা আমি আগেই বললাম ৫২.৫ শতাংশ, মহারাষ্ট্রের ক্ষেত্রে লক্ষ্য করুন, ৭৯ পারসেন্ট, কর্ণাটক ৭২ পারসেন্ট, অন্ধ্রপ্রদেশের ক্ষেত্রে ৮২.৬ পারসেন্ট আর তামিলনাড়ুর ক্ষেত্রে ৯৫.৮ পারসেন্ট। এবার লক্ষ্য করুন, এই ইনফ্রাস্ট্রাকচার ইনডেক্সে এই রাজ্যগুলির অবস্থান কি? সর্বভারতীয় গড় হচ্ছে ১০০, পশ্চিমবাংলা ১১৩, মহারাষ্ট্র-১১১, অন্ধ্রপ্রদেশ-১০৩, কর্ণাটক-৯৭। প্রত্যেকেই পশ্চিমবাংলার চেয়ে কম। এখানে সেচ, বিদ্যুৎ, পোস্ট-অফিস, রাস্তা এই সামগ্রিক সূচক যদি লক্ষ্য করেন তাহলে স্টেজগুলির র‍্যাঙ্কে পশ্চিমবাংলার ইনফ্রাস্ট্রাকচার ভাল থাকা সত্ত্বেও ক্রেডিট রেশিও কমিয়ে দেওয়া হয়েছে। তাই এই যুক্তি খাটে না। তৃতীয়ত ব্যাঙ্কের পরিকল্পনার অভাব—এটাই কারণ কিনা বলেছেন? আমার হাতের কাছে আছে। সুনির্দিষ্ট ভাবে কেস স্পনসর্ড করা হয়েছে প্রাইম মিনিস্টার রোজগার যোজনায়, গত বছর ৩৪ হাজার ৭৪টি আর ব্যাঙ্ক নির্দিষ্ট প্রকল্পের ভিত্তিতে ডিসবাসর্ড করেছে ২ হাজার ৯৮৯ টি। কোনও যুক্তিতে এটা খাটে না। তাই তথ্যের ভিত্তিতে এটা খন্ডন করলাম।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি যেটা জানতে চাই সেটা হচ্ছে শিল্প এবং কৃষিতে বিনিয়োগের হারের একটা তুলনামূলক বিচার করে কি আপনি দেখাতে পারেন যে এ ক্ষেত্রে পশ্চিমবঙ্গের চিত্রটা অন্যান্য রাজ্যের তুলনায় কি রকম?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** কৃষিটা আমি এখন বলছি। কৃষির ক্ষেত্রে আপনারা অবগত আছেন এস. আর. সেন কমিটির রিপোর্ট-এর কথা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যেভাবে কৃষি এগুচ্ছে তারজন্য যত বিনিয়োগের দরকার আমরা সেটা আপগ্রেড করেছি। কিছুদিন আগে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার গভর্নরের সঙ্গে মিটিং-এ আমরা সেটা পেশ করেছিলাম। আমাদের দু' হাজার কোটি টাকা কৃষিতে বিনিয়োগের ক্ষেত্রে ঋণের—সেটা কোথাও সেচের ক্ষেত্রে হতে পারে বা অন্য কোথাও হতে পারে—অর্থাৎ দু' হাজার কোটি টাকা বছরে প্রয়োজন। আমরা ৪০ কোটি টাকার বেশি পাই না। শিল্পের ক্ষেত্রেও আমরা আমাদের রিপোর্ট জমা দিয়েছিলাম। আমি আমার বাজেট বক্তৃতায় সে কথা বলেছি যে আমরা প্রতি বছর শিল্পের ক্ষেত্রে কত বিনিয়োগ করতে চলেছি। আমি সেটা আরও একবার বলছি আপনাদের অবগতির জন্য। ১৯৯৫ সালে শিল্পে বিনিয়োগের জন্য ১০ হাজার ২৬২ কোটি টাকার প্রকল্প খরচ-এর যেটা ক্রেডিট স্পিন অফ ক্রেডিট মাল্টিপ্লায়েড অন্তত অর্ধেক, আমরা নির্দিষ্টভাবে বলেছি। শুধু তাই নয়, কৃষি এবং কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্র, ছোট বড়, মাঝারি শিল্প, সামাজিক ক্ষেত্র—প্রত্যেকটি ক্ষেত্রের জন্য ট্যাস্কফোর্স করে ব্যাঙ্ক এবং রাজ্য সরকারের সচিবরা মিলে সেটা করে আর.বি.আই.-এর কাছে জমা দিয়েছি—১ বছর আগে। আমরা মনে করছি সেটা কার্যকর করলে এই ক্রেডিট ডিপোজিট রেশিও কে ৬০ শতাংশে দু' বছরের মধ্যে তোলা অসম্ভব নয়। সেখানে আমরা নির্দিষ্ট প্রকল্প দিয়েছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আমি আমার প্রশ্নের সঠিক জবাবটা পেলাম না। পশ্চিমবঙ্গে

বিনিয়োগের কথাটা বললেন কিন্তু অন্য রাজ্যের সঙ্গে তুলনামূলক বিচারে পশ্চিমবঙ্গের চিত্রটা কি সেটা কি জানাবেন?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** বিনিয়োগের তুলনামূলক চিত্রটা আমার কাছে নেই কিন্তু যেটা আছে সেটা বলছি এবং সেটা খুব ভাল। অ্যাকসেপ্টেবল প্রক্সি। কৃষিতে উৎপাদনের ক্ষেত্রে সর্বভারতীয় ক্ষেত্রে সমস্ত রাজ্যের গড় বৃদ্ধির হার হচ্ছে ২.৮ শতাংশ এবং পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ৫.৯ শতাংশ এবং তার ভিত্তিতেই আমরা দু' হাজার কোটি টাকার ফিগারটা দিয়েছিলাম। এটা একেবারে সঠিক তথ্য। শিল্পের ক্ষেত্রে আগের বারই আমি বলেছি ৮ শতাংশ-এর বেশি বৃদ্ধির হার হয়ে গিয়েছে, এ বছর এটা ১০ শতাংশ হবে বলে আমরা আশা করছি। এটা সর্বভারতীয় গড়ের সঙ্গে সমান সমান। নির্দিষ্টভাবে ১৫ হাজার কোটি টাকার অর্ধেক আমি মনে করছি আমাদের শিল্পের ক্ষেত্রে প্রয়োজন। অর্থাৎ সর্বভারতীয় ক্ষেত্রে কৃষিতে অনেকটাই বেশি এবং শিল্পের ক্ষেত্রে সমান সমান।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কৌশলে আমার প্রশ্নের উত্তরটা এড়িয়ে গেলেন। যাইহোক, আমার এখন প্রশ্ন, কেন্দ্রের যে বৈষম্যমূলক আচরণ আমাদের রাজ্যের প্রতি—ঋণ আমানতের হার এত কম জাতীয় হারের থেকে—এর বিরুদ্ধে রাজ্য সরকার কী পদক্ষেপ নিয়েছেন তা জানাবেন কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আপনারা অবগত আছেন যে দীর্ঘ ১৫ বছর ধরে বিভিন্ন ফোরামে এটা নিয়ে আমরা বলে আসছি। নির্দিষ্টভাবে আমি ইতিহাসটা সংক্ষেপে বলছি। ১৯৯২ সালের নভেম্বর মাসে পাটনাতে রিজার্ভ ব্যাঙ্কের ইস্টার্ন রিজিওনাল কনসালটেটিভ কমিটিতে এ সম্পর্কে আমরা প্রথম প্রস্তাব রাখি। এটা শুধু পশ্চিমবঙ্গের জন্য নয়, গোটা পূর্বাঞ্চলের জন্য। আমরা বলি যে এই অঞ্চলে ক্রেডিট ডিপোজিট রেশিও কম। আমাদের প্রস্তাব গৃহীত হয়। সেই প্রস্তাবের ভিত্তিতে দু' বছর টাস্কফোর্স কাজ করে। তার ভিত্তিতে আমরা আর.বি.আই.এর গভর্নরের সঙ্গে—এই প্রথম একটা রাজ্যের ক্ষেত্রে এটা হল—ডিসেম্বর ১৯৯৪ সালে আলোচনা করি। আমরা আলোচনা করি ১ বছরের মধ্যে কোথায় কোথায় ক্রেডিট ডিপোজিট রেশিও বাড়ানো হবে। প্রত্যেকবার এন.ডি.সি.র মিটিং-এ আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বিষয়টা তোলেন যখন পরিকল্পনা নিয়ে কথা হয়। আমার কাছে সমস্ত তথ্য আছে, চাইলে আপনি দেখতে পারেন। ১৯৯৪ সালের ডিসেম্বরের পরে যে কর্মসূচিটা নেওয়া হয় তার শুধুমাত্র একটা সুফল আমরা পেয়েছি আই.আর.ডি.পি.র ক্ষেত্রে। এক্ষেত্রে যে টার্গেট ছিল সেই টার্গেটটা ডিসবার্সমেন্ট পর্যন্ত অর্জিত হয়েছে কিন্তু অন্য জায়গায় এখনও হয়নি। সর্বশেষ যেটা আলোচনা—স্টেট লেভেলে ব্যাঙ্কার্স কো-অর্ডিনেশন কমিটি যেটা আছে, তার চেয়ারম্যান হচ্ছেন ইউ.বি.আই.-এর চেয়ারম্যান, তার সঙ্গেও আমাদের আলোচনা হয়েছে এ বিষয়ে। তাদের সঙ্গে আলোচনা হচ্ছে, এই বিষয়ে আমরা ২ মাস ছেড়ে ছেড়ে মনিটারিং করি।

[11-50—12-00 (Noon)]

**শ্রী মনোরঞ্জন পাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, আমাদের বাঁকুড়া জেলার

তালডাংরায় কোনও কমার্শিয়াল ব্যাঙ্ক নেই। আমি আগেও জানিয়েছি। কাজেই কতদিন নাগাদ এই কমার্শিয়াল ব্যাঙ্ক হবে সেটা জানাবেন কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** এই যে প্রস্তাব, এতে এম.এল.বি.সি.র বিবেচ্য বিষয় থাকে। আমার যতদূর মনে পড়ে তালডাংরায় এই প্রস্তাব আছে। আমরা এস.এল.বি.সি.র মিটিংয়ে পাঠিয়ে দিয়েছি। সারা ভারতবর্ষের যে গড়, একটা ব্যাঙ্ক ব্রাঞ্চে কত মানুষ আছে, সারা ভারতবর্ষের চেয়ে পশ্চিমবঙ্গের অবস্থান অনেক নিচে। আমার কাছে পরের তথ্য আছে।

**শ্রী সঞ্জীব দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে ক্রেডিট ডিপোজিট রেশিওর ক্ষেত্রে আমাদের পশ্চিমবঙ্গে সর্বভারতীয় ক্ষেত্রে ব্যাঙ্ক কত?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** আপনি দয়া করে ইকনমিক রিভিউয়ের অ্যাপেন্ডিক্সটা দেখে নেবেন, সেখানে র‍্যাঙ্ক দেওয়া আছে। র‍্যাঙ্কিং সেক্টরে।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, আমাদের পশ্চিমবাংলায় ইনফ্রাস্ট্রাকচার ফেসিলিটি যদি ভারতবর্ষের অন্যান্য রাজ্য থেকে ভাল হয়ে থাকে, যদিও চারিদিকে অপপ্রচার আছে যে এখানে মানুষ বিদ্যুৎ পাচ্ছে না, রাস্তা নেই, ওয়াটার নেই ইত্যাদি অনেক কিছু নেই এবং দিল্লিতে গিয়ে ধর্নাও দেওয়া হচ্ছে। তা আমার প্রশ্ন হচ্ছে, আমাদের ইনফ্রাস্ট্রাকচার ফেসিলিটি থাকা সত্ত্বেও আমাদের স্কীমগুলি কেন পাস হচ্ছে না? কি কারণে ব্যাঙ্ক আমাদের ফেসিলিটি দিচ্ছে না? ন্যাশনালাইজড কমার্শিয়াল ব্যাঙ্ক, ইট ইজ কন্ট্রোল্ড বাই দি রিজার্ভ ব্যাঙ্ক। তাহলে এর পিছনে কোনও পলিটিক্যাল কনসিডারেশন আছে, না অন্য কোনও বিষয় আছে সেটা জানাবেন কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** এটা আমি দেবপ্রসাদ সরকারের প্রশ্নের উত্তরে বলেছি। আমরা একটা মনিটারিং করেছিলাম যে কনকারেন্টলি ব্লক লেভেলে পঞ্চায়েত স্তরে ডিলে কত, আর ব্যাঙ্ক স্তরে ডিলে কত? আমরা দেখেছি যে, ভারতবর্ষের তুলনায় ব্লক লেভেল স্তরে ডিলের গড় কম। কিন্তু ব্যাঙ্ক লেভেলে সারা ভারতবর্ষে গড় হিসাবে অনেক বেশি। আমরা মনে করি যে এটা বৈষম্যমূলক আচরণ।

**শ্রী রবীন মুখার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় যে উত্তর দিয়েছেন তাতে উনি পি.এম.আর.ওয়াই.-এর কথা বলেছেন। পি.এম.আর.ওয়াই, 'সেসরু', স্পেশ্যাল কমপোনেন্ট প্ল্যান ইত্যাদি ব্যাপারে ব্যাঙ্কারদের মিটিংয়ে আমি উপস্থিত ছিলাম। হুগলি জেলার ক্ষেত্রে একটা ভয়াবহ অবস্থা হয়েছে। পি.এম.আর.ওয়াইতে ১০ পারসেন্টও হয়নি, 'সেসরু'তে ৫ পারসেন্টও হয়নি। এছাড়া স্পেশ্যাল কম্পোনেন্ট প্ল্যানে শিডিউল্ড কাস্ট অ্যান্ড শিডিউল্ড ট্রাইবসদের যে লোন দেওয়া হয় সেটা আরও ভয়াবহ অবস্থা। কাজেই আপনি কি এই সম্পর্কে জেলাওয়ারি কোনও পরিসংখ্যান দিতে পারবেন?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** জেলাওয়ারি নেই, তবে রাজ্যওয়ারি রয়েছে। সেটা বলতে পারি।

**শ্রী রবীন মুখার্জি ঃ** হুগলি জেলায় ঋণ দেবার ব্যাপারে একটা অস্বাভাবিক অবস্থা জানেন কি? সেখানকার কয়েকটি ব্লকে আই.আর.ডি.পির পোজিশন খুব খারাপ।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আই.আর.ডি.পি.—এটা সবচেয়ে বড় প্রকল্প এবং সেক্ষেত্রে হুগলি জেলায় সাফল্য অর্জিত হয়েছে। কোন ব্লকে হয়নি সেটা আমার কাছে পাঠান। তবে জেলা থেকে এখন ব্লকে চলে গেলেন। আমি মূলত বলছি, রিজার্ভ ব্যাঙ্কের গভর্নরের সঙ্গে কথাবার্তা বলবার পর আই.আর.ডি.পি.র ক্ষেত্রে সাফল্য পাওয়া গেছে। এস.সি.পি.র লক্ষ্যমাত্রা ছিল ১,১৬,৬৪০, কেস স্পনসর করেছিলাম একশ ভাগ, কেস স্যাংশন্ড হয়েছে ৯৫,০০০ কিন্তু ডিসবার্সড হয়েছে ২০,০০০-এর মতো। এক্ষেত্রে সাবসিডি যা দেবার কথা সেটাও ওরা দিতে পারেননি। 'সেশ্রু'-তে ২০,০০০ লক্ষ্যমাত্রা ছিল. স্পনসর করা হয়েছে ৫০,৪৪৭, স্যাংশন্ড হয়েছে ২,৪৭০ টি মাত্র, ডিসবার্সডও হয়েছে তাই। 'সুমি'-এটাও একটা গুরুত্বপূর্ণ প্রকল্প। এতে ১৫,০০০ টার্গেট ছিল। এটা মাইক্রো এন্টারপ্রাইজ স্কীমের মধ্যে পড়ে। স্পনসর করেছি ১৪,৪৬৩, স্যাংশন্ড করা হয়েছে মাত্র ৩,০০০, ডিসবার্স করা হয়েছে তার চেয়েও কম—মাত্র ২,৪৩৯টি। এস.এস.সি.পি.-হুগলি জেলার সি.এম.ডি.এ. এলাকায় কতগুলো হয়েছে এতে। ৬,২৩৯ টি কেস পাঠানো হয়েছিল, স্যাংশন করা হয়েছে ৮৫৭, ডিসাবার্সডও হয়েছে তাই। আর প্রাইম মিনিস্টার রোজগার যোজনা—এর কথা আগেই বলেছি।

**শ্রী নির্মল দাস ঃ** এর আগে শিলিগুড়িতে আপনি বলেছিলেন, সেখানে আমি উপস্থিত ছিলাম, স্বাধীনতা লাভের পর থেকে কেন্দ্রীয় সরকার যে রেভিনিউ নিয়ে যাচ্ছেন তার সামান্য অংশই আমাদের দিচ্ছেন। আমার প্রশ্ন, প্রতি বছর কেন্দ্রীয় সরকার এখান থেকে কত টাকা নিয়ে যাচ্ছেন এবং তার কত অংশ আমাদের ফেরৎ দিচ্ছেন এবং বর্তমান কেন্দ্রে যুক্তফ্রন্ট সরকার আসার পর এক্ষেত্রে অ্যাটিচ্যুডের কোনও রকম পরিবর্তন হয়েছে কিনা?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে এই প্রশ্নের যে নির্যাসটা ব্যাঙ্কের ক্ষেত্রে প্রাসঙ্গিক তার উত্তর দিচ্ছি। এটা লক্ষ্যণীয় যে, পশ্চিমবঙ্গে ব্যাঙ্কের ৪০০০ ব্রাঞ্চে টাকা জমা রয়েছে ২৪,৪৮৬ কোটি টাকা এবং বিনিয়োগ করা হয়েছে ১৩,০২৩ কোটি টাকা বিনিয়োগের পরিকাঠামো প্রস্তুত থাকা সত্ত্বেও। এ পর্যন্ত এভাবেই পশ্চিমবঙ্গের মানুষদের বঞ্চিত করে, বৈষম্যমুলক আচরণ করে তারা ব্যাঙ্কের মাধ্যমে টাকা নিয়ে গেছেন। এটা আমাদের সঙ্গে বৈষম্যমূলক আচরণের একটা বড় নিদর্শন।

**শ্রী সুলতান আহমেদ ঃ** নির্বাচনের ঠিক আগে ওয়েস্ট বেঙ্গল মাইনরিটি ফিনান্স ডেভেলপমেন্ট কর্পোরেশন ১ লক্ষ ফর্ম ডি. আই. সি. সেন্টারের মাধ্যমে ডিস্ট্রিবিউট করে ঋণ দেবার জন্য। ঋণের পরিমাণ মোটামুটি ১ লক্ষ টাকা করে। তার জন্য ওয়েলফেয়ার মিনিস্ট্রি ৫ কোটি টাকা পাঠান। সেই সময় মন্ত্রী ছিলেন শ্রী মেহবুব জাহেদি। ওয়েস্ট বেঙ্গল মাইনরিটিজ ফিনান্স ডেভেলপমেন্ট কর্পোরেশনের রিপোর্ট হাউসে প্লেস হয়। ১ লক্ষ ফর্ম দিয়েছেন ডি. আই. সি., সেটা এখনও পর্যন্ত ডিস্ট্রিবিউট হয় নি। এটা আপনি জানেন কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা জানতে গেলে নোটিশ লাগবে। আমি এর উত্তর খুঁজে নেব। ডি. আই. সি. বলতে উনি যেটা বলেছেন কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্টের কাছ থেকে গভর্নমেন্টের মধ্যে দিয়ে জেনে নেব। যদি দপ্তরের এই কাজ বাকি থাকে তাহলে এটা করার ব্যাপারে আমরা অঙ্গীকারবদ্ধ।

[12-00—12-10 P.M.]

## Starred Questions

## (to which written answers were laid on the Table)

### তফসিলি জাতি ও উপজাতি ছেলে-মেয়েদের হোস্টেল গ্র্যান্ট

*৩১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৮।) **শ্রী সুভাষচন্দ্র সরেন ঃ** তফসিলি জাতি, উপজাতি ও অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) এই রাজ্যে কত সংখ্যক তফসিলি জাতি ও উপজাতি ছেলে-মেয়েকে হোস্টেল গ্র্যান্ট হিসাবে অনুদান দেওয়া হয়; এবং

(খ) উক্ত খাতে সরকারের ১৯৯৫-৯৬ আর্থিক বৎসরে ব্যয়িত অর্থের পরিমাণ কত?

**তফসিলি জাতি ও উপজাতি ও অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১। পশ্চিমবঙ্গের প্রাক মাধ্যমিক স্তরে ছাত্রাবাস বৃত্তি দেওয়া হয় ৩২০০০ তফসিলি জাতির এবং ২৮০০০ আদিবাসী ছাত্র ছাত্রীকে।

২। ১৯৮টি আশ্রম ছাত্রাবাসের ৫৭৯৫ জন তফসিলি জাতি ও আদিবাসী ছাত্র ছাত্রীকে ছাত্রাবাস বৃত্তি দেওয়া হয়।

৩। কেন্দ্রীয় ছাত্রাবাসের ৯৪৮ জন ছাত্র ছাত্রীকে ভরন পোষণের অনুদান দেওয়া হয়।

মোট ছাত্র ছাত্রী সংখ্যা ৬৬,৭৪৩ জন।

(ছেষট্টি হাজার সাত শত তেতাল্লিশ জন।)

(খ) ১। প্রাক মাধ্যমিক স্তরে ব্যয়িত অর্থের পরিমাণ তফসিলি জাতি — ৯,৪৮,৩৯,৯০০ টাকা আদিবাসী — ৮,৩৬,৩৪,৩০০ টাকা।

২। ১৯৮টি ছাত্রাবাসের ছাত্র ছাত্রীদের জন্য ব্যয়িত অর্থের পরিমাণ ১,৯৯,৪৫,৩৭৮ টাকা।

৩। কেন্দ্রীয় ছাত্রাবাসের ছাত্র ছাত্রীদের ভরণ পোষণের জন্য ব্যয়িত অর্থের পরিমাণ ২৫,২১,৪৪৫ টাকা।

মোট খরচ — ২০,০৯,৪১,০২৩ টাকা কুড়ি কোটি নয় লক্ষ একচল্লিশ হাজার তেইশ টাকা।

## কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অডিট রিপোর্ট

***৩১৮**। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৫।) **শ্রী সুকুমার দাশ** ঃ শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৫ সালের অডিট রিপোর্টে বহু অনিয়ম ধরা পড়েছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯৫ সালের অডিট রিপোর্ট এখনও জমা পড়ে নি।

## পদ্মা ও ভাগিরথীর ভাঙ্গন

***৩১৯**। (অনুমোদিত প্রশ্ন নং *২৫২।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার মুর্শিদাবাদ জেলার পদ্মা ও ভাগিরথীর ভাঙ্গন প্রতিরোধে একটি কমিটি গঠন করেছিল;

(খ) সত্যি হলে, উক্ত কমিটির সুপারিশের ভিত্তিতে ফরাক্কা থেকে জলঙ্গী পর্যন্ত ভাঙ্গন প্রতিরোধের যে প্রকল্পটি রাজ্য সরকার ভারত সরকারের নিকট পেশ করেছিল সেই বাবদ কেন্দ্রীয় সরকার অর্থ বরাদ্দ করেছে কি না; এবং

(গ) করে থাকলে, ৩১-৫-৯৬ পর্যন্ত অর্থ বরাদ্দের পরিমাণ কত?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, পশ্চিমবঙ্গ সরকার গঙ্গা/পদ্মার ভাঙ্গনের গুরুত্ব বিবেচনা করে, ১৯৭৮ সালের আগস্ট মাসে সেন্ট্রাল ওয়াটার কমিশনের তদানীন্তন মেম্বার শ্রী প্রীতম সিং-এর নেতৃত্বে একটি কমিটি গঠন করেন। উক্ত কমিটি নদীর গতি-প্রকৃতি এবং তার ভাঙ্গনের কারণ অনুসন্ধান করার পর বেশ কিছু গুরুত্বপূর্ণ এলাকা চিহ্নিত করেন। সেই সাথে প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে আনুমানিক ব্যয় সহ কিছু কাজের কথা বিস্তৃত ভাবে রিপোর্ট আকারে ১৯৮০ সালের জানুয়ারি মাসে পশ্চিমবঙ্গ সরকারের

কাছে পেশ করেন।

(খ) এ বাবদ কোনও অর্থ সাহায্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আজ অবধি পাওয়া যায় নি।

(গ) প্রযোজ্য নয়।

**প্রধানমন্ত্রী রোজগার যোজনা প্রকল্পে আবেদনকারীর সংখ্যা**

***৩২০।** (অনুমোদিত প্রশ্ন নং *৮০৪।) **শ্রী অজয় দে ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ সালে নদীয়া জেলায় কত জন প্রধানমন্ত্রী রোজগার যোজনা প্রকল্পে ঋণের আবেদন করেছেন;

(খ) কত জনের আবেদন অনুমোদন করে ব্যাঙ্কে পাঠানো হয়েছে; এবং

(গ) কত জন ব্যাঙ্ক থেকে ঋণ পেয়েছেন?

**কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৪-৯৫ সালে ২৫৫৮ জন এবং ১৯৯৫-৯৬ সালে ১৬১২ জন।

(খ) ১৯৯৪-৯৫ সালে ৯৯১ জনের এবং ১৯৯৫-৯৬ সালে ৮২৬ জনের।

(গ) ১৯৯৪-৯৫ সালে ২৬১ জন এবং ১৯৯৫-৯৬ সালে ১২ জন।

**সম্পদ সংগ্রহের লক্ষ্যমাত্রা**

***৩২১।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৮২।) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বিগত ১৯৯৫-৯৬ আর্থিক বছরে রাজ্যে নিজস্ব সম্পদ সংগ্রহের লক্ষ্যমাত্রা কত ছিল; এবং

(খ) সংগৃহীত অর্থের পরিমাণ কত?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিগত ১৯৯৫-৯৬ আর্থিক বছরে রাজ্যে নিজস্ব সম্পদ সংগ্রহের লক্ষ্যমাত্রা ছিল ৪৪২৭.১৫ কোটি টাকা।

(খ) মহাগাণনিক, পশ্চিমবঙ্গ-এর কার্যালয় থেকে ১৯৯৫-৯৬ আর্থিক বছরে রাজ্যের নিজস্ব

সম্পদ সংগ্রহের প্রকৃত হিসাব এখনও পাওয়া যায় নি। তবে বিভিন্ন দপ্তর থেকে প্রাপ্ত প্রাথমিক হিসাব অনুযায়ী উক্ত আর্থিক বছরে রাজ্যের নিজস্ব সম্পদ সংগ্রহের পরিমাণ ৪৫৪৫.১৫ কোটি টাকা।

## নূতন সাব-রেজিস্ট্রি অফিস

***৩২৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৮২১।) **শ্রী ইউনুস সরকার ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে নূতন সাব-রেজিস্ট্রি অফিস খোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

(খ) থাকলে, কোথায় কোথায় খোলা হবে; এবং

(গ) স্ট্যাম্প ডিউটি কমানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) হ্যাঁ। স্ট্যাম্প ডিউটির বর্তমান হার ১০% থেকে কমিয়ে ৫% করে বিধানসভায় একটি বিলও সম্প্রতি গৃহীত হয়েছে।

## ফিনান্স অফিসারের পদ

***৩২৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৫।) **শ্রী অজিত খাঁড়া ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলা প্রাথমিক শিক্ষা সংসদে ফিনান্স অফিসারের পদটি দীর্ঘদিন খালি ছিল; এবং

(খ) সত্যি হলে, কি কারণে উক্ত পদটি খালি ছিল?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, খালি ছিল, এখন খালি নেই।

(খ) আদালতে মামলা থাকার জন্য অর্থ বিভাগ সংশ্লিষ্ট পদে বহুদিন পর্যন্ত নিয়োগ করতে পারেন নি। ১৯৯৪-এর শেষে আদালতের মামলা নিষ্পত্তির পদ নিয়োগ-প্রক্রিয়া শুরু হয়। সেজন্য আলোচ্য পদটি পূরণে দেরি হয়েছে।

**স্বল্প-সঞ্চয় সংগ্রহ**

***৩২৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৮।) **শ্রী তপন হোড় ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯৫-৯৬ আর্থিক বছরে স্বল্প-সঞ্চয় বাবদ কত টাকা রাজ্য সরকার সংগ্রহ করতে পেরেছে; এবং

(খ) ১৯৯৪-৯৫ সালে উক্ত ক্ষেত্রে কত টাকা সংগৃহীত হয়েছিল?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিভিন্ন প্রধান ডাকঘর থেকে বে-সরকারি ভাবে প্রাপ্ত হিসাব অনুসারে পশ্চিমবঙ্গে স্বল্প-সঞ্চয় বাবদ ১৯৯৫-৯৬ আর্থিক বছরে মোট সংগ্রহের পরিমাণ ৪৩৬৩ কোটি টাকা।

(খ) ১৯৯৪-৯৫ আর্থিক বছরে স্বল্প-সঞ্চয় খাতে মোট সংগ্রহের পরিমাণ ছিল ৪১৯৫ কোটি টাকা।

**প্রাথমিক বিদ্যালয় অনুমোদন**

***৩২৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩৪।) **শ্রী নির্মল ঘোষ ঃ** স্কুল শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯৬-৯৭ আর্থিক বছরে উত্তর ২৪-পরগনা জেলার পানিহাটি এলাকায় অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়গুলিকে অনুমোদন দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, সরকার এ বিষয়ে কি উদ্যোগ নিয়েছে?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৬ সালে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা (সংশোধন) আইন চালু হওয়ার পর থেকে কোনও প্রাথমিক বিদ্যালয়কে অনুমোদন করার আর কোনও সুযোগ নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**তফসিলি জাতি ও উপজাতি কল্যাণে কর্মসূচি**

***৩২৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩৯।) **শ্রী পরেশনাথ দাশ** ও **শ্রী মোজাম্মেল হক ঃ** তফসিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) "পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও উপজাতি উন্নয়ন ও অর্থনিগম" তফসিলি জাতি ও উপজাতি কল্যাণে ৩১শে মে, ১৯৯৬ পর্যন্ত কি কি কর্মসূচি গ্রহণ করেছে; এবং

(খ) উক্ত কর্মসূচির জন্য কত টাকা ব্যয় হবে বলে আশা করা যায়?

**তফসিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) যে সব ক্ষেত্রে কর্মসূচি গৃহীত হয়েছে তা নিম্নরূপ ঃ—

১। কৃষি ক্ষেত্র।

২। পশু পালন।

৩। মৎস্য চাষ।

৪। ক্ষুদ্র ও কুটীর শিল্প।

৫। ব্যবসায় ও পরিবহন।

(খ) উক্ত কর্মসূচিতে মোট ছয় শত আটত্রিশ কোটি বাহান্ন লক্ষ বাহান্ন হাজার পাঁচ শত বাষট্টি টাকা ব্যয়িত হয়েছে। এর মধ্যে তফসিলি জাতিদের জন্য পাচ শত দুই কোটি অষ্টআশি লক্ষ উনষাট হাজার দুই শত সাতান্ন টাকা এবং আদিবাসীদের জন্য এক শত পঁয়ত্রিশ কোটি তেষট্টি লক্ষ তিরানব্বই হাজার তিন শত পাচ টাকা ব্যয়িত হয়েছে।

**কংসাবতীর শাখা ক্যানেল সংস্কার**

***৩২৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৭।) **শ্রী মনোরঞ্জন পাত্র ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

বাঁকুড়া জেলার কংসাবতী জলাধারের শাখা ক্যানেলগুলি সংস্কারের কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করেছে কি না?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না, এরকম কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করেন নি। তবে বিভাগীয় বাজেট বরাদ্দের সীমাবদ্ধতার মধ্যে সাধারণ ভাবে শাখা খালগুলির সংস্কার করা হয়। এছাড়াও প্রায় প্রতি বৎসরই ক্ষতিগ্রস্থ একটি বা দুটি শাখা খালকে চিহ্নিত করে বিশেষ সংস্কার করা হয়ে থাকে।

**হিংলো সেচ প্রকল্প**

***৩২৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৫।) **শ্রী বিজয় বাগদী ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) হিংলো সেচ প্রকল্প সম্প্রসারণের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না;

(খ) থাকলে, তা কত দিনে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়;

(গ) বর্তমানে খয়রাশোল ব্লকের কত একর জমিতে সেচ হয়ে থাকে;

(ঘ) উক্ত সেচ এলাকায় কোনও কর ধার্য হয়েছে কি না; এবং

(ঙ) হয়ে থাকলে, একর প্রতি কত টাকা?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, সেচ প্রকল্প সম্প্রসারণ বলতে যা বোঝায় তেমন কোনও পরিকল্পনা হিংলো সেচ প্রকল্পের ক্ষেত্রে রাজ্য সরকারের নেই।

তবে National Bank for Agriculture and Rural Development (NABARD)-এর আর্থিক সহায়তায় প্রকল্পের বাকি কাজ একটি নির্দিষ্ট সময় সীমার মধ্যে শেষ করে প্রকল্পটির লক্ষ্যমাত্রা পূরণের একটি উদ্যোগ নেওয়া হয়েছে।

(খ) প্রযোজ্য নয়।

তবে প্রকল্পের অসমাপ্ত কাজ আগামী ১৯৯৭ সালের জুন মাসের মধ্যে শেষ করা যাবে বলে আশা করা যায়।

(গ) বিগত তিন বছরে খরিফ মরশুমে খয়রাশোল থানা এলাকায় গড়ে ২৩৪৫ হেক্টর পরিমাণ জমিতে সেচ দেওয়া সম্ভব হয়েছে।

(ঘ) হ্যাঁ, খরিফ মরশুমে সেচের জন্য কর ধার্য হয়েছে।

(ঙ) খরিফ সেচের ক্ষেত্রে একর প্রতি ১৫ টাকা।

## MESSAGE FROM THE GOVERNOR

**Mr. Speaker, Hon'ble Members,**

I have received the following message from his Excellency, the Governor of West Bengal :—

Dear Hon'ble Speaker, "July 8, 1996.

I thank you for your letter of 24th June, 1996. Kindly convey to the honourable members of the Legislative Assembly that I have received with satisfaction their message of thanks for the speech with which I opened the Session of the West Bengal Legislative Assembly on 10th June, 1996.

With warmest personal regards.

Shri Hashim Abdul Halim, Yours Sincerely,

Speaker, Sd/- K V Raghunatha Readdy.

West Bengal Legislative Assembly,

Assembly House, Calcutta".

## Adjournment Motion

**Mr. Speaker :** Today I have received seven notices of Adjournment Motion. The first one is from Shri Saugata Roy on the subject of out-break of malaria in Calcutta. The second one is from Shri Shyamadas Banerjee on the subject of demand for an Urdu Medium Girl's Higher Secondary School at Hossain Nagar. The third one is from Shri Suniti Chattaraj on the subject of non-sanction of water augmentation scheme for Suri Municipality. He has given a Calling Attention notice on the same subject. I have advised members not to submit different notices on the same subject. Most probably I shall also receive a notice of Mention from him on the same subject. As such, I rule it is out of order. The fourth one is from Shri Shobhan Deb Chattopadhyay on the subject of load shedding in village areas of the State. The fifth one is from Shri Ajoy Dey on the subject of demand for constitution of a Legislative Committee to consider the situation arisen due to increase in prices of petrol and diesel. The sixth one is from Shri Ashok Kumar Deb on the subject of reported involvement of some political leaders and police officers in illegal transfer of coal in Bankura district. The seventh one is from Shri Pankaj Banerjee on the subject of reported increase in fares of bus, minibus and taxi.

The subject matters of the motions are not such which call for Adjournment of the Business of the House. These are mainly related to the day to day administration of the Govt.

Moreover, the members may, raise their grievances in the House through Calling Attention, Mentions etc.

I, therefore, with hold my consent to all the motions.

One member may, however, read the text of his motion, as amended.

**Mr. Speaker :** Mr. Dey, there is already a Subject Committee on the transport. This matter can be discussed at the Subject Committee.

**... (Noise) ...**

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ের উপর আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল — কেন্দ্রীয় সরকার কর্তৃক পেট্রোল ও ডিজেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির বিরুদ্ধে প্রতিবাদ আন্দোলন না করে শুধু মাত্র বাস মালিকদের স্বার্থে সরকার এক তরফা ভাবে বাস, মিনিবাসের ভাড়া বৃদ্ধি করে জনসাধারণের উপর অতিরিক্ত করের বোঝা চাপাতে চলেছেন। অবিলম্বে পরিষদীয় কমিটি গঠন করা হোক এবং তার রিপোর্টের ভিত্তিতে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হোক এবং এ ব্যাপারে আগামী শুক্রবার সরকারের চূড়ান্ত সিদ্ধান্তের ঘোষণা স্থগিত রাখা হোক।

**(Noise & Interruptions)**

**Mr. Speaker :** Please take your seat. I am on my leg.

**(Noise)**

What I say...

**(Noise)**

When the Assembly is in session ...

**(Noise)**

The Government may announce any policy matter in the House.

গভর্নমেন্ট এরা চালাচ্ছেন, না আপনি চালাচ্ছেন, আমি জানি না।

If the Government makes an announcement ...

**(Noise)**

**(ভয়েস ঃ স্যার, আমরা আলোচনা চাই)**

অতীতে অনেক ডিসকাশন হয়েছে, আরও হবে। তাতে কি হয়েছে?

## Calling Attention

**Mr. Speaker :** Today, I have received thirteen notices of Calling Attention on the following subjects, namely :—

| | | |
|---|---|---|
| 1. | Alleged mysterious death of two persons at Sitakundu under Baruipur P. S. on 7.7.96. | Shri Shobhan Deb Chattopadhyay |
| 2. | Acute water crisis in ward No. 62 under C.M.C. | Shri Sudip Bandyopadhyay. |
| 3. | Alleged atrocities on murder of Shri Satya Ghosh and Shri Sattar Mandal of Maniktala Village under Ranaghat P. S. | Shri Sankar Singha and Shri Shashanka Sekhar Biswas. |
| 4. | Price hike of Petrol, Diesel, Cooking Gas etc and its consequences. | Shri Ashok Kumar Deb. |
| 5. | Reported arrest of promoter Pradip Kundalia on 9.7.96. | Shri Saugata Roy. |
| 6. | Non-sanction of fund for development works of Asansol Municipality. | Shri Shyamadas Banerjee. |
| 7. | Non-sanction of fund for development works of Suri Municipality. | Shri Suniti Chattaraj. |
| 8. | Re-opening of Hilora Subsidiary Health Centre under Suti Block-I in Murshidabad District. | Shri Md. Sohrab. |
| 9. | Power crisis in Asansol. | Shri Tapas Banerjee. |
| 10. | Non-payment of salary to the primary Teachers. | Shri Sanjib Kumar Das. |
| 11. | Demand for presentation of the Report of Kamakhya Chowdhury enquiry Committee on Flood Control in North Bengal. | Shri Nirmal Das. |
| 12. | Non-payment of salary to the retired Primary Teachers. | Shri Ajoy Dey. |
| 13. | Non-recognition of Chain Community as SC/ST. | Shri Ramprabesh Mondal. |

I have selected the notice of Shri Suniti Chattaraj on the subject

of non-sanction of fund for development works of Suri Municipality.

The Minister-in-charge may please make a statement, today if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 18th July, 1996.

Now I call upon the Minister-in-charge of Education (School) Department to make a statement on the subject of scarcity of school text books published by the West Bengal Board of Secondary Education and Directorate of School Education, West Bengal.

**(Attention called by Shri Debaprasad Sarkar on the 14th July, 1996.)**

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** পশ্চিমবঙ্গ সরকারের সাহায্য প্রাপ্ত এবং স্বীকৃত প্রাথমিক বিদ্যালয় সমূহে প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত যে সব নির্ধারিত পাঠ্য পুস্তক সরকার ছাত্র ছাত্রীদের বিনা মূল্যে সরবরাহ করে থাকে তার বেশির ভাগ সরস্বতী প্রেসে ছাপা হয়। এ বছর নির্বাচনের কাজে ব্যস্ত থাকার জন্য সরস্বতী প্রেস আমাদের পাঠ্য বই ছাপার কাজটি সময় মতো শেষ করতে পারে নি। ইতিমধ্যে তারা সে কাজ সম্পূর্ণ করেছে এবং কয়েকটি জেলায় ৩/৪টি পাঠ্য বই ছাড়া সব পাঠ্য পুস্তক পাঠিয়ে দেওয়া হয়েছে অবশিষ্ট বইগুলি কয়েক দিনের মধ্যে জেলায় পৌঁছে যাবে। এই পাঠ্য বইগুলি আমরা বিনা মূল্যে ছাত্র ছাত্রীদের মধ্যে বিতরণ করি এবং সেজন্য কোনও মূল্য আদায়ের প্রশ্নই ওঠে না। যদি কোনও ব্যক্তি বা সংস্থা এই পাঠ্য বই-এর মূল্য স্বরূপ অর্থ নেন, তাহলে তা সম্পূর্ণ ভাবে আইন বিরুদ্ধ এবং দন্ডনীয় অপরাধ।

অনুমোদিত কিন্তু সরকারি সাহায্যপ্রাপ্ত নয় এবং ছাত্রছাত্রীদের কাছ থেকে নিয়মিত বেতন গ্রহণ করে, এমন কিছু বিদ্যালয়কে আমরা তাদের অনুরোধক্রমে এবং প্রয়োজন অনুসারে নামমাত্র মূল্যে আমাদের প্রকাশিত পাঠ্যপুস্তক দিয়ে থাকি। এই সব বিদ্যালয় কর্তৃপক্ষ তাদের ছাত্রছাত্রীদের কাছে সেই বই বিক্রয় করেন।

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ ষষ্ঠ শ্রেণী থেকে দশমশ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য কিছু পাঠ্যপুস্তক প্রকাশ করে। এই বইগুলি ন্যায্যমূল্যে পর্ষদ তালিকাভুক্ত বিক্রেতা বা সংশ্লিষ্ট বিদ্যালয়গুলির মাধ্যমে ছাত্রছাত্রীদের কাছে বিক্রয় করা হয়। পর্ষদ প্রকাশিত পুস্তকগুলি, বিশেষ করে ষষ্ঠ ও সপ্তম শ্রেণীর রিভাইজড্ লারনিং ইংলিশ বইগুলির ক্রয় সম্পর্কে অনাবশ্যক আশঙ্কার কোনও কারণ নেই। প্রয়োজনীয় চাহিদা অনুযায়ী বই পর্ষদের কাছে আছে এবং ইতিমধ্যেই পর্ষদ

তালিকাভুক্ত বিভিন্ন জেলার বিক্রেতাগণও বই কিনেছেন। পর্ষদের আঞ্চলিক অফিসগুলিতেও বই আছে।

পর্ষদের বই ন্যায্য মূল্যে পাওয়া যায় এবং এই বই কেনার ক্ষেত্রে নোট বই কেনা আদৌ আবশ্যিক নয়। পর্ষদের নিজেরও কোনও বই নেই। এ বিষয়ে প্রকৃত অবস্থা ব্যাখ্যা করে পর্ষদ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বিক্রেতাদের উদ্দেশ্যে ৯ই এবং ১০ই জুলাই ১৯৯৬ তারিখের দৈনিক পত্রিকায় একটি বিজ্ঞাপন জারি করেছেন এবং তাঁদের নির্দেশ দিয়েছেন যে তাঁরা যেন পর্ষদের নিয়ম মেনে ন্যায্যমূল্যে নোটবই ছাড়াই পর্ষদ প্রকাশিত বই ক্রেতাদের বিক্রয় করেন।

[12-10—12-20 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি যে বিবৃতি দিলেন এটা খালি আমার অভিযোগ নয়, এই হাউস থেকে কয়েকটি বছর ধরে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ বারবার অভিযোগ করেছে যে প্রাথমিক স্তরে বিনামূল্যে পাঠ্য পুস্তক দেওয়ার কথা, কিন্তু সেই বই এর জন্য এবারেও বাজেট পুস্তিকাতে দেখতে পাচ্ছি সরকারি কোষাগার থেকে যে অর্থ খরচ হচ্ছে, পাবলিক এক্সচেকার যা ব্যয় হচ্ছে তার পরিমাণ হচ্ছে ১২ কোটি টাকা। অথচ বহু স্কুলে এই বই পাওয়া যাচ্ছে না। এবারে লার্নিং ইংলিশ যেটা মধ্যশিক্ষা পর্ষদ থেকে ছাপিয়েছে, এখানে আমার জিজ্ঞাস্য হচ্ছে, এই বন্টন ব্যবস্থায় মধ্যশিক্ষা পর্ষদ-এর বই বলুন, প্রাথমিক স্তরের বই বলুন, এই বন্টন ব্যবস্থাটা কিভাবে হয়, এটা নিয়ে কালোবাজারি হচ্ছে। ১৮ টাকার বই ৫৫ টাকায় বিক্রি হচ্ছে, মানে বই সমেত, কালোবাজারে। এখানে গণবন্টন ব্যবস্থার নিশ্চয় ত্রুটি আছে। কিংবা প্রকাশনা বিভাগ থেকে বই বাজারে চলে যাচ্ছে। এতে ছাত্র-ছাত্রীদের পড়াশুনার ক্ষতি হচ্ছে। এতে সরকারি টাকার অপচয় হচ্ছে। এটা বন্ধ করার জন্য কিভাবে এই গণ বন্টন ব্যবস্থাকে উন্নত করা যায় এই ব্যাপারে সরকার কোনও তদন্ত করবেন কিনা, কোথাও দুর্নীতি আছে কিনা, কেন ছাত্র-ছাত্রীরা সময়মতো বই পাচ্ছে না, এবং ছাত্র-ছাত্রীরা যাতে যথা সময়ে পাঠ্য পুস্তক পায় সেটার সম্বন্ধে হাউসকে কোনও গ্যারান্টি দিতে পারেন কিনা এটা কি তদন্ত করে দেখবেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** প্রথমত বলি, ষষ্ঠ এবং সপ্তম শ্রেণীর পর্ষদ কর্তৃক প্রকাশিত ইংরাজি বই। প্রতি বছরে পর্ষদ এর পক্ষ থেকে বিজ্ঞাপন দেওয়া হয় যে বুক সেলারস এবং পাবলিশারস এর মাধ্যমে বিভিন্ন বই দোকানে পাঠানো হয়। এবং পর্ষদের যতগুলি আঞ্চলিক অফিস আছে, বর্ধমানে আছে, উত্তরবঙ্গে আছে, সমস্ত আঞ্চলিক অফিসে এই বই মজুত করা হয়। যদি কোনও বিদ্যালয়ের প্রধান তার যতগুলি বই-এর প্রয়োজন সেই বইগুলি রিক্যুইজিশন করে আঞ্চলিক অফিসে পাঠান তাহলে প্রয়োজনীয় সংখ্যক বই ন্যায্য দামে—বই এর প্রশ্ন নেই—সেই বিদ্যালয়ের প্রধানের চিঠি অনুসারে তিনি পেতে পারেন। যদি কোনও ছাত্র যেখানে সেই স্কুলে পড়ে তার ফিজ্-বই দেখিয়ে পর্ষদ এর অফিসে যায় তাহলে ন্যায্য দামে সে বই পায় এবং শতকরা ১৫ টাকা হারে কমিশনও তাকে দেওয়া হয়। এটাই হচ্ছে নিয়ম।

যদি একটাও উদাহরণ দিয়ে দেখাতে পারেন যে পর্ষদ এর আঞ্চলিক অফিসে গিয়ে সেখানে বই আনতে পেলে বই পাওয়া যাচ্ছে না, তাহলে বিবেচনা করা যাবে। এটা হচ্ছে ষষ্ঠ ও সপ্তম শ্রেণীর ব্যাপার। ইংরাজি বই এর সম্বন্ধে বললাম। প্রাথমিক স্তরে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত পশ্চিমবাংলায় ১ কোটির মতো ছাত্র, প্রায় ৫৩/৫৪ হাজার বই, এই বই বন্টন যেটা আমরা করি, প্রত্যেকটি জেলায় একটি করে এর জন্য কেন্দ্রীয় গোডাউন আছে, সেখানে বই পাঠানো হয় এবং সেখান থেকে জেলা পরিষদ পৌরসভা সাহায্য নিয়ে পঞ্চায়েত সমিতিতে পাঠানো হয় এবং পঞ্চায়েত সমিতি থেকে গ্রাম পঞ্চায়েতগুলিতে পাঠানো হয়। কিংবা পঞ্চায়েত সমিতি থেকে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা সেই বইগুলি নিয়ে যাবেন। এর জন্য যে পরিবহন খরচ হবে, সেটা আমরা সরকার থেকে বহন করি। কেন্দ্রীয় সরকার কাগজের দাম বর্তমানে দ্বিগুন করেছে, কাগজ পেতে বিলম্বিতও হয়, মুদ্রণজনিত কারণেও বিলম্বিত হয়, তাই ৩৮ হাজার গ্রামে ৫২ হাজার বই পৌছে দেওয়াটা কঠিন কাজ। সেইজন্য পঞ্চায়েত এর সাহায্য নিয়ে করতে হয়। পঞ্চায়েত এবং পৌরসভার সাহায্য নিয়ে বিভিন্ন জায়গায় বই বন্টন ছাড়া দ্বিতীয় কোনও পথের জায়গা নেই, আমরা চেষ্টা করছি, আরও আগেভাগে যাতে এই বইগুলি পাঠানো যায়, যাতে শিক্ষা বর্ষের শুরুতেই শিক্ষার্থীরা বই পেতে পারেন তার চেষ্টা করব।

## MENTION CASES

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হুগলি জেলার পাবলিক প্রসিকিউটার নিয়োগের ব্যাপারে কাগজে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছিল। তারপর বিভিন্ন অ্যাপ্লিকেন্ট অ্যাপ্লিকেশন জমা দিয়েছিল এবং সেই ব্যাপারে ইন্টারভিউ নেওয়া হয়েছিল এবং একটা প্যানেল তৈরি করা হয়েছিল। হাইকোর্টের বিচারপতিদের দিয়ে প্যানেল এনকোয়ারী করার পরেও সেই প্যানেল কেন আটকে রয়েছে তার জন্য আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র, হাওড়া জেলার শ্যামপুর, সেখানে রেশনকার্ডের ব্যাপারে একটা চরম অবস্থা দেখা দিয়েছে। সেখানে শুধু বৃহস্পতিবারই রেশন কার্ড বিলি করা হয়। ভোর পাঁচটা থেকে লোকে লাইন দিয়ে দাঁড়িয়ে থাকে তবু তারা রেশন কার্ড পায় না। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব আমার বিধানসভা এলাকায় রেশন কার্ড বিলির সুষ্ঠ ব্যবস্থা যেন গ্রহণ করা হয়।

**(গোলমাল)**

(এই সময় মাননীয় সদস্য শ্রী সুনীতি চট্টরাজ টাওয়াল পরে, গেঞ্জি গায়ে সভাকক্ষে প্রবেশ করেন এবং রাস্তাঘাটের বেহাল অবস্থা সম্পর্কে মাননীয় স্পিকার মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে থাকেন।)

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েকদিন ধরে দেখা যাচ্ছে আসামে

ডিসটার্বেন্স হয়েছে, আমরা ওখানকার বিধায়ক যারা আছি তারা বিধানসভায় আসতে পারছি না, সাধারণ মানুষের অসুবিধা হচ্ছে। আলিপুরদুয়ার ও বীরপুর থেকে একটি রাষ্ট্রীয় পরিবহনের বাস দেওয়ার জন্য অনুরোধ করছি। চা-বাগিচা এবং বনাঞ্চলের মানুষের জন্য রাষ্ট্রীয় পরিবহনের বাস দেওয়ারও আমি দাবি করছি। এই বাসের অভাবে বিধায়ক, সাধারণ মানুষ সকলকেই বিশেষ অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে এবং মাঝে মাঝে বিভিন্ন পরিস্থিতি দেখা যাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ আপনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন, না হলে ১৯৯৩ সালের পুনরাবৃত্তি হবে। রাজধানীর সাথে যোগাযোগকারী কিছু রাষ্ট্রীয় পরিবহনের বাস দেওয়ার জন্য আমি আবেদন জানাচ্ছি।

[12-20—12-30 P.M.]

**শ্রী আবু হেনা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সেচ ও জলপথ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র এর মধ্যে বিলবোড়া গ্রাম পঞ্চায়েতের অধীন তারানগর পদ্মার ভাঙনে নিশ্চিহ্ন হতে বসেছে। তারানগর পদ্মার ভাঙন চলছে তিন বছর ধরে। গত ২ বছর ধরে আমি এই বিধানসভায় মেনশন করেছি, মন্ত্রীর কাছে দরবার করেছি। আমরা জানি গত বারের ভাঙনে অনেক ঘরবাড়ি, কৃষিজীবী নিশ্চিহ্ন হয়ে গেছে। এবারেও ভাঙন শুরু হয়ে গেছে। শুনেছি তারানগর ভাঙন রোধে দু কোটি, আড়াই কোটি টাকা বরাদ্দ হয়েছে কিন্তু এখনও পর্যন্ত কাজ শুরু হয় নি। ওখানকার জনগণ আতঙ্ক, অসহায়তার মধ্যে দিন কাটাচ্ছে। মাননীয় মন্ত্রী এখানে আছেন। এই ভাঙন রোধে কবে নাগাদ কাজ আরম্ভ করতে পারবেন। তিনি তার জবাব দিন। একটা স্পেসিফিক অ্যাশ্যুরেন্স দিন কবে নাগাদ কাজ আরম্ভ করতে পারবেন।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন এলাকায়, ভাঙন সম্পর্কে যে সমস্যা উদ্ভূত হয়েছে, যার মধ্যে, মাননীয় সদস্য যেটা বললেন সেটাও আছে। আগামী কাল ১২ টার সময়ে চেম্বারে মিটিং হবে। সেখানে বিস্তারিতভাবে আমি আলোচনা করব কতটুকু কাজ, কিভাবে, কখন করতে পারব।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্কুল শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি এখানে উপস্থিত আছেন তাঁকে জানাচ্ছি বারুইপুরে গত ২৪ বছরে কোনও মাধ্যমিক স্কুলকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হয় নি। প্রচন্ড সংকট চলছে। ছেলেমেয়েরা লেখাপড়া করতে পারছে না। বহু ছেলে পাশ করছে কিন্তু তাদের পড়াশুনার জন্য কলকাতায় আসতে হচ্ছে। বেশ কয়েকটি মাধ্যমিক স্কুল উচ্চমাধ্যমিক স্কুলের জন্য আবেদন করেছে। আমি তিনটে স্কুলকে জানি যাদের ইনফ্রাস্ট্রাকচার আছে। স্কুল তিনটি হচ্ছে পদ্মপুকুর, রামনগর, সীতাকুন্ডু। অন্তত একটা স্কুলকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করার জন্য আমি শিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী তপন হোড় ঃ** স্যার, আমি সরাসরি মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ চাইছি। বিশ্বভারতীর

মতো ঐতিহ্যমন্ডিত শিক্ষা প্রতিষ্ঠানের বর্তমানে যিনি আচার্য তাঁর সম্পর্কে আমি ইতিপূর্বে বলেছি, আবারও বলছি। লঘুভাই নামে একজন অনাবাসী ভারতীয় তাঁকে চিটিং কেসে, ৪২০ কেসে অভিযুক্ত করেছেন এবং সেই কেসে তাঁকে সমন জারি করেছে। এবারে এম.পি. কেনাবেচার মামলায় যে টপ অফ দি এফ.আই.আর. নেমড্ তার সঙ্গে ৪২০ কেস এইসব মিলিয়ে বিশ্বভারতীর মতো ঐতিহ্যমন্ডিত প্রতিষ্ঠানের আচার্যের নাম জড়িয়ে আছে। বিশ্বভারতীর আচার্যের এই ভূমিকা। তিনি পদত্যাগ করবেন না। আমার দাবি অবলম্বে তাঁকে স্যাক করা হোক। তাকে আচার্যের পদ থেকে সরিয়ে দেওয়ার জন্য অনেক রবীন্দ্র অনুরাগী আমার কাছে এসে বলছেন। সুতরাং বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের আচার্য পদে থাকার কোনও নৈতিক অধিকার বর্তমান আচার্য তথা প্রাক্তন প্রধানমন্ত্রীর নেই। এঁরা দু-কান কাটা।

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার হাসখালি থানার কৃষ্ণনগর—রানাঘাট রাস্তা দিয়ে কোনও সরকারি বাস চালানো যায় না। বেসরকারি বাস কিছু চলে। মালদা-বনগাঁ সরকারি বাস দীর্ঘদিন ধরে বন্ধ রয়েছে। অবিলম্বে বনগাঁ থেকে শিলিগুড়ি, বনগাঁ থেকে দুর্গাপুর এবং বনগাঁ থেকে মালদা সরকারি বাস চালাবার জন্য আমি মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাধ্যমিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র নরঘাট এলাকার নন্দীগ্রামের ৩নং ব্লকের চন্ডীপুরে ৪ কিলোমিটারের মধ্যে কোনও মাধ্যমিক বা জুনিয়র হাই-স্কুল নেই। চন্ডীপুরে ব্লক হেড অফিস, পুলিশ স্টেশন এবং অন্যান্য সরকারি অফিস আছে। অভিভাবক, ছাত্রছাত্রী, সরকারি কর্মচারী সকলেই এখানে আছেন। ৪ কিলোমিটারের মধ্যে কোনও জুনিয়র হাইস্কুল না থাকার জন্য এদের সকলকে খুব অসুবিধার মধ্যে পড়তে হয়েছে। চন্ডীপুরে বিবেকানন্দ বিদ্যামন্দির নামে একটা স্কুল চলছে। আপনারা সেটা পরিদর্শন করে যাতে সেই স্কুলকে মাধ্যমিক বিদ্যালয় হিসেবে স্বীকৃতি দেওয়া যায় তার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী প্রত্যুষ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে হাওড়া-আমতা রেল প্রকল্পের ব্যয়বরাদ্দ যাতে কেন্দ্রীয় সরকার করেন সেদিকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে নজর দেওয়ার জন্য আমি তার দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার একটা মাত্র রেল প্রকল্প—হাওড়া-আমতা ব্রড-গেজের কাজ দীর্ঘদিন ধরে শেষ হচ্ছে না। কেন্দ্রীয় সরকার গত পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় এটা গ্রহণ করলেও প্রত্যেক বছর যেটুকু বরাদ্দ দেওয়ার কথা সেটুকু তারা দিচ্ছেন না। তার ফলে কাজটা থেমে আছে। আগামী ১৬ই জুলাই কেন্দ্রীয় সরকারের যে বাজেট পেশ হবে তাতে যেন এই রেল প্রকল্পের জন্য ব্যয়-বরাদ্দ করা হয় এবং দ্রুত কাজ শেষ করার জন্য আমি দাবি জানাচ্ছি। পশ্চিমবঙ্গে দিঘা-তমলুক, নামখানা-বজবজ, একলাক্ষি-বালুরঘাট এবং মেজিয়া-রাণিগঞ্জ রেলপ্রকল্পের কাজ দ্রুত শেষ করার জন্য

সামনের ১৬ই জুলাই কেন্দ্রীয় সরকারের বাজেটে এই রেল প্রকল্পগুলোর জন্য ব্যয়-বরাদ্দ যাতে করা হয় তার প্রতি কেন্দ্রীয় সরকারকে বাধ্য করানোর জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন যে, গত নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় কেন্দ্রীয় সরকারে যারা ছিলেন তারা কোনও পয়সা বরাদ্দ করেন নি। শুধু তাই নয়, সারা ভারতবর্ষে যে ৬৬৩ কিলোমিটার রেল ট্রাক হয়েছে, পশ্চিমবঙ্গ এবং পূর্বাঞ্চল তাতে কোনও অংশ পায়নি। এই বিষয়টিতেও সবার দৃষ্টি আকর্ষণ করতে চাই।

**শ্রী আকবর আলী খোন্দকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজ হুগলি জেলার চন্ডীতলা কেন্দ্রের রাস্তাগুলির অবস্থা খুব করুণ। একটু আগে দেখলাম সুনীতি চট্টোরাজ মহাশয় কি অবস্থার মধ্যে পড়েছেন, ঐ অবস্থা যেন ঐ অঞ্চলের মানুষের না হয়, সেটা দেখবেন। বিশেষ করে ভগবতীপুর থেকে কানাইডাঙা, ভায়া হারানন্দহাটি এই রাস্তাটির অবস্থা খুবই খারাপ। এটা জেলা পরিষদের রাস্তা। জেলা পরিষদের রাস্তাগুলির মধ্যে আর আছে—গরালগাছা একলাক্ষি, ভায়া বলুহাটি, হাওড়া জেলা অবধি যাচ্ছে রাস্তাটি। কুমিরমোড়া স্টেশন থেকে নবাবপুর। বেগমপুর ভায়া গঙ্গাধরপুর হইতে জঙ্গলপাড়া। শ্রীরামপুর বড়া-চন্ডীতলা রোড, এটি পি.ডব্লু.ডি.র আন্ডারে। বিশেষ করে জেলা পরিষদের রাস্তাগুলির অবস্থা জঘন্য। স্থানীয় জনসাধারণ খুব অসুবিধার মধ্যে আছে। অবিলম্বে রাস্তাগুলি সারানোর জন্য মাননীয় পঞ্চায়েত মন্ত্রীকে অনুরোধ করছি। না হলে সেখানে কোনও বড় বিক্ষোভ বড় দুর্ঘটনা ঘটতে পারে।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আরামবাগ মহকুমার হাসপাতাল সহ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে এমনিতেই ওষুধপত্রের অভাব রয়েছে। এছাড়া জীবনদায়ী ওষুধও পাওয়া যায় না। এ.আর.ভি., এ.বি.এস. যাতে অবিলম্বে হাসপাতালগুলিতে সরবরাহ করা হয়, সেদিকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12-30—12-40 P.M.]

**শ্রী অজিত খাঁড়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার ভগবানপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ১৪টি মৌজায় জল নিকাশির জন্য ঘরবাড়ি স্লুইস গেট তৈরি করার জন্য ১২ লক্ষ টাকা মঞ্জুর হয়েছে। নিম্নমানের ঠিকাদারদের দিয়ে বি.ডি.ও. কাজ করাচ্ছে, ফলে লোক খেপে গেছে কাজ ভালো না হওয়ায় জন্য। কাজ বন্ধ হয়ে গেল। অবিলম্বে সেই কাজ যাতে উপযুক্ত ইঞ্জিনিয়ারদের মাধ্যমে করানো হয়, তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী গনেশ মণ্ডল ঃ মাননীয়** সদস্য এখন যেটা উল্লেখ করলেন, এই ব্যাপারে আজ দুটোর সময় এখানে আমার ঘরে আপনাদের ঐ কাঁথি সাব-ডিভিসন সংক্রান্ত বিষয়ে আলোচনা করার জন্য মিটিং ডেকেছি। অফিসাররা সেখানে থাকবেন। আপনাদের চিঠিও পাঠিয়ে দেওয়া

হয়েছে। যদি না পান দুটোর সময় সেখানে উপস্থিত থাকবেন।

**শ্রী শিবপ্রসাদ দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকার খন্ডঘোষ ব্লকে বৈতানপুর গ্রামটি এর মধ্যেই সিকি ভাগ দামোদর নদীর গর্ভে চলে গেছে। সেচ দপ্তরের স্কীম হয়েছে, টেন্ডার হয়েছে অর্ডার হয়েছে, কিন্তু কাজটা শুরু হয়নি। বর্ষা এসে গেছে। গ্রাম আবার নদীগর্ভে চলে যায় কিনা তার জন্য গ্রামবাসীগণ আতঙ্কিত। এমন কিছু ব্যবস্থা নেওয়া যায় কিনা যাতে আপাতত ভাঙ্গন ঠেকানো যায়। আর কাজ তো বর্ষার পরে শুরু হবে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দিনের পর দিন বাস ভাড়া বাড়ছে কিন্তু যাত্রী সাধারণের স্বাচ্ছন্দের দিকে নজর দেওয়া হচ্ছে না। এবিষয়ে মোটর ভেহিকেলস এবং আই.টি.এ. যারা আছেন তারা বাস-মিনিবাসগুলো পরিবহনের যোগ্য কিনা, দূষণ ছড়াচ্ছে কিনা এবং ফিটনেস্ সার্টিফিকেট দেওয়া যাদের কাজ ঠিকমতো তারা কাজ করছেন না। যেখানে ১৫০ টাকা বাস প্রতি ফিটনেস সার্টিফিকেট করতে লাগে সেখানে ভেহিকেলস ইনস্পেক্টররা যথেচ্ছ ভাবে সাড়ে চারশো, ৫০০ টাকা নিয়ে ঐ ফিটনেস্ সার্টিফিকেট দিয়ে দিচ্ছে। আবার যেখানে ৩৮ জনের বসার জায়গা সেখানে ৫০/১০০ জনে বাস ভর্তি করছে। স্যার, এতে যাত্রীসাধারণের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। অথচ দিনের পর দিন বাসের ভাড়া বাড়ছে। আমরা এর প্রতিবাদ করছি এবং যাত্রীসাধারণের স্বার্থ সুরক্ষিত করবার জন্য সরকারের কাছে যথাযথ ব্যবস্থার আবেদন জানাচ্ছি।

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কয়েকদিন আগে বর্তমান পত্রিকায় বেরিয়েছে যে, গ্রাম-পঞ্চায়েতের সচিবদের উপেক্ষা করে গ্রাম-সেবকদের একজিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট হিসাবে নিয়োগ করা হচ্ছে। গ্রাম-পঞ্চায়েত অ্যাক্ট যখন তৈরি করা হয় তখন গ্রাম-পঞ্চায়েতের সচিবদের এক্জিকিউটিভ অফিসার হিসাবে অ্যাপয়েন্ট করা হয়েছিল। পরবর্তী পর্যায়ে ১৯৭৩ সালের পঞ্চায়েত অ্যাক্টে তাঁদের অফিসার ইন চার্জ করা হয় যখন সুব্রতবাবু পঞ্চায়েত মন্ত্রী ছিলেন কিন্তু দুঃখের কথা, তাঁদের এক্জিকউটিভ অফিসার না করে সেখানে অন্য সরকারি কর্মচারিদের এক্জিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট হিসাবে নিয়োগ করা হচ্ছে। আমি অবিলম্বে ঐ পদে পঞ্চায়েত সচিবদের নিয়োগের দাবি করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরবহন মন্ত্রীর আমি দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া থেকে মাথাপাড়া ভায়া উলুবেড়িয়া যে এল বাস চলে তার সংখ্যা খুব কম। স্কুল-কলেজের ছাত্রছাত্রী, কারখানার শ্রমিক, সরকারি-কর্মচারী তারা প্রতিদিন গাড়ি ফেল করছে গাড়ি কম থাকায়। এবিষয়ে আমি স্যার, বারবার এই সভায় বলেছি কিন্তু

কোনও কাজ হয়নি। তাই স্যার, আমি আজকে আবার এবিষয়ে আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আসানসোল হাসপাতালে বর্তমানে যে অবস্থা তা কল্পনা করা যায় না। হাসপাতালের মর্গে কিভাবে দেহ রাখা হয় রোগীদের কি অবস্থা তার কিছু ছবি আমি নিয়ে এসেছি, আপনি দয়া করে যদি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দেন তাহলে বাধিত হব।

**(এই সময় মাননীয় সদস্য কিছু ছোট ছোট ফটো তুলে দেখাতে থাকেন।)**

এটা আজকে শুধু আমার কথা নয়। একটা সংবাদ পত্রে দেখেছি, আমাদের মন্ত্রিসভার সদস্যও ঐ হাসপাতালে গিয়েছিলেন এবং বলেছেন, পশ্চিমবাংলার সমস্ত হাসপাতালের অবস্থা ভালো নয়। মন্ত্রিসভার সদস্য যখন এই মন্তব্য করেন তখন অবস্থাটা সহজেই অনুমান করা যায়। স্যার, আমাদের আসানসোল হাসপাতালের মর্গে যাদের আনা হয় তাদের এই ফটোতে দেখুন কিভাবে ফেলে রাখা হয়। এছাড়াও ওখানে বেডের সংখ্যা বাড়াতে হবে। ওষুধ পাওয়া যাচ্ছে না। স্যালাইনের অভাব। ওষুধ, স্বল্প মূল্যের ওষুধের অভাব রয়েছে। অ্যাম্বুলেন্স নেই। এমারজেন্সিতে চিকিৎসক পাওয়া যায় না। এটা আমাদের মন্তব্য নয়, মন্ত্রিসভার প্রবীণ একজন সদস্যের মন্তব্য। উনি নর্থ-বেঙ্গলে গিয়ে এই মন্তব্য করে এসেছেন। এছাড়া স্যার, আমি আসানসোল হাসপাতালকে জেলা-হাসপাতালে রূপান্তরিত করার দাবি জানাচ্ছি এবং উপরোক্ত সমস্যাগুলোর সমাধানের জন্য আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12-40—12-50 P.M.]

**শ্রী শঙ্করসরণ নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার দক্ষিণ ২৪ পরগনা জেলায় বিষ্ণুপুর থানা অঞ্চলে ১০ বছর যাবৎ প্লাইউড শিল্প গড়ে উঠেছে, যার সঙ্গে ৩ হাজার শ্রমিক যুক্ত। এই শ্রমিকরা এখনও পর্যন্ত মিনিমাম ওয়েজ অ্যাক্টের মধ্যে আসে না, আমি এই ব্যাপারে শ্রম দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মালিক পক্ষ ঠিকাদারি প্রথায় হাজার হাজার শ্রমিক নিয়োগ করেছে। এক হাজার শ্রমিকের মধ্যে ৮০০ শ্রমিক ১৯ টাকা মজুরিতে কাজ করে, তারা যাতে মিনিমাম ওয়েজ অ্যাক্টের মধ্যে আসে তার জন্য আমি শ্রমমন্ত্রীর নিকট আবেদন করছি।

**শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** (হাউসে নেই।)

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন ডায়মন্ডহারবার একটি পরিচিত শহর, তার উপর দিয়ে দূরপাল্লার বাস কাক্‌দ্বীপ, নামখানা যায়। অথচ সেখানকার মানুষ বাসের অভাবে যাতায়াত করতে পারছে না। সিরাকোল থেকে দস্তিপুর ভায়া উস্তি মানুষ যাতায়াত

করতে পারে না, সরকারি বাস চালানোর দাবি জানাচ্ছি। হলদিয়া থেকে রায়চক্ হয়ে মেদিনীপুরের মানুষও এখানে আসে কিন্তু সরকারি বাসের ব্যবস্থা নেই। নূরপুর থেকে কলকাতার জন্য পর্যাপ্ত পরিমাণ সরকারি বাস নেই। আমি এ বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ইউনুস সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভিন্ন জায়গায় যে দুর্নীতি হচ্ছে সেটা রোধ করার জন্য মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র রাণিনগর-২ গ্রামপঞ্চায়েতে সেখানকার পঞ্চায়েত প্রধান হাজার হাজার টাকা আত্মসাৎ করেছে এবং সেই টাকার কোনও হিসাব দেওয়া হচ্ছে না। কোন দলের প্রধান আমি বলতে চাই না, কারণ এঁরা চিৎকার করবেন। এটা একবার দেখা হোক, যে দলেরই হোক না কেন এবং তার শাস্তির ব্যবস্থা করা হোক। মুর্শিদাবাদ গ্রামীণ ব্যাঙ্ক, শেখপাড়া শাখা এবং সেই ব্যাঙ্কের পাশ বই নং-৩২৭।

**শ্রী কমল মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার চন্দননগরে গোন্দলপাড়া ফেরীঘাট থেকে বিনোদতলা ঘাট পর্যন্ত ভাঙন দেখা দিয়েছে। আমি মন্ত্রীর নিকট অনুরোধ করছি আপনি দয়া করে অবিলম্বে ওই ভাঙন রোধ করুন। তা না হলে চন্দননগরের বড় বড় বাড়ি সব নদী গর্ভে চলে যাবে এবং এই বিনোদতলা ঘাটটি একটি ঐতিহাসিক ঘাট, পুরনো ঘাট, আমি এই ঘাটটির সংস্কারের দাবি করছি। মাননীয় মন্ত্রীর নিকট এই ভাঙন রোধ এবং এই ঘাটটির সংস্কার অবিলম্বে করার জন্য অনুরোধ করছি।

**শ্রী মোজাম্মেল হক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণের পরিপ্রেক্ষিতে তাঁর কাছে আমার জিজ্ঞাস্য—মুর্শিদাবাদ জেলার ঠিকাদারদের একটা অংশ কি সেচ ও জলপথ বিভাগের একজিকিউটিভ ইঞ্জিনিয়ার বা প্রশাসনিক অফিসারদের চেয়ে বেশি ক্ষমতাশালী? আমার বিধানসভা কেন্দ্রের দৌলতবাদ থানার নিধিনগর গ্রাম ভেঙে যাচ্ছে। সেই ভাঙন প্রতিরোধের জন্য একটা স্কীমে ৬ জন ঠিকাদারকে কাজে নিযুক্ত করা হয়েছিল। তার মধ্যে তিন জন কাজ করল, আর তিন জন কাজ করল না। আজ পর্যন্ত একজিকিউটিভ ইঞ্জিনিয়ার, ডি.এম., এস.ডি.ও. ইত্যাদি কেউ তাদের দিয়ে কাজ করাতে পারছেন না। তারা নাকি জেলার কোন বড়দার শিষ্য। সেই বড়দার ভয়ে অফিসাররা, জেলা কর্তৃপক্ষ চুপ করে বসে আছেন। মাননীয় সেচমন্ত্রী এখানে উপস্থিত আছেন, আমি বিষয়টির প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি এবং যথাযথ ব্যবস্থা নিয়ে অনুরোধ করছি

**শ্রী মহঃ সোহরাব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমার পশ্চিম অংশে কতগুলো পাহাড়ী নদী আছে—বাঁশলই এবং পাগলা তাদের মধ্যে অন্যতম। এই নদীগুলোর জলোচ্ছ্বাসে প্রতি বছর বিস্তীর্ণ এলাকা ডুবে যায়। পাগলা এবং বাঁশলই নদীতে ফারাক্কা ব্যারেজ অথরিটির

দুটো লক্ গেট্ আছে। গত বন্যার সময় সেই দুটো লক্ গেট্ টেকনিক্যাল ডিফেক্টের জন্য তোলা যায়নি। ফলে সমস্ত এলাকা ডুবে গিয়েছিল। আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—টু টেক্ আপ দি ম্যাটার উইথ দি ব্যারেজ অথরিটি ওয়েল ইন অ্যাডভান্স, যাতে এ বছর লক্ গেট্ দুটো আগাম তুলে রাখা হয়, যাতে ঐ লক্ গেট্ দুটোর জন্য আবার নতুনভাবে বন্যা না হয়। বাঁশলই নদীতে বীরভূমের দিকে বাঁধ দেওয়া আছে। অনুরূপ বাঁধ মুর্শিদাবাদের দিকেও দেবার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। আগামীকাল তিনি এই সমস্ত বিষয় নিয়ে আলোচনায় বসবেন, সেখানে যাতে এই বিষয়টা বিবেচিত হয় তা দেখতেও আমি তাঁকে অনুরোধ করছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী মহোদয়ের একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, উত্তরপাড়া কেন্দ্রের মধ্যে অবস্থিত উত্তরপাড়া জেনারেল হাসপাতালটি শুধু মাত্র উত্তরপাড়া বিধানসভা কেন্দ্রেরই নয়, পাশ্ববর্তী চন্ডীতলা, জাঙ্গীপাড়া এবং হাওড়া জেলার বালি অঞ্চলের ব্যাপক সংখ্যক মানুষের প্রধান চিকিৎসা কেন্দ্র। অর্থাৎ বিস্তীর্ণ অঞ্চলের মানুষ এই হাসপাতালটির ওপর নির্ভরশীল। অথচ এই হাসপাতালটিতে কোনও ব্লাড ব্যাঙ্ক নেই। হুগলি জেলার চারটি মহকুমার চন্দননগর মহকুমা হাসপাতাল, চুঁচুড়া সদর হাসপাতাল, শ্রীরামপুর মহকুমা হাসপাতাল এবং আরামবাগ মহকুমা হাসপাতাল ব্লাড ব্যাঙ্ক রয়েছে। উত্তরপাড়া জেনারেল হাসপাতাল ঐ চারটির সমগোত্রীয় হওয়া সত্ত্বেও ব্লাড ব্যাঙ্ক নেই। সেখানে ব্লাড ব্যাঙ্কের খুবই প্রয়োজন। তাই আমি বিষয়টির প্রতি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে উত্তরপাড়া জেনারেল হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক চালু করার আবেদন জানাচ্ছি।

**শ্রী সবুজ দত্ত ঃ** মাননীয় ডেপুটি স্পিকারের মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, বাগনান বিধানসভা কেন্দ্র একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ কেন্দ্র। অতীতে শুধু বাগনানের মাটিকেই নয়, গোটা বাংলার মাটিকে গৌরবোজ্জ্বল করেছিল বাগনানের খেলোয়াড় মাননীয় রতনচন্দ্র সেন মহাশয় এবং তিনি রয়াল বেঙ্গল টাইগার নামে চিহ্নিত হয়েছিলেন। অত্যন্ত দুর্ভাগ্যের সঙ্গে আমাকে বলতে হচ্ছে যে, বিগত ১৯ বছরে বামফ্রন্ট সরকারের সহযোগিতায় বাগনানের মাটিতে একটা বড় মাঠও তৈরি হয় নি। অথচ প্রতি বছর কলকাতার প্রথম ডিভিসনে ১০ থেকে ১৫ জন খেলোয়াড় বাগনান থেকে খেলতে আসে। তারা শুধু কলকাতারই মুখ উজ্জ্বল করে না, গোটা বাংলার মুখ উজ্জ্বল করে। তাই আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই অবিলম্বে বাগনানে একটা বড় খেলার মাঠ এবং একটা স্টেডিয়াম তৈরি করা হোক। বাংলার সৌরভ যেমন আজকে বাংলার গৌরব বৃদ্ধি করেছে তেমন আমি বলতে পারি বাগনানের ছেলেরা যদি সঠিক সুযোগ সুবিধা পায় তাহলে তারাও বাগনানের, বাংলার তথা ভারতবর্ষের মুখকেও গৌরবোজ্জ্বল করে তুলবে। সুতরাং আমার বিভাগীয় মন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ, বাগনানে একটা খেলার মাঠ তৈরি

করে দিন। এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[12-50—1-00 P.M.]

**শ্রী বিনয় দত্ত :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আরামবাগ পৌর এলাকার হরিজন কোয়ার্টার সম্পর্কে বলতে চাই এবং মাননীয় পৌরমন্ত্রীকে এই বিষয়ে নজর দেওয়ার জন্য অনুরোধ করছি। আরামবাগ পৌর এলাকার হরিজন কোয়াটার দীর্ঘদিনের। আরামবাগ পৌরসভা ১০০ বছরের পুরানো। ৫০ বছর হয়ে গেছে হরিজন কোয়াটার। এই কোয়াটারটি ভেঙে পড়ছে। যেকোনও দিন একেবারেই ভেঙে পড়বে এবং এরফলে ৫০/৬০টি পরিবার মারা পড়বে। আরামবাগ পৌরসভা আর্থিক দিক থেকে খুবই দুর্বল। এই পৌরসভার জন্য আর্থিক বরাদ্দ বৃদ্ধি করার জন্য এবং হরিজন কোয়াটারটি সারানোর জন্য আমি মাননীয় পৌরমন্ত্রীর কাছে অনুরোধ করছি। এই পৌরসভা একটা স্কীম পাঠিয়েছে। সেটা অ্যপ্রুভ করে ব্যবস্থা নেবার জন্য অনুরোধ করছি। আজকে এই হরিজন কোয়াটার ভেঙে পড়ে যদি লোক মারা যায় তাহলে সারা দেশে একটা বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হবে। তাই এই বিষয়ে দেখার জন্য অনুরোধ করছি।

**Shri Ramjanam Majhi :** Not Present.

**শ্রী দেবীশঙ্কর পান্ডা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মেদিনীপুর জেলার নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্র থেকে প্রতিনিধিত্ব করছি যেখানে স্বাধীনতার ৫০ বছর পরেও স্বাধীনতার আলো পৌঁছায়নি। আমি সব সমস্যার কথা উল্লেখ করব না। শুধু আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ৫০ দশকে নন্দীগ্রাম থেকে খেজুরি হয়ে কাঁথি মহকুমায় যোগাযোগ-এর জন্য নন্দীগ্রাম মালদা রাস্তা প্রস্তাবিত হয়েছিল। এর মাটির কাজ শেষ হয়েছে, জমি অধিগ্রহণের জন্য ক্ষতিপূরণ দিয়ে দেওয়া হয়েছে। নির্বাচনের পূর্বে মাননীয় পূর্তমন্ত্রী ঢাক-ঢোল পিটিয়ে সেতুর শিলান্যাস করে এসেছেন। কিন্তু সেই কাজ নির্বাচনের পরে শুরু হয়নি। এই কাজ যাতে অবিলম্বে শুরু হয় তারজন্য আমি অনুরোধ জানাচ্ছি। কারণ প্রত্যন্ত গ্রাম থেকে ২০/২৫ কিলোমিটার দূর থেকে দুর্গম রাস্তা দিয়ে মানুষকে নন্দীগ্রামে আসতে হয়। আর একটি কথা, মহকুমা সদর হলদিয়ার সঙ্গে যোগাযোগের জন্য আর একটি রাস্তা দরকার। কারণ নন্দীগ্রাম থেকে হলদিয়ায় যেতে হলে অনেক পথ ঘুরতে হয়। যদি টেঙ্গুয়া থেকে পরিয়ারচক রাস্তাটি তৈরি করা হয় তাহলে সহজেই মানুষ মহকুমা সদরে যেতে পারে। এরজন্য জমি অধিগ্রহণ বা মাটির কাজের কোনও দরকার নেই। খালি পিচের রাস্তা করে দিলেই হবে।

**শ্রী সুনীলকুমার ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অতীব দুঃখজনক ঘটনার কথা মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং তথ্য মন্ত্রীর কাছে নিবেদন করতে চাই। স্যার, গত ৬ জুলাই, মানিকতলা-রানাঘাট সাব-ডিভিসনে গ্রামের সত্য ঘোষ বলে

একজন ব্যক্তির মৃতদেহ চূর্নী নদীতে ভাসতে দেখা যায়। তখন সকাল ৬টা। সাথে সাথে থানায় খবর দেওয়া হয়। কিন্তু থানার লোকজন সময় মতো এসে পৌঁছায়নি, যেহেতু ঐ সত্য ঘোষের বাড়ি ঐ গ্রামের মুসলমান অধ্যুষিত এলাকার মধ্যে। সাথে সাথে এই খবর পাবার পর কিছু হিন্দু সম্প্রদায়ের উগ্র মানুষ ঐ মুসলমান পল্লীতে গিয়ে আক্রমণ করে এবং ১৬ বছরের একটি ছেলে যার নাম সাত্তার তাকে খুন করে এবং বহু ঘরবাড়ি ভাঙচুর করে। এরফলে বহু সম্পত্তি নষ্ট হয়। ৮০টি বাড়ির লোকজন এখনও খোলা আকাশের নিচে রয়েছে। কারণ সমস্ত টালির ঘর-বাড়ি তাদের ভেঙে দিয়েছে। তাদের দাঁড়াবার স্থান নেই। সকাল ৬টার সময়ে থানায় খবর দেওয়া হল, কিন্তু থানার লোক এলো ১১টার সময়ে। এস.ডি.পি.ও (রানাঘাট) যখন দেরি করে এলো, তখন আমাদের একজন নেতা মনসুর শেখ তাকে জিজ্ঞাসা করলেন, এতো দেরির কারণ কি? এস.ডি.পি.ও এমন উদ্ধত আচরণ করলেন যে মনসুর শেখের মাথার চুল ধরে টেনে মাটিতে ফেলে হ্যাঁচড়াতে-হ্যাঁচড়াতে নিয়ে গেল। এরফলে তার মাথার চুল উঠে যায়। পরবর্তীকালে অন্যান্য যারা প্রতিবাদ জানাতে গিয়েছিলেন তাদেরও প্রতি অশালীন আচরণ করেন। এই এস.ডি.পি.ও এবং অন্যান্য যারা এই কান্ড ঘটালেন তারা সবাই কংগ্রেসি মদতপুষ্ট। তাই আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি, ঐ এস.ডি.পি.ওকে অপসারণ করা হোক এবং দোষী ব্যক্তিদের উপযুক্ত শাস্তি দেওয়া হোক এবং সাথে সাথে যে সমস্ত মানুষের ঘরবাড়ি ভেঙে গেছে তাদের ত্রাণ সামগ্রী দেবার ব্যবস্থা করার জন্য আমি ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অসিতকুমার মাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গতকাল অক্সিজেনের অভাবে ন্যাশনাল মেডিক্যাল কলেজে এবং চিত্তরঞ্জন হাসপাতালে কোনও অপারেশন হয়নি। শুধু তাই নয়, বেশ কিছুদিন ধরেই স্টেট হসপিটাল যেমন এস.এস.কে.এম., এন.আর.এস., মেডিক্যাল কলেজে অক্সিজেনের অভাবে কোনও অপারেশন হচ্ছে না। এটা খুবই পরিতাপের বিষয় যে স্টেট হসপিট্যালগুলিতে রোগীদের অপারেশন হচ্ছে না। অথচ গ্রামাঞ্চল থেকে হাজার হাজার রোগী এইসব হাসপাতালে এসে ভর্তি হয়ে থাকেন। সেখানে তাদের অপারেশনের ডেট ফিক্স করাও থাকে। ন্যাশনাল মেডিক্যাল কলেজ এবং চিত্তরঞ্জন হাসপাতালে তো গতকাল কোনও অপারেশনই হয়নি অক্সিজেনের অভাবে। অবিলম্বে হাসপাতালগুলিতে অক্সিজেন সরবরাহ করার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কেন্দ্রে সরকার পাল্টালেও আমাদের এই কলকাতায় আকাশবাণী এবং দূরদর্শন তাদের আগের অভ্যাস পাল্টাতে পারে নি। গত পরশুদিন বিধানসভায় শিল্পমন্ত্রী যে বাজেট উপস্থিত করলেন সে সম্পর্কে দূরদর্শন রাত্রি ১০ টার সংবাদ বুলেটিনে তার উল্লেখ করলেন না। সেখানে সর্বভারতীয় এবং আন্তর্জাতিব খবর দিয়েই খবর শেষ হয়ে গেল। আকাশবাণীরও স্যার, একই অবস্থা। গতকাল এখানে

ওয়াকফ নিয়ে যে আলোচনা হল তাতে তারা কয়েকজন বিরোধী সদস্যের বক্তব্য উদ্ধৃত করলেন, সরকারপক্ষের যারা বললেন তাদের বাদ দিয়ে দিলেন। মাননীয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রীর কাছে আমি দাবি করছি, অবিলম্বে কেন্দ্রীয় তথ্য মন্ত্রীর সঙ্গে এ ব্যাপারে যোগাযোগ করুন এবং বলুন এখানে যারা বসে আছেন আকাশবাণী এবং দূরদর্শনের কর্তৃপক্ষ তাদের অভ্যাস পাল্টাতে। জনসাধারণের পক্ষে যে বক্তব্য সেই বক্তব্য যাতে যথাযথভাবে প্রচারিত হয় তার ব্যবস্থা করার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার হীরাপুর বিধানসভা কেন্দ্রের মধ্যে ৩৫ টি মৌজায় ৮৩টি গ্রামে বিদ্যুৎ নেই। গত ২০ বছর ধরে সেখানকার মানুষরা বিদ্যুৎহীন অবস্থায় রয়েছেন। বিদ্যুতের অভাবে হীরাপুর বিধানসভা কেন্দ্রের ৩৫টি মৌজায় ৮৩টি গ্রামের ছেলেমেয়েরা সন্ধ্যার পর পড়াশুনা করতে পারে না। অবিলম্বে সেখানে বিদ্যুৎ সংযোগ দেবার জন্য আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী মনোরঞ্জন পাত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, খাতড়া সাব-ডিভিসন থেকে একটিমাত্র বাস সকালবেলায় বিষ্ণুপুর তালডাংরা হয়ে কলকাতায় আসে। মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে আমার অনুরোধ, অবিলম্বে খাতরা থেকে বিষ্ণুপুর তালডাংরা হয়ে আরও একটি বাস রাত্রে যাতে কলকাতায় আসে তার ব্যবস্থা করুন এবং সঙ্গে সঙ্গে কলকাতা থেকেও যাতে একটি বাস সকালে এবং আর একটি বাস রাত্রে ঐ রুটে যায় তার ব্যবস্থা করুন।

[1-00—1-10 P.M.]

**শ্রী মানিক উপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ১৩-৩-৯৬ তারিখে নির্বাচনের ঠিক ২ মাস আগে আসানসোল নর্থ পি.এস.এর আন্ডারে পাঁচগাছিয়ায় ৩ বছরের একটা শিশু, তার নাম রাজেশ সিং, সে সাড়ে সাতটা থেকে পৌনে আটটা নাগাদ নিখোঁজ হয়, তাকে খুঁজে বের করা গেল না। এলাকার মানুষের সন্দেহ যে সি.পি.এম.-এর গুন্ডারা তাকে হত্যা করে সে যেখানে থাকে তার পিছনে একটা কুঁয়োর মধ্যে ফেলে দেয় এবং ১৫ তারিখে ১০টার সময়ে তার লাশ পাওয়া যায়। কিন্তু এই ব্যাপারে আজ পর্যন্ত কোনও তদন্ত হল না। আসলে খুনি কে, ঐ শিশুকে কারা খুন করল, সে কার ক্ষতি করেছে, এই সব বিষয়ে তদন্ত হল না। আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি যে এটা সি.বি.আই-এর মাধ্যমে তদন্ত করে সত্যিকারের ঘটনা বের করা হোক এবং সাধারণ মানুষ যাতে অত্যাচারিত না হয় সেটা দেখা হোক।

**শ্রী শক্তিপদ খাঁড়া :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ

বিষয়ে মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার পোলবা, দাদপুর পঞ্চায়েত সমিতির অধীনে ১৬টি মাধ্যমিক বিদ্যালয় এবং ২টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় আছে। এই ১৬টি মাধ্যমিক বিদ্যালয় থেকে প্রতি বছর ৪ শতাধিক ছাত্র-ছাত্রী মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বের হয়। কিন্তু ঐ দুটি উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে তাদের স্থান সংকুলান হয় না। সে জন্য আলিনগর ইয়াশিন মন্ডল মাধ্যমিক বিদ্যালয়টিকে যাতে উচ্চ মাধ্যমিকে উন্নীত করা যায় তার জন্য আমি শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী হবিবুর রহমান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুরে যে মহকুমা হাসপাতালটি আছে সেখানে ২৫০টি শয্যা আছে। তার কোনওটাতেই বিছানা-পত্র নেই, সেখানে ঔষধ-পত্র নেই। সেখানে যে দুর্নীতির অভিযোগ আছে তারও তদন্ত হয় না। পেয়িং বেডে থুথু ফেলার জন্য কোনও জায়গা পাওয়া যায় না। এই হাসপাতালে যে ২৫০টি শয্যা আছে, সেখানে কোনও অস্থি বিশেষজ্ঞ ডাক্তার নেই, চর্ম বিশেষজ্ঞ ডাক্তার নেই, কান, নাক, গলার কোনও বিশেষজ্ঞ ডাক্তার নেই। সেখানে কোনও বিশেষজ্ঞ ডাক্তার না থাকায় গরিব মানুষদের বহরমপুর এবং কলকাতায় ছোটাছুটি করতে হয়। তাই আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর কাছে আবেদন করছি যাতে হুগলি মহকুমা হাসপাতালে এই সমস্ত বিশেষজ্ঞ ডাক্তার নিয়োগ করা হয় এবং সেখানে যাতে স্বাভাবিকভাবে বিছানা-পত্র এবং অন্যান্য জিনিস-পত্র পাওয়া যায় তার ব্যবস্থা করুন।

**শ্রী দীবাকান্ত রাউত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় বিভিন্ন জেলার সঙ্গে আমাদের হুগলি জেলার বলাগড়, পান্ডুয়া এবং দাসপুর মৌজাতে মিনি ডিপ টিউবওয়েল বসানো হয়েছিল। কিন্তু এখনও পর্যন্ত সেই সব মিনি ডিপ টিউবওয়েলে বিদ্যুৎ সংযোগ না হওয়ার ফলে সেখানকার কৃষকরা প্রচন্ড ক্ষুব্ধ এবং যে সব ঘর করা হয়েছিল, দুষ্কৃতকারিরা সেই সব ঘরের দরজা, জানালা চুরি করে নিয়ে যাচ্ছে। সেজন্য আমি বিদ্যুৎ মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি যে অবিলম্বে এই সব মিনি ডিপ টিউবওয়েলে বিদ্যুৎ সংযোগ করা হোক।

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ফলতা বিধানসভা কেন্দ্রে বিশালাক্ষিতলা থেকে মল্লিকপুর, ফতেপুর থেকে দিহিরপাড়া, এবং ফলতা রেজিস্ট্রেশন অফিস থেকে ফলতা বাসস্ট্যান্ড রাস্তাগুলির অত্যন্ত শোচনীয় অবস্থা। রাস্তাগুলির দুই পাশে বড় বড় সব গর্ত। একটি বাস আর একটি বাসকে পাশ দিতে গেলে দুর্ঘটনার সম্মুখীন হচ্ছে। ইতিপূর্বে এভাবে বহু দুর্ঘটনা ঘটে গেছে। এ-সম্পর্কে পি.ডব্লু.ডি. ইঞ্জিনিয়ারকে বারবার বলা সত্ত্বেও কিছু হয়নি। রাস্তাগুলির দুই পাশের গর্তগুলিতে যেভাবে জল জমে আছে তাতে মাছ চাষ সম্ভব। ব্যবস্থা না নিলে সেখানে গাড়ি চলাচল বন্ধ হয়ে যাবে। ফলতা বাণিজ্য কেন্দ্র সম্পর্কে মুখ্যমন্ত্রী গালভরা সব কথা বলছেন,

অথচ সেখানকার রাস্তার যা অবস্থা তাতে সেখানে শিল্প গড়ে উঠতে পারে না, কারণ শিল্পপতিরা সেখানে আসতে পারছেন না। এ যেন হবু চন্দ্র রাজার গবু চন্দ্র মন্ত্রীর রাজত্বে বাস করছি। তারজন্য পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ, অবিলম্বে যেন রাস্তাগুলি মেরামত করা হয়।

**শ্রী সুরেশ আঙ্কুরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কাঁকসা বিধানসভা কেন্দ্রে মুচিপাড়া থেকে শিবপুর পর্যন্ত প্রায় ২৫ কিলোমিটার পি.ডব্লু.ডির রাস্তা ভেঙে গেছে, রাস্তার দুই পাশে খাল ডোবা সৃষ্টি হয়েছে। তারফলে বাস ট্রাক ইত্যাদির চলাচল খুব অসুবিধা হচ্ছে এবং তারফলে মানুষের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। যাতে রাস্তাটির দ্রুত সংস্কার করা হয় তারজন্য অনুরোধ করছি।

**শ্রী শীতলকুমার সরদার :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র সাঁকরাইলের উত্তর পাশে হুগলি নদী। সেখানকার সারেঙ্গা এবং হীরাপুরে যে স্লুইস গেট রয়েছে তার যা অবস্থা তাতে যে কোনও সময় ভেঙে পড়তে পারে। এ-ব্যাপারে ইরিগেশন ডিপার্টমেন্টকে জানানো সত্ত্বেও কোনও কাজ হয়নি। আমি অনুরোধ করছি, দয়া করে ঐ কাজে হাত দিন, না হলে বহু মানুষ এবং সম্পদ বিনষ্ট হবে।

**শ্রী অজয় দে :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রকের অধীনে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের বিভিন্ন জেলায় উন্নত মানের বস্ত্র এবং ডিজাইন নির্মাণের স্বার্থে তন্তুজীবীদের ট্রেনিং দেবার জন্য দুই-তিনটি করে উইভারস সার্ভিস সেন্টার আছে, কিন্তু এক্ষেত্রে আমাদের রাজ্যে একটিই মাত্র সেন্টার এবং সেটা কলকাতায় অবস্থিত। তারফলে গ্রাম-বাংলার তন্তুজীবীরা বঞ্চিত হচ্ছেন। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার শান্তিপুরকে এক্সপোর্ট জোন হিসাবে ঘোষণা করেছেন, কারণ সেখানে এর পরিকাঠামো রয়েছে। তারজন্য আমার অনুরোধ উইভিং সার্ভিস সেন্টার কলকাতায় না রেখে শান্তিপুরে স্থানান্তরিত করা হোক যাতে তন্তুজীবীরা তার সুবিধা পেতে পারেন।

**শ্রী ভদ্রেশ্বর মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সোনারপুর বিধানসভা কেন্দ্রের সুভাষগ্রামে যে প্রাথমিক হাসপাতালটি ছিল সেটা গত ১৯৮৬ সালে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত হয়েছে, কিন্তু গ্রামীণ হাসপাতালের জন্য যে পরিকাঠামো দরকার সেটা এখনও সেখানে গড়ে ওঠেনি। সেখানে বর্তমানে ২৫টি বেড রয়েছে। কিন্তু সেখানে বেডের অভাবে রোগী ভর্তির সমস্যা দেখা দিচ্ছে। মাঝে মাঝেই রোগীদের নিচে বিছানা করে শোয়াতে হচ্ছে।

[1-10—1-20 P.M.]

এখানে এক্সরে মেশিনটি পড়ে আছে এই এক্সরে মেশিনের টেকনিশিয়ান না থাকার

ফলে মেশিনটি পড়ে আছে। এই সমস্ত কারণে এই এলাকার মানুষ সাংঘাতিক ক্ষোভের মধ্যে আছে, যে কোনও মুহূর্তে কর্মচারী এবং ডাক্তারদের উপর ক্ষোভের বহিপ্রকাশ ঘটতে পারে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি বিশ্বব্যাঙ্কের যে টাকা পয়সা পাওয়া যাচ্ছে এবং যে সুযোগ এসেছে সেই সুযোগে সুভাষগ্রাম হাসপাতালকে যুক্ত করুন।

**শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্র কালিয়াগঞ্জের বিভিন্ন গ্রামে আজ পর্যন্ত গ্রামীণ বৈদ্যুতিকরণ হয়নি। গ্রামগুলি হল জানকীনগর, জমপুকুর, মির্জাপুর, পাগলাচন্ডী, বড়চাঁদঘর বসতপুর গোবরা পলাশী-পান্ডবপাড়া, পলাশী আশাপাড়া প্রভৃতি। এই বর্ধিষ্ণু গ্রামগুলিতে বিদ্যুৎ নেই। এই ব্যাপারে বারেবারে বলা সত্ত্বেও কোনও প্রতিকার হচ্ছে না। এখানকার মানুষ প্রচন্ড ক্ষোভের মধ্যে আছে। যদি সত্বর বিদ্যুতের ব্যবস্থা এই গ্রামগুলিতে না করা হয় তাহলে এখানকার মানুষ আইনকে হাতে নেবে। আজকে ৪৯ বছর দেশ স্বাধীন হয়েছে, আজ পর্যন্ত এই গ্রামগুলি বিদ্যুৎ থেকে বঞ্চিত হচ্ছে। আমি বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই উল্লিখিত গ্রামগুলিতে বিদ্যুতের ব্যবস্থা করা হয় তার জন্য তিনি যেন ব্যবস্থা গ্রহণ করেন। তা না হলে মানুষ ক্ষোভ প্রকাশ করে বিদ্যুতের সমস্ত অফিস নয়ছয় করে দেবে। দীর্ঘদিন বলেও এই গ্রামগুলিতে বিদ্যুতের ব্যবস্থা হয়নি। তাই বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে উল্লিখিত গ্রামগুলিতে বিদ্যুতের ব্যবস্থা করা হোক।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট আমলে রেশন দোকানের মাধ্যমে চাল গম চিনি কেরোসিন সরবরাহ করার ক্ষেত্রে বেহাল অবস্থা। এই রেশনের দোকানের মাধ্যমে যে সমস্ত জিনিস দেওয়া হয় তা সংগ্রহ, সরবরাহ এবং সংরক্ষণের দায়িত্ব হচ্ছে এফ.সি.আই.-এর এবং কেন্দ্রীয় সরকার এই খরচ বহন করে থাকেন। লক্ষ লক্ষ টাকা ভরতুকি দিয়ে থাকে পশ্চিমবঙ্গ সরকারকে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাচ্ছি রেশন দোকানের ব্যবসায়ীদের থেকে টার্নওভার ট্যাক্স তুলে দিয়ে সমস্ত কিছুর উপর সেলস ট্যাক্স চাপিয়ে দেওয়া হচ্ছে ক্রেতা সাধারণের উপর। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেলস ট্যাক্স এবং সার চার্জ চাপিয়ে দেওয়া হচ্ছে ক্রেতা সাধারণের উপর। সাধারণ মানুষ যাতে নিত্য প্রয়োজনীয় জিনিস রেশন দোকানের মাধ্যমে ন্যায্য মূল্যে পেতে পারে তার জন্য কেন্দ্রীয় সরকার ভরতুকি দিচ্ছে। তা সত্ত্বেও মানুষের ক্রয় ক্ষমতার বাইরে অতিরিক্ত কর ধার্য করা হচ্ছে এবং ট্যাক্স হিসাবে মানুষকে দিতে হচ্ছে। তাই আপনার মাধ্যমে আমি এর প্রতিকার চাই।

**শ্রী নীরোদ রায়চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উদ্বাস্তু পুনর্বাসন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্রে একটা পি.এল..ক্যাম্প অর্থাৎ পারমানেন্ট লায়েবিলিটি ক্যাম্প আছে। সেখানে ১৯৫ জন মহিলা বসবাস করে। এখানে ডাক্তার নেই, জলের ব্যবস্থা নেই, ঘর যদিও বা আছে সেই ঘরে চারিদিক দিয়ে জল

পড়ে। মাসিক তাদের জন্য ১০০ টাকা করে বরাদ্দ আছে। এখানে যে মহিলারা আছে তাঁরা অত্যন্ত বৃদ্ধা। এই টাকা দিয়ে তারা কিভাবে বাঁচতে পারে সেটা আমি বুঝতে পারছি না। ৫০ বছর আগে এই ঘরগুলি নির্মাণ করা হয়েছিল তারপর আর মেরামত হয় নি। এই অবস্থার মধ্যে ওরা এখানে থাকতে পারছে না। তারা মরে গিয়ে গন্ধ না বেরোলে কেউ বুঝতে পারবে না যে এখানে কোনও লোক থাকে। এই অবস্থার মধ্যে থেকে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই অসহায় মহিলাদের উদ্ধার করুন, রক্ষা করুন, তাঁদের বাঁচান।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রতিদিন সিপিএম সহ ফরোয়ার্ড ব্লক এবং আর.এস.পি. দল তারা কংগ্রেস সন্ত্রাস ছড়াচ্ছে বলে বলেন। আজকে সিপিএম কিভাবে ফরোয়ার্ড ব্লক কর্মীদের খুন করার চেষ্টা করছে তা আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীকে তদন্ত করার জন্য আবেদন জানাচ্ছি। ভারতীয় মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কর্মীরা সর্ব ভারতীয় ফরোয়ার্ড ব্লকের আঞ্চলিক সাধারণ সম্পাদক এর উপরে হামলা করেছে। সর্ব ভারতীয় ফরোয়ার্ড ব্লকের টালিগঞ্জ এবং যাদবপুর অঞ্চলে তাদের কর্মী এবং যুব লীগের সম্পাদক সুভাশীষ ভট্টাচার্য, ওরফে বাবলুকে সিপিএমএর কর্মীরা হামলা করেছে, তাকে পিটিয়েছে, তার পরিবারের লোকজনকে খুন করার চেষ্টা করেছে, মহিলাদের উপরে অত্যাচার করেছে এবং পাড়ার অন্যদের বাড়ি বাড়ি গিয়ে হামলা করেছে। তাদের পাড়া ছাড়া করেছে। এই কথা বলছেন কে, না সর্বভারতীয় ফরোয়ার্ড ব্লকের আঞ্চলিক সাধারণ সম্পাদক প্রদীপ গুপ্ত। বলছেন কাকে, না সর্ব ভারতীয় কমিউনিস্ট পার্টির আঞ্চলিক সভাপতিকে। উক্ত হামলায় আহত হয়ে এখন ফরোয়ার্ড ব্লকের দু'জন কর্মী হাসপাতালে ভর্তি আছেন।

**শ্রীমতী দেবলীনা হেমব্রম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার রানিবাঁধ বিধানসভা কেন্দ্রে বেশিরভাগ আদিবাসী মানুষ বাস করেন। এই এলাকাতে বিদ্যুৎ গেলেও গরিব আদিবাসীরা তা পায় না। আমি তাই রানিবাঁধ বিধানসভা এলাকাতে যাতে 'লোকদ্বীপ' প্রকল্পের মাধ্যমে আদিবাসীদের কাছে বিদ্যুতের সুযোগ পৌঁছে দেওয়া যায়, তারজন্য মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, গতকালকে মুখ্যমন্ত্রী বিধানসভাতে ওয়াকফ নিয়ে জুডিশিয়াল এনকোয়ারির কথা ঘোষণা করেছেন। এর আগে মাটি কাটা নিয়ে যে কেলেঙ্কারি হয়েছিল, তারজন্য একটা জুডিশিয়াল এনকোয়ারি হয়েছিল। কিন্তু মাত্র দুমাস কাজ করার পর, যখন দেখা গিয়েছিল যে তারমধ্যে দুর্নীতি আছে তখন সরকারের পক্ষ থেকে একজন লোককে দিয়ে ইনজাংশন জারি করিয়ে এনকোয়ারির কাজটা বন্ধ করিয়ে দেওয়া হয়েছিল। এবারেও যাতে এনকোয়ারিটা বন্ধ হয়ে যায় তারজন্য এই জুডিশিয়াল এনকোয়ারির কথা ঘোষণা করা হয়েছে। আমাদের মমতা ব্যানার্জি এটা নিয়ে পাবলিক লিটিগেশান নিয়ে সুপ্রীম কোর্টে গেছেন। সুপ্রীম কোর্ট রাজ্য সরকারের কাছে তার ক্লারিফিকেশন জানতে

চাইছে এবং সুপ্রীম কোর্ট বিষয়টি সিবিআই-এর কাছে পাঠাতে পারে। সেজন্য রাজ্য সরকার এই জুডিশিয়াল এনকোয়ারি করে তার প্রোটেকশন নিচ্ছে যাতে এটি সিবিআই-এর কাছে না যায়। জুডিশিয়াল এনকোয়ারির উদ্দেশ্য হল সম্পূর্ণভাবে বিষয়টিকে লিংগার করে দেওয়া, তার চেষ্টা হচ্ছে। ডিলে করার চেষ্টা হচ্ছে এবং বিষয়টিকে ধামাচাপা দেওয়ার চেষ্টা হচ্ছে। আমি বলব, সরকারের উচিত তাদের সিদ্ধান্তটা রিকনসিডার করা। আমরা অপোজিশন থেকে ইকনোমিক অফেন্স ইস্যু যেটি রেইজ্ করেছি, এটি সারা ভারতে একটা চাঞ্চল্য সৃষ্টি করেছে। সেটি যাতে বন্ধ হয় তারজন্য এই জুডিশিয়াল এনকোয়ারির কথা ঘোষণা করেছেন। এর উপরে যাতে আবার ইনজাংশন হতে পারে তারজন্য এই ঘোষণা করেছেন। সেইজন্য আমরা মুখ্যমন্ত্রীর কাছে দাবি করছি, বিষয়টি রিকনসিডার করা হোক এবং সিবিআই-এর উপরে তদন্তের ভার দেওয়া হোক। কংগ্রেস সিবিআইকে দিয়ে তদন্ত করানোর দাবি থেকে সরছে না। আমরা সিবিআই-কে দিয়ে তদন্তের দাবিতে অটল।

**শ্রী মহম্মদ হান্নান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রামপুরহাট বিধানসভা কেন্দ্রে 'রামপুর হাট মহাবিদ্যালয়' যেটি আছে, সেই বিদ্যালয়ে জিওগ্রাফি, ইকনোমিক্স এবং ফিজিক্সে অনার্স এবং জিওলজি ও বোটানীতে পাস কোর্স না থাকার ফলে গরিব ছাত্ররা উক্ত বিষয়গুলিতে লেখাপড়া করার ইচ্ছা থাকলেও পয়সার অভাবে তারা লেখাপড়া শিখতে পারে না। উক্ত বিষয়গুলিতে অনার্স এবং পাস কোর্স চালু করার জন্য পাঁচ বছর আগে দপ্তর থেকে তদন্ত করা হয়েছে। মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী এখানে উপস্থিত আছেন, বিষয়টি উনি জানেন। দুঃখের বিষয়, এখনও পর্যন্ত তার কোনও ফল হয় নি। গরিব ছাত্রদের পড়াশুনার স্বার্থে উক্ত কলেজে জিওগ্রাফি, ইকনোমিক্স এবং ফিজিক্সে অনার্স সহ জিওলজি এবং বোটানীতে পাস কোর্স যাতে অবিলম্বে চালু করা যায়, তারজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি। ধন্যবাদ।

[1-20 — 1-30 P.M.]

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যাপারে আমি মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দলের মাননীয় সদস্য অজয় দে মূলতুবি প্রস্তাব তুলতে গিয়ে যেটা বলতে চেষ্টা করেছেন, সেই সম্পর্কে আমি কিছু বলতে চাই। আমরা আজকে সংবাদপত্রে দেখলাম আগামী শুক্রবার দিন নাকি বাসে-ট্রামের বর্দ্ধিত ভাড়ার হার ঘোষণা করবেন বিধানসভায়। মাননীয় মন্ত্রীকে আমি অনুরোধ করছি, ডিজেল এর দাম কিছুটা কমেছে, আমরা চাপ প্রয়োগ করব, পার্লামেন্ট আজ থেকে চালু হয়েছে, দেখা যাক কি হয়, তার আগে এই রকম ভাবে ভাড়া বৃদ্ধি করবেন না। বিধানসভার সদস্যদের নিয়ে একটি সর্বদলীয় কমিটি করা হোক, তারা এটা খতিয়ে দেখুক। ডিজেলের দাম শুধু পশ্চিমবাংলায় বাড়ে নি, গোটা ভারতবর্ষেই বেড়েছে, অন্যান্য রাজ্যে তারা কি রকম হারে ভাড়া বাড়াচ্ছে, সেটা খতিয়ে দেখা হোক, তার আগে এই রকম ভাবে, একতরফা ভাবে

মালিকদের স্বার্থে, বাস মালিকের স্বার্থে, জনস্বার্থ বিরোধী এই রকম একটা সিদ্ধান্তের ব্যাপারে রাজ্য সরকার যেন বিরত থাকেন। তাড়াহুড়ো করে কিছু করবেন না। ব্যক্তি মালিকদের স্বার্থ রক্ষায় কিছু করবেন না, হাউস শুনেছি ২৩ তারিখ পর্যন্ত চলবে, এখনও ১৫ দিনের মতো চলবে, এর মধ্যে কমিটি তাদের রিপোর্ট সাবমিট করুক, তার আগে যেন বাস ভাড়া বৃদ্ধি না করা হয়, সরকার যেন জনস্বার্থ বিরোধী কাজ না করেন, ভাড়া বৃদ্ধি মানুষ ভাল ভাবে মেনে নেবে না, এটা এখনও সময় আছে, ভেবে দেখার, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী শান্তা ছেত্রী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় কার্শিয়াং ও সোনাদা কলেজে বায়ো সায়েন্স, জিওগ্রাফি, ইংরাজি এবং নেপালিতে অনার্স গত বছর খোলা হল, অথচ এই বিষয়গুলির ইনফ্রাস্ট্রাকচার এখনও অপূর্ণ রয়েছে, তাই স্টুডেন্টদের খুব অসুবিধা হচ্ছে, মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর কাছে আমি নিবেদন করছি যাতে এই ইনফ্রাস্ট্রাকচার অবিলম্বে পূর্ণ হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

**Shri Gaulan Lepcha :** Sir, with the advent of missionories in the hills of Darjeeling many academic institutions were opened. Now It has taken the shape of mini-micro industry. People from all walks of life we thriving. Sir, through you I would like to draw the attention of concerned Minister to give a serious thought and whatever educational matter is concerned in regard to appointment and transfer, the responsibility should be given in totality to DGHC. Thank you, Sir.

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার জয়পুর বিধানসভা কেন্দ্রে ম্যালেরিয়ার প্রকোপ ব্যাপক ভাবে বেড়েছে। ম্যালেরিয়ায় আক্রান্ত হয়ে সেখানে কয়েকদিন আগে দুজন রোগী মারা গেছেন এবং হাসপাতালে সেই রোগী মারা যাওয়ার পর যখন ঝামেলা হয় তখন ডাক্তারবাবু স্বীকার করেছেন জয়পুর বিধানসভা কেন্দ্রে, ১০০ জনের মধ্যে শতকরা ২৫ থেকে ৩০ জন লোক ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছে। ব্লাড রিপোর্ট থেকে এটা জানা গেছে। এই ম্যালেরিয়া আক্রান্ত রোগীদের জন্য ওষুধের কোনও ব্যবস্থা নেই, কোনও প্রিভেনটিভ ব্যবস্থা নেওয়া হয় নি। দ্রুতগতিতে ম্যালেরিয়া যাতে ছড়িয়ে না পড়ে সেই ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী সুস্মিতা বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বড়জোড়া চাঁদাই গ্রামে হাই মাদ্রাসা স্কুল আছে। সেই স্কুলের মাধ্যমিক পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্র বর্ধমানে হয়। স্থানটি ওখান থেকে অনেক

দূরে। এর জন্য প্রত্যেকটি স্টুডেন্টের মাথা পিছু দুহাজার টাকা খরচ হয়ে যায়। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে অনুরোধ করছি হাই মাদ্রাসা স্কুলের সেন্টারটি যাতে আমাদের বাঁকুড়া জেলায় করা হয়।

**শ্রী নরেন হাঁসদা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার গোমকে জোহার, স্যার, আপনার মাধ্যমে আমার নির্বাচনী কেন্দ্র বিনপুরের একটি গুরুত্বপূর্ণ সমস্যা সমাধানের দাবিতে মাননীয় সেচ ও জলপথ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কংসাবতী নদীর পাড় সাংঘাতিক ভাবে ভাঙ্গনের ফলে আমকলা ও তৎসংলগ্ন গ্রামগুলি নদীগর্ভে বিলীন হতে চলেছে। যার ফলে ৫০০০ লোক বসতবাটি হারাতে বসেছেন। অবিলম্বে কংসাবতী নদীর পাড় বাঁধানো এবং আমকলা ও তৎসংলগ্ন গ্রামের ৫০০০ গ্রামবাসীকে বাঁচানোর জন্য সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যের যে কোনও ছোট-খাট শহরে, বাজারে যান দেখতে পাবেন লটারির টিকিট বিক্রেতারা ক্রমাগত লাউড স্পিকার বাজিয়ে চলেছে। এর ফলে পথ চলতি মানুষ, ছাত্র-ছাত্রী, রোগী, তারা অত্যন্ত বিব্রত বোধ করছে। এদের হাত থেকে রেহাই দেওয়ার জন্য আমি মাননীয় পুলিশ মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি যাতে করে এই লটারির টিকিট বিক্রেতারা অফিস টাইম, পড়ার সময়, এবং সকাল বেলায় মানুষের বিরক্তি উৎপাদন করতে না পারে তার জন্য কার্যকর ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী অশোককুমার দেব ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, মুখ্যমন্ত্রীর কেন্দ্র সাতগাছিয়ায় লাগোয়া আমার বিধানসভা কেন্দ্রের উত্তর রায়পুর এবং বৈতার অধীন শাকপুকুর এবং অম্বিকাপুকুরে একটি চড়িয়াল ব্রিজ নির্মাণের ব্যাপারে আজ পর্যন্ত কোনও সুরাহা হয় নি। গত দশ বছরে কুড়ি বার এখানে সয়েল টেস্ট হয়েছে, কিন্তু আজ পর্যন্ত সেখানে কোনও কাজ হয় নি। যার জন্য এলাকার হাজার হাজার মানুষের দুর্ভোগ হচ্ছে। সেখানে প্রচন্ড অশান্তি দেখা যাচ্ছে। সেই ব্রিজ হলে শুধু কংগ্রেসের লোকেদেরই সুবিধা হবে না, সি. পি. এমের লোকেদেরও সুবিধা হবে। এই সয়েল টেস্টের নাটক বন্ধ করে সেখানে যাতে তাড়াতাড়ি কাজ শুরু করতে পারেন এবং এলাকার মানুষ শান্তি পান তার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী এবং পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-30 — 1-40 P.M.]

**শ্রী বিজয় বাগদী ঃ** স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বহেড়া গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রের দায়িত্ব প্রাপ্ত ডাক্তার গত এক বছর ধরে চাবি দিয়ে চলে গিয়ে ঘরে বসে বসে মাহিনা নিচ্ছেন। সেখানকার মানুষ চিকিৎসা থেকে বঞ্চিত। ব্লক মেডিক্যাল অফিসার, চিফ মেডিক্যাল অফিসারকে জানানো সত্ত্বেও কোনও সুরাহা হয় নি। হাসপাতাল বন্ধ অবস্থায় আছে। মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ ডাক্তারের উপযুক্ত শাস্তি বিধান করা হয় এবং হাসপাতাল চালু করা হয়। ঐ এলাকার মানুষ যাতে স্বাস্থ্য

পরিষেবা থেকে বঞ্চিত না হয়।

**শ্রীমতী মায়ারাণী পাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ভাগিরথী দুগ্ধ উৎপাদক সমবায় সমিতির বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর এর মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই দুগ্ধ সমবায় সমিতি আমূল প্যাটার্নে গঠিত। এর দ্বারা উন্নত জাতের গো-সম্পদ সৃষ্টি, সুষম খাদ্য সরবরাহ, সবুজ ঘাস চাষ, গো-চিকিৎসা, উদ্বৃত্ত দুধ বিক্রি করা হয়ে থাকে। তাছাড়া এর দ্বারা তৈরি ভাগিরথী ঘি বাজারে ভালো লাভে বিক্রি হয়। বিগত কয়েক বছরে দৈনিক ৬০। ৬৫ হাজার লিটার দুধ সংগ্রহ ও বিক্রি হয়েছে। এই দুগ্ধ সমবায় উন্নয়নের পাশাপাশি বেশ কিছু অনিয়ম চলে আসছে। যেমন বেশ কিছু সমিতির বার্ষিক সাধারণ সভা, বোর্ড নির্বাচন, অডিট, রেজিস্ট্রেশন, ক্যাশ ভেরিফিকেশন হচ্ছে না। কর্মচারিবৃন্দের অভাব অভিযোগের কোনও প্রতিকার হচ্ছে না। আমি অবিলম্বে এই সব অনিয়মের প্রতিকার দাবি করছি। সাথে সাথে যাতে অল্প দামে খাঁটি দুধ সরবরাহ করা হয়, তার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী চক্রধর মাইকাপ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কন্টাই কোস্ট প্রায় ৯ কিলোমিটার দীর্ঘ। এই ক্যানেলটি সংস্কার করলে ৬ হাজার একর বিকল্প চাষ সম্ভব হবে। ১৮ হাজার কৃষক উপকৃত হবে। শুধু তাই নয় ওই এলাকায় সব্জি প্রচুর পরিমাণে হবে। শহরের মানুষও উপকৃত হবে। যেহেতু এই ক্যানেল কাঁথি শহরের ভিতর দিয়ে গেছে। উড়িষ্যা কোস্ট ক্যানেল কন্টাই ক্যানেলের সাথে যুক্ত। এই উড়িষ্যা কোস্ট ক্যানেলটি যদি সংস্কার করা হয় তাহলে ১ লক্ষ ৭০ হাজার কৃষক উপকৃত হবে। ২২টি ফিডার ক্যানেল দ্বারা বিভিন্ন গ্রামে বিভিন্ন জি. পি.-র মানুষ উপকৃত হবে।

**শ্রী আবু সুফিয়ান সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ভগবানগোলার একটা গুরুত্বপূর্ণ বিষয়ে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ভগবানগোলা বিধানসভায় তিনশোটি গ্রাম। একটি মাত্র থানা ভগবানগোলা। এই থানাটি সমগ্র অঞ্চল দেখছে। সমগ্র অঞ্চলের আইন শৃঙ্খলা ভেঙে পড়েছে। সেখানে একটি থানায় সমগ্র অঞ্চলকে নিয়ন্ত্রণ করা যাচ্ছে না। এখানে তিনটি গ্রাম — আমডহড়া, বালীগ্রাম, সরলপুরে আইন শৃঙ্খলা পরিস্থিতি অত্যন্ত খারাপ। রাণিতলায় একটি নূতন থানার নির্মাণের কাজ চলছে, অবিলম্বে এই থানাটি যাতে শুরু করা হয়, তার জন্য আমি পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে হাউসে উল্লেখ করা হয়েছে যে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে, মফস্বলে, শহরের সর্বত্র ম্যালেরিয়া প্রচন্ড ভাবে বেড়েছে। পুরুলিয়ার ঘটনা আপনারা শুনেছেন। কিন্তু সর্বত্র যেটার অভাব দেখা দিয়েছে সেটা হচ্ছে ইনজেকশন। ইনজেকশন পাওয়া যাচ্ছে না। ঔষুধপত্র পাওয়া যাচ্ছে না। কুইনাইন পাওয়া যাচ্ছে না। একটা ভয়াবহ অবস্থা। এই ম্যালেরিয়াটা অদ্ভুত ধরনের, যেখানে হচ্ছে দীর্ঘস্থায়ী হচ্ছে। কোথাও এটাকে বলা হচ্ছে ক্যালকাটা ফিভার। মফস্বলে একটা দীর্ঘমেয়াদী ব্যাপার হয়ে

যাচ্ছে। ঔষুধপত্র নেই। আমি স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যেন অবিলম্বে এ ব্যাপারে ব্যবস্থা নেন। স্বাধীনতার পরবর্তী সময়ে ম্যালেরিয়া প্রতিরোধের জন্য যেভাবে কর্মসূচি নেওয়া হয়েছিল সেইভাবেই ম্যালেরিয়া প্রতিরোধের জন্য নূতন করে উদ্যোগ নেওয়ার জন্য আমি আবেদন জানাচ্ছি। তাছাড়া আরেকটা ব্যাপার হল ম্যালেরিয়া প্রতিরোধের জন্য যে সব ক্যাজুয়াল কর্মীরা কাজ করেন তাঁদেরকে স্থায়ী ভাবে নিয়োগ করার জন্য আমি অনুরোধ করছি।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণ মন্ত্রী তথা মাননীয় অর্থ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলা এবং আমার বিধানসভা কেন্দ্রের গুরুত্বপূর্ণ ঘটনা হল — এর আগে এখানে বন্যা হয়েছে, কিন্তু এইচ. বি. গ্র্যান্টের টাকা আজ পর্যন্ত গ্রামের মানুষ পান নি। এখন বর্ষার সময়। তাঁরা বৃষ্টির জলে ভিজে অন্যের বাড়িতে গিয়ে আশ্রয় নিয়ে দিন কাটাচ্ছেন। সামনে আবার বন্যা এসেছে, কিন্তু গ্রামের মানুষরা এখনও পর্যন্ত ঘর তৈরি করার টাকা — এইচ. বি. গ্র্যান্টের টাকা পান নি। এইচ. বি. গ্র্যান্টের জন্য এখানে ১১ কোটির বেশি টাকা দরকার। কিন্তু মাননীয় অসীম বাবু দিয়েছেন মাত্র ২ কোটি টাকা। পঞ্চায়েতের মাধ্যমে যে টাকা দেওয়া হয়েছে সেই টাকা ৫০ পারসেন্ট লোকও পাচ্ছেন না। এখানে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী বসে আছেন এবং আমি মাননীয় অর্থ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যেন অবিলম্বে ঘর করার টাকা মানুষের কাছে পৌঁছে দেওয়া হয়।

**শ্রী হাফিজ আলম সৈরাণী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের দিনাজপুর জেলা ভাগ হয়ে দুটো জেলা তৈরি হয়েছে। একটা হচ্ছে উত্তর দিনাজপুর জেলা আরেকটা হচ্ছে দক্ষিণ দিনাজপুর জেলা। উত্তর দিনাজপুর জেলার মহকুমা সদর শহর রায়গঞ্জ। রায়গঞ্জে যে সমস্ত দপ্তর করা হয়েছে সেই সব দপ্তরে যত কর্মী প্রয়োজন সেই পরিমাণ কর্মী নেই। ফলে জেলার মানুষকে নানা অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। অবিলম্বে ঐ জেলার দপ্তরগুলোতে কর্মচারীর সংখ্যা বাড়িয়ে জেলার জনগণের অসুবিধা দূর করার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে জানাচ্ছি, আমরা সংবাদপত্রে পড়েছি পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী দিল্লিতে মুখ্যমন্ত্রীদের সম্মেলনে গিয়েছিলেন এবং সেখানে তিনি প্রধানমন্ত্রী দেবগৌড়ার সঙ্গে আলাদা ভাবে কথা বলেছেন। কিন্তু তিনি একটা ব্যাপারে সফল হন নি। ডিজেলের দাম ১৫ পারসেন্ট কমলেও পেট্রোল এবং রান্নার গ্যাসের দাম তিনি কমাতে পারেন নি। এছাড়া যেসব রেল প্রকল্প অনেকদিন ধরে ঝুলে আছে যেমন দিঘা-তমলুক একলাক্ষি-বালুরঘাট ইত্যাদি রেল প্রকল্পগুলো এবং বি. আই. এফ. আর.-এ যে পাবলিক সেক্টরের প্রকল্পগুলো গেছে সেগুলোর ব্যাপারে তিনি দেবগৌড়ার কাছ থেকে কি অ্যাশ্যুরেন্স নিয়ে এসেছেন সেটা আমরা হাউসে জানতে চাই। কারণ অনেকগুলো পাবলিক সেক্টর আন্ডারটেকিং বন্ধ হয়ে আছে। আমরা অনুরোধ করছি মাননীয় মুখ্যমন্ত্রী যেন এ

ব্যাপারে হাউসে বিবৃতি দেন।

[1-40 — 1-50 P.M.]

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আমার দীর্ঘ রাজনৈতিক জীবনে যা কখনও দেখি নি — এখানে একজন মাননীয় সদস্য শ্রী সুনীতি চট্টরাজ যে ভাবে ঢুকেছেন —

**(গোলমাল)**

আমি বলতে চাইছি, এখানে এত মহিলা সদস্য উপস্থিত —

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি যে সাবজেক্টে মেনশন দিয়েছেন, সেই বক্তব্য রাখতে পারবেন না, অন্য কোনও টপিক বলতে চাইলে বলুন।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** সেই জন্য বলছি স্যার, উইথ ইয়োর কাইন্ড পারমিশন, আই টেল দিস সাবজেক্ট, আই রেফার টু দা ম্যাটার অ্যাবাউট হোয়াট হ্যাপেন্ড ইন দিস অ্যাসেম্বলি টু ডে। সুনীতি চট্টরাজ এখানে এসেছেন একটা তোয়ালে পরে আর খালি গায়ে। আপনি বলুন এটা কী?

**(গোলমাল)**

এখানে সাবিত্রী মিত্রও আছেন, ওনার বক্তব্য কি? স্যার, হোয়াট উড বি হার সে? এখানে যারা মহিলা সদস্য আছেন, তাদের বক্তব্য কি? আমি চাই আপনি আপনার আসন থেকে সেটাকে কনডেম করুন।

**শ্রী লক্ষ্মণ বাগদী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার দুর্গাপুর, আসানসোল মহকুমার মধ্যে কোনও বি. এড. কলেজ নেই। এর ফলে ভরতি হতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের অধিকাংশকেই কালনা এবং কাটোয়াতে ছুটতে হয়। সেখানে সীমিত সিট থাকার জন্য তারা ভর্তি হতে পারে না। এমন কি তাদের হুগলিতেও দৌড়াতে হয়। দুর্গাপুর, আসানসোল মহকুমার মধ্যে কোনও একটি জায়গায় বি. এড. কলেজ করার ব্যাপারে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শিবপুর বিধানসভা কেন্দ্রে রাস্তার উপর কয়েক কোটি টাকা খরচ করে মহেশ ভট্টাচার্য হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ হাসপাতালের বিল্ডিং করা হয়েছে। দীর্ঘদিন ধরে সেটা পড়ে রয়েছে। ১৯৯৩ সালে কার্ড ছাপিয়ে বিলি করে দেওয়া হল — মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু উদ্বোধন করবেন। জানি না কোন কারণে উদ্বোধন বন্ধ হয়ে গেল। সেই হাসপাতাল এখনও উদ্বোধন হয় নি, কিন্তু সেখানে একটা আউটডোর চলছে নাম

মাত্র অথচ বড় করে সাইনবোর্ড লাগানো হয়েছে। এস. এস. কে. এম. হাসপাতালে, এমনকি হাওড়া হাসপাতালে রোগী ভর্তি হতে পারছে না। সেখানে সস্তায় হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ — হাসপাতাল হলে গরিব মানুষ চিকিৎসার সুযোগ পায়। এই মহেশচন্দ্র ভট্টাচার্য মেডিক্যাল কলেজ হাসপাতালটি রোগীদের স্বার্থে অবিলম্বে উদ্বোধন ও চালু করার জন্য মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে আবেদন রাখছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** স্যার, কুখ্যাত প্রোমোটর প্রদীপ কুন্ডলিয়া গ্রেপ্তার হয়েছে। কিন্তু আমরা দেখছি, প্রদীপ কুন্ডলিয়া মামলায় লড়াই-এর প্রশ্নে রাজ্য সরকার ঠিক সেই ভাবে গুরুত্ব দিচ্ছেন না এবং গ্রেপ্তারের সঙ্গে সঙ্গে দ্রুত মুক্তি পেয়ে যাচ্ছে। এর কারণ হচ্ছে, প্রদীপ কুন্ডলিয়ার সাথে শাসক দলের একটা অশুভ আঁতাত রয়েছে। আনহোলি নেকসাস। আমরা রাজ্য সরকারকে বলব, যাতে প্রদীপ কুন্ডলিয়ার প্রশ্নে তাঁরা যথাযথ গুরুত্ব দিয়ে ট্যাকল করেন। স্যার, ঐ প্রদীপ কুন্ডলিয়ার বাড়ি ভেঙ্গে পড়ে কলকাতায় ১২ জন মানুষ মারা গিয়েছিল। রাজ্য সরকার তাঁর বিরুদ্ধে চার্জশিট দেবার ব্যাপারে, তার বিরুদ্ধে লড়াই-এর ব্যাপারে সেই ভাবে তদ্বির তদারক করছেন না। এটা যাতে করা হয় তার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী চক্রধর মাইকাপ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৫ই জুলাই কাঁথি শহরে সংসদ অধ্যাপক শ্রী সুধীর গিরি এবং শ্রী রামশংকর কর মিছিল করে শহর পরিক্রমা করছিলেন। কিন্তু সেই সময় কংগ্রেস-এর সমাজ বিরোধীরা তাঁদের উপর ইট পাটকেল ছোঁড়ে এবং মিছিলের উপর আঘাত হানে। ৫ই জুলাই কংগ্রেস সন্ত্রাস-এর বিরুদ্ধে বন্ধ ডেকেছিল। কিন্তু তারা কাঁথি তিন নম্বর ব্লকের কুসুমপুকুরে দু' জনকে খুন করে এবং পিথুরিয়ার দুজনকে প্রহার করে। তারা আহত হয়ে হাসপাতালে ভর্তি আছে। এই ভাবে কংগ্রেস নিজেরা সন্ত্রাস-এর বিরুদ্ধে বন্ধ ডেকে আবার নিজেরাই সমাজ বিরোধিদের উস্কানী দিতে ৫ই জুলাই বেছে নিয়েছিল। এবিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ তপতী সাহা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করব। এটা শুধু লজ্জার নয় বেদনারও। আজকে যে পোশাকে একজন মাননীয় বিরোধী সদস্য বিধানসভার মধ্যে উপস্থিত হয়েছিলেন তা অত্যন্ত লজ্জার এবং বেদনার। বিধানসভার সদস্য হিসাবে যে সামান্যতম সৌজন্য বোধ থাকা উচিত তাও আমরা তাঁর কাছ থেকে দেখতে পেলাম না। তিনি আবার জন প্রতিনিধিত্ব করেছেন! এখানে অনেক মহিলা সদস্যও আছেন। বিরোধী পক্ষেও আছেন। স্যার, আমি দাবি করছি, এসম্বন্ধে একটা নিন্দা সূচক প্রস্তাব ঐ মাননীয় সদস্য-এর বিরুদ্ধে আনা হোক। না হলে স্যার, এ সভায় যারা মহিলা সদস্য আছেন তাঁরা আজকে নিরাপত্তার অভাব বোধ করবেন। আশা করি বিরোধী দলের মাননীয় মহিলা সদস্যরাও এ বিষয়ে আমাকে সমর্থন করবেন।

**শ্রী রামপ্রবেশ মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয়

শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা মানিকচক। সেখানে ভুতনিরচক পশ্চিম নারায়ণপুরে জুনিয়র হাইস্কুলে বহু ছেলে মেয়ে পড়াশোনা করে। কিন্তু তার পরে আর পড়াশোনার তাদের কোনও সুযোগ নেই। আগে পড়ার জন্য তাদের মথুরাপুর থেকে ৩।৪ কি. মি. দূরের রাস্তা, পায়ে হেঁটে যেতে হয়। তাই আমি দাবি করছি ঐ, জুনিয়র হাইস্কুলকে যেন হাইস্কুলে পরিণত করা হয়।

**শ্রীমতী সাবিত্রী মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কিছু দিন আগে মালদা জেলার উত্তর বঙ্গের সংবাদপত্রের সাংবাদিককে ব্যালট পেপার চুরির দায়ে এস. পি. গ্রেপ্তার করেছেন। ঐ চুরির দায় অসত্য এবং ভিত্তিহীন। মালদা জেলায় এস. পি. উদ্দেশ্য প্রণোদিত হয়ে ঐ কাজ করেছেন। তিনি নিজের ডিপার্টমেন্টে দোষ ঢাকতে না পেরে অন্যায় ভাবে সাংবাদিককে গ্রেপ্তার করেছেন এবং তাঁদের স্বাধীনতা খর্ব করার চেষ্টা করেছেন। আমি এবিষয়ে ব্যবস্থা নেবার জন্য দাবি জানাচ্ছি।

[1-50 — 2-00 P.M.]

**শ্রীমতী কনিকা গাঙ্গুলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে ডাঃ তপতী সাহা যে বিষয়টি উত্থাপন করলেন আমি তাঁকে পূর্ণ সমর্থন করছি এবং এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। বিরোধী পক্ষের সদস্যদের কাছে এই প্রশ্ন রাখছি আজকে এখানে যে বিকৃত রুচির পরিচয় দিলেন মাননীয় সদস্য সুনীতি চট্টরাজ, মাননীয় সদস্য বলছি সভার নিয়ম মেনেই। এখানে দাঁড়িয়ে সদস্যরা এর বিরোধিতা করবেন কি? যদি টি. ভি-র পর্দায় এই আচরণ দেখানো হত যারা আপনাদের নির্বাচিত করেছেন সেই সব মানুষরা কি ভাবতেন? কাদা হয়েছে, জল জমেছে এই অজুহাতে উনি এই পোষাকে সভাকে বিভ্রান্ত করলেন। উনি তো সল্ট লেকে থাকেন, সেখানে তো জল জমে না। আমি মাননীয় বিরোধী দলের সদস্য চাচাজী, সুব্রত মুখার্জিকে অনুরোধ করছি যে এটা শুধু বিকৃত রুচির পরিচয় নয়, আমার মনে হয় উনি মানসিক বিকারগ্রস্ত, ওঁনার সুচিকিৎসা হওয়া দরকার।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সভাকে জানাতে চাইছি যে যুগান্তর পত্রিকা আজকে প্রায় ১৪৫ দিন বন্ধ আছে। এই পত্রিকাটি খোলার জন্য আমি মাননীয় শ্রম মন্ত্রীর কাছে একাধিকবার দরবার করেছি এবং এ ব্যাপারে বার বার আবেদন জানিয়েছি। আপনি দুটি ইউনিয়ন এবং আই. জে. এ. যাঁরা আছেন এবং মালিক পক্ষকে ডেকে অবিলম্বে এর একটা ব্যবস্থা গ্রহণ করুন। যাঁরা এখানকার সাংবাদিক, পত্রিকার কর্মচারী আছেন, তাঁরা আজকে প্রায় ৭ মাস হয়ে গেল মাহিনা পাচ্ছেন না। তাঁরা ডাকাতি, চুরি, ছিনতাই করতে পারবেন না তাহলে তাঁরা কি করে বাঁচবেন? এ রাজ্যে শ্রম দপ্তর আছে বলে মনে হয় না, শ্রম দপ্তর থাকা সত্ত্বেও এর কোনও রকম ব্যবস্থা নেওয়া হল না কেন?

**শ্রীমতী নন্দরাণী দল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ১৯৬৭ সাল থেকে এই হাউসে আসছি, এই হাউসের যে ঐতিহ্য, যে সম্মান সারা পশ্চিমবঙ্গে, সারা ভারতবর্ষে এবং ভারতবর্ষের বাইরে আছে, আজকে সেই গৌরবকে যে ভাবে নস্যাৎ করা হল তা লজ্জাজনক। আসলে তাঁরা এই হাউসকে যেমন খুশি সাজ হিসাবে ব্যবহার করতে চাইছেন। ভবিষ্যতে যাতে এই রকম ঘটনা না ঘটে তার জন্য আমি অনুরোধ করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতার কয়েকটি স্কুলের ছাত্র তারা মাধ্যমিক পরীক্ষায় ৭৬ থেকে ৮০ পারসেন্ট নম্বর পেয়ে পাশ করেছে কিন্তু সেই সব ছাত্ররা তাদের নিজের স্কুলেই উচ্চ মাধ্যমিকে ভর্তি হতে পারছে না। আমি বলতে চাইছি সেই সব ছাত্ররা যারা ৮০ পারসেন্ট নম্বর পেয়ে পাশ করে নিজেদের স্কুলে ভর্তি হতে পারছে না অন্য স্কুলে তারা কি করে ভর্তি হবে? তাহলে কি তারা পড়াশোনা ছেড়ে দেবে বা বন্ধ করে দেবে। তা না হলে দূরে মফস্বল অঞ্চলে গিয়ে যেখানে সেখানকরা সেই অঞ্চলের কোনও ছাত্র পড়ে না, সেই রকম স্কুলে ভর্তি হবে। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীকে অনুরোধ করছি আপনি অবিলম্বে এই ভর্তির ব্যাপারে স্কুলগুলিতে ভর্তির নির্দেশ জারি করুন।

**শ্রীমতী ইভা দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাই যে আমি এই বিধানসভার নব নির্বাচিত সদস্যা। এখানে লজ্জাজনক পোষাক পরা অবস্থায় জনগণের প্রতিনিধি একজন কংগ্রেস বিধায়ককে দেখলাম, এতে আমি খুব অপমান বোধ করছি। আমি মনে করি যাঁরা নিজেদের জনপ্রতিনিধি বলে দাবি করেন তাঁদের নিজেদের পোষাক-আষাকের বিষয়ে একটু সতর্ক হওয়া উচিত। আমি নিজে দেখেছি ঐ ভদ্রলোক যেভাবে লুঙ্গি তুলে তুলে পা দেখিয়ে ইঙ্গিত করছিলেন তা অত্যন্ত অপমানকর বলে আমার মনে হয়েছে। আমি প্রতিবাদ জানাচ্ছি এবং একটা নিন্দা প্রস্তাব এই সভায় আনার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী তাপস ব্যানার্জি :** স্যার, আমি একজন নূতন সদস্য। আমি আপনার কাছে একটা ক্লারিফিকেশন জানতে চাইছি — জিরো আওয়ারের মেনশনের নোটিশ কতক্ষণ আগে পর্যন্ত দেওয়া যায়? আমরা যখন এই বিধানসভার সদস্য ছিলাম না তখন এই বিধানসভায় মহিলা মন্ত্রী পূরবী মুখার্জির সিটে আলতা ছড়িয়ে দেওয়া হয়েছিল। এটা আমরা জানি।

**(গোলমাল)**

**মিঃ ডেপুটি স্পিকার :** এক রকম নোটিশ দিয়ে অন্য রকম বলা যায় না। হবে না।

**শ্রীমতী কুমকুম চক্রবর্তী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের আচরণবিধি নিয়ে গুরুত্বপূর্ণ বিতর্কে আমরা সকলে অংশ গ্রহণ করছি। বিষয়টি নিয়ে সরকার পক্ষের

কয়েকজন মাননীয় সদস্য ইতিমধ্যেই আলোচনা করেছেন। বিরোধী দলের বন্ধুদের কাছে আমার জিজ্ঞাসা, মানুষ হিসাবে তাঁরা ঐ আচরণকে সমর্থন করছেন, না তাঁর নিন্দা করছেন? মাননীয় সদস্য যে পোষাকে এখানে প্রবেশ করেছিলেন তা সংসদীয় রীতি-নীতি বাদেও মানুষ হিসাবে প্রকাশ্য সভায় প্রবেশ করার মতো মর্যাদা সম্পন্ন ছিল কি? মাননীয় বিরোধী সদস্যদের শিক্ষা এবং রুচির কাছে আমার প্রশ্ন, এটাকে তাঁরা সমর্থন করছেন, না নিন্দা করছেন? যদি সমর্থন করেন তাহলে হাত তুলে সমর্থন করুন। আর তা না হলে দাঁড়িয়ে উঠে বিরোধিতা করুন।

**শ্রীমতী সাধনা মল্লিকঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই হাউসে একজন মাননীয় সদস্য যে পোষাক পরে এসে যে আচরণ করলেন তা অত্যন্ত নিন্দনীয় এবং অপমানকর। সুতরাং আমি মনে করি এই হাউস থেকে আজকে তাঁর বিরুদ্ধে একটা নিন্দা প্রস্তাব গ্রহণ করা উচিত।

**শ্রী শৈলজা দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুতর বিষয়ের প্রতি মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকে সারা রাজ্যে বহু ছাত্র-ছাত্রী মাধ্যমিক পাশ করার পর উচ্চ মাধ্যমিক স্তরে ভর্তি হবার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। আমি ইতিপূর্বে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি। আবার বলছি যে, আমাদের মেদিনীপুর জেলায় মাধ্যমিক স্তরে যতগুলি স্কুল আছে তাদের মধ্যে এখন পর্যন্ত সব থেকে ভাল স্কুল হচ্ছে আমাদের কাঁথি শহরের 'কন্টাই হাই স্কুল'। স্কুলটির বয়স ১০০ বছরেরও বেশি। এ বছর সেখান থেকে ৫০জন ছাত্র প্রথম বিভাগে পাশ করেছে। আজকে উচ্চ মাধ্যমিক স্তরে যে ভর্তির সঙ্কট সৃষ্টি হয়েছে তাতে রাজনৈতিক দিক দিয়ে বিচার না করে অবিলম্বে ঐ বিদ্যালয়টিকে দ্বাদশ শ্রেণীতে আপ-গ্রেড করা হোক। তা যদি হয় তাহলে এ বছর থেকেই বহু ছাত্রছাত্রী একটা ভাল স্কুলে ভর্তি হয়ে উচ্চ মাধ্যমিক পড়ার সুযোগ পাবে। এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে, ঐ স্কুলের ছাত্র-ছাত্রীরাও উচ্চ মাধ্যমিক পড়ার সুযোগ থেকে বঞ্চিত হতে চলেছে। ওখানে অভিভাবকরাও তাই চাইছেন। সে জন্য আমি ওখানকার বিধায়ক হিসাবে মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন করছি, অবিলম্বে ঐ স্কুলটিকে উচ্চ মাধ্যমিক স্কুলে উন্নীত করা হোক। ঐ স্কুলটি শুধু আমাদের সাব-ডিভিসনের মধ্যেই নয় গোটা জেলায় যতগুলি মাধ্যমিক স্তরের স্কুল আছে তাঁদের মধ্যে ভাল — ওদের রেজাল্ট সব চেয়ে বেস্ট রেজাল্ট ইন দি ডিস্ট্রিক্ট। অথচ ঐ স্কুলটিকে আপনি দ্বাদশ শ্রেণীতে উন্নীত করছেন না দলীয় দৃষ্টিভঙ্গির জন্য।

[2-00 — 3-00 P.M.] **(Including Adjournment)**

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে ব্যাপারটা এখানে আলোচনা হচ্ছে তার ভালমন্দ গুণাগুণ আমি বিচার করছি না। আমি দুটি জিনিসের প্রতি দৃষ্টি আকর্ষণ

করছি। এক হল, বক্তারা যখন বক্তব্য রাখছেন তখন সব সময়ে দেখছি অনেক সদস্য মাছির মতন আপনাকে ঘিরে বসে থাকেন। এটা খুবই দৃষ্টি কটু লাগে। এটা কেন আমার মনে হচ্ছে — কিছু মনে করবেন না — আপনার ব্যক্তিত্বের অভাব। দুই, কোনও বিষয়ের উপর যদি মহিলা সদস্যদের বলতে দেন তার একটা বিধি আছে, তার একটা নিয়ম আছে এবং রুলস আছে। আপনি সমস্ত কিছু বন্ধ করে আলোচনার জন্য টেবল করুন, আমরা আলোচনায় অংশ গ্রহণ করব, ওনারাও করবেন। কিন্তু কোনও বিধি, নিয়মে এটা হচ্ছে না। খালি হুল্লোড় হচ্ছে। জিরো আওয়ারে যা বলছে, মেনশনে তাই বলছে আবার অন্য সময়েও তাই বলছে। ইট ইজ এ মেজ, ইট ইজ অ্যবসোলিউট এ মেজ। নিয়ন্ত্রণ হারিয়ে ফেলবেন হাউস চালাতে— এটাই আমি মনে করি। আপনি যদি পারমিশন দেন বলতে, তাহলে সবাইকে পারমিশন দিন। এই বিষয়ে জিরো আওয়ার বন্ধ করে আধ ঘন্টা আলোচনা হতে পারে। কিন্তু একচেটিয়া ওরা...........

**(ট্রেজারি বেঞ্চের সদস্যরা)**

বলবেন আর আমাদের কেউ বলবে না — এটা আলোচনার বিষয় হতে পারে না। তাই এই ব্যাপারে আপনার ইতিবাচক রুলিং চাই?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মাননীয় সদস্যদের অনেকবার বলেছি, — আমার কাছে যে লিস্ট আসে সেই লিস্ট অনুযায়ী আমি যখন নাম ডাকি তখন কেউ পোডিয়ামে আসবেন না। মাননীয় সদস্যদের বারে বারে অনুরোধ করি। তা সত্ত্বেও মাননীয় সদস্যরা যদি এটা করেন — এমন কি বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী সৌগত রায় এবং অন্যান্যদের ডেকেও এই কথা বলেছি যে আপনারা অন্তত একটা নর্মস করুন। আমি রুলিং পার্টির রবীন দেব এবং রবীন মন্ডলকেও বলেছি যদি উভয়ই এগুলি না করেন, যদি উভয়ের পক্ষ থেকে সহযোগিতা না পাই তাহলে হাউস চলতে পারে না। আপনি **(সুব্রত বাবুকে উদ্দেশ্য করে)** এটা নিজেও জানেন, কারণ আপনি দীর্ঘদিনের অভিজ্ঞ সদস্য এবং হাউসে অনেকদিন ধরে আছেন। প্রিসাইডিং অফিসার হাউস কন্ট্রোল করতে পারে তখনই, যখনই উভয় পক্ষের সাহায্য এবং সহযোগিতা পায়। আমি বারে বারে অনুরোধ করেছি, কিন্তু মাননীয় সদস্যরা শোনেন নি। আমি এ ছাড়াও লিস্ট অনুযায়ী ডেকেছি। কিন্তু যখন দেখলাম জিরো আওয়ার শেষ হয়ে যাচ্ছে, তখন কয়েকজন সদস্যর নাম আমি বেছে নিয়ে ১৫ মিনিটের মধ্যে যাতে হতে পারে — কারণ মহিলাদের একটি লিস্ট আছে, তাদের নাম আছে আলাদা করে, তারা দিয়ে গেছেন বলবার জন্য — সেইজন্য আমি এ দলের একজনকে আবার ও দলের একজনকে বরাবর জিরো আওয়ারে ডেকেছি। কাজেই আমি আশা করব, ভবিষ্যতে আপনারা নিজেরা নিজেদের নিয়ম পালন করে আলোচনায় অংশ গ্রহণ করবেন।

**এখন বিরতি, আবার আমরা মিলিত হব ৩টার সময়ে।**

[3-00 — 3-10 P.M.] **(After Adjournment)**

## VOTING ON DEMANDS FOR GRANTS

### Discussion On Demand No 30 and 45

**শ্রী সঞ্জীবকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় ৫ জন মাননীয় শিক্ষা মন্ত্রী যে শিক্ষা বাজেট পেশ করেছেন ৩০ ও ৪৫ নং ডিমান্ডের অধীনে তার আমি বিরোধিতা করছি। এই বাজেটের বিরোধিতা করছি তার কারণ হল, এই বাজেট হল, আনইমাজিনেটিভ ইরেসপনসিবল এই বাজেটকে শিক্ষা বাজেট না বলে শিক্ষক এবং শিক্ষাকর্মীদের মাহিনা দেবার বাজেট বললেই ভালো হয়। কেন না এই বাজেটের শতকরা ৯৫ ভাগ টাকা ঐ শিক্ষক ও শিক্ষাকর্মীদের মাহিনা দিতেই চলে যায়। কেবলমাত্র ৫ ভাগ টাকা শিক্ষার স্বার্থে খরচ হয়। এই কারণে আমি একথা বলছি। স্যার, এই রাজ্যে শিক্ষার মতন একটা গুরুত্বপূর্ণ, সংবেদনশীল বিষয় বামফ্রন্ট সরকার গত ২০ বছর ধরে একনাগাড়ে যে ভাবে সঙ্কীর্ণ দলীয় রাজনীতির গড্ডালিকা প্রবাহে এবং দুর্নীতিতে ক্রমশ নিমজ্জিত করেছেন সে বিষয়টি সকলের ভেবে দেখা উচিত। একটানা এই সরকার ২০ বছর ধরে ক্ষমতায় থাকার পর শিক্ষার অগ্রগতির বিচারে পশ্চিমবঙ্গের স্থানে ভারতবর্ষে ১৮তম স্থানে। এই রাজ্যে শিক্ষার অবস্থা কি হয়েছে তা ওয়াবকুটার মেদিনীপুর জেলা শাখার যে সম্মেলনটি মেদিনীপুর টাউনে হয়েছিল তাতে সেখানে ওয়াবকুটার সভাপতি যে ভাষণ দিয়েছিলেন তা থেকেই বোঝা যায়। ওয়াবকুটার সভাপতি শ্রী মিহির গুহ সেখানে বলেছেন; শিক্ষা ব্যবস্থা এমন ভাবে চলছে যে শিক্ষা ব্যবস্থা এখানে ভালো ভাবে চলছে একথা বলতে পারি না। সামগ্রিক ভাবে শিক্ষক সমাজ তাদের দায়িত্ব, কর্তব্য যথাযথ ভাবে পালন করছেন না। এখন বস্তু নিষ্ঠ ভাবে পর্যালোচনার সময় এসেছে। প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দেওয়ার সিদ্ধান্ত আমাদের ভুল ছিল। বে-সরকারি ব্যবস্থাপনায় সমান্তরাল ভাবে ইংরাজি কিন্তু রয়েই গিয়েছে। পরিতাপের বিষয় হল, প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দিয়ে যেটা করার দরকার ছিল সুদীর্ঘ সময়ে তা করতে পারি নি। মাধ্যমিকে যে ফাংশনাল ইংরাজি চালু করা হল তাকে কাজে লাগায় নি। এটা বামপন্থী সংগঠনের শিক্ষক সমাজের সবচেয়ে বড় যে সংগঠন, সেই সংগঠনের সভাপতি গত রবিবার মেদিনীপুর শহরে বলেছিলেন। আর একটি ব্যাপার আপনার দৃষ্টি আকর্ষণ করছি। অধ্যক্ষ পরিষদের নেতা আমাদের উচ্চ শিক্ষাকে সামনে রেখে বলেছিলেন যে, কলেজ প্রশাসনের কাজের গতি আনতে রাজ্য সরকারের ভূমিকা আশানুরূপ নয়। এটা আমার কথা নয়, অধ্যক্ষ পরিষদের শিক্ষক নেতা, সি. পি. এম. সংগঠনের লোক, তিনি শিক্ষা মন্ত্রী সত্যসাধন বাবুর সামনে একথা বলেছিলেন। বিশ্ববিদ্যালয়ের নিয়ম বিধি লোপ পেয়েছে। যা নিয়ম হয়েছে তাতে একজন শিক্ষক বছরে ১।। থেকে দুই মাস কলেজে গিয়ে ১২ মাসের বেতন পেতে পারে। এই হচ্ছে রাজ্যের শিক্ষা ব্যবস্থা। চাকুরির নিরাপত্তা যেন শিক্ষার মূল সূত্র হয়ে উঠেছে। যে সব শিক্ষক, অধ্যাপক নিয়মিত কলেজে যায় না, আইন করে তাদের ইনক্রিমেন্ট, প্রোমোশন বন্ধ করার সুপারিশ করেছেন অধ্যক্ষ পরিষদ। এতে অবস্থাটা বোঝা যায়। একজন

শিক্ষক ১।। মাস কলেজে গিয়ে ১২ মাসের বেতন পাবে। আমরা শিক্ষা ক্ষেত্রে কি রকম এগিয়ে যাচ্ছি সেটা বোঝা যায়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্কুল-কলেজে দুটি বিষয়ের উপরে জোর দিতে হয়। একটা হচ্ছে পঠন-পাঠন, আর একটা হচ্ছে পরীক্ষা গ্রহণ। এই বামফ্রন্ট সরকার ২০ বছরে এই দুটো ব্যাপারেই একেবারে অসমর্থ হয়েছে। এর কারণ হিসাবে বলতে চাই, মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন, আপনার আন্তরিকতা ছিল কিনা আমি জানি না, কিন্তু ঘটনাটা সত্য। আজকে টিউশন ব্যবস্থা করে, কোচিং ব্যবস্থা করে, নোট বই বিক্রি করে সারা রাজ্যে একটা সমান্তরাল শিক্ষা ব্যবস্থা চালু হয়েছে, এটা আপনি অস্বীকার করতে পারবেন না এবং আরও একটা গুরুত্বপূর্ণ ব্যাপার আমরা পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে দেখছি। আজকে পশ্চিমবঙ্গে এমন কোনও পরীক্ষা নেই — মাধ্যমিক বলুন, উচ্চ মাধ্যমিক বলুন, এমন কি কলেজ স্তরে বলুন, যেখানে প্রশ্নপত্র আউট হয় না। মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর অবগতির জন্য জানাচ্ছি যে, এই প্রশ্নপত্র আউট হতে হতে কোথায় গিয়ে আমরা দাঁড়িয়েছি। আমাদের বিশ্ববিদ্যালয়ের একটা ঐতিহ্য আছে। সেই বিশ্ববিদ্যালয়ে ৩রা জুলাই বাংলায় এম. এ. পরীক্ষা হবে তার জন্য একটা প্রিলিমিনারি টেস্ট হচ্ছে, তার প্রশ্নপত্রও আউট হয়ে গেছে। এই ভাবে আজকে রাজ্যের শিক্ষা ব্যবস্থা চলছে। তাই আজকে শিক্ষার মূল যে দুটো জিনিস সেটা আমরা দেখছি না। আজকে স্কুল কলেজে ঠিকমতো পঠন পাঠন হয় না। সেজন্য ছাত্ররা কোচিং যায়, স্কুল কলেজ থেকে টিউশনিতে পড়তে ভালবাসে। আজকাল নোট বই বিক্রি করার একটা ব্যবসা চলছে। আজকে শিক্ষা ব্যবস্থাটাকে পণ্য সামগ্রী হিসাবে বাজারে বিক্রয় হচ্ছে — এই সুনির্দিষ্ট অভিযোগ আমি সরকারের বিরুদ্ধে আনতে চাই। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় এল তখন এদের ম্যানিফেস্টো ছিল যে, আমরা শিক্ষাকে গণতান্ত্রিকরণ করব এবং সেই সঙ্গে পরিষ্কার ভাবে উল্লেখ করা হয়েছিল যে, কংগ্রেস যা করতে পারে নি, অর্থাৎ প্রাথমিক বিদ্যালয়, সংসদ, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদে আমরা নির্বাচন করব। গত ২০ বছর কেটে গেছে আপনাদের সাহস হয় নি নির্বাচন করার। এবারে বাজেটে বলেছেন যে আমরা করব। ২০ বছর ধরে যা শেষ করতে পারেন নি, এখন আইনগত প্রশ্ন তুলেছেন। আমি জানি না যে কি আইনগত প্রশ্ন আছে। আপনাদের আন্তরিকতা নেই, আপনারা শিক্ষাকে রাজনীতিকরণ করেছেন এবং এই রাজনীতিকরণ করে দুর্নীতির আড্ডাখানায় পরিণত করেছেন। আপনারা বলবেন যে সমাজের সর্ব স্তরে দুর্নীতি আছে, আমি হয়ত প্রতিবাদ করতে পারব না। কিন্তু বামফ্রন্ট সরকারের মন্ত্রীদের বলি, ১৯৭৭ সালে আপনারা মানুষের কাছে কমিটমেন্ট করেছিলেন যে এই দুর্নীতির বিরুদ্ধে আমরা লড়াই করব।

[3-10 — 3-20 P.M.]

তাই উত্তর দিতে গিয়ে কংগ্রেস কংগ্রেস করবেন না। আপনারা মানুষের কাছে দায়বদ্ধ যে, দুর্নীতি আপনারা করবেন না। কিন্তু যেভাবে জেলা প্রাথমিক শিক্ষা পর্ষদ এবং হায়ার সেকেন্ডারি কাউন্সিল চলছে — সেগুলোকে আজকে দুর্নীতির আখড়ায় পরিণত করেছেন। সেখানে আপনাদের পছন্দমতো প্রেসিডেন্ট বসিয়েছেন — আপত্তি করি নি। কিন্তু তাতে কি

ফল ফলেছে? আজকে সারা দেশে দুর্নীতির বিরুদ্ধে লড়াই চলছে; কেউ বলছেন সি. বি. আই., কেউ সুপ্রিম কোর্ট চাই বলছেন। কিন্তু এই সরকারের বিরুদ্ধে সুপ্রিম কোর্ট রায় দিয়েছেন, বলেছেন—মালদা এবং মেদিনীপুর জেলায় দুর্নীতি করেছেন প্রাথমিক শিক্ষক নিয়োগ করার ক্ষেত্রে। সাহস আছে মন্ত্রিসভা থেকে মন্ত্রীর পদত্যাগ করতে? এই যে দুর্নীতি, এটা এস্টাব্লিশমেন্ট ফ্যাক্ট। এটা ভাবতে পারেন পৃথিবীর ইতিহাস, পশ্চিমবঙ্গের ইতিহাস যতদিন থাকবে ততদিন পর্যন্ত পরবর্তীকালের প্রজন্ম দেখবে বামফ্রন্ট সরকারের আমলে রাজ্যের দুটি জেলায় প্রাথমিক শিক্ষক অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে চরম দুর্নীতি হয়েছিল যা পৃথিবীর ইতিহাসে কখনও হয় নি। তাদের সমস্ত অ্যাপয়েন্টমেন্ট ক্যানসেল করা হয়েছে। কিন্তু আমাদের আশা ছিল, আপনারা দুর্নীতি করবেন না। কাজেই কংগ্রেস আমলে দুর্নীতি হয়েছিল বলে আর কখনও বলবেন না। সম্পূর্ণ ক্ষমতা আপনাদের দেওয়া হয়েছিল এবং সেখানে প্রেসিডেন্টও আপনাদেরই। সেখানে আপনারা গণতান্ত্রিকরণের নামে রাজনীতিকরণ করেছেন। জানি না, সেখানে রাজনৈতিক সদিচ্ছাটুকুও ছিল কিনা, তবে আপনারা দুর্নীতি দূর করতে পারেন নি। দিস ইজ দি ওনলি স্টেট ইন ইন্ডিয়া যেখানে এই জিনিস চলছে। রাজ্যে গত পাঁচ বছরে টি মাত্র প্রাইমারি স্কুল হয়েছে, এবং গত দুটি বামফ্রন্ট সরকারের আমলে মাত্র ১৮টি প্রাইমারি স্কুল হয়েছে। অথচ ১৯৯১ সালের বাজেট বক্তৃতায় ৬০০ হয়েছে বলেছেন। কখনও অর্থমন্ত্রীকে দিয়ে, আবার কখনও নিজে বলেছেন ৬০০ স্কুলের কথা, কিন্তু একবারও উল্লেখ করেন নি যে, যদি কেস উঠে যায় তাহলে ৬০০। যদি সংখ্যাটা ৬০০ হয় তাহলে ৬০০ গুণিতক ৩, ১,৮০০ শিক্ষক নিয়োগ করেছেন এটাই দাঁড়ায় এবং গতবার সেটাই বলেছেন য, ১,৮০০ শিক্ষক নিয়োগ করেছেন, কিন্তু কখনই বলেন নি যে, কেস থাকার কারণে নিয়োগটা আপনারা করতে পারছেন না। তারপর গত ফেব্রুয়ারি মাসে একটা অ্যামেন্ডমেন্ট বিল আনলেন যে, বে-সরকারি ক্ষেত্রে আর প্রাইমারি স্কুল করা যাবে না। আমরা বিরোধী দল হাউসে এর বিরোধিতা করলাম। কিন্তু আপনারা খোঁজ রাখেন কি, আমাদের রাজ্যে বর্তমানে ৫১,০২১টি প্রাথমিক স্কুল যা রয়েছে তার মধ্যে ৪৫,০০০ স্কুলই প্রথমে বে-সরকারি উদ্যোগে স্থাপন করা হয়েছিল? অথচ আপনারা ঐ ধরনের একটা বিল নিয়ে এলেন! আপনাদের লোকেরাই তো সেখানে ম্যানেজিং কমিটির মেম্বার হবেন। আজকে পুরুলিয়া একটি স্কুল বাড়ি ভেঙে পড়ে ৫টি শিশু মারা যায়। আমার বিধানসভা কেন্দ্রে দুটি প্রাইমারি স্কুল ভেঙে পড়ে একটি শিশু মারা গেছে এবং কয়েকটি শিশু অথর্ব হয়ে গেছে, অথচ বলছেন —বে-সরকারি ক্ষেত্রে আর প্রাথমিক স্কুল করবেন না। যেখানে মুখ্যমন্ত্রীর বিদেশ সফরকালে একদিনের হোটেল খরচ ৬০,০০০ টাকা এবং যখন তিনি আবার বিদেশে যাবেন, সেক্ষেত্রে কোথা থেকে প্রাইমারি স্কুলের জন্য আপনারা টাকা পাবেন? এই পবিত্র বিধানসভায় দাঁড়িয়ে অবসরপ্রাপ্ত শিক্ষকদের পেনশন দেবার ব্যাপারটা সুনিশ্চিত করেছিলেন, কিন্তু তারপর একজন শিক্ষকও পেনশন পান নি। এর উত্তর কে দেবেন? প্রাথমিক শিক্ষা দপ্তর থেকে ৬০-৬৫ ধরে যে একটা আদেশ দিয়েছেন, কিন্তু যারা একটি দুটি এক্সটেনশন পেয়েছিলেন তাদের ক্ষেত্রে কোনও জি. ও. বের করবার সাহস হয় নি। তারফলে আজকে ৫০ হাজারের মতো শিক্ষক

বেতন পাচ্ছেন না। এ ব্যাপারে আপনি উত্তর দেবেন বলে আশা করি। এটা আমি নিশ্চিত আশা করি। শিক্ষকদের অবস্থার কথা স্যার আপনি জানেন। এই বিধানসভায়, আমাদের যারা ল্যাঙ্গুইসটিক মাইনরিটি আছে তাদের জন্য গতবার মাননীয় সদস্য জ্ঞান সিং সোহনপাল প্রশ্ন তুলেছিলেন। তাতে স্পিকার অর্ডার দিয়েছিলেন মাননীয় মন্ত্রী মহাশয়কে যে আপনার দপ্তরে খুঁজে দেখুন করসপন্ডিং রেসপেকটিভ হাই স্কুল কোথায় স্থাপন করতে পেরেছেন। আশা করি আপনি নিশ্চয়ই এই ব্যাপারে জানাবেন যে এই ব্যাপারে আপনি কি করতে পেরেছেন। পশ্চিমবাংলায় যে শিক্ষা ব্যবস্থা চালু করার চেষ্টা করেছিলেন তাতে ইংরাজি তুলে দিলেন এবং পাশ ফেল তুলে দিলেন। এই ব্যাপারে পশ্চিমবাংলার মানুষ আপনাদের মূল্য দেয় নি, আপনাদের বিশ্বাস করে নি। এই প্রসঙ্গে বলি, আপনি জানেন, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ডঃ সুশীল মুখোপাধ্যায় একটা সংস্থা গঠন করেছে। সেই সংস্থার নাম হল প্রাথমিক শিক্ষা উন্নয়ন পর্ষদ। স্যার, আপনি জানেন এই পর্ষদ আলোচিত বৃত্তি পরীক্ষায় ১৯৯৪ সালে ১ লক্ষ ৪৬ হাজার ছাত্র-ছাত্রী বৃত্তি পরীক্ষা দিয়েছে এবং ১৯৯৫ সালে ১ লক্ষ ৮০ হাজার ছাত্র-ছাত্রী বৃত্তি পরীক্ষা দিয়েছে। এই বামফ্রন্ট সরকার ঘোষণা করল যে লটারির মাধ্যমে ছাত্র ভর্তি হবে। কোন দর্শনে উনি এই জিনিস খুঁজে পেয়েছেন আমার জানা নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দেখলাম ড্রপ আউটের ব্যাপারে ইউনিসেফের একটা চার্ট বার হয়েছে। তাতে বলছে যে এখানে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ৫০ পারসেন্ট ড্রপ আউট হয়। আপনারা আবার কৃতিত্বের দাবি করেন? আমি ১৯৯০ সালের রিপোর্ট থেকে বলছি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চল মিলিয়ে ৩২টি রাজ্যের মধ্যে পার ক্যাপিটা এক্সপেন্ডিচার পার স্টুডেন্ট আমাদের রাজ্য ৩১তম স্থানে রয়েছে, মিজোরামের আগে। এই হল রাজ্যের অবস্থা। উচ্চ শিক্ষা মন্ত্রীকে বলি, আই. এ. এস পরীক্ষায় সারা পশ্চিমবাংলায় মাত্র ২ জন ছেলে পাশ করেছে। উড়িষ্যায় দেখুন অনেক ছেলে পাশ করেছে। চ্যাটার্ড অ্যাকাউন্ট ইন্সটিটিউশন, সেখানে দেখুন কি অবস্থা? কোথায় আছে পশ্চিমবাংলা? সি. এ বলে একটা প্রজন্ম সারা পশ্চিমবাংলা থেকে বিলুপ্ত হতে বসেছে। এই হচ্ছে পশ্চিমবাংলা। আমরা এই ২০ বছরে কি পেলাম? আপনারা প্রায়ই বলেন ১৯৭২-৭৭ সালের কথা যে তখন টোকাটুকি হত, খুনোখুনি হত। তাহলে আপনাদের কাছে তো ভাল জিনিস আশা করব। এই ২০ বছরে কি হয়েছে দেখুন। বর্ধমানের চুরুলিয়া গার্লস হাই স্কুলের টিচার ইন চার্জ ৩৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ৫৭ বছর বয়সের শিক্ষিকা প্রভাতী গুহ নিয়োগী গত ২৬শে মে গণ ধর্ষিত হয়। এখনও তার বিচার হয় নি। পরীক্ষার হলে সার্বিক দায়িত্ব পালনের জন্য অধ্যাপককে অ্যাসিডের জালায় জ্বলতে জ্বলতে হাসপাতালে ভর্তি হতে হয়। এ রাজ্যে সাট্টা সংগঠক অধ্যাপক হচ্ছেন। উপাচার্যের সই জাল করে অধ্যাপকের চাকুরি গেল, তিনি কলেজ শিক্ষক সমিতির আনুকূল্যে সেই চাকুরি ফেরৎও পাচ্ছেন। অধ্যাপক তাঁর মেয়ের মার্কশিট স্বহস্তে জাল করে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের তৎপরতায় বরখাস্ত হওয়ার পরেও আবার যথাযথ ভাবে কলেজ সার্ভিস কমিশন কর্তৃক এক বড় কলেজের অধ্যক্ষ নিযুক্ত হচ্ছেন। গৃহ শিক্ষকের সহযোগিতায় ছাত্রী তার বাবাকে বিষ খাইয়ে মারে। ছাত্ররা শিক্ষকের মেয়েকে ধর্ষণ করতে

গিয়ে তাকে বাড়িতে না পেয়ে ক্রুদ্ধ হয়ে শিক্ষকের স্ত্রীকে গণ ধর্ষণ করেছে। শিক্ষকের বাড়িতে টি. ভি. দেখতে গিয়ে বাধা পেয়ে ক্রুদ্ধ হয়ে ছাত্ররা তাঁকে কুপিয়ে কুপিয়ে খুন করেছে। এই রাজ্যের শিক্ষক পেনশন না পেয়ে শিক্ষকরা আত্মহত্যা করছে বা পরের জমিতে চাষ করছে। এই অবস্থায় দাঁড়িয়ে একজন মানুষ হিসাবে আপনার এই বাজেটকে সমর্থন করতে পারছি না। তাই বাজেটের বিরোধিতা করছি।

[3-20 — 3-30 P.M.]

**শ্রী পদ্মনিধি ধর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষা বাজেটে আলোচনায় অংশ গ্রহণ করে প্রথেমেই আমাদের বিভিন্ন দপ্তরের পাঁচজন শিক্ষা মন্ত্রী যে বাজেট বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শুরু করছি। আমাদের শিক্ষা ইংরেজ আমলে আমরা যা দেখেছি তা হল, তখন ছিল মেকলে ডাউন ওয়ার্ক ফিলট্রেশন থিওরি। অর্থাৎ উপরতলার কিছু লোককে কেরানি তৈরি করে তাদের কাছ থেকে চুঁইয়ে চুঁইয়ে যে কজনের কাছে শিক্ষা আসে, সেই শিক্ষা। ওদের সেই বনিয়াদে যে শিক্ষা সেই শিক্ষা চালু করা হয়েছিল। আজকে আমাদের দেশের ৫০তম স্বাধীনতা পূর্তি হতে যাচ্ছে আগামী ১৫ই আগস্ট। আমরা তখন — ইংরেজ আমলে — দেখেছি, নূতন শিল্প বণিক, ভারতবর্ষে যাদের প্রতিনিধিরা আমাদের ডান দিকে বসে আছেন, তাদের জন্য কিছু শিক্ষিত লোক করার জন্য উচ্চ স্তরে শিক্ষা বিস্তারের ব্যবস্থা করেছে। কিন্তু ভরতবর্ষের ৯৪ কোটি মানুষের জন্য এদের কোনও দরদ ছিল না। এই কারণে ছিল না যে, গরিব মানুষ যদি শিক্ষা লাভ করে তাহলে তারা কোনটা সত্য আর কোনটা মিথ্যা তা ধরে ফেলবে। কিন্তু যাদের কাছে শিক্ষা নেওয়া উচিত, শ্রমজীবীদের কাছে, তাদের কাছে যায় নি। রবীন্দ্রনাথের কথায়—'চাষী ক্ষেতে চালাইছে হাল, তাঁতী বসে তাঁত বোনে, জেলে ফেলে জাল — বহু দূর প্রসারিত এদের বিচিত্র কর্মভার, তারই পরে ভর দিয়া চলিছে সমস্ত সংসার'। রবীন্দ্রনাথ আরও বলেছেন — 'পৃথিবীর পানে আঁখি মেলে যবে দেখি শুধু কলকল রবে বিপুল জনতা চলে নানা পথে, নানা দলে দলে যুগ যুগান্তর হতে মানুষের নিত্য প্রয়োজনে, জীবনে মরণে, ওরা চিরকাল টানে দাঁড়, ধরে থাকে হাল, মাঠে মাঠে বীজ বোনে, পাকা ধান কাটে, ওরা কাজ করে নগরে প্রান্তরে'। সেই মানুষগুলোর জন্য ওরা কিছু করেনি। সেই পাপের বোঝা নিয়ে বামফ্রন্ট সরকার তাদের শিক্ষা বিস্তার শুরু করে। কিছুক্ষণ আগে ৭২ সালের কথা, সত্তর দশকের যে অবস্থার কথা আমাদের বিরোধী পক্ষের মাননীয় সদস্য সঞ্জীব দাস বলছিলেন, এই চিত্রটি — ৭২ সালের চিত্রটি কি ছিল? আমি শিক্ষকতা শুরু করেছিলাম ১৯৫৬ সালে। এখানে অনেক সদস্য যারা (**) করছেন, তাঁরা তখন শিক্ষা জগতে আসেন নি।

**মিঃ ডেপুটি স্পিকার :** 'চ্যাংড়ামি' কথা বাদ যাবে।

** Note [ Expanged as order by chair]

**শ্রী পদ্মনিধি ধর :** ৭২ সালে কি অবস্থা ছিল? তখন ছিল গণ টোকাটুকি। প্রশ্নপত্র ফাঁস হয়ে যেত। কবে পরীক্ষা নেওয়া হবে তার নিশ্চয়তা ছিল না। বিদ্যালয়ে বিদ্যালয়ে অগ্নি সংযোগ করা হত। শিক্ষকদের নিগৃহীত করা হত। দুর্গাপুরে শিক্ষক বিমল দাশগুপ্তকে চেয়ারের সঙ্গে বেঁধে ছাত্র পরিষদের সোনার টুকরোরা আগুন জ্বালিয়ে দিয়েছিল। বেলুড় মঠের সেই টেকনিক্যাল কলেজে অধ্যাপক সত্যেন চক্রবর্তীকে ক্লাশের মধ্যে ঢুকে ছাত্রদের সামনে কুপিয়ে কুপিয়ে তাঁকে হত্যা করা হয়েছিল। আজকে তাঁরাই বলছেন বামফ্রন্ট সরকারের আমলে শিক্ষা ব্যবস্থা বলে কিছু নেই। তাঁরাই বলেছেন শিক্ষায় সুস্থিতির কথা। আমি বলব, আজকে বামফ্রন্ট সরকার যদি একটি ক্ষেত্রে সাফল্য লাভ করে থাকে তাহলে তা এই শিক্ষাক্ষেত্রে লাভ করেছে। শিক্ষা ক্ষেত্রে বামফ্রন্ট সরকার সুস্থিতি ফিরিয়ে এনেছে। এই আমলে — ১৯৭৭ সাল থেকে আজকে ১৯৯৬ সাল পর্যন্ত সময়ে আমরা ৩টি বিশ্ববিদ্যালয় স্থাপন করেছি। বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ এবং ডিম্‌ড ইউনিভার্সিটি করেছি। বেলগাছিয়ায় আমরা মৎস্য বিদ্যালয় স্থাপন করেছি। আমাদের এখানে মহাবিদ্যালয়ের সংখ্যা হল ৩৫২টি, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা হল, ১,৪২৬টি এবং মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা দাঁড়িয়েছে ৫,১৮০টি।

আমাদের এখানে প্রাথমিক বিদ্যালয় ৫১ হাজার ২১টি, আমাদের এখানে গ্রন্থাগার ২ হাজার ৪৩৩টি। এছাড়া অসংখ্য টেকনিক্যাল স্কুল, আই. টি. আই. জুনিয়ার টেকনিক্যাল স্কুল এবং কারু শিল্প প্রশিক্ষণ কেন্দ্র অনেকগুলি রয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি, এই বছরে ৩৪টি নূতন নিম্ন মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করা হয়েছে, ৮০০টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে নূতন করে উন্নীত করা হয়েছে। আমরা এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে শিক্ষাকে সুসংহত রূপ দিতে চাই। ওরা বলছে ৩৮ হাজার গ্রাম পশ্চিমবাংলায়, কিন্তু আমাদের এখানে প্রাথমিক বিদ্যালয় হচ্ছে ৫১ হাজার ২১টি, একটি গ্রামে একাধিক স্কুলও আছে। আমার বন্ধু এখান থেকে পালিয়ে গিয়েছেন কিনা জানি না, আমি ৯২ সালে এই বিধানসভার শিক্ষা তথ্য সংস্কৃতি বিষয়ক কমিটির যিনি আমাদের চেয়ারম্যান ছিলেন পার্থ বাবু, উনি এবারে মন্ত্রী হয়ে গেছেন, তিনি সেবারে বাইরে যান নি, আমি চেয়ারম্যান হিসাবে গিয়েছিলাম কেরালা, পন্ডিচেরী, তামিলনাড়ুতে; এখানে যে বন্ধুটি আমার আগে বলছিলেন তিনিও সেবারে আমাদের সঙ্গে গিয়েছিলেন। অভিজ্ঞতা কি, তামিলনাড়ুর সমস্ত জায়গায়, সব গ্রামে সরকারি খরচে স্কুল নেই। শিক্ষাকে আমরা এখানে সুসংহত রূপ দিতে চাই। শিক্ষার সম্প্রসারণ করতে চাই। সেই কারণে আমরা দেখছি, আজকে শিক্ষকদের বেতন বৃদ্ধি হয়েছে, ৫৭ সালে যখন হায়ার সেকেন্ডারি স্কুলে ঢুকলাম — ওরা জানে না — তখন বেতন ছিল ৭০ টাকা, সেই বেতনও পাওয়া যেত না সারা মাস ধরে, ৬ মাস পরে বারে বারে টাকা দিত। এখন সেখানে বামফ্রন্ট সরকার যে বেতন হার করে দিয়েছে সেই বেতন হার এবং তাদের চাকরির নিরাপত্তা তার গ্র্যাচুইটি, তাদের পেনশন, সমস্ত বিষয়ে আজকে যে ভাবে এসেছে, তাতে আমরা দেখছি সুপ্রীম কোর্ট পর্যন্ত ওরা রায় দিয়েছে ৬০ বছরে। ইতিমধ্যে

ওরা কয়েক হাজার শিক্ষককে বিপথে পরিচালিত করেছে। আমার বিধানসভা কেন্দ্রে বেশ কিছু শিক্ষক তারা আমার কাছে এসে বলেছে, আমরা কংগ্রেসের ফাঁদে পা দিয়ে ৬৫ বছর করিয়েছি, এখন যা পেনশন পাচ্ছি, তাতে সংসার চলবে না। কেরালায় রিটায়ার্ড এজ শিক্ষকদের ৫৫ বছর, তামিলনাড়ুতে ৫৮ বছর, আমি পন্ডিচেরী বিধানসভায় জিজ্ঞাসা করেছিলাম আপনাদের শিক্ষকদের রিটায়ারিং এজ কত, তারা বলেছিল, উই আর গাইডেড বাই দি রুলস অ্যান্ড রেগুলেশনস অফ সেন্টার — ৬০ বছর। কোথায় আছে, ভারতবর্ষের কোন রাজ্যে আছে এই অবস্থাটা? পশ্চিমবাংলার মতো স্থায়িত্ব, এই ধরনের ভবিষ্যত নিশ্চয়তা কোন রাজ্যে আছে? আমরা দেখেছি, যখন বিভিন্ন রাজ্যগুলিতে ঘুরছিলাম, তখন দেখেছি, ক্যাপিটেশন ফিজ যাদের লক্ষ লক্ষ টাকা আছে, সেই ছেলে যোগ্য হোক বা না হোক তার ছেলে ইঞ্জিনিয়ারিং, ডাক্তারি পড়বে। এতে কি ইঞ্জিনিয়ার হবে, কি ডাক্তার হবে? এই অবস্থার মধ্যে ওরা কি চালাতে চায়? আমরা পশ্চিমবাংলার শিক্ষক ও সরকারি কর্মচারিদের জন্য চতুর্থ বেতন কাঠামোর জন্য বেতন কমিশন বসিয়েছি, তাদের বেতন ক্রম নিয়ে নিশ্চয় আবার ভাবনা চিন্তা হচ্ছে। আমরা দেখেছি, কংগ্রেসি স্কুলগুলিতে টাকা নিয়ে শিক্ষক নিয়োগ হচ্ছে, আমার কন্সটিটিউয়েন্সিতে হুগলির বর্ডারে হাওড়ার অভয়নগর, নফর অ্যাকাডেমি তার সেক্রেটারি কয়েকদিন আগে হেড মাস্টারকে ডেকে বললেন আপনি ৫০ হাজার টাকা নেবেন, আমি ৫০ হাজার টাকা নেব, এই শর্তে আমার ক্যান্ডিডেটকে সিলেক্ট করে তার নাম ডি. আই. অফিসে পাঠাতে হবে। হেড মাস্টার তাতে রাজি হন নি, আমি এই কথাটা শিক্ষা মন্ত্রীকে বলছি, আপনি এটা নোট করুন, এটা এনকোয়ারি করুন।

[3-30 — 3-40 P.M.]

যাতে দুর্নীতি বন্ধ করা যায় তার জন্য স্কুল সার্ভিস কমিশন গঠিত হয়েছে এবং তার জন্য ৫.১.৯৬ তারিখে রাষ্ট্রপতির অনুমোদনের জন্য ব্যাপারটা পাঠানো হয়েছে। আমরা ডেমোক্রেটাইজেশন অফ এডুকেশনাল স্ট্রাকচার চাই। একটা গল্প আছে, সেক্রেটারির উপস্থিতিতে স্কুলে ইন্সপেক্টার এসেছে, তিনি জিজ্ঞাসা করেছেন হরধনু ভঙ্গ করেছেন কে? সেক্রেটারি তখন বলছে হরধনু ভাঙ্গুক, খরচটা আমিই দিয়ে দেব। এই ধরনের লোক কংগ্রেসের সময়ে স্কুল কমিটিগুলোতে থাকত। আজকে স্কুল কমিটিতে স্টাফ কাউন্সিল, একাডেমিক কাউন্সিল, ম্যানেজিং কমিটি এইগুলো নির্ধারিত করেছেন বামফ্রন্ট সরকার। আমরা দেখছি বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিকরণ করা হয়েছে। শিক্ষার মাধ্যম সম্পর্কে আমি বলব। ওরা বলেছেন ইংরাজি ক্লাশ ওয়ান থেকে শুরু করা উচিৎ। ১৯৭৭ সালের আগে কৃষকের ছেলে স্কুলে যাওয়ার কথা ভাবতে পারত না, তারা মাঠে গিয়ে কাজ করত। আর আজকে তারা স্কুলে আসছে এবং এটা সম্ভব হয়েছে ভূমি সংস্কারের ফলে। ওরা বলছে ইংরাজি প্রথম শ্রেণী থেকে পড়ানো উচিৎ। কিন্তু গান্ধীজি নৈতালিমে বলেছিলেন ক্লাশ সেভেন থেকে দ্বিতীয় ভাষা শুরু করতে হবে। আর এদিকে ওরা নিজেদের গান্ধীবাদী বলেন, ওরা গান্ধীবাদ বিশ্বাস করেন না। মাইকেল মধুসূদনকে তার বাবা ছোটবেলায় ইংরাজি শিখিয়েছিলেন। তারপর তিনি দুখানি ইংরাজি কাব্যগ্রন্থও লিখেছিলেন।

কিন্তু সেই গ্রন্থগুলো মানুষের মনে কোনও আন্দোলন সৃষ্টি করতে পারেনি। তারপর তিনি মাতৃভাষায় লিখেছিলেন—

"হে বঙ্গ ভান্ডারে তব বিবিধ রতন
তা সবে অবোধ আমি অবহেলা করি
পরধন লোভে মত্ত করিনু ভ্রমণ।
পরদেশে ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি
কাটাইনু বহুদিন সুখ পরিহারি
অনিদ্রায় অনাহারে সঁপি কায়মন
মজিনু বিফল তপে অবরেন্ন বরি।
কেলিনু শৈবালে ভুলি কমল কানন
স্বপ্নে তবে কুলরক্ষী কয়ে দিলা পরে
ওরে বাছা মাতৃকোষে রতনের রাজি
এ ভিখারি দশা তবে কেন তোর আজি।
যা ফিরি অজ্ঞান তুই যারে ফিরে ঘরে
পালিলাম আজ্ঞা সুখে পাইলাম কালে
মাতৃভাষা রূপখনি পূর্ণ মণিজালে।"

রবীন্দ্রনাথ বলেছিল মাতৃভাষা মাতৃদুগ্ধ। আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে বলব, আমাদের প্রাথমিক স্তরে শিক্ষার বাহন হওয়া উচিৎ একমাত্র মাতৃভাষার। আমরা নিরবিচ্ছিন্ন মূল্যায়ন সম্পর্কে জানি এবং বলতে চাই, এটা অত্যন্ত বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিতে দেখা উচিৎ।

স্যার, আমার দাবি সর্বস্তরের প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিক স্কুলে এবং কলেজে যাতে পরিদর্শনের ব্যবস্থা করা হয় যাতে করে আমরা যে অর্থ খরচ করি তার ফলটা আমরা পাই। মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিক স্কুলে টিচাররা কোচিং ক্লাশ চালান। এই কোচিং ক্লাশ চালিয়ে কদিন ক্লাশ করা যায় সপ্তাহে? কংগ্রেসই এই জিনিস সৃষ্টি করেছে। এই বাজেটকে সমর্থন করে, ছাঁটাই প্রস্তাবকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অজিত খাঁড়া :** মাননীয় স্পিকার স্যার, আজকে শিক্ষা বাজেটের উপর সরকারি প্রস্তাবের বিরোধিতা করে এবং ছাঁটাই প্রস্তাবের সমর্থনে কয়েকটি কথা বলতে চাই। কিছুক্ষণ আগে আমার মাননীয় বন্ধু, আবৃত্তিকার খুব সুন্দরভাবে কবিতা আবৃত্তি করে পিছিয়ে পড়া মানুষ এবং পশ্চিমবঙ্গে কলকারখানায় মাঠেঘাটে যারা কাজ করে তাদের জন্য শিক্ষার অগ্রগতিতে বামসরকার কি পদক্ষেপ নিয়েছেন, কি ব্যবস্থা করেছেন, আগের সরকারের সঙ্গে তুলনা করে আমাদের কংগ্রেস দলের যারা আছেন তাঁদের ব্যঙ্গ করেছেন। আজকে বামফ্রন্ট সরকার এর

সংখ্যাগরিষ্ঠ শিক্ষামন্ত্রী। স্বাভাবিকভাবেই আজকে প্রাথমিক শিক্ষার অবস্থাটা কি সেইটা আমি তুলে ধরতে চাইছি। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক যারা প্রথম ২০ জনের মধ্যে স্থান অধিকার করে তাদের মধ্যে ক'জন এই কাউন্সিল পরিচালিত প্রাইমারি স্কুলের। আজকে যাঁরা মধ্যবিত্ত শ্রেণী তাঁরা ইংরাজি শিক্ষার মাধ্যমে তাঁদের ছেলে-মেয়েদের মানুষ করছে। আর কিছু মানুষের ছেলে-মেয়েরা তারা পিছিয়ে পড়ে আছে। কেন তারা চান্স পাচ্ছে না। আজকে ২০ বছর ধরে শিক্ষার অগ্রগতিতে নানা বাহাদুরির কথা বলেছেন। কেন সহজ পাঠ উঠিয়ে দিয়েছেন? এর মূল্যায়ন করেছেন কি? মিত্র কমিশন কি বলছে? মিত্র কমিশনের অষ্টম পৃষ্ঠায় দেখা গেছে ৮৩ থেকে ৮৮ তে ছাত্র-ছাত্রীর উপস্থিতির হার ছিল প্রতি হাজারে ৭৩৭, ৮৭-৮৮-তে ৬৩২ কেন্দ্রীয় মানব সম্পদ দপ্তরের রিপোর্টে কি দেখা যাচ্ছে? প্রথম শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত স্কুল ছাড়ে শতকরা ৭৬.৫। কেরালায় এই হার ২৯.৭, পাঞ্জাবে ৪৮.৫৪, হিমাচল প্রদেশে ৪৮.২৯। সবচেয়ে বেশি হার কোন রাজ্যে? এই রাজ্যে। এই রাজ্যে প্রথম শ্রেণী থেকে দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয় ৫৬ শতাংশ তার মধ্যে ৪৪ জন ছেড়ে যায়। পঞ্চম শ্রেণীতে ৩৮ শতাংশ, ষষ্ঠ শ্রেণীতে ৩০ শতাংশ এইগুলো উন্নতির হার কিনা মাননীয় সদস্য একটু বলবেন।

[3-40 — 3-50 P.M.]

আমি শিক্ষামন্ত্রীর কাছে জানতে চাই, এখনও পর্যন্ত, যে বইয়ের কথা আপনি প্রশ্নের উত্তর দেওয়ার সময় বলেছিলেন, সারা পশ্চিমবঙ্গে সেই বই ১০ পারসেন্টও ছাত্র-ছাত্রীদের হাতে পৌঁছায় নি। পিছিয়ে পড়া মানুষদের প্রতি যদি এতই দরদ থাকে, যারা শিশু মনস্তত্ত্ব নিয়ে গবেষণা করেন, কান্তি বিশ্বাস পন্ডিত মানুষ, আপনি বলতে পারেন—যারা প্রাথমিক শিক্ষা গ্রহণ করেনি, তাদের হাতে যদি ছড়ার বই না থাকে, তাহলে প্ল্যাটফর্মের জ্ঞানগর্ভ বক্তৃতায় কোনও কাজ হয় না। সেজন্য প্ল্যাটফর্মের জ্ঞানগর্ভ বক্তৃতা দিয়ে বাহাদুরি নেবার কথা বলে তারা এগোতে পারে না, কোথাও এগোতে পারছে না। আপনারা বলতে পারেন—কেন আজকে পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষার হাল এরকম? আপনারা স্বীকার করেছেন যে, আজকে সেকেন্ডারি স্কুলে শিক্ষক নিয়োগের জন্য আপনারা সার্ভিস কমিশন বসাতে চাইছেন, শিক্ষক নিয়োগে দুর্নীতি হয়। সেই দুর্নীতির টাকা দিয়ে শিক্ষক নিযুক্ত হয় কাদের আমলে? কংগ্রেসের আমলে হয় না। বামফ্রন্টের আমলে হয়। এতদিন আপনারা শিক্ষক নিয়োগের জন্য ডোনেশনের নামে ১ লক্ষ টাকা ঘুস নেওয়াকে কেন মেনে নিয়েছিলেন? সেই টাকা তুলে নেওয়ার জন্য টিউশন পদ্ধতি চলছে। মিত্র কমিশন বলেছে—৯৫ পারসেন্ট ছাত্র-ছাত্রী টিউশনের আওতায় যায়। এটা কাদের আমলে হয়েছে? কেন আজকে সার্ভিস কমিশন চাইছেন? ঘুস দিয়ে শিক্ষক নিয়োগ হয়। ফলে তারা স্কুলে কাজ করে না। সেই টাকা তারা টিউশন করে তুলে নিতে চায়। এটা প্রমাণিত সত্য। আজকে প্রাইমারি স্কুলে শিক্ষক নিয়োগের ব্যাপারে দুর্নীতির কথা, আপনারা নানাভাবে জানেন। এই ব্যাপারে যাঁরা জানেন না—সেই সব সদস্য বন্ধুরা আমার কাছ থেকে জানুন যে, মেদিনীপুর জেলায় ঘুস নিয়ে ২৮৫৭ জনের

প্রাইমারি স্কুলে চাকরি হয়েছে। মেদিনীপুর জেলায় এটা প্রমাণিত হয়েছে। সেই সব রেকর্ড কোর্টে জমা আছে। যারা ম্যাট্রিক ফার্স্ট ডিভিসন, এম.এস.সি.তে ফার্স্ট ক্লাশ, বেসিকে ফার্স্ট ক্লাশ, বি.টি-তে ফার্স্ট ক্লাশ—তাদের কোথাও চাকরি নেই। হাইস্কুলে, কলেজে ঘুস দিয়ে তাদের চাকরি জুটছে না। তারা কপালে করাঘাত করছে। তারা প্রাইমারি স্কুলে চাকরি করতে চেয়েছিল, কিন্তু সেখানে তাদের চাকরি মেলে নি। সেখানে চাকরি কাদের মিলেছে? যাদের এল.সি.এস. নাম লিখে দিয়েছে—তাদের চাকরি মিলেছে। ৮০ হাজার টাকা, ৭০ টাকা ঘুস নিয়ে, এইট পাশ, নাইন পাশদের স্কুলে চাকরি দেওয়া হয়েছে। তারা স্কুলে পিছিয়ে পড়া, কলে-কারখানায় খেটে খাওয়া মানুষদের ছেলে-মেয়েদের মানুষ করবে। আজকে দিনের পর দিন মামলা চলছে। কাদের মামলা কারা করছে? যারা বঞ্চিত মানুষ, যারা প্রতিকার চায়, তারা কোর্টে মামলা করতে চায়। কালকে ওয়াকফ বিতর্ক যখন চলছিল, তখন আপনারা হাইকোর্টে রুমা পালের রায় নিয়ে লাফালাফি করেছেন। আজকে কোর্টের রায় মানছেন না কেন? অন্য ক্ষেত্রে কোর্টের রায় মানেন না কেন? সরকারি পয়সায় এডুকেশন ফান্ডের টাকায় আপনারা মামলা করেন। যারা বঞ্চিত তারা নিজের পকেটের পয়সায় মামলা করতে যায়। দিনের পর দিন মামলা হয়। আজকে শিক্ষামন্ত্রী মহাশয় খোঁজ নিন—মেদিনীপুর জেলায় ২৮৫৭ জনের চাকরি খতম হয়ে গেল। মালদায় ৪৩০ জনের চাকরি খতম হয়ে গেল। তারা পুনরায় চাকরি পেয়েছে কিনা যদি পুনরায় চাকরি পেয়ে থাকে—তাহলে কারা তাদের চাকরি দিল? যারা দুর্নীতির সঙ্গে যুক্ত, তারা তাদের মনোনীত মেম্বারদের চাকরি দিয়েছে। আপনারা বিদ্যালয়ে গণতন্ত্রের কথা বলেছিলেন। এই সভায় শিক্ষামন্ত্রী মহাশয় আছেন, আপনি বলুন তো, আজ ২০ বছরে কেন গণতন্ত্র মানা হয়নি? হাজার হাজার মানুষকে গ্রামের লক্ষ লক্ষ মানুষের ছেলে-মেয়েদের প্রাথমিক স্তরে পড়ানোর জন্য প্রাথমিক শিক্ষা ব্যবস্থার প্রচলনের জন্য ১৯৭৩ সালে শিক্ষা আইন হল। ১৯৭৭ সালে সেটা সংশোধিত হল, ১৯৮০ সালে পুনরায় সংশোধিত হল। আজও কেন নির্বাচন করেন নি? সেখানে গণতন্ত্র কোথায় রইল? পার্টির মনোনীত শরিক দলের মনোনীত সদস্যাদের দিয়ে সেখানে একটা রাজনৈতিক ঘাঁটি করা হয়েছে। শিক্ষার নামে বজ্জাতি চলছে সারা পশ্চিমবঙ্গে। আপনারা মুখে শিক্ষার কথা বলছেন। প্রাথমিক স্তর থেকে মাধ্যমিকে ভর্তি হতে গেলে ছেলেমেয়েরা কেন অ্যাডমিশন টেস্ট দিয়ে ভর্তি হতে পারে না? গ্রামের মানুষরা কেন পিছিয়ে যায়? কেন স্কুল থেকে ছেড়ে যায়? আপনারা ৮ পারসেন্ট বই ছাত্র-ছাত্রীদের হাতে তুলে দিতে পারেন না। তার কৈফিয়ত আপনাদেরই দিতে হবে। আজকে শিক্ষকরা পেনশন পাচ্ছেন না, প্রভিডেন্ট ফান্ডের টাকা পাচ্ছেন না, এরিয়ার টাকা পাচ্ছেন না, গ্র্যাচুইটির টাকা পাচ্ছেন না। আর আপনারা শিক্ষকদের বেশি বেতন দেওয়ার কথা বলেছেন। আজকে ভারতবর্ষে যেন কোথাও বেতন দেওয়া হয় না, কোথাও কমিশন হয় নি। মনে হয় শুধু পশ্চিমবঙ্গেই আপনারা এব্যাপারে নজির সৃষ্টি করেছেন, আপনারাই শিক্ষকদের বেতন দিয়েছেন, আপনারাই কমিশন করেছেন। শিক্ষকদের পুঞ্জিভূত অসন্তোষে সারা পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থা ডুবছে। এব্যাপারে আপনারা রসিকতা করবেন না, বাহাদুরি নেবার চেষ্টা করবেন না। যা বাস্তব সত্য তা খুঁজে দেখার চেষ্টা করুন।

আরেকটা ঘটনার কথা বলি—এখানে উচ্চ শিক্ষামন্ত্রী আছেন, আজকে পশ্চিমবঙ্গে ৫১ হাজারের পর আপনারা ১৮টি স্কুল করেছেন। আপনাদের আমলে একটাও কি নতুন শিক্ষকের পোস্ট বাড়াতে পেরেছেন? আপনারা গণপ্রথা চালু করেছেন, গণ প্রোমোশন চালু করেছেন। সেখানে কোনও পরীক্ষা নেই। ঢালাও মানুষের মন কিনে নেওয়ার জন্য, ভোট নেওয়ার জন্য রাজনৈতিক উদ্দেশ্যে আপনারা শিক্ষা ব্যবস্থাকে চালু করেছেন। আমি চ্যালেঞ্জ করছি, মাঠে-ঘাটে যে জায়গায় যাবেন, সর্বত্র প্রমাণ করে দেব রাজনৈতিক উদ্দেশ্যে শিক্ষা ব্যবস্থা পরিচালিত হচ্ছে। উচ্চশিক্ষা মন্ত্রী আছেন, তাঁকে বলছি। হলদিয়ায় যে গভর্নমেন্ট কলেজ আছে, সেখানে ২৫ শে মার্চ ভাইস চ্যান্সেলর, মেদিনীপুর বিশ্ববিদ্যালয়ের ডিন অফ সায়েন্স এনকোয়ারি করতে এলেন। ইন্সপেকশন করে তারা কি দেখলেন? তারা বলছেন, মেইন অফিস বন্ধ, We met only five teachers who were present. But neither the principal or the teacher in charge of the college were present. some non-teaching staff were present in the college. কলেজটা তুলে দেওয়ার জন্য রিপোর্ট করেছেন তারা। এনকোয়ারি রিপোর্টে বলছেন—Higher Education Department and the Directorate, Govt. of West Bengal should be reported for taking proper action regarding the Haldia Government College otherwise steps would be taken for dis-affiliating the college.

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই বাজেটের বিরোধিতা করে, মাননীয় শিক্ষামন্ত্রী, উচ্চশিক্ষামন্ত্রী এবং কারিগরি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের বুকে শিক্ষা ব্যবস্থার এতবড় অধঃপতন হয়েছে, যেখানে অনেক বিদ্যালয়ে শিক্ষক নেই, সেখানে সেই সমস্ত বিদ্যালয়গুলিকে বন্ধ করে দিতে হয়েছে। পশ্চিমবঙ্গের যে সমস্ত জেলাতে পঠন এবং পাঠন রত ছাত্র-ছাত্রীরা রয়েছে, সেই সমস্ত জায়গায় যাতে অনতিবিলম্বে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা হয়, তার জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব। আমি বিশেষ করে নদীয়া জেলার কথা বলতে বাধ্য হচ্ছি—মাননীয় শিক্ষামন্ত্রীও বলেছেন। শুধু নদীয়া জেলা নয়, সমগ্র পশ্চিমবঙ্গে আজ পাঠ্য পুস্তকের অভাবে প্রাথমিক শিক্ষা-ব্যবস্থা অচল হয়ে গেছে। আপনারা সরস্বতী প্রেসের কথা বলছেন। কোন প্রেসে দেবেন, না দেবেন, সেটা সরকারি নীতি হতে পারে, কিন্তু ছাত্র-ছাত্রীদের পঠন-পাঠন বন্ধ হয়ে যায়, বামফ্রন্টের শিক্ষা নীতি নিশ্চয় এ কথা বলে না। তাই আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রাথমিক শিক্ষা ব্যবস্থা থেকে ইংরাজি শিক্ষা ব্যবস্থা তুলে দিয়ে পশ্চিমবঙ্গের ছাত্র-ছাত্রীদের যে অসুবিধার মধ্যে ফেলা হয়েছে, আমি সেই ইংরাজি শিক্ষা ব্যবস্থার প্রবর্তনের দাবি করছি। তা না হলে আগামী দিনে পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থা পঙ্গু হয়ে পড়বে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সময়—কংগ্রেস আমলে বৃত্তি শিক্ষা চালু ছিল। সেটা চালু না থাকার ফলে ক্লাশ ফোর থেকে পাশ করে ছাত্র-ছাত্রীরা ক্লাশ ফাইভে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুলে ভর্তি হতে পারছে না। আমি দায়িত্ব নিয়ে বলছি, স্কুলের প্রধান শিক্ষক, শিক্ষিকা বলে দেয়, পঞ্চম শ্রেণীতে ভর্তি করা যাবে না। ফলে তাদের বিভিন্ন স্কুলে

ঘুরতে হয়। এই সব ছাত্র-ছাত্রীদের ভর্তির ব্যাপারে মাননীয় মন্ত্রী দৃষ্টি দেবেন, এই অনুরোধ করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি জোনাল কাউন্সিলে ফিনান্স অফিসার পাঠাচ্ছেন—বিভিন্ন জায়গায় শিক্ষকরা পেনশন পাননি। তাদের পেনশন বুক জেলায় জেলায় ফিরে যাচ্ছে। তাদের কাগজপত্র ফিনান্স অফিসারদের বিভিন্ন জেলার স্কুল কাউন্সিল থেকে দিতে পারে নি। তাই অনেক শিক্ষকের পেনশনের কাজ এগোচ্ছে না। নদীয়া জেলা তার মধ্যে একটি প্রকৃষ্ট উদাহরণ। যে সব ফিনান্স অফিসার দিচ্ছেন, তারা ছুটি নিয়ে চলে যাচ্ছে, কাজ হচ্ছে না। ১৯৯২-৯৩ সাল থেকে অনেক শিক্ষক-শিক্ষিকাদের পেনশনের কাগজ ফিরে যাচ্ছে। তাদের পেনশন দেওয়ার জন্য শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

আর একটি বিষয় উল্লেখ করছি, যে, প্রভিডেন্ট ফান্ডের হিসেব নেই। নদীয়া জেলার ছ'টি শহর—কৃষ্ণনগর, শান্তিপুর, রানাঘাট, বীরনগর, চাকদা, এসব জায়গার স্কুলের শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা কাটা হচ্ছে, অথচ সেইগুলো আজ পর্যন্ত জমা পড়েনি। কয়েকদিন আগে প্রাইমারি ডি.আই. একটা খাতা খুলে একটা অ্যাড-হক টাকা লিখে স্কুল কাউন্সিল অফিসে পাঠায়। বলছি, প্রভিডেন্ট ফান্ডের হিসাব-নিকাশ ঠিকমতো হচ্ছে না।

[3-50—4-00 P.M.]

আমি জানি না এই অর্থ কোথায় গেল এবং এই অর্থের অপচয় হয়েছে কিনা তার জন্য তদন্ত কমিশন বসাবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব। স্যার, এখানে বলা হয়েছে, শিশুদের দ্বি-প্রাহরীক আহার দেওয়া হচ্ছে, পোশাক দেওয়া হচ্ছে। আমাদের নদীয়া জেলাতে কোথাও এগুলো দেওয়া হচ্ছে না। আমার সন্দেহ অন্য কোথাও এটা দেওয়া হচ্ছে কিনা। মাননীয় সদস্যরা এখানে আছেন, তাঁরা যদি কেউ বলতে পারেন, আমি আমার বক্তব্য প্রত্যাহার করে নেব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি উচ্চ-শিক্ষা মন্ত্রী কিছু দিন আগে বলেছেন, মাধ্যমিক স্কুলগুলিকে হায়ার সেকেন্ডারি স্কুলে পরিণত করা হবে। কারণ কলেজে ১১-১২ ক্লাশ তুলে দেওয়া হবে। আমি তাঁকে অনুরোধ করব, অনতি বিলম্বে এই ব্যবস্থা করুন। স্যার, আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি, ভূগোলে অনার্স দেবার জন্য। পাশাপাশি কৃষ্ণনগর কলেজ এবং প্রেসিডেন্সি কলেজ সম-সাময়িক। সেই কলেজে আইন বিদ্যা এবং স্নাতোকোত্তর পাঠের ব্যবস্থা ছিল সেটা তুলে দেওয়া হয়েছে। তুলে দিয়ে দুর্গাপুর, প্রেসিডেন্সি, দার্জিলিং এবং হুগলির মহসিন কলেজে সেগুলো চালু করেছেন। এগুলো পুনরায় চালু করার দাবি জানাচ্ছি। এছাড়া বি.এড. পড়ানোর ব্যবস্থা যাতে পুনরায় করা হয় তার আবেদনও করছি। স্যার, আমি কৃষ্ণনগর কলেজিয়েট স্কুল সম্বন্ধে কিছু কথা বলব। ৭৪ জন শিক্ষার্থী সেখান থেকে পরীক্ষা দিয়েছিলেন। তাদের মধ্যে ৬৭ জন ফার্স্ট ডিভিশনে পাশ করেছে, ৭ জন সেকেন্ড ডিভিসনে পাশ করেছে। ৮০০ থেকে ৮২৭ নম্বরের মধ্যে তারা পেয়েছে। স্যার, ১১-১২ ক্লাশে হিউম্যানিটিস গ্রুপ তুলে দেওয়া

হয়েছে। আজকে কৃষ্ণনগর প্রাথমিক স্কুলে ৫ থেকে ৬ জন শিক্ষক আছেন। টিফিনের সময় ছাত্র-ছাত্রীদের ছেড়ে দেওয়া হয়। কৃষ্ণনগর হাইস্কুলে শিক্ষকদের অভাব রয়েছে। একটা ভালো স্কুল যেখান থেকে প্রতি বছর ভালো ভালো ছাত্র বেরোয় তার সম্বন্ধে আপনার কাছে বহুবার দরবার করেও বিধানসভায় প্রশ্ন করেও সঠিক জবাব পাওয়া যায় না। আমার দাবি কৃষ্ণনগর কলেজিয়েট স্কুলে শিক্ষার বাতাবরণ চালু করুন। যেখানে হিউম্যানিটিস গ্রুপ তুলে দেওয়া হয়েছে সেখানে আবার পুনরায় চালু করুন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃষ্ণনগরে জে.টি.এস., এবং আই.টি.সি. নামে দুটো বৃত্তিমূলক শিক্ষা ব্যবস্থা আছে। সেই স্কুলগুলির অবস্থা একেবারে হ-য-ব-র-ল। সেখানে না আছে শিক্ষক, না আছে ছাত্র। স্যার, আমি দাবি করছি, মনীষী বিপ্রদাস পাল চৌধুরি নামে যে স্কুল রয়েছে এবং সেখানে যে অর্থ দেওয়া হয় তার সরোজেমিনে তদন্ত করা হোক। এবং সেখানে যাতে ঠিক ভাবে পাঠক্রম চালু হয় তার ব্যবস্থা করা হোক। স্যার, কৃষ্ণনগরে মহান নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের নামে একটা লাইব্রেরি আছে। কিন্তু সেটা ধংসস্তুপে পরিণত হয়েছে। আমি তার সংস্কারের দাবি করছি। তাছাড়া ৪-ঠা শ্রাবণ ঐ মহান নাট্যকারের ১৭৪-তম জন্মদিন। আমার দাবি তাঁর নামে একটা রচনাবলি বের করার উদ্যোগ সরকার নিক। তাই কাট মোশনের সমর্থন করে ব্যয়-বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী কুমকুম চক্রবর্তী** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আজকে এই গুরুত্বপূর্ণ অধিবেশনে শিক্ষা দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপিত হয়েছে আমি সেই দাবিকে সম্পূর্ণভাবে সমর্থন করে কয়েকটি বিষয় সম্বন্ধে আমার সময়ের মধ্যে বক্তব্য রাখার চেষ্টা করছি। শুরুতেই আমার একটি কথা মনে পড়ছে একজন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন শিক্ষাবিদ বলেছেন, there is a Niagra of education commission in India but sahara implementation. একথা স্মরণ করতে হবে আমাদের প্রত্যেককে যে স্বাধীনতার ৪৯ বছর পর ৮৪ টা শিক্ষা কমিশন আমাদের রাজ্যে এবং কেন্দ্রীয় স্তরে গঠিত হয়েছে। এই কমিশনগুলির পর্বত প্রমাণ যে সুপারিশ তা কেবলমাত্র শিক্ষা গবেষকদের হতাশ করেছে তাই নয়, ছাত্র সমাজ, শিক্ষাপ্রেমী মানুষের যে কল্যাণ সাধন হত এই সুপারিশের বাস্তবতার মধ্যে দিয়ে আজকে সেটা হচ্ছে না। স্বাধীনতার অর্ধশতাব্দী পর আমাদের সচেতন নাগরিক হিসাবে আমাদের সদস্য বন্ধুরা নিশ্চয়ই সেই বিষয়ে চিন্তা করবেন। আমি খের কমিশন নিয়ে আলোচনা করতে চাই, এই কমিশনে বলা হয়েছিল কেন্দ্রীয় সরকারকে তাদের বাজেটের ১০ পারসেন্ট খরচা করতে শিক্ষা ক্ষেত্রে। কিন্তু বাস্তব অবস্থা কি? শিক্ষা ক্ষেত্রে এত পরিকল্পনার পরও মাননীয় বিরোধী দলের সদস্য বন্ধুরা আছেন, তাঁরা বলবেন যে এখন বাজেটের দেড় শতাংশের বেশি কেন্দ্রীয় সরকার ব্যয় করতে পারছেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আরেকটি কমিশন নিয়ে আলোচনা করতে চাই, ১৯৬৬ সালে কোঠারী কমিশন বলে আমাদের মতো অত্যন্ত গরিব দেশে জাতীয় আয়ের ৬ শতাংশ শিক্ষা ক্ষেত্রে খরচ করতে হবে, কিন্তু আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার জাতীয় আয়ের সাড়ে তিন শতাংশের বেশি তাঁরা ব্যয় বরাদ্দের পরিকল্পনা রচনা করতে পারলেন না, রূপায়িত করা তো দূরের কথা। বিশ্বের উন্নয়নশীল

দেশগুলি জাতীয় আয়ের ৬ শতাংশ খরচ করেন, আর আমাদের মতো বিপুল জন সংখ্যার উপ-মহাদেশ নামে পরিচিত দেশে এই অর্থ বরাদ্দ, সেখানে নিরক্ষর মানুষের জন্য কেন্দ্রীয় সরকারের পরিকল্পনার ও দৃষ্টিভঙ্গি এটা কেবল পরিহাসের বিষয় নয়, এটা পরিতাপেরও বিষয়। আমি উল্লেখ করতে চাই সারা পৃথিবীর ১৬ পারসেন্ট মানুষ বসবাস করেন আমাদের এই দেশে আর পৃথিবীর নিরক্ষর মানুষদের ৩০ পারসেন্ট বাসভূমি আমাদের এই দেশ ভারতবর্ষে। এই রকম একটি অঙ্গরাজ্যে আমাদের রাজ্য সরকার একটি বিকল্প নীতি নিয়ে শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করে এবং এইজন্য এই অবস্থার মধ্যে দিয়ে তাদের ব্যয় বরাদ্দের যে দাবি উত্থাপিত হয়েছে আগামী আর্থিক বছরের জন্য আমি সেই কারণে সমর্থন করছি। আমি উল্লেখ করতে চাই মাননীয় বিরোধী সদস্যরা আছেন, আমরা আছি, আমরা বাস্তবতার উপর দাঁড়িয়ে বিষয়টিকে যদি লক্ষ্য করি তাহলে দেখব আমাদের এখানে সাক্ষরতার যে অভিযান হয়েছে, পশ্চিমবঙ্গের শিক্ষানুরাগী মানুষ গণতন্ত্র প্রিয় মানুষ, শুধু সরকার নয়, শুধু সরকার পক্ষের সদস্যই নয়, পশ্চিমবঙ্গে যারা আছেন তাদের আন্তরিক অংশ গ্রহণের মধ্যে দিয়ে প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র সংখ্যা প্রচন্ড রকম বৃদ্ধি পেয়েছে।

[4-00—4-10 P.M.]

একেবারে প্রাইমারি স্কুল থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত বিপুল সংখ্যক ছাত্রছাত্রীর জোয়ার প্রতিষ্ঠানগুলোয় আছড়ে পড়ছে। এতে আতঙ্কিত হবার কিছু নেই, সঙ্কিত হবার কিছু নেই। এটা কেবল মাত্র সংকীর্ণ রাজনৈতিক দৃষ্টিভঙ্গি থেকে বিচার করার বিষয়ও নয়। পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে আমাদের বিরোধী বন্ধুদেরও এর জন্য গর্বিত হওয়া উচিত, আনন্দিত হওয়া উচিৎ। গোটা দেশের মধ্যে আমাদের রাজ্য সরকার এই নজির সৃষ্টি করতে পেরেছেন। বিরোধী দলের একজন মাননীয় সদস্য শিক্ষকদের মাইনে সম্বন্ধে কিছু কথা উল্লেখ করলেন। এ রাজ্যে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পূর্বে শিক্ষক এবং শিক্ষাকর্মীদের অবস্থান কোথায় ছিল? আমি বিস্তারিত ব্যাখ্যায় যাব না। কত বেতন বৃদ্ধি হয়েছে, তার মধ্যেও যাব না। কিন্তু যে অপমানজনক অবস্থায়, যে মর্যাদাহীন অবস্থায় তাঁরা আজ থেকে ২০ বছর আগে ছিলেন; সে জায়গা থেকে তুলে এনে তাঁদের আজকে বামফ্রন্ট সরকার একটা সম্মানজনক জায়গায় প্রতিষ্ঠিত করতে পেরেছেন। গোটা ভারতবর্ষের মধ্যে এটা একটা বিরল দৃষ্টান্ত। বিরোধী দলের মাননীয় সদস্য উল্লেখ করলেন, শিক্ষার মানের ক্ষেত্রে নাকি পিছিয়ে গিয়েছি। এই প্রসঙ্গে আমি এখানে একটা পরিসংখ্যান উল্লেখ করতে চাই। ১৯৯০ সালের ২১ জুন তারিখে জাতীয় শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পর্ষদ একটা পরীক্ষা গ্রহণ করেছিলেন প্রফেসার শ্রীবাস্তবের নেতৃত্বে। গোটা ভারতবর্ষে ৪,৯৭৫টি কেন্দ্র হয়েছিল। দশম এবং দ্বাদশ শ্রেণীর ছাত্রছাত্রীদের পরীক্ষা গ্রহণ করা হয়। এই পরীক্ষার মধ্যে থেকে যে তথ্য বেরিয়ে এসেছে, তা হচ্ছে—মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্তরে আমাদের রাজ্যের ছাত্রছাত্রীরা ভারতবর্ষের কোনও রাজ্য থেকে পিছিয়ে নেই। সম্প্রতি 'দাভে' কমিটির যে রিপোর্ট প্রকাশিত হয়েছে তা যদি আমরা এখানে উত্থাপন করি তাহলেও দেখব যে, আমাদের রাজ্যে প্রাথমিক শিক্ষারও উন্নতি

হয়েছে। আমাদের ছাত্রছাত্রীদের শিক্ষার মান এমনকি কেরালা থেকেও পিছিয়ে নেই। পশ্চিমবঙ্গ গোটা ভারতবর্ষের সামনে এই নজীর সৃষ্টি করেছে। এখানে আমি উল্লেখ করতে পারি, ইউ.জি.সি. যে সব পরীক্ষার আয়োজন করে, রিসার্চ ফেলোশিপ পরীক্ষা, ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট পরীক্ষা ইত্যাদির মূল্যায়নের তথ্য বলছে উচ্চ শিক্ষার ক্ষেত্রে আমাদের রাজ্যের ছাত্রছাত্রীরা সুনাম অর্জন করছে, কৃতিত্বর দাবি রাখছে। আমি আশা করব বিরোধী দলের মাননীয় বন্ধুরা কেবল মাত্র রাজনৈতিক সংকীর্ণতা থেকেই নয়, বাস্তবের ওপর দাঁড়িয়ে রাজ্যের শিক্ষার উন্নয়নের স্বার্থে বক্তব্য রাখবেন। এখানে একটা সুস্থ পরিবেশ তৈরি করবেন। আমি এখানে আরও বলতে চাই যে, জন-শিক্ষা প্রসারের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটা উল্লেখযোগ্য স্থান দাবি করছে। স্যার, আপনি দেখেছেন ১৯৯১ সালে আমাদের এখানে সাক্ষরতার হার ছিল ৫৭.৭০ শতাংশ। গত পাঁচ বছরে এই সংখ্যাটা প্রায় ১৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এটা কম কথা নয়। অবশ্যই সাফল্যকে সাফল্য হিসাবেই নিতে হবে। অনুপাতটা বেড়ে হয়েছে ৭০.৬৪ শতাংশ। সাক্ষরতা কর্মসূচি একটা উল্লেখযোগ্য কর্মসূচি। এর মধ্যে দিয়ে আমরা নারী শিক্ষার প্রসার ঘটাতে সক্ষম হচ্ছি। আমরা দেখেছি পরিবারের মেয়েদের ওপর আক্রমণ করেছে পরিবারেরই পুরুষ সদস্যরা। সাক্ষরতা কর্মসূচিতে অংশ গ্রহণ করার জন্য বহু নারীকে সমাজে নিন্দিত হতে হয়েছে, লাঞ্ছিত হতে হয়েছে। তথাপি আমরা লক্ষ্য করেছি সমস্ত রকম সীমাবদ্ধতাকে, সমস্ত রকম প্রতিকূলতাকে ঠেকিয়ে মহিলারা সাক্ষরতা ক্যাম্পে এসেছেন। তার ফলে আমাদের রাজ্যে ১৯৯১ সালে নারী শিক্ষার হার ছিল যেখানে ৪৬.৫৬ শতাংশ, আজকে সেখানে—পরিসংখ্যান এবং তথ্য বলছে—সেই হার হয়েছে ৬১.৬৭ শতাংশ। এটা হঠাৎ হয় নি বা কোনও প্রচেষ্টা ছাড়াই হয়েছে, তা নয়। এর জন্য একটা নীতি-নিষ্ঠ প্রচেষ্টা ছিল। গোটা সমাজের সর্বস্তরের মানুষকে এই আন্দোলনের মধ্যে যুক্ত করার মধ্যে দিয়ে এটা সম্ভব হয়েছে। প্রসঙ্গত আমি উল্লেখ করতে চাই যে, আমাদের রাজ্যে যে শিল্পায়নের সুযোগ সৃষ্টি হয়েছে, এই সুযোগকে রাজ্য সরকার সর্বক্ষেত্রে কাজে লাগাতে চায়। আমাদের কারিগরি শিক্ষা দপ্তর এই জায়গাটাকে কাজে লাগাবার জন্য কারিগরি শিক্ষার বিষয়ে পলিটেক্‌নিক এবং কম্পিউটার এডুকেশনকে তারা যেভাবে গুরুত্ব দিয়েছে, ইতিমধ্যে যে পরিকল্পনা রচনা করেছেন তা কি প্রশংসার দাবি রাখে না? এই পলিটেক্‌নিক এডুকেশন, কারিগরি শিক্ষাকে মহিলাদের কাছে পৌঁছে দেবার জন্য কতকগুলি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছেন। সেইজন্য আমি অভিনন্দন জানাব সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীকে। সাথে সাথে আমি বলব, আজকে মহিলাদের এই যে চাহিদা, তাদের যে চেতনার উন্মেষ ঘটেছে, তাদের শিক্ষা গ্রহণের যে ক্ষেত্র পরিবর্তন হয়েছে, তাদের জন্য যে পারদর্শিতা দেখিয়েছেন তারজন্য আমাদের স্বাগত জানানো উচিত যে এই দপ্তরের মাধ্যমে মহিলাদের জন্য যে সুযোগ ঘটানো যায়। মহিলারা এই সব দপ্তরের মাধ্যমে আজকে শিক্ষা গ্রহণ করতে আগ্রহী, এইসব ক্ষেত্রে তারা বেশি বেশি অংশ গ্রহণ করতে চাইছেন। আগামীদিনে শিল্পের সুযোগকে কাজে লাগাবার জন্য আমাদের রাজ্যে বেকার-যুবক-যুবতীদের, তাদের যে পারদর্শিতা তারা যেন বাস্তবে রূপ দিতে পারে সেক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় বাস্তবসম্মত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করবেন, বলে আমি আশা রাখি। মাননীয়

বন্ধু বলেছেন সুস্থ পরিবেশ শিক্ষার ক্ষেত্রে হওয়া দরকার। কাদের কাছ থেকে শুনব? ১৯৭১ সাল থেকে ১৯৭৭ সালের ঘটনার বিস্তারিত ব্যাখ্যায় আমি যাব না। সেটা দিতে গেলে গোটা বাজেট অধিবেশনের বক্তৃতা শেষ হয়ে যাবে, তাই আমি বিস্তারিতভাবে উল্লেখ করব না। সেই সময়ে অবস্থাটা কি ছিল? জঙ্গলের রাজত্ব। শিক্ষা ব্যবস্থার গণতান্ত্রিক কাঠামো ভেঙে চুরমার করে দেওয়া হয়েছিল। কোথায় ছিল পরীক্ষা গ্রহণের নির্দিষ্ট দিন? কোথায় ছিল ফল প্রকাশের নির্দিষ্ট সময়? একথা কি আজকে বিরোধীদলের বন্ধুরা বলবেন? পশ্চিমবঙ্গ সরকার আজ এই অনিশ্চয়তা থেকে মুক্তি দিতে পেরেছে ছাত্রসমাজকে। আজকে ছাত্রদের রাতের ঘুম চলে যায়নি। এখন নির্দিষ্ট সময়ে পরীক্ষা গ্রহণ হয়। লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রী পরীক্ষা গ্রহণ কেন্দ্রে যায় এবং তাদের নির্দিষ্ট সময়ে ফল প্রকাশিত হয়। আপনারা যদি দায়িত্বশীল হন তাহলে এই পরিবেশকে আরও বেশি উন্নত করা যায় এই আশা, এই প্রত্যাশা আমি রাখি। কিন্তু আপনারা বিধানসভার অভ্যন্তরে বসে শিক্ষা বাজেট নিয়ে চাটুকারী বক্তৃতা করছেন। সেই সময়ের কথা কি একবার উল্লেখ করবেন—এই কলিকাতা বিশ্ববিদ্যালয় একটি ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়, কিন্তু এই বিশ্ববিদ্যালয়ে এমন একটি বছর গেছে যেখানে একজন স্নাতক হয়নি, একজনও পোস্ট-গ্র্যাজুয়েট হয়নি, একজনও মেডিক্যাল এডুকেশনে গ্র্যাজুয়েট হয়নি, একজনও ইঞ্জিনিয়ার হয়নি। কোথায় ছিলেন আপনারা? এই বিধানসভার প্রসিডিংস বার করুন। সেই সময়ে একজন শিক্ষাব্রতী মানুষকে সম্মানজনক জায়গায় দিতে পারেননি। শুধু তাই নয়, সেই সময়ে বিশ্ববিদ্যালয় চত্বরে উপাচার্যকে খুন হতে হয়েছিল। ভুলে যাবেন না। সেই দিনের কথা। তাই আমি অনুরোধ করব, এটা রাজনৈতিক বিতর্কের জায়গা নয়। শুধুমাত্র নিয়ম-নিষ্ঠার জায়গা থেকে আপনারা আসুন, আমাদের রাজ্যে যে পরিবেশ রাজ্য সরকার প্রতিষ্ঠা করবার চেষ্টা করছে সেই অক্লান্ত চেষ্টাকে তার পরিকল্পনাকে পরিপূর্ণভাবে বাস্তবে এগিয়ে নিয়ে যাই। এই কথা বলে আজকের বাজেট বরাদ্দের দাবিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহঃ সোহরাব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে শিক্ষা বাজেট মন্ত্রীরা এনেছেন তার আমি বিরোধিতা করছি। এই কারণে বিরোধিতা করছি, টাকার ব্যয়-বরাদ্দের জন্য নয়, আরও বেশি টাকা বরাদ্দ হলে আমি খুশি হতাম। কিন্তু এই বাজেটের জন্য তিনি যে বক্তব্য রেখেছেন সেটা অসত্য এবং পশ্চিমবাংলার মানুষকে বিভ্রান্ত করার একটা চেষ্টা করেছেন। তিনি বলেছেন, ১৯ বছর ধরে ধারাবাহিক কাজের মধ্যে শিক্ষাক্ষেত্রে সাফল্য অর্জন করেছেন। কি সাফল্য? সাফল্য হচ্ছে মাত্র ২টি প্রাইমারি স্কুল। কি সাফল্য? আজকে তিনি প্রশ্নের উত্তর দেবার সময় বললেন ২০টি জুনিয়র হাইস্কুলের অনুমতি দিয়েছেন। কি সাফল্য করেছেন? ২৮৯ টি অ্যাডিশনাল শিক্ষক পদ সৃষ্টি করেছেন।

[4-10—4-20 P.M.]

প্রাথমিক স্কুলগুলি থেকে হাজার হাজার বা লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রী যারা বেরিয়ে আসছে হাইস্কুলে ভর্তি হওয়ার জন্য সেখানে দেখা যাচ্ছে যে কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই। ক্লাশরুম

নেই, কিচ্ছু নেই। যেখানে ছাত্র শিক্ষক রেশিও ওয়ান ইজটু ফর্টি হওয়ার কথা সেখানে বহু স্কুলে দেখা যাচ্ছে যে ওয়ান ইজটু হানড্রেড হয়ে গিয়েছে। এমন অনেক স্কুল আছে যেখানে মেয়েদের বলা হচ্ছে সপ্তাহে তিন দিন এসো আর ছেলেদের বলা হচ্ছে তোমরা সপ্তাহে তিন দিন এসো কারণ ইনফ্রাস্ট্রাকচারের অভাবে। এই যে, attitude towards education, attitude towards the teaching community. তারা বাজেটের মাধ্যমে এনেছেন তারজন্য আমি এই বাজেটের বিরোধিতা করছি। স্যার, আজকে পশ্চিমবঙ্গের শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য চলেছে। ওরা অবশ্য বলেন যে এখানে শিক্ষার ক্ষেত্রে সব সুন্দরভাবে সুশৃঙ্খল পরিবেশে চলেছে কিন্তু সরকারপক্ষের প্রথম বক্তা যিনি বাজেটের স্বপক্ষে বক্তব্য রাখলেন তিনি কি ভুলে গেছেন ইথোরার প্রধান শিক্ষকের খুন হওয়ার ঘটনার কথা? কারা তাকে খুন করেছিল তিনি কি তা জানেন না? কারা পশ্চিমবঙ্গের স্কুল কলেজে নৈরাজ্য, অত্যাচার চালাচ্ছে তিনি কি জানেন না? আজকে পশ্চিমবঙ্গের গোটা শিক্ষা ব্যবস্থাই যে একটা নৈরাজ্যের মধ্যে দিয়ে চলছে সেটা আর কারুর অজানা নয়। ওরা বলেছেন নো ডিটেনশান পলিসি এবং কনটিনিউয়াস ইভ্যালুয়েশনের কথা। এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি ডঃ অশোক মিত্র কমিশনের রিপোর্ট থেকে কিছুটা পড়ছি। সেখানে তিনি বলছেন, নো ডিটেনশন এবং কনটিনিউয়াস ইভ্যালুয়েশন ভাল কিন্তু তারজন্য যে ইনফ্রাস্ট্রাকচার দরকার এবং শিক্ষকদের যে ট্রেনিং-এর দরকার সেটা কোথায়? সেখানে ছাত্র, শিক্ষকের যে রেশিও থাকা দরকার সেটা না হলে এটা সম্ভব নয়। সেই জন্য তিনি বলেছেন, এটা নিয়ে ভাবতে হবে এবং দেখতে হবে কোথায় প্রায়রিটি দেওয়া যায়। আজকে আমরা দেখতে পাচ্ছি ফাংশানাল কমিউনিকেটিভ মেথডের ব্যাপার যেটা ইংলিশ পড়াবার জন্য মাধ্যমিক স্তরে সেখানে ডঃ অশোক মিত্র কি বলেছেন? তিনি বলছেন, It is neither functional nor communicative. It is scientific no doubt but it is unworkable in the present situation. সুতরাং এই অবস্থার মধ্যে দিয়ে চলছে। অশোক মিত্র কমিশনের কথা বলছি। আবার যেটুকু সুবিধা দরকার টু স্যুট আওয়ার নিড সেই টুকু নেবার কথা বলছি। সুতরাং এই জিনিসটা ভাবতে হবে। কোঠারী কমিশনের কথা বলা হয়েছে। হ্যাঁ, সেখানে তারা বলেছিলেন যে ভারতবর্ষে এই রকমের কমন সিস্টেম অব স্কুলস হওয়া উচিত। কিন্তু সঙ্গে সঙ্গে তারা একথাটাও বলেছেন যে এমন কতকগুলি ইনস্টিটিউশন হওয়া দরকার যেগুলি হবে আইডিয়াল টু দি আদার ইনস্টিটিউশনস। ইংরাজি তুলে দেওয়া হয়েছে এবং সরকার পক্ষের বক্তারা বলছেন যে একই ধরনের স্কুলস হওয়া উচিত। কিন্তু তা কি হচ্ছে? আশোক মিত্র কমিশন এ ক্ষেত্রে বাংলাদেশের রেফারেন্স টেনেছেন। বাংলাদেশে একটি ভাষাতেই সমস্ত দেশটা চলে কিন্তু ভারতবর্ষে তা নয়। ভারতবর্ষের একটি অঙ্গরাজ্য পশ্চিমবঙ্গে তাই এটা চলতে পারে না। গোটা পশ্চিমবাংলায় আজকে কি একই ধরনের স্কুল রয়েছে? তা, তো নয়। এখানে যদি একই ধরনের স্কুল থাকত এবং ইংলিশ মিডিয়াম স্কুল না থাকত তাহলে এক রকমের কথা হত, কিন্তু তা তো নয়। পশ্চিমবঙ্গে এক ধরনের স্কুল রয়েছে ফর দি মাসেস এবং আর এক ধরনের স্কুল রয়েছে ফর দি ক্লাসে। মন্ত্রী, নেতাদের ছেলেরা এখানে পড়ছে ইংলিশ মিডিয়াম স্কুলে আর সাধারণ গরিব ঘরের ছেলেরা

পড়ছে সাধারণ স্কুলে। অর্থাৎ এখানে যে ব্যবস্থাটা চলছে সেটা হচ্ছে মজুরের ছেলেরা মজুরই থেকে যাবে আর হুজুরের ছেলেরা হুজুরই হবে। এইভাবে কি শিক্ষাব্যবস্থা এখানে চলবে? তারপর শিক্ষকদের বেতন বাড়ার কথা বলেছেন। অশোক মিত্র কমিশন পরিষ্কার বলেছেন যে এই আমলে শিক্ষক এবং শিক্ষাকর্মীদের যে বেতন সেটা কেবলমাত্র পশ্চিমবঙ্গেই বাড়েনি সারা ভারতবর্ষেই বেড়েছে। এখনও ৪টি স্টেট এ ক্ষেত্রে আমাদের চেয়ে বরং এগিয়ে আছে। সেখানে শিক্ষকদের বেতন বেশি। কিন্তু আসল কথাটা হচ্ছে এখানে ডেভেলপমেন্ট অব এডুকেশনের ব্যবস্থাটা কোথায়? স্কুলের বাড়িগুলি ভেঙ্গে পড়ছে। নতুন স্কুল বাড়ি হচ্ছে না। তারপরে একটা ডেভেলপমেন্টর জন্য ছেলেরা যাবে কোথায়? ইকনমিক রিভিউয়ে বলা হয়েছে যে বহু প্রাইমারি স্কুলে ভাল পড়ার ব্যবস্থা নেই। আপনারা অপারেশন ব্লাক বোর্ড ন্যাশনাল এডুকেশনের কতকগুলি পলিসি নিয়েছেন। ১৯৮৪ সালে রাজীব গান্ধী যখন প্রধান মন্ত্রী ছিলেন তখন তিনি ন্যাশনাল এডুকেশন পলিসি করেছিলেন। আজকে আপনারা জনশিক্ষার কথা বলছেন, কিন্তু এর জন্য টাকা কে দিচ্ছে? ন্যাশনাল এডুকেশন পলিসির টাকা, অ্যাডাল্ট লিটারেসি মিশনের মাধ্যমে যে টাকা আসে সেই টাকা রাজ্য সরকারের কাছে আসে। আপনারা ন্যাশনাল এডুকেশন পলিসির টাকা, অপারেশন ব্লাক বোর্ডের টাকা নেবেন, অ্যাডাল্ট এডুকেশনের টাকা নেবেন, জনশিক্ষা প্রসারের জন্য টাকা নেবেন, কিন্তু সেই টাকা ঠিকমতো ব্যয় করবেন না, এখানে কতকগুলি জাগলারী অব ফিগার দিয়ে ভরিয়ে দিয়েছেন। আজকে আমরা দেখছি যে অনেক জায়গায় মানুষকে সাক্ষরতা পর্যন্ত করাতে পারেন নি। আজকে নবোদয় বিদ্যালয়ের ব্যাপারটা আপনারা নিচ্ছেন না। ভারতবর্ষের দু'একটি জায়গায় নবোদয় বিদ্যালয় আমরা দেখে এসেছি। সেখানে পুওর মেরিটোরিয়াস শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবস ছেলে-মেয়েরা যাতে পড়তে পারে সেই ব্যবস্থা করেছে। কেন্দ্রীয় সরকার তার জন্য ব্যবস্থা করে দিয়েছে। আপনারা কেন্দ্রীয় সরকারের সমস্ত টাকা নেবেন কিন্তু এগুলি করবেন না। দিস ইজ দি পলিসি অব দি স্টেট গভর্নমেন্ট। আজকে শিক্ষার মান ক্রমশ কমে যাচ্ছে। আপনারা বলছেন যে শিক্ষার মান বাড়াবেন। কিন্তু কি করে বাড়াবেন? এটা হতে পারে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে স্কুলে টেক্সট বুক পর্যন্ত পাচ্ছে না। সরকারি বই যেগুলি বছরের প্রথমে দেবার কথা সেগুলি বছরের শেষেও পৌঁছাচ্ছে না। আবার কেউ নতুন বই পাবে, কেউ পুরাতন বই পাবে, এটা হতে পারে না। অশোক মিত্র কমিশন বলেছেন যে, বই বিলির ক্ষেত্রে কোনও রকম বৈষম্য করা হবে না। কিন্তু বই বিলির ক্ষেত্রে এই বৈষম্য দেখা যাচ্ছে। এগুলি আপনাকে দেখতে হবে। তারপরে অ্যাকাডেমিক সেশন পরিবর্তন করার জন্য বহুবার আমরা মন্ত্রী মহাশয়কে বলেছি। অ্যাকাডেমিক সেশন জানুয়ারি থেকে মে মাসে চেঞ্জ করার সময়ে বলা হয়েছিল যে আফটার ফাইভ ইয়ার এটাকে রিভিউ করা হবে। কিন্তু আজ পর্যন্ত সেটা রিভিউ করা হল না। এর ফলে ক্লাশ টেনের ছেলেরা মাত্র ৩ মাস সময় পায়, কারণ ডিসেম্বর থেকে জানুয়ারি পর্যন্ত কোনও লেখাপড়া হয় না। এর ফলে গ্রামবাংলার ছাত্র-ছাত্রীরা খুবই অসুবিধার মধ্যে পড়ছে। কাজেই এই বিষয়টা মন্ত্রী মহাশয়কে বিবেচনা করার জন্য অনুরোধ করছি। আর একটা কথা হচ্ছে, মাধ্যমিক এবং হায়ার সেকেন্ডারির যে

সিলেবাস আছে তার মধ্যে কোনও কো-অর্ডিনেশন নেই। মাধ্যমিক ২০ নম্বর পেলে গ্রুপে পাশ অথচ উচ্চমাধ্যমিকের ক্ষেত্রে অন্য রকম। সেজন্য মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকের সিলেবাসের মধ্যে একটা কো-অর্ডিনেশন করা দরকার। কাজেই এটা নিয়ে আপনাকে চিন্তা করতে বলব। শিক্ষা ক্ষেত্রে এক সময়ে মাননীয় মন্ত্রী মহাশয় প্রধান শিক্ষক ছিলেন। কাজেই প্রাইমারি শিক্ষকদের বিষয়টা নিয়ে জেদাজেদি না করে মানবিকতার দিক থেকে বিচার করা উচিত। কোর্টে এক শ্রেণীর প্রাথমিক শিক্ষক হেরেছেন এবং তাদের ক্ষেত্রে সরকারি অর্ডার বের হয়নি। কিন্তু মাধ্যমিক স্তরে সরকারি অর্ডার বেরিয়েছে। কাজেই প্রাথমিক স্তরে যে অ্যানোমেল আছে সেটা দূর করার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। তারপরে পেনশনের ক্ষেত্রে আপনারা বলেছিলেন যে পেনশনের বিষয়টা সরলীকরণ করা হবে। কিন্তু কি সরলীকরণ করেছেন? মন্ত্রী মহাশয় ১১ দিনের মধ্যে পেনশন পেয়েছেন। তিনি সেটা পান তাতে আমাদের কোনও আপত্তি নেই। কিন্তু অন্যদের ক্ষেত্রেও যাতে তাড়াতাড়ি হয় সেটাও দেখতে হবে। আজকে একটা অর্ডার বেরিয়েছে যে ৩১/১২/৮৫ পর্যন্ত যারা রিটায়ার করেছেন তারা রিলিফ পাবেন। গভর্নমেন্ট অর্ডার যখন বের হয় তখন সমস্ত কর্মচারিরা যে বেনিফিট পায় তাদেরও সেই বেনিফিট দেওয়া হবে। কিন্তু সেখানে ২ শত কোটি টাকা আপনি চুরি করে নিলেন। কারণ তার এফেক্ট দিয়েছেন ১/৪/৯৬ তারিখ থেকে। তাই আপনার এই বাজেটের বিরোধিতা করে, আমাদের ছাঁটাই প্রস্তাবের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-20—4-30 P.M.]

**শ্রী হাফিজ আলম সৈইরানী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষাখাতে যে ব্যয়-বরাদ্দ পেশ করা হয়েছে তাকে সমর্থন করে এবং বিরোধী দলের আনীত কাট মোশনের বিরোধিতা করে দুই-চারটি কথা এই হাউসের সামনে রাখতে চাই। আমি শিক্ষা ব্যবস্থাটাকে মানুষ তৈরির হিসাবে একটি কারখানা হিসাবে ধরে বলতে চাই যে, এরকম একটা বিষয়ের উপর আলোচনা করতে গিয়ে আমি মনে করি সমালোচনা করতে গেলে খুব মেপেঝেপে সেটা করতে হবে এবং সমর্থন করতে গেলেও খুব ভেবে-চিন্তে সেটা আমাদের করতে হবে। আমি একটি কথা স্মরণ করিয়ে দিতে চাই, বিরোধী পক্ষের বন্ধুরা বামফ্রন্ট সরকার গত ১৯ বছরে শিক্ষার উন্নতির জন্য কিছু করেননি বলে যা বলেছেন সেটা ভুল, কারণ আপনারা জানেন যে, শিক্ষার সঙ্কটের শেষ সময় ১৯৭৫-৭৬ সালে শিক্ষা খাতে বাজেট বরাদ্দ হয়েছিল মাত্র ১১২ কোটি টাকা। কিন্তু আজকে কত টাকা বামফ্রন্ট সরকার খরচ করছেন শিক্ষাখাতে? সেটা কিন্তু চমকে দেবার মতো অঙ্ক। আজকে শিক্ষাখাতে যে ৪টি হেড সেগুলো যোগ করলে দেখতে পাচ্ছি, ২,৪০৩ কোটি ২? লক্ষ ৫ হাজার টাকা খরচ করা হচ্ছে। চিন্তা করে দেখুন যে, এত টাকা খরচ করবার পর যদি কেউ বলেন যে, শিক্ষা খাতে এত টাকা বরাদ্দ করে শিক্ষার ব্যাপারে বামফ্রন্ট সরকার কোনও চিন্তা-ভাবনা করছেন না তাহলে তারা ভুল বলছেন। আর একটি কথা বলতে চাই, সাক্ষরতার হার আমাদের রাজ্যে যা দাঁড়িয়েছে সেটা ভারতবর্ষের মধ্যে বিরাট একটা নিদর্শন সৃষ্টি করেছে এবং সেটা আমাদের শিক্ষা-নীতির ফলেই হয়েছে।

এছাড়া বামফ্রন্ট সরকার বিভিন্নভাবে মানুষকে সচেতন করবার প্রচেষ্টা গ্রহণ করেছেন এবং তার ফলেও এই সাক্ষরতার হার আমরা বাড়াতে পেরেছি। আমরা এটাও দেখেছি, শিক্ষাকে একমুখি করে রাখলে হবে না, পরিবর্তিত পরিস্থিতিতে শিক্ষাকে যেভাবে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব হবে সেভাবেই এগিয়ে নিয়ে যেতে হবে। মাননীয় শিক্ষামন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় একটা ভাল ইঙ্গিত দিয়েছেন যে, কেন্দ্রে প্রতিষ্ঠিত যুক্তফ্রন্ট সরকারের সঙ্গে কথাবার্তা বলে শিক্ষা সম্পর্কে একটা ইতিবাচক সাড়া পাওয়া গেছে। এই ইতিবাচক সাড়া পাবার ফলে শিক্ষা খাতে প্রতিদিন পর্যন্ত কেন্দ্রীয় সরকার ব্যয়-বরাদ্দ অত্যধিক কম যা করতেন সেই সমস্যার নিশ্চয়ই সমাধান হবে বলে আশা করি। আমি এই বাজেটকে সমর্থন করে শিক্ষামন্ত্রীর সামনে কয়েকটি প্রস্তাব বিনয়ের সঙ্গে রাখতে চাই। আমি নিজে একজন শিক্ষক, কিন্তু পশ্চিমবঙ্গের শিক্ষকদের দিকে নজর না রাখলে চলবে না। যদি পশ্চিমবঙ্গের শিক্ষকদের মধ্যে রেসপন্সিবিলিটি নিয়ে আসতে হয় তাহলে শিক্ষকদের তিনটি ভাগে ভাগ করতে হবে। এঁদের মধ্যে এক ভাগ রয়েছেন যাঁরা সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত শিক্ষকতার সঙ্গে যুক্ত রয়েছেন। এঁদেরকে গ্রুপ 'এ'-তে রাখতে হবে। আবার এক শ্রেণীর শিক্ষক রয়েছেন, যেমন আমি নিজে, তাঁরা একদিকে স্কুলশিক্ষক অপরদিকে রাজনৈতিক কর্মী। এঁরা স্কুলের দায়-দায়িত্ব ঠিকভাবে পালন করতে পারেন না। একথাটা স্বীকার করতে আমার দ্বিধা হচ্ছে না।

এই কথাটা অস্বীকার করতে আমাদের কোনও অসুবিধা নেই। এই সমস্ত শিক্ষকদের রাখতে হবে গ্রুপ-বি তে। যে সমস্ত শিক্ষক শিক্ষার সঙ্গে যুক্ত আবার টিউশনের সঙ্গে যুক্ত, যে সমস্ত শিক্ষক শিক্ষার সঙ্গে যুক্ত আবার অন্যান্য ব্যবসার সঙ্গে যুক্ত তাদের গ্রুপ সি তে রাখতে হবে। এই তিনটি ভাগে ভাগ করে তারপর কিভাবে কোনও গ্রুপকে সুযোগ সুবিধা দেওয়া যায় সেই কাজটা যদি ভাল ভাবে করা যায় তাহলে শিক্ষকদের যে দায়িত্বের কথা বলা হচ্ছে, দায়বদ্ধতার কথা বলা হচ্ছে সেটা আমি মনে করি নিশ্চিতভাবে আমরা কার্যকর করতে পারব। আমাদের এই পশ্চিমবাংলায় শিক্ষার ক্ষেত্রে বিরাট উন্নতি হয়েছে। যাঁরা বললেন যে শিক্ষার ক্ষেত্রে কিছু হয় নি তাঁরা ভুল বলছেন। অপর দিকে এটা অবাস্তব কথা যে শিক্ষার জন্য যে সমস্ত প্রতিষ্ঠান আমরা গড়ে তুলছি সেই প্রতিষ্ঠানগুলি গড়ে তোলার ক্ষেত্রে আমাদের একটা জিনিস লক্ষ্য রাখতে হবে। আমাদের এই পশ্চিমবাংলায় এমন অনেক জেলা আছে যে জেলাগুলি শিক্ষার দিক থেকে অনেক পেছিয়ে আছে। সেই জেলাগুলিতে অগ্রাধিকারের ভিত্তিতে যাতে প্রাথমিক স্তর থেকে শুরু করে উচ্চ মাধ্যমিক স্তর পযন্ত শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা যায় তার জন্য আলাদা ভাবে চিন্তা করতে হবে। আমাদের এটা বিশেষ ভাবে চিন্তা করা দরকার। আমাদের এখানে বামফ্রন্ট সরকার আসার পর পশ্চিমবাংলায় বিশেষ করে মাইনরিটি কমিউনিটির লোকেরা আজকে নিরাপত্তার মধ্যে আছে। তার জন্য তারা বামফ্রন্ট সরকারকে আশির্বাদ করে। আরও আশির্বাদ করে এই বামফ্রন্ট সরকারকে এই জন্য যে তাদের ভাষাকে অগ্রাধিকার দিয়েছে এবং ভাষার স্বীকৃতি দিয়েছে। কলিকাতা, গ্রেটার ক্যালকাটা, আসানসোল এবং ইসলামপুর এই ৪টি জায়গায় মাননীয় মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে হবে হিন্দি এবং উর্দ্দু ভাষার বিশেষ ব্যবস্থা আছে কিনা। যদি না থাকে তাহলে সংখ্যা

লঘু সম্প্রদায়ের মানুষের কথা চিন্তা করে সেই সমস্ত এলাকায় হিন্দি এবং উর্দ্দু ভাষাভাষি মানুষের ছেলে-মেয়েরা যাতে পড়ার সুযোগ পায় তার চেষ্টা করতে হবে। আমার যতটা জানা আছে, উত্তরবঙ্গে একটা বিশ্ববিদ্যালয় আছে, কিন্তু সেই বিশ্ববিদ্যালয়ে হিন্দি এবং উর্দ্দু ভাষা পড়ার কোনও সুযোগ নেই। দক্ষিণবঙ্গে আছে কলিকাতায় আছে কিন্তু উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে হিন্দি এবং উর্দ্দু শিক্ষার কোনও ব্যবস্থা নেই। এটা আমাদের ভেবে দেখতে হবে। এই রকম অনেক গ্রাম আছে পশ্চিমবাংলায় আমার মনে হয় সেই রকম গ্রামে সংখ্যা ৪০০০ হবে—যে গ্রামগুলিতে কোনও প্রাথমিক শিক্ষা কেন্দ্র নেই। আমাদের এই সমস্ত গ্রামে শিক্ষা প্রতিষ্ঠান নিশ্চিত করতে হবে। প্রাথমিক শিক্ষামন্ত্রী বলেছেন যে সুপ্রীম কোর্টের প্রাথমিক স্কুল নির্মাণের ব্যাপারে যে কেস ছিল সেটা শেষ হয়ে গেছে, এখন আর কোনও বাধা নেই স্কুল নির্মাণের ক্ষেত্রে, তাই আমরা অবিলম্বে ১ হাজার স্কুল তৈরি করব। এই ১ হাজার স্কুল তৈরি করার ক্ষেত্রে আমাদের দেখতে হবে এই সমস্ত গ্রামগুলি সার্ভে করে যে গ্রামগুলি চিহ্নিত করে এই সমস্ত গ্রামে যাতে প্রাথমিক স্কুল প্রতিষ্ঠা করা যায়। আমরা ট্রেনিং স্কুলগুলির জন্য, বেসিক ট্রেনিং স্কুলগুলির জন্য খরচ করি। সেখানে অনেক ছাত্র-ছাত্রীদের শিক্ষাদীক্ষা নেই। সেখান থেকে ডিগ্রি নেওয়ার পর তারা যেন বসে না থাকে তা দেখতে হবে। কারণ তাদের সেই কাজের জন্য আমরা তৈরি করছি। ডাক্তারদের যেমন চিকিৎসা কাজের জন্য তৈরি করা হয়, সেই রকম শিক্ষার উন্নতির জন্য আমরা ট্রেনিংয়ের ব্যবস্থা করেছি। এই ট্রেনিংপ্রাপ্ত বন্ধুরা যাতে শিক্ষার কাজে তাড়াতাড়ি যুক্ত হতে পারে তার ব্যবস্থা আমাদের করতে হবে। এই কথা বলে এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

[4-30—4-40 P.M.]

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৯৬-৯৭ সালের জন্য পশ্চিমবঙ্গের শিক্ষা খাতে ব্যয় বরাদ্দ উপস্থাপন প্রসঙ্গে ৫ জন শিক্ষামন্ত্রী যে বিবৃতি দিয়েছেন আমি সেই বিবৃতির তীব্র বিরোধিতা করছি। সঙ্গে সঙ্গে এই হাউসের যাঁরা সদস্য, যাঁরা কাট মোশন এনেছেন, সেই কাট মোশনকে আমি সমর্থন জানাচ্ছি। আজকে শিক্ষাখাতে যে বাজেট, এই বাজেটের প্রথমেই বলতে হয়, অনেক গালগল্প আমরা শুনলাম। এর আগে যাঁরা বক্তব্য রাখলেন তাঁদের কথা শুনলাম। কিন্তু বাস্তবে যে ঘটনা তাকে সবটা এড়িয়ে গেলেন। এখানে অনেক গালগল্প শুনলাম। কলকাতা বিশ্ববিদ্যালয়ের রমেন পোদ্দার এবং সন্তোষ ভট্টাচার্যের আমলে কি হয়েছিল? মার্কসবাদী কমিউনিস্ট বন্ধুরা তখন কি ভূমিকা পালন করেছিলেন যখন সন্তোষ ভট্টাচার্য ভাইস চ্যান্সেলর ছিলেন? তিনি চার বছর কলকাতা বিশ্ববিদ্যালয়ে আসতে পারেননি। আজকে তাঁদের কাছ থেকে গালগল্প শুনে ভালই লাগছে। আমি নিজে একজন শিক্ষক, আমি জানি পশ্চিমবঙ্গে শিক্ষা ক্ষেত্রে কি ঘটছে। আপনারা এখানে উনিশ বছর পেরিয়ে কুড়ি বছরে পদার্পণ করলেন। আপনাদের নিশ্চয়ই কাজ করতে হবে। আপনারা বিভিন্ন দপ্তর চালাচ্ছেন, সেখানে কি উন্নতি হয়েছে? শিক্ষার মান বাড়াতে হবে, এটাই আজকে বাস্তব ঘটনা। আমরা বাস্তবে কোনও ঘটনার মুখোমুখি হচ্ছি? আজকে শিক্ষা প্রতিষ্ঠানগুলো

কোথায় এসে দাঁড়িয়েছে? সেগুলো এক একটা দুর্নীতির আখড়া হয়ে দাঁড়িয়েছে। স্কুলগুলোতে আজকে শিক্ষক নেই। কোথাও আবার শিক্ষক আছেন তো বিল্ডিং নেই। বিল্ডিংগুলোর সংস্কার হচ্ছে না। আবার কোথাও সংস্কার হলেও হচ্ছে তো হচ্ছে, এই অবস্থা চলছে। দুঃখজনক ঘটনা, অনেক স্কুলে বেঞ্চ পর্যন্ত নেই। সেগুলো তৈরি করার সময় নেই। আজকে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কিভাবে দুর্নীতি হচ্ছে—আমরা যাঁরা এম.এল.এ. হয়েছি, আমরা কোনও না কোনও দলের সঙ্গে যুক্ত। আমরা যাঁরা ডি.আই.অফিসে ঘোরাঘুরি করি, সেখানে কি দেখতে পাই? আমরা দেখছি, কমরেডরা দশ বার হাজার টাকা ঘুস নিয়ে প্রাথমিক শিক্ষক নিয়োগ করছেন। সেখানে গন্ডগোল লাগছে আজকে এটা বাস্তব ঘটনা। এটাকে আমরা অস্বীকার করতে পারি না। আপনাদের বামফ্রন্টের শিক্ষা সেলের বিমান বসু অত্যন্ত দুঃখ করে শিক্ষকদের একটা সেমিনারে বলেছিলেন, শিক্ষকরা আগে শিক্ষকতাকে সেবামূলক জিনিস বলে মনে করতেন। আগেকার শিক্ষকদের মাইনে কম ছিল, কিন্তু তাঁদের মধ্যে সেবামূলক জিনিস ছিল, আন্তরিকতা ছিল। কিন্তু এখন আমরা কি দেখছি—কি করে পয়সা কামাব? কোথাও ৭০ হাজার টাকা, কোথাও ১ লাখ টাকা, কোথাও দেড় লাখ টাকা নিয়ে শিক্ষক নিয়োগ হয়েছে। এইভাবে ঘুস দিতে হচ্ছে। ঘুসটা কিভাবে নিচ্ছে ডোনেশনের নাম করে নিচ্ছে। কোথাও বলছে বিল্ডিং করতে হবে। কোথাও বলছে আলমারি তৈরি করতে হবে। এইভাবে ব-কলমে টাকা নিচ্ছে। দুঃখজনক ঘটনা। কিন্তু আমরা যারা দেখছি, লক্ষ করছি, কোনও স্কুল বলছে একলাখ টাকা দিন। আপনি টিউশানি করে এক বছরের মধ্যে দু'লাখ টাকা তুলে নিতে পারবেন। আমরা দেখছি, শিক্ষকদের আজকে চাকরির নিরাপত্তা নেই। আপনি বাজেট বিবৃতির যে বইটি আমাদের কাছে দিয়েছেন, তাতে বলেছেন যে ১/১/৮৬ তারিখে বেতন কাঠামোর পুনর্বিন্যাস প্রাপ্ত বেতনের টাকা মিটিয়ে দিতে সরকার অঙ্গীকারবদ্ধ। আপনারা এখনও পর্যন্ত তা দেন নি।

আপনারা কবে দেবেন, তাও আমরা জানিনা, আপনারা বলছেন পি. এফ. খাতে টাকা জমা আছে, কিন্তু আদৌ জমা হয়েছে কিনা, কবে আমরা টাকা পাব, আমরা অন্ধকারের মধ্যে রয়েছি, আপনারা দয়া করে দেখুন যাতে শিক্ষক সমাজ টাকাগুলি পায়। পেনশনের ব্যাপারে বলি, আপনারা দয়া করে বলবেন, আপনাদের কাছে প্রশ্ন রইল, গত ১ বছরে কতজন শিক্ষক অবসর নিয়েছেন, কতজন পেনশন পেয়েছেন? এটা আমার জানার আগ্রহ আছে। সঙ্গে সঙ্গে ছাত্র ভর্তির ব্যাপারে বলি, এটা একটা বিরাট সমস্যা হিসাবে দেখা দিয়েছে। প্রাথমিক স্কুলে যারা পড়ে ফাইভ থেকে টেন পর্যন্ত, তারপরে যেভাবে পাশ করছে তারা ইলেভেন টুয়েলভে ভর্তি হতে পারছে না। যারা কম নম্বর পাচ্ছে তারাও ভর্তি হতে পারছে না। আমার একটা প্রস্তাব রইল ডাকযোগে কলা এবং বাণিজ্য বিভাগে পড়ানো যায় কিনা এটা দেখবেন। এছাড়া মাধ্যমিক ফিজিক্যাল এডুকেশনে যেটা পড়ানো হয় এটার কি গুরুত্ব আছে বুঝি না। এই যে ফিনাইল তৈরি করে এর সঙ্গে বাস্তবের কি যোগাযোগ আছে, কারণ পরবর্তী সময়ে ছেলেরা ভুলে যায়, এটা তাই যে কারণে করা হল, এটার কোনও প্রয়োজনীয়তা আছে কিনা আমি জানি না। আমার সময় কম, অনেক কিছু বলার ছিল, কিন্তু সময়াভাবে

বলতে পারছি না, তাই এই বাজেট প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, রাজ্য সরকার ৯৬-৯৭ সালে শিক্ষা ক্ষেত্রে যে ব্যয় বরাদ্দের প্রস্তাব করেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি। কংগ্রেস দলের আনীত প্রতিটি ছাঁটাই প্রস্তাবকে পূর্ণ সমর্থন করছি। বিগত ২০ বছরে এই সরকার শিক্ষার ক্ষেত্রে মান অনেক পিছিয়ে দিয়েছিল। রাজ্য সরকার স্বীকার করেছেন যে কেন্দ্রে এই বারে তাদের বন্ধু সরকার এসেছেন তার ফলে এই বছরে তারা ভাল কাজ করতে পারবেন। বিগত বছরে রাজ্য সরকারের সঙ্গে আগের কেন্দ্রীয় সরকার কোনও সহযোগিতা করে নি। আমি জানতে চাই, বিগত সরকার এই সরকারের কি কাজ করতে পারে নি যদি বলতেন আমার মনে হয় ভাল হত। এই রাজ্যে শিক্ষায় ৫ জন মন্ত্রী আছেন, তার মধ্যে ৩ জন পূর্ণ মন্ত্রী, ২জন অর্দ্ধ মন্ত্রী। প্রতিটি মন্ত্রী যদি কাজ করতেন তাহলে রাজ্যের শিক্ষার ক্ষেত্রে অনেক কাজ হতে পারত। আমরা দেখেছি, চুক্তির ভিত্তিতে এই সরকার শিক্ষক নিয়োগ চালু করতে যাচ্ছেন, এতে আমার মনে হয়, শিক্ষকদেরই ক্ষতি করছেন, যেমন এখানে সত্যসাধন বাবু আছেন, অসীম বাবু আছেন তাদের দিক থেকে দেখতে গেলে আমার মনে হয় এটা অসম্মানজনক হবে। যে ভাবে শিক্ষার ক্ষেত্রে চুক্তির কথা বলেছেন, এতে কংগ্রেসের বা সি. পি. এম.-এর কারুর লাভ হবে না, নিরীহ মানুষের ক্ষতি হবে। আমরা দেখেছি, যে ভাবে শিক্ষা ক্ষেত্র চালু হয়েছে, এটা এলাকা ভিত্তিক কোনও শিক্ষা আছে বলে আমার মনে হয় না। আমার এলাকার পাশে সাতগাছিয়া এলাকা, এই এলাকায় কটা স্কুল আছে, প্রাথমিক স্কুল, বা মাধ্যমিক স্কুল কিংবা কলেজ আমরা দেখছি কি পশ্চিমবাংলায় ৫১ হাজার প্রাথমিক স্কুল আছে, ৬ হাজার শিক্ষক আছে, আপনাদের সময়ে কয়টা স্কুল করেছেন, টিচার আছে কিনা দেখেছেন কি, স্কুল সব জায়গায় আছে কিনা দেখেছেন কি, শিক্ষকরা বেতন পায় কিনা সেটাও আপনাদের দেখা উচিত ছিল। কিন্তু এটা দেখার চেষ্টা আপনারা করেন নি। এই সরকার প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দিয়েছিল, ইংরাজি তোলার পরে যখন দেখল যে ভাল ছাত্র পাওয়া যাচ্ছে না, তখন আবার ফাইভ থেকে ইংরাজি চালু করার কথা বলছে। আমরা কখনও চাইনি স্কুলের থেকে পাশ ফেল উঠে যাক, কিন্তু এই সরকার ছেলেদেরকে অশিক্ষিত করানোর জন্য সব পাশ করানোর চেষ্টা করেছে, যার ফলে দেখা যাচ্ছে ছাত্র শিক্ষক সম্পর্ক আগে যেটা মধুর ছিল সেটা থাকছে না। অনেক স্কুল বন্ধ হয়ে আছে। কারিগরি শিক্ষায় মাধ্যমিকে ছাত্রদের কি কাজে লাগবে, আপনারা হিসাব দিয়েছেন এর জন্য লক্ষ লক্ষ টাকা খরচ করেছেন। কারিগরি শিক্ষায় কর্মসংস্থান হচ্ছে না, কাজ হচ্ছে না, এই রাজ্যে অনেক ইন্ডাস্ট্রিয়াল বেল্ট আছে, সেখানে যদি কারিগরি স্কুল করা যেত, তাহলে তার মাধ্যমে ইন্সটিটিউশনের মাধ্যমে সংযোগ রেখে অনেক বেকার ছেলে চাকরি পেতে পারত।

[4-40 — 4-50 P.M.]

আজকে সরকার সেদিকে লক্ষ্য রাখে নি। পেনশনের ব্যাপারে আজকে শিক্ষক ও অশিক্ষক যারা আছেন তারা পেনশন পাচ্ছেন না শুধু ঘোরাঘুরি করছেন। এই ব্যাপারটা

আজকে সরকারের দেখা উচিত ছিল। আজকে বিশ্ববিদ্যালয়ে কোনও ক্লাশ হচ্ছে না। কিছুদিন আগে বিশ্ববিদ্যালয়ের ভেতরে একজন মেয়েকে ক্ষুর মারা হল, কিন্তু আপনি কি ব্যবস্থা নিতে পেরেছেন। আজকে খাতা পাওয়া যাচ্ছে না, সেই খাতা ট্রেন লাইনে পাওয়া যাচ্ছে। এইসব ব্যাপারগুলো আজকে বন্ধ হওয়া দরকার। আজকে হায়ার সেকেন্ডারি কাউন্সিলে দীর্ঘ কুড়ি বছর কোনও নির্বাচন হয় নি, সেটা আজকে সি. পি. এমের আখড়ায় পরিণত হয়েছে। আজকে প্রাথমিক স্কুল থেকে আরম্ভ করে, উচ্চ মাধ্যমিক স্কুল, কলেজ, সেখানে কোনও কাজ হচ্ছে না। এটা আজকে আপনাদের দলের ব্যাপার নয়, এটা সারা রাজ্যের মানুষের ব্যাপার, ছাত্র-ছাত্রী, শিক্ষক, অভিভাবক সবার ব্যাপার। এই ব্যাপারে আপনারা যদি নজর না দেন পরবর্তীকালে আমাদের পক্ষে কিছু করা সম্ভব হবে না। আজকে মাদ্রাসা স্কুলগুলোর কি অবস্থা, মাদ্রাসা স্কুলগুলোর নামে টাকা স্যাংশান হচ্ছে, কিন্তু তার টাকা পাচ্ছে না, আর টাকা পেলেও কোনও কাজ হচ্ছে না। এইসব ব্যাপার দেখা দরকার। আজকে স্কুলগুলোতে জল নেই, বাথরুম নেই, শিক্ষক নেই, বেঞ্চ নেই, স্কুল ঘর নেই। আপনারা বলেছেন পাঁচটি জেলা নাকি উন্নত হয়েছে বিদেশি সাহায্য ও. ডি. এ. নিয়ে। কিন্তু আমরা দেখাতে পারি সেখানে কোনও কাজ হয় নি। যদি কাজ হত তাহলে এম. এল. এ.-রা তর্ক-বিতর্কে যেত না। আমরা কোনও দলবাজি চাই না, আমরা কাজ চাই। আমার কেন্দ্র বজবজে একটা জায়গায় মিটিং করতে গিয়েছিলাম, হঠাৎ সেখানে একটা স্কুলবাড়ি ভেঙ্গে পড়ল। রাত্রি বেলা বলেই কোনও ছাত্র-ছাত্রী আহত হয় নি সেখানে। এই ব্যাপারগুলো আজকে আপনাকে তদন্ত করে দেখতে হবে। আজকে কংগ্রেস, সি. পি. এম. দেখলে হবে না। কংগ্রেস দল শুধুমাত্র বিরোধিতা করতে চায় না, কংগ্রেস দলও কাজ করতে চায়। আজকে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে আরম্ভ করে, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, সব জায়গাতেই দেখা যাচ্ছে বে-আইনি ভাবে অ্যাডমিশন হচ্ছে। আজকে ভালো ছাত্র-ছাত্রীরা ভর্তি হতে পারছে না। অনেক ছেলে মেয়ে আমাদের কাছে আসছে, ৭২০ নম্বর পেয়ে তারা অ্যাডমিশন পাচ্ছে না, আর ৬৫০ নম্বর পেয়ে সে অ্যাডমিশন পাচ্ছে। সেদিন আমি শিক্ষা মন্ত্রীর সঙ্গে কথা বলেছি, এই ব্যাপারগুলো বন্ধ হওয়া দরকার। আজকে আপনাদের কমরেডরা পয়সা নিয়ে লোক ঢোকাবার চেষ্টা করছেন। এতে শিক্ষার ক্ষতি হবে, শিক্ষার মান নেমে যাবে। এখন কলকাতা বিশ্ববিদ্যালয়ের নাম শুনলে আঁতকে ওঠে। পরীক্ষার রেজাল্ট তিন মাসে আউট হওয়ার কথা, কিন্তু ছয় মাসেও রেজাল্ট আউট হচ্ছে না। আজকে ছয় বছরে কেউ ডাক্তারি পাশ করতে পারছে না, দশ বছর লেগে যাচ্ছে। আজকে পরীক্ষার আগেই প্রশ্নপত্র ফাঁস হয়ে যাচ্ছে। সেক্রেটারি বা সভাপতিকে জিজ্ঞাসা করলে তারা বলছে এই ব্যাপারে আমরা কিছু জানি না।

বই পাওয়া যাচ্ছে না অথচ দেখা যাচ্ছে বোর্ডের কিছু অফিসার আছে তারা বই ব্ল্যাকে বিক্রি করছে। এটা বন্ধ হওয়া দরকার। যদি বন্ধ না করেন তাহলে আগামী দিনে কাজ করা সম্ভব নয়। ছাত্র-ছাত্রীদের রেজাল্ট আউট হয়েছে বিভিন্ন কলেজে তারা সীট পাচ্ছে না। অথচ আপনারা হিসেব দিচ্ছেন এত সীট ভর্তি হয়ে গেছে। যত পাশ করেছে সে সীট আপনারা

দিতে পারছেন না। যারা পাশ করছে তারা যাবে কোথায়, কোন স্কুলে ভর্তি হবে? এটা আপনাদের ভাবা দরকার। এই বিষয়ে চিন্তা করা দরকার। তা যদি না করেন তাহলে আমার মনে হয় আগামী দিনে আপনারা কাজ করতে পারবেন না। কংগ্রেস যে ছাঁটাই প্রস্তাব এনেছে তাকে সমর্থন করছি এবং আপনাদের বাজেট প্রস্তাবের বিরোধিতা করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার স্যার।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মান্নান সাহেব কি পয়েন্ট অব অর্ডার আপনি রাখতে চাইছেন। পয়েন্ট অব অর্ডার ছাড়া আমি কিছু বলতে দেব না। কিসের ওপর বলবেন। শুধু হাত তুললেই হয় না। কোনও রুলে বলবেন। আমাকে স্যাটিসফাই করুন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার এইমাত্র যখন হাউসে আসছিলাম, আমার কাছে একটা টেলিগ্রাম এল। আমাদের একজন বক্তা, কাল বক্তৃতা দেওয়ার কথা, বাড়ি থেকে আসছিলেন তাঁকে পুলিশে ধরে নিয়ে গেছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এইভাবে পয়েন্ট অব অর্ডার হয় না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, স্যার, অধীররঞ্জন চৌধুরিকে গ্রেপ্তার করা হয়েছে। স্যার, হাউসের মেম্বার যদি হাউসে না আসতে পারেন, আপনার কাছে পয়েন্ট অব প্রিভিলেজ চাইছি। হাউসের মেম্বার অধীররঞ্জন চৌধুরি হাউসের মাননীয় সদস্য, হাউসে আসার জন্য বাড়ি থেকে বেরিয়ে ছিলেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মান্নান সাহেব আগে আপনার মেম্বারদের বসান, ক্যাডারদের বসান। আপনি বলছেন, ওরা হল্লা করছেন হল্লা পারটির মতো।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমি পয়েন্ট অব প্রিভিলেজ চাইছি। আমাদের একজন মাননীয় সদস্য অধীররঞ্জন চৌধুরি হাউসে আসছিলেন, সকাল বেলা হাউসে আসার জন্য বেরিয়েছিলেন বাড়ি থেকে। তাঁকে পুলিশ ধরে নিয়ে যায় এবং থানায় লক আপে নিয়ে তাঁকে যে ভাবে আক্রমণ করা হয় যেন ডাকাতকে ধরেছে। তাঁকে অকথ্য ভাবে মারধোর পর্যন্ত করেছে। তাঁকে মুর্শিদাবাদ জেলার লালবাগ থানায় আটকে রেখেছে। কদিন আগে তাঁর বিরুদ্ধে অনেক অসত্য মামলা দেওয়া হয়েছে, সাজানো মামলা দেওয়া হয়েছিল। তিনি আদালত থেকে জামিন পর্যন্ত নিয়েছেন এবং আদালত তাঁকে জানিয়েছিলেন কোন কোন কেসে তাঁকে জড়ানো হয়েছে। তার পর আদালত থেকে জামিন নিয়ে ছাড়া পেয়ে তিনি হাউসে আসছিলেন। আজকে যখন তিনি হাউসে আসছিলেন রাস্তায় তাঁকে গ্রেপ্তার করা হয়। এখনও পর্যন্ত হাউসকে জানানো হয় নি। একজন সদস্য গ্রেপ্তার হলেন এখনও হাউস চলছে। আমরা বিধানসভায় এখনও জানতে পারি নি। স্যার, এই যদি অবস্থা হয় আপনার কাছে প্রোটেকশন চাইছি। কোন মামলায়, কোন আইনে তিনি গ্রেপ্তার হলেন হাউসে সেটা জানানো হোক। তার পর হাউসে আলোচনা করবেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি অনেক দিনের সিনিয়র মেম্বার। কোনটা পয়েন্ট অব অর্ডার আর কোনটা পয়েন্ট অব প্রিভিলেজ আপনার জানা উচিত। আপনি বললেন আমি শুনলাম, এবার আমাকে বলতে দিন, আমার কথাটা শুনুন। আমাকে তো রুলিং দিতে হবে। মেম্বারকে তাঁর অধিকার থেকে বঞ্চিত করেছেন। এটা হাউসের রুলসের অধিকার ভঙ্গের বিষয়। আপনি সেইভাবে হাউসে নিয়ে আসুন। এটা পয়েন্ট অব অর্ডার আসে না। আপনি যদি রুলগুলো না জানেন। মেম্বারকে আসতে দেয় নি অবস্ট্রাকশন করেছে। এটা পয়েন্ট অব অর্ডার হতে পারে না।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এইরকম একটা গুরুত্বপূর্ণ বিষয় যেখানে একজন হাউসের সদস্যকে গ্রেপ্তার করা হয়েছে। তিনি জামিন নিয়েছেন। অনেকগুলো মিথ্যা কেসে তাঁকে জড়িয়ে দেওয়া হয়েছিল। এটা যদি হাউসে প্রকাশ করবার সুযোগ থেকে বঞ্চিত হই, আপনারা যদি আমাদের প্রকাশ করতে না দেন তাহলে স্যার, এর থেকে আমাদের অধিকার কিভাবে রক্ষিত হবে আমি জানি না। আপনার কাছে আবেদন করছি কেন তাঁকে দ্বিতীয়বার গ্রেপ্তার করা হল, কি কারণে লক আপে নিয়ে গিয়ে অকথ্য অত্যাচার করা হল এটা নিশ্চয়ই আমাদের জানবার অধিকার আছে। আমরা আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন করছি আজকে হাউস শেষ হবার আগে, সাড়ে পাঁচটার আগে হাউসকে জানানো হোক — কি কারণে, কেন, কোথায়, কিভাবে পুলিশ তাকে গ্রেপ্তার করেছে, তিনি কি অবস্থায় আছেন — এগুলো আমরা সাড়ে পাঁচটার মধ্যে, আপনার মাধ্যমে সরকার পক্ষকে অনুরোধ করছি হাউসকে জানানো হোক।

[4-50 — 5-00 P.M.]

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অভিযাচন নং ৩০ এবং ৪৫-এর অধীনে বিভাগীয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করে কয়েকটা কথা বলব। শিক্ষা বাজেটের সমালোচনার সূত্রপাত ঘটিয়ে বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী সঞ্জীবকুমার দাস মহাশয় বললেন যে, এই বাজেট শিক্ষক এবং শিক্ষা কর্মীদের মাইনে দেবার বাজেট। আমি সেই সম্পর্কে তাঁর কাছে জানতে চাই, তিনি কি পিছন দিকে তাকিয়ে এই মন্তব্য করেছেন? এ কথা বলার আগে তিনি একবারও ভেবে দেখেছেন যে, তাদের আমলে শিক্ষকদের হাল কোথায় দাঁড়িয়েছিল? আগে শিক্ষক এবং শিক্ষা কর্মীদের যৎসামান্য মাইনেটুকু পর্যন্ত দিতে পারেন নি। আমি নিজে শিক্ষক এবং ভুক্তভোগী। তিনমাস অন্তর অন্তর শিক্ষক এবং শিক্ষাকর্মীরা শুধু ডি. এ. টুকু পেতেন। বৎসরে জুনিয়র হাইস্কুলে ১,৫০০ টাকা এবং হাইস্কুলে ৩ হাজার টাকা করে ল্যাম্প গ্রান্ট দেওয়া হত। তাতে শিক্ষকদের দু'মাসের মাইনেও হত না। এভাবে আপনারা আপনাদের আমলে শিক্ষকদের প্রতি এক নির্লজ্জ অমানবিকতা প্রদর্শন করেছিলেন। তাই কি করে তিনি এ কথা বললেন, আমি ভেবে পেলাম না। অন্তত আপনাদের মুখে এ কথা বেমানান। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একথা সবাই স্বীকার করবেন যে, আমাদের সরকার একদম প্রতিষ্ঠার সময় থেকেই শিক্ষার ব্যাপারে

সব থেকে গুরুত্ব দিয়েছেন, যাতে করে শিক্ষকরা দৈন্য দশা কাটিয়ে সামাজিক মর্যাদা পান এবং প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত ও সমাজের পিছিয়ে পড়া শ্রেণীর ছেলে মেয়েরা প্রাইমারি এডুকেশনের সুযোগ পান। এই লক্ষ্যকে সামনে রেখে শিক্ষার প্রসারের বিষয়ে চেষ্টা করা হচ্ছে। এর মানে এই নয় যে, উচ্চ শিক্ষাকে অবহেলা দেখানও হয়েছে। এর মধ্যে আমরা লক্ষ্য করেছি যে, অনেক স্কুল, কলেজ খোলা হয়েছে। তথাপি ছাত্র-ছাত্রী ভর্তি নিয়ে বিভিন্ন জায়গায় সমস্যা দেখা দিচ্ছে। কোথাও শ্রেণী কক্ষ এবং শিক্ষার সরঞ্জামের অভাব রয়েছে, কোথাও বা শিক্ষকের অভাব রয়েছে — কিন্তু চিরকাল তা থাকবে না। আমরা গর্ব করছি এই কারণে যে, শিক্ষার ক্ষেত্রে যে লক্ষ্যকে সামনে রেখে আমরা এগিয়েছি, সেটা সফল হয়েছে। শিক্ষার ক্ষেত্রে যে সমস্যাই দেখা দিক না কেন, আমাদের সরকার তার মুখোমুখি হয়ে সব বাধা কাটিয়ে উঠতে সক্ষম। আজ হোক, কাল হোক, সমস্ত সমস্যাকে আমরা অতিক্রম করব। আমি এই প্রসঙ্গে প্রথমেই ধন্যবাদ দিতে চাই কারিগরি বিভাগের শিক্ষা মন্ত্রীকে। এ যাবৎ বিভিন্ন শিক্ষা কমিশন তাদের রিপোর্টে শিক্ষাকে বাস্তবমুখি বিজ্ঞান ভিত্তিক এবং কর্মমুখি করে গড়ে তোলার কথা বলেছেন, কিন্তু তাদের সুপারিশ কাগজে কলমেই থেকে গেছে, বাস্তবে তার কোনও প্রতিফলন ঘটে নি। আজকে নূতন পরিমন্ডল দেখা দিচ্ছে। শিল্প বিস্তারের সম্ভাবনা দেখা দিয়েছে — সেই কথা মাথায় রেখে রাজ্যের কারিগরি শিক্ষাকে ঢেলে সাজানোর উদ্যোগ নেওয়া হচ্ছে। প্রত্যেক জেলায় শিক্ষা পর্ষদ গড়ে তোলা হচ্ছে এবং বিভিন্ন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে নূতন নূতন প্রযুক্তিতে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। মহিলাদের জন্যও পৃথক ভাবে কয়েকটি আই. টি. আই. এবং পলিটেকনিক প্রতিষ্ঠান খোলা হয়েছে। প্রয়োজনের বিচারে কয়েকটি প্রতিষ্ঠানে ভর্তির আসন সংখ্যাও বাড়ানো হয়েছে।

তাতে করে আমরা দেখছি, একটা হিমালয়ান অ্যাচিভমেন্ট এই কারিগরি শিক্ষার ক্ষেত্রে কয়েক বছরের মধ্যে ঘটে গেছে। এখনও একটা জিনিসের দিকে লক্ষ্য রাখতে হবে যে, যে সমস্ত শিক্ষার্থী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ নিচ্ছে স্বল্প মেয়াদী বা দীর্ঘ মেয়াদী, তাদের অ্যাপ্রেন্টিসের সুযোগটাকে সেই ভাবে বাড়ানো যাচ্ছে না। যে সংখ্যায় ছাত্র-ছাত্রী এই সমস্ত প্রশিক্ষণ নিয়ে বেরিয়ে আসছে, তাদের একটা ভগ্নাংশ মাত্র বিভিন্ন শিল্প, কলকারখানায় অ্যাপ্রেন্টিসের সুযোগ পাচ্ছে। এই সুযোগটাকে কি করে আরও বাড়ানো যায়, মাননীয় মন্ত্রী মহোদয়কে সেদিকে লক্ষ্য রাখতে হবে। নূতন ভাবে যে কমিউনিটি পলিটেকনিকের কথা বললেন, সেখানে এলাকার প্রকৃত চাহিদা অনুযায়ী যেখানে যেটার প্রশিক্ষণের সুযোগ আছে সেখানে সেই ট্রেডের ব্যবস্থা করবেন।

আর একটা কথা বলতে চাই, প্রাথমিক স্কুল বা মাধ্যমিক স্কুল প্রতি বছর হয়ে থাকে ৫০ থেকে ১০০।২০০, কিন্তু কলেজ অত সংখ্যায় হয় না। এক একটা জেলায় হয়ত ২।৩ বছর পর একটা হয়। ব্রড বেসড চিন্তা ভাবনা করে দেখে যেন কলেজের স্থান নির্বাচন করা হয়, সেটা দেখবেন। বাঁকুড়া জেলার ছাতনা, তার মধ্যস্থলে একটি কলেজ স্থাপনের কথা বলছি। সেখানে পাশাপাশি পাঁচটি হায়ার সেকেন্ডারি স্কুল আছে। সেখান থেকে পাশ করে

ছাত্র-ছাত্রীদের ভর্তির জন্য বাঁকুড়া, মেদিনীপুর এবং পুরুলিয়া জেলার বিভিন্ন কলেজে যেতে হয়। কাগজে দেখলাম, দু'বছরের জায়গায় তিন বছরের ডিগ্রি কোর্স চালু হবার কথা। এটা ঠিক কিনা জানাবেন। আর একটা কথা বলছি, কৃতী ছাত্র-ছাত্রীরা পাশ করে সবাই কি শুধু চাকরি-বাকরি করবে? তারা যাতে নিত্য নূতন প্রযুক্তির উদ্ভাবন করতে গবেষণার ক্ষেত্রে এগিয়ে আসেন তার অনুকূল পরিস্থিতি তৈরি করার জন্যও উচ্চ শিক্ষা মন্ত্রীকে যত্নবান হতে অনুরোধ জানাচ্ছি। বিধাননগরে এবং বহরমপুরে ছাত্রীদের জন্য যে দুটো হস্টেল হয়েছে, স্ত্রী শিক্ষার ক্ষেত্রে সেটা একটা যুগান্তকারী ঘটনা। রবীন্দ্র রচনাবলি শেষ খন্ড প্রকাশ এখনও বাকি আছে, সেটা দেখবেন। নেতাজী রচনাবলি প্রকাশের ব্যাপারটা দেখবেন। এই কথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষা মন্ত্রীরা যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করে এবং যে কাট মোশনগুলো আছে, সেইগুলো আনার যৌক্তিকতার উপরে আমার বক্তব্য রাখব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষার ব্যবস্থার ক্ষেত্রে সারা ভারতবর্ষে একটা সাফল্য অর্জন করেছে বলে বারংবার ওনারা দাবি করেন। কিন্তু বাস্তবে এই রাজ্যে শিক্ষার অগ্রগতি কতটুকু হয়েছে? শিক্ষার বরাদ্দে দেখবেন, এই বরাদ্দের সিংহভাগ শুধু শিক্ষক, শিক্ষাকর্মীদের বেতন দিতেই চলে যায়। বড় জোর ৫ থেকে ১০ শতাংশ মাত্র শিক্ষার উন্নয়নের জন্য ব্যয় করা হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই এডুকেশন কমিশন, মিত্র কমিশনের রিপোর্টের ভিত্তিতে বলছি — শিক্ষার অগ্রগতিটা কি রকম? সারা দেশে উচ্চ শিক্ষার জন্য মাথা পিছু খরচ যেখানে ১৭ টাকা, সেখানে পশ্চিমবঙ্গে ১৪ টাকা। মিত্র কমিশনের রিপোর্ট, পেজ - ৬, ধারা ২।৬।

[5-00 — 5-10 P.M.]

প্রাথমিক শিক্ষা খাতে খরচ এই রাজ্যে পারসেন্টেজ হিসাবে বাড়ছে না। ১৯৭৬।৭৭ সালে প্রাথমিক শিক্ষা খাতে খরচ ছিল ৪০.৪২ পারসেন্ট, ১৯৯২।৯৩ সালে কমে হল ৩৬.৪৭ পারসেন্ট। উচ্চ শিক্ষার ক্ষেত্রে খরচ হয়েছিল ১৯৭৬।৭৭ সালে ১৭.৩৩ পারসেন্ট, ১৯৯২।৯৩ সালে কমে হয়েছে ১৪.০৩ পারসেন্ট। ডাক্তারি শিক্ষায় ১৯৭৬।৭৭ সালে ছিল ৩.১৭ পারসেন্ট, ১৯৯২।৯৩ সালে কমে হয় ১.৭৩ পারসেন্ট। কারিগরি শিক্ষায় ১৯৭৬।৭৭ সালে ছিল ১.৫৪, ১৯৯২।৯৩ সালে সেটা কমে দাঁড়ায় ১.২৪ পারসেন্ট। মিত্র কমিশনের রিপোর্ট, টেবিল ২(১), পেজ ১৫ থেকে বলছি। মিত্র কমিশনের রিপোর্টের টেবিল নং ২.১৩, পাতা ২৬-এ বলা হয়েছে, গৃহহীন বিদ্যালয়ের সংখ্যা ২,৩৭৯। এই হচ্ছে রাজ্যে শিক্ষার অগ্রগতির নমুনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সামান্যতম যে পাঠ্য পুস্তক তাও ছাত্র-ছাত্রী পৌঁছে দেওয়া যাচ্ছে না। পাবলিক এক্সচেকার থেকে ১২ কোটি টাকা ব্যয় করেছেন অথচ স্কুল ডাইরেক্টরেট মধ্য শিক্ষা পর্ষদ যে বই ছাপাচ্ছে বিনা মূল্যে, সেই বই প্রত্যেকটা

জেলাতে দেবার কথা। কিন্তু তা যথা সময়ে ছাত্র-ছাত্রীদের কাছে পৌছাচ্ছে না। ৬ মাস চলে যাচ্ছে তা পৌছে দিতে। তাহলে পাবলিক এক্সচেকারের টাকা খরচ করে লাভ কি? অথচ দেখা যাচ্ছে, ছাত্র-ছাত্রীরা ঐ বই পাওয়ার আগে কলেজ স্ট্রিটে কালো বাজারে ঢালাও বিক্রি হচ্ছে নোট বই সহ। এ বিষয়ে সংবাদ পত্রে বারে বারে এসেছে, আমরাও অভিযোগ জানিয়েছি। এ বিষয়ে আপনি আমার কলিং অ্যাটেনশনে বিবৃতি দিয়েছেন। আপনি মন্ত্রী তাই সোজাসুজি স্বীকার করতে পারেন নি কিন্তু কার্যত অ্যাডমিট করেছেন যে, আজও বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে পাঠ্য পুস্তক পৌছে দেওয়া যায় নি। আপনার স্বীকারোক্তি না থাকলেও মধ্যশিক্ষা পর্ষদ ৯ ও ১০ই জুলাই সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়ে বিভিন্ন পুস্তক বিক্রেতাকে জানিয়ে দিয়েছে যে, নোট বই সহ মধ্যশিক্ষা পর্ষদের নূতন টেক্সট বই কিনতে কাউকে বাধ্য করা যাবে না। ইট ইন্ডিকেটস যে, অভিযোগগুলো অসত্য নয়, যদিও আপনি স্বীকার করেন নি। এ বিষয়ে গভর্নমেন্ট থরো প্রোবের ব্যবস্থা করুন। কারণ অভিযোগ সরকারের প্রকাশনা দপ্তরের একাংশের কর্মীদের সঙ্গে যোগসাজসে ব্যবসায়ীরা এই দুর্নীতি কালোবাজারি চালিয়ে যাচ্ছে। তাদের চিহ্নিত করে শাস্তি বিধানের ব্যবস্থা করুন। এক দিকে কালোবাজারিরা বই নিয়ে ব্যবসা করবে আর ছেলে মেয়েরা পড়াশোনার বই পাবে না — এটা চলতে পারে না। আমার মনে হয় এর একটা তদন্ত হওয়া দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পড়াশোনার কথা কি বলব — উচ্চ শিক্ষা মন্ত্রী আমারই এক প্রশ্নের জবাবে বলেছিলেন, পশ্চিমবাংলার ৮৩টি কলেজে অধ্যক্ষ নেই এবং ৭০০ কলেজে অধ্যাপক নেই। এত অধ্যক্ষ এবং অধ্যাপক পদ যদি শূন্য থাকে তাহলে পড়াশোন কি হবে? ফলে যা হবার তাই হচ্ছে, ক্লাশ হচ্ছে না, সিলেবাস শেষ করা যাচ্ছে না। নিয়োগ নিয়ে দুর্নীতি হচ্ছে। আবার স্লেট পরীক্ষার কথা বলা হয়েছে। কিন্তু স্লেট পরীক্ষায় যারা উত্তীর্ণ হচ্ছে তাদের সবাইকে অ্যাপয়েনমেন্ট, ইন্টারভিউ দেওয়া হচ্ছে না। ৩৫ বছরের এজ বার কেন রেখেছেন? যদিও কলেজ সার্ভিস কমিশনে কোনও এজ বার নেই। এ সম্বন্ধে গভর্নমেন্ট অর্ডার আমার কাছে আছে। সুজয়কান্ত বলে একজন যে সার্টিফিকেট পেয়েছে — তাঁর সমস্ত কাগজপত্র আমি আপনাকে দেখাব।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আরেকটি মারাত্মক ব্যাপার হচ্ছে চুক্তির ভিত্তিতে শিক্ষক নিয়োগ, যদিও আপনার এই ভাষণের মধ্যে এটা নেই কিন্তু অর্থমন্ত্রীর ভাষণে তিনি বলেছিলেন অভারসীজ ডেভেলপমেন্ট কর্পোরেশনের কাছ থেকে ২০০ কোটি টাকা ঋণ নিচ্ছে, সেই ঋণে প্রাথমিক স্কুলগুলি হবে এবং সেখানে চুক্তির ভিত্তিতে শিক্ষক নিয়োগ করা হবে। শিক্ষক নিয়োগে যদি দলবাজি হয় তাহলে তা নগ্নরূপে ফুটে উঠবে। দায়বদ্ধতার মাপকাঠি হল শাসক দলের প্রতি আনুগত্য দেখানোও। এতে শিক্ষার মান আরও নিম্নগামী হবে। যেহেতু সাধারণ ভাবে শিক্ষকদের যে সমস্ত সুযোগ সুবিধা পান এবং এই চুক্তির ভিত্তিতে নেওয়া শিক্ষকদের সেই সব সুযোগ সুবিধা থাকবে না ফলে সাব স্ট্যান্ডার্ড শিক্ষক আসবে এবং যোগ্য শিক্ষকের অভাব দেখা দেবে। ফলে শিক্ষা ক্ষেত্রে আরকেটা মারাত্মক বিপদ দেখা দেবে।

শিক্ষার মান নিম্নগামী হবে। প্রবীণ শিক্ষক যাঁদের বয়স ৬০ বছর বা তার বেশি বা যাঁরা এক্সটেনশনে আছেন তাদের সংখ্যা ৩০ হাজারের উপর, তারা বেতন পাচ্ছেন না, কোনও সরকারি আদেশনামা নেই। সরকারি আদেশে যেখানে বলা আছে ৩.৯.৯০ তারিখে তাঁরা বেতন পাবেন, যতদিন পর্যন্ত না মামলার ফয়শালা হচ্ছে। বি. পি. টি. এ. বা বঙ্গীয় প্রাথমিক শিক্ষক অ্যাশোসিয়েশন তারা আপীল করেছে সুনানীর জন্য মামলা অসমাপ্ত অথচ আপনাদের আমলে প্রাথমিক শিক্ষকদের যে কাউন্সিলগুলি আছে তাদের মৌখিক নির্দেশে পেনশন বন্ধ হয়ে গেছে। এখন পর্যন্ত শিক্ষক ও সরকারি কর্মচারিদের এক সঙ্গে মহার্ঘভাতা ঘোষণা করেন কিন্তু সরকারি কর্মচারিদের মতো শিক্ষকরা মহার্ঘভাতা পান না। সুপারিশ অনুযায়ী শিক্ষকরা মহার্ঘভাতা পান না। পেনশনের ক্ষেত্রেও শিক্ষকদের অবহেলা করার দিকটা আমরা দেখতে পাচ্ছি। আপনি ১০০০ টাকার যে অ্যাড-হক পেনশন দেবেন বলেছিলেন সেটা কার্যকর হল না। আজকে শিক্ষকদের মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করেছেন এটা কি করে বলি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে প্রাথমিক স্তরে ইংরাজি পঠন-পাঠন এবং পাশ-ফেল প্রথা তুলে দিয়ে যারা গরিব, যারা গরিব ঘরের ছেলে মেয়ে তাদের উচ্চ শিক্ষায় উন্নীত করা থেকে বঞ্চিত করেছেন। অথচ উচ্চ বিত্ত শ্রেণীর ছেলে মেয়েদের জন্য ইংলিশ মিডিয়াম স্কুল রেখেছেন। বি. জে. পি. এবং জনতা সরকারের মতো আপনারাও প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দিয়ে গরিবদের উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত করেছেন। আমি এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনা ছাঁটাই প্রস্তাবের সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী বিপ্লব রায়চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই মহতি বিধানসভায় ৫ জন মাননীয় শিক্ষা মন্ত্রীর যে দল যে বাজেট পেশ করেছেন তাঁর বিরোধিতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওঁনারা শুরু করেছেন এই ভাবে যে শিক্ষাকে প্রসারিত করার এবং তার মানোন্নয়ন ঘটানো এবং যুগোপযোগী করার দিকে আরও বেশি দৃষ্টি দেওয়ার চেষ্টা করা হবে, এই আশা প্রকাশ করেছেন। সেই সঙ্গে ওঁনারা দুঃখ প্রকাশ করেছেন শিক্ষার প্রতি দীর্ঘ দিন ধরে কেন্দ্রীয় সরকারের যে বেদনাদায়ক উপেক্ষা তারা দেখিয়ে এসেছেন, ওঁনারা আশা করছেন তার অবসান ঘটবে। ওঁদের এই আশাকে আমিও স্বাগত জানাই, কিন্তু সেই সঙ্গে একটি দুটি সম্ভাবনার কথা বলে আমি আমার বক্তব্য শুরু করছি।

শিক্ষা যদি হয় ম্যানিফেস্টেশন অফ দি পারফেকশনের একটা চিহ্ন তাহলে ওঁরা যে উদ্যোগ নিয়ে কাজ শুরু করেছেন সেই কাজকে স্বাগত জানিয়ে বলব যে এই ৫ জন ব্যাটসম্যান নেমেছেন এবং শুরু করেছেন প্রাথমিক বিদ্যালয় দিয়ে, প্রথম লাইনটি হচ্ছে আদালতে মামলা থাকার জন্য আগের কয়েক বছর আমরা প্রাথমিক বিদ্যালয় স্থাপন করতে পারি নি।

[5-10 — 5-20 P.M.]

দ্বিতীয় লাইনে বলা হচ্ছে, 'বর্তমান প্রাথমিক বিদ্যালয় সমূহে শূন্য পদগুলি পর্যন্ত পূরণ

করা যায় নি'। আর তৃতীয় লাইনে লিখেছেন, 'সুপ্রীম কোর্ট কয়েক মাস পূর্বে প্রাথমিক বিদ্যালয়গুলির বর্তমান শূন্য পদসমূহ পূরণের ব্যাপারে অন্তর্বর্তী নিষেধাজ্ঞা প্রত্যাহার করেছেন'। তারপর ওঁরা বিগত দিনে কি কি সাফল্য লাভ করেছেন তা পরের দু'লাইনে আছে। এই প্রসঙ্গে আমি এখানে শুধু একটা প্রশ্নই আপনার মাধ্যমে ওঁদের কাছে নিবেদন করব, প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে কি এমন ঘটনা ঘটলো যার জন্য সমস্ত ব্যাপারটা সুপ্রীম কোর্ট পর্যন্ত পৌছেছিল? অতএব আমাকে বলতে হচ্ছে, প্রাথমিক বিদ্যালয়গুলির ক্ষেত্রে ওঁদের ব্যাটসম্যানরা সৌরভ গাঙ্গুলির মতো খেলতে না পেরে বোল্ড আউট হয়ে গেছেন। এর জন্য আমি দুঃখ প্রকাশ করছি। আশা করছি এই ইনিংস-এ ভাল খেলবেন। এখানে বলা হয়েছে, "১৯৯৬-৯৭ সালে উপযুক্ত সংখ্যক শিক্ষক সহ ১,০০০টি নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করতে সমর্থ হব"। এই আশা ওঁরা করেছেন। বিগত ১০ বছর কোনও নূতন স্কুল স্থাপন করা হয় নি। এই ১০ বছরে নিশ্চয়ই অনেক লোকসংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং সেই হারে ছাত্র ছাত্রীর সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। অথচ শিক্ষক এবং বিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি পায় নি। ফলে এই যে ১,০০০টি নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের আশা প্রকাশ করা হয়েছে, তা মোটেই যথেষ্ট নয়। সুতরাং এ বিষয়ে নূতন করে ভাবনা চিন্তা করার অবকাশ আছে। ছাত্র ছাত্রী বৃদ্ধির পরিপ্রেক্ষিতে শিক্ষক সংখ্যা যে পরিমাণ বৃদ্ধির প্রস্তাব এখানে পেশ করা উচিত ছিল তা এই বাজেট বিবৃতির মধ্যে লক্ষ্য করছি না। মাননীয় শিক্ষা মন্ত্রীকে আমি বলব যে, আপনি মনে রাখবেন — একটু আগেই বিরোধী দলের একজন মাননীয় সদস্য বলেছেন, প্রায় ২,০০০ প্রাথমিক স্কুলের কোনও বিল্ডিং নেই, গাছের নিচে স্কুল বসে। এমন অনেক স্কুল আছে, যেখানে একজন মাত্র শিক্ষক আছেন। আবার অনেক জায়গায় দুজন শিক্ষক আছেন। এ রকম অবস্থায় সমগ্র বিষয়টিই নূতন করে ভাবনা চিন্তা করবার দরকার আছে। পাঠ্য পুস্তক বিতরণ নিয়ে যে ইতিহাস তৈরি হয়েছে তা ঠাকুরমার ঝুলির মতো গল্প সৃষ্টি করছে। ছাত্র-ছাত্রীদের পোষাক নিয়ে একটা অসাধারণ হিসাব আমরা লক্ষ্য করছি — ছাত্র-ছাত্রীর সংখ্যা যত বৃদ্ধি পাচ্ছে, পোষাকের সংখ্যা ততই হ্রাস পাচ্ছে! তারপর নূতন স্কুল প্রবর্তনের বিষয়টা সম্পূর্ণ রূপে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি দিয়ে পরিচালিত হচ্ছে। অবশ্য এ বিষয়টা নূতন করে বলার আর অপেক্ষা রাখে না যে, শিক্ষক নিয়োগের ব্যাপারটা এ রাজ্যে সম্পূর্ণ রাজনৈতিক দৃষ্টিভঙ্গির দ্বারা পরিচালিত। প্রাথমিক বিদ্যালয়গুলিতে যথার্থ পরিবেশ তৈরি না করেই প্রাথমিক স্তরে পাশ ফেল প্রথা তুলে দেওয়াটা যে ভুল সিদ্ধান্ত হয়েছিল সেটা এই সরকার ১৮ বছরের অভিজ্ঞতার মধ্যে দিয়ে বুঝতে পেরেছেন। সে জন্য এখন তা নিয়ে নূতন চিন্তা ভাবনা হচ্ছে। প্রাথমিক বিদ্যালয়ে পাশ ফেল এবং ইংরাজি আবার চালু করা যায় কিনা সে বিষয়ে নূতন করে চিন্তা ভাবনা শুরু হয়েছে। দেশের সর্বত্র ইংরাজি পরিবেশ অব্যাহত থাকা সত্ত্বেও প্রাথমিক স্তরে ইংরাজি তুলে দেওয়াটা যে ভুল হয়েছে সেটা আজকে এই সরকার অনুধাবন করতে পারছেন। এটা আমার ভাল লাগছে। আর একটা বিষয়ের প্রতি আমি শিক্ষামন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করব — প্রতি বছর ৩,৪০০ শিক্ষক রিটায়ার করছেন, গত ১০ বছরে ৩৪,০০০ শিক্ষক রিটায়ার করেছেন। প্রতি বছর তাদের পেনশন দিতে লাগছে ৫ কোটি ১০

লক্ষ টাকা। আমি জানি না বাজেটের এই বিশেষ দিকটার প্রতি শিক্ষা মন্ত্রী নজর দিয়েছেন কিনা! আর একটা বিষয় আমি সকলের দৃষ্টিতে আনতে চাই। একটা গুরুত্বপূর্ণ কাজ এই সরকারের আমলে শুরু হয়েছে। তার জন্য নিশ্চয়ই আমি সরকারকে ধন্যবাদ জানাব। সেটা হচ্ছে, সাক্ষরতা অভিযান। আমি আনন্দিত কেন্দ্রীয় সরকারের টাকায় এই যে অভিযান শুরু হয়েছে এর সঙ্গে আমি বেশ কিছু দিন নিজেকে যুক্ত রেখেছিলাম। তাতে আমি দেখেছি অগ্রগতি যেমন কিছু হয়েছে তেমন তার পাশাপাশি যে সমস্ত তথ্য এখানে দেওয়া হচ্ছে সে সম্পর্কে একটা কথা বললেই বাস্তব অবস্থাটা বোঝা যাবে; তা হচ্ছে — মিথ্যা তিন রকমের আছে, একটা হচ্ছে লাই, আর একটা হচ্ছে ড্যাম লাই আর শেষটা হচ্চে স্ট্যাটিসটিক্স। এই স্ট্যাটিসটিক্স যত কম দিয়ে সাক্ষরতা অভিযানের সাফল্য বোঝাবেন ততই আপনাদের সাফল্য আসতে আসতে এগিয়ে যাবে। এই কথা বলে, বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় শিক্ষা মন্ত্রিগণের আনীত ব্যয়-বরাদ্দকে আমি সমর্থন জানাচ্ছি। স্যার, আমি বিধানসভায় এক মাস হল এসেছি। কিন্তু এই ১ মাসের মধ্যে, কি সরকার পক্ষ, কি বিরোধী পক্ষ সবাই বলছেন স্কুল চাই, কলেজ চাই, টেকনিক্যাল কলেজ চাই। এই চাওয়াটাই প্রমাণ করে যে আমরা শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যের অবসান ঘটিয়ে শিক্ষার বাতাবরণ সৃষ্টি করতে পেরেছি। কিন্তু শিক্ষার দায়িত্ব তো শুধু একা বামফ্রন্ট সরকারের নয়, কেন্দ্রীয় সরকারেও একটা দায়িত্ব আছে। কিন্তু তারা সেই দায়িত্ব পালন করলেন না। শিক্ষাকে রাজ্য তালিকা থেকে যুগ্ম তালিকায় করে দিলেন। এদিকে খবরদারি করবেন, দায়িত্ব পালন করবেন না এবং তাদের অনুগামী সদস্যরা বলবেন কেন হল না, জবাব চাই, জবাব দাও — এটা চলতে পারে না। আমি তাই আবেদন জানাব, বর্তমানে কেন্দ্রে যুক্তফ্রন্ট সরকার এসেছে, সুতরাং সবাই মিলে চেষ্টা করি তাদের কাছ থেকে যাতে সাহায্য পাই এবং এই সাহায্য যদি পেতে পারি — পশ্চিমবঙ্গ সরকারের আন্তরিকতা আছে, আমাদের সততা আছে, আমাদের প্রচেষ্টা আছে — আমাদের যে চাহিদা তা পূরণ করতে পারব, আমাদের কাঙ্খিত লক্ষ্যে পৌঁছতে পারব। এই প্রসঙ্গে আমি কয়েকটি কথা বলতে চাই। অভিজ্ঞ মাস্টার মশাইদের কাছ থেকে আমরা যারা পাঠ শিখেছি তারা আজকে নানা সমস্যায় জর্জরিত, কবলিত। তাই মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব, ৬০।৬৫ বছর অবসরের বিষয়টা আইনগত প্রশ্ন না তুলে, আদালতের ঘেরাটোপের মধ্যে না গিয়ে কাট অফ ইয়ার চালু করা যায় কিনা, মাস্টার মশাইদের মুখে হাসি ফোটানো যায় কিনা দেখবেন। আমি একজন ছাত্র হিসাবে মাস্টার মশাইদের কাছে শুনেছি, এখনও বহু শিক্ষক পেনশন পাচ্ছেন না। এটার ক্ষেত্রে সরলীকরণ করুন যাতে ৩ মাসের মধ্যে তাদের হাতে কাগজ তুলে দিতে পারেন। ডি. আই. অফিস আর কলকাতায় ছোটাছুটি করে মাস্টার মশাইদের প্রানান্তকর অবস্থা যাতে না হয় সেটা দেখবেন। মাননীয় রাজ্যপালের ভাষণ, মাননীয় অর্থমন্ত্রীর বাজেট ভাষণ, এমন কি মাননীয় শিক্ষা মন্ত্রিগণের ভাষণেও দেখেছি শিক্ষা ক্ষেত্রে আমরা সফলতা সৃষ্টি করতে পেরেছি। কিন্তু এই সফলতার পিছনে শিক্ষকরাও যুক্ত। এডুকেশন বাই পোলা

প্রসেসে এক দিকে শিক্ষার্থী, অন্য দিকে শিক্ষক। সেই শিক্ষকরা আজকে শিক্ষার দায়িত্ব পালন করছেন বলে আমরা এগুতে পেরেছি। তাই আমার আবেদন, সেই শিক্ষকদের নূতন করে দায়বদ্ধতায় ফেলবেন ন, ব্যথাতুর চিত্তে আঘাত দেবেন না। আরও বেশি খোলা-মেলা আলোচনা করুন, অনেক শিক্ষক সংগঠন আছেন, বুদ্ধিজীবী মানুষ আছেন, তাদের সঙ্গে খোলা-মেলা আলোচনা করুন। আমরা দেখছি, লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রী প্রত্যেক বছর স্কুল কলেজ থেকে বেরিয়ে যায়। তাদের বাবা-মার চোখে-মুখে উৎকন্ঠা। সেইসব ছাত্র-ছাত্রীদের মুখে কি হতাশা, পান্ডুর, ফ্যাকাসে, দুশ্চিন্তা। সেই দুশ্চিন্তার একটি মাত্র কারণ হল, ভবিষ্যতে কি হবে? আমরা পলিটিক্যাল স্টেবিলিটি সৃষ্টি করেছি। শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্যের পরিবেশ আর নেই। এটা আমাদের গর্ব। শুধু পলিটিক্যাল স্টেবিলিটি সৃষ্টি করলেই হবে না, তার সঙ্গে ইকনমিক স্টেবিলিটি সৃষ্টি করতে হবে। বিগত কংগ্রেস সরকার ইকনমিক স্টেবিলিটি সৃষ্টি করতে পারে নি। প্রয়োজন হলে বর্তমান কেন্দ্রীয় সরকারের সমস্ত রকমের সাহায্য নিয়ে ইকনমিক স্টেবিলিটি সৃষ্টি করতে হবে। আমাদের রাজ্যে যে সীমাবদ্ধ অর্থনৈতিক ক্ষমতা সেই সীমাবদ্ধ অর্থনৈতিক ক্ষমতাকে নিয়োজিত করে জীবনমুখী শিক্ষা প্রবর্তন করার মধ্য দিয়ে, কারিগরি শিক্ষার মাধ্যমে, সেইসব শিক্ষার্থীদের যদি অন্তর্ভুক্ত করতে পারি তারজন্য আগামী দিনে একটা সুনির্দিষ্ট পরিকল্পনা মাননীয় মন্ত্রী মহাশয়গণ গ্রহণ করুন। তা না হলে শিক্ষা ক্ষেত্রে যে নৈরাজ্যের অবসান ঘটানোর আমরা দাবি করছি, আগামী দিনে সেইসব তরুণ ছাত্র সমাজ যাদের ১৮ বছর বয়স তারা আবার ফুটে উঠবে। আবার পশ্চিমবাংলাকে, সোনার বাংলাকে হয়ত শ্মশানে, হয়ত বা নরকে পরিণত করতে অগ্রসর হবে। আমি সেই ভয়ঙ্কর দুঃস্বপ্ন দেখছি। কাজেই এই বিষয়টি গুরুত্ব সহকারে ভাববেন এবং কর্মসংস্থানের উপর গুরুত্ব দেবেন। এই আশা প্রকাশ করে মাননীয় মন্ত্রী মহাশয়গণ যে ব্যয় বরাদ্দের দাবি এখানে হাজির করেছেন তাকে সম্পূর্ণ ভাবে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[5-20 — 5-30 P.M.]

**শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষা মন্ত্রী শিক্ষাখাতের যে ব্যয় বরাদ্দের দাবি আজ এই সভায় উপস্থিত করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের তরফ থেকে যে সমস্ত কাট মোশন আনা হয়েছে তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, বর্তমানে পশ্চিমবাংলায় যে শিক্ষা ব্যবস্থা চালু রয়েছে তাতে গ্রামের মানুষদের কল্যাণের কথা চিন্তা করা হয় নি। পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থায় প্রচন্ড বৈষম্য আনা হয়েছে। প্রাইমারি শিক্ষা ব্যবস্থায় ওরা ডিটেনশন প্রথা তুলে দিয়ে ওদের দলের শিক্ষকদের ফাঁকি দেওয়ার প্রচন্ড সুযোগ করে দিয়েছেন। প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় পাশ, ফেল প্রথা থাকলে শিক্ষকদের একটা দায়িত্ব থাকত কিন্তু প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় পাশ, ফেল প্রথা না থাকার ফলে দেখা যাচ্ছে পঞ্চম শ্রেণীতে উঠে অনেক ছাত্রই তাদের নামটাও সোজা করে পারে না। তারপর যে হারে ছাত্র সংখ্যা বাড়ছে সেখানে তাতে হাইস্কুলগুলিতে ভর্তি

হওয়া একটা সমস্যা হয়ে দাঁড়িয়েছে। বিনা টেস্টে হাইস্কুলগুলিতে ছাত্ররা ভর্তি হবার সুযোগ পাচ্ছে না। এবং এমন কি অনেক জায়গায় ২/৩ শো টাকা করে ডোনেশন দিয়ে ছাত্রদের হাইস্কুলে ভর্তি হতে হচ্ছে। স্যার, বামফ্রন্টের আমলে এই সরকার শিক্ষা ব্যবস্থাটাকে এমন একটা জায়াগায় এনে দাঁড় করিয়েছেন যে গ্রামের দরিদ্র মানুষরা শিক্ষা পাওয়া থেকে বঞ্চিত হচ্ছেন। সরকার পক্ষের মাননীয় সদস্যদের জিজ্ঞাসা করি, আপনাদের ছেলে মেয়েরা কি সাধারণ প্রাইমারি স্কুলগুলিতে পড়ে, না কি কনভেন্ট স্কুলগুলিতে পড়ে? এই তো এখানে যারা মন্ত্রী হয়ে বসে আছেন তারা ইংলিশ মিডিয়াম স্কুলগুলিতে পড়ে এখানে মন্ত্রী হয়ে বসে আছেন কাজেই গ্রামের মানুষের কথা ভাবার মতন মানসিকতা তাদের নেই। তারা চান না গ্রামের মানুষরা ইংরাজি শিখে উচ্চ শিক্ষার ক্ষেত্রে প্রবেশাধিকার পান এবং সেই জন্যই দেখা যাচ্ছে ডাক্তারি, ইঞ্জিনিয়ারিং, বৃত্তিমূলক শিক্ষার ক্ষেত্রে তারা পিছিয়ে পড়ছেন। এই প্রসঙ্গে আমার ১৮৩৫ সালের লর্ড মেকলের শিক্ষা ব্যবস্থার কথা মনে পড়ছে। সেই সময় যেমন তিনি তাদের নিজেদের কাজ চালাবার জন্য কিছু কেরানি তৈরির শিক্ষা ব্যবস্থা চালু করেছিলেন বর্তমানে এই বামফ্রন্ট সরকার তাকেই অনুসরণ করছেন। ডিটেনশন প্রথা তুলে দেবার ফলে ক্লাশ এইট থেকে নাইনে উঠে ছাত্ররা তাদের যোগ্যতা হারিয়ে ফেলছে এবং সেখানে তারা মানিয়ে নিতে পারছে না। উচ্চ শিক্ষার ক্ষেত্রে এরা এমনই সিলেবাস তৈরি করেছেন যে উচ্চ মাধ্যমিকের পর ডিগ্রি কোর্সে ইংরাজি, বাংলা আবশ্যিক — এটা তুলে দেওয়া হয়েছে। ইংরাজি তো দূরের কথা বাংলা ভাষাটাও তারা শিখছে না। সেখানে ভূগোল, ইতিহাস, পলিটিক্যাল সায়েন্স নিয়ে তারা গ্র্যাজুয়েট হচ্ছে। এই প্রসঙ্গে আমি আমার অভিজ্ঞতার কথা একটু বলি। আমি যখন বি. এড. পড়ি তখন মাননীয় শিক্ষক মহাশয় যিনি আমাদের পড়াচ্ছিলেন বাংলা ভাষায়, একজন ছাত্রী তার কথা বুঝতে পারছিলেন না। স্যার, তখন তাকে জিজ্ঞাসা করলেন, আপনি কি বাংলা বুঝতে পারছেন না? তিনি বললেন, না। স্যার, জিজ্ঞাসা করলেন, আপনার কি বাংলা ভাষা আবশ্যিক ছিল না? তিনি বললেন, না। শিক্ষাকে আজকে এরা এই জায়গায় নিয়ে এসেছেন যে বাংলা ভাষা পর্যন্ত ছাত্র-ছাত্রীরা বুঝতে পারছে না। এই ভাবে দেখা যাচ্ছে যে উচ্চ শিক্ষার ক্ষেত্রেও এখানে একটা চরম নৈরাজ্য চলছে। এখানে উচ্চবিত্ত ঘরের মানুষদের জন্য এক রকমের ব্যবস্থা হয়েছে, পাশাপাশি সাধারণ মানুষের জন্য সেইভাবে উচ্চ শিক্ষার ব্যবস্থা করা হয় নি। এখানে এইভাবে একটা বিমাতৃসুলভ নীতি গ্রহণ করার ফলে উচ্চ শিক্ষা সাধারণ মানুষের কাছ থেকে দূরে সরে যাচ্ছে। এখন ওরা বলছেন, ইংরাজিকে ৫ম শ্রেণী থেকে ফিরিয়ে আনতে হবে। ৫ বছর পরে হয়ত বুঝবেন, প্রাথমিক স্তর থেকেই ইংরাজির প্রয়োজন আছে। স্যার, মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রেও এখানে একটা চরম নৈরাজ্য চলছে। মাদ্রাসা শিক্ষার এখানে ব্যাপক অবনতি হয়েছে, মাদ্রাসা শিক্ষাকে সরকার সঙ্কুচিত করছেন। বামফ্রন্টের ২০ বছরে ওরা বলছেন, শিক্ষার ক্ষেত্রে বিপ্লব এনেছেন অথচ আমরা দেখছি, ওদের ২০ বছরের রাজত্বের পর এখানে মাদ্রাসা ৫০০ কভার্ড হয় নি। এ বছর ৭৭টা দেওয়া হবে বলে বলছেন, ১২টি ঝুলে আছে। এর আগে মাদ্রাসা শিক্ষা দপ্তরের যিনি মন্ত্রী ছিলেন তিনি এর সমস্যাটা বুঝেছিলেন এবং কিছু একটা করার

চেষ্টা করেছিলেন। কিন্তু এই বামফ্রন্ট সরকার সেখান থেকে সরে গেছেন। এই সরকারের মাননীয় মন্ত্রী মহাশয়, ঘোষণা করেছিলেন যে ইসলামিক রিসার্চ ইন্সটিটিউট তৈরি করা হবে, কিন্তু আজ পর্যন্ত তার কোনও কাজ শুরু করা হয় নি। আমরা আরও দেখছি যে এই মাদ্রাসা শিক্ষা বোর্ডকে স্বয়ং শাসিত করা হয়েছে, কিন্তু আজ পর্যন্ত সেখানে নির্বাচিত প্রতিনিধি যেতে পারে নি, সব জায়গায় ইগনোর করা হয়েছে। মাদ্রাসা শিক্ষা পশ্চিম বাংলায় পিছিয়ে পড়েছে, এর উন্নয়নের জন্য কোনও টাকা রাখা হয় নি। আপনারা যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন যে, ১৯৯৫-৯৬ সালে ছিল ২ কোটি ৯৭ লক্ষ ৭৪ হাজার টাকা। তার আগের বছরে ছিল ১ কোটি টাকা। আর এবারে দেখছি ১ কোটি ৩০ লক্ষ টাকা ডেভেলপমেন্টের জন্য রাখা হয়েছে। নূতন কোনও মাদ্রাসা করার জন্য কোনও টাকা রাখা হয় নি। আপনারা বলেন যে সংখ্যালঘুদের জন্য অনেক কিছু করছেন, অনেক বিপ্লব এনেছেন, কিন্তু তারা বারে বারে মার খাচ্ছে। আপনারা যতই ঢাকঢোল পিটিয়ে বলুন যে বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের জন্য মিড-ডে মিলের ব্যবস্থা করেছেন, কিন্তু গ্রামের কোথাও সেটা তারা পায় না। আপনারা বলেছেন যে পোষাক দেবার ব্যবস্থা করেছেন। আমি আপনার কাছে জিজ্ঞাসা করছি। কতজন লোক সেটা পেয়েছেন, আপনি সেটা খোঁজ করে দেখবেন। আজকে সাক্ষরতার ব্যাপক উন্নতি হয়েছে বলে দাবি করছেন, সাক্ষরতার জোয়ার বইয়ে দিয়েছেন। বামফ্রন্ট সরকারের সঙ্গে আমি এই ব্যাপারে একমত যে নিরক্ষরতা একটা পাপ। এই নিরক্ষরতার জন্য বিচ্ছিন্নতাবাদী মাথা চাড়া দিয়ে ওঠে, নানা রকম গোলমাল হয়। কিন্তু নিরক্ষরতা দূরীকরণের জন্য আপনাদের আন্তরিক প্রয়াস ছিল কি, আপনারা কি সেইমতো কাজ করেছেন? আপনারা বলেছেন যে মুর্শিদাবাদে ৫.৩০ শতাংশ সাক্ষরিত হয়েছে, কিন্তু এক শতাংশও সাক্ষরতায় সফলতা আনতে পেরেছেন কিনা সেটা ভেবে দেখবেন। এই সাক্ষরতার কাজ যে সমস্ত কর্মচারিরা করেছেন, তারা আপনাদের দলীয় স্বার্থে কাজ করেছে। কাজেই সাক্ষরতার কাজ কিছুই হয় নি। আমি বলব যে আপনাদের এই ব্যাপারে সদিচ্ছার অভাব আছে এবং এটা নিয়ে একটা নৈরাজ্যের সৃষ্টি করেছেন। কাজেই এই শিক্ষা বাজেটের বিরোধিতা করে, আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় সভাপতি মহাশয়, এখানে পূর্ণ মন্ত্রী এবং আধা মন্ত্রী মিলিয়ে প্রায় ৫ জন মন্ত্রী যে শিক্ষা বিভাগের বাজেট পেশ করেছেন, আমি সেই শিক্ষা বাজেটের বিরোধিতা করে, আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে, তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। গত ১৯ বছরে শিক্ষা ক্ষেত্রে যা খরচ করা হয়েছে তাতে ওদের একটা শিক্ষা লাভ হয়েছে। রবীন্দ্রনাথের কবিতা দিয়ে আরম্ভ করছি। রবীন্দ্রনাথের কবিতা 'পদ্মো সুরভি' যা ওদের হৃদয়ে ঘুরছে, তাই দিয়ে ওরা বিরোধীদের মোকাবিলা করতে পারছে। ওরা কথায় কথায় বলেন যে ভারতবর্ষে কিছুই হয় নি, এখানে সব হয়েছে। আমি সেজন্য এখানে একটা পরিসংখ্যান দিতে চাই। গ্রোথ অব রেকগনাইজড প্রাইমারি স্কুল, অল ইন্ডিয়াতে ১৯৮১ সালে ছিল ৪ লক্ষ ৯৪ হাজার ৫০৩। ১৯৯৩ সালে সেটা বেড়ে হয়েছে

৫ লক্ষ ৭২ হাজার ৫৪৪। অ্যাডিশনাল পারসেন্টেজ ১৫.৭৮ পারসেন্ট। আর পশ্চিমবঙ্গে ১৯৮২ সালে ছিল ৪৬ হাজার ২৪৮। ১৯৯৩ সালে সেটা হয়েছে ৫১ হাজার ২১। অর্থাৎ অ্যাডিশনাল পারসেন্টেজ ১০.৩২। এই ভাবে দেখা যাবে যে হাই স্কুলের পার্সেন্টেজেও পিছিয়ে আছেন। টেকনিক্যাল এডুকেশনের ক্ষেত্রে আপনারা বলেছেন যে, কারিগরি শিক্ষা দিতে হবে, জেনারেল এডুকেশন দিয়ে কিছু হবে না। এই বিষয়ে আমিও একমত। আপনি প্ল্যান বাজেটে টেকনিক্যাল এডুকেশনের জন্য খরচ করছেন ৭.২ পারসেন্ট। আপনারা সব সময়ে অন্য রাজ্যের উদাহরণ দেন। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি মিথ্যা কথা বলে পশ্চিমবাংলার বামফ্রন্ট সদস্যদের হাততালি কুড়োতে পারেন, কিন্তু তাতে সমস্যার সমাধান হবে না। কেরলে ৫০ পারসেন্টেজের কাছাকাছি টেকনিক্যাল এডুকেশানে ব্যয় করে। আর আপনারা ৭.২ পারসেন্ট টাকা খরচ করে বলছেন যে, আমরা টেকনিক্যাল এডুকেশানে অনেক খরচ করছি। এই অর্থ দিয়ে টেকনিক্যাল এডুকেশনের কোনও প্রসার লাভ ঘটবে না।

[5-30 — 5-40 P.M.]

সভায় উচ্চ এবং প্রাইমারি শিক্ষা দপ্তরের মন্ত্রীরা রয়েছেন, কিন্তু তাঁরা যে বাজেট ভাষণ দিয়েছেন তাতে ভুল লেখা রয়েছে। তাতে বলেছেন —

The Primary Sports Meet, which is a regular annual event, took place in 1995-96 also. This is a unique Sports Meet which starts from the circle level and ends with the State Level Meet. I am sorry to say that the Sports Meet should be started from Gram Panchayat level not from the Circle level.

এই জ্ঞানটুকুও যদি আপনাদের না থাকে তাহলে শিক্ষা দপ্তর সম্বন্ধে আপনারা যে কতখানি ওয়াকিবহাল সেটা সহজেই বোঝা যায়। ইংরাজি তুলে দেওয়া নিয়ে নানা কথা ঘুরে ফিরে আসছে। যখন ছাত্র আন্দোলন করতাম সেই সময় ইংরাজি তুলে দেওয়ার বিরুদ্ধে অনেক প্রথিতযশা ব্যক্তি — রমা চৌধুরি, সত্যেন সেন. প্রতুল গুপ্ত প্রমুখ ব্যক্তিগণ — অনেক বক্তব্য তুলে ধরেছিলেন, কিন্তু আপনারা সেটা শোনেন নি। আপনারা শুনেছিলেন শুধুমাত্র আলিমুদ্দিন স্ট্রিটের নির্দেশ। আজকে মাননীয় মন্ত্রী দয়া করে বলবেন, ১৯৭৭ সালের আগে পর্যন্ত কয়টি কিন্ডার গার্ডেন স্কুল ছিল এবং তারপর আপনারা নূতন শিক্ষা ব্যবস্থা ইন্ট্রোডিউস করবার পর আজকে পর্যন্ত কয়টি কিন্ডার গার্ডেন স্কুল হয়েছে। এই পরিসংখ্যান দেখলেই বোঝা যাবে, ইংরাজি তুলে দিয়ে ভুল করেছেন, না ভাল করেছেন। দেখা যাচ্ছে, নিজেদের আত্মীয় স্বজনদের অসুবিধা সত্ত্বেও প্রাইমারি স্কুলে ভর্তি না করে ইংলিশ মিডিয়াম স্কুলে দেবার ব্যবস্থা করেছেন। এবং এটা করেছেন শুধুমাত্র প্রতিযোগিতায় টিকে থাকবার জন্য, কারণ আই. এ. এস. বা আই. পি. এস. নয়, সাধারণ সব পরীক্ষা — স্টাফ সিলেকশন, পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক গৃহীত পরীক্ষাতেও ইংরাজি পরীক্ষায় বসতে হবে। প্রাথমিক

স্তরে ইংরাজি তুলে দেবার ফলে ঐসব সাধারণ ছাত্র-ছাত্রীরা এই সুযোগটাও পাচ্ছে না। তাই আমার অনুরোধ, দয়া করে ক্লাশ ফাইভ থেকে নয়, ক্লাশ টু থ্রি থেকে ইংরাজি রিইন্ট্রোডিউস করুন। তবে আমরা জানি, কিছুদিনের মধ্যে যে অবস্থা আসছে তাতে দেখা যাবে, ক্লাশ ফাইভ থেকে নয়, ক্লাশ থ্রি থেকেই ইংরাজি পড়ানও হচ্ছে এবং তখন নাকটা আমাদের নয়, আপনাদেরই কাটা যাবে। আপনারা অবসর প্রাপ্ত শিক্ষকদের সময়মতো পেনশন দেবেন বলেছেন, কিন্তু দেখা যাচ্ছে রাজ্যে ৫০ হাজার অবসর প্রাপ্ত শিক্ষক পেনসন পাচ্ছেন না। কিসের জন্য এটা হচ্ছে? আপনারা ৬০-৬৫-র কথা বলছেন, কিন্তু চিত্তরঞ্জন দাস ঠাকুরের মতো আমিও বলছি, এটাকে আপনারা প্রেস্টিজ ইস্যু করবেন না। তবে আমরা জানি আগামী দিনে শিক্ষকদের ৪০ বছর বয়সে রিটায়ার করতে হবে বলে বলবেন। ৫০-৬০ টাকা মাইনেতে যারা শিক্ষকতা করতেন আজকে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে একটা কাট অফ ইয়ার ঠিক করে দিলেন! এবং তার ফলে তাদের মামলার দিকে যেতে হল। কলকাতা হাইকোর্ট বাঁকুড়া প্রাথমিক শিক্ষক কল্যাণ সমিতির পক্ষে রায় দিয়ে তাদের মাইনে দিয়ে দেবার নির্দেশ আপনাদের কাছে পাঠিয়েছেন। কলকাতা হাইকোর্টের জাজ শ্রী এম. কে. বটব্যাল কিছুদিন আগে তাঁর রায়ে বলেছেন —

Go on paying salaries and allowances as, admissible to the posts to the members of the Petitioner's Association unders the district of Bankura, failing which you will be liable for contempt of this Hon'ble Court which please note.

আজকে বাঁকুড়া সম্বন্ধে কলকাতা হাইকোর্ট রায় দিয়েছেন — ওদের মাইনে দিয়ে দিন। আপনারা কোয়ালিটি অফ ট্রেনিং এর কথা বলছেন। কিন্তু কোয়ালিটি অফ ট্রেনিং তাদের কি করে হবে? প্রাইমারি টিচারদের কি 'ইউনিসেফ' ট্রেনিং দেবে? আর আমি বলছি, মিনিমাম লেভেল অফ নলেজ শিক্ষকদের দেবার দরকার নেই, মিনিমাম লেভেল অফ নলেজ বামফ্রন্ট সরকারের মন্ত্রীদের থাকা উচিত শিক্ষা ব্যবস্থাকে সুষ্ঠু ভাবে চালিয়ে নিয়ে যাবার জন্য।

মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আবার বলি উচ্চ শিক্ষার ক্ষেত্রে যে বন্দোবস্ত চলছে সেটা একটা দুর্নীতির ব্যবস্থা চলছে। ক্যালকাটা ইউনিভারসিটির ভাইস চ্যান্সেলার পদে যোগ্যতার বলে চাকুরি পাওয়া যায় না সেখানে দেখা হয় আলিমুদ্দিন স্ট্রিটে তাঁর আনুগত্য আছে কিনা। এই জিনিস চলতে পারে না। যে জায়গায় আশুতোষ মুখোপাধ্যায়ের মতো লোক ছিলেন সেখানে এই সব চলতে পারে না। সন্তোষ ভট্টাচার্য কিংবা রমেন পোদ্দার বড় কথা নয়, কংগ্রেস সি. পি. এম. বড় কথা নয়, কলিকাতা বিশ্ববিদ্যালয় চালাতে গেলে একজন নিরপেক্ষ যোগ্যতা সম্পন্ন প্রশাসক চাই। তবেই শিক্ষা ক্ষেত্রে নিরপেক্ষতা থাকবে। এই কথা বলে কাট মোশন সমর্থন করে আপনার বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় চেয়ারম্যান স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার

আছে। আমাদের নেতা অতীশ সিনহা মহাশয় উল্লেখ করেছিলেন একটু আগে। সেই ব্যাপারে এখনও পর্যন্ত হাউসকে কিছু জানানো হয় নি। আমাদের একজন মাননীয় সদস্য অধীর চৌধুরিকে গ্রেপ্তার করা হয়েছে। আমরা সাড়ে পাঁচটা পর্যন্ত টাইম দিয়েছিলাম কেন এই ভাবে তাঁকে গ্রেপ্তার করে রেখে দেওয়া হয়েছে তার জবাব স্বরাষ্ট্র মন্ত্রীকে দিতে হবে। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী বলুন এবং এখানে বিবৃতি দিন যে কেন এবং কি কারণে তাঁকে গ্রেপ্তার করা হয়েছে। এই হাউসের তিনি একজন মাননীয় সদস্য, তিনি এখানে আসতে পারছেন না। কি কারণে তাঁকে গ্রেপ্তার করা হয়েছে? আদালতে সে আত্মসমর্পণ করেছিলেন, তিনি জানতে চেয়েছিলেন কি কি মামলা তাঁর বিরুদ্ধে আছে। আদালত সরকারের কাছে সেটা জানতে চেয়েছিল। সব কিছু জানানো সত্ত্বেও আজকে আবার কেন তাঁকে কি কারণে গ্রেপ্তার করা হল? আজকে তিনি হাউসে আসছিলেন, তাঁকে গ্রেপ্তার করা হয়েছে। হাউসে তিনি আসতে পারছেন না। সাড়ে পাঁচটা পর্যন্ত আমরা সময় দিয়েছিলাম এই ব্যাপারে সরকারের তরফ থেকে একটা বিবৃতি দেওয়া হোক। মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি জানেন নিয়ম হচ্ছে কোনও সদস্যকে যদি গ্রেপ্তার করতে হয় তাহলে সঙ্গে সঙ্গে মাননীয় স্পিকারের অনুমতি নিতে হয়। মাননীয় স্পিকার সেটা জানার সঙ্গে সঙ্গে সেটা হাউসকে জানান। আমাদের একজন ইমপর্টেন্ট সদস্য, তিনি হাউসে আসতে পারছেন না, তাঁকে আটকে রাখা হয়েছে। তাঁর বিরুদ্ধে কি কি কেস দেওয়া হয়েছে সেটা আমাদের জানার দরকার আছে। স্যার, আপনি হাউস অ্যাডজোর্ন করুন। তা না হলে হাউস এই ভাবে চলতে পারে না।

(গোলমাল)

মাননীয় স্পিকারকে তাঁর গ্রেপ্তার খবর জানানো হয়েছে কিনা সেটা আমাদের কাছে জানান। স্পিকার সাহেব এখানে আসুন এবং বিবৃতি দিন। তা না হলে এই ভাবে হাউস চলতে পারে না। তাই আপনি হাউস অ্যাডজোর্ন করুন এবং মুখ্যমন্ত্রীকে বিবৃতি দিতে বলুন কেন তাঁকে গ্রেপ্তার করা হয়েছে, কি কারণে তাঁকে গ্রেপ্তার করা হয়েছে। কেন একজন সদস্যের যে অধিকার সেই অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে? এই মানসিকতা নিয়ে হাউস চলতে পারে না। কেন একজন সদস্য গ্রেপ্তার হল তার ইনফরমেশন আমরা পেলাম না? মাননীয় চেয়ারম্যান স্যার, দয়া করে আপনি এই হাউস অ্যাডজোর্ন করুন, ১৫ মিনিটের জন্য হাইস অ্যাডজোর্ন করুন। তা না হলে হাউস চালানো মুশকিল হয়ে যাবে। কেন একজন সদস্যকে গ্রেপ্তার করা হবে? এই ভাবে চলতে পারে না। আমরা জানতে চাই ডিরেক্টর জেনারেল অফ পুলিশ কিংবা হোম সেক্রেটারি কি মাননীয় স্পিকার মহাশয়কে কোনও খবর পাঠিয়েছেন এই গ্রেপ্তারের ব্যাপারে? এই খবর পাঠানো হয়েছে কিনা সেটা আমরা জানতে চাই। যদি না পাঠানো হয়ে থাকে তাহলে কি কারণে পাঠানো হয় নি সেটা আমাদের জানানো হোক। কেন হাউসকে জানানো হচ্ছে না? একজন সদস্যকে গ্রেপ্তার করা হয়েছে তার ইনফরমেশন কেন আমাদের দেওয়া হচ্ছে না? হ্যাভ ইউ বিন ইনফর্মড দ্যাট শ্রী অধীর চৌধুরি ইজ অ্যারেস্টেড?

[5-40 — 5-50 P.M.]

**মিঃ চেয়ারম্যান ঃ** খবর পাঠানো হয়েছে, পরে এটা জানানো হবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আপনার চেয়ার কি জানে যে অধীর চৌধুরি হ্যাজ বিন অ্যারেস্টেড? এটা কি চেয়ার জানে? তা যদি জেনে থাকে তাহলে কেন চেয়ার থেকে বলা হচ্ছে না? অধীর চৌধুরি অ্যারেস্ট হয়েছে কিনা তা চেয়ার থেকে বলুন?

**(গোলমাল)**

**মিঃ স্পিকার ঃ** এখন এইভাবে তো হাউস চলতে পারে না, বিশেষ করে একটা ডিবেট যখন চলছে। কোনও মেম্বারকে পুলিশ আইনত যদি কারণ থাকে তাহলে গ্রেপ্তার করতে পারে। নিয়ম হচ্ছে যে, পুলিশ যদি কোনও মেম্বারকে গ্রেপ্তার করে এবং যদি ২৪ ঘন্টার বেশি ডিটেনশন করে রাখে, তাহলে হাউসকে তা জানাতে হয়। যদি জামিনে ছেড়ে দিতে হয়, কোর্টে নিয়ে যেতে হয়, তাহলে তা হাউসকে জানাতে হয়। ডিটেনশন হলে আমরা মেম্বারদের খবর নিই। পুলিশ কিন্তু আমাদের কমিউনিকেট করে। এখন আমি টেলিফোনে একটা খবর পেয়েছি যে মাননীয় সদস্য অধীর চৌধুরি হ্যাজ বিন অ্যারেস্টেড।

**(গোলমাল)**

**শ্রী আব্দুল মান্নান ঃ** কখন পেয়েছেন?

**(গোলমাল)**

**মিঃ স্পিকার ঃ** প্লীজ, প্লীজ, হ্যাভ সাম পেশেন্স। আই অ্যাম টকিং। আপনি যদি বক্তৃতা করতে থাকেন তাহলে আমি বসি। ইউ আর মেকিং রানিং কমেন্ট্রি।

**(এই সময়ে কংগ্রেস (আই) সদস্যরা নিজের নিজের সিটে উঠে দাঁড়ান)**

অল রাইট, দি ডিবেট উইল কন্টিনিউ। নো পয়েন্ট অব অর্ডার।

Now, Ms. Gillian Rose Mary Hart.

**Ms. Gillian Rose Mary Hart :** Mr. Speaker, Sir, and my colleagues, I would request you to kindly give me an opportunity to speak. "Give a child a fish and you feed him for a day. Teach him to fish and you feed him for a life time". This, my friends, is the value of education. Today, we are discussing the Education Budget, for 1996-97. I have gone through the budget carefully and congratulate the Ministers concerned for the efforts being made by them in their respective spheres, to improve the standard of education in our State. It is heartening to

know that the Left Front Government of West Bengal has placed importance on education and has achieved much success in this field during the last 19 years. Yes, the quality rather than quantity of education in the state certainly needs more attention. That the Government is well aware of this is clear from the positive steps of abolishing quotas for medical colleges etc. that has been taken recently. The admission of students on the basis of merit will certainly enhance quality learning. Another important way in which the quality of education can be enhanced is by keeping out of educational institutions those group and factors that disturb and vitiate the educational atmosphere.

Those who encourage teachers and other workers to leave their posts of duty, create disturbances, create fear in the minds of the pupils etc. should be severely dealth with as this causes not only in the minds of the pupils not only a deterioration in the standard of education but leads to indiscipline among the pupils. You and I are leaders of the people. You and I are literate. We are leaders of the people and we have to lead. What example we create before the students? It is very important. We should know that students are watching us. The youth look up to us.

I can confidently claim that our Anglo-Indian Schools provide quality education. Our teachers and Staff members are sincere and dedicated. We are grateful to the State Government for the grants given to us, especialy for the Dearness Allowance that is a great help to our teachers. However, I would appeal to the Hon'ble Minister-in-charge of Primary and Secondary Education to see that the Government Dearness Allowance is disbursed on time since most of our Staff members earmark that for essential needs and they are severely handicapped when there is a delay in disbursement of the same.

The more experienced that teachers are, the better will be the quality of education that they impart. Experience is the best teacher and I appeal to the Government to give experienced teachers their just dues.

The employees of D. A. getting Anglo-Indian Schools in West Bengal are receiving Dearness Allowance and Additional Dearness Allowance of 71% on the maximum of ROPA'81 in the Second Pay Commission. Over and above 71% the Additional D. A. is being calculated on the initial of ROPA'90 without considering the experience of

these employees i.e., a Teacher/Employee who has served for 10 to 20 years is getting the same amount of Additional D. A. as an employee who has just joined service in these Institutions. This formula of computation of Additional D. A. is unfair to these employees who have been in service for a long period. Besides this, without any prior notification by memo No. 525(69) SC/AIS dated 28-2-95, D. A. to employees of these Institutions beyond the age of 60 years had been stopped. These employees have been deprived of the Government D. A. for the three months from December, 1994 to February, 1995 a period during which they had already served in their respective Institutions. Since the direction in the said memo was not with restrospective effect, the denial of D. A. for these three months was apparently unjustifiable harassment.

Further more there was no logic nor justification in denying these employees arrear D. A. for December, 1993 to November, 1994 as they had not only served in their respective institutions during this period but also had received the regular Government D. A. during the said period

There is a State Board for Anglo-Indian Education that looks after matters pertaining to our Anglo-Indian Schools. I would request the Hon'ble Minister for Primary and Secondary Education who is Chairman of this Board to convene a meeting at an early date so that we can discuss how our Anglo-Indian Schools can help enhance quality education in our State. Yes, our Government has taken the schemes for distribution of text books, school uniforms, midday meals, etc to primary school children and the improvement of school buildings. The steps have been taken in the right direction. Everyone has a right to education and the introduction of the State. Open School is certainly a step in the right direction as is the expanding of facilities to improve Technical Education in the State.

I would like to say that you think about the quality of education. Don't vitiate the educational atmosphere. It is not good for the education and it is not good for our students. Everyone has a right to education. So, I appeal to you please remember this and once again you are the people and everyone looks up. You are leaders of our State. Show people by your example that you are doing something positive rather than something negative for our State.

In conclusion I can say with certainty that our Anglo-Indian Schools will definitely contribute competently towards the positive goals laid down by the State Government and will continue, as we have always done in the past, to make many valuable contributions to the Educational Scenario of West Bengal. Keeping this in view I approve of the Demand for the Education Budget before the House which should have our whole-hearted support.

[5-50 — 6-00 P.M.]

**Mr. Speaker** : I was on my legs. I was making a statement. The rule is that when the Speaker is on his legs he is not disturbed. But I find in this House, after the new House has been formed, the convention has become that when the Speaker is on his legs he will be disturbed. From where this convention has emerged I do not know. This way we canot function. If the Hon'ble Members do not observe minimum decorum and the necessary requirement for making voluntary submissions, if they do not observe certain norms then we cannot function. There may be question of agitation, members may be agitated over some issues. I do not want to deny that right of them to be agitated. It is logical. There may be situation when the members may be agitated. Even that must be within certain norms. Norms cannot be violated. Now a question has arisen whether a certain member has been arrested or not. I was telling the House that a little while ago I received telephonic communication that the Hon'ble Member Shri Adhir Chowdhury has been arrested. A formal message is being communicated to my office. I do not have the complete message. Rule is that if a member is detained for more than 24 hours the House is informed of his detention but if he is arrested and produced before a Magistrate and released on bail then the convention is that we do not inform the House. Now the Hon'ble member has been arrested. I do not know whether he is being produced in Court or not. I do not know whether he is released on bail or not. The matter is taking place in Murshidabad district which is a communication distance. It will take some time for communication to be received at the Headquater, from the Headquater to my office. Time has to be given to the authorities. After that formality is over and the message is received over here whatever has to be done in accordance with the rule will be done. In spite of all agitation there are certain rule and procedures which are to be fol-

lowed. We are following that in every case. I do not have any personal axe to grind or to conceal or suppress information. We never do it. Often members are being arrested and released. We do not have the convention to place that on the table. It comes to office, we file it. Only if a member is detained for more than 24 hours and the House is in session we inform the House that the member has been arrested and he is being detained in such and such hour in prison. That is the entire matter. We have to wait for the information to come. As soon as it arrives we will inform you.

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যেটা লক্ষ্য করছি, অধীররঞ্জন চৌধুরিকে বামফ্রন্ট যমের মতো ভয় করছে। তিনি নির্বাচিত হওয়ার পর থেকেই তাকে কিভাবে শায়েস্তা করা যায় তার একটা চক্রান্ত চলছে। তার বিরুদ্ধে অনেক রকম কেস করা হয়েছে, সেটা সত্যি কি মিথ্যা সেটার বিচার হবে আদালতে, সে সম্বন্ধে আমি কোনও উক্তি করছি না। যে কোনও কারণেই হোক সে নিজে গিয়ে স্যারেন্ডার করেছে বহরমপুর কোর্টে তিনি জেলে ছিলেন এবং জামিন পেয়েছেন।

মুক্ত হওয়ার পর গত আট তারিখে তাঁর বিধানসভা কেন্দ্রে, আপনি তো জানেন স্যার ওনার বিধানসভা কেন্দ্রে উনি যেতে পারেননি, পুলিশ কেস থাকার জন্য। ওখানকার যারা পুলিশ কর্তা তারা বিবৃতি দেন তিনি জেলাতে আসলে তাঁকে গ্রেপ্তার করা হবে বলে। পুরো নির্বাচনটাই অনুপস্থিত থেকে তাঁকে করতে হয়েছে। তারপরও মানুষ তাঁকে ঢেলে ভোট দিয়েছে। ২০ হাজার এর বেশি ভোটে তিনি জয়লাভ করেছেন। জয়লাভ করার পর আমরা দেখেছি কিভাবে তাঁকে অপদস্থ করা যায়, কিভাবে আরও বেশি কেস দিয়ে তাঁকে জড়িত করা যায় সে রকম একটা চক্রান্ত চলেছে। ৮ তারিখের মিটিং-এ যেটুকু শুনলাম পুলিশ মন্ত্রীর কাছ থেকে, সেটা হচ্ছে এই যে বক্তৃতা দেবার সময়ে নবগ্রামে যেখান থেকে তিনি নির্বাচিত হয়েছেন, খোলাখুলিভাবে সেখানকার যারা সি. পি. এম. প্রধান রয়েছেন তঁদের বিরুদ্ধে অভিযোগ করেছেন যে তিনি নির্বাচিত হওয়ার পর যারা তাঁকে ভোট দিয়েছিলেন, তাদের এলাকা থেকে, তাদের গ্রাম থেকে, পাড়াগুলি থেকে জলের কলগুলিকে সরিয়ে নেওয়া হয়েছে। তাদের জলের তৃষ্ণা মেটাবার উপায় থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। এটা স্যার যদি বলেন অন্যায় তাহলে নিশ্চয় সেটা অন্যায় আর আপনি যদি বলেন এটা ন্যায় তাহলে সেটা আমাদের মেনে নিতে হবে। এটা স্যার, আষাঢ়ে গল্প নয়। বাস্তবে এই ঘটনা ঘটেছে। স্যার আমি সেই মিটিং-এ ছিলাম। আমার সঙ্গে পুলিশ মন্ত্রীর যেটুকু কথা হয়েছিল আমি সেই কথাই বলছি। পুলিশমন্ত্রী এখনও বিবৃতি দেননি। কিন্তু স্যার, এটা ঠিক অধীররঞ্জন চৌধুরি বক্তব্য রাখার সময়ে বলেছেন এটা যদি করা হয় তাহলে বামফ্রন্টের প্রধান যারা আছেন তাদের বাড়ি ঘেরাও করা হবে এবং তিনি বলেও ফেলেছিলেন দরকার হলে বাড়ি জ্বালিয়ে দেওয়া হবে। স্যার, এই ধরনের কথা রোজ আপনাদের তরফে হামেশাই বলা হচ্ছে, আমাদের

তরফেও কোথাও কোথাও বলা হচ্ছে। আপনারা জ্বালিয়ে দিচ্ছেন, মানুষকে খুন করছেন। কোনও জ্বালানো এখনও পর্যন্ত নবগ্রামে হয়নি। আজকে এই অপরাধের জন্য যদি একজন বিধানসভার সদস্যকে গ্রেপ্তার করা হয় তাহলে এর থেকে দুর্ভাগ্যজনক আর কিছু হতে পারে না। এর থেকে আমরা বুঝতে পারছি যে, যেকোনও ভাবেই তাকে অপদস্থ করে, সাধারণ একজন মেম্বার হিসেবে তাঁর যে টুকু কর্তব্য এবং দায়িত্ব সেই দায়িত্ব এবং কর্তব্য পালন করা থেকে তাঁকে বঞ্চিত করছেন। এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। স্যার, দেড়টার সময়ে আমরা শুনলাম যে ঘটনা ঘটেছে। আপনি বলছেন কমিউনিকেশনের অভাব। আজকে আমরা একবিংশ শতাব্দীর দিকে চলেছি। যেখানে একটা এস. টি. ডি. করতে এক মিনিটের বেশি সময় লাগে না। আপনি বলছেন এখনও নাকি আপনার কাছে খবর আসেনি। তাঁকে কোর্টে প্রডিউস করা হয়েছে কিনা এখনও আপনার কাছে খবর আসেনি। এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। এর পরেও কি আপনি আশা করেন আমরা চুপ করে বসে থাকব? আপনারা কখন বিবৃতি দেবেন তার আশায়? কম করেও একটা বিবৃতি আমি আশা করেছিলাম। জানি সেই বিবৃতি হবে আমাদের এগেনেস্টে দোষারোপ। আপনারা বললেন, যদি কোনও বিধায়ক বলেন যে আগুন জ্বালিয়ে দেব তাহলে তাঁকে কি আমরা গ্রেপ্তার করব না। আপনারা এই কথা বলবেন। আরও বলবেন যে অতীশবাবু এবং সোমেনবাবু সেই মিটিং-এ ছিলেন তারা প্রতিবাদ করেননি। আরও অনেক সদস্য ওই মিটিং-এ ছিলেন। যেখানে আপনারা হামেশাই শুধু মুখে বলছেন না, বাস্তবে পরিণত করে বহু বাড়ি জ্বালিয়ে দিয়েছেন সেখানে কোনও গ্রেপ্তার হচ্ছে না কোনও কেস হচ্ছে না। বাড়ি জ্বালিয়ে দিচ্ছেন, লুঠ করছেন, কোনও প্রতিকার হচ্ছে না আজকে তাই দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে মন্ত্রিসভার তরফ থেকে অন্তত একটা বিবৃতি আসবে।

এবং সেই বিবৃতি কি হবে তা আমি আন্দাজ করার আগেই বলেছি। আমরা অন্তত এইটুকু সৌজন্যবোধ বামফ্রন্ট সরকারের তরফ থেকে আশা করেছিলাম। যেখানে বিধানসভার একজন সদস্য অ্যারেস্টেড হয়েছেন সেখানে নিশ্চয়ই আপনাদের তরফ থেকে একটা বিবৃতি দেওয়া হবে বলে আশা করেছিলাম। আমি মাননীয় বুদ্ধদেববাবুকে অনুরোধ করব—তাঁর ব্যক্তিগত গ্রাজ মাননীয় বিধায়ক অধীররঞ্জন চৌধুরির উপর হয়েছে, কিন্তু মাননীয় বুদ্ধদেববাবু আপনি ব্যক্তিগত গ্রাজ করবেন না। তাঁকে বিধানসভার সদস্য হিসেবে কাজ করার সুযোগ দিন। সত্যিকারের তিনি যদি কোনও অপরাধ এরপর করেন তাহলে তাঁকে শাস্তি দেবেন। কিন্তু ভিনডিকটিভ অ্যাটিচুড নিয়ে কোনও অ্যাকশন নেবেন না। এটাই বিরোধী দলের নেতা হিসেবে আমার অনুরোধ।

[6-00 — 6-10 P.M.]

**Mr. Speaker :** I have received a message from the West Bengal Police Directorate computer network when Mr. Atish Chandra Sinha was addressing. The message is as follows : -

"Shri Adhir Ranjan Chowdhury, MLA (Congress-I) Nabagram has been arrested today (10-7-96) afternoon from Nabagram P.S. area in C/W Nabagram P.S. Case No. 63/96 dt. 10-7-96 u/s 115/120(B)/506 IPC started on the written complaint of Shri Jagannath Mondal, Pradhan (CPIM) of Narayanpur G P under Nabagram P.S.".

**Shri Narbahadur Chettri** : Sir, as you all know that I have not given any cut motion against the budget but it does not mean that I support the budget demands of the Ministers.

Sir, there are so many problems especially in the field of education in the hills. So far as primary education is concerned, for the last 12 years not a single primary teacher has been appointed in the hills. For the last 8 years the DGHC has not been able to recognise a single primary school in the school-less villages. DGHC has also not been able to recognise a single junior high school in the hill sub-divisions. It has also not been able to upgrade any of the existing junior high school into high school.DGHC is finidng it very difficult to upgrade the schools as the Education Directorate here in Calcutta has not approved the list sent long ago.

Sir, in the Hills, population is increasing and the number of students in the schools are increasing. So, it is very essential to recruit additional teachers in the Primary Schools as well as in the High Schools But the Education Directorate has not given any additional quote for the Hills in the Primary Teachers as well as the High School Teachers The rest of the West Bengal is getting the additional teachers' Quota, Primary Schools' Quota and Junior High School Recognition Quota. But, so far as DGHC is concerned, we feel ignored in this field. So I urge the Hon'ble Minister to give due attention to the Hills, since there are geographical as well as climatic conditions which have compelled our students to go far away places to attend the school. So far as the High School teachers and Primary School teachers are concerned, they have not been considered for the increase of percentage of Hill allowance. The Government of West Bengal has considered 15 per cent Hill allowance, for the employees working in the Hills, and 900/- rupees as winter allowance. But, so far as teachers are concerned, they are yet to receive the increased Hill allowance as well as winter allowance. So I would request the Hon'ble Education Minister not to ignore the Hill teachers, not to treat them so shabbily. So far as Higher Education is

concerned, even after 50 years of Independence we have not been able to produce an I. A. S. officer, an I. P. S. officer, and an I. F. S. officer since opportunity is very limited to our students to pay for Higher Education. We do not have quota in Calcutta University, in Kalyani University and in Jadavpur University. There is a college in Darjeeling,—'Darjeeling Government College', wherein modern subjects, like computer science, electronics engineering, library science are not there. Even Agriculture University is yet to be introduced. I would request the Hon'ble Education Minister to sanction a Technical Engineering College in Darjeeling. These subjects like computer education, electronics engineering, agriculture, library science etc, etc., should be introduced in Darjeeling Government College and in Kalimpong College. Science stream should be introduced in Kurseong. Honours classes in Science and Art Sections should be introduced. Sir, Regarding the sanction of pension, I urge the Hon'ble Minister to open a Pension Cell in the Hills, since our teachers are finding it very difficult to come to Calcutta for pursuing their pension papers. And, if Pension Cell is open in the Hill, it will be very very welcome feature for the teachers of the Hills. Besides, this, Sir, I want to open a very important issue that regarding the sanction of Budget of the Education Department of the Hill Council, Sir, all the budgetary allocations of DGHC are being made by the Hills Department. But so far as Education Budget for the DGHC is concerned, it is being prepared by the Education Department of the Education Ministry. So, I urge the Hon'ble Minister to give the Education Budget to the DGHC from the Hill Affairs Department. It will facilitate our teachers to receive their salary on time. Now, our teachers are getting their salary sometimes on 15th, sometimes on 18th, sometimes on 20th of the month, which is too late. So I urge the Minister to give the Budget to the DGHC from the Hill Affairs instead of Education Directorate. Besides, there is a Chitravanu Institution in Kalimpong. It is under Technical Education Department.

[6-10 — 6-20 P.M.]

Sir, our beloved great poet Kabi Guru Rabindra Nath Tagore had stayed in the Chitra Bhanu College. The conditon of that institute is such that it may collapse any day. So, I would request the Hon'ble Minister to construct a new building for the Chitra Bhanu Craft Institute in Kalimpong. So, far as the polytechnique institute of Kurseong is concerned, I would say, our students of the Hills are not getting admission

in sufficient numbers in the polytechnique institute. So, I would urge the Hon'ble Minister concerned to look into the matter so that the students of the Hills may get admission in the Polytechnique Institute of Kurseong, without any hindarance. Moreover I would request the Hon'ble Minister to establish an ITI like training institute for the girls in Darjeeling since there is dearth of this type of institute. Besides this, I would also urge the Higher Education Minister to set up a degree college in Garubathan area of Kalimpong sub-division because there is only one such college in the Kalimpong Sub-division and that college is not of a very good condition. So, I would urge the Hon'ble Minister to set up a new degree college at Garu Bathan area. It will cater the need of the Jalpaiguri District also. Our students do not have the opportunity to read Gorkha language in the college since in Jalpaiguri there is not a single college which teaches Gorkha language. So, the Garu Bathan college will cater the need of the students of the Jalpaiguri district. Besides this, the R.K.B.T. Teachers Training Institute Building is in a very bad condition. It needs a new building there. So far as the management of the R.K.B.T. college is concerned, I would say that there is not a single representative of the DGHC in the management of the said college. I would request the Minister concerned to make provision so that there can be a nominee from the DGHC. So, after this point, I do not have much to say. I stop here, Sir, Thank you.

**শ্রী নরেন হাঁসদা :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় শিক্ষামন্ত্রীগণ যে শিক্ষা বাজেট পেশ করেছেন সেটা আমি খুব পুঙ্খানুপুঙ্খভাবে পড়েছি। যদিও এই শিক্ষা বাজেট নিয়ে ওঁরা খুব কৃতিত্ব দাবি করেছেন কিন্তু স্যার, পুরাণে আছে—সমুদ্র মন্থনের পর অন্যান্য জিনিসের সাথে অমৃত ও বিষ উঠে আসে। আর দেবতাগণ সেই অমৃত খেয়ে অমর হয়ে যান এবং অসুরগণ বিষ খেয়ে ধ্বংস হয়ে যান।

ঠিক এইভাবে শহরের ২০ ভাগ মানুষকে অমরত্ব দেওয়ার উদ্দেশ্যে গ্রামের ৮০ ভাগ মানুষের কাছে বিষ তুলে দিচ্ছেন, বিশেষ করে গ্রামের পিছিয়ে পড়া মানুষদের আরও পিছিয়ে দেওয়ার চেষ্টা আপনারা করেছেন তাই এর বিরোধিতা আমি করছি। মুর্শিদাবাদ, পুরুলিয়া, বাঁকুড়া জেলার তফসিলি জাতি ও উপজাতিরা সাঁওতালি, মুণ্ডা, কুর্মালি ভাষায় কথা বলে। এখানে একজন মাননীয় সদস্য খুব গর্ব করে বলছিলেন যে মাতৃ ভাষাই মাতৃ দুগ্ধ, তাই আমি বলতে চাই বাঙালির কাছে বাংলা ভাষা মাতৃ দুগ্ধ তাহলে কি ওখানকার আদিবাসীদের কাছে সাঁওতালি, মুণ্ডা, কুর্মালী ভাষা বিষ। আমাদের হাজার হাজার মানুষ আছে যারা সাঁওতালি ভাষায় কথা বলে, তাহলে তাদের কাছে একটা বিষ হবে কেন, এখানে ২০ বছর আপনারা ক্ষমতায় থাকার পরও? আমরা যখন ছোটবেলায় লেখাপড়া শিখতাম তখন একটা

কথা পড়েছি যে লেখাপড়া করে যে গাড়িঘোড়া চড়ে সে। কিন্তু আজকে বামফ্রন্ট আমলে দেখছি যে গাড়িঘোড়া চড়ে যে লেখাপড়া করে সে। যাদের বাবার অনেক টাকা আছে, টিউটর দেওয়ার ক্ষমতা আছে, তাদের ছেলেরাই লেখাপড়া শিখবে। আর যাদের নুন আনতে পান্তা ফুরোয়, এই বর্তমান শিক্ষা ব্যবস্থায় তাদের ছেলেমেয়েরা লেখাপড়া শিখতে পারবে না। তাদের ছেলেমেয়েদের উচ্চ শিক্ষা দিতে পারবে না। আজকে নো-ডিটেনশন আইন করে দেওয়া হয়েছে, ফলে গ্রামের যে ৮০ ভাগ মানুষ বাস করে তাদের ছেলেদের প্রতিযোগিতামূলক পরীক্ষায় বসার যে মানসিকতা সেটাকে ভেঙে চুরমার করে দেওয়া হয়েছে। আমরা দেখছি প্রাথমিক স্তরে ইংরাজি তুলে দেওয়ার ফলে শহরে ব্যাঙের ছাতার মতো ইংলিশ মিডিয়াম স্কুল গজিয়ে উঠেছে, ফলে শহরের ছেলেরা ইংলিশ মিডিয়াম স্কুলে যেতে পারছে এবং মাতৃভাষাও শিখছে কিন্তু আমাদের ওখানকার ছেলেমেয়েরা তা পারছে না। ফলে শহর এবং গ্রামের শিক্ষা ব্যবস্থার মধ্যে পার্থক্য দেখা দিচ্ছে। তাই শহরের ছেলেরা মালিক হবে আর গ্রামের ছেলেরা ভৃত্য হবে। গ্রামের ছেলেরা চিরদিন মজুর হয়ে থাকবে আর শহরের ছেলেরা অফিসার হবে, ব্যারিস্টার হবে, হাকিম হবে। শহরের ছেলেদের উপর নির্ভর করে ভবিষ্যতে তাদের বাঁচতে হবে। ক্লাশ ফোর পর্যন্ত না ডিটেনশন প্রথা চালু ছিল এবং পাশফেল প্রথা না থাকার ফলে প্রতিযোগিতামূলক মানসিকতা নষ্ট হয়ে গেছে। যার ফলে ক্লাশ ফাইভে ভর্তির জন্য অ্যাডমিশন টেস্টে বসানো হচ্ছে কিন্তু সেখানে সে ভাল ফল করতে না পারার জন্য ভর্তি হতে পারছে না। ফলে কলেজ তো দূরের কথা তারা স্কুল শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

[6-20 — 6-30 P.M.]

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৯৬-৯৭ সালের পশ্চিমবঙ্গের শিক্ষা সংক্রান্ত ব্যয়বরাদ্দের যে প্রস্তাব মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী সত্যসাধন চক্রবর্তী এবং অন্যান্য মন্ত্রীগণ পেশ করেছেন তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। আমাদের বিরোধী কংগ্রেসি বন্ধুরা হৈচৈ, চেঁচামেচি করে চলে গেলেন। নরেন হাঁসদাও তাই শুরু করেছেন। অবশ্য উনি ওঁদেরই কাছাকাছি থাকেন। কোথায় কোন্ সভা সমিতিতে একজন কংগ্রেসি বিধায়ক বলেছেন, সব জ্বালিয়ে দেবেন, পুড়িয়ে দেবেন। আমি ওঁদের বলতে চাই, আমাদের শিক্ষা জ্বালিয়ে দেওয়ার, পুড়িয়ে দেওয়ার শিক্ষা নয়। আমাদের শিক্ষা বলে—কোন্ আলোতে প্রাণের প্রদীপ জ্বালিয়ে তুমি ধরায় আসো। আমরা প্রাণের প্রদীপ জ্বালানোর কথা বলি, জ্ঞান বিতরণের কথা বলি—আত্মদীপ ভব। এই কথা বলি, মানুষের হৃদয় হোক আলোকিত এবং তার দ্বারা মানুষ মনুষ্যত্বে অধিষ্ঠিত হোক। আমরা তেমন শিক্ষা চাই এবং বামফ্রন্ট সরকার সেই শিক্ষারই প্রসার ঘটিয়ে আসছে। এটাই আমাদের মূল বক্তব্য। 'শ্রদ্ধাবান লভতে জ্ঞানম', এটা আমরা জানি। বিদ্যালাভের মূল কথাই হচ্ছে শ্রদ্ধা। সেই শ্রদ্ধা কংগ্রেসের সময় কিছুটা নষ্ট হয়েছিল, তাও আমরা জানি। শিক্ষা এবং শ্রদ্ধার পথকে আমরা ফিরিয়ে এনেছি। এটাই বামফ্রন্টের কৃতিত্ব বলে আমরা ঘোষণা করি। গণতন্ত্র-প্রেমী মানুষের কাছে শিক্ষাকে পৌঁছে

দেবার জনাই সাক্ষরতা অভিযান এবং তারই ফলশ্রুতিতে কাতারে কাতারে ছাত্র-ছাত্রী শিক্ষা প্রতিষ্ঠানে এসে জড় হচ্ছে। এটা ঠিকই যে, অনেক ক্ষেত্রেই আমাদের সাধ আছে কিন্তু সাধ্য নেই। কিন্তু এর মধ্যেও আমাদের আরও বিদ্যালয়ের সংখ্যা বাড়ানো উচিত। জুনিয়র হাইস্কুলগুলিকে পরপর যাতে আরও বেশি সংখ্যায় মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্কুলে উন্নীত করা যায় তার জন্য আমাদের চেষ্টা চালিয়ে যেতে হবে। আমরা আমাদের রাজ্যে এখনও বেশ কিছু প্রাচীন শিক্ষা ব্যবস্থাকে ধরে রেখেছি। চতুষ্পাঠী শিক্ষা এখনও চালু আছে। পণ্ডিত মশাইদের আমাদের রাজ্য সরকার সম্মান দিচ্ছেন। এই প্রসঙ্গে আমি মন্ত্রী মহাশয়কে বলব যে, তাঁদের যেদিন সম্মান জানানো হয় সেই দিনটা বছরেব অন্য কোনও দিন না করে বিদ্যাসাগর মহাশয়ের জন্মদিন ১২ই আশ্বিন করা হোক। প্রতি বছর ঐ ১২ই আশ্বিন পণ্ডিত মশাইদের সম্বর্ধিত করার ব্যবস্থা করা হোক। আগে এই সমস্ত পণ্ডিত মশাইরা খুবই সামান্য পয়সা পেতেন, এখন রাজ্য সরকার তাঁদের অনুদান দেন। কিন্তু আমার বিশ্বাস এখন আর পণ্ডিত মশাইদের সংখ্যা খুব বেশি নেই। অতএব এখন তাঁদের মাইনের আওতায় আনা যায় কিনা তা একটু ভেবে দেখা হোক। আমি মনে করি এখনও আমাদের ছেলে-মেয়েদের সংস্কৃতি শিক্ষার বিশেষ প্রয়োজন আছে। অথচ আমরা লক্ষ্য করছি যখন একটা ছেলে স্কুলে ঢোকে তখন তাকে প্রেসার দেওয়া হয় হিন্দি পড়ার জন্য। তাকে বলা হয় সংস্কৃতর কোনও ভবিষ্যৎ নেই। অথচ সংস্কৃত ভাষা হচ্ছে হোম ল্যাঙ্গুয়েজ অফ ইন্ডো-ইউরোপিয়ান ল্যাঙ্গুয়েজেস। আমাদের প্রত্যেকটা ভাষার যোগসূত্র হচ্ছে সংস্কৃত ভাষা। তাই আমাদের ছেলে-মেয়েদের সংস্কৃত শিক্ষা দেওয়া উচিত। মাধ্যমিক স্তরে যাতে ছেলেমেয়েরা যথাযথভাবে, গুরুত্ব দিয়ে সংস্কৃত শিক্ষালাভ করে তার ব্যবস্থা করা উচিত। স্যার, যে সমস্ত বিদ্যালয় এবং গ্রন্থাগার শতবর্ষ অতিক্রম করেছে—এই সংখ্যা আমাদের রাজ্যে খুব কম নয়—সেগুলোকে বিশেষ অনুদান দেওয়া দরকার। সে সমস্ত বিদ্যালয় এবং গ্রন্থাগার ভবনগুলি মেরামত করে দেওয়া দরকার। আমি আশা করব সরকার এবিষয়ে নিশ্চয়ই যত্নবান হবেন। সর্বোপরি নৈতিক শিক্ষাক্রমকে আরও বেশি করে স্থান দিতে হবে। নৈতিক শিক্ষা থাকবে না, শুধু ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি শিখবে। নীতিহীন দেশ ভরে যাবে। যা আজকে আমরা এই বিধানসভায় দেখলাম—উচ্ছৃঙ্খল আচরণ, অর্ধ-নগ্ন বিধায়কের নৃত্য। হয়ত ওঁরা অনেক শিক্ষালাভ করেছেন, কিন্তু নৈতিক শিক্ষা নেই বলে ঐ আচরণ করে গেলেন। গান্ধীজির শিক্ষা থেকে ওঁরা সরে এসেছেন তাই অহিংসার বদলে হিংস্র ঘটনা ঘটছে। আমার বিধানসভা কেন্দ্রে গত ৫ই মে, শেখ হোসেন আলিকে কংগ্রেসি গুণ্ডারা হত্যা করেছে নৈতিক অধঃপতনের জন্য আমি মনে করি গান্ধীজির পথ থেকে ওরা সরে এসেছেন তাই এই নৈতিক অধঃপতন ঘটেছে।

তাই শিক্ষা যাতে কংগ্রেসিদের হয়, নৈতিক শিক্ষা যাতে ওরা পায় তারজন্য বিধানসভায় ওদের উপদেশ দিয়ে শেখাতে হবে। শিক্ষকদের পেনশন দেওয়ার ক্ষেত্রে রাজ্য সরকার সচেষ্ট হয়েছেন। একজন শিক্ষক রিটায়ারমেন্টের পর যাতে তাড়াতাড়ি পেনশন পান তারজন্য সরলীকরণের ব্যবস্থা করবেন আর প্রতিটি বিধানসভা কেন্দ্রে একটি করে কলেজ যাতে প্রতিষ্ঠা করা যায় সে বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী মোজাম্মেল হক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রীগণ যে বাজেট পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। শিক্ষামন্ত্রীগণ যে বাজেট উপস্থিত করেছেন সেই বাজেট উপস্থাপনার মধ্য দিয়ে সাফল্যের ইঙ্গিত করেছেন এবং যে প্রতিশ্রুতির অঙ্গীকার করেছেন, বামফ্রন্ট সরকার শিক্ষাক্ষেত্রে সেই সাফল্যের উপর দাঁড়িয়ে আজকে বাজেট পেশ করেছেন। কাজেই বাজেটকে বিরোধিতা করার জন্যই বিরোধিতা নয়। গতকাল ওয়াকফের বিষয় নিয়ে যখন আলোচনা হচ্ছে, সেই সময়ে মাননীয় বিধায়ক শ্রী সৌগত রায় বলেছিলেন, সি. পি. এম.-এর মধ্যে একজন এম. এল. এ.. একটু শিক্ষিত আছেন, তার নাম হচ্ছে মুস্তাফা বিন কাশেম। আমি বলতে চাই, কংগ্রেসিরা আজকে এই বিধানসভা কক্ষে এম. এল. এ.দের মধ্যে একটু শিক্ষিত খুঁজছেন। কিন্তু উনি যদি গ্রাম বাংলায় যান, গেলে দেখতে পাবেন, গ্রাম বাংলার সাধারণ মানুষ ক্ষেত-মজুর ঘরের ছেলেমেয়েরা যারা চিরকাল নিপীড়িত, দরিদ্র মানুষ তাদের ঘর থেকে সারিবদ্ধভাবে ছেলেমেয়েরা স্কুলে যাচ্ছে। এটা দেখলে তিনি হয়তো বিস্মিত হবেন। কিন্তু বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে আসার মধ্য দিয়ে দেশে অনেক পরিবর্তন এসেছে এবং সেই পরিবর্তনের ফলস্বরূপ আজকে শিক্ষাক্ষেত্রে সমস্যা দেখা দিয়েছে। কিন্তু আমি মনে করি সমস্যাগুলি পশ্চিমবাংলার মানুষের কাছে গর্বের। আজকে শিক্ষাক্ষেত্রে ভর্তির সমস্যা দেখা দিয়েছে, শিক্ষার্থীদের বসার সমস্যা, পরিকাঠামো উন্নয়নের যে সঙ্কট দেখা দিয়েছে এটা পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের শিক্ষানীতির বিকাশের জন্য এই সমস্যা দেখা দিয়েছে। তাই আমি এই বাজেটকে সমর্থন করছি। কিন্তু আমি বুঝতে পারছি না, কেন পঞ্চম ক্লাশ থেকে ইংরাজি চালু করা হল। ষষ্ঠ ক্লাশ থেকেই ইংরাজি ঠিক ছিল। বাংলা ভাষাকে মর্যাদা দেওয়ার কথা বামফ্রন্ট সরকারের কাছ থেকে মানুষ আরও বেশি আশা করে। বি. ডি. ও. থেকে আরম্ভ করে রাইটার্স বিল্ডিংস, এমনি কি এই বিধানসভাতে দেখছি ইংরাজি ছাড়া চলে না। তাই বলছি, গরিব মানুষের জন্য বাংলা ভাষাকে মর্যাদা দেওয়া হোক। সরকারি সংস্থার কাজকর্মে বাংলা ভাষাকে অগ্রাধিকার দেওয়ার কথা বামফ্রন্ট সরকার বারবার বলেছেন, কিন্তু তা বাস্তবায়িত হয়নি। তাই আমার অনুরোধ বাংলা ভাষার আসনকে প্রতিষ্ঠা করার জন্য বামফ্রন্ট সরকার ইতিবাচক ভূমিকা নেবেন। এই কথা বলে বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-30 — 6-40 P.M.]

**শ্রী অশোক গিরি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের এই কক্ষে বিভাগীয় মন্ত্রীগণ শিক্ষার উপর যে বাজেট বরাদ্দ রেখেছেন আমি তা সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাট-মোশনের বিরোধিতা করে এই প্রসঙ্গে কয়েকটি কথা বলছি। আজকে এখন বিরোধী বন্ধুরা নেই, থাকলে ভাল হত। তারা অনেক বড় বড় কথা বলেছেন। আজকে আমরা যাদের জন্য গর্ব করি, সেই বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এবং বিদ্যাসাগরের দেশ আমরা ভারতবর্ষকে বলি। এই দেশের মানুষ হয়ে ভারতবর্ষের বাইরে পা দিয়ে আমাদের শুনতে হয়, এক সময়ে পৃথিবীর ৭টি আশ্চর্যের মধ্যে একটি জিনিস ছিল আগ্রার তাজমহল। আর একটা জিনিস

ভারতবর্ষে দেখছি, সেটা নিরক্ষর দেশ ভারতবর্ষ। এ ক্ষেত্রে পৃথিবীর মধ্যে সর্বশ্রেষ্ঠ স্থান অধিকার করে আছে ভারতবর্ষ। ভারতবর্ষের ৫০ কোটি মানুষ লেখাপড়া জানে না। কেন এই অবস্থা হয়েছে তার জবাব স্বাধীনতার পর ৪৮ বছর ধরে যারা দেশকে শাসন করে এসেছেন তাদের দিতে হবে। ওরা অনেক কমিশন করেছেন—রাধাকৃষ্ণ কমিশন, মুদালিয়া কমিশন, কোঠারী কমিশন ইত্যাদি এবং তাদের সকলেরই একই কথা যে শিক্ষার জন্য বরাদ্দ বাড়াতে হবে। অন্তত ১০% করতে হবে। কিন্তু আমাদের দেশের কেন্দ্রীয় সরকার শিক্ষার জন্য দু'পারসেন্টের বেশি বরাদ্দ করতে রাজি হন নি। তারা তা করেন নি তার কারণ, তারা মনে করেন শিক্ষা হচ্ছে আনপ্রডাকটিভ, এরজন্য ব্যয় করে কি হবে? কংগ্রেস সরকার তাদের শ্রেণী স্বার্থে চাইতেন যে দেশের অধিকাংশ মানুষ যাতে নিরক্ষর থাকেন, অজ্ঞ থাকেন কারণ তা হলে মানুষকে ভুল বোঝানো তাদের পক্ষে সুবিধার হবে। অপর দিকে বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে ক্ষমতায় এসেই শিক্ষাকে জনমুখি করার প্রচেষ্টা নিলেন। কারণ আমরা মনে করি শিক্ষা মানুষের চেতনা ঘটায় এবং তা হলে সামগ্রিকভাবে একটা বৈপ্লবিক পরিবর্তন ঘটানো যায়। শিক্ষাই সেটা আনতে পারে। কাজেই বামফ্রন্ট সরকার শিক্ষাকে জনমুখি করার প্রচেষ্টা নিয়ে কাজ করে চলেছেন। আমরা জানি, পেন ইজ মাইটার দ্যান সোর্ড। এই উপলব্ধি থেকেই শিক্ষার প্রসারের জন্য আমরা সর্বোতভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। যারা অর্থ বলে বলিয়ান তাদের ঘরের ছেলেমেয়েরাই লেখাপড়া শিখবে আর গরিব ঘরের ছেলেমেয়েরা শিক্ষা থেকে বঞ্চিত হবে—এ জিনিস আমরা বরদাস্ত করি না বলেই শিক্ষার প্রসারের জন্য আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। স্যার, ওরা ঘরবাড়ি জ্বালাতে পারেন, অঞ্জনবাবুরা সেটা করতে পারেন কিন্তু শিক্ষার আলো মানুষের ঘরে পৌঁছে দেবার ইচ্ছা ও ক্ষমতা ওদের নেই। বামফ্রন্ট সরকার তাই ক্ষমতায় এসেই যে কয়েকটি বিষয়ে টপ মোস্ট প্রায়রিটি দিয়েছিলেন তার মধ্যে রয়েছে বেনামী জমি উদ্ধার করে ভূমিহীনদের মধ্যে বন্টন করার এবং পশ্চিমবঙ্গের অবহেলিত মানুষদের মুখে ভাষা তুলে দেওয়ার। "ঐ সব ম্লান, মুক মুখে দিতে হবে ভাষা, ধ্বনিয়া তুলিতে হবে আশা" এই দৃষ্টিভঙ্গি নিয়েই বামফ্রন্ট সরকার সকল গরিব মানুষদের শিক্ষার অঙ্গনে টেনে আনার প্রচেষ্টা করে যাচ্ছেন। শিক্ষাকে গণমুখি করার জন্য সাক্ষরতার আন্দোলন এখানে শুরু হয়েছে। মাননীয় বিরোধীদলের সদস্য নানান তথ্য দিলেন। স্বাধীনতার সময় শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ দ্বিতীয় স্থানে ছিল, কংগ্রেস আমলে দ্বাদশ স্থানে নেমে এসেছিল, বামফ্রন্ট সরকারের আমলে শিক্ষার মান উন্নয়ন করে এটা ৮/৯ নং স্থানে আনা গিয়েছে। ১৯৯৫-৯৬ সালে পশ্চিমবঙ্গের ৭০.৬ পারসেন্ট মানুষ লিখতে, পড়তে জানেন। ১৯৭৬-৭৭ সালে জুনিয়ার, হাই, উচ্চশিক্ষার বিদ্যালয়ের সংখ্যা ছিল ৮ হাজার ৪৯৮, বিগত কয়েক বছরে সেটা বাড়িয়ে আমরা করেছি ১০ হাজার ১৩৪। প্রাথমিক স্কুলের সংখ্যা আমরা বাড়িয়েছি প্রায় ৯ হাজার ৮০-র মতন। ওদের সময় ছিল—৭৬-৭৭ সালে—৪০ হাজার ৯৪১, আমরা সেটা বাড়িয়ে করেছি ৫১ হাজার ২১। ওরা আদালতে না গেলে আরও আমরা প্রাথমিক স্কুল বাড়াতে পারতাম। এখন ইনজাংশান উঠে গিয়েছে, আগামী বছর আরও এক হাজার স্কুল আমরা করতে পারব এবং সেই অনুযায়ী শিক্ষকও নিয়োগ করতে পারব।

শিক্ষাকে এইভাবে মানুষের কাছে পৌছে দেওয়ার মধ্যে দিয়েই বামফ্রন্ট সরকারের মানবিক দৃষ্টিভঙ্গির পরিচয় পাওয়া যায়। অপর দিকে আমরা দেখেছি, কংগ্রেস সরকার শিক্ষাকে সঙ্কুচিত করেছেন। রাজীব গান্ধী চ্যালেঞ্জ অব এডুকেশনের মধ্যে দিয়ে চেয়েছিলেন শিক্ষার প্রসার যাতে না হয়। সেইজন্য মডেল স্কুল করতে চেয়েছিলেন সারা ভারতবর্ষের প্রতিটি জেলাতে একটি করে। সেখানে শিক্ষার সঙ্গে চাকরির কোনও সংযোগ থাকবে না। এই ৪৩২টি স্কুলে যারা ডাক্তারী, ইঞ্জিনিয়ারিং পড়বে তাদের শিক্ষার ব্যবস্থা থাকবে এবং সেটা ইংরাজি মাধ্যমে হবে, মাতৃ ভাষার মাধ্যমে হবেনা। এই রকম একটা ব্যবস্থা করতে চেয়েছিলেন রাজীব গান্ধী। কিন্তু আনন্দের কথা যে রাজ্য সরকার সেটা গ্রহণ করেন নি। একজন বিরোধী দলের সদস্য বলেছেন যে শিক্ষা পণ্য। কথাটা ঠিকই। আমি বলতে চাই যে শিক্ষা শুধু পণ্য নয়, এটা মূল্য পণ্য, উচ্চ মূল্যে বাজারে কেনা যায়। ভারতবর্ষের দক্ষিণে কেরল, কর্ণাটক, অন্ধ্র প্রদেশে আজকে শিক্ষাকে বেসরকারিকরণ করা হয়েছে। ব্যক্তিগত মালিকানায় স্কুল-কলেজে ডাক্তারী, ইঞ্জিনিয়ারিং পড়ানো হচ্ছে। সেখানে প্রাথমিক স্কুলে শিক্ষকদের ৪/৫ শত টাকা বেতন দেওয়া হচ্ছে এবং যারা গ্র্যাজুয়েট, মাস্টার ডিগ্রিধারী তাদের ৭/৮ শত টাকা চাকুরি দেওয়া হচ্ছে। আমরা পশ্চিমবঙ্গে শিক্ষাকে ব্যবসায়ীকরণ করতে চাইনা। শিক্ষাকে সঙ্কুচিত করার উদ্দেশ্য নিয়ে বিগত কংগ্রেস সরকার শিক্ষা নীতি পরিচালনা করেছেন। আজকে তারা শিক্ষা ক্ষেত্রে দুর্নীতির কথা বলছেন। এইসব কথা তাদেব মুখে শোভা পায়না। ওরা নিরক্ষরতার ক্ষেত্রে দুর্নীতির কথা বলেছেন। ম্যানেজিং কমিটিতে যারা থাকেন—শিক্ষক এবং অভিভাবক যারা প্রতিনিধি হিসাবে থাকেন, তারা স্কুলের উন্নয়নে কিছু খরচ করেন, আবার হয়ত কিছু পকেটস্থ হয়ে যায়। কিন্তু কথা হচ্ছে তাদের মুখে এই সমস্ত কথা মানায় না। আজকে ভারতের প্রধান মন্ত্রী, কংগ্রেস সভাপতি, তাদের মুখে এই কথা শোভা পায়না। আজকে আদালতের রায়ে অনেক মন্ত্রীর চাকুরি গেছে, অনেকে জেল খাটছে। নরসিমা রাও হাজির হয়েছেন আদালতে। লাখুভাই পাঠক ১৯৭১ সালে ছুটে এসে ১ লক্ষ ডলার প্রতারণার অভিযোগ এনে তাকে কাঠ গড়ায় দাঁড় করিয়েছেন। তারা আজকে দুর্নীতির কথা বলছেন। আজকে কোথায় দুর্নীতি না হচ্ছে। আপনারা বড় বড় কথা বলছেন, চিনির ক্ষেত্রে, সারের ক্ষেত্রে, আবাসনের ক্ষেত্রে কোনও জায়গায় কেলেঙ্কারি নেই? আমাদের মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, আমাদের দুর্ভাগ্য, এই বিধান সভার কক্ষে এসে কংগ্রেসের সদস্যারা যে আচরণ করছেন, ভব্যতার যে নিদর্শন দিচ্ছেন তাতে আমাদের ছেলে-মেয়েরা, যারা পড়াশুনা করেন, তারা তাদের কাছ থেকে কি শিখবে? আমি এক মাস এখানে এসেছি, আমি যে আচরণ লক্ষ্য করেছি, এটা অত্যান্ত দুঃখ জনক। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে, বিরোধীদের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রভঞ্জনকুমার মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সকাল বেলায় সার্কুলেটেড হয়েছে যে শিক্ষার মতো এই রকম একটা ইমপর্টেন্ট বাজেট আজকে আলোচনা হবে, এটা সকলেই জানেন। সেই বাজেট ডিসকাশন হচ্ছে এবং বিরোধীদের পক্ষে তাদের পার্লামেন্টারি দায়িত্ব, এই আলোচনার ক্ষেত্রে আমাদের পক্ষের সদস্যারা আলোচনা করেছেন, বিরোধী পক্ষের

সদস্যরাও আলোচনা করেছেন। কিন্তু আমরা বারে বারে দেখছি যে অতি তুচ্ছ কারণে, শিক্ষার মতো এই রকম গুরুত্বপূর্ণ বাজেটে। তারা ওয়াক আউট করে গেছেন। তারা এটা করতে পারেন, তাদের অধিকার আছে। কিন্তু প্রশ্ন হচ্ছে, অধীর চৌধুরি কোথায় অ্যারেস্ট হয়েছে, না হয়েছে সেই ব্যাপারে স্পিকার বলবেন। কিন্তু সেই ব্যাপার নিয়ে একজন সদস্য কাগজ গোল পাকিয়ে আমাদের একজন মহিলা সদস্যার দিকে ছুঁড়ে দিলেন। যিনি এটা করেছেন তার নাম পরেশ পাল। তারপরে একজন সদস্য কি অবস্থায় ঢুকলেন? একটা তোয়ালে জড়িয়ে, জামা-কাপড় খোলা। এরপরে দেখব যে কোনদিন গাছের ডালপালা জড়িয়ে এখানে ঢুকছেন। কাজেই এই জিনিস চলতে পারেনা, এটা অত্যন্ত নিন্দনীয় ব্যাপার।

[6-40 — 6-50 P.M.]

**শ্রী নিমাই মাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের শিক্ষা দপ্তরের বাজেটকে আমি সমর্থন করে আমার গ্রন্থাগার দপ্তর সম্বন্ধে কয়েকটি কথা আমি বলছি। প্রথমত বলছি যে, যদিও বিরোধী সদস্যরা সভায় নেই, তবুও গ্রন্থাগারের সংখ্যা রাজ্যে কত বেড়েছে সেটা যেহেতু ওরা বারবার জানতে চেয়েছেন তাই সেটা বলছি। যখন ওরা এখান থেকে যান সেই ১৯৭৭ পর্যন্ত আমাদের পশ্চিমবঙ্গের ১৮টি জেলায় সরকারি গ্রন্থাগারের সংখ্যা ছিল মাত্র ৭৬৭টি, কিন্তু আজকে সেই সংখ্যাটা ২,৪৩৩শে নিয়ে যেতে পেরেছি। সংখ্যাটা আমরা চার গুণ করতে পেরেছি। আমাদের সরকারের নীতি হচ্ছে গ্রন্থাগারগুলোকে সজীব-সচল করার চেষ্টা করা, কারণ যেভাবে নব-সাক্ষরদের মধ্যে পড়াশুনার প্রচলন বেড়েছে তারজন্য এটা প্রয়োজন। তারই জন্য ঠিক করা হয়েছে যে, গ্রন্থাগারের জন্য যে টাকা বরাদ্দ হবে তার একটা নির্দিষ্ট অংশ নব-সাক্ষরদের স্বার্থে দিতে হবে। তারজন্য আমরা ভেবে দেখছি যে, গ্রন্থাগারগুলোতে তাদের জন্য পাঠ্যপুস্তক রাখা যায় কিনা। তবে এক্ষেত্রে ভাষাগত কিছু অসুবিধা ছিল, কিন্তু সেই অসুবিধাগুলো কিছুটা কাটানো গেছে। পদোন্নতির কাজটাও আমরা শুরু করে দিয়েছি এবং ইতিমধ্যে বেশকিছু পদোন্নতিও হয়েছে। কোন কোন গ্রন্থাগারে লাইব্রেরিয়ানের পদ শূন্য আছে ঠিকই, কিন্তু ইতিমধ্যেই সেসব শূন্যপদ নতুনভাবে পূরণ করতে চলেছে। আমাদের সরকারের নীতি হ'ল, এখনই কোনও নতুন লাইব্রেরি না করে পুরানোগুলোকে আরও ভাল করে সচল করা। এছাড়া সেখানে বিভিন্ন পদে নিয়োগের ব্যাপারটা রয়েছে। ইতিমধ্যে গ্রুপ-ডি পদে নিয়োগের কাজটা আমরা শুরু করেছি এবং কিছু পূরণও করা হয়েছে, লাইব্রেরিয়ান পদগুলো আমরা তাড়াতাড়ি পূরণ করবার জন্য চেষ্টা করছি। আমাদের যে গ্রন্থাগার সেটা শুধুমাত্র গ্রন্থাগার হবে না, পড়বার জায়গাই হবে না, তথ্য পরিষেবার কেন্দ্রও হবে সেটা। আমাদের গ্রন্থাগার একাধারে গ্রন্থাগার পরিষেবা এবং তথ্য পরিষেবাকেন্দ্র হবে। তারই জন্য পশ্চিমবঙ্গ সরকার প্রকাশিত 'পশ্চিমবঙ্গ' এবং 'ওয়েস্ট বেঙ্গল' কেন্দ্রীয় ভাবে লাইব্রেরিগুলোতে পাঠাবার ব্যবস্থা করেছি এবং আগামী দিনে সেখানে 'যুবমানস'ও পাঠাবার চেষ্টা করছি। আপনাদের সকলের সহযোগিতা পেলে এক্ষেত্রে অনেক কাজই আমরা করতে পারব। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী অঞ্জু কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আলোচনার জন্য নির্দিষ্ট শিক্ষা বাজেটের উপর সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের যে সমস্ত মাননীয় সদস্য অংশ গ্রহণ করেছেন আমি তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। সরকার পক্ষের সদস্যরা যেভাবে আমাদের শিক্ষা দপ্তরে, বিশেষ করে আমাদের ছোট দপ্তর সাক্ষরতা অভিযান এবং জনশিক্ষা প্রসার দপ্তরের সাফল্য সম্পর্কে যেভাবে এখানে বর্ণনা দিয়েছেন তারজন্য তাঁদের বিশেষভাবে অভিনন্দন জানাই। তবে বিরোধী সদস্যরা শিক্ষার মতো একটা বাজেট আলোচনা কালে যেভাবে সভার স্বাভাবিক পরিবেশকে অস্বাভাবিক করে তুলে হাউস থেকে ওয়াক আউট করলেন সেটা সুচিন্তিত কাজ হয়নি বলেই আমি মনে করি। আমি মনে করি, পার্লামেন্টারি সিস্টেম বিরোধীপক্ষের বলার যেমন অধিকার আছে, সেরকম আমাদের বক্তব্যও ধৈর্য ধরে শুনবার প্রয়োজন রয়েছে। আর ওরা যেসব কথা বলে গেছেন—সে সম্বন্ধেও আমাকে বলতে হবে। আমি প্রথমে কাট মোশনের বিরোধিতা করে সেই সম্পর্কে জবাব দেব। প্রথমেই আমি যেটা উল্লেখ করতে চাই তা হল, একজন মাননীয় সদস্য বলেছেন যে তথ্যের কোনও ব্যাখ্যা মানি নি। এই প্রসঙ্গে আমি যেটা বলতে চাই তা হল, সামগ্রিক তথ্য এখানে যা রাখা হয়েছে সেটা রাজ্যের বা আমাদের দপ্তরের তথ্য নয়। তৎকালীন কংগ্রেস (আই) পরিচালিত কেন্দ্রীয় সরকারের জাতীয় সাক্ষরতা মিশন, তাদের যে মূল্যায়ন সেই মূল্যায়নের তথ্য আমি এখানে পরিবেশন করেছি। এটা নির্দিষ্ট কোনও তথ্য নয়। আর একজন বিরোধী সদস্য উল্লেখ করেছেন মুর্শিদাবাদের সামগ্রিক তথ্য নাকি ভুল। আমার জবাবে আমি এই কথা বলতে চাই, তিনি হাউসকে মিসলিড করার জন্য এখানে ভুল তথ্য পরিবেশন করেছেন। মুর্শিদাবাদে মোট নিরক্ষরের সংখ্যা ছিল ১২ লক্ষের উপর। সেখানে প্রথম পর্যায়ে ৫ লক্ষ ৫০ হাজার মানুষকে সাক্ষর করতে পেরেছি। শ্যামাদাস ব্যানার্জি মহাশয় কাট মোশন দিয়েছেন, তাতে তিনি বলেছেন বর্দ্ধমান জেলাকে পূর্ণ সাক্ষর জেলা হিসাবে ঘোষণা করা সত্ত্বেও সেখানে ব্যাপক মানুষ নিরক্ষর থেকে গিয়েছে। তাতে তিনি সরকারের ব্যর্থতার কথা উল্লেখ করেছেন। এই প্রসঙ্গে ওনার অবগতির জন্য আমি জানাতে চাই, এটা আমাদের দেওয়া কোনও তথ্য নয়, জাতীয় সাক্ষরতা মিশনের যে মূল্যায়ন সেই মূল্যায়নের যে তথ্য সেই তথ্য আমি এখানে হাজির করেছি। সেখানে ১২ লক্ষ নিরক্ষর ছিল, তার মধ্যে ৯ লক্ষ ৮৬ হাজার মানুষ সাক্ষরতা অর্জন করেছে। সারা ভারতবর্ষের মধ্যে বর্ধমান হল দ্বিতীয় জেলা যে জেলা পূর্ণ সাক্ষরতা অর্জন করেছে। এই ব্যাপারে তৎকালীন রাষ্ট্রপতি শ্রীশঙ্কর দয়াল শর্মা নিজে উপস্থিত থেকে এটা ঘোষণা করেছেন। এটা আমার মনগড়া তথ্য নয়, এটা আপনাদের অবগতির জন্য জানাচ্ছি। আমি আরও উল্লেখ করতে চাই, গত ৫ বছরে যেখানে সাক্ষরতার হার শতকরা ৫৭.৭০ শতাংশ ছিল সেই সাক্ষরতার হার শতকরা ৭০.৬৪ শতাংশে নিয়ে যাওয়া গিয়েছে আমাদের এই রাজ্যের ক্ষেত্রে। আমাদের এই রাজ্যে আজকে শতকরা ৭৫.৯৪ শতাংশ নবসাক্ষর রয়েছে। তার জন্য আমাদের সাক্ষরতা উত্তর কর্মসূচি রয়েছে। আমি জানাতে চাই সাময়িক ভাবে নয়, স্থায়ী ভাবে কেন্দ্রগুলিকে ধরে রাখার জন্য ধারাবাহিক ভাবে শিক্ষা কেন্দ্রগুলিতে নূতন কর্মসূচি রাজ্য সরকার চালু করছে। অর্থাৎ ৫ বছর বাদে এই সমস্ত কেন্দ্রগুলির সমস্ত

আর্থিক দায় দায়িত্ব রাজ্য সরকারকে বহন করতে হবে, সেই দায়িত্ব আমরা গ্রহণ করতে যাচ্ছি এই পিছিয়ে পড়া মানুষের জন্য। আপনাদের কাছে আমি এই ব্যাপারে উল্লেখ করতে চাই, যে সমস্ত স্বেচ্ছাসেবী শ্রমিকরা, ভলেনটারি শ্রমিকরা এই সাক্ষরতা কাজের সঙ্গে যুক্ত রয়েছেন তাঁদের জন্য এই পর্যায়ে কি করতে পারি তার জন্য একটা চিন্তা ভাবনা রয়েছে। আরও আনন্দের সঙ্গে উল্লেখ করতে চাই এই সাফল্যকে সুসংহত করার জন্য, সাক্ষরতার কাজ সুষ্ঠু ভাবে পরিচালনা করার জন্য জেলাগুলির সঙ্গে আরও সমন্বয় সাধন করার জন্য জাতীয় সাক্ষরতা মিশনের মতো আমাদের রাজ্যেও সাক্ষরতা মিশন গঠন করেছি। আপনারা জানেন আমাদের রাজ্যে যেটা করেছি সেটা গোটা ভারতবর্ষে নেই। আমাদের রাজ্যে প্রতিবন্ধীদের জন্য এই পর্যন্ত মাত্র ৩৮টি প্রতিষ্ঠান করতে পেরেছি। এদের বৃত্তি দেওয়ার ব্যবস্থা করেছি। ৫৮৬ জন প্রতিবন্ধীদের ৯ লক্ষ টাকার মতো বৃত্তি দিয়েছি। পাঠক্রম উন্নত করার জন্য, শিক্ষার মানকে আরও বৃদ্ধি করার জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে। গোটা রাজ্যে তাদের পাঠক্রম যা ছিল, আরও উন্নত মানের সিলেবাস চালু করেছি। আজকে আমি জানাতে চাই আমাদের রাজ্যে আমাদের দপ্তরের অধীনে ৫৬ টি শিক্ষা কল্যাণ আবাস আছে, সেখানে ৪ হাজার দুঃস্থ ছাত্র-ছাত্রী পড়াশোনা করে এই বছর আমরা লক্ষ্যমাত্রা ধার্য করেছি যে আরও এক হাজার ছাত্র-ছাত্রী ভর্তি করব।

[6-50 — 7-00 P.M.]

সেই সঙ্গে সঙ্গে আপনারা জানেন যে আমাদের একটা শ্রমিক বিদ্যাপিঠ রয়েছে। সেখানে ১৪টি বৃত্তিতে যারা স্বনিযুক্তি প্রকল্প গ্রহণে ইচ্ছুক, সেই সমস্ত ছাত্রছাত্রীদের, বেকার ভাইবোনরা যাতে সেখানে প্রশিক্ষণ নিতে পারেন, তারজন্য আমরা ৫৮৬ জনকে ১৪টি ট্রেডে ট্রেনিংয়ের ব্যবস্থা করেছি। তারা ট্রেণিংরত রয়েছে। আমাদের একটা অডিও ভিসুয়াল ইউনিট আছে। এই অডিও ভিসুয়াল ইউনিটকে আমাদের সাক্ষরোত্তর যে কর্মসূচি জনশিক্ষা প্রসারের ক্ষেত্রে মানুষকে যাতে উৎসাহিত করা যায়, সেইক্ষেত্রে তাকে কাজে লাগানোর জন্য বিভিন্ন পদক্ষেপ আমরা গ্রহণ করছি। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে, তথ্য ও সংস্কৃতি মন্ত্রক থেকে আমরা ৭টি রঙীন কাহিনী চিত্র, তথ্য চিত্র কিনছি। এগুলো আমরা বিভিন্ন জেলায় দেখানোর জন্য জেলায় যে সমস্ত অডিও ভিসুয়াল ইউনিট আছে, সেগুলিতে আমরা বিভিন্ন কর্মসূচি গ্রহণ করছি। আমাদের দপ্তরের যে কাজ, সাক্ষরতা অভিযানের যে কাজ, সেই পর্যায়ে কিছু কিছু সমস্যা দেখা দিচ্ছে। এইসব সমস্যা কাটিয়ে সফলতা লাভের জন্য সারা রাজ্যে আমাদের পঞ্চায়েত এবং স্বায়ত্ত শাসনমূলক যেসব প্রতিষ্ঠান আছে, তারা অংশগ্রহণ করছেন। আমি আপনাদের এবং বিরোধী পক্ষের যেসব মাননীয় সদস্য ওয়াক আউট করেছেন, তাঁদেরও সহযোগিতা চাই। আমরা দলমত নির্বিশেষে সকলের সহযোগিতা চাইছি। সেই সঙ্গে সঙ্গে সমস্ত বিধায়কদের সহযোগিতা আমাদের প্রয়োজন, সেই সহযোগিতা পেলে আমি আশা করি, আপনাদের সকলের সহযোগিতা আমরা পাব, তাহলে আমরা আমাদের কর্মসূচিকে সফল করে তুলতে পারব। আমি বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে এবং আপনাদের

সকলের কাছে সমর্থনের আহ্বান জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী বংশগোপাল চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের রাজ্যে শিক্ষার যে বাজেট এখানে উপস্থাপিত করা হয়েছে, সেই বাজেটকে সমর্থন করে এবং বিরোধী দলের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তার বিরোধিতা করে আমি আমার দপ্তরের পক্ষ থেকে কয়েকটি কথা মাননীয় সদস্যদের কাছে নিবেদন করছি। আমাদের রাজ্যে কারিগরি শিক্ষার ক্ষেত্রে গত কয়েক বছরে যে অগ্রগতির কথা আমি এই হাউসে আগেও বাজেটে বলেছি, সেটার পুনরাবৃত্তি করে বলতে চাই যে, এবারেও আমাদের রাজ্যে কারিগরি শিক্ষা এবং প্রশিক্ষণের ক্ষেত্রে সেই ধারাকে অব্যাহত রাখছি। সরকারের পক্ষ থেকে আমরা বলেছিলাম, ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে ১৮টি নতুন কোর্স, তার সঙ্গে আধুনিক কিছু কোর্স চালু করেছি। তারপরে বর্তমান শিক্ষাবর্ষে, ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষে, এবারেও যে নতুন কর্মসূচি গ্রহণ করতে চাইছি, সে সম্পর্কে আমি আপনাদের অবহিত করছি। ক্যালকাটাতে এ.পি.সি. রায় যে পলিটেকনিক কলেজ আছে সেখানে আমরা আমাদের রাজ্যে প্রথম সিরামিক টেকনোলজি কোর্স এই বছর থেকে চালু করতে যাচ্ছি। এটা করার জন্য সেন্ট্রাল গ্লাস অ্যান্ড ইনস্টিটিউট আমাদের এখানে যা আছে, যেটা যাদবপুর আছে, তার সাথে এইক্ষেত্রে আমরা যুক্ত করছি। তারা আমাদের শুধু এই ডিপ্লোমা কোর্সের জন্য সহায়তা করবে না, এখান থেকে যে ছাত্ররা ট্রেনিং নিয়ে বেরোবে, তারা স্বনিযুক্ত প্রকল্পে নতুন শিল্প ইউনিট গঠনেও সহায়তা করবে। এছাড়া এ.পি.সি. রায় পলিটেকনিক কলেজে আমরা কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, উইমেনস পলিটেকনিকে কম্পিউটার সায়েন্স এবং আমাদের নন-ক্যালকাটা পলিটেকনিক কলেজে আর্কিটেকচারের কোর্স বর্তমান শিক্ষাবর্ষ থেকে আমরা চালু করব। উত্তর বাংলায় কোচবিহারে আমাদের পরিকল্পনার মধ্যে ছিল অটো-মোবাইল ইঞ্জিনিয়ারিং কোর্স চালু করবো। বর্তমান শিক্ষাবর্ষ থেকে আমরা কোচবিহারের আর্কিটেকচারের ডিপ্লোমা কোর্স চালু করব। আমাদের রাজ্যে নতুন দুটি পলিটেকনিক কলেজের কাজে আমরা হাত দিয়েছিলাম। হলদিয়ার রূপনারায়ণপুর পলিটেকনিকের কাজ আমাদের চলছে। সেখানে আমাদের বাড়িটি হয়ত এই আর্থিক বছরের মধ্যে শেষ করতে পারব না, তবে তার সাথে লাগোয়া যে জুনিয়র টেকনিক্যাল স্কুল আছে, সেখানে রূপনারায়ণপুর পলিটেকনিকের যে কোর্স তা আমরা চালু করতে চাই। সেখানে এই কোর্সটি চালু করার সিদ্ধান্ত আমরা ইতিমধ্যেই নিয়েছি। রূপনারায়ণপুর পলিটেকনিক এর কাজ এই বছর থেকে আমরা শুরু করে দেব, এই শিক্ষাবর্ষ থেকেই। সেখানে নতুন অত্যাধুনিক প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমার সেই ডিপ্লোমা কোর্স চালু করার জন্য উদ্যোগ গ্রহণ করেছি, এই শিক্ষাবর্ষ থেকে সেই কোর্স আমরা চালু করব। আমাদের রাজ্যে হলদিয়াতে একটি নতুন পলিটেকনিক করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছিলাম। হলদিয়াতে সেই বাড়ি নির্মাণের অগ্রগতি ঘটেছে। কিন্তু এবারে সেই হলদিয়াতে পলিটেকনিক এর কাজ করার জন্য নতুন বাড়ি ভাড়া করছি, যদি সেখানে না পাওয়া যায় তাহলে হুগলি ইনস্টিটিউট অফ টেকনোলজি তে আমরা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং-র যে ডিপ্লোমা কোর্স চালু করব। আমি হলদিয়া এবং রূপনারায়ণপুর নিয়ে এই শিক্ষা বৎসর থেকে কাজ শুরু করতে চাইছি, এই কথা আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে হাউসের অবগতির জন্য জানালাম। এখানে মাননীয় সদস্যা কুমকুম চক্রবর্তী বলেছেন, আমাদের মহিলাদের কারিগরি শিক্ষার বিষয় নিয়ে,

আমি এই হাউসে আগেও বলেছি, আমি এখানে সামান্য উল্লেখ করব, আমাদের শিলিগুড়িতে পলিটেকনিক এর কাজ চলছে, তাদের ক্লাশ ইতিমধ্যে আমরা চালু করেছি আর চেষ্টা করছি আরও নতুন ধরনের যে পলিটেকনিক তৈরি করব, ছোট ছোট কোর্স যা করব, সেখানে ছাত্রীদের বেশি করে প্রশিক্ষিত করতে পারি কিনা, সেখানে প্রশিক্ষণের যা ব্যবস্থা করতে চাই সেখানে ছাত্রীদের নিয়ে আসতে পারি কিনা সেটা আমাদের বিচার বিবেচনার মধ্যে আছে। বিশেষ করে আমি বলছি, আমাদের উত্তরবঙ্গ থেকে মাননীয় সদস্য ছেত্রী বলেছেন, দার্জিলিং এবং কার্শিয়াং এর কথা, আমি বলেছি, কার্শিয়াং পলিটেকনিক-এ ইতিমধ্যে নেপালি ছাত্র-ছাত্রীদের জন্য আমরা ২০টি আসন নির্ধারিত করেছি। আরও আসন বাড়াব। ভবিষ্যতে আমাদের যে পরিকল্পনা আছে, সেখানে অর্দ্ধেক আসন আমরা দার্জিলিং-এর নেপালি ভাষী ছাত্র-ছাত্রীদের জন্য কার্শিয়াং পলিটেকনিকে সংরক্ষিত করব। আমরা জলপাইগুড়িতে পলিটেকনিক এর জন্য ডুয়ার্স এলাকার ছাত্রদের জন্য আমরা সেখানে আসন নির্দিষ্ট করেছি। আর চিত্রভানু ইন্সটিটিউট এটা আমাদের দপ্তরের অধীন নয়। এই ব্যাপারে বিদ্যালয় শিক্ষা দপ্তর এর সঙ্গে আলোচনা করেছি, সেই চিত্রভানু ইনস্টিটিউশন আমরা গড়ে তোলার চেষ্টা করছি। ইতিমধ্যে তার জন্য কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আগামী দিনে আমরা চেষ্টা করছি যাতে চিত্রভানু ইনস্টিটিউটশনকে একটা বড় আকারে ট্রেনিং ইনস্টিটিউট হিসাবে গড়ে তুলতে পারি। আর উত্তরবঙ্গের জন্য একটি বিশেষ পরিকল্পনা আমরা গড়তে চাই, সেই পরিকল্পনার কথাটা হচ্ছে আমরা এখন দেখছি আমাদের শিল্পের যে চাহিদা, সেই শিল্পের চাহিদা অনুযায়ী আমাদের এখানে অ্যাগ্রো বেসড ইন্ডাস্ট্রি গড়ে উঠবে। উত্তরবঙ্গের জেলাগুলির জন্য একটা সার্ভে রিপোর্ট আমাদের হাতে এসেছে, সেটা নিয়ে আলোচনা করছি, পর্যালোচনা করছি। আমি বলছি আমরা এবারে নতুন ধরনের যে কোর্স চালু করব জেলায় জেলায় আলোচনা করে, সেখানে আমরা দেখব এক একটা জেলায় যা নির্দিষ্ট চরিত্র সেই অনুযায়ী কোর্স আমাদের করতে হবে। সব ক্ষেত্রে আমরা পারব না। এখানে আমাদের যা শিল্পের অবস্থা বিশেষ করে কেন্দ্রীয় সরকারের বিগত কেন্দ্রীয় সরকারের যে নীতি ছিল তা আমরা সবাই জানি। এখানে আমাদের বিভিন্ন ক্ষেত্রে যে বাধা ছিল বি.আই.এফ. আর. এ যে ইন্ডাস্ট্রিগুলি চলে গেছে, এই সামগ্রিক অবস্থার জন্য সেখানে আমাদের নতুন করে বিরাটভাবে শিল্পের যে সুযোগ পাবেন রাজ্যের ছাত্র-ছাত্রীরা সেটা আশঙ্কা করা অমুলক। কিন্তু যেটুকু সুযোগ আছে তাকে পূর্ণমাত্রায় ব্যবহার করার জন্য একদিকে আমরা যেমন সিলেবাস এর পরিবর্তন করছি, তেমনি নতুন কোর্স এর সংযোজন করছি। সাথে সাথে আমরা বলছি জেলায় জেলায় তার চরিত্র বজায় রেখে নতুন প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। সেইজন্য আমরা উত্তরবঙ্গের ক্ষেত্রে যে স্টাডি করছি অ্যাগ্রো বেসড ইন্ডাস্ট্রি যা গড়ে উঠছে, যা সম্ভাবনা আছে, সেই কৃষি ভিত্তিক শিল্পের দিকে তাকিয়ে আমরা নতুন ধরনের পরিকল্পনা করছি, নতুন ধরনের ট্রেনিং ইনস্টিটিউট উত্তরবঙ্গে করতে পারি কিনা। একই ভাবে বাঁকুড়া এবং পুরুলিয়াতে পশ্চাৎপদ এলাকার আদিবাসীদের ব্যাপারে গুরুত্ব দিতে চাই, আমাদের দপ্তর থেকে আমরা ছোট ধরনের পলিটেকনিক করব কমিউনিটির ধাঁচে, সেখানে আমরা প্রশিক্ষণ দেব, এইসব এলাকার চরিত্রগত যে বৈশিষ্ট্য সেই অনুযায়ী সেখানে সেই ধরনের ট্রেনিং দেওয়ার ফলে যে স্বনিযুক্তি সাহায্য করবে, সেই অনুযায়ী আমরা সেখানে পরিকল্পনা গ্রহণ করছি। এই ধরনের কিছু সার্ভে করার জন্য জেলাগুলির সাথে ঐ আলোচনা করে, আর কিছু সার্ভে রিপোর্ট আমাদের হাতে আছে, সেই অনুযায়ী পরিকল্পনা

গ্রহণ করার চেষ্টা করছি। আমি এই সঙ্গে, মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাতে চাই, এখানে আমাদের যে স্টেট কাউন্সিল ফর

[7-00 — 7-10 P.M.]

ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনিক্যাল এডুকেশন যাকে আমরা স্ট্যাটুটরি করেছি, এই হাউসে বিল আমরা আনলাম, সেই বিল অনুমোদন এর মাধ্যমে আমরা তাকে রূপায়িত করেছি স্ট্যাটুটরি বডিতে। আমরা সেখান থেকে এই ধরনের সার্টিফিকেট কোর্সগুলির তার যেমন ডিপ্লোমা দিচ্ছি, পলিটেকনিকগুলিতেও আমরা সেই ধরনের সার্টিফিকেট স্টেট কাউন্সিল থেকে তা দিতে পারব। এবং আমরা এই কোর্সগুলি চালু করার দিকে নজর দিতে পারব, এইভাবে আমরা যেমন জেলায় জেলায় তার চরিত্র অনুযায়ী প্রশিক্ষণ শিবির করব তেমনি আমরা দেখব কি ধরনের মেয়াদে সেই কোর্স করতে হবে। সেখানে কোথাও আমাদের ছয় মাসের জন্য ব্যবহার করতে হবে, কোথাও এক বছরের জন্য ব্যবহার করতে হবে। যে জেলাতে যে ধরনের চাহিদা ক্ষুদ্রশিল্পের জন্য থাকবে, যে ধরনের চাহিদা নতুন কৃষিভিত্তিক শিল্পের জন্য গড়ে উঠেছে সেই অনুযায়ীই ট্রেনিং কোর্সগুলো আমরা করব। এর জন্য নতুন কোনও বাড়ি আমরা করবনা। মিউনিসিপ্যালিটি, পঞ্চায়েত এদের সাহায্য নিয়ে আমরা করব, তাদের অব্যবহৃত বাড়ি আছে সেগুলোকে আমরা ব্যবহার করব, তাদের যে ইনফ্রাস্ট্রাকচার তাকে ব্যবহার করে সেই ট্রেনিং কোর্সগুলো আমরা করব। যারা শিক্ষকতা করবে তাদের আমরা ছয় মাসের জন্য, এক বছরের জন্য সেখানে নিয়োগ করব। সেই অনুযায়ী প্রশিক্ষণের চিত্র নির্দিষ্ট কোনও মাপকাঠি মেনে হবে না। পলিটেকনিক এবং আই.টি.আই.-তে নতুন ধরনের কোর্স আমরা করব। যেখানে কৃষি ভিত্তিক শিল্প আছে, সেদিকে আমাদের নজর দিতে হবে। এই ধরনের চেষ্টা আমরা করছি এবং এই পরিকল্পনার মধ্যে দিয়ে আমরা নতুন ধরনের কিছু ট্রেনিং ইনস্টিটিউট করব। এই বছরে তিনটি আই.টি.আই. আমরা করব উত্তরবঙ্গের বালুরঘাট, দক্ষিণ ২৪ পরগনার আমতলা ও জলপাইগুড়ি। সেই কাজ আমরা চালিয়ে যাচ্ছি দপ্তরের পক্ষ থেকে। আমাদের এখানে খুব দ্রুত আমরা সিদ্ধান্ত নিয়েছি। মেডিক্যাল ইলেকট্রনিক্স, কম্পিউটার অ্যান্ড মডার্ণ অফিস ম্যানেজমেন্ট, ফার্মেসি, এইসব কোর্সগুলো আমরা চালু করেছি। আরও দু-একটি জায়গাতে আমরা কোর্সগুলো চালু করতে চাই। আমরা স্টেট কাউন্সিল ফর ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনিকাল এডুকেশন আমরা চালু করব। সারা রাজ্যে পলিটেকনিকের মানোন্নয়নের জন্য এটা আমরা করব। শিল্পে যে পরিবর্তন এসেছে তার সঙ্গে সঙ্গতি রেখে পলিটেকনিকগুলোতে নতুন পাঠক্রম চালু করব, নতুন শিল্পের দিকে তাকিয়ে, কৃষি ভিত্তিক শিল্পের দিকে তাকিয়ে, জেলাগুলোর চাহিদা অনুযায়ীই সেই ধরনের প্রশিক্ষণ আমরা দিতে পারব। বাজেটে যে ধরনের সামর্থ আছে তাই দিয়েই করব এবং শিল্পপ্রতিষ্ঠানগুলোর সাহায্য আমরা চাইছি, কারিগরি ক্ষেত্রে এই ধারা আমরা অব্যাহত রাখতে পারব। সকল সদস্য এই বাজেটকে সমর্থন করবেন এই আশা করে, বিরোধী পক্ষের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের পক্ষ থেকে অনেক অযৌক্তিক, অবাস্তব, ভিত্তিহীন কথা এখানে বলা হয়েছে। ওরা বলে চলে গেলেন, থাকলে

সুবিধা হত। ওদের কথা কত মূল্যহীন, অর্থহীন, সেটা বলতে পারতাম। যেহেতু তাদের কথাগুলো এখানে নথিভুক্ত হয়েছে, সেইহেতু আমাদের পক্ষ থেকে এই কথাগুলো বলতে হচ্ছে। বিরোধী দলের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে, আমি তার সম্পূর্ণ বিরোধিতা করে এখানে কয়েকটি কথা বলতে চাই। কংগ্রেসের পক্ষ থেকে বলা হয়েছে আমাদের শিক্ষা বাজেটে ৯০ থেকে ৯৫ শতাংশ শিক্ষক ও শিক্ষাকর্মীদের বেতন দিতে চলে যায়। এটা অত্যন্ত স্বাভাবিক কথা, শিক্ষক ও শিক্ষাকর্মীদের তো বেতন দিতে হবে। কেন্দ্রীয় সরকার দেশপ্রেমিক মনোভাব নিয়ে যদি শিক্ষার বিষয়টাকে দেখতেন তাহলে সেই টাকা আমরা অন্যান্য উন্নয়নমূলক কাজে খরচ করতে পারতাম। স্বাভাবিকভাবেই শিক্ষকদের বেতনের জন্য আমাদের একটা বড় অংশ ব্যয় করতে হচ্ছে। এর ফলে পঠন-পাঠনে আমাদের উন্নতি হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বোর্ড অফ সেকেন্ডারি অ্যান্ড হায়ার সেকেন্ডারি এডুকেশন ইন ইন্ডিয়া, ১৯৯৪, এর তথ্য থেকে আমি বলছি, আমাদের রাজ্য অন্যান্য রাজ্যের তুলনায় পঠন-পাঠনে অনেক ভালো তার প্রমাণ পাওয়া যায় পাশের হার দেখে। অন্ধ্রপ্রদেশে মাধ্যমিক পরীক্ষায় পাশ করেছে ৩৪.৩ পারসেন্ট ; বিহারে মাধ্যমিক পরীক্ষায় পাশ করেছে ৫৬ পারসেন্ট, গুজরাটে পাশ করেছে ৫৭ পারসেন্ট ; হরিয়ানায় ৪০ পারসেন্ট পাশ করেছে ; কর্ণাটকে পাশ করেছে ৪৫ পারসেন্ট ; মহারাষ্ট্রে পাশ করেছে ৪৪ পারসেন্ট ; এবং আমাদের এখানে পাশ করেছে মাধ্যমিক পরীক্ষা ৬৫ থেকে ৬৬ পারসেন্ট। উচ্চ মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে এই বই থেকে আমি পৃষ্ঠা ৬৩ সেখানে বলেছি। আসামে পাশ করে ৩৫.৯ পারসেন্ট, গুজরাটে পাশ করে ৫৮ পারসেন্ট, হরিয়ানায় পাশ করে ৫৩ পারসেন্ট। এই রকম পুরো হিসেব দিতে পারব। পাশের হার যদি নির্দেশক হয়, পরিমাপক হয় তাহলে পশ্চিমবঙ্গ রাজ্যে শিক্ষার মান মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিক—ভারতবর্ষের মধ্যে যে কটা শ্রেষ্ঠ রাজ্য আছে তার মধ্যে অন্যতম। ওরা প্রশ্নপত্র ফাঁসের কথা বলেছেন। ১৯৫৪ সালে প্রশ্নপত্র ফাঁস হয়েছিল। তদানীন্তন শিক্ষামন্ত্রী বলেছিলেন এই বছর যারা মাধ্যমিক প্রথম বিভাগে পাশ করবে তাদের প্রথম বিভাগের মূল্য দেওয়া হবে না। যারা স্টার মার্কস পেয়েছে তাদের স্টার মার্কের মূল্য দেওয়া হবে না। কেউ স্কলারশিপ পাবে না। এই বিধানসভায় দাঁড়িয়ে তদানীন্তন শিক্ষামন্ত্রী বলেছিলেন যেহেতু তাদের সময়ে প্রশ্নপত্র ফাঁস হয়ে গিয়েছিল। আর তাদের মুখে প্রশ্ন পত্র ফাঁসের অভিযোগ মানায় না। কিন্তু তা সত্ত্বেও যদি কোনও কারণে প্রশ্নপত্র ফাঁস হয়, এটা কোনও রাজনৈতিক বিষয় নয়, ঐক্যবদ্ধ ভাবে আমাদের তার বিরোধিতা করা উচিত। সরকারের পক্ষ থেকে দেখা উচিত যাতে প্রশ্নপত্র ফাঁস না হয়। সে ব্যাপারে আমাদের সতর্ক থাকা উচিত শিক্ষার গণতন্ত্রীকরণের কথা বলেছেন। মাধ্যমিক শিক্ষা পর্ষদ—গণতান্ত্রিকভাবে নির্বাচনের মধ্য দিয়ে নির্বাচিত হয়। ভারতবর্ষের কোন রাজ্য আছে—প্রাথমিক শিক্ষা কাউন্সিল, শিক্ষকদের প্রতিনিধিত্বকে বজায় রেখে তৈরি হয়। কোন রাজ্যে আছে? উচ্চ-মাধ্যমিক শিক্ষা সংসদ যেখানে শিক্ষকদের প্রতিনিধিত্বকে বজায় রেখে গঠিত হয়। একেই বলে শিক্ষার গণতান্ত্রিকরণ যা পশ্চিমবাংলায় আছে। ওরা বলছেন ৭৭ সালে আমাদের এক প্রতিশ্রুতি ছিল। অষ্টম শ্রেণী পর্যন্ত অবৈতনিক করব। আমরা সেই প্রতিশ্রুতি পালন করেছি। দ্বাদশ শ্রেণী পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক করে। এইভাবে প্রতিশ্রুতিকে পালন করতে হয়। এই কথা আমরা ওদের কাছে হাজির করতে চাই। এখানে বিরোধীদের পক্ষ থেকে বলা হয়েছে যে মেদিনীপুর এবং মালদায় প্রাথমিক শিক্ষক নিয়োগের ব্যাপারে সুপ্রীম কোর্ট দুর্নীতির অভিযোগ করেছেন। সমস্ত

অসত্য কথা, ভিত্তিহীন কথা। সেই পর্ষদকে মেদিনীপুর এবং মালদায় যে কাউন্সিল সেই পর্ষদকে আবার দায়িত্ব দিয়েছেন, সেখানে শিক্ষক নির্বাচন করার জন্য। ইন্টারভিউ নেওয়ার জন্য ত্রুটি সেখানেও হয়েছিল—পদ্ধতিগত ত্রুটি। এখানে কোনও দুর্নীতি, কোনও টাকা পয়সার খেলা, অবৈধ কোনও কাজ সেখানে হয় নি সুপ্রীম কোর্ট পরিষ্কারভাবে সে কথা বলেছেন। ওরা যে কথা বলেছেন অসত্য, ভিত্তিহীন এবং বিভ্রান্তিকর। ওরা বলেছেন আমরা এত বছর ধরে প্রাথমিক বিদ্যালয় করতে পারিনি কেন। অত্যন্ত দুঃখের বিষয়। প্রতি বছর পরিকল্পনা বাজেটে আমরা টাকা রাখি প্রাথমিক বিদ্যালয় স্থাপন করবার জন্য কিন্তু উপর্যুপরি মহামান্য হাইকোর্টের আদেশের জন্য আমরা প্রাথমিক বিদ্যালয় স্থাপন করতে পারি নি। কলকাতা ডিভিসন বেঞ্চ রায় দিয়েছেন সংগঠক শিক্ষকদের কোনও মূল্য থাকবে না। সংগঠক বিদ্যালয়কে স্বীকৃতি না দিয়ে আমরা বিদ্যালয় স্থাপন করতে পারব না। ওরা অ্যাপীল করেছে সুপ্রীম কোর্ট ডিভিসন বেঞ্চে। সুপ্রীম কোর্ট ডিভিসন বেঞ্চ আমাদের পক্ষে রায় দিয়েছে। ইতিমধ্যে মহামান্য কলকাতা আদালতের বিচারপতি দিলীপকুমার বসু রায় দিয়েছেন। সমস্ত জায়গায় সংগঠিত বিদ্যালয়কে স্বীকৃতি দিতে হবে। হাইকোর্টের বিরুদ্ধে বক্তৃতা করার জায়গা বিধানসভা নয়। কোনও মন্তব্য করা যাবে না। সেজন্য মাননীয় বিচারপতি যা রায় দিয়েছেন, কলকাতা ডিভিসন বেঞ্চ এবং সুপ্রীম কোর্ট ডিভিসন বেঞ্চ ওদের রায়কে অগ্রাহ্য করে যে রায় দিয়েছেন সে সম্পর্কে আমরা কলকাতা হাইকোর্টে যাচ্ছি। রায় থেকে মুক্ত হয়ে আমরা আবার যাতে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করতে পারি একটা কথা ওরা বলেছেন, ৬০ বছর বয়সের বিষয়ে। ৬০ বছর বয়সের বিষয়ে কোঠারি কমিশন পরিষ্কারভাবে বলেছেন ৬০ বছর বয়সে শিক্ষকদের অবসর নিতে হবে। চট্টোপাধ্যায় কমিশন—ন্যাশনাল কমিশন ফর টিচার, ১৯৮৩-৮৫ সেখানে পরিষ্কার বলেছেন ৬০ বছরে শিক্ষকদের অবসর নিতে হবে। কেরালায় ৫৫ বছরে শিক্ষকরা অবসর নেন। ৬০ বছর বয়সে অবসর নেন একটিমাত্র রাজ্য । পশ্চিমবাংলা বাদে মধ্যপ্রদেশ আর বাকি সমস্ত রাজ্যে ৫৮ বছরে শিক্ষকরা অবসর নেন। এখানে আমরা যে সুযোগ সুবিধা দিয়েছি ৬০ বছর বয়সের পর অতিরিক্ত সময় কাজ করার আর কোনও সুযোগ থাকতে পারে না। আরেকটা কথা এখানে বলা হয়েছে। ড্রপ আউট। ন্যাশনাল অ্যাভারেজে যে ড্রপ আউট সেই অ্যাভারেজ থেকে পশ্চিমবাংলায় ড্রপ আউট অনেক কম। তবুও যে ড্রপ আউট আসছে তাকে সীমিত করার আমরা চেষ্টা করব। এটা আমরা দায়বদ্ধ মানুষের কাছে। সে চেষ্টা আমাদের করতে হবে। অজিত খাঁড়া মহাশয়, কংগ্রেসের , তিনি বলেছেন সহজ পাঠ কেন তুলে দেওয়া হল। উনি কোথা থেকে আবিষ্কার করেছেন জানি না যে সহজ পাঠ তুলে দেওয়া হচেছ। সহজ পাঠ রীতিমতো পড়ানো হয়। উনি তো মেদিনীপুর প্রাথমিক শিক্ষা সংসদে আমার মনোনীত সদস্য। তো এই রকম সদস্য রেখেছি যে কি পড়ানো হয় প্রাথমিক বিদ্যালয়ে তাই জানেন না। এখন তো আমাকে সমালোচনা করতে হবে। মেদিনীপুর জেলার মতো বৃহত্তম জেলা শিক্ষা সংসদে আমার মনোনীত প্রার্থী হিসেবে তাকে রেখেছি। এতবড় ভুল আমি করেছি কিনা এটা আমাকে সমালোচনা করতে হবে। প্রাথমিক বিদ্যালয়ের নির্বাচন, সংসদের নির্বাচন কেন করা হচ্ছে না? এরা জানেন যে বারে বারে মোকদ্দমা হচ্ছে। যারা আমাদের বিবেচনায় এখন প্রাথমিক শিক্ষক নন, যারা ১৯৯০ সালের সংশোধিত বেতন হারের সুযোগ নিয়েছেন, যারা ৬০ বছর পর্যন্ত কাজ করেছেন, সুপ্রীম কোর্টের ডিভিসন বেঞ্চের রায় অনুসারে তারা শিক্ষক নন। কিন্তু কলকাতা হাইকোর্টের

মহামান্য বিচারপতি রায় দিয়েছেন তার বেতন বন্ধ করা যাবে না। যদি বেতন দিতে হয় তাহলে তিনি প্রাথমিক শিক্ষক নন—এই কথা বলবার।

[7-10 — 7-20 P.M.]

কতখানি অধিকার আমার আছে সেকথা বিবেচনা করবার বিষয়। প্রাথমিক শিক্ষকদের সংজ্ঞা নির্ধারণ না করে নির্বাচন করা যায় না। এরজন্য এই বিধানসভায় দাঁড়িয়ে আমরা পরিষ্কার ভাবে বলছি, আমরা সরকার থেকে আগামী নভেম্বর মাসের মধ্যে প্রাথমিক শিক্ষা পরিষদের নির্বাচন করতে চাই। যদি এর মধ্যে কোনও আইনগত বাধা না আসে, তাহলে আগামী নভেম্বর মাসের মধ্যে আমরা গোটা রাজ্যব্যাপী সমস্ত জেলায় প্রাথমিক বিদ্যালয় সংসদের নির্বাচন করব। এখানে পেনশনের কথাটা বলা হচ্ছে। একজন মাননীয় সদস্য শ্রী বিপ্লব রায়চৌধুরি বললেন যে গত ১০ বছরে ৩৪ হাজার শিক্ষক অবসর নিয়েছেন। ওর তথ্যে একটু ভুল আছে। দেবপ্রসাদ বাবুর তথ্যেরও কোনও বালাই নেই, উনি যেকোনও একটা সংখ্যা বলতে পারেন ৬০ হাজার, ৭০ হাজার। যেকোনও সংখ্যা বলতে পারেন দেবপ্রসাদবাবু। গত ১০ বছরে চূড়ান্ত পেনশন আদেশ আমরা জারি করেছি ৩৭ হাজার ৮৯১ জনের। ৩৭ হাজার ৮৯১ জনের চূড়ান্ত পেনশন জারি করছি, এটা অ্যাড হক পেনশন নয়। প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের জন্য আমরা চূড়ান্ত পেনশন আদেশ জারি করেছি। আর সেখানে এর মধ্যে আমরা যে আবেদনপত্র পেয়েছি, সেই আবেদনপত্রের পরিমাণ হচ্ছে ৩৯ হাজার ৮০০। সেন্ট্রাল পেনশন অফিসে ৩৯ হাজার ৮০০ পেনশন পত্র জমা পড়েছে। তার মধ্যে ৩৭ হাজার ৮৯১ জনের চূড়ান্ত পেনশন আদেশ দিয়েছি। এর বাইরে অ্যাড হক পেনশন দেওয়া হয়েছে। আমাদের পেনশন বিধিতে বলা আছে, অবসর নেওয়ার এক বছর আগে তারা পেনশনের কাগজপত্র জমা দেবেন। যদি অবসর নেওয়ার এক বছর আগে পেনশনের যাবতীয় কাগজপত্র জমা দেন তাহলে যে মাসে তিনি অবসর নেবেন, সেই মাস থেকে বা তার পরের মাস থেকে তিনি পেনশন পাবেন। পশ্চিমবঙ্গ অন্তত এক হাজার শিক্ষক যেদিন অবসর নিয়েছেন তার পরের মাস থেকে পেনশন পাচ্ছেন। অন্তত এক হাজার শিক্ষকের নাম, আমি তাদের জানি, তারা অবসর নেওয়ার এক মাসের মধ্যে পেনশন পাচ্ছেন। আমার দীর্ঘদিনের পরিচিত বন্ধু, সোহরাব সাহেব অত্যন্ত অবান্তর, ভিত্তিহীন ও আপত্তিকর কথা বলেছেন যে—আমি নাকি ১১ দিন পর পেনশন পেয়েছি। সোহরাব পুরোনো বন্ধু মানুষ। কিন্তু ওর আদর্শে বিশ্বাসী হলে পরে বোধহয় এরকম চরিত্র হয়। আমি ১৯৯১ সালের জুন মাসে স্বেচ্ছা অবসর নিয়েছিলাম। আমি পেনশন পেয়েছিলাম নভেম্বর মাসে। সমস্ত কাগজপত্র যদি ঠিক থাকে তবে এতদিন অপেক্ষা করতে হয় না। এক মাসের মধ্যেই পেনশন পাওয়া যায়। এক হাজারের উপর শিক্ষক পেনশন পেয়েছেন। সেকথা একটু আগে বললাম। একথা উনি জানেন, সবাই জানেন। তা সত্ত্বেও বোধহয় ঐ দলে থাকার জন্য এদের মাঝে মাঝে ২-১টি অসত্য কথা বলতে হয়। সেজন্য চরিত্র ঠিক রাখার জন্য বোধহয় তিনি ঐ মন্তব্য করেছেন। এখানে একটা কথা বলা হয়েছে, সোহরাব সাহেব বলেছেন যে পরিকাঠামোগত সুযোগের অভাব আছে। সেকথা ১০০ বার স্বীকার করব। কেন্দ্রীয় সরকার যদি শিক্ষার জন্য এখানে কোনও অর্থ ব্যয় না করে তাহলে রাজ্য সরকারের পক্ষে সম্ভবপর নয় শিক্ষার যাবতীয় আর্থিক দায়িত্ব বহন করা। তৎসত্ত্বেও পশ্চিমবঙ্গের প্রাথমিক বিদ্যালয়ের পরিকাঠামো

রচনা করবার জন্য, মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের পরিকাঠামো রচনা করবার জন্য, গৃহনির্মাণের জন্য এই রাজ্য সরকার যে টাকা ব্যয় করে, ভারতবর্ষের দ্বিতীয় কোনও রাজ্য সরকার নেই যারা প্রতি বছর প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের গৃহনির্মাণের জন্য অধিক পরিমাণ অর্থ ব্যয় করে। কিন্তু আমরা জানি এটা প্রয়োজনের তুলনায় একেবারে কম। আমরা সাধ্যঅনুসারে কাজ করছি। একথা আমি এই বিধানসভায় দাঁড়িয়ে পরিষ্কার ভাবে বলতে চাই। সোহরাব সাহেব নবোদয় বিদ্যালয়ের কথা বলেছেন। কিন্তু আজকে প্রমাণ হয়েছে, সমস্ত শিক্ষাবিদরা বলেছেন, নবোদয় বিদ্যালয় জনবিরোধী—অষ্টম শ্রেণী পর্যন্ত এক ভাষায় লেখাপড়া শেখানো হবে, আর নবম-দশম শ্রেণীতে যখন উঠবে, তখন ভিন্ন ভাষায় শিক্ষা দেওয়া হবে, এবং আজকে নবোদয় বিদ্যালয় সম্পর্কে সর্বশেষ যে, প্রতিবেদন কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে প্রকাশ করতে বাধ্য হয়েছে যে, নবোদয় বিদ্যালয় চরম ভাবে ব্যর্থ হয়েছে। নবোদয় বিদ্যালয় মানুষের আশা-আকাঙ্খা পূরণ করতে সম্পূর্ণ ভাবে ব্যর্থ হয়েছে। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ এবং তামিলনাড়ু এই দুটো রাজ্য সরকার প্রথমদিন থেকে নবোদয় বিদ্যালয়ের বিরোধিতা করেছেন। আজকে প্রমাণিত হয়েছে, আমাদের দৃষ্টিভঙ্গি, পদ্ধতি আমাদের মূল্যায়ন ভারতবর্ষে বাকি অংশের মানুষ পরিষ্কারভাবে বুঝতে পেরেছেন। আরেকটা কথা এখানে মাননীয় কমল মুখার্জি মহাশয়, বলেছেন যে একাদশ শ্রেণীতে ভর্তি হওয়ার সমস্যা দেখা দিয়েছে। এখানে অনেক মাননীয় সদস্য একথা বলেছেন, উদ্বেগ প্রকাশ করেছেন—একাদশ শ্রেণীতে ভর্তি হওয়ার ক্ষেত্রে সমস্যা দেখা দেবে। দেবপ্রসাদ বাবু একটু তথ্য জানবার চেষ্টা করুন। ছাত্র ভর্তি হতে হলে নাম রেজিস্ট্রি করতে হয়। ১৯৯৪-৯৫ সালে ১১ শ্রেণীতে ছাত্র ভর্তি ২ লক্ষ ৩৭ হাজার। তারপরে ১০৩টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা হয়। বিদ্যালয় প্রতি যদি ৫০ জন ছাত্রও ভর্তি হয়, তাহলে অতিরিক্ত ৫ হাজার ছাত্র ভর্তি হতে পারে। তাহলে মোট ২ লক্ষ ৪২ হাজার ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারে। বর্তমানে এবারে পাশ হয়েছে ২ লক্ষ ২২ হাজার। (ভয়েস) ভারতবর্ষের মধ্যে একমাত্র পশ্চিমবঙ্গেই লোকের ভর্তির সুযোগ আছে মাধ্যমিক পাশ করে উচ্চ মাধ্যমিক। পশ্চিমবঙ্গের বাইরে মাধ্যমিক পরীক্ষায় যারা পাশ করে, তাদের ৮০ শতাংশ উচ্চ মাধ্যমিকের সুযোগ পায়। গত দশ বছরে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ অন্যান্য নজির সৃষ্টি করেছে। কিছু অসুবিধা, কিছু সমস্যা আছেই। সেইজন্য এবারে কিছু মাধ্যমিক করবার প্রস্তাব আমাদের উত্থাপিত ব্যয় বরাদ্দের যে দাবি, তার মধ্যে ইঙ্গিত আছে। অশোক দেব মহাশয় বলেছেন মাদ্রাসার কথা। ব্রিটিশ আমল থেকেই মাদ্রাসা চালু হয়েছে। ১০০ বছর ধরে আছে। আগে ছিল ৪২০টি, এখন এই ১৯ বছরে সেটা দ্বিগুণ হয়েছে। আমাদের আগে দান, খয়রাতির উপর নির্ভর করে জীবন নির্বাহ করতে হত সেখানকার শিক্ষক, শিক্ষা কর্মীদের। এখন তাদের শিক্ষক এবং শিক্ষা কর্মীরা এখানকার শিক্ষক, শিক্ষা কর্মীদের সমতুল সুযোগ সুবিধা পায়। আগে সেখান থেকে পাশ করে মৌলবি হত, তাদের সীমানা বাঁধা থাকত। আজকে সেখান থেকে যে সমস্ত ছাত্র-ছাত্রীরা পাশ করে বেরিয়ে আসবে, তারা ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল কলেজ থেকে শুরু করে উচ্চ শিক্ষার সুযোগ পাবে। সেইজন্য বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়ে সেই থেকে তার পঠন-পাঠনের আমূল পরিবর্তন করা হয়েছে। সর্বোপরি মাদ্রাসার মূল্য এই পশ্চিমবঙ্গে উচ্চসিত প্রশংসা পেয়েছে। মাদ্রাসার ক্ষেত্রে এই হচ্ছে আমাদের দৃষ্টিভঙ্গি। দেবপ্রসাদবাবু একটু জেনে-শুনে বলবেন। গতবারও বলেছি, ও.ডি.এ.-এর টাকা ঋণ নয় সম্পূর্ণ ভাবে দিয়ে দেবে। চতুর্থ

বিভক্তিতে সম্প্রদান কারকে এই টাকাটা দিয়ে দেবে। ঋণ নয়, সুদ নয়, যা ব্যয় হবে তার ১৫ শতাংশ রাজ্য সরকার দেবে, ৮৫ শতাংশ বিলাতের সরকার দেবে। তার মধ্যেও সুযোগ

[7-20 — 7-30 P.M.]

পেলে কেন্দ্রীয় সরকার ছোঁ মারবে। তবে বর্তমানে বামফ্রন্ট সরকার থাকার ফলে স্বাভাবিক ভাবেই আশা করব, তার সম্ভাবনা হ্রাস পেয়েছে। এখানে বলেছেন ৩০ হাজার শিক্ষক বেতন পাচ্ছেন না। কলকাতা হাইকোর্ট ডিভিসন বেঞ্চ-এর রিপোর্ট ৯০ সালের সংশোধিত বেতন হারের সিদ্ধান্ত যারা নিয়েছে, তারা ৬০ বছরেই অবসর নেবেন। ৮১ সালের বেতন হারের সিদ্ধান্ত যারা মেনে নিয়েছেন তারা ৬৫ বছরে অবসর নেবেন। এখন দেখা যাচ্ছে, কোনও কোনও শিক্ষক, কিছু কিছু শিক্ষক সংগঠনের দ্বারা প্রভাবিত হয়ে ৯০ সালের বেতন হারের সুযোগ নিচ্ছেন এবং ৬০ বছরের পরেও শিক্ষকতা করছেন। আমার ক্ষমতা নেই, জনগণের টাকা থেকে সেই শিক্ষকদের বেতন দেওয়ার অধিকারও আমার নেই। সেইজন্য, যারা ৯০ সালের সংশোধিত বেতন হার নিয়েছেন এবং ৬০ বছবরের পরেও কাজ করছেন, তাদের বেতন দেওয়া সম্ভব নয়। মহামান্য আদালত যদি আদেশ দেন, তাহলে যত দিন পর্যন্ত সেই আদেশ বহাল থাকবে, ততদিন পর্যন্ত সেই আদেশ বহাল থাকবে, খারিজ হবে না, ততদিন পর্যন্ত বেতন দেব। কিন্তু সরকারের পক্ষ থেকে, নিজ উদ্যোগে তাদের বেতন আমরা দিতে পারব না। উচ্চ আদালত রায় দিয়েছে, ১৯৯৫ সালের ২২ ফেব্রুয়ারি পর্যন্ত তারা যে টাকা নিয়েছেন সেই টাকা যদি জমা দেন তাহলে তারা ১৯৮১ সালের পে-স্কেলে যেতে পারবেন। ১৯৯৫ সালের ২২ শে ফেব্রুয়ারি একটা ঐতিহাসিক দিন। কিন্তু এখন যদি কেউ সেই টাকা জমা নিতে চান তা নেবার সুযোগ আমাদের নেই। তাহলে আদালতের রায়কে অবমাননা করা হবে. এই হচ্ছে আমাদের সমস্যা। এখানে ইংরাজি সম্বন্ধে বলা হয়েছে। এখানে দেখলাম ইংরাজির প্রবক্তা বহুজন আছেন। এস.ইউ.সি. কে আমরা জানি। কংগ্রেস পক্ষ থেকেও বারে বারে এ সম্বন্ধে বলা হয়েছে। কোঠারি কমিশন যেটা আমাদের ভারতবর্ষের ক্ষেত্রে বলা যেতে পারে কোরান বা হাদিস বা বেদ শিক্ষা ক্ষেত্রে। সেই কোঠারি কমিশন ৩.৮৫ অনুচ্ছেদে বিস্তৃতভাবে বলেছে, প্রাথমিকস্তরে একটা মাত্র ভাষা থাকবে, সেটা মাতৃভাষা। যশপাল কমিটিও রিপোর্টেও বারে বারে সেই কথা বলা হয়েছে। একটা শিক্ষা কমিশনের রিপোর্ট দেখান যেখানে বলা হয়েছে, প্রাথমিকস্তরে দ্বিতীয় ভাষা পড়ানো হবে। স্বাধীনতা লাভের পরে ৮৪টা শিক্ষা কমিশন করা হয়েছে এখন পর্যন্ত। কিন্তু তারা কি এটা বলেছে? ওয়ার্ল্ড এডুকেশন রিপোর্ট, ১৯৯৫ ইউনেসকো থেকে কয়েকদিন আগে বেরিয়েছে। সারা বিশ্বের শিক্ষাক্ষেত্রে দুটো দেশ ছাড়া দ্বিতীয় ভাষা প্রাথমিক স্তরে পড়ানো হয়না। এটা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি, এটাই যথার্থ। তার উপর ভিত্তি করেই শিক্ষার পরিকাঠামো তৈরি হয়েছে এবং হিমাংশু কমিশনের সুপারিশ অনুসারেই এই ব্যবস্থা আমরা করেছি।

এখানে ম্যাডাম জুলিয়ান ম্যারি হার্ট অ্যাংলো-ইন্ডিয়ান স্কুলের ডিয়ারনেসের ব্যাপারে বলেছেন। সে ব্যাপারে আমরা বিচার-বিবেচনা করেছি। আমাদের পক্ষে যতটা সম্ভব সেটা আমরা করব।

মাননীয় বিধায়ক নরবাহাদুর ছেত্রী মহাশয়, ডি.জি.এইচ.সি.-র কিছু এলাকার কথা বলেছেন।

একটা আইন এই বিধানসভা থেকেই পাশ করা হয়েছে যে, ওখানে প্রাথমিক-মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার দায়িত্বে থাকবে ডি.জি.এইচ.সি। সুতরাং সেখানে বিদ্যালয় করার ব্যাপারে আমাদের কিছু অসুবিধা আছে। পরিকল্পনা বাজেট থেকে প্রস্তাব যদি তারা না পাঠান তাহলে আমাদের পক্ষ থেকে সেই বিদ্যালয়কে স্বীকৃতি দেওয়া অসুবিধা হয়। তিনি বলেছেন, আমরা বিভিন্ন জেলায় অতিরিক্ত শিক্ষকের পদ প্রাথমিক বিদ্যালয়ে দিয়েছি। না, গত কয়েক বছরের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ে কোনও অতিরিক্ত শিক্ষকের পদ আমরা সৃষ্টি করতে পারিনি।

(এই সময় লাল আলো জ্বলে উঠে।)

যাই হোক, আমি আর সময় নেব না। আমি শুধু এই কথা বলতে চাই, মাননীয় সদস্যদের সাহায্য সমর্থন নিয়ে পশ্চিমবাংলার মানুষ এই সরকারের উপর যে দায়িত্ব দিয়েছে এবং বাকি ভারতবর্ষের মানুষ যে আশা ও কামনা এই সরকারের কাছে করে সেই আশা এবং আকাঙ্খা পরিপূরণ করার জন্য আমাদের সরকার দায়ীবদ্ধ এবং সেই দায়বদ্ধতা অনুসারে আমরা দায়িত্ব পালন করে যেতে চাই। সকলের সমর্থন কামনা করে এবং পুনর্বার সমস্ত ছাঁটাই প্রস্তাবের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[7-30 — 7-40 P.M.]

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের এই শিক্ষার বরাদ্দের উপর ২১-জন মাননীয় সদস্য আলোচনায় অংশ গ্রহণ করেছেন। আমি তাদের প্রত্যেককে অভিনন্দন জানাই। বিভিন্ন দৃষ্টিভঙ্গি থেকে তারা এই শিক্ষা বাজেট এখানে আলোচনা করেছেন। মাননীয় পক্ষের মাননীয় বন্ধুরা তারাও তাদের বিশেষ দৃষ্টিভঙ্গি থেকে আলোচনা করেছেন। সরকার পক্ষের মাননীয় সদস্যরাও তাদের দৃষ্টিভঙ্গি অনুসারে আলোচনা করেছেন। বিরোধী পক্ষের মাননীয় বন্ধুরা কেউ এখানে উপস্থিত নেই। ওনারা যে বক্তৃতা করেছেন তাতে প্রত্যেকের বক্তৃতার কতকগুলো মূল কথা ফুটে উঠেছে—'পশ্চিমবাংলায় শিক্ষা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ভাবে হচ্ছে, এখানে নানা রকম দুর্নীতি বেড়েই চলেছে, শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য এবং শিক্ষার মান বেড়ে যাচ্ছে।' আমি তাদের জিজ্ঞাসা করি, কিসের ভিত্তিতে একথাগুলো বললেন? কেউ যদি ঠিক করে থাকেন তিনি অমুক জিনিসটা বলবেন, তথ্যের ধার ধারবেন না—তাহলে কিছু করার নেই। আরেকটা হচ্ছে, কতকগুলো তথ্যকে বিচার-বিশ্লেষণ করে সিদ্ধান্ত করা। আমাদের বিরোধী পক্ষের বক্তাদের বক্তব্যে চিন্তার দৈন্য, দৃষ্টিভঙ্গির অস্বচ্ছলতা এবং তথ্যের প্রতি তাচ্ছিল্য আমাকে হতবাক করে দিয়েছে। একটা দায়িত্বশীল দলের দায়িত্বশীল মাননীয় সদস্যরা ভুল তথ্য দিয়ে বক্তব্য উপস্থাপন করলেন এ না শুনলে বিশ্বাস করা যায় না, আমি হতবাক হয়ে গেছি। আমি তাদের বলব এবং এই সভাকে অনুধাবন করতে বলব যে পশ্চিমবাংলা ভারতবর্ষ থেকে বিচ্ছিন্ন একটা সার্বভৌম রাষ্ট্র নয়, পশ্চিমবঙ্গ যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে একটা অঙ্গরাজ্য এবং কি শিক্ষা, কি কৃষি, কি স্বাস্থ্য তাদের অনেক কিছুই নিয়ন্ত্রিত কেন্দ্রীয় সরকারের যে নীতি গ্রহণ করেন সেই নীতিকে বাস্তবে রূপ দিতে গিয়ে তাদের আর্থিক বরাদ্দ যেভাবে করেন তার উপর বিভিন্ন রাজ্যের সামগ্রিক উন্নয়নের অগ্রগতি নির্ভর করে। সেটা বামফ্রন্ট রাজ্যেও যেমন সত্য তেমনি অন্যান্য রাজ্যগুলিতেও সত্য। আমরা পশ্চিমবঙ্গে যা করার চেষ্টা করছি বিভিন্ন ক্ষেত্রে এই রকম সীমাবদ্ধতার মধ্যে দাঁড়িয়ে, আমরা

একথা কি--- নীতি নিয়ে জনসাধারণের পক্ষে যতটা কাজ করা যায়, আমরা সেটা কর চেষ্টা করছি। মাননীয় কংগ্রেস বন্ধুরা একবারও বললেন না যে শিক্ষার প্রত্যেকটি পরিকল্পনা বরাদ্দ কিভাবে কমে যাচ্ছে আনুপাতিক ভাবে। একবারও বললেন না যে কেন্দ্রীয় সরক শিক্ষায় বরাদ্দ কমিয়ে দিয়ে ব্যক্তি মালিকানায় ব্যবসায়িক ভিত্তিতে শিক্ষাকে পরিচালনা করব উদ্যোগ গ্রহণ করেছেন। আমরা গর্ব করে বলতে পারি পশ্চিমবাংলায় আমরা এটা প্রতিষ্ঠ করেছি। মূলত আমরা এই শিক্ষা ব্যবস্থার উপর সামাজিক নিয়ন্ত্রণে রাজ্য সরকারের ব বরাদ্দ আরও বাড়িয়ে দিয়ে এটাকে আমরা বজায় রাখছি। তারা যখন অন্য রাজ্যগু সম্পর্কে বলেন, কেন জানি না তারা বলে যান একটাই কথা ; সেটা হল কেন্দ্রীয় সরক যেখানে এত দিন পর্যন্ত ক্ষমতায় ছিল কংগ্রেস, তারা যেভাবে ব্যয় বরাদ্দ কমিয়ে দিয়েছে শিক্ষায় ভরতুকি কমিয়ে দিয়েছেন, অন্য রাজ্যে কিভাবে তার মোকাবিলা করা হয়েছে। প্রতিবে রাজ্যে একের পর এক কলেজ খোলা হয়েছে। যেখানে কংগ্রেস আছে সেখানে। কিন্তু আমাদে পশ্চিমবাংলায় তা করেন নি। প্রতিটি নতুন কলেজ করে শিক্ষকদের দায়িত্ব এবং অশিক্ষ কর্মচারিদের দায়িত্ব আমরা গ্রহণ করেছি। এগুলি তো কংগ্রেসি বন্ধুরা বললেন না। এই তথ তারা মানুষের কাছ থেকে লুকিয়ে রাখতে চান। কংগ্রেসি বন্ধুরা যেখানে আছেন, সেখা তারা সরকার পরিচালনা করছেন, সেখানে তারা শিক্ষক ও অশিক্ষক কর্মচারিদের বঞ্চি করেছেন। আর এক দিকে কিছু অভিভাবকের উপর বোঝা চাপিয়ে দিয়েছেন। এখানে একজ সদস্য বলেছেন যে গাড়ি ঘোড়া চড়ে যে লেখাপড়া করে সে--- উনি যেখান থেকে এসেছে সেখানেও আমরা স্কুল করেছি। আমাদের এখানে বারো ক্লাশ পর্যন্ত বিনা পয়সায় এ কলেজে সামান্য কিছু টাকা দিলেই শিক্ষা লাভ করতে পারে। আর এখানে কংগ্রেসি বন্ধুর বলছেন গ্রামের গরিব মানুষ বঞ্চিত হচ্ছেন। তাদের জন্য এদের অনেক দরদ দেখতে পাচ্ছি আমি অবাক হয়ে যাই কি করে তারা জ্যাকেল অ্যান্ড হাইডের ভূমিকা পালন করছেন। আমি আপনাদেরকে বলতে পারি পশ্চিমবঙ্গে আমি যে বিকল্প নীতি গ্রহণ করেছি উচ্চশিক্ষার ক্ষেত্রে তার রূপরেখা খুবই স্পষ্ট। আমরা শিক্ষাকে ডিসেন্ট্রালাইজ করতে চাই এবং অনেক দি ধরেই সেটা শুরু করেছি। আমরা যে নতুন কলেজগুলি করেছি যে সমস্ত জেলাতে হয়েছে সেখানে কংগ্রেস অবহেলা করেছিল, কলেজ করেনি। সেখানকার মধ্যবিত্ত, স্বল্পবিত্ত মানু আজকে উপকৃত হচ্ছে। গ্রামের মধ্যবিত্ত মানুষের আয়ত্তের মধ্যে, সীমার মধ্যে, ক্ষমতার মধ্যে আমরা উচ্চ শিক্ষাকে পৌঁছে দিতে পেরেছি। ওরা বলছেন, ওরা নাকি গরিবের জন্য কাজ করেন! ওদের আমলে কি করেছিলেন? সে সময়ে আমি অধ্যাপক সমিতি করতাম, শিক্ষক আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলাম। সিদ্ধার্থ বাবুর আমলে ৫৭-টি কলেজকে নন-ভায়েবল বলে তুলে দেবার জন্য পরিকল্পনা হয়েছিল। আমরা মামলা করেছিলাম। অধ্যাপকরা প্রতিবাদ করেছিলেন, বাধা দিয়েছিলেন যাতে তারা ওটা না করতে পারেন। এই তো ছিল ওদের নীতি! ওরা শিক্ষাকে সঙ্কুচিত করতে চেয়েছিলেন। ওরা আজকে নৈরাজ্যের কথা বলছেন আমি অবাক হয়ে যাচ্ছি। ওদের আমলের চিত্রটা কি ছিল? পরীক্ষা হত না। গোটা হার্ডিঞ্জ হস্টেল গুন্ডারা দখল করে রেখেছিল। সমাজবিরোধীরা পরীক্ষা নিয়ন্ত্রণ করত। ওরা শিক্ষাকে কোথায় নিয়ে গিয়েছিলেন! আমরা শিক্ষক এবং শিক্ষা আন্দোলনের সঙ্গে যুক্ত ব্যক্তিরা যে দাবি করতাম, বামফ্রন্ট ক্ষমতায় আসার পর সেটা তারা মেনে নেন। শিক্ষাকে কলুষ মুক্ত করার জন্য দৃঢ় পদক্ষেপ নেন। আজকে ভারতবর্ষে পশ্চিমবাংলা হচ্ছে শিক্ষা ক্ষেত্রে আদর্শ

স্থান। আপনারা বলবেন আপনি শিক্ষামন্ত্রী, আপনি তো ও কথা বলবেনই। না, এটা আমার কথা নয়, আমি বলছি না। 'রাস্তগী কমিটি'-র সদস্য এ কথা বলে গেছেন। সেই কমিটিতে ভারতবর্ষের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর'রা শিক্ষাবিদরা ছিলেন। তারা পশ্চিমবাংলায় এসেছিলেন। আমাদের সাথে তাদের দীর্ঘ অলোচনা হয়েছিল। আমাদের বিরোধী কংগ্রেসি বন্ধুরা এখন এখানে উপস্থিত নেই। ওদের সমর্থকও ঐ কমিটির মধ্যে ছিলেন। ওদের সমর্থক দু'একজন ভাইস চ্যান্সেলর ছিলেন। তারা আমাদের সমস্ত কিছু দেখে শুনে বলে যান যে, পশ্চিমবাংলাই হচ্ছে আদর্শ ক্ষেত্র। এখানে ডেমোক্রেটিক ম্যানেজমেন্ট, পরিচালনায় গণতান্ত্রিকরণ হয়েছে। আমি জিজ্ঞাসা করি, অন্য কোনও একটা রাজ্যে এ জিনিস হয়েছে? ওরা এখানে বলেন যে, আমরা রাজনীতি করছি। ওদের পরিচালিত রাজ্যগুলিতে কি অবস্থা ছিল? ওদের রাজ্যে তো মন্ত্রী নিজের খুশি মতো ভাইস চ্যান্সেলর অ্যাপয়েন্ট করে দেন। আমি কি তা পারি? আমি পারিনা। আমাদের আইন আছে—সেনেট, সিন্ডিকেট, কোর্ট কাউন্সিল-এর নির্বাচিত সদস্যরা নাম সুপারিশ করেন, তারপর রাজ্যপাল নিয়োগ করেন। এরপরও ওরা বলছেন, আমরা নাকি রাজনীতি করি! ভারতবর্ষের অন্য কোনও রাজ্যে শিক্ষকদের প্রতিনিধি, ছাত্রদের প্রতিনিধি কর্মচারিদের প্রতিনিধি পরিচালন ক্ষেত্রে, নীতি নির্ধারণের ক্ষেত্রে অংশ গ্রহণ করছে? তবে ওদের দুঃখটা আমি বুঝি। ওদের দুঃখটা হচ্ছে, শিক্ষকদের মধ্যে যখন নির্বাচন হয় তখন ওরা হারেন। কর্মচারিদের মধ্যে যখন নির্বাচন হয় তখন বামপন্থীরা জেতে। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের মধ্যে যখন নির্বাচন হয় তখন ওরা হেরে যান। তা শিক্ষকরা, কর্মচারিরা জনগণ যদি ওদের রিজেক্ট করেন, আমরা কি করে ওদের বসিয়ে দেব! গণতন্ত্রে তা সম্ভব নয়। পশ্চিমবাংলার মানুষ ওদের রিজেক্ট করেছেন, তাই ওরা বিরোধী দলে আছেন। এখন কে ওদের সরকারি দলে নিয়ে আসবে? এখন তো ওদের পক্ষে এখানে সরকার গঠন করা সম্ভব নয়। আজকে পশ্চিমবাংলায় শিক্ষা ব্যবস্থা নিয়ন্ত্রিত হচ্ছে মানুষের রায়ের দ্বারা। অন্য রাজ্য থেকে যারাই যখন এ রাজ্যে এসেছেন তারা এ রাজ্যের শিক্ষা ব্যবস্থা দেখে অবাক হয়ে গেছেন। আমার মনে আছে, রাজীব গান্ধী তখন প্রধানমন্ত্রী, আমরা তার সঙ্গে দেখা করতে গিয়েছিলাম। তিনি আমাদের বলেছিলেন, তোমরা সব কিছু নিয়ে রাজনীতি করছ।' আমি তাকে বলেছিলাম,—তুমি নিরপেক্ষ ৮/১০ জন শিক্ষাবিদের নাম দাও যাবা কোনও দল করেন না কিন্তু শিক্ষার প্রতি আনুগত্য আছে, আমরা তাদের বিভিন্ন জায়গায় দায়িত্বশীল পদ দেব। এ রকম দৃষ্টিভঙ্গি আমাদের। এবং আরও বলেছিলাম, তোমার পার্টির একজন সমর্থক, তিনি আমার মাস্টার মশাই, আমাদের আমলেই তাকে আমরা আমাদের একটা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর করেছি। সর্বভারতীয় ক্ষেত্রে কংগ্রেস এরকম একটা উদাহরণ দিক? আমাদের পশ্চিমবাংলায় 'বিশ্বভারতী' আছে, ওরা তাকে কোথায় নিয়ে গেছেন? মাননীয় সদস্য তপনবাবু এখানে আছেন, তিনি জানেন যে, বিশ্বভারতীকে কোথায় নিয়ে গেছেন। কারা ওটা পরিচালনা করে? দিল্লির সরকার পরিচালনা করেন ; অর্থাৎ এত দিন পর্যন্ত কংগ্রেস বিশ্বভারতী পরিচালনা করে এসেছে। সেজন্য আমি বলব, যে অপরাধে ওরা আজকে আমাদের অভিযুক্ত করেছেন, সে অপরাধে ওরা সর্বক্ষেত্রে সারা ভারতবর্ষব্যাপী অভিযুক্ত। ওরা কোথায় নিয়ে গেছেন এশিয়াটিক সোসাইটিকে! এখন মামলা হচ্ছে। আর বিশ্ব ভারতীতে আমি নিজে কয়েকবার গিয়েছি। আপনারা শুনলে অবাক হয়ে যাবেন কি ভাবে সেখানে রাজনীতির অনুপ্রবেশ ঘটেছে—বিশ্ববিদ্যালয় পেশীশক্তির দ্বারা নিয়ন্ত্রিত হচ্ছে। রবীন্দ্রনাথের আদর্শকে পদদলিত করেছেন,

ধূলায় লুণ্ঠিত করেছেন। আজ তারা এখানে এসে বক্তৃতা করেন? আমার একটা জিনিস ভালো লাগছে, বামফ্রন্টের আগে আমি দেখেছিলাম, অন্ততপক্ষে বেশ কিছু বছর আমি এই হাউসের সভ্য আছি, যেভাবে আগে ওরা (কংগ্রেসিরা) কথা বলত, তার চেয়ে কিছু পরিমাণে বলতে শিখেছেন যেটা আগে ওরা বলতে জানতেন না। আমি দীর্ঘদিন শিক্ষা আন্দোলনের সঙ্গে যুক্ত আছি। ওরা বারবার শিক্ষকদের সম্পর্কে বললেন। হ্যাঁ আমি গর্ব অনুভব করি ভারতবর্ষের কোনও জায়গায় দেখবেন না—ইউ.জি.সি.ও জানে—আমাদের শিক্ষক সংগঠনের নেতা বলেছেন আরও ভালো করে পড়াতে হবে। পড়াচ্ছেন না একথা বলছেন না, কিন্তু বলছে, আরও ভালোভাবে পড়াতে হবে, আরও বেশি উন্নতি করতে হবে। আমার গর্ব হয়, আমি বারে বারে বলি, আমাদের শিক্ষক সমাজ তারা দায়িত্ব পালন করে চলেছেন। শিক্ষকদের একটা ছোট অংশ তারা সঠিকভাবে দায়িত্ব পালন করছেন না। এই ছোট অংশের যারা দায়িত্ব পালন করছেন না যারা অধিকাংশ দায়িত্ব পালন করছেন তাদের খানিকটা দুর্নামের সম্মুখীন হতে হচ্ছে। আমরা এবারে যেটা করেছি অধিকাংশ শিক্ষকই খাতা দেখেন, অল্প সংখ্যক শিক্ষক খাতা দেখেন না। এই অল্প সংখ্যক শিক্ষকরা যাতে দায়িত্ব পালন করার দিকে এগিয়ে আসেন সেই জন্য শিক্ষক সংগঠন এবং আমরা সরকারের তরফ থেকে কিছু উদ্যোগ নিয়েছি। এরজন্য আইনের যেখানে যেখানে যদি সংস্কারের প্রয়োজন হয় আমরা সেটা করব। আমি ভাইস-চ্যান্সেলারদের মিটিং-এ বলেছি, আমাদের অভিজ্ঞতা আছে—যেখানে যেখানে আইনের সংশোধনের প্রয়োজন, আপনারা সুপারিশ করুন, সরকারের পক্ষ থেকে আমি উদ্যোগ নিয়ে অ্যাসেম্বলিতে বলব এবং সেখান থেকে পাশ করিয়ে নেবার চেষ্টা করব। এই উদ্যোগগুলি নিচ্ছি কেন? আমরা আরও আরও ভালো করতে চাই, আরও উন্নতি করতে চাই। যতটুকু উন্নয়ন করেছি তাতে সন্তুষ্ট নই, আরও উন্নত স্তরে নিয়ে যেতে চাই। তার কারণ পশ্চিমবাংলায় যারজন্য আমরা গর্ব অনুভব করি তা হচ্ছে শিক্ষার জন্য, সংস্কৃতির জন্য। আমরা উচ্চ শিক্ষার ক্ষেত্রে যে নীতি গ্রহণ করেছি সেটা হচ্ছে ডি-সেন্ট্রালাইজ। জেলায় আরও কলেজ আমরা করছি। প্রত্যেক বছর আমরা জেলার কলেজগুলিতে বিজ্ঞান এবং অন্যান্য বিষয়ে যেগুলি পড়ার সুযোগ পেত না সেগুলি পড়ার বন্দোবস্ত করছি। এ বছর আরও পরিকল্পনা করেছি, নতুন বিষয় জেলার কলেজগুলিতে দেব। প্রত্যেক জেলায় উন্নত সেন্টার গড়ে তুলব আরও ভালো লাইব্রেরি আরও গবেষণার পরিবেশ আমরা তৈরি করব এবং এই কাজ আমরা শুরু করে দিয়েছে। যে সমস্ত ভোকেশনাল সাবজেক্ট যেটা মাননীয় সদস্য বললেন শিক্ষাকে জীবনমুখি, অর্থবহ করে তুলতে। বছরে লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রী পাশ করে গিয়ে কোনও চাকরি বা স্ব-নিযুক্ত প্রকল্পে যেতে চায়। আমাদের শিক্ষা ব্যবস্থা তাদের ইচ্ছা থেকে দূরে থাকতে পারে না। তারজন্য নতুন নতুন বিষয় যেগুলি পাশ করার পর চাকরি ক্ষেত্রে অথবা স্ব-নিযুক্তির ক্ষেত্রে অথবা প্রতিযোগিতার ক্ষেত্রে তাদের সাহায্য করবে সেই বিষয়গুলি আমরা দিচ্ছি এবং এ বছর আমরা প্রত্যেকটি জেলায় ভোকেশনাল সাবজেক্ট দেব। আমি আপনাদের বলছি, মেদিনীপুরের একটি কলেজে সীড টেকনোলজি দিয়েছি, ইন্ডাস্ট্রিয়াল ফিস, এবং ফিসারি আমরা দিচ্ছি। সেরিকালচার দিচ্ছি, হোটেল ম্যানেজমেন্ট দিচ্ছি এবং আরও বিভিন্ন রকম বিষয় আমরা কলেজগুলিতে দিতে চাচ্ছি কেন? শুধুমাত্র কনভেনশনাল সাবজেক্টগুলি পড়ে হবে না, লিবারাল আর্টস না পড়ে আসলে কোনও জায়গায় কাজের সুবিধা করতে পারছে না। সঙ্গে সঙ্গে আমি এই কথা বলতে চাই, আমরা নতুন অনেকগুলি

[7-40 — 7-53 P.M.]

কলেজ করেছি—৭৫টি উপর কলেজ আছে—বামফ্রন্ট সরকারের আমলে গত ৫ বছরের অনেকগুলি কলেজ করেছি। এগুলি কি কংগ্রেসিরা দেখবেন না? আমরা একটা নজীর সৃষ্টি করেছি। ওদের উদ্দেশ্যে হচ্ছে খালি শিক্ষা নিয়ে রাজনীতি করা। একটা এগজাম্‌পল ওদের আমলে দেখান তো যে, বিরোধীদলের সুপারিশে একটাও কলেজ হয়েছে? ৯টি কলেজের মধ্যে তিনটি আমরা করেছি ওদের সুপারিশে। ভাবতে পারেন ওরা এসব? কলেজ সার্ভিস কমিশন বামফ্রন্টের আমলেই হয়েছে। আর ওদের আমলে কি হত? পেপারে অ্যাডভার্টাইসমেন্ট হয় নি, ইন্টারভিউ হয়নি অথচ কলেজে চাকরি হয়ে গিয়েছে। তখন মুড়ি-মুড়কির মতন ওরা চাকরি বিলি করেছেন। সেই সময় আমি সমিতির জয়েন্ট সেক্রেটারি ছিলাম, সমস্ত তথ্য সংগ্রহ করে তা আমি সরকারের কাছে দিয়েছিলাম। আজকে উচ্চশিক্ষার ক্ষেত্রে ধীরে ধীরে একটা বড় পরিবর্তন আমরা আনছি। আমরা যেটা আনছি সেটা হচ্ছে, সেই সমস্ত বিষয়গুলি দেওয়া যাতে ওদের চাকরির ক্ষেত্রে সুবিধা হয় এবং স্ব-নিযুক্তি প্রকল্পের ক্ষেত্রে সুবিধা হয়। আমরা আরও বেশি পরিমাণে ইঞ্জিনিয়ারিং এবং টেকনোলজির উপর জোর দিতে কারণ আগামী যুগটা হচ্ছে ইঞ্জিনিয়ারিং এবং টেকনোলজির দিকে এগিয়ে যাওয়ার যুগ। তার থেকে নিশ্চয় আমরা আমাদের পশ্চিমবঙ্গকে পিছিয়ে রাখতে পারি না, আমাদের বিশ্ববিদ্যালয়গুলিকে পিছিয়ে রাখতে পারি না কাজেই সে দিকে আমরা নজর রেখেছি। মাননীয় সদস্য সুভাষ গোস্বামী মহাশয় রিসার্চের কথা বললেন। হ্যাঁ, রিসার্চের উপরও আমরা জোর দিয়েছি। ইতিমধ্যে ইউ.জি.সি. কলকাতা, যাদবপুর, বর্ধমান এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়-এর কতকগুলি ডিপার্টমেন্টকে স্পেশ্যাল অ্যাসিস্টেন্স দেবার জন্য বেছে নিয়ে সেখানে তারা সাহায্য দিচ্ছেন এবং আমরাও দিচ্ছি। বিশ্ববিদ্যালয়গুলির লাইব্রেরি উন্নত করতে হবে। তা ছাড়া বিশ্ববিদ্যালয়গুলির আরও দাবি এখনও পূরণ করতে হবে। একজিসটিং যে সমস্ত ইঞ্জিনিয়ারিং কলেজ ইত্যাদি আছে তার আসন সংখ্যা আমরা বাড়িয়েছি—১৫ শো থেকে প্রায় ১৯ শো তে চলে গিয়েছে নতুন ইঞ্জিনিয়ারিং কলেজ কল্যাণীতে যেটা করা হয়েছে সেটা মিলিয়ে কিন্তু এতে আমরা খুশি নই। ইঞ্জিনিয়ারিং-এ পশ্চিমবঙ্গ আরও আসন আমাদের বাড়াতে হবে এবং সেইসব বিষয় ইনট্রোডিউস করতে হবে যেগুলি আগামীদিনে প্রযুক্তির কাজে লাগবে। আগামীদিনে যে সমস্ত কলকারখানা হবে শুধু পশ্চিমবঙ্গেই নয়, সারা ভারতবর্ষে সেখানে যাতে আমাদের রাজ্যের ছাত্র-ছাত্রীরা কাজ করতে পারে সেদিকে তাকিয়ে আমাদের এগিয়ে যেতে হবে। সেইজন্য একেবারে আধুনিক বিষয় যেগুলি, মার্কেটে যার ডিমান্ড হবে সেই সমস্ত বিষয়গুলি নতুনভাবে ইঞ্জিনিয়ারিং কলেজে কিছু কিছু আমরা করেছি এবং আরও সেগুলি করব। এটা যেমন উচ্চশিক্ষার একটা দিক তেমনি অপর দিকটা হচ্ছে একে ডিসেন্ট্রালাইজ করে জনগণের কাছে পৌছে দেওয়া এবং গ্রামাঞ্চলে পৌছে দেওয়া। শুধু পৌছে দেওয়াই নয়, তার মান উন্নয়ন করাও দরকার। কারণ উচ্চশিক্ষার মান যদি উন্নত না হয়, কোয়ালিটি যদি না থাকে তাহলে তা দিয়ে কোনও কাজ হয়না। তারজন্য দেখবেন আমরা স্লেটের ব্যবস্থা করেছি। এ ক্ষেত্রে প্রথম কাজ হচ্ছে উপযুক্ত শিক্ষক নিয়োগ করা স্লেটের মাধ্যমে। এরজন্য একটু সময় লেগেছে। অনেক মাননীয় সদস্য প্রশ্ন করেছেন, এত পোস্ট খালি আছে কেন? এইজন্যই যে আমরা উচ্চ মানের শিক্ষক কলেজগুলিতে পাঠাতে চাইছি এবং পারছি। সেই কাজ শুরু হয়ে গিয়েছে। সিলেবাসের

পরিবর্তনের ক্ষেত্রে বলছি, হায়ার এডুকেশন কাউন্সিল এই কাজটা শুরু করেছে এবং সেখানে নতুন নতুন বিষয় ইন্ট্রোডিউস করা হচ্ছে। আমরা পোস্ট গ্র্যাজুয়েট খুলছি। আপনারা জানেন যে শ্রীরামপুরে যে টেক্সটাইল কলেজ আছে সেখানে পোস্ট গ্র্যাজুয়েট খোলা হয়েছে। ফিজিক্যাল ট্রেনিং-এ পোস্ট গ্র্যাজুয়েট খোলা হয়েছে। এ ছাড়া গভর্নমেন্ট আর্ট কলেজেও পোস্ট গ্র্যাজুয়েট খোলার উদ্যোগ নেওয়া হয়েছে। আমি আগেও বলেছি, এখনও বলছি, মফস্বলে যে কলেজগুলিতে পরিকাঠামো আছে এবং প্রয়োজন ও চাহিদা আছে সেই সমস্ত জায়গায় পোস্ট গ্র্যাজুয়েট আমরা খুলব আগামীদিনের চাহিদার দিকে লক্ষ্য। রেখে। এইভাবে গোটা পশ্চিমবাংলার শিক্ষাব্যবস্থাকে একদিকে গণতন্ত্রীকরণ এবং অপর দিকে যতটা পারা যায় তার মান উন্নয়ন করার কাজ এগিয়ে চলেছে। ভোকেশনাল, ইঞ্জিনিয়ারিং এবং টেকনিক্যাল এডুকেশনের ব্রাঞ্চগুলিকে উন্নত করা হচ্ছে এবং শিক্ষকদের আরও মোটিভেট করার চেষ্টা করা হচ্ছে যাতে তারা নিজেরা উদ্যোগী হয়ে সাহায্য করেন। এই বিশাল পদক্ষেপ নিয়ে আমরা এগিয়ে চলার চেষ্টা করছি। কেন্দ্রে যে নতুন সরকার এসেছে তার দৃষ্টিভঙ্গি সবটা না হলেও অনেকটাই আমাদের কাছাকাছি। আমরা তাদের সঙ্গে আলোচনা করার জন্য যাব। সেটা করে আমাদের পশ্চিমবঙ্গে কৃষিতে যে বিপ্লব এবং অগ্রগতি আমরা ঘটিয়েছি, যাকে ভিত্তি করে আধুনিক শিল্পের ভিত্তি রচিত হয়েছে, তার সঙ্গে আধুনিক বিজ্ঞান প্রযুক্তিকে এগিয়ে নিয়ে এই পশ্চিমবঙ্গকে আমরা এগিয়ে নিয়ে যাব। বিরোধী সদস্য যারা এখানে উপস্থিত নেই তাদেরও বলব যে আপনারা চিৎকার চ্যাঁচামেচি করছেন, কিন্তু ক্যারাভ্যান এগিয়ে যাবে তাকে থামাতে পারবেন না। পশ্চিমবঙ্গে ছাত্র-ছাত্রীরা যা চাইছে আমরা তা করছি। আজকে বিরোধী পক্ষের যারা এখানে বক্তৃতা দিলেন তারা থাকলে বলতাম। তাদেরও কেউ কেউ শিক্ষকদের আক্রমণ করার ক্ষেত্রে নেতৃত্বে দিয়েছেন। আজকে সামান্য কয়েকটা আসন বেশি পেয়ে তারা ভাবছেন যে ১৯৭২ সাল ফিরে এসেছে। তারা এই সামান্য কয়েকটি আসন বেশি পেয়ে গোলমাল শুরু করে দিয়েছেন। আমরা এই বিষয়ে ব্যবস্থা নেব। আমরা পশ্চিমবাংলার শিক্ষা ক্ষেত্রে উচ্চ শিক্ষাক্ষেত্রে যে শান্তি বিরাজ করছে তাকে কোনও মতেই নষ্ট হতে দেবনা। পশ্চিমবাংলার শিক্ষক সমাজ, গণ-আন্দোলনের মানুষ এবং সরকার একত্রিত হয়ে পশ্চিমবঙ্গের শিক্ষা ক্ষেত্রে যে শান্তি এবং অগ্রগতির পরিবেশ তৈরি হয়েছে, তাকে নষ্ট করার চেষ্টা করলে তা আমরা দৃঢ় পদক্ষেপ রুখব। তার কারণ পশ্চিমবাংলার মানুষ আবার তাদের রায় ঘোষণা করে এবারের মতো বামফ্রন্ট সরকারকে ক্ষমতায় বসিয়েছেন। আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। আমাদের বিরোধী পক্ষের সদস্যরা এবং অন্যান্য যারা এখানে আছেন তারা যদি চিন্তাভাবনা করেন আমাদের শিক্ষা ব্যবস্থার উন্নতি করার জন্য তাকে আরও কিভাবে এগিয়ে নিয়ে যাওয়া যায় কোথায় তার দুর্বলতা আছে, সেগুলি দূর করার জন্য যদি তারা সুপারিশ করেন এবং সেটা যদি শিক্ষার স্বার্থে হয়, কোনও রাজনৈতিক বিরোধিতার জন্য নয়, তাহলে আমরা সেটা আলোচনার মাধ্যমে গ্রহণ করতে পারি। আমরা পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থা যে আদর্শ জায়গায় রয়েছে, একটা ভালো জায়গায় রয়েছে, সেটাকে আরও এগিয়ে নিয়ে যেতে চাই। এখানে একজন মাননীয় সদস্য আই.এ.এস. সম্পর্কে বলেছেন। আমি একথা বলব যে, আমরা নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি, বাসন্তীদেবী কলেজ এবং প্রেসিডেন্সি কলেজে আই.এ.এসদের জন্য ট্রেনিং সেন্টার খুলেছি। তার ফলে প্রেসিডেন্সি কলেজ থেকে আই.এ.এস. যেতে চান্স পেয়েছে। আমরা ধীরে ধীরে এগুলি গড়ে তুলব। আমি আপনাদের বলব যে শুধু সমালোচনার

জন্য সমালোচনা না করে, গঠনমূলক সমালোচনা করুন। শিক্ষা এমনই একটি গুরুত্বপূর্ণ বিষয় যেটা আমাদের সকলের একত্রিত হয়ে এর উন্নতি করার চেষ্টা করতে হবে। কারণ এর উপরে আমাদের দেশ নির্ভর করছে, আমাদের দেশের মানুষ নির্ভর করছে, আমাদের অগ্রগতি নির্ভর করছে। এই কথা বলে যারা আলোচনায় অংশ গ্রহণ করেছেন তাদের ধন্যবাদ জানিয়ে বিরোধী সদস্যদের আনা কাট মোশনের বিরোধিতা করে, আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** Now there are 29 Cut Motions to Demand No. 30. All the Cut Motions are in order and taken as moved. I put all the Cut Motions to vote except No. 14 of Shri Debaprasad Sarkar on which I understand the division will be demanded.

The motions that the amount of the Demand be reduced by Rs. 100, were then put and lost.

The Motion (No. 14) of Shri Debaprasad Sarkar that the amount of a Demand be reduced by Rs. 100/- was then put and division taken with the following results :

**NOSE**

Abu Ayes Mondal, Shri
Bagdi, Shri Bijay
Bagdi, Shri Kiriti
Bagdi, Shri Natabar
Bag, Shri Kartic Chandra
Banerjee, Shri Debabrata
Bangal, Dr. Makhanlal
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshi
Bouri Shri Haradhan
Chakraborty, Shri Satyasadhan
Chattopadhyay, Shri Jyoti Krishna
Choudhury, Shri Biswanath
Das, Shri Ananda Gopal
Das, Shri Pushpa Chandra
Das Shri Somendra Chandra
Das Mahapatra, Shri Kamakshya Nandan
Das Thakur, Shri Chittaranjan
Dhar, Shri Padmanidhi

Duley, Shri Krishna Prasad
Giri, Shri Ashoke
Goswami, Shri Subhas
Hembram, Shri Jadu
Hembram, Shri Rabindra Nath
Kar, Shrimati Anju
Kisku, Shri Lakshi Ram
Kujur, Shri Sushil
Kundu, Shri Ranjit
Let, Shri Dhiren
Mahata, Shri Kamala Kanta
Mahato, Shri Abinash
Maikap, Shri Chakradhar
Maitra, Shri Banshi Badan
Majhi, Shri Nanda Dulal
Majhi, Shri Tamal
Malik, Shri Shiba Prasad
Md. Mahamuddin, Shri
Minj, Shri Prakash
Mondal, Shri Rabindranath
Mukherjee, Shrimati Mamata
Mukherjee, Shri Narayan
Naskar, Shri Sankar Sharan
Naskar, Shri Subhas
Nath, Shri Madanmohan
Oraon, Shri Jagannath
Pakhira, Shri Ratan Chandra
Pal, Shri Shyama Prasad
Patra, Shri Manoranjan
Roy, Shri Mrinal Kanti
Roy, Shri Narmada Chandra
Saha, Shri Kripa Sindhu

Sahis, Shrimati Bilasibala

Samanta, Shri Rampada

Saren, Shri Subhas Chandra

Sen Gupta (Bose), Shrimati Kamal

Sk. Khabiruddin Ahmed, Shri

Sinha, Shri Prabodh Chandra

Sk. Jahangir Karim, Shri

Soren, Shri Khanra

Unus Sarkar, Shri

**AYES**

Purkait, Shri Prabodh

Sarkar, Shri Debaprasad

Ayes being 2 and the Noes 51 the motion was lost

The motion of Dr. Ashim Kumar Dasgupta that a sum of Rs. 2,360,88,71,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads : "2202—General Education 2203—Technical Education, 2205—Art and Cultural and 6202—Loans for Education, Sports, Art and Cultural".

(This is inclusive of a total sum of Rs. 789,91,00,000 already voted on account in February, 1996.) was then put and agreed to.

## DEMAND NO. 45

The motion of Dr. Ashim Kumar Dasgupta that a sum of Rs. 13,09,10,000 be granted for expenditure under Demand No. 45, Major Heads : "2251—Secretariat—Social Services" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 4,37,00,000 already voted on account in Februry, 1996), was then put and agreed to.

## ADJOURNMENT

The House was then adjourned at 7.53 P.M. till 11 A.M. on Thursday the 11the July, 1996 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 11th July, 1996 at 11 A.M.

## P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 16 Ministers, 10 Ministers of State and 154 Members.

[11-00 — 11-10 A.M.]

## Starred Questions
## (to which oral answers were given)

### ভিজিলেন্স কমিশনের রিপোর্ট

*৩৩০। (অনুমোদিত প্রশ্ন নং *২।) **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ভিজিলেন্স কমিশনের রিপোর্ট শেষ কোন সময় প্রকাশিত হয়েছে;

(খ) গত দশ বছরে ভিজিলেন্স কমিশনের রিপোর্টটির ভিত্তিতে কতজনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ ছিল; এবং

(গ) তার মধ্যে কতজনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) তদারকি নিগম পশ্চিমবঙ্গের বার্ষিক প্রতিবেদন শেষ ১৯৮৬ সালেরটি প্রকাশিত হয়েছে।

(খ) গত ১০-১১ বছরে (১৯৮৬ সাল হইতে) তদারকি নিগমের প্রতিবেদনের ভিত্তিতে সর্বমোট (বিভিন্ন সরকারি বিভাগের বিভিন্ন স্তরের) ৪৭৭ (চারশ সাতাত্তর) জন কর্মচারির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ ছিল।

(গ) তার মধ্যে ২৮৪ (দুশ চুরাশি) জনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, আপনি বললেন ৪৭৭ জন কর্মচারির বিরুদ্ধে সুপারিশ ছিল, তার মধ্যে ১৯৩ জন কর্মচারির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয় নি, এদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার প্রয়োজন ছিল না, নাকি অন্য কোনও কারণ আছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** বাকিগুলির এখনও তদন্ত হচ্ছে, বিভিন্ন স্তরে আছে। বাকি যেগুলি করা যায় নি সেইগুলি ছেড়ে দেওয়া হয় নি, এখনও তদন্ত চলছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** যেটি লেড অন দি টেবিল করা হয়েছে তাতে আমরা দেখতে পাচ্ছি ৩০শে মে থেকে ১৯৮৬ সাল পর্যন্ত কতকগুলি ক্ষেত্রে ভিজিলেন্স কমিশন রেফার করার পর আপনাদের অ্যান্টি কোরাপশন ডিপার্টমেন্ট অ্যাকশান নিতে অনীহা প্রকাশ করেছে. সেখানে কনট্রাডিকশন হয়েছে। এইরকম দুটি কেস আপাতত আমার জানা আছে। একটা হচ্ছে হেলথ ডিপার্টমেন্টের ডেপুটি ডিরেকটর অফ হেলথ সারভিস, তাঁর ক্ষেত্রে কতকগুলি একসেস হ্যানডেলিং-এর ব্যাপার হয়েছিল। এই ক্ষেত্রে কি ঘটনা ঘটেছিল বলবেন কি? ১৯৮৬ সালে একজন সিনিয়র অফিসারের বিরুদ্ধে ভিজিলেন্স কমিশন অ্যাকশান নিতে বলেছিল। আপনারা নেন নি। ডিসিপ্লিনারী অথরিটি রিটেয়ার হয়ে গেল, তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হল না

**শ্রী জ্যোতি বসু ঃ** আপনি একটা ডিপার্টমেন্টের নাম করলেন, সেই বিষয়টা আমার কাছে নেই। আমি দেখব, জেনারেল এডমিনিসট্রেশন নিয়ে আলোচনা হবে, যদি আমি খোঁজ পাই তাহলে বলতে পারব, এখন বলতে পারব না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** ভিজিলেন্স কমিশন যে রেকমেন্ডগুলি করে তার বেশির ভাগ ক্ষেত্রে দেখা যায় যাদের বিরুদ্ধে অভিযোগ আসছে তারা রিটেয়ার হয়ে গেছে, কোনও ব্যবস্থা নেওয়া হয় নি। আমার কাছে অনেক উদাহরন আছে, অনেকগুলি ক্ষেত্রে দেখা যায় ডিপার্টমেন্টাল মিনিস্টারের অনুমতি নিয়ে অফিসারের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। এর কারণটা কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** এইরকম এত বৎসরের মধ্যে কয়েকটা যা হয়নি, নিশ্চয়ই আছে আমি ঠিক নির্দিষ্ট ভাবে বলতে পারব না। নাম বললে বলতে পারব কেন হয়নি। আমি একটা কথা স্বীকার করে নিচ্ছি, এই প্রশ্নের উত্তর যখন তৈরি করছিলাম তখন আমি দেখছিলাম, সত্যিই দেরি হয়েছে। দেরি হওয়ার কারণটা ঠিক বোঝা যায় না। কারণ এটা হতে পারে, ভিজিলেন্স কমিশন একটু দেরি করতে পারেন। তাঁরা আমাদের বলেন যে, আমাদের যথেষ্ট পুলিশ অফিসার নেই যাদের দিয়ে আমরা তদন্ত করাতে পারি। সেখানে একটু দেরি হল। তারপর তাঁরা ডিপার্টমেন্টে সুপারিশ করলেন। ডিপার্টমেন্টেরই করার কথা। কিছু ক্ষেত্রে আমি দেখছি অ্যাকশন নেওয়া হয়েছে—দশ বছরে কত কি হয়েছে তা আমি তো বললাম তার হিসাব সব আছে। সেই হিসাবের মধ্যে দেখছি, তদন্ত করতে দেরি হয়েছে। ডিপার্টমেন্টে যখন এল, সেখানে দেরি হয়েছে। আমার ধারনা, সেখানে সিস্টেমটা সেইভাবে গড়ে ওঠেনি। এখন এই প্রশ্নটা হয়ে ভালই হয়েছে। এটা আমাদের করতে হবে। ডবলু.বি.সি.এস. অফিসার আই.এ.এস. অফিসার এবং আই.পি.এস. অফিসার, তাদের কতকগুলো নিয়মের মধ্যে দিয়ে হয়। ডবলু বি.সি.এস. অফিসার-এর বিরুদ্ধে যখন রিপোর্টটা এল যে, এঁর বিরুদ্ধে ব্যবস্থা নিন বলে, তখন দেখা গেল তিনি এক ডিপার্টমেন্ট থেকে অন্য আর এক ডিপার্টমেন্টে চলে গেছেন। তিনি যখন অন্য ডিপার্টমেন্টে চলে গেলেন, সেখানে আমরা দেখছি কিছু গাফিলতি আছে। সেখানে সেইভাবে পারসু করা হল না। কিন্তু তিনি তো গভর্নমেন্টেরই এমপ্লয়ী। যখন রেকমেন্ডেশনটা হয়েছে তখন সেটা করা উচিত। এটা আমি স্বীকার করে নিচ্ছি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার সাপ্লিমেন্টারি প্রশ্ন হল এই যে, আপনি বললেন, দু'জন পানিশমেন্ট পেয়েছে দশ বছরে ভিজিলেন্স কমিশনের রিপোর্ট অনুযায়ী

তাদের নেচার অফ পানিশমেন্টটা কি? কারও চাকুরি গেছে কি?

**শ্রী জ্যোতি বসু :** তার হিসাব আমার কাছে সবগুলো নেই। কিন্তু তাঁদের ওয়ার্ন করা হয়। কোনও সময়ে মাইনে কাটা হয়। প্রমোশন হয়ত হয়না. এইসব হয়। কারও চাকুরি সেইভাবে গেছে বলে আমার কাছে কোনও রিপোর্ট নেই।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** এই প্রশ্নে দেখছি আজকে আপনি খুব প্রিপেয়ার্ড হয়ে এসেছেন। ১০ বছরে ভিজিলেন্স কমিশনের রিপোর্টের ভিত্তিতে কত জনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে তা আপনি বললেন। আমার আপনার কাছে যেটা জিজ্ঞাসা. এর আগেও আমি জিজ্ঞাসা করেছিলাম। আপনি বললেন যে ১০ বছরে ৪৭৭ জনের মধ্যে ২৮৪ জনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। এর মধ্যে কতজন আই.এ.এস. এবং আই.পি.এস অফিসার-এর বিরুদ্ধে ১০ বছরে ভিজিলেন্স কমিশন যে সুপারিশ করেছে তার মধ্যে কতজনের বিরুদ্ধে ডিপার্টমেন্ট আলাদা আলাদা ভাবে ব্যবস্থা গ্রহণ করেছে বলতে পারবেন?

**শ্রী জ্যোতি বসু :** আমার কাছে পাঁচ বছরের যে হিসাব আছে, '৯১ সাল থেকে '৯৬ সাল অবধি, সেখানে আই.পি.এস. ৯ জন, তাঁদের বিরুদ্ধে ডিসিপ্লিনারি প্রসিডিংস-এর জন্য রেকমেন্ড করা হয়েছিল। তার মধ্যে ৮ জনকে চার্জশিট দেওয়া হয়েছে। একজনের ক্ষেত্রে চার্জশিট ড্রপড্ হয়েছে। তারপরে দু'জনকে অব্যাহতি দেওয়া হয় চার্জশিট দেবার পর। আর দু'জনকে সাজা দেওয়া হয়। এখন ৪টি কেস প্রসেসড হচ্ছে। আর দু'জন যাদের সাজা দেওয়া হয়েছে, তাঁদের একজন সুপ্রিম কোর্টে গেছেন। সেখানে কেস আটকে আছে। আর একজন সেন্ট্রাল অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুন্যালে গেছেন। সেটিও সেখানে আটকে আছে।

আই.এ.এস.দের ক্ষেত্রে ৫ জনের বিরুদ্ধে সুপারিশ করা হয়েছিল। তাঁদের মধ্যে চারজনকে চার্জশিট দেওয়া হয়েছে। আর একজনকে সাজা দেওয়া হয়েছে। আর দু'জনকে অব্যাহতি দেওয়া হয়েছে। এই যে একজনকে সাজা দেওয়া হয়েছে, তার জন্য রেকমেন্ড করা হয়েছে। সেটি ইউ.পি.এস.সি.র অনুমোদনের জন্য আমরা সেখানে পাঠিয়েছি।

ডাবলু.বি.সি.এস. যেটা সেটা ১৪ জনের ব্যাপারে সুপারিশ ছিল, ভিজিলেন্স কমিশনে, ১৪ জনকে চার্জশিট দেওয়া হয়েছে। সাজা দেওয়া হয়েছে ৫ জনকে। বাকিগুলি প্রসেসড্ হচ্ছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, ভিজিলেন্স কমিশন সম্পর্কে অশোক মিত্র যে অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটি, সেক্ষেত্রে ইভেন ডিপার্টমেন্টাল প্রসিডিংস সম্পর্কে একটা বক্তব্য ছিল দি টাইম টেকেন ফর ডিপার্টমেন্টাল প্রসিডিংস শুড নট এক্সিড সিকস মান্থস। আমি যেটা বলতে চাই ডিপার্টমেন্টাল প্রসিডিংস এর ব্যাপারে আপনি বলছেন একটা দীর্ঘসূত্রতা হচ্ছে, বিলম্বিত হচ্ছে। এটা অশোক মিত্রর সুপারিশকে মেনে নিয়ে যখন গ্রহণ করা হয়েছে—৬ মাসের মধ্যে সীমাবদ্ধ রাখা যায় কি না বলবেন কি?

**শ্রী জ্যোতি বসু :** যখন নাকি আমাদের জেনারেল ডিসকাসন আলোচনা হবে, আমরা কতকগুলি রেকমেন্ডেশন গ্রহণ করতে পেরেছি, কতকগুলি কার্যকর করতে পেরেছি, আমার মনে হয় ৯০ যেটা উনি বলেছিলেন, তার মধ্যে ৭৩টা আমরা কার্যকর করতে পেরেছি,

ইতিমধ্যে আরও দু-একটি কার্যকর করতে পেরেছি। এটাও ঠিক রেকমেন্ডেশন ছিল, সেটা আমরা কার্যকর করতে পারিনি, গ্রহণ করছি সেই বক্তব্যটা সেইজন্য আমি বলছিলাম এটা আমাদের সিস্টেমটা বদলাতে হবে, তাছাড়া পারব না। এটা একটা দীর্ঘসূত্রতা বরাবর হয়ে আসছে। আর আমাকে একটা রিপোর্ট দিয়েছিলেন এর আগের ভিজিলেন্স কমিশনে যিনি ছিলেন, তিনি, সেখানে কতকগুলি সুপারিশ করেছিলেন, ওদের পুলিশের অভাব, যারা নাকি তদন্ত করবে, তাদের অভাব, অফিসারদের বিরুদ্ধে তদন্ত করবে, সেটার জন্য হয়ত যেটা ৩ মাসে হতে পারে, সেটা ৬ মাস লেগে গেল, ১ বছর লেগে গেল, সেটা ৬ মাসের মধ্যে করা যাবে কি না বলতে পারব না, ত্বরান্বিত করতে হবে, তবে একটা দীর্ঘসূত্রতা আছে, চলছে।

[11-10 — 11-20 A.M.]

**Shri Gyan Singh Sohanpal :** Sir, the Hon'ble Chief Minister in reply to the supplementary of Mr. Mannan has stated that while preparing the replies he has himself noticed that inordinate delay was taken place in taking action on the recommendation of the vigilance commission. Sir, after having known that inordinate delay had taken place I would like to know from the Hon'ble Chief Minister whether he has ordered an enquiry to know as to why inordinate delay was taken place and what are the remedial measures?

**Shri Jyoti Basu :** There is nothing to enquire. I have admitted while I was preparing for the reply to this question of Shri Mannan Then I also found out that there was inordinate delay. Sometime delay is inevitable but sometime delay is not inevitable. As I told you that the person is transferred, for instance, from one department to another department. Then his file got lost. We have to again prepare a new file and so on. So I shall look into this This is not a question of enquiry. I said the system should be such that decision should be taken both by the vigilance commission and the administrative department. After the recommendation is made by the vigilance commission the department will take action in the quickest possible time. How quick I cannot say now. I have gone through the records for the last five years and have taken some steps.

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ১৯৮৪ সালে তাঁর একটি ভাষণে বলেছিলেন ভিজিলেন্স কমিশনের কাছে ২,২৫৬টি অভিযোগ এসেছে তদন্ত করার জন্য এবং তদন্ত চলছে। ১৯৮৫-৮৬ সালে এই ব্যাপারে বার বার জিজ্ঞাসা করার পরেও তিনি কোনও উত্তর দিতে পারেননি। কেন তাদের বিচার হল না এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জবাব দেবেন কি?

**শ্রী জ্যোতি বসু :** আমি তো বললাম সেখান থেকে আসতে দেরি হয়। তারা বলছেন

তাদের লোকের অভাব আছে। সম্প্রতিকালে এই সংখ্যাটা আমি পেয়েছি এবং প্রশ্নের উত্তরে আমি তা বলে দিলাম। তবে বাকিগুলো ড্রপ করা হচ্ছে না, সেগুলোও আমরা খবর নেব।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, ভিজিলেন্স কমিশন থেকে যে সুপারিশ করা হয়েছে তার ভিত্তিতে এই পর্যন্ত কতজন আই.এ.এস এবং আই.পি.এস অফিসারকে চাকরি থেকে সাসপেন্ড করা হয়েছে?

**মিঃ স্পিকার :** এর আগেই তো এই প্রশ্নের উত্তর দিয়েছেন।

**শ্রী তাপস ব্যানার্জি :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন রিপোর্টগুলো পেতে দেরি হচ্ছে এবং ওরা বলছে নাকি স্টাফ নেই। কিন্তু আমরা দেখতে পাচ্ছি কোনও এম.এল.এ-কে ধরতে পুলিশ খুব সক্রিয়, তখন তাদের স্টাফ আছে। সর্বোচ্চ পর্যায়ে দুর্নীতি রোধ করার জন্য এই ভিজিলেন্স কমিশন গঠন করা হয়েছিল। এটা যাতে তাড়াতাড়ি করা যায় তার জন্য কি স্পেসিফিক স্টেপ আপনি নিয়েছেন?

**শ্রী জ্যোতি বসু :** আমি তো এই মুহূর্তে বললাম, দপ্তরের দীর্ঘসূত্রতা আছে। দু'জায়গাতে দেরি হয়। সবটা বসে বিবেচনা না করলে এর উত্তরটা কি করে বলব। তবে এটা ত্বরান্বিত করতে হবে।

**শ্রী সৌগত রায় :** এডমিনিস্ট্রেটিভ লেভেলে দুর্নীতি রোধ করার জন্য ভিজিলেন্স কমিশন গঠন করা হয়েছিল এটা আমরা মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তব্য থেকে জানতে পেরেছি। যদিও এর কাজ ঠিকমতো হয়নি, দশ বছর আগের রিপোর্ট ঘোষণা করা হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী পলিটিকাল লেভেলে মুখ্যমন্ত্রী এবং সিনিয়ার আমলাদের বিরুদ্ধে তদন্ত করান ব্যাপারে লোকায়ুক্ত ভারতবর্ষের কয়েকটি রাজ্যে আছে। পশ্চিমবঙ্গে সেই লোকায়ুক্ত গঠন করা হচ্ছে কি না?

**শ্রী জ্যোতি বসু :** এটা আমরা দেখছি, এই ব্যাপারে আমরা একবার আলোচনা করেছি। তবে এখনও সিদ্ধান্ত নিইনি। দিল্লিতে লোকপাল আইন আনার কথা হচ্ছে এবং তার মধ্যে প্রধানমন্ত্রীকেও রাখা হবে। আমরা এটা দেখছি সারা ভারতবর্ষে হবে, না শুধু কেন্দ্রে হবে। আমাদেরও রাজ্যে আমরা করতে পারি, একটু দেখে নিয়ে আমরা আলোচনা করে নিই।

## ইলেকট্রনিক্স প্রকল্প

***৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৬।) শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ থেকে ১৯৯৫-৯৬ আর্থিক বছর পর্যন্ত রাজ্যে কতগুলি ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স শিল্প, কাঁচ শিল্প ও পাটজাত দ্রব্যের শিল্প লাইসেন্স পেয়েছে; এবং

(খ) সল্টলেকে ইলেকট্রনিক্স প্রকল্প চালু করার বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :**

(ক) ১৯৯১ সাল থেকে প্রশ্নে উল্লেখিত শিল্পের ক্ষেত্রে কোনও লাইসেন্স প্রয়োজন হয় না। তবে এই ক্ষেত্রগুলিতে ঐ সময়কালে ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স শিল্পে

৩২টি, কাঁচ শিল্পে ৭টি এবং পাটজাত শিল্প ক্ষেত্রে ২০টি প্রকল্প অনুমোদি হয়েছে।

(খ) সল্টলেকে বেশ কয়েকটি ইলেকট্রনিক্স প্রকল্প কয়েক বৎসর ধরে চালু হয়েছে ওয়েবেলের কয়েকটি সংস্থা এবং ফিলিপস্, সিমেন্স, টাটা কনসালটেনসির সফট্ওয়া প্রকল্প, জেস্টেটনার, জিইসি এলস্থম, বিদেশ সঞ্চার নিগমের দূর সঞ্চারের প্রকল্প আর এস সফট্ওয়ারের প্রকল্প, টেকনা ডিজিটলের সফট্ওয়ার প্রকল্প, ভার সরকারের ইলেকট্রনিক্স রিজিওন্যাল টেস্ট লেবরটারি, ভারত-জার্মানীর যৌথ উদ্যোগ ইলেকট্রনিক্স টেস্টিং ইঞ্জিনিয়ারিং প্রশিক্ষণ কেন্দ্র, সফট্ওয়ার টেকনোলজি পা ইত্যাদি প্রকল্পের শিল্প ইতিমধ্যে স্থাপিত হয়েছে।

[11-20 — 11-30 A.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন ওয়েষ্ট বেঙ্গল ইলেকট্রনি ইন্ডাষ্ট্রী ডেভেলপমেন্ট করপোরেশন লিমিটেড তার অধীনস্ত সল্ট লেক ইলেকট্রনিক্স কমপ্লে এ পর্যন্ত কি পরিমাণ জমি নেওয়া হয়েছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** স্যার, সল্টলেক ইলেকট্রনিক্স কমপ্লেক্স যেটা ওয়েষ্ট বেঙ্গল ইলেকট্রনিক্স ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্টের আওতায় পড়ে সেখানে ৮৭ একরের কিছু বেশি জমি বরাদ্দ কর হয়েছে। এর মধ্যে রাস্তা এবং অন্যান্য কাজের ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের জন্য প্রায় ১১ একর মতো জমি লেগেছে। আর সাড়ে পাঁচ একরের মতো জমি নন ইলেকট্রনিক্স শিল্পে বিশেষ কারণে দেওয়া হয়েছে। তাছাড়া, ৭১ একরের একটু বেশি জমি, ৮৪টা প্লটে বিভিন্ন শিল্পোদ্যোগীদের জন্য বরাদ্দ করা হয়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার দ্বিতীয় প্রশ্ন সল্টলেক ইলেকট্রনিক্স কমপ্লেক্সে যেসব শিল্প স্থাপিত হয়েছে, যেগুলো উৎপাদন শুরু হয়েছে, যেগুলো স্থাপিত হতে চলেছে সেইগুলো সম্পর্কে স্পেসিফিক কিছু বলুন। হাউসের সামনে একটা বিবৃতি দিন।

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** আমরা বলেছি ৮৪টি প্লট দেওয়া আছে ইন্ডাষ্ট্রির জন্য। তার মধ্যে ৮৩টা দেওয়া হয়ে গেছে ৭২টা সংস্থাকে। একটা প্লট এখনও দেওয়া বাকি আছে। এর মধ্যে ৩০টা প্লটে ২১ জন শিল্পোদ্যোগী প্রোডাকশন শুরু করেছে। প্রকল্প নির্মাণ কাজ শুরু হয়েছে ১৭টা প্লটে ১৭টা শিল্পোদ্যোগীদের দ্বারা। সয়েল টেস্টিং, ডিজাইনিং টেকনিক্যাল, ফিনানসিয়াল টাই আপ করার এই সব কাজের ক্ষেত্র আছে ২২টা প্লটে। ২২টা ইন্ডাস্ট্রি। এই আপনার পুরো হিসাব।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** এই ইলেকট্রনিক্স কমপ্লেকসের স্ট্যান্ডার্ড ডিজাইন ফ্যাক্টরির যে সমস্ত বিল্ডিং আছে সেটা কি পারপাসে ব্যবহার হচ্ছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** এই স্ট্যান্ডার্ড ডিজাইন ফ্যাক্টরির বিল্ডিং আছে একটা সেটা হচ্ছে একটা বাড়ি, তাতে অনেকগুলো মডিউলস আছে। কয়েকটা ফ্লোর আছে। তাতে টোটাল মডিউলস ১৯২ তার মধ্যে এস.টি.পি ইউনিটের জন্য দেওয়া আছে ৪৪টা আর ইলেকট্রনিক্সের জন্য ১৩১টা।

আর কমন ফেসিলিটিস এই যে এতগুলি শিল্প এখানে স্থাপিত হয়েছে, আরও কিছু হয়ত হবে। তাদের জন্য কতগুলি কমন ফেসিলিটিস করার জন্য ১৭টা মডিউল সংরক্ষিত আছে। আর এর অ্যালটমেন্ট করা হয়েছে এস টি পি ইউনিটের জন্য ৪৪টা মডিউল, ১৫ জন শিল্পোদ্যোগীকে। ইলেকট্রনিক্সের জন্য ১৩১ মডিউল ৩৯ জন শিল্পোদ্যোগীকে। ইতিমধ্যে প্রোডাকশন শুরু হয়ে গেছে। ৪৩টা মডিউলে ১৪ জন শিল্পোদ্যোগী এস টি পি প্রোডাকশন শুরু করেছে। আর ইলেকট্রনিক্সে ১২১টা মডিউলে ৩৪ জন শিল্পোদ্যোগী প্রোডাকশন শুরু করেছে।

**শ্রী সৌগত রায়ঃ** মাননীয় মন্ত্রী, দয়া করে জানাবেন কি—যে ইলেকট্রনিক্সে মানে কমিউনিকেশন বা কমপিউটারসে যারা আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কোম্পানি, যেমন—কমিউনিকেশনে অ্যালকাটেল, এ টি এন টি, মোটোরলা এবং কমপিউটারসে আই বি এম, অ্যাপেল, টেক্সাস ইলেকট্রনিকি, মাইক্রো সফট, এরা কেউ পশ্চিমবাংলায় ডিরেক্ট ইনভেস্টমেন্ট করছেন কি না বা ওয়েবেলের সাথে কোনও ইনভেস্টমেন্ট করছেন কি না। যদি না করেন তাহলে পশ্চিমবাংলায় বড় এই ইলেকট্রনিক জায়েন্টগুলো না আসার কারণ কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলিঃ** ৮ তারিখে যখন আমাদের ডিপার্টমেন্টে বাজেট হয়েছে, তখন আপনার বক্তৃতার জবাবে আমি বিস্তৃতভাবে বলেছিলাম। তবে আবার আপনি বলছেন, সেইজন্য আমাকে বলতে হচ্ছে অ্যালকাটেল, ইলেকট্রনিক্স কমপ্লেক্সে নয়, পশ্চিমবাংলায় এসেছে। একেবারে সম্প্রতি এই মাসে এসেছে। এটা আপনাকে বলেছিলাম। একটা এলডাইন বলে কোম্পানী আছে। আমাদের পশ্চিমবঙ্গেরই কোম্পানী। ওদের ৬টা ছোট ছোট কারখানা পশ্চিমবঙ্গে আছে। দুটো বিহারে আছে। ওদের সাথে অ্যালকাটেল যে পৃথিবীর প্রথম ১০টা কোম্পানীর নাম, আপনি বলেছিলেন, যেটা উঠে গেছে, সেটাই অ্যালকাটেল এসেছে। অ্যালকাটেল এলডাইনের সাথে কাজ করছে। এছাড়া ধরুন সিমেন্স আছে। ফিলিপস আছে। যারা ইতিমধ্যে এসে গেছে। সিঙ্গাপুরের কয়েকটা সংস্থা আসবে। তা ছাড়া ওই টেকনোলজি পার্ক যেটা আমরা ইন্টেলিজেন্ট বিল্ডিং, যেটা আমরা করব, তাতেও কতগুলি বিশ্ববিখ্যাত সংস্থা আসবে, যাদের সাথে আমাদের কথা হচ্ছে। কয়েকটার নাম উল্লেখ করা যেতে পারে। যেমন—মোদি ওলেস্তা, অ্যালট্রস পি সি এল। তারপর এ আই এম এস, উইপ্রো ফিলিপস তো আছেই। তাছাড়া জি এস আই টি ই, এরা বিভিন্ন দেশে যৌথ উদ্যোগে হবে। আর একটা সংস্থা খুব বড় আসছে সেটা হচ্ছে—পার্কটেক কমপিউটারস। এটা হচ্ছে আমাদের আই আই টির ১৪ জন ইঞ্জিনিয়র ওরা একটা সংস্থা তৈরি করেছে—পার্কটেক কমপিউটারস। পৃথিবীর ৭টা দেশে ৪ বছরের মধ্যে ওরা ওদের কাজ শুরু করেছে। ওরা এখন সল্টলেকে আসবে এবং একটা বড় উদ্যোগ শুরু করবে এবং সেটা খুবই বিজ্ঞান প্রযুক্তি দৃষ্টিকোণ থেকে যদি দেখা যায়, তাহলে দেখা যাবে যে, একটা খুব বড় সংস্থা আসছে। ওদের সাথে কথাবার্তা হয়ে গেছে। ওদের জমি আমরা অ্যালকেট করছি। ওরা আসছে। আমাদের রাজ্যের অধিবাসী হিসাবে শুনলে খুশি হবেন যে, সল্ট লেকে ইলেকট্রনিক কমপ্লেকসে এই ব্যাপারে ইদানিংকালে কয়েকটা সমীক্ষা হয়েছে। একটা ভারত-জার্মান যৌথ সমীক্ষা হয়েছে, একটা ভারত সরকার সমীক্ষা করেছে এবং একটা ভারত-ফরাসী যৌথ সমীক্ষা হয়েছে।

[11-30 — 11-40 P.M.]

৩টি সমীক্ষায় বিজ্ঞান ভিত্তিক রেটিং প্রথা চালু আছে। তাতে দেখা যাচ্ছে এই রিপোর্টগুলো আমাদের মনগড়া নয়। তাতে ওঁরা বলেছেন কলকাতার সল্টলেক ইলেকট্রনিক কমপ্লেক্স ভারতবর্ষের মধ্যে সবচেয়ে ভাল জায়গা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওই রিপোর্টের অংশবিশেষ পড়ে দিচ্ছি, এটা গর্বের ব্যাপার। "In the interest of a most objective site selection, a list of site selection criteria alongwith weighing factors were worked out. These criteria were applied to rate the four candidate locations. Chandigarh, Nasik, Bangalore and Calcutta. Results are as follows :-

Calcutta - 276 points

Bangalore - 250 points

Chandigarh - 243 points

Nasik - 95 points.

On the basis of these ratings, it is proposed to locate this centre at Calcutta, Salt Lake Complex which offers :-

(a) an excellent future environment among several States and National Institutes;

(b) the possibility of a flying start in available space at the Electronic Regional Test Lab of DOE/STPC;

(c) the land offered by West Bengal Government for centre construction is less than 1 km from Electronic Regional Test Lab

(d) In addition, WEBEL plans to set up the first Apprenticeship Trading Centre in electronics for small/medium scale industries thus providing technicians with desirable entry level qualifications fcr the post diploma course."

এটা ইন্দো-জার্মান রিপোর্ট আর ওই রিপোর্ট ইন্দো-ফ্রেঞ্চ রিপোর্ট। ওঁরা যে লোকেশন ক্রায়টেরিয়া করেছে তাতে টেকনিক্যালি অ্যাকসিলেন্ট ইন্সটিটিউট হিসেবে ইন্ডাসট্রিয়ালে কলকাতা পেয়েছে—৭৫, ব্যাঙ্গালোর পেয়েছে—১০০, মাদ্রাজ পেয়েছে—৬৬.৬৬, বম্বে পেয়েছে—৮৩.৩৩, এবং দিল্লি পেয়েছে—৯১.১৬। এরপর অ্যাকাডেমিক ফেব্রিকে যে পয়েন্ট দিয়েছেন তাতে দিল্লি পেয়েছে—৬৬.৬৬, বম্বে পেয়েছে—৫৮.৩৩, ব্যাঙ্গালোর পেয়েছে—৮৮.৮৮, মাদ্রাজ পেয়েছে—৫৮.৩৩ এবং কলকাতা পেয়েছে—১০০। এবারে ইনফ্রাস্ট্রাকচার, এখানে কস্ট অফ ইনফ্রাস্ট্রাকচার হিসেবে ওনারা ধরেছেন, 'Cost of land and building, utilities, friendly government, availability of temporary accommodation for CIT Institute, availability of rented accommodation and airport/surface transport/communication.'

ইনফ্রাস্ট্রাকচারে দিল্লি পেয়েছে—২২.২২, বম্বে পেয়েছে—৩৮.৮৮, ব্যাঙ্গালোর পেয়েছে—৪৪.৪৪, মাদ্রাজ পেয়েছে—৭৭.৭৭, এবং কলকাতা পেয়েছে—৯৪.৪৪। এবারে লিস্টে যেটা আছে সেটা হচ্ছে সোশ্যাল স্ট্যান্ডিং-এ এখানে ক্রায়টেরিয়া হিসেবে ধরা হয়েছে যেটা সেটা বলছি। ইনডাসট্রিয়াল বললাম, অ্যাকাডেমিক ফেব্রিক বললাম, ইনফ্রাস্ট্রাকচার বললাম। এবার সোশ্যাল স্ট্যান্ডিং শুনুন, সেটা বলছি—এখানে ধরা হয়েছে, 'Cultural and social standing, politically friendly, academically congenial, willingness of young scholars for an academic career.'

দিল্লি পেয়েছে—৫০, বম্বে পেয়েছে—৬৬.৬৬, ব্যাঙ্গালোর পেয়েছে—৮৩.৩, মাদ্রাজ পেয়েছে— (এই সময় গোলমাল হয়।)

এগুলো করেছে ইন্দো-জার্মান জয়েন্ট এনকোয়ারি কমিটি এবং ইন্দো-ফ্রেঞ্চ জয়েন্ট এনকোয়ারি কমিটি। সেখানে মাদ্রাজ পেয়েছে—৭৫, এবং কলকাতা পেয়েছে—১০০। এখন এই ৪টে মিলিয়ে দাঁড়াচ্ছে দিল্লি—৫৭.৬, বম্বে—৬১.৮, ব্যাঙ্গালোর—৭৯.১৬, মাদ্রাজ—৬৯.৪৪ এবং কলকাতা—৯২.৩৬।

নিজের দেশের কথা বললেও আপনারা ব্যাঙ্গ করেন। এমনই আপনারা পশ্চিমবাংলার লোক?

**শ্রী নাজমুল হক :** মাননীয় মন্ত্রী মহাশয় কতগুলো শিল্প-কারখানার লাইসেন্সের কথা বললেন। আমি একটি বিষয়ে জানতে চাই—যে সমস্ত জেলায় প্রচুর পরিমাণে পাট উৎপাদন হয়, সেই সমস্ত জেলায় পাট শিল্প গড়ে তোলার জন্য কোনও সংস্থা বা ব্যক্তি উদ্যোগী হয়ে আপনার কাছে কোনও প্রস্তাব দিয়েছে কি না বা সরকারের দিক থেকে আপনাদের এই ব্যাপারে কোনও প্রস্তাব আছে কি না।

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** এই প্রশ্নের মধ্যে জুট ছিল, সেটা বলেছেন। জুট নিয়ে যে প্রস্তাবগুলো পেয়েছি, সেটা সংক্ষেপে বলে দিচ্ছি। ইউল স্পেশাল ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড, ইন্ডিয়ান রেয়ন অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড, ফোব পলি অ্যান্ড প্রিন্ট প্রা. লি., নফর চন্দ্র জুট মিলস লি. দি গঙ্গা ম্যানুফ্যাকচারিং কোং., কাজারিয়াইয়ার্নস অ্যান্ড টুইনস লি., সূর্য টুইনস প্র. লি., ইন্ডিয়ান রেয়ন অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লি., জুট স্পেশ্যাল ইন্ডিয়া (পি) লি., নির্মান ইন্ডিয়া লি., চাপদানি ইন্ডাস্ট্রিজ লি., হাওড়া মিলস্ কো. লি., মিনি জুট প্রসেস প্রা. লি., সেস্টিংস জুট মিলস, দি চাঁপদানি ইন্ডাস্ট্রিজ লি., ডেলটা ইন্ডাস্ট্রিজ লি.। এতে টোটাল ইনভেস্টমেন্ট ১৬৭ কোটি, ৯৭ লক্ষ ৭ হাজার টাকা। ডাইরেকট এমপ্লয়মেন্ট হয়েছে ১৫,৪০৩ জনের।

**শ্রী সঞ্জীব দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় সল্ট লেকের ইলেকট্রনিক্স কমপ্লেক্সের রিপোর্ট দিলেন। সরকার যদি পরে এটা ফলো আপ করে, তাহলে মনে হয় এই শিল্পে মরা গাঙেও জোয়ার আসবে। আপনার কাছে আমার প্রশ্ন টোটাল ইলেকট্রনিক্স শিল্পে কত বেকার ছেলের চাকরি হওয়ার কথা এবং যে শিল্প হয়েছে, তার মধ্যে কত বেকার ছেলের চাকরি হয়েছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি :** এখন তিন হাজার আটশ ছেলে-মেয়ের চাকরি হয়েছে। আর, এটা জেনে রাখুন, ১০০ একরের কিছু কম জমি নিয়ে এটা করেছি। আমাদের কাছে আরও প্রস্তা

আছে—দেশি, বিদেশি বিখ্যাত সংস্থাগুলির এবং ইন্ডিয়া গভর্নমেন্টের—তাতে আমাদের দরকার হচ্ছে আর ৪৬০ একর জমি সফট্ওয়ার কমপ্লেকসের জন্য। এটা আমাদের পক্ষে কঠিন হবে। আমরা ধরেছিলাম ১৫০ একরের মতো করব। কিন্তু ইতিমধ্যে যা রিয়েল প্রপোজাল এসে গেছে, তাতে আরও ৪৬০ একর জমি লাগবে। আর, এখন পর্যন্ত ৩,৮০০ এমপ্লয়মেন্ট হয়েছে—ডাইরেক্ট। এর সাথে স্মল স্কেলে কত এমপ্লয়মেন্ট হবে, সেটা এস্টিমেট করিনি। অ্যানুয়াল টার্নওভার এই বছরে হয়েছে—ওয়েবেল—১১৫ কোটি টাকা, ফিলিপসে ৩০০ কোটি, এই ৪১৫ কোটি আর অন্যান্য মিলে ২০০, অর্থাৎ সব মিলে ৬১৫ কোটি টাকা।

[11-40 — 11-50 A.M.]

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ উনি একটা গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তর দিয়েছেন। কিন্তু আমরা দেখছি যে, এখনও পর্যন্ত এখানে বিভীষন-মির্জাফররা আছে। কারণ আপনি যখন পশ্চিমবাংলার উন্নয়নের কথা, শিল্পের অগ্রগতির কথা বলছেন তখন দেখছি, ওঁবা পশ্চিমবাংলার উন্নয়নের বিরুদ্ধে চিৎকার-চেঁচামেচি করছেন। অনেক লড়াই, অনেক আন্দোলনের ফলে আজকে আমরা এই জায়গায় পৌঁছতে পেরেছি। হলদিয়া পেট্রকেমিকেলও আমরা করব। স্যার, আজকে কেন্দ্রে কংগ্রেস সরকার পতনের পর যুক্তফ্রন্ট সরকার গঠিত হয়েছে। এই জায়গায় দাঁড়িয়ে, লাইসেন্স প্রথার যে জটিলতা ছিল বেসিক ইন্ডাস্ট্রির ক্ষেত্রে তার কোনও সুরাহা বা সরলীকরণ করা হচ্ছে কি না? আজকে ওঁরা না চাক আমরা পশ্চিমবাংলার উন্নতি চাই। পিপল অফ ওয়েষ্ট বেঙ্গল ডিজার্ভড ইট। তাঁরা আমাদের আশির্বাদ করছেন এর জন্য। ওয়েট ফর ওয়ান ইয়ার।

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন, স্পিকার অ্যালাউ করলে বলতে পারি। এ বিষয়ে আমাদের সুনির্দিষ্ট বক্তব্য আছে, বহুবার বলেছি। আমি মনে করি, অনগ্রসর দেশের অর্থনীতিতে পরিকল্পনা এবং নিয়ন্ত্রণ ঠিক থাকা জরুরি। না হলে ডেভেলপিং ইকোনমি হবে না। কিন্তু ভারতবর্ষের ক্ষেত্রে দেখা গেল, পশ্চিমবাংলা এবং পূর্বাঞ্চলের ১৭।১৮ টা রাজ্য বৈষম্যের শিকার হল। সেই জন্য নয়া অর্থনৈতিক নীতিতে যখন এটা অনেকটা তুলে দেওয়া হয়েছে, লাইসেন্স প্রথা তুলে দেওয়া হয়েছে—তখন আমরা এটাকে স্বাগত জানাচ্ছি এতে আমাদের কাজ অনেকটা সহজ হয়েছে। এমনকি বিদেশে কোনও কোম্পানির সাথে কথা বলা আগে সম্ভব ছিল না কেননা কেন্দ্রীয় নীতিতে ছিল, কেন্দ্রীয় সরকারের ক্ষমতা এটা। মাননীয় মুখ্যমন্ত্রী হয়ত কোনও ইউনিভার্সিটির ডাকে বক্তৃতা করতে বিদেশে গেলেন তখন ইন্ডিয়া গভর্নমেন্ট এসে বলেছেন, আপনি বিদেশে যাচ্ছেন, যান কিন্তু কোনও ইন্ডাস্ট্রির ব্যাপারে কোনও কথা বলবেন না। কংগ্রেস গর্ভনমেন্ট সংবিধান অমান্য করে এই কাজ করেছেন। দেশের পক্ষে এটা ভাল নয়। কিন্তু আমরা এখন অনেক প্রোপোজাল পাচ্ছি। কিন্তু ওঁরা লাইসেন্স দিচ্ছে না। ফিন্যান্সিয়াল ইনস্টিটিউশনকে বলে দিচ্ছে এখানে না করতে, এখান থেকে সরে যেতে। এইভাবে ৩ দশক ইন্ডাস্ট্রি করা যায়নি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, ভারত-জার্মান এবং ভারত-ফ্রান্স-এর যে দ্বৈত রিপোর্টের কথা বলছেন তাতে আমরা আগ্রহান্বিত এবং গর্বিত বোধ করছি। কিন্তু আপনি কি জানেন—১৯৯৫-৯৬ সালে ব্যাঙ্গালোর থেকে এক্সপোর্ট হয়েছে সফট ওয়ার, হার্ড পেরিফেরাল—৯০৭ কোটি টাকার, চন্ডিগড় থেকে হয়েছে ৮০০ কোটি টাকা। সেখানে

পশ্চিমবাংলা থেকে হয়েছে ৩ কোটি টাকা। আপনি এটা বাড়াবার কি ব্যবস্থা নিচ্ছেন? ওয়েবেলের নন্দন ভট্টাচার্য সরকারি কোম্পানীর হিসাবের অর্ডার নিচ্ছেন। বাজার থেকে কিনে সাপ্লাই দিচ্ছেন। কোনও ম্যানুফ্যাকচারিং নেই, টেকনোলজি ইমপ্লিমেন্ট করছেন না। তিনি শুধু সরকারি ব্যবস্থায় সরকারি কোম্পানী যাতে ফেসিলিটি পায়, অর্ডার পান সেটা করছেন। উনি হার্ডওয়ার ক্যাটালিস্ট এজেন্ট দাঁড়িয়েছেন। হি ইজ জাস্ট এ ক্যাটালিস্ট এজেন্ট। চন্ডিগড়, বাঙ্গালোর ইলেকট্রনিক্সে, সফটওয়ারে, হার্ডওয়ার অ্যান্ড পেরিফেরিয়ালে কলকাতার থেকে তুলনামূলক হিসাবে একসপোর্টের দিক দিয়ে এগিয়ে যাচ্ছে সেখানে আমাদের কি অবস্থা?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** মাননীয় সদস্যকে এই বিষয়টা আমি পরিষ্কার করে বলছি। আমরা পশ্চিমবঙ্গে ইলেকট্রনিক্স সফট ওয়ার এবং হার্ড ওয়ারের যে অগ্রগতির কথা বলছি এটা হচ্ছে একটা উত্থান পর্যায়। এখানে এক্সপোর্ট ইনডেক্স নিয়ে বুঝতে পারবেন না। এক্সপোর্ট ওরিয়েন্টেড অনেক ইউনিট এখানে এসেছে। এটা শুধুই বড় কথা নয়, বড় কথাটা হচ্ছে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ১৫ বছর ধরে চেষ্টা করছেন। আমাদের পশ্চিমবাংলায় এতো মেরিট আছে, এটা সারা পৃথিবী স্বীকার করে। এখানে একটা জ্ঞান বিজ্ঞান প্রযুক্তির আধুনিক কেন্দ্র গড়ে উঠুক এতে কেন্দ্রীয় সরকার না বলেন নি, তবে হ্যাঁও বলেন নি। এটা বিধানসভায় বহুবার বলা হয়েছে—ইন্দিরাগান্ধী মুখ্যমন্ত্রীকে বলেছিলেন, আমার অফিসাররা বলেছেন এটা পশ্চিমবাংলায় করা যাবে না—যেহেতু এটা সীমান্ত রাজ্য। তখন মুখ্যমন্ত্রী তাঁকে জিজ্ঞাসা করেছিলেন, আপনিও কি তাই মনে করেন? তখন তিনি বলেছিলেন, না—আমি তা মনে করি না, তবে আমার অফিসাররা এটা মনে করেন, কারণ পশ্চিমবঙ্গের সীমান্ত প্রদেশ হচ্ছে বাংলাদেশ। কেন্দ্রীয় সরকারের ভান্ডার থেকে ব্যাঙ্গালোরে ঢালাও ইউনিট করেছে, ইনফ্রাস্ট্রাকচার করেছে, সেই জন্যই ওখানে দেখতে পাচ্ছেন। ব্যাঙ্গালোরে যে ১০ হাজার ছেলেমেয়ে চাকরি করে, তার মধ্যে ৫ হাজার ছেলেমেয়ে কলকাতা থেকে গেছে। আপনাদের বৈষম্যের জন্যই এটা হয়েছে। এখানে প্রায় প্রতিদিন তিনটে ফ্যামিলি থেকে তিনটে ছেলে ব্যাঙ্গালোরে যাচ্ছে। আমরা চাইছি এখানেও গড়ে তুলতে, যাতে এখান থেকে যারা আই.আই.টি বা ইউনিভার্সিটি থেকে পাশ করে বেরোবে তারা এখানেই চাকরি বা কাজ পায়। আমরা এখানে ইউনিভার্সিটি এবং কলেজে ইলেকট্রনিক্স সাবজেক্ট গত বছর থেকে দেওয়া শুরু করেছি। আপনি দেখবেন আর ৫ বছর পরে দিল্লি, ব্যাঙ্গালোর কলকাতার সঙ্গে দাঁড়াতে পারবে না। ওয়েস্ট বেঙ্গল বেস্ট মেরিট হিসাবে ওয়ার্ল্ডের মধ্যে গণ্য হবে।

**Shri Ram Chandra Mondal :** Will the Hon'ble Minister be pleased to state whether he is considering for preparing an Electronics Master Plan of International standard for the students of West Bengal?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** মাস্টার প্ল্যানে এইরকম নেই। আমরা ইতিমধ্যেই জলপাইগুড়িতে ইলেকট্রনিক্স কমপ্লেক্স করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছি, জমি ঠিক হয়ে গেছে। দার্জিলিংয়ে বাগডোগড়ায় কিছু করা যায় কি না সেটা আমরা ভাবছি। আমরা দেশি-বিদেশি বিজ্ঞানীদের সাথে পরামর্শ করেছি যে পশ্চিমবাংলায় এটাকে আরও সম্প্রসারিত করার ব্যাপারে। মাস্টারপ্ল্যানে এটাকে ছড়িয়ে দেওয়ার কথা আছে, যেরকম প্রস্তাব আসবে, সেরকম করব। তার একটা রূপরেখা আমি আপনাদের দেওয়ার চেষ্টা করব।

[11-50—12-00 P.M.]

**শ্রী বিপ্লব রায়চৌধুরি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার কেন্দ্র কোলাঘাট। তার ৫০ মাইল দূরে হলদিয়া, ৫০ মাইল দূরে খড়গপুর এবং ৫০ মাইল দূরে কলকাতা। কোলাঘাটের 'কোলাঘাট থার্মাল পাওয়ার প্রোজেক্ট' এর পি.এল.এফ. সারা ভারতবর্ষে প্রশংসনীয় এবং কোলাঘাট থার্মাল পাওয়ার প্ল্যান্ট সারা পশ্চিমবঙ্গকে জাগিয়ে রেখেছে। কোলাঘাটের ওপর দিয়ে দুটো ন্যাশনাল হাইওয়ে গিয়েছে। তা ছাড়াও নদী পথের এবং রেল পথের যোগাযোগ ব্যবস্থাও ভাল। এই জায়গায় আপনি কোনও শিল্প সংস্থানের সম্ভাবনার কথা ভেবে দেখছেন কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** স্যার, কোলাঘাট থার্মাল পাওয়ার স্টেশন একটা বেস্ট অফ আওয়ার টেকনোলজি, এ বিষয়ে কোনও সন্দেহ নেই। আমি খুব ভাল করে কোলাঘাট থার্মাল পাওয়ার স্টেশনটি দেখেছি। যে ইনফ্রাস্ট্রাকচারের কথা মাননীয় সদস্য বললেন, সেটা নিশ্চয়ই ওখানে আছে। তা ছাড়া ফারাক্কা ব্যারেজ প্রোজেক্টের যে উদ্বৃত্ত জমি আছে সেই জমিতে কতগুলি শিল্প পরিকল্পনার প্রস্তাব আমরা গ্রহণ করেছি। হয়ত শীঘ্রই কিছু হবে। দেরি হবার কারণটা আমি এখানে উল্লেখ করছি। ওখানে এবং মালদায় ন্যাশনাল হাইওয়ে—৩৪-এর পাশে যে গ্রোথ সেন্টার আছে—তার পাশেও রেল লাইন আছে, কিন্তু সেটার বিশেষ কিছু অগ্রগতি হয় নি—সেখানে একজন অনাবাসী ভারতীয় শ্রী সন্তোষকুমার ঘোষ, রেলওয়ে ইকুইপমেন্ট এক্সপার্ট একটা বড় প্রোজেক্ট করতে চেয়েছিলেন। কিন্তু তাঁকে তা করতে দেওয়া হয় নি। তিনি আমেরিকায় থাকেন, ৫/৬ বছর ধরে বছরে ৫/৬ বার এখানে এসেছেন, আমাদের সঙ্গে আলোচনা করেছেন। তিনি আমাদের বলেছিলেন, 'এখন আমাদের দেশে যে ব্যবস্থার মধ্যে দিয়ে রেল চলছে তা একেবারে পৌরাণিক ব্যবস্থা এবং এর জন্যই এত অ্যাকসিডেন্ট হচ্ছে। টেকনোলজি এখন অনেক এগিয়ে গেছে। আমি এখানে মর্ডান ইকুইপমেন্ট প্রস্তুত করতে পারব যদি মার্কেট বা ক্যাপটিভ অর্ডারের ব্যবস্থা করে দেওয়া হয়।' তিনি ৩০ বছর ধরে আমেরিকায় আছেন। আমরা তাঁর জন্য ফারাক্কা ব্যারেজের জমি ইয়ার মার্কড করে রেখেছিলাম এবং জুট ইন্ডাস্ট্রির ডাইভার্সিফায়েডের জন্যও কিছু রেখেছিলাম। শ্রী সন্তোষকুমার ঘোষ, অনাবাসী ভারতীয়, (এন.আর.আই.) রেলওয়ে টেকনোলজির এক্সপার্ট, তিনি তৎকালীন রেল মন্ত্রী সি. কে. জাফরসরিফের কাছে অন্তত ৫০ বার গিয়েছিলেন। আমাদের অন্তত ৬ জন এম.পি. তাঁর হয়ে কেন্দ্রীয় সরকারের কাছে বার বার দরবার করেছেন অর্ডারের জন্য, কিন্তু কেন্দ্রীয় সরকার রিজেক্ট করেছেন, এক টাকারও অর্ডার দেন নি। তারপর উনি আমাদের কি বললেন জানেন? উনি বললেন, "ওঁরা আমাকে বললেন, আপনি প্রোজেক্ট করতে পারেন, তবে জাফরসরিফের রাজ্যে এবং তাঁর কনসটিটিউয়েন্সীতে যদি করেন, তাহলেই আপনাকে অর্ডার দেব।" উনি ওদের বলেছিলেন, 'এত বছর পরে এসেছি, আমি করলে পশ্চিমবাংলায় করব, আমি বোম্বে বা কর্ণাটকে করব না।' ফারাক্কা ব্যারেজের কাছে যে বিরাট প্রকল্প হতে চলেছিল তা কেন্দ্রীয় সরকারের বাধাদান এবং অসহযোগিতার জন্য হল না। জাফর সরিফের কন্সটিটিউয়েন্সীতে করলে তবেই লাইসেন্স দেবে, এই ছিল অবস্থা! এটা আমাদের মুখ্যমন্ত্রী জানেন, এম.পি.-রা জানেন, অনেকেই জানেন। এমন কি আই.ডি.বি.আই পর্যন্ত জানে। ফারাক্কা ব্যারেজকে ইউটিলাইজ করার জন্য আমরা চেষ্টা করেছিলাম, কিন্তু কেন্দ্রীয় সরকারের

অসহযোগিতার জন্য তা এখনও পর্যন্ত হয় নি।

**আবাসন সংস্কার**

*** ৩৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২০।) শ্রী অশোক দেব ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যের সরকারি আবাসনগুলির আমূল সংস্কার ও মেরামতের বিষয়ে সরকারের কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, গত আর্থিক বছরে প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণের জন্য মোট কত টাকা বরাদ্দ করা হয়েছিল?

**শ্রী গৌতম দেব ঃ**

(ক) সাধারণ ভাবে কিছু কিছু সংস্কার প্রতি বছর করা হয়।

(খ) ১৯৯৫-৯৬ সালে ১০২৪.০০ লক্ষ (এক হাজার চব্বিশ লক্ষ) টাকা বরাদ্দ হয়েছিল।

**শ্রী অশোক দেব ঃ** সরকারি ফ্ল্যাটের যে ভাড়া তার চেয়ে খরচ অনেক বেশি হয়। মাননীয় মন্ত্রী মহাশয় কি ভাবছেন যারা ফ্ল্যাটের প্রকৃত মালিক তাদের যদি মালিকানা দেওয়া যায় তাহলে সরকারের খরচ অনেক কমবে?

**শ্রী গৌতম দেব ঃ** হ্যাঁ, এটা ভাবা হয়েছে। আমি আগেও বলেছি, আবার বলছি, বিশেষ করে আমাদের ৩০ হাজার ৪০০ মতন ফ্ল্যাট আছে। তারমধ্যে সাড়ে ১০ হাজার ফ্ল্যাটে সরকারি কর্মচারি এবং অফিসাররা থাকেন। বাকিগুলো এল.আই.জি এবং এম.আই.জি। এইরকম ২০ হাজার এল.আই.জি এবং এম.আই.জি ফ্ল্যাট আছে। এখন যারা থাকেন—এস্টেটগুলি আলাদা-আলাদা—তাদের যদি বেশিরভাগ রাজি হন কিনে নিতে, আমরা বিক্রি করে দেব এই সিদ্ধান্ত নিয়েছি।

**শ্রী অশোক দেব ঃ** অনেকে বেনামে দখল করে আছে সরকারি ফ্ল্যাট। এই বেদখল আপনি তুলতে পারেননি। এর সঙ্গে ইঞ্জিনিয়ার এবং অফিসাররা জড়িত আছেন। কিভাবে এই বেদখলটা দখলে আনা যায় এবং যে সমস্ত অফিসাররা জড়িত আছেন তাদের কিভাবে শাস্তি দেওয়া যায়—এটা মাননীয় মন্ত্রী মহাশয় চিন্তা করছেন কি?

**শ্রী গৌতম দেব ঃ** প্রায় ২৭০টি কেস আমাদের সরকারের লোকেরা এভিকশন করতে গেছেন, এভিকশন করেছেনও। কিন্তু তারা কোর্টে গেছেন, প্রধানত হাইকোর্টে। এইরকম ১১০০ ফ্ল্যাট কিংবা ১২০০ ফ্ল্যাট হবে—একসজাকট নাম্বারটা আমাকে দেখে বলতে হবে—যে ফ্ল্যাটগুলি থেকে সরকার তাদের সরাতে চেয়েছেন, সরিয়েও দিয়েছেন। কিন্তু তারা কোর্টে গিয়ে বসে আছেন, কিছুই করা যাচ্ছে না।

**শ্রী অশোক দেব ঃ** যে সমস্ত ঠিকাদার নিয়োগ করে থাকেন সেই সমস্ত ঠিকাদাররা ঠিকমতো কাজ করেন না। অথচ তাদের দেখাশুনা করার জন্য ইঞ্জিনিয়ার নিয়োগ করে

থাকেন। অভিযোগ আছে, ইঞ্জিনিয়ার, ঠিকাদার এবং অ্যাকাউন্টান্ট মিলিতভাবে কাজ করার চেষ্টা করছেন বেনামে। তার ফলে ক্ষতি হচ্ছে। যেমন দেখা যাচ্ছে, একটা দেওয়াল বা সিলিং ভেঙে গেল। ঠিকাদার সেটা সারালেন। কিন্তু দু-একদিন বাদেই সেটা ভেঙে গেল। এগুলি সারানোর ব্যবস্থা এবং দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা মন্ত্রী মহাশয় ভাবছেন কি না?

**শ্রী গৌতম দেব ঃ** ঠিকাদারদের খবর আমার কাছে কমই আছে। আপনি যা বলছেন সেটা যদি দিতে পারেন, দু-একটি কেস—তাহলে তাদের বিরুদ্ধে কঠোর শাস্তির ব্যবস্থা করা হবে। কিন্তু আমাকে দিতে হবে। আমি ওদের সম্পর্কে ঠিক খবর রাখি না।

**শ্রী নির্মল দাস ঃ** আপনি মন্ত্রীসভায় আসবার পর আমাদের এলাকায় ডুয়ার্সে যে হাউসিং কমপ্লেক্স গড়ে উঠছে সেটার কাজ সমাপ্ত হয়ে গেছে। কিন্তু এখনও হ্যান্ডওভার হয়নি। আমি জানতে চাইছি, অবিলম্বে সেটার উদ্বোধন হচ্ছে কি না? এ ছাড়া যারা থাকার উপযোগী তাদের থাকবার জন্য ব্যবস্থা করবেন কি না?

এছাড়া আর একটি বিষয়ে সানুনয়ে নিবেদন করছি, প্রত্যন্ত জেলা থেকে যারা শহরে আসে চিকিৎসা বা অন্যান্য কাজের জন্য বিশেষ করে উত্তরবঙ্গ জেলা বা দক্ষিণবঙ্গের পুরুলিয়া জেলা থেকে তাদের থাকবার ক্ষেত্রে জেলা ভবন নির্মাণ করার জন্য আপনার দপ্তর থেকে কোনও ব্যবস্থা করা যায় কি না সে ব্যাপারে যদি হাউসকে অবহিত করান তাহলে বাধিত হব।

[12-00 — 12-10 P.M.]

**শ্রী গৌতম দেব ঃ** এমনিতেই বাজেট বক্তৃতাটা আগে হয়ে গেছে। তাতে দেখেছেন আমাদের উত্তরবঙ্গে হাউজিং বোর্ড থেকে রিজিওন্যাল হেড কোয়ার্টার করার ব্যবস্থা করা হয়েছে। দ্বিতীয়ত বাজেট বক্তৃতায় দেখেছেন, নয়টা জেলার সদরে এবং সদর মহকুমায় সরকারি কর্মচারিদের জন্য হাউজিং এর ব্যবস্থা হচ্ছে। তিন নং হচ্ছে বাজেট বক্তৃতায় বলেছি, বেশি গুরুত্ব যার উপর দেওয়া হয়েছে, নাইট শেল্টারের ব্যবস্থা কলকাতা, শিলিগুড়ি এবং জলপাইগুড়ি এলাকায় যাতে করা যায় তার ব্যবস্থা করা হচ্ছে। তার জন্য বাজেটে বেশি টাকা রাখা হয়েছে।

## Starred Question

## (to which written answers were laid on the Table)

### সামাজিক বনসৃজন

* ৩৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৬৩) **শ্রী ইউনুস সরকার ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বিগত তিন বছরে বিভিন্ন জেলায় সামাজিক বনসৃজন প্রকল্প রূপায়ণের অগ্রগতি কিরূপ হয়েছে (জেলাওয়ারি তথ্য); এবং

(খ) এই প্রকল্পে স্থানীয় জনসাধারণকে যুক্ত করার প্রয়াস কতটা সফল হয়েছে?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পশ্চিমবঙ্গ সামাজিক বনসৃজন প্রকল্প ১৯৮১ সালে শুরু হয়েছিল। ১৯৯১ সালের ৩১শে মার্চ এর মেয়াদ উত্তীর্ণ হয়ে গিয়েছে। ১৯৯২ সালের ২৫শে মার্চ থেকে পশ্চিমবঙ্গ বনায়ন প্রকল্প চালু হয়েছে বর্তমানে সামাজিক বনসৃজন এই প্রকল্পের অন্তর্ভুক্ত। গত তিন বছরে এই বনসৃজনের ডিভিশনওয়ারি তথ্য দেওয়া হল।

(খ) স্থানীয় জনসাধারনের সক্রিয় ভূমিকায় এই প্রকল্পে তাঁদের যুক্ত করার প্রয়াস উল্লেখযোগ্য সফল হয়েছে।

**Statement referred to in reply to 'ka'**
**of Starred Question No. *333 (Admitted Question No. *1463)**

**তিন বছরের সামাজিক বনসৃজনের পরিমাণ**

| ডিভিশনের নাম | ১৯৯৩-৯৪ | | ১৯৯৪-৯৫ | | ১৯৯৫-৯৬ | |
|---|---|---|---|---|---|---|
| | বনসৃজনের পরিমাণ (হেক্টর) | ব্যয়িত অর্থের পরিমাণ (লক্ষ টাঃ) | বনসৃজনের পরিমাণ (হেক্টর) | ব্যয়িত অর্থের পরিমাণ (লক্ষ টাঃ) | বনসৃজনের পরিমাণ (হেক্টর) | ব্যয়িত অর্থের পরিমাণ (লক্ষ টাঃ) |
| বর্ধমান | ১৮০ | ১.৭৮ | ২৩৫ | ২.৭০ | ৩০০ | ১.০২ |
| বীরভূম | ৩৭২ | ৪.৫৩ | ৩৩০ | ৪.৪৬ | ৩৩০ | ৩.৩৬ |
| নদীয়া-মুর্শিদাবাদ | ২৩০ | ৩.৩০ | ২৩০ | ৩.৫৪ | ২৭৫ | ১.০৬ |
| মালদা-পশ্চিম দিনাজপুর | ২৩১ | ২.৮৭ | ২১০ | ২.৬১ | ২৭০ | ২.২০ |
| পূর্ব মেদিনীপুর | ২০০ | ১.৯৭ | ১৬০ | ১.৭১ | ২০০ | ১.৯৪ |
| পশ্চিম মেদিনীপুর | ১৫০ | ১.৪৮ | ১৬০ | ১.৭১ | ২৫০ | ২.৫০ |
| বাঁকুড়া উত্তর | ২০০ | ১.৯৬ | ১০০ | ২.১৪ | ২০০ | ১.৯৭ |
| বাঁকুড়া দক্ষিণ | ২০০ | ১.৯৭ | ১৬০ | ১.৭১ | ২০০ | ১.৭৮ |
| পুরুলিয়া | ৫০ | ০.৪৯ | ১২০ | ১.২৯ | ১৫০ | ১.৩৫ |
| হাওড়া সামাজিক বন | ৩১৫০ | ৩৬.২৪ | ৩১৫০ | ৩৯.১৬ | ৩৬৫০ | ২৩.৬৫ |
| খড়গপুর সামাজিক বন | ৩১২৫ | ৩৫.১৩ | ৩১২৫ | ৩৭.৯৯ | ৩৬২৫ | ২৯.১৭ |
| দূর্গাপুর সামাজিক বন | ৩১২৫ | ৩৫.১৩ | ৩১২৫ | ৩৭.৯৯ | ২৬২৫ | ২৪.৯৯ |
| এক্সটেনশন ফরেস্ট্রী ডিভিঃ | ২৪২০ | ২৩.৮৯ | ২৪২০ | ২১.৭৭ | ২৪২০ | ১৮.৪০ |
| শিলিগুড়ি সামাজিক বন | ১৪৯০ | ১৫.৬১ | ১৩৮৫ | ১৭.০০ | ১৪৩৫ | ১১.৭১ |
| কুচবিহার সামাজিক বন | ১২৪৯ | ১৪.৫৬ | ১২৬৭ | ১৬.৫৭ | ১০৯০ | ১৫.০২ |
| রায়গঞ্জ সামাজিক বন | ১৩৭৫ | ১৬.১৪ | ১৪০৯ | ১৭.৮০ | ১১৫৯ | ১৬.৩৮ |
| দার্জিলিং সামাজিক বন | ১৬১৭ | ২০.৫০ | ৯১১ | ১২.৩১ | — | — |
| ২৪ পরগনা | ৯৯ | ১.৮৩ | ১২৫ | ২.২৯ | ২২৫ | ১.৫০ |
| নগর উন্নয়ন ও বিনোদন | ২৫০ | ২.৪৭ | ২৫০ | ২.৬৮ | ২০০ | ১.৪৯ |

পশ্চিমবঙ্গ বন পকল্পের অধীন কেবলমাত্র সামাজিক বনসৃজনের স্ট্রীট প্লানটেশন ও ফার্ম ফরেস্ট্রীর মডেলের হিসাব দেওয়া হল।

**ঝাড়গ্রামে শিল্প**

*৩৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৭) **শ্রী সুভাষচন্দ্র সরেন:** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় কোনও শিল্প স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে কি ধরনের শিল্প স্থাপনের সম্ভাবনা আছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:**

(ক) হ্যাঁ।

(খ) ঝাড়গ্রাম মহকুমায় যে সব ধরনের শিল্প স্থাপনার সম্ভাবনা আছে, তার মধ্যে উল্লেখযোগ্য হল, রাইসব্রান অয়েল, মার্জারিন, পেপার বোর্ড, পোর্টল্যান্ড স্ল্যাগ সিমেন্ট, পোস্টার পেপার ইত্যাদি।

**পঞ্চায়েত ট্রেনিং সেন্টার**

*৩৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৯৯।) **শ্রী মৃনালকান্তি রায়:** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দীঘায় পঞ্চায়েত ট্রেনিং সেন্টারের জন্য স্থান নির্বাচন করা হয়েছে; এবং

(খ) হয়ে থাকলে, কত টাকার পরিকল্পনা গৃহীত হয়েছে?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:**

(ক) হ্যাঁ, স্থান নির্বাচন হয়েছে।

(খ) ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার পরিকল্পনা বর্তমানে গৃহীত আছে।

**আলিপুরদুয়ারে শিল্প**

*৩৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭৮) **শ্রী নির্মল দাস:** শিল্প ও বাণিজ্য দফতরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ারে শিল্প স্থাপনের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কি কি ধরনের শিল্প?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী:**

(ক) হ্যাঁ।

(খ) আলিপুরদুয়ার মহকুমায় যে সমস্ত শিল্প স্থাপনার সম্ভাবনা আছে, তার মধ্যে

বিশেষভাবে উল্লেখযোগ্য পার্টিকল বোর্ড, প্লাইবোর্ড, পর্যটন, পাট, সিমেন্ট, এল পি জি বটলিং, সিন্থেটিক ডিটারজেন্ট, মিনি স্টীল প্ল্যান্ট, হুইট প্রডাক্টস ইত্যাদি।

### মাসিক ভাতা বৃদ্ধি

*৩৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২০) **শ্রী চিত্তরঞ্জন দাশঠাকুর** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গ্রাম পঞ্চায়েতের কর আদায়কারীদের মাসিক ভাতা বৃদ্ধি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, বিষয়টি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না, এইরকম কোনও পরিকল্পনা বর্তমানে সরকারের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## Adjournment Motion

**Mr. Speaker :** Today, I have received eight notices of Adjournment Motions. The first is from Shri Pankaj Banerjee on the subject of reported rise in prices of vegetables in Calcutta Markets. The second one is from Shri Suniti Chattaraj on the subject of reported appointment of retired officers in Bakreswar Thermal Power Plant. The third one is from Shri Akbar Ali Khandokar on the subject of deplorable condition of village roads in the State. The fourth one is from Shri Tapas Roy on the subject of arrest of Shri Adhir Ranjan Chowdhury, MLA, by SDPO, Lalbagh on 10/7/96. The notice is out of order. Because, the House was informed about it yesterday. The fifth one is from Shri Robin Mukherjee and Shri Kamal Mukherjee on the subject of arrest of Shri Adhir Ranjan Chowdhury on 10/7/96. This is also out of order. The House was informed about it yesterday. The sixth one is from Shri Ashok Deb on the subject of reported decision of the State Government in issuing two types of Ration Cards. The seventh one is from Shri Samar Mukherjee on the subject of reported subsidence of Mahanandatala Health Centre for erosion of river Fulhar in Malda district. This is also out of order. Because, a Statement on the same subject has already been made in reply to a Calling Attention Notice of Shri Mukherjee on 19/6/96. The eighth one is from Shri Shyamadas Banerjee on the subject of alleged atrocities perpetrated by the supporters of main ruling party in Burdwan on 6/7/96.

The subject matters of the motions are not such which call for adjournment of the business of the House. These are mainly fall under

the day to day administration of the Government. Moreover, the members may, however, raise the matters in the House through Calling Attention Mentions etc.

I, therefore, withhold my consent to all the motions. One member may, however, read the text of the motion as amended.

**Shri Pankaj Banerjee :** Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely :- 'The vegetable prices are going high. Most of the vegetables in the market of Calcutta are going beyond the reach of common people.'

## Calling Attention to matters of Urgent Public Importance

**Mr. Speaker :** To-day I have received sixteen notices of Calling Attention, on the following subjects, namely :-

| Subject | Name |
|---|---|
| 1. Statemate condition in Ramkrishna Vivekananda Mission Vidya Bhawan High School, Barrackpore. | : Shri Sanjib Kr. Das |
| 2. Acute water crisis in Asansol. | : Shri Tapas Banerjee |
| 3. Retrenchment of workers in MAXLAX Company at Birshibpur, Howrah. | : Shri Asit Mitra |
| 4. Constitution of Managing Board of Council of Higher Secondary Education, West Bengal. | : Shri Ashoke Kumer Deb |
| 5. Non-clearance of corpse from the morgue of Diamond Harbour Sub-divisional Hospital. | : Shri Sk. Daulat Ali |
| 6. Non-electrification of Tribal and other Backward Clases areas in Birbhum district. | : Shri Suniti Chattaraj |
| 7. Arrest of Shri Adhir Ranjan Chowdhury, MLA. | : Shri Rabin Mukherjee and Shri Kamal Mukherjee |
| 8. Failure in literacy drive in Burdwan district. | : Shri Shyamadas Banerjee |

| | | |
|---|---|---|
| 9. Reported robbery in a Jewellery shop at Tallygunge, Calcutta on 10.7.96. | : | Shri Tapan Hore, Shri Ajoy Dey and Shri Id Mahammad. |
| 10. Reported non-treatment of Hon'ble Minister of State Smt. Minati Ghosh at Dental College. | : | Shri Saugata Roy |
| 11 Outbreak of malaria in the State | . | Shri Abdul Mannan |
| 12. Reported hike of Bus and Taxi Fare in the State. | : | Shri Prabhanjan Mandal |
| 13. Law and Order situation in Calcutta | : | Shri Nirmal Das |
| 14. Proposed rise in charges of electricity by S.B.S.E.B. and C.E.S.C. | : | Shri Robin Mukherjee |

Mr. Rabin Mukherjee, you have given another notice jointly.

| | | |
|---|---|---|
| 15 Reported extension of Moulavi of Ratua B.S.B. High School in Malda district. | : | Shri Samar Mukherjee |
| 16 Alleged assault on one Shri Jayanta Kumar Bari a candidate for M.Sc. of Vidyasagar University by a Professor. | : | Shri Shibaprasad Malik and Shri Kamal Mukherjee |

Mr. Kamal Mukherjee, you have also given another notice jointly. ভবিষ্যতে দুটো notice কোনও member দিলে, দুটোই বাদ দিয়ে দেবো। এটা হয় না, একটাই দিতে হয়।

I have selected the notice of Shri Sk. Daulat Ali on the subject of "Non-clearance of corpse from the morgue of Diamond Harbour Sub-divisional Hospital."

The Minister-in-charge may please make a statement today, if possible, or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 19th July.

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-charge of Public Health Engineering Department to make a statement on the subject of drinking water problem in Hirapur Assembly Constituency areas.

(Attention called by Shri Shyamadas Banerjee, on the 3rd July, 1996.)

[12-10 — 12-20 P.M.]

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী গৌতম দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় সদস্য শ্রী শ্যামাদাস ব্যানার্জি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব এ( হীরাপুর বিধানসভা কেন্দ্রের ৩৫টি মৌজায় জলাভাবের সমস্যার কথা জানিয়েছেন। এ প্রস( বর্তমান পরিস্থিতি মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই।

হীরাপুর বিধানসভা কেন্দ্রের প্রায় সবটাই পৌর অঞ্চল। আসানসোল ও হীরাপু থানার যথাক্রমে ২১ ও ২৩টি মৌজা নিয়ে এই বিধানসভা কেন্দ্র। এর মধ্যে ৯টি মৌজ কুলটি পুরসভার অন্তর্গত ও বাকি মৌজাগুলি নবগঠিত আসানসোল পুর কর্পোরেশনে অন্তর্ভুক্ত।

১৯৭২-৭৩ সালে প্রায় সমগ্র হীরাপুর বিধানসভা কেন্দ্রই RCFA I প্রকল্পের জল সরবরাহের আওতায় আসে ৪৪টি মৌজার ৪০টিতেই RCFA I এর নলবাহিত জল পৌঁছে যায়। পরবর্তীকালে এর মধ্যে ৪টি মৌজা (পুরুয়োত্তমপুর, কুইলাপুর, ডিহিকা ( নরসামুডা) ASTA জল প্রকল্পের আওতায় আসে। সম্প্রতি (১৯৯৫) বাকি ৪টি মৌজ (বড়খোল, কালাঝরিয়া, তালকুড়ি ও ধামবা) RCFA II প্রকল্পের আওতায় আসে।

সমীক্ষায় দেখা গেছে যে কিছু কিছু অঞ্চলে অত্যন্ত দ্রুত জনবসতি গড়ে ওঠার সেস( জায়গায় RCFA 'র জল সমানভাবে পৌঁছাচ্ছে না। এ ছাড়া মাননীয় সদস্যরা জানেন যে RCFA প্রকল্পের বহু জায়গায় অবাধে জল অপচয় ও জল চুরি হয়—নল ফাটিয়ে বেআইনীভাবে জলসংযোগের ঘটনাও ঘটেছে। কিছু উদ্যোগ এ ব্যাপারে নেওয়া হলেও এখন অবধি তা তেমন ফলপ্রসু হয়নি। এইসব কারণে এই এলাকার কয়েকটি মৌজায় জল সরবরাহ অপ্রতুল। আমাদের বিভাগের সমীক্ষায় তা ধরা পড়েছে।

মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই যে রাজ্য সরকার কিছু প্রয়োজনীয় ব্যবস্থা নেবার কথা ভাবছেন।

(১) আসানসোল পুরসভার পুরাতন ৩০টি ওয়ার্ড Assansol Comprehensive ও Asta প্রকল্পের জলসরবরাহের আওতায় ছিল কিন্তু নবগঠিত আসানসোল পুর কর্পোরেশনে যুক্ত হয়েছে নতুন কুড়িটি ওয়ার্ড। আসানসোল পুর কর্পোরেশন এই নবসংযুক্ত ৩১ থেকে ৫০ নং ওয়ার্ডের জন্য একটি সুসংহত পরিকল্পনা রচনা করতে রাজ্য সরকারকে অনুরোধ করেছেন। বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন। পরিকল্পনা রূপায়িত হ'লে উপরোক্ত সমস্যাসংকুল এলাকার অনেকটাই সরাসরি উপকৃত হবে।

(২) RCFA I, RCFA II, ASTA ও Asansol Comprehensive প্রকল্পে রাজ্য সরকার গড়ে বছরে ৪ কোটি টাকা খরচ করেন কিন্তু ব্যাপক জল অপচয়ের ফলে তার পুরো সুবিধা অধিবাসীরা পান না। এ ব্যাপারে জেলা পরিষদ, পুরসভা ও প্রশাসনকে সঙ্গে নিয়ে শীঘ্রই একটা বড় উদ্যোগ নেওয়া হবে। নিঃসন্দেহে এতে সমস্যার কিছু সুরাহা হবে।

(৩) সম্প্রতি উদ্বাস্তু পুনর্বাসন বিভাগ পুরুষোত্তমপুর, চাপড়াড়ি-ডিহিকা-কুইলাপুর ও নরসামুন্ডায় উদ্বাস্তু কলোনির জন্য আমাদের বিভাগের সহায়তায় তিনটি জল সরবরাহ প্রকল্প রচনা করেছেন। শীঘ্রই প্রকল্পগুলির মঞ্জুরি পাওয়া যাবে বলে আশা করা যায়।

(৪) নলবাহী প্রকল্প ছাড়াও এই অঞ্চলে ১০৫টি রিগ-প্রোথিত নলকূপ আছে। প্রয়োজনে আরও নলকূপের ব্যবস্থা করা যাবে।

(৫) মাননীয় সদস্যের কিছু পরামর্শসহ একটি চিঠিও আমি পেয়েছি, সেটি খতিয়ে দেখা হচ্ছে।

**শ্রী শ্যামাদাস ব্যানার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা প্রশ্ন করতে চাই। উনি যে কথা বললেন, কিন্তু মানুষ সেখানে জল পাচ্ছে না। হীরাপুর বিধানসভা কেন্দ্রের অনেকগুলি এলাকায় মানুষ জল পাচ্ছে না। কাজেই সমস্যাটাকে রাজনীতির উর্ধ্বে রেখে কত তাড়াতাড়ি আপনি এই কাজটিকে সম্পন্ন করতে পারবেন এবং কত তাড়াতাড়ি সেখানকার মানুষকে জল দিতে পারবেন, সেটা আপনি স্পষ্ট করে বলুন যাতে আমি এলাকায় গিয়ে মানুষের কাছে আপনার বক্তব্য পৌঁছে দিতে পারি?

**শ্রী গৌতম দেব ঃ** আমি যা স্টেটমেন্ট দিয়েছি সেটাই পৌঁছে দিতে হবে। এছাড়া আর কি বলবেন, আমার জানা নেই। আর.সি.এ-১ এবং আর.সি.এফ.এ-২, এই ছোট প্রকল্প আগে ছিল। পরে বড় যেটা আস্তা ও আসানসোল কমপ্রিহেনসিভ প্রকল্প নেওয়া হয়। এই তিনটি প্রকল্পে ২৪.৫ মিলিয়ন গ্যালন জল পার ডে প্রোডাকশন হচ্ছে এবং সে জন্য প্রতি বছর ৪ কোটি টাকা এই প্রোডাকশনের জন্য খরচ হচ্ছে। ক্যাপিটেল ইনভেস্টমেন্ট মোর দ্যান ওয়ান হান্ড্রেড ক্রোর। এখানকার পপুলেশন হচ্ছে এ্যাজ পার ১৯৯১ সেনসাস ১৪.১৫ লক্ষ। জল যা প্রোডাকশন হচ্ছে এবং যা পপুলেশন তাতে পার হেড পার ক্যাপিটা ৭৮ লিটার জল পার ডে পাবার কথা। ঐ এলাকার মধ্যে আপনার বিধানসভা কেন্দ্র আছে এবং আরও অনেকগুলি বিধানসভা কেন্দ্র আছে। সেখানে এই জলটা পাবার কথা কিন্তু আপনি জানেন যে ওখানকার জল অন্য জায়গার জলের মত নয়। এখানকার মাটির তলার জলে কয়লা ইত্যাদি অনেক কিছু থাকে। সেই জল পরিশুদ্ধ করে তবে সাপ্লাই করতে হয়। এখানকার জল খুবই স্পেনাস। ৭৮ লিটার করে জল পার ডে পাবার কথা, কিন্তু লোকে পাচ্ছে না। মিউনিসিপ্যালিটি যে প্রস্তাব দিয়েছে, সেগুলি আমরা দেখছি। এখন আপনি যদি খুব এমার্জেন্সি বলে কোনও জায়গার কথা উল্লেখ করেন তাহলে সেখানে রিগ টিউবয়েল-এর ব্যবস্থা করতে পারি। কিন্তু আপনি জানেন যে ওখানে পাম্প করে জল তুলে নেওয়া হচ্ছে এবং অনেক জল নষ্ট করা হচ্ছে, এগুলি ঠেকাবে কে?

ভোটে যিনি জিতেছেন বা যিনি হেরেছেন সবাইকে এগিয়ে আসতে হবে। দুর্গাপুর থেকে কুলটি পর্যন্ত জলের যে কষ্ট তার কথা ভেবে আর.সি.এফ.এ.-৩য়ে ২২ কোটি টাকার একটি প্রকল্পের কাজ শুরু করব। তবে আপনারা এলাকার কঠিন জায়গা সেখানে জল যাচ্ছে না, সেই পয়েন্টগুলো দিয়ে দিলে আপাতত সেখানে কতগুলো টিউবওয়েল করে দেব।

**Mr. Speaker :** Now Mentions. Today I have received about 86

;ention Notices. I would, therefore, request the Hon'ble Member to be ıort and concise.

## MENTION CASES

**শ্রী গুলশন মল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বারাষ্ট্রমন্ত্রীর ষ্ট আকর্ষন করছি। আমার নির্বাচনকেন্দ্র হাওড়া জেলার পাঁচলা ঐ কেন্দ্রের ইসলামপুর, লালশি মাঝক্ষেত্র এবং নস্করপুর—ঐ সমস্ত এলাকায় হাওড়ার অ্যাডিশনাল এস.পির নেতৃত্ব য় ১০০ জন পুলিশ গত ৯ তারিখে ৪০টি বাড়ী ভাঙচুর করেছেন। এমন কি, তারা রাঘরে ঢুকে ভাতের হাঁড়ি, রান্নাকরা সামগ্রী সব পা দিয়ে লাথি মেরে ফেলে দিয়েছেন। দের একমাত্র অপরাধ, তারা বনধ্-এর দিন কংগ্রেসের সমর্থনে মিছিল বের করেছিলেন। মি এবং অম্বিকা ব্যানার্জী মহাশয় সরেজমিনে তদন্ত করে দেখেছি যে, সেখানে ৪০টি ড়িতারা ভাঙচুর করেছেন। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ঐ দোষি পুলিশ ফিসারকে শাস্তি দেবার জন্য।

**শ্রী নর্মদা রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি খুব জরুরি বিষয়ের ত মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। উত্তরবঙ্গ, বিশেষ করে দক্ষিণ দিনাজপুর লায় যাতায়াতের একমাত্র ভরসা উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন। আমি গত ৯ তারিখে বালুরঘাট-নদা রুটে ট্রেন-কানেকটিভ যে বাসটি রয়েছে সেই বাসে করে কলকাতায় আসার উদ্দেশ্যে নদার দিকে রওনা হই, কিন্তু পথে বৃষ্টি নামায় বাসটির ছাদ দিয়ে অঝোরে জল পড়তে কে এবং তার ফলে বাসের যাত্রীরা সবাই ভিজে যান। এই নিয়ে বাসের যাত্রীদের সঙ্গে ডাকটরের জগড়া হয়। ঐ যে বাস, যেটি গৌর এক্সপ্রেস ধরাবার জন্য অ্যালোটেড রয়েছে, টির ঝরজরে অবস্থা। কিন্তু বাসটিতে অনেক উকিল এবং এম.এল.এরা চলাচল করেন। মি তাই দাবি করছি, ট্রেন কানেকটিভ যে বাসটি রয়েছে সেটির পরিবর্তে অবিলম্বে একটি ন বাস দেওয়া হোক।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি কর্ষন করছি। ব্যাপাকপুর রামকৃষ্ণ মিশন পরিচালিত যে স্কুলটি রয়েছে তার প্রধান নিত্যানন্দ রাজ আমাকে একটি চিঠি দিয়েছেন তার পাশেই একটি সরকারি হাইস্কুল রয়েছে, নাম রাকপুর গভর্নমেন্ট হাইস্কুল।

মিশন স্কুলটিকে কিভাবে তার পাশের স্কুলটি নষ্ট করছে তার উল্লেখ করছি। আমি খানে দুটি স্কুলে তুলনামূলক রেজাল্ট তুলে ধরছি। ব্যারাকপুর রামকৃষ্ণ মিশন পরিচালিত ইস্কুলটিতে মাধ্যমিক পরীক্ষা দিয়েছিল মোট ৩১ জন, তারমধ্যে ফার্স্ট ডিভিশন ১৮৭, কেন্ড ডিভিশন ২১, স্টার ১০১। পাশের গভর্নমেন্ট হাইস্কুলটিতে মোট পরীক্ষার্থী ছিল ৪৬ ন, তারমধ্যে ৩৯ জন ফার্স্ট ডিভিশন, কিন্তু কেউ লেটার পায়নি। সেখানে দুজন সরকারি তিনিধিকে এ্যাপয়েন্ট করা হয়েছে।

[12-20 — 12-30 P.M.]

ওরা গরীব ছেলেদের বিনা পয়সায় পড়াবে স্কুল ছুটি হয়ে যাবার পর, এটা ঠিক য়ছিল। কিন্তু তারা পড়াচ্ছেন না। এই নিয়ে মহারাজের সঙ্গে ঝগড়া হয়। তার ফলে

বারাকপুর গভর্নমেন্ট স্কুলের শিক্ষকরা এই স্কুলকে বন্ধ করে দেবার জন্য চক্রান্ত করছে, আন্দোলন করছে। এই মিশন পরিচালিত স্কুলগুলি ভাল, এদের রেজাল্ট ভাল. এরা আমাদের সাহায্য করে। মাননীয় সঙ্গে আলোচনা করে আমি পুরুলিয়া রামকৃষ্ণ মিশনের সমস্যার সমাধান করতে পেরেছিলাম। তাই আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করতে চাই এই ব্যারাকপুর রামকৃষ্ণ মিশন পশ্চিমবাংলার গর্ব, এখানে অনেকে স্টার পেয়েছে, কেউ ফেল করেনি, এই ব্যাপারে আপনি যথাযথ ব্যবস্থা নিন। এখানকার গভর্নমেন্ট স্কুলে ৪৬ জন পরীক্ষা দিয়েছে, এখানকার শিক্ষকরা আন্দোলন করছে যাতে এই স্কুলটি বন্ধ করা যায়। এখানে অপরাধ হলো ২ জন এ.বি.টি.এ-র টিচারকে মহারাজ সাসপেন্ড করেছে। আপনাকে স্যার ধন্যবাদ জানাবো যদি এই বিষয়টা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে পৌঁছে দেন।

**শ্রীমতী সাধনা মল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। আমার নির্বাচনী কেন্দ্র মঙ্গলকোর্ট। মঙ্গলকোর্ট থানায় গোবিন্দপুর থেকে গোবিন্দপুর ভায়া পালিগ্রাম উনিয়া, এই রাস্তাটি কাঁচা রাস্তা। এই রাস্তা দিয়ে বীরভুম জেলার তিনটি গ্রামে মানুষ এবং বর্দ্ধমান জেলার কিছু গ্রাম সহ ৩০ হাজার মানুষ যাতায়াত করে। এই রাস্তাটি পাকা রাস্তায় উন্নিতকরার জন্য অনুরোধ করছি।

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্র ইংলিশবাজারে গত বন্যায় আপনি জানেন ইংলিশবাজার শহরের ২৫টি ওয়ার্ডের মধ্যে ২৩টি ওয়ার্ড ডুবে গিয়েছিল। ডোবার পর পরবর্তীকালে বন্যা প্রতিরোধ করার জন্য এমন কিছু ব্যবস্থা করা হয়নি। আমি মন্ত্রী মহাশয়ের কাছে বিভিন্ন সময় দরবার করেছিলাম যাতে ইংলিশবাজারের জন্য কিছু টাকা দেওয়া হয় এবং এই টাকা দিয়ে যাতে আগামি দিনে বন্যার মোকাবেলা করতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন মাত্র ১৫-২০ ঘন্টার বৃষ্টিতে এখানকার ওয়ার্ডগুলি ডুবে যাচ্ছে। এমারজেন্সী হিসাবে ইংলিশবাজার মিউনিসিপ্যালিটিকে কিছু টাকা দেওয়া হোক যাতে আগামি দিনে বন্যার মোকাবেলা করা যায় তার জন্য আমি সর্বোতভাবে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করছি।

**শ্রী শেখ খবিরুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। গত ৫.৭.৯৬ তারিখে কংগ্রেস (আই)-এর ডাকা জনবিরোধী বনধের দিন আমার নাকাশিপাড়া বিধানসভার অন্তর্গত বেথুয়াডহরী প্রাথমিক হাসপাতালে কংগ্রেস (আই)-এর মস্তান ও ঘাতক বাহিনী দলবদ্ধ ভাবে প্রবেশ করে। হাসপাতালের সমস্ত কাজকর্ম বন্ধ করার চেষ্টা করলে হাসপাতালের ডাক্তার এবং কর্মচারিরা বাধা দেয়। তারপর তারা কর্তব্যরত কর্মচারিদের উপর হামলা চালায়। আউটডোরে কর্মরত অবস্থায় শেফালি বসুর চুলের মুঠি ধরে ফেলে দেয়। তারপর তার তলপেটে এবং শরীরের বিভিন্ন অংশে আঘাত করে। সেই কর্মি অজ্ঞান হয়ে পড়লে তাকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে তার অবস্থার অবনতি হওয়ার ফলে তাকে জেলার সদর হাসপাতালে ১১ নম্বর বেডে ভর্তি করা হয়। তিনি সেখানে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে এই হাসাপাতালের কর্মি সুকুমার গাঙ্গুলী, রবি গাঙ্গুলী, প্রতিমা দের উপর আক্রমণ করা হয় এবং তাদের জখম করা হয়। এই আক্রমনকারিরা এখানে ঘুরে বেড়াচ্ছে, এখনও কাউকে গ্রেপ্তার করা হয়নি। আমি আপনার মাধ্যমে কংগ্রেসের এই মস্তান এবং ঘাতক বাহীনিকে অবিলম্বে গ্রেপ্তারের দাবি জানাচ্ছি।

**শ্রী মানিক উপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষন করতে চাই। আমার বারাবনি বিধানসভা কেন্দ্রে গরীব মানুষ, বহু সংখ্যক গরীব মানুষ, গরীব মানুষের স্বার্থে সরকারের আইনসঙ্গত যে ভেস্টেড ল্যান্ড আছে, সেখানে দীর্ঘদিন যাবৎ বাস করছি। যাদের মাথা গোঁজার ঠাঁই নেই, তারা ঝুপড়ি করে বাস করছে। ঐ জমি সেই সমস্ত গরীব মানুষদের দেওয়া হোক। সেখানে ঝুপড়ি করে যে সমস্ত মানুষ বাস করছে দীর্ঘদিন ধরে, তাদের ঐ জমি দেবার জন্য আজ পর্যন্ত ফাইনাল করা হয়নি। বারাবনি বিধানসভা কেন্দ্রের মধ্যে সালামপুর ব্লকে এবং জোড়বাড়ি এলাকায় টোটাল যে ভেস্টেড ল্যান্ড আছে, সেখানে গরীব সাধারণ মানুষ দীর্ঘদিন ধরে বাস করছে। সালামপুরে এই যে গরীব মানুষরা ভেস্টেড ল্যান্ডে বাস করছে, এদের মেজরিটি হচ্ছে এস.সি. এবং এস.টি. সম্প্রদায়ভুক্ত। তারা সেখানে ঝুপড়ি করে বাস করছে। আজ পর্যন্ত এই অথর্ব অ্যাডমিনিস্ট্রেশন তাদের নাম ফাইনালাইজ করেনি। তাদের নাম ফাইনালাইজে করার জন্য দিনের পর দিন অ্যাপ্লিকেশন জমা দিচ্ছে। কিন্তু তা সত্ত্বেও তাদের নাম ফাইনালাইজড হচ্ছে না। অবিলম্বে তাদের নাম ফাইনালাইজ করার ব্যবস্থা সরকার গ্রহণ করুন। কিছু নাম ওখানে যা ফাইনালাইজড্ হয়েছে, আমাদের কাছে খবর আছে, যারা স্বামী-স্ত্রী দু'জনে সার্ভিস করে এবং রিটায়ার করে লক্ষ লক্ষ টাকা পাচ্ছে, তাদের নামে দেওয়া হচ্ছে। অবিলম্বে এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকার যখন কৃষকদের বার্ধক্য ভাতা বৃদ্ধি করার পরিকল্পনা নিয়েছেন, তখন আমরা গভীর দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, মুর্শিদাবাদে যারা দেড় দু'বছর ধরে পেনশন পাচ্ছিলেন, আজকে তাঁরা পেনশন পাচ্ছেন না। আমি তাই আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি যে, অবিলম্বে তিনি বিষয়টি দেখুন। যাদের নামে পেনশন অ্যালটমেন্ট হয়েছে, তারা যাতে নিয়মিত পেনশন পায় তা যেন মন্ত্রী মহাশয় দেখেন। কৃষকদের বার্ধক্য ভাতা বৃদ্ধি করার জন্য আমি রাজ্য সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। সেই সঙ্গে সঙ্গে এই পেনশনের বিষয়টি, যাতে কৃষকরা নিয়মিত পেনশন পায় তারজন্য ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাচ্ছি।

**শ্রী রবীন মুখার্জী ঃ** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি পশ্চিমবঙ্গ সি.এ.ডি.সি. এমপ্লয়ীজ ইউনিয়নের স্বীকৃতির জন্য। এই সিএডিসি'র চেয়ারম্যান হচ্ছেন রাজ্যের মুখ্যমন্ত্রী। ১৯৭৪ সালে এই সিএডিসি প্রকল্পগুলি নেওয়া হয়েছিল। সেখানে এমপ্লয়ীজ ইউনিয়ন হচ্ছে রেজিস্টার্ড ট্রেড ইউনিয়ন। বিগত সরকারের আমলে এই ইউনিয়নের স্বীকৃতি ছিল। কিন্তু শ্রমজীবী এই সরকার আসার পর তার স্বীকৃতি বাতিল করা হয়েছে। আমি সেই ইউনিয়নের পুনরায় স্বীকৃতি দাবী করছি। এছাড়া ৩য় বেতন কমিশনের রায় যা রাজ্য সরকার প্রকাশ করেছেন, তার এফেক্ট থেকে দীর্ঘদিন ধরে কর্মিরা বঞ্চিত হয়ে আছেন। এছাড়া সিএডিসি-তে যে সমস্ত কর্মচারিরা আছেন, তাঁরা মারা গেলে সরকারি অন্যান্য প্রতিষ্ঠান যেমন, সিএমডিএ এবং এমআইসি-তে যে সমস্ত সুযোগ সুবিধা আছে, সেগুলো দেওয়া হচ্ছে না।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্কুল

শিক্ষামন্ত্রী দৃষ্টি আকর্ষন করছি। মুর্শিদাবাদের দৌলতাবাদ থানা এলাকায় একটিও উচ্চ মাধ্যমিক স্কুল নেই। সেখানকার ছাত্রছাত্রীদের পাশ্ববর্তী এলাকায় গিয়ে উচ্চ মাধ্যমিক স্কুলে ভর্তি হতে হয়। এই বছরে অবস্থা এমন দাঁড়িয়েছে যে পাশ্ববর্তী ঐ সমস্ত স্কুলে স্থান সংকুলান হচ্ছে না। এই অবস্থায় আমি মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি যে, দৌলতাবাদ হাই স্কুলকে উচ্চ মাধ্যমিক স্কুলে রূপান্তরিত করার অনুমোদন দিন। ধন্যবাদ।

[12-30 — 12-40 P.M.]

**শ্রী সুকুমার দাস :** মিঃ স্পিকার স্যার, মাননীয় জনস্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, আমি তার উপস্থিতিতেই আপনার মাধ্যমে একটি জেনুইন কথা বলতে চাচ্ছি। '৯২ সালের ৬ই ডিসেম্বর আমার এলাকায় হলদিয়া জল প্রকল্প উদ্বোধন করতে গিয়েছিলেন মাননীয় মুখ্যমন্ত্রী এবং এই উদ্বোধনের প্রাক্কালে জনস্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী গৌতম দেব এর উপস্থিতিতে হাজার হাজার মানুষের কাছে মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছিলেন, স্থানীয় লোকেরা যারা অ্যাভিকটেড এবং অ্যাফেক্টেড তাদের ক্ষতিপূরণ দেওয়া হবে। মহিষাদলের লোকেরা অনেকদিন স্যাকরিফাইস করেছে, কিন্তু আজ পর্যন্ত কিছু হল না, তাই অনুরোধ করব এই বেনিভোলেন গভর্নমেন্ট-এর কাছে আমরা উপকার পেতে চাচ্ছি, কারণ ৪ বছর হয়ে গেল, এক ছটাক জলও আমরা পাচ্ছি না, ডিপার্টমেন্টকে বলেছি এটা কার্যকরী করার জন্য, আমি শুনেছি ফিনান্স ডিপার্টমেন্টের কাছে ফাইল পড়ে আছে, বিষয়টি দেখার জন্য অনুরোধ করছি।

**শ্রী নির্মল দাস :** স্যার, গতকাল রাজ্যের শিক্ষামন্ত্রী ঘোষণা করেছেন, রাজ্যে ২২ শতাংশ সিডিউল কাস্ট এবং ৬ শতাংশ সিডিউল ট্রাইবস ছাত্রদের জন্য সিট রিজার্ভ থাকবে একাদশ ও দ্বাদশ শ্রেণীতে ভর্তির ব্যাপারে। রাজ্যের উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলির যে অবস্থা তাতে করে রিজারভেশন কোটা অনুযায়ী শিক্ষার্থীদের ভর্তির সুযোগ পাওয়ার কোনও সম্ভাবনা নেই। তাই আমি অনুরোধ করছি অবিলম্বে প্রতিটি ব্লকে নূন্যতম পক্ষে একটি করে এবং প্রতিটি পৌরসভায় একটি করে মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা অত্যন্ত জরুরি। আমি উত্তরবঙ্গের কথা বলছি, শুধু সেখানে নর্থ বেঙ্গল ডেভেলপমেন্ট ফান্ডকে ব্যবহার করা হলেও কিছু বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করে সেখানকার চা বাগিচা বা বনাঞ্চলের ট্রাইবাল স্টুডেন্ট এবং গ্রামাঞ্চলের অসংখ্য সাধারণ ছাত্রদের সাথে তফসিলি সম্প্রদায়ের শিক্ষার্থীদের একাদশ শ্রেণীতে পঠনপাঠনের ব্যবস্থা করে দেওয়ার জন্য এই ব্যবস্থা রাজ্য সরকারকে নিতে হবে এবং সেটা আগামী ১৫ দিনের মধ্যে ব্যবস্থা নিতে হবে। রাজ্যের ক্রমবর্ধমান শিক্ষার্থীদের কথা মনে রেখে প্রতিটি ব্লকে একটি করে উচ্চ মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করলে এবং গোটা রাজ্যে দেড়শো মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা হলে এই জ্বলন্ত সমস্যার দেড়শো মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা হলে এই জ্বলন্ত সমস্যার সমাধান কিছু হতে পারে। মাননীয় শিক্ষামন্ত্রী বলেছেন এস. সি., এস. টি.দের রিজারভেশন করে তাদের পঠনপাঠন নিশ্চিত করা হবে। উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলির ব্যাপারে রাজ্য সরকারের এই ঘোষণাকে যদি বাস্তবে রূপায়িত করতে হয় তাহলে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি করা ছাড়া আর কোনও

রাস্তা নেই। আশা করি গতকালকের রাজ্য সরকারের ঘোষণা অনুযায়ী রাজ্য সরকার এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী সঞ্জীব দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জনস্বাস্থ্য বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সমস্যাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমার এলাকার মানুষ পানীয়জল খেতে পাচ্ছে না। এমন অনেক গ্রাম আছে যেখানে টিউবওয়েলগুলি সম্পূর্ণ নষ্ট হয়ে গেছে। শামপুর থানার মানুষ বিংশ শতাব্দীর দিকের থেকে যখন একবিংশ শতাব্দীতে এগিয়ে যাচ্ছে, সেই অবস্থায় পানীয় জলের জন্য গ্রামের মহিলাদের ২-৩ মাইল দূর থেকে জল আনতে যেতে হচ্ছে। এই সমস্যার মোকাবিলা করার জন্য জেলা পরিষদ পঞ্চায়েত সমিতির কাছে আবেদন করেও কোনও ফল পাওয়া যায়নি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় জনস্বাস্থ্য বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে যুদ্ধকালীন ভিত্তিতে সমস্যার সমাধানের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী ও পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরপাড়ার কোতরং পৌরসভার অন্তর্গত হিন্দমোটর কারখানা, এটি এশিয়ার বৃহত্তর মোটর গাড়ির কারখানা, বিড়লার দ্বারা পরিচালিত। এই কারখানার অঞ্চলটি যাতে পৌরসভার মধ্যে না আসতে পারে তার জন্য মামলা করা হয়েছিল। এই মামলাটি ২০ বছর ধরে চলছিল, কিন্তু বর্তমানে এটি পৌরসভার মধ্যে এসেছে। এখানে নির্বাচন হয়েছে, পৌর কাউন্সিলার নির্বাচিত হয়েছে, কিন্তু ওরা নানাভাবে পৌরসভাকে অগ্রাহ্য করছে, কোনও পৌরকর তারা দেয় ন। এটা নিয়েও তারা আবার মামলা করেছে। ঐ কারখানার মধ্যে একটা হাসপাতাল আছে, সেখানে যে সমস্ত শিশুরা জন্মগ্রহণ করছে বা যারা মারা যাচ্ছে তাদের জন্ম-মৃত্যুর তালিকা পৌরসভায় পাঠাচ্ছে না তারা, সরাসরি শ্রীরামপুরের এস. ডি. ও., বি. ডি. ও.-র কাছে পাঠিয়ে দিচ্ছে, এতে সাধারণ মানুষের হয়রানি হতে হচ্ছে। আমি অবিলম্বে রাজ্যের পৌরমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে বিড়লার মালিক, হিন্দমোটর কারখানার মালিক তাদেরকে নির্দেশ দেওয়া হোক তাদের যে হাসপাতাল রয়েছে কারখানার অভ্যন্তরে সেখানে যারা জন্মগ্রহণ করছে বা মারা যাচ্ছে তাদের তালিকা যেন পৌরসভায় পাঠান হয়।

**শ্রী আকবর আলি খন্দকার ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে নিতে চাইছি। চণ্ডীতলা বিধানসভার কেন্দ্রের মধ্যে যে দুর্গাপুর রোড ন্যাশনাল হাই ওয়ে তৈরি হয়েছে। সেই রাস্তায় দু'পাশে বড় বড় শিল্প আসছে এবং সেখানে বিদ্যুতের খুব ভাল ব্যবস্থা না থাকার ফলে নতুন শিল্প আসতে পারবে না তার সঙ্গে সঙ্গে চণ্ডীতলা বিধানসভা কেন্দ্রের ১৭টা গ্রাম পঞ্চায়েত নিয়ে এই বিধানসভা কেন্দ্র গঠিত। বিধানসভা কেন্দ্রের বেশিরভাগ গ্রামে এখনও বিদ্যুৎ পৌঁছয়নি। অবিলম্বে সেই সমস্ত জায়গায় বিদ্যুৎ পৌঁছনোর দরকার আছে এবং সেই সঙ্গে সঙ্গে কিছু গ্রামে শুধু লাইট পোস্ট লাগানো আছে, পোস্ট লাগানো আছে কিন্তু তার নেই, বিদ্যুৎ নেই। গঙ্গাধরপুর, পাঁচঘড়া বিভিন্ন জায়গা এবং সেচ এলাকায় যেখানে ডীপ ডিউবওয়েল সেখানে বিদ্যুতের কোনও কানেকশন নেই অবিলম্বে সেই ব্যবস্থা করা দরকার। সুতরাং গ্রামের সাধারণ মানুষ খুবই দূরবস্থার মধ্যে পড়েছে।

লোকদ্বীপ প্রকল্প, সরকারের যে প্রোগ্রাম আছে, এখনও বহু গ্রামে তফসিলি জাতিভুক্ত থেকে শুরু করে বহু অনুন্নত গ্রাম আছে। বিশেষ করে কানাইডাঙ্গা, ভগবতীপুর এইসব অঞ্চলে মানুষ বসবাস করে সেখানে বিদ্যুৎ পৌছবার কোনও ব্যবস্থা নেই। চণ্ডীতলা বিধানসভা কেন্দ্রের বিভিন্ন অঞ্চলে বহু ছোটবড় শিল্প তৈরি হচ্ছে, সেখানে বিদ্যুতের কোনও ব্যবস্থা নেই। ডেপুটি স্পিকারের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি বিদ্যুতের ব্যবস্থা করতে হবে। আর লো ভোল্টেজের ফলে বিদ্যুৎ পৌছায় না এবং বর্ষার সময়ে বড় বড় ট্রান্সফর্মার বসাতে হবে।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে কয়েকটি নতুন মহকুমা হয়েছে, যার মধ্যে দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপ একটি। এই কাকদ্বীপ মহকুমার সাথে সংযোগকারী আমার পাথরপ্রতিমার উত্তরা বাগ থেকে মন্দরঘাট, দূর্বাচটি থেকে ভগবতপুর হয়ে ব্রজবল্লভপুর এবং জি প্লট পর্যন্ত। মাত্র ৪টি জেটি তৈরি হলে ৩৯ কিলোমিটারের একটি রাস্তা, যার মাটির কাজ কমপ্লিট হয়ে আছে বহুদিন। অবিলম্বে এই রাস্তাটি করার জন্য আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বিশ্বনাথ মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ জরুরি বিষয়ে আমার পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমা থেকে আমাদের শহর থেকে একেবারে মোরগ্রাম পর্যন্ত ন্যাশনাল হাইওয়ে, পাঁচগ্রাম থেকে পলষণ্ডা মোড় হাইওয়ে এই রাস্তাটি খুব গুরুত্বপূর্ণ। বর্ষার সময়ে এই রাস্তাটি অনেকাংশে খারাপ হয়ে গেছে। আমি খোঁজ খবর নিয়ে দেখেছি যে এই রাস্তাটির জন্য টাকা বরাদ্দ হয়েছে। অনেক জায়গায় মালপত্র ফেলা হয়েছে। কিন্তু প্রশাসনিক গাফিলতির জন্য কাজকর্ম কিছুই হয়নি। আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন রাখছি প্রশাসনিক তৎপরতার সাথে রাস্তাটি সারানো হোক।

[12-40 — 12-50 P.M.]

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সব থেকে দুর্ভাগ্যের বিষয় হচ্ছে, ১৯৭৬ সালে তখন আমি আসানসোল বি. বি. কলেজের জি. এস. ছিলাম এবং সেই সময় তৎকালীন শিক্ষামন্ত্রী মৃত্যুঞ্জয় ব্যানার্জি এবং বর্ধমানের ভাইস-চ্যান্সেলার রমারঞ্জন মুখার্জি মহাশয়ের উপস্থিতিতে আসানসোলে একটি পূর্ণাঙ্গ কমার্স কলেজ-এর ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়। কলেজের নিজের জমির উপরে সেই ভিত্তি প্রস্তর স্থাপন করা হয় এবং আমরা আশা করেছিলাম সেই কলেজটি হবে। কারণ ওখানে কোনও কমার্স কলেজ নেই। আসানসোলে দুটি মাত্র কলেজ আছে এবং সেই দুটি কলেজ কংগ্রেস আমলে স্থাপিত, একটি হচ্ছে বি. বি. কলেজ এবং আরেকটি হচ্ছে বি. সি. কলেজ, যেখান থেকে আমাদের একজন মন্ত্রী মহাশয় পাশ করে এসেছেন। আমরা আশা করেছিলাম একটা পূর্ণাঙ্গ কমার্স কলেজ আসানসোলে আমরা দেখে যেতে পারব। কিন্তু আমাদের দুর্ভাগ্য আজও পর্যন্ত ঐ কলেজ তৈরি হল না। আমরা বার বার এই ব্যাপারে আবেদন করেছিলাম, আমরা চেষ্টা করেছিলাম, কিন্তু আসানসোল মানুষের দুর্ভাগ্য, সেই কলেজ হল না। কিন্তু আসানসোলের কয়লাখনি থেকে ৬১০ কোটি টাকা সেস বাবদ রাজ্য সরকার পাই। কিন্তু সেখানকার ডেভেলপমেন্টের জন্য আজও সেখানে কমার্স কলেজ হল না। এই ব্যাপারে আমি

মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি, এটা আমাদের দরকার, আমাদের ওখানে একটা কমার্স কলেজ করতে হবে। এটা কোনও দয়াদাক্ষিণের ব্যাপার নয়, এটা আমাদের অধিকার আছে।

**শ্রী কামাখ্যানন্দন দাসমহাপাত্র :** স্যার, গত পাঁচ তারিখে আমাদের পটাশপুরে একটি ঘটনাকে কেন্দ্র করে কয়েকজন আহত হয়েছে। পশ্চিমবাংলার কয়েকটি সংবাদপত্র বেরিয়েছে এবং জনৈক বিধায়ক বিধানসভায় আলোচনা করেছেন সমস্ত ঘটনার জন্য নাকি সি. পি. এম. দায়ি আমি নিজে আহতদের বাড়ি গিয়েছিলাম এবং সেই জায়গাটি আমি পরিদর্শন করে এসেছি। সেদিন সেখানে একটি স্কুল চলছিল এবং স্কুল যাতে না হয় তার জন্য স্কুল চলাকালীন কংগ্রেসের নেতা এবং ঐ স্কুলেরই প্রধান শিক্ষকের নেতৃত্বে ৩০-৩৫ জরে গুণ্ডাবাহিনী হামলা চালায়। হামলায় আতঙ্কিত ছাত্র-ছাত্রীরা চিৎকার, চেঁচামেচি করে এবং উৎকণ্ঠিত গ্রামবাসীরা স্কুলের দিকে দৌড়ে আসেন—তাদের মধ্যে সি. পি. এম., কংগ্রেস সব গ্রামবাসীই ছিলেন। গ্রামবাসীদের স্কুলে দৌড়ে আসার পথে নিরস্ত্র গ্রামবাসীদের উপর কংগ্রেসী গুণ্ডারা আক্রমণ করে—ব্যাপক বোমাবাজি করে, লাঠি, টাঙ্গি নিয়ে হামলা চালায়, বোমা, লাঠির আঘাতে গুরুতর আহত হয়ে শ্যামপদ জানা, ননী গোপাল গিরি, দধিমোহন মণ্ডল, গৌরহরি গিরি, শ্রীমন্ত বেজ, অভিরাম গিরি এবং মাকু জানা প্রভৃতি কয়েকজন এখনও হাসপাতালে আছে। গুণ্ডাদের আক্রমণে আহতদের মধ্যে কংগ্রেসীরাও আছে। পুলিশ গিয়ে বোমা উদ্ধার করেছে এবং তিনজন কংগ্রেসী গুণ্ডাকে গ্রেপ্তার করেছে। আমি এই জঘন্য ষড়যন্ত্রের তীব্র প্রতিবাদ করছি।

**Shri Paresh Paul :** (Was not present in the House)

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাটোয়া বিধানসভার গ্রামাঞ্চলে যে সমস্ত ট্রান্সফরমারের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ হয়, সেই ট্রান্সফরমারগুলি বন্ধ হয়ে আছে এবং সরকার পক্ষ থেকে কোনও উদ্যোগ নেওয়া হচ্ছে না। এর ফলে চাষ ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং সাধারণ মানুষেরও অসুবিধা হচ্ছে। অবিলম্বে যেন ট্রান্সফরমার মেরামত করে এই বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হয়।

**শ্রী ঈদ মহম্মদ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ার মন্ত্রী আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। আমার ভরতপুর বিধানসভা কেন্দ্রে প্রায় ৫-৭ বছর আগে পানীয় জলের জন্য একটি নলবাহী প্রকল্প চালু করা হয়েছিল। কাজও শুরু করা হয়েছিল। সেই প্রকল্পের কাজটা শেষ হয়েছে কিন্তু এখনও পর্যন্ত চালু করা যায়নি এবং আশপাশের প্রচণ্ড পানীয় জল সঙ্কট দেখা দিয়েছে। তাই আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বহরমপুর জেলা পরিষদে অর্থমন্ত্রীর উপস্থিতিতে একটি মিটিং হয়েছিল। সেখানে ৩১শে মার্চের মধ্যে চালু করার কথা হয়েছিল। কিন্তু আজও চালু করা হয়নি। তাই এই ব্যাপারে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জটু লাহিড়ী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী ও শিল্প পুনর্গঠন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ইন্ডিয়ান মেশিনারি শুধু হাওড়া নয়, সারা

পশ্চিমবাংলার গর্ব। সেই কারখানা দীর্ঘদিন বন্ধ হয়েছে। একদিন ইন্ডিয়ান মেশিনারির ছোট ওজনের যন্ত্রপাতি থেকে শুরু করে ৪০০ মেট্রিক টন ওজনের যন্ত্র তৈরি করত। এই যন্ত্রপতি শুধু ভারতবর্ষেই নয়, সুদূর ভিয়েতনাম ও তানজেনিয়া পর্যন্ত যেত। কিন্তু রাজ্য সরকারের অবহেলার জন্য আজকে কয়েক বছর ধরে ইন্ডিয়ান মেশিনারি বন্ধ হয়ে আছে। কয়েক 'শ শ্রমিক অনাহারে দিন যাপন করছে। এর মধ্যে ৩০ জন মারা গেছে। কিছু আত্মহত্যা করছে অথছ এর আগে সমবায় মন্ত্রী নিজে বলেছিলেন যে সমবায়ের মধ্য দিয়ে এই শ্রমিকদের নিয়ে তিনি কারখানা খোলার চেষ্টা করবেন। বার বার নানাভাবে ইন্ডিয়ান মেশিনারির শ্রমিকদের নানা কথা বলা হয়েছে। কিন্তু ইন্ডিয়ান মেশিনারি খোলেনি। অবিলম্বে যাতে এই কারখানাটি খোলা যায় তার ব্যবস্থা করলে ভাল হয় কারণ এই খারখানাটি পশ্চিমবাংলার গর্ব।

**শ্রী তপন হোড় ঃ** স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ রেলপথের কথা বলতে চাই যে, পূর্বাঞ্চলের সঙ্গে কলকাতা বা বাংলার যোগাযোগ থাকে সেটা হচ্ছে সাহেবগঞ্জ লুপলাইন। আগামী ১৬ তারিখে রেল বাজেটের আগে রাজ্য সরকারের মাধ্যমে এই গুরুত্বপূর্ণ ব্যাপারটা জানাতে চাই। এই রেলপথটি দীর্ঘদিন ধরে বঞ্চিত হচ্ছে। ১৯৯৩-৯৪-৯৫-৯৬ সালে যদি হিসাব করা যায়, তাহলে দেখা যাবে যে এই ৪ বছরে অন্তত ৫৫-৬০ বার এই রেলপথে নানাভাবে ডিরেলড হয়েছে, অথবা অন্য কোনও গোলযোগ হয়েছে। এতে সাধারণ মানুষের এবং যাত্রীদের হয়রানি হচ্ছে। এইভাবে যদি প্রতিমাসে ১-২ বার রেলপথে ডিরেলড হয় এবং লাইন ভেঙে যায়, কিংবা নানা ধরনের যান্ত্রিক গোলযোগ দেখা যায়, তাহলে এই রেলপথে যাতায়াত করবার সুব্যবস্থা থাকে না।

[12-50 — 1-00 P.M.]

খানা থেকে সাইথিয়া পর্যন্ত ডবল লাইন রেলপথ করার ব্যাপারে যে উদ্যোগ নেওয়ার দরকার সেই উদ্যোগ রেল দপ্তর নিচ্ছেন না। এর অনুমোদন পাওয়ার পরও রেল দপ্তর ডবল-লাইন করতে গিয়ে অযথা গাফিলতি করছেন। ফলে এই রেল পথের গুরুত্ব কমে যাচ্ছে। কেন্দ্রীয় সরকার আগামী রেল বাজেটে যাতে এই রেল পথকে ডবল লাইন করার ব্যাপারে গুরুত্ব দেন তার জন্য আমি রাজ্য সরকারের মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। সি. ই. এস. সি. আবার বিদ্যুতের উপর সারচার্জ বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন। রাজ্য সরকার কয়লার দাম বাড়িয়েছেন, কেন্দ্রীয় সরকার পেট্রোল এবং পেট্রোলজাত দ্রব্যসহ রান্নার গ্যাসের দাম বাড়িয়েছেন। সি. ই. এস. সি.—আর. পি. জি. গোষ্ঠী দেখছি মুখ্যমন্ত্রীর পরিবারের যেন সদস্য। পশ্চিমবঙ্গকে লুঠপাট করে খাওয়ার জন্য সি. ই. এস. সি. অ্যাফেকটিভ দিয়ে কনজিউমারদের কাছ থেকে এই টাকা গ্রহণ করবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যে কি সরকার আছে? এই সরকারের কোনও দায়-দায়িত্ব নাগরিকদের প্রতি নেই? নতুন করে ২৫ পয়সা ট্যাক্স বসিয়েছেন। সারচার্জের নাম করে টাকা নিচ্ছেন। লোডশেডিং হচ্ছে, মিটারগুলো খারাপ। বিদ্যুতের বিল বাড়ছে, নাগরিকরা প্রতিবাদ করছেন। কিন্তু তার সম্পর্কে কর্তৃপক্ষ কোনও ব্যবস্থা নিচ্ছেন না। ১৯৯১-৯২ সাল থেকে রেট্রোস্পেকটিভ অ্যাফেকটিভ দিয়ে কনজিউমারদের পকেট কাটার ব্যবস্থা হয়েছে।

(মাইক অফ হয়ে যায়।)

**শ্রী অমর চৌধুরি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করতে চাই, তা হল—দমদম জংশন থেকে বেলঘরিয়া স্টেশন পর্যন্ত ৫.৫ কিলোমিটারের মধ্যে কোনও স্টেশন নেই। এখানে নোয়াপাড়ায় অবিলম্বে রেল স্টেশন করার জন্য অনেক আন্দোলন হয়েছে। এ ব্যাপারে এম. এল. এ., এম. পি.দের সঙ্গে আলোচনা হয়েছে তাঁরা এটাকে ভায়াবেল মনে করেছেন এবং সার্ভে করেছেন। অবিলম্বে নোয়াপাড়ায় রেল স্টেশন করার জন্য আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে বামফ্রন্ট সরকার অবিলম্বে এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সাথে আলোচনা করেন এবং এখানে রেল স্টেশন করার ব্যবস্থা করেন। নোয়াপাড়ায় রেল স্টেশন করার জন্য কয়েক বছর ধরে মানুষ আন্দোলন, এম. পি. শ্রী নির্মলকান্তি চাটার্জি এবং বহু এম. এল. এ.র সাথে এ ব্যাপারে আলোচনা হয়েছে এবং তাঁরা এটাকে ভায়াবেল মনে করেছেন। অবিলম্বে নোয়াপাড়ায় রেল স্টেশন করার জন্য আমি অনুরোধ করছি।

**শ্রীমতী সাবিত্রী মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র আড়াই ডাঙ্গা রতুয়া ২ নম্বর ব্লকে ২৩টি মৌজা আছে। সেই মৌজার বিভিন্ন গ্রামগুলোর মধ্যে ২৫ পারসেন্ট গ্রামে বিদ্যুৎ গেছে, বাকি ৭৫ পারসেন্ট গ্রামে বিদ্যুৎ যায়নি। আজ বিংশ শতাব্দীতে মানুষ যখন চাঁদে যাচ্ছে তখন এই সমস্ত এলাকার মানুষরা বিদ্যুতের অভাবে অন্ধকারে বাস করছেন। আমরা আগে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে ২৩টি মৌজার লিস্ট দিয়েছিলাম এবং পঞ্চায়েত সমিতি থেকে তা সার্ভে করা হয়। তা সত্ত্বেও এই গ্রামগুলোতে বিদ্যুৎ পৌছায়নি। অবিলম্বে ঐ গ্রামগুলোতে বিদ্যুৎ পৌছে দেওয়ার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী রবীন দেব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে নোটিশ দিয়েছিলাম, আমার কেন্দ্রে উন্নয়নমূলক কাজে বাধা সৃষ্টি হচ্ছে। এর মূলে আছে কংগ্রেস দল। এই ১১১ বছরের দলটিতে একজন ৪২৩-এর অভিযোগে অভিযুক্ত, কেউ বিভিন্ন ক্ষেত্রে মানুষকে লুঠ করবার অভিযোগে অভিযুক্ত, নেতারা প্রতারনার জালে জড়িয়ে পড়ছে, দলটির আপাদমস্তক দুর্নীতিতে ভরে গেছে। নেতাদের উস্কানিতে এই দলের নিচু তলার যে সমাজবিরোধীরা আছে, তারা আজ বিভিন্ন উন্নয়নমূলক কাজে বাধা দিচ্ছে, বিভিন্ন কলেজে হামলা চালাচ্ছে। সি. টি. কলেজে ভর্তির সময়ও তারা হামলা চালাল। এই বিষয়ে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে, যারা উন্নয়নমূলক কাজে বাধা সৃষ্টি করছে এবং শিক্ষা প্রতিষ্ঠানের সুস্থ পরিবেশ নষ্ট করছে, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি জানাচ্ছি।

**শ্রী নরেন হাঁসদা :** মানতান ডেপুটি স্পিকার গোমকে জোহার। স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ, অমানবিক, জাতি বিদ্বেষী ঘটনার উল্লেখ করছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, শ্রী জয়ন্তকুমার বারি, বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের নেতৃত্ব বিভাগের প্রথম শ্রেণীর ছাত্রটি আলিমুদ্দিন স্ট্রিটের মিস্টি কন্যা-বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা ডাঃ বেলা ভট্টাচার্যের জাতি বিদ্বেষের শিকার—যেমন আগে ঘটে গেছে চুনী

কোটালের ক্ষেত্রে। পরীক্ষার দিনে ছাত্রটিকে উলঙ্গ করার চেষ্টা হয়েছে, দু-ঘন্টা তাকে পরীক্ষা দিতে দেওয়া হয়নি। সে কোতোয়ালি থানায় ডায়েরি করেছে। ডায়েরির নাম্বার ১৫২১। সে ন্যাশনাল কমিশন ফর এস. সি. অ্যান্ড এস. টি-তেও আবেদন করেছে। স্যার, ডাঃ বেলা ভট্টাচার্য ছেলেটিকে শাসিয়েছে, তোমাকে কোনও রকমেই এম. এস. সি. পাশ করতে দেব না। এই আদিবাসী ছাত্র জয়ন্ত বারি যাতে লেখাপড়ার সুযোগ পায়, এবং ডাঃ বেলা ভট্টাচার্যকে গ্রেপ্তার করা হয় এই দাবি করছি এবং এই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী নৃপেন গায়েন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি ভয়াবহ ঘটনার কথা এই সভায় উল্লেখ করছি। মাননীয় বনমন্ত্রী ২৯ তারিখে কালীতলায় বন রক্ষা কমিটির সঙ্গে বিভিন্ন মিটিং করেছেন, সেখানে বিভিন্ন দাবির কথা উল্লেখ করেছেন বনরক্ষা কমিটি।

[1-00 — 1-10 P.M.]

সেই দাবি-দাওয়ার মধ্যে একটা অন্যতম দাবি হচ্ছে, কালীতলা এবং সামশের নগর গ্রামের মধ্যে ঝিঙেখালি নদী আস্তে আস্তে মজে যাচ্ছে। অন্য পারে সুন্দরবন। এই নদী ১০-১২ কি.মি. চওড়া ছিল। বর্তমানে তার দু কি.মি. মজে গেছে। সেখানকার মানুষের বাড়ি-ঘর এবং সুন্দরবন একাকার হয়ে গেছে। মাঝেমধ্যেই বাঘ এসে মানুষের গবাদি পশু নিয়ে যাচ্ছে। তাই সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের কাছে আমার অনুরোধ অবিলম্বে ঐ নদী খনন করা হোক।

'জিরো আওয়ার'

**শ্রী কমলাক্ষী বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র বাগদা তিনদিক বাংলাদেশে ঘেরা। সেখানে বেড়া রাস্তা করা নিয়ে বি. এস. এফ.-এর সঙ্গে স্থানীয় অধিবাসীদের একটা সমস্যা দেখা দিয়েছে। এই সমস্যার যদি আসু সমাধান করা না যায় তাহলে সংঘর্ষ বেঁধে যেতে পারে।

**শ্রী কমল গুহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা বিধায়করা এখানে আসি এসে রাজ্যের গুরুত্বপূর্ণ কথাগুলো সরকারের দৃষ্টি আকর্ষণ করি এবং তার সমস্যার সমাধানের আমরা চেষ্টা করি। স্যার, মাননীয় সদস্য শ্রী নরেন হাঁসদা যে মেনশন করলেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। আসব বলে যাব কেউ কানে দেবেন না। এইভাবে কি চলতে পারে? ফলে আমরা তখন অন্য পথ ধরি। তখন আবার কাগজে দেখা যায় নীতিবাগিশগন বলেন, এম. এল. এ.দের আচার-আচারণ ঠিক হচ্ছে না। আজকে সরকারকে আপনি বলুন, মাননীয় সদস্য শ্রী নরেন হাঁসদা যে মেনশন করে গেলেন সে সম্বন্ধে সরকারের কি দৃষ্টিভঙ্গী, সরকার কি ব্যবস্থা নিতে চান—সেটা আমরা জানতে চাই। আমরা শুধু এইভাবে বলে যাব এটা চলতে পারে না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** (হাউসে অনুপস্থিত।)

**শ্রী সুভাষচন্দ্র সোরেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমার বিধানসভা কেন্দ্র নবগ্রাম।

সেখানে গোপীবল্লভপুর গ্রামের ব্লক হাসপাতালে কেসের সংখ্যা বেড়ে যাচ্ছে। দিনের পর দিন রোগীর সংখ্যা বাড়ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি করছি ওখানকার ব্লক স্বাস্থ্য কেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে পরিণত করা হোক।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমি আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা বিধানসভায় আসি। আপনার সামনে আমরা এখানে বিভিন্ন বিষয়ে আলোচনা করি। ৪৮ জন মন্ত্রী হয়েছেন। মন্ত্রীর সংখ্যা বেড়েছে। যেদিন বাংলা বন্ধ আমরা ডেকেছিলাম সেদিন দেখলাম ২২ জন মন্ত্রী—অনেকে এসেছেন। আর আজকে আপনি দেখুন সব বেঞ্চ, চেয়ার খালি। তাহলে ৪৮ জন মন্ত্রী [*] আমাদের কি হচ্ছে? ৪৮ জন মন্ত্রীকে মাসে মাসে মাইনে দিয়ে আমাদের সবচেয়ে বড় ক্ষতি হচ্ছে। আমাদের পাবলিক এক্সচেকার নষ্ট হচ্ছে। তাই আমি আপনাকে বলব, আপনি এবিষয়ে অবিলম্বে মন্ত্রীকে বলুন, তাঁরা যেন হাউসে উপস্থিত থাকেন। আমরা শুধু বলে যাব, আর তাঁরা শুনবেন, আর কাজ হবে না, এর জন্য মন্ত্রীদের মাইনে দিই না। মন্ত্রীদের মাইনে বন্ধ করতে হবে এবং আজকে এই নিয়ে শুধু কমলবাবু নয়—সকলেরই একই কথা। তাই আপনার মাধ্যমে এই বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই।

আজকে অবিলম্বে হোম (পার)-এর উপর আলোচনা হবে। হোম (পার)-এর আলোচনার আগে মুখ্যমন্ত্রী এসে একটা স্টেটমেন্ট করুন যে ক'জন করে তাঁর মন্ত্রী থাকবেন। ইম্পর্ট্যান্ট বিষয়গুলি আলোচনায় অংশগ্রহণ করে তাৎক্ষণিক সঙ্গে সঙ্গে জবাব দেবেন। বহু বিষয় আছে, যেগুলি মুখ্যমন্ত্রী থাকলে কিছু কিছু জবাব আমরা পেতে পারি। কিন্তু আজ পর্যন্ত আমি দেখেছি এই বারের নির্বাচনের পর কোনও মন্ত্রী সিরিয়াস নন। ক'জন মন্ত্রী হবার উপযুক্ত তাও জানা নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বহু অনুপযুক্তকে মন্ত্রী করা হয়েছে। তাঁরা মন্ত্রী হবার অনুপযুক্ত। তাই আজকে এই চরম দুরবস্থা। যদি মন্ত্রী উপযুক্ত হতেন, তাঁর জবাব দেওয়ার মতো সাহস থাকত।

(গোলমাল)

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কল্যাণী সেন্ট্রাল মডেল স্কুলে গত ১৯শে জুন তারা একটা ইন্টারভিউ ডেকেছিল। বহু মেয়ে ইন্টারভিউ দিতে সেখানে গিয়েছিল। কিন্তু সেক্রেটারি, হেডমাস্টার, ম্যানেজিং কমিটির মেম্বার এবং শিক্ষক সেদিন স্কুলে কেউ ছিলেন না। সকাল থেকে ইন্টারভিউ প্রার্থীরা অভুক্ত অবস্থায় ছিলেন। বিকেল ৪টের সময় স্কুলের কেয়ারটেকার বলেন সেক্রেটারি কোথায় জানি না। আশেপাশের লোকে বলেন সেক্রেটারি পলাতক, কলকাতায় পালিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি দাবি করছি ওই সেক্রেটারিকে অ্যারেস্ট করা হোক এবং স্কুলের হেডমাস্টারের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হোক। কারণ, বহু দূর-দূরান্ত থেকে যেসব প্রার্থীরা ইন্টারভিউ দেওয়ার জন্য এই রকম একটা নাম করা স্কুলে গিয়েছিলেন এবং তারা অসুবিধার মধ্যে পড়েন এবং শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এই রকম অবিবেচকের মতো তারা কাজ করেছেন। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করছি যে

Note : * Expunged as ordered by the chair.

এই রকমভাবে বেকার ছেলেমেয়েদের সাথে যাতে না করেন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আমার ঘরে বসে কাজ করতে করতে এখানে মাননীয় বিরোধী দলের সদস্য শ্রী সত্যরঞ্জন বাপুলির কিছু কিছু মন্তব্য শুনলাম। সেই মন্তব্যের মধ্যে তিনি বললেন, যে "মন্ত্রী পোষা হয় কার টাকা দিয়ে'। এই ভাষা তিনি ব্যবহার করলেন। মন্ত্রী পোষা হচ্ছে কেন। ৪৮ জন মন্ত্রী কোথায় কে কি করবেন আপনাকে কৈফিয়ত দেবেন না কেউ। আপনি যে ভাষা ব্যবহার করেছেন—আপনি যা বলেছেন রেকর্ডে আছে। আমি যা বলছি শুনে নিন। আপনি যা বলেছেন আমি শুনেছি। আমরা ৪৮ জনের ক'জন এখানে থাকব, আমরা ৪৮ জনের মধ্যে কখন কোথায় থাকব, সেটা আপনার সঙ্গে পরামর্শ করে ঠিক হবে না। আমি উদাহরণ দিচ্ছি, এই হাউসে যখন আলোচনা হচ্ছিল ভিজিলেন্স কমিশনের উপর আপনি তখন বক্তৃতা করলেন। ভিজিলেন্স কমিশনের উপর আলোচনার সময় আপনি বক্তৃতা করে বেরিয়ে চলে গেলেন এবং যখন উত্তর দেওয়া হল—মুখ্যমন্ত্রী যখন উত্তর দিচ্ছিলেন আপনি হাউসে ছিলেন? আপনি হাউসে ছিলেন না। থাকার দরকার নেই।

(গোলমাল)

আমাদের থাকার দরকার নেই আপনার কথা এখানে বসে শোনার জন্য। বাজে কথা শোনা দরকার আমাদেরও নেই, আপনাদের কথা ......

**মিঃ স্পিকার ঃ** 'পোষা' কথা বাদ যাবে।

[1-10 — 1-20 P.M.]

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার উল্লেখ করছি। স্যার, কিছুক্ষণ আগে পুলিশমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মাননীয় মেম্বারের উদ্দেশ্যে যেভাবে কথা বললেন তাতে তিনি প্রচণ্ড ঔদ্ধত্য প্রকাশ করলেন। পুলিশ মন্ত্রীর ঔদ্ধত্য যদি এই জায়গায় এসে দাঁড়ায় তাহলে পুলিশের ঔদ্ধত্য কোথায় গিয়ে দাঁড়িয়েছে তা আমি একটা ঘটনা উল্লেখ করে প্রকাশ করছি। স্যার, আমরা জানি ডাক্তাররা দিনে ডাক্তারি করে, কিন্তু হাওড়া জেলার জগৎবল্লভপুর থানার পাঁচলার ৫০টি বাড়িতে বুদ্ধদেববাবুর পুলিশ ডাকাতি করেছে। তারা সেখানে ২০ ভরি সোনা এবং ৩,০০০ টাকা লুঠ করেছে। এস. পি. এবং সি. আই.-এর নেতৃত্বে ৫০০-র ওপর মানুষকে ঘর ছাড়া করেছে। পাঁচলার নস্করপুর, ইসলামপুর, জালালসী এবং মাজুক্ষেত্র গ্রামে পুলিশ এই কাজ করেছে। স্যার, এই বিষয়টির প্রতি আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছিলাম। কিন্তু যে পুলিশ মন্ত্রীর এত ঔদ্ধত্য—যিনি এই হাউসে মাননীয় সদস্যদের প্রতি এত ঔদ্ধত্য প্রকাশ করছেন—তাঁর পুলিশ যে সাধারণ মানুষের ওপর ঔদ্ধত্য প্রকাশ করবে, তাতে আর আশ্চর্যের কি আছে!

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমরা লক্ষ্য করছি গত কয়েক দিন যাবত মেনশন আওয়ারে এবং জিরো আওয়ারে যেভাবে হাউস চলছে তাতে

হাউসের ডেকোরাম রক্ষিত হচ্ছে না। সুনীতি চট্টরাজ ওখানে বসে যা করছেন তা কোনও সভার ডেকোরাম হতে পারে না। এবারে কংগ্রেসের সদস্য সংখ্যা বেড়েছে ঠিকই, তাই বলে—বিভিন্ন সদস্য আমাদের কাছে অভিযোগ করছেন, ৭-৮ দিন ধরে তাঁরা মেনশন জমা দিচ্ছেন, কিন্তু তাঁদের নাম আসছে না; কংগ্রেস সদস্যরা আপনার কাছে যাচ্ছেন, কিন্তু তাঁদের নাম আসছে না; কংগ্রেস সদস্যরা আপনার কাছে যাচ্ছেন, কোনও একজন একটা পেপারে ৭-৮টা নাম লিখে দিচ্ছেন, আপনি সেইভাবে ডাকছেন। এতে অন্য সদস্যদের অধিকার খানিকটা খর্ব করা হচ্ছে। এই পদ্ধতি চলে না। আগামীকাল বিজনেস অ্যাডভাইসারি কমিটির মিটিং আছে, সেখানে এই বিষয়টা নিয়ে আলোচনা করে একটা নির্দিষ্ট নীতি নির্ধারণ করা দরকার। এই সেসনে না হোক, অন্ততঃ আগামী সেসন থেকে মেনশন আওয়ার এবং জিরো আওয়ার যাতে সুষ্ঠুভাবে চলতে পারে, সব সদস্যরা যাতে ঠিক মত তাঁদের অধিকার অনুযায়ী সুযোগ পান তা নির্দিষ্ট করতে হবে। কংগ্রেস সদস্যরা যেভাবে আপনাকে ঘিরে রাখছেন তা সভার পক্ষে মোটেই ভাল নজির নয়। ওদের ঐভাবে আপনার অ্যালাও করা উচিত নয়। এই সেসনে আমরা সব সময়ই চেষ্টা করছি মেনশন আওয়ারে এবং জিরো আওয়ারে যাতে ৬-৭-৮ জন মন্ত্রী এই সভায় উপস্থিত থাকেন। হয়ত কোনও কোনও সময় সংখ্যাটা একটা কমে যায়—১ জন, ২ জন, ৩ জন কম থাকেন। এটা হতে পারে। তবে বেশিরভাগ মন্ত্রীরাই তাঁদের ঘরে থাকেন। আমরা একটা এন্সিয়োর করেছিলাম—ন্যূনতম ৬ জন মন্ত্রী উপস্থিত থাকবেন। মন্ত্রীরা যাতে থাকেন তার জন্য আমরা আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছি। তা সত্ত্বেও কেউ হয়ত কোনও সময় অন্য কাজের চাপে থাকতে পারছেন না। এবং তার জন্য অ্যাসপারশন করা বোধ হয় ঠিক হচ্ছে না। কারও ওপর ব্যক্তিগত গ্রাজ্ থেকে সভাকে পলিউট করা ঠিক হবে না। আমি আপনাকে শক্ত হাতে সভা চালাতে অনুরোধ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মাননীয় সদস্যরা দেখেছেন, গত কয়েকদিন ধরে যতগুলি নাম এসেছে আমি ১ মিনিট করে দিয়ে সবাইকে অ্যাকোমোডেট করার চেষ্টা করেছি এবং বেলা ২টা পর্যন্ত টাইম দেওয়া হয়েছে। কাল রাত্রি ৮ পর্যন্ত হাউস চলেছিল। আমি দুটো পর্যন্ত মেনশন এবং জিরো আওয়ার দিয়েছি। এখন রবীনবাবু বললেন, মাননীয় সদস্যরা আমার কাছে আসেন এবং নাম দেন। যাদের নাম থাকে না আপনিও আমাকে এসে বলেন। কাজেই মাননীয় সদস্যরা আগে স্পিকারের কাছে আসেন। স্পিকার লিস্ট থেকে যেমন গুরুত্ব বুঝছেন তেমনভাবে তাদের নাম ডাকছেন। আমি যখন এখানে বসছি পর পর নাম ডাকছি। আজকে আমি দেখছি, হাউস শেষ হতে ৯টা বেজে যাবে, হোম (পার) বাজেট আছে। মাননীয় বিরোধী দলের সদস্য শ্রী সুনীতি চট্টরাজের সঙ্গে আমি আলোচনা করে নিয়েছি যে ১ ঘন্টা মেনশন চলবে, তারপর আধ ঘন্টা জিরো আওয়ার হবে। ১ ঘন্টা মেনশন চলার পর আমি বন্ধ করে দিয়েছি এবং জিরো আওয়ার শুরু করেছি। তারমধ্যে একটি বক্তব্যকে কেন্দ্র করে মাননীয় মন্ত্রী বক্তব্য রেখেছেন এবং সেখানে একটি কথা অশোভনীয় বলে বাদ দিয়ে দিয়েছি যেটা সত্যরঞ্জন বাপুলি মহাশয় বলেছেন। কংগ্রেসের পক্ষ থেকে একটা লিস্ট দিয়েছেন। জিরো আওয়ারে কারা বলবেন সেই লিস্টটা আমি রেখেছি এবং ডাকছি। এখন আপনারা যেমন ঠিক করবেন, সেইভাবে আমি হাউসকে চালাব।

(গোলমাল)

তাহলে পয়েন্ট অফ অর্ডারই হোক, জিরো আওয়ার হবে না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কি বলেছি? আমি যা বলেছি সেটা আপনি এবং বিধানসভার সমস্ত সদস্যরাই শুনেছেন। আমি সভার সদস্য হিসাবে বহুদিন আছি। আমি বলছি, ৪৮ জন মিনিস্টার হয়েছেন। আমরা যেগুলি বলি, মন্ত্রীরা কেউ থাকেন না, শোনেন না এবং মন্ত্রীদের মধ্যে বহু মাননীয় মন্ত্রীর যোগ্যতা আছে কিনা সন্দেহ আছে। আপনি রেকর্ডটা দেখবেন। বুদ্ধদেববাবু মহারাজ আছেন, যাত্রা করে সেনাপতির মতন, [***] বিধানসভাকে অমর্যাদা করে নাকটীয় ভঙ্গীতে কতকগুলি কথা বলে চলে গেলেন। পুলিশ মন্ত্রী নাটকীয় ভঙ্গীতে এইভাবে কথা বলে বিধানসভার সমস্ত সদস্যদের অবমাননা করেছেন এবং আমিও অপমানিত বোধ করছি। তাই বুদ্ধদেববাবুকে ক্ষমা চাইতে হবে। তাকে বলতে হবে এটা যাত্রার দল নয়, এইরকম আচরণ করা উচিত নয়। মন্ত্রী হয়ে তিনি এইসব কথা বলে চলে গেলেন। তাঁকে ক্ষমা চাইতে হবে।

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** প্লিজ টেক-ইওর সিট। আই হ্যাভ নট অ্যালাউড ইউ।

[1-20 — 1-30 P.M.]

**শ্রী রবীন মণ্ডল ঃ** মিঃ ডেপুটি স্পিকার, অন এ পয়েন্ট অব অর্ডার। একটু আগে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী বুদ্ধদেববাবু এসে তার বক্তব্য রেখে গেলেন। আমরা এই সম্পর্কে কোনও ইন্টারভিন করতে চাই না। কিন্তু তাঁর প্রতি এখানে যেভাবে অ্যাসপারশন করা হল, মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় কথা প্রসঙ্গে তাঁর সম্পর্কে এই কথাটা বললেন। আমি বলব, এই কথাটা এই মুহূর্তে উইথড্র করতে হবে। এই কথাটা এক্সপাঞ্জ করতে হবে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** "অসভ্যের মত" কথাটা বাদ যাবে।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি দুটো বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। প্রথমত আমি আপনার কাছে বিনীতভাবে সাবমিট করতে চাই, মেনশন আর জিরো আওয়ার সম্পর্কে আপনি যা বললেন, আমি তার সঙ্গে একমত নেই। আপনি জানেন, আমাদের পার্লামেন্টারি প্রাকটিশে কোশ্চেন, মেনশন আর জিরো আওয়ার হচ্ছে ইন্ডিভিজুয়াল মেম্বার এর অধিকার। এতে পার্টি হুইপের প্রয়োজন হয় না। যে কোনও মেম্বার তিনি মেনশন দিতে পারেন। ইররেসপেকটিভ অব পার্টি হুইপ মেনশন দিতে পারেন। পার্টির পার্মিশন লাগে না এবং পার্টিও এই সম্পর্কে হুইপ দেয় না। কিন্তু আমরা কয়েকদিন ধরে লক্ষ্য করছি, আপনি আর্বিট্রারিলি নাম ডাকছেন। আপনার কাছে যে মেম্বার গিয়ে তদ্বির করছেন, তার নাম আপনি ডেকে দিচ্ছেন। আপনি বলতে পারেন যে এত নাম আছে যে উইদিন দি টাইম আপনি শেষ করতে পারছেন না। আমি বলছি ইমিডিয়েটলি আপনি এটা করতে পারেন, পার্লামেন্টে যেটা আছে আন্ডার রুল ৩৭৭ ওরা মেনশন করে। সেইগুলো যদি বেশি হয়, তাহলে ব্যালট করে

Note : *** Expunged as ordered by the chair.

যার নাম উঠবে তাকে বলতে দেওয়া হয়। এতে কারোর কিছু বলার থাকে না। কিন্তু এখানে প্রায়ই দেখা যায়, মাননীয় সদস্যদেরকে আপনার পোডিয়ামের কাছে গিয়ে তদ্বির করতে। এটা মেম্বারের কাজ নয়। সুনীতিবাবু হয়তো নাম দিয়েছেন আপনার সুবিধার জন্য, এটা তাঁর পার্টির কাজ নয়। ইট ইজ নট অলসো দি পারপাস অব দি পার্টি। আপনি হয় ব্যালট করে মেনশন বা জিরো আওয়ারে বলতে দিন, না হলে টাইম এক্সটেন্ড করে সকলকে বলতে দিন। তা না-হলে যারা তদ্বির করবেন, তারা বলতে পারবেন, আর যারা তদ্বির করতে পারবেন না তারা বলতে পারবেন না এটা চলতে পারে না। এই জিনিস করবেন না। আর একটা বিষয়, আমরা এই হাউসে বার বার বলেছি ছয়জন মন্ত্রীর থাকা দরকার। এই বিষয় নিয়ে বাপুলি মহাশয় মেনশন করেছেন, ৪৮ জন মন্ত্রীর মধ্যে অন্তত ছয়জন মন্ত্রীর থাকা দরকার। যা মেনশন সদস্যরা করছেন, সেইগুলো শোনবার জন্য। রবীনবাবু যেটা বললেন যে মন্ত্রীরা ঘরে বসে শুনছেন, এটা করলে হবে না। সুতরাং মন্ত্রীদের হাউসে আসতে হবে। আর বুদ্ধদেববাবু একটু আগে যা বলে চলে গেলেন, এই অ্যাটিচুটের আমি তীব্র প্রতিবাদ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সৌগতবাবু আপনি একটা অ্যাসপার্সন করেছেন টু চেয়ার। আমি আর্বিট্রারিলি কোনও কাজ করিনি। সুনীতিবাবু আমাকে একটা নামের লিস্ট দিয়েছিলেন। আমি সেই লিস্ট অনুসারে ডেকেছিলাম। আপনিও তো সময় সময় এসে অনুরোধ করেন, অমুক সদস্যের আর্জেন্ট কাজ আছে, তিনি চলে যাবেন, তাঁর নামটা আগে ডাকুন। এই রকমভাবে নেতারা এসে অনুরোধ করেন। এটা একটা প্রাকটিস, আগেও এই হাউসে হয়েছে। স্পিকার এবং ডেপুটি স্পিকার অনেক মেনশন থাকলে যেগুলো গুরুত্বপূর্ণ, যেগুলো আর্জেন্ট, সেইগুলো দিতে পারেন।

হাউসের রুল অনুযায়ী স্পিকার এবং ডেপুটি স্পিকার যেটা আরজেন্ট পাবলিক ইম্পর্টেন্স বলে মনে করবেন সেটা দিতে পারবেন। দ্বিতীয়ত মেনশনের সময় মন্ত্রীদের উপস্থিত থাকার কথা যেটা বলেছেন সে সম্পর্কে এই হাউসে মাননীয় স্পিকার মহাশয়, তিনিও বলেছেন, আমিও বারে বারে বলেছি যে মেনশনের সময় অন্তত ৬ জন মন্ত্রীর হাউসে উপস্থিত থাকা উচিত। ৬ জন মন্ত্রী এখন আছেন, না দেখে একথা বলেছেন। এখন জিরো আওয়ার শ্রী সৌগত রায় বলুন।

(গোলমাল)

## জিরো আওয়ার

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি Jute packaging material (compulsory using packaging commodities) Act. 1817. এর প্রতি স্বর্গীয় রাজীব গান্ধী এই আইনটা এনেছিলেন যাতে বিভিন্ন ইন্ডাস্ট্রিতে—ফার্টিলাইজার, সিমেন্ট, ফুডগ্রেন্স, সুগারের ক্ষেত্রে চটের বস্তা ব্যবহৃত হয়। যদিও ফুড গ্রেন্স এবং সুগারের ক্ষেত্রে চটের বস্তা ব্যবহৃত হচ্ছে কিন্তু আমরা দেখছি সিমেন্ট ইন্ডাস্ট্রি একেবারেই চটের বস্তা কিনছেন না। এ ব্যাপারে সিমেন্ট কোম্পানির মালিকরা সুপ্রিম কোর্টে একটা মামলা করেছিলেন। সুপ্রিম কোর্ট রায় দিয়েছেন যে এই আইনটি আইনসম্মত এবং

সংবিধান সম্মত। আমি স্যার, বলছি, এই হাউস থেকে একটা প্রস্তাব নেওয়া উচিত যাতে বাধ্যতামূলকভাবে সিমেন্ট ইন্ডাস্ট্রি ৫০ পারসেন্ট জুট ব্যাগ ব্যবহার করে। ফর প্যাকেজিং মেটিরিয়াল তারা যাতে এটা ব্যবহার করে সেটা দেখতে হবে, তা না হলে চটকলগুলি বন্ধ হয়ে যাবে এবং ইন্ডাস্ট্রি গভীর বিপদের মধ্যে পড়বে। এরজন্য এই হাউস থেকে একটা সর্বদলীয় প্রস্তাব নেবার জন্য আমি অনুরোধ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আমি হাউসের ভেতরে ছিলাম না, আমার ঘর থেকে শুনে এখানে এলাম। আপনি মেনশন আওয়ার সম্বন্ধে যে রুলিং দিলেন আমি তা কন্ট্রাডিক্ট করছি না। আপনি বা মাননীয় স্পিকার মহাশয় যখন চেয়ারে থাকেন তখন সকলেরই কো-অপারেশানের দরকার হয় কারণ অনেক সময় অনেক বেশি নাম থাকে। সকলকে দেওয়া যায় না, সেটা আমরা বুঝি, সে ক্ষেত্রে আপনারা কো-অপারেশান করেন, আমি তার জন্যে ধন্যবাদ জানাই। কিন্তু স্যার, আমি লক্ষ্য করলাম, আমাদের একজন খুব সিনিয়ার মেম্বার যিনি ৫ বার জিতে গতবার সম্বর্দ্ধনা পেয়েছেন, এবারেও জিতে এসেছেন, আবার সম্বর্ধনা দেওয়া হলে তা পাবেন, খুব সিনিয়ার মেম্বার, স্বাভাবিক কারণে তিনি একটি বিষয় দৃষ্টি আকর্ষণ করেছেন যে মন্ত্রীর সংখ্যা কম কেন? অনেক মন্ত্রী আছেন ঠিকই কিন্তু অনেক মন্ত্রীর নাম আমরা জানি না। এমন অনেক মন্ত্রী আছেন যাদের আমরা হয়ত চিনি না।

[1-30 — 1-40 P.M.]

তিনি একজন সিনিয়র মেম্বার। স্বভাবতঃই তিনি দৃষ্টি আকর্ষণ করেছেন যে মন্ত্রীদের সংখ্যা কম আছে। এখানে অনেক মন্ত্রীর নামও আমরা জানি না। এখানে যারা বসে আছেন, আমরা দেখছি যে ৮-১০ জন বসে আছেন। আমরা অনেককে চিনি না। আমাদের এখানে এই রকম কোনও সিসটেম নেই যে মন্ত্রীদের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার। মন্ত্রী যারা বসে আছেন তাদের মধ্যে গৌতম দেব, বিলাসি বালা সহিষকে আমরা চিনি, এছাড়া আর কাউকে আমরা চিনি না। মন্ত্রীদের না দেখে সিনিয়র মেম্বার তিনি দৃষ্টি আকর্ষণ করেছেন। তারপরে একজন সিনিয়র মন্ত্রী, যার দপ্তর মোটামুটি মুখ্যমন্ত্রীর দপ্তরের পরে, তিনি আমাদের প্রবীণতম সদস্যকে যে ভাষায় কথা বললেন, এটা অত্যন্ত দুঃখজনক। এটা কোনও জেদাজেদির প্রশ্ন নয়। আজকে রিসেসের পরে হোম(পার) বাজেটে মুখ্যমন্ত্রীর বক্তৃতা আছে। আমাদের হাউসটাকে শান্ত রাখতে হবে। কাজেই আমরা এমন কিছু করবো না যাতে মুখ্যমন্ত্রী জবাবী ভাষণে বাধার সৃষ্টি হয়। আপনি জানেন যে গতবার আমাদের হোম (পার)-এর বাজেট বয়কট করতে হয়েছিল। মাননীয় মন্ত্রী মহাশয় অন্তত দুঃখ প্রকাশ করতে পারেন। কাজেই আমরা জানতে চাই যে উনি দুঃখ প্রকাশ করবেন কিনা? যদি না করেন তাহলে মন্ত্রীর এই আচরণে আমরা বাধ্য হব ওয়াক আউট করতে এবং তার প্রতিফলন হোম (পার) বাজেটে হবে, এটা মনে রাখবেন। কাজেই আপনি মন্ত্রী মহাশয়কে দুঃখ প্রকাশ করতে বলুন। উনি যখন দুঃখ প্রকাশ করবেন না, আমরা এর প্রতিবাদে ওয়াক আউট করছি।

(এই সময়ে কংগ্রেস সদস্যারা ওয়াক আউট করেন)

**[শ্রী তাপস ব্যানার্জি, শ্রী অশোক দেব, শ্রী অজয় দে, শ্রী অসিত মাল এবং শ্রী**

**মৃনাল ব্যানার্জি** অনুপস্থিত।]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখানে বৈধতার প্রশ্ন তুলছি। ওরা যে সব অবৈধ কার্যকলাপ চালিয়ে যাচ্ছেন, সেই সম্পর্কে আমার পয়েন্ট অব অর্ডার আছে, সেটা হাউসে উত্থাপন করতে দিতে হবে। এটা ঠিক যে বিরোধী পক্ষকে আপনি বেশি সময় দেন। পার্লামেন্টারি ডেমোক্রেসিতে বিরোধী পক্ষ বেশি সময় পাবে। সেটা তারা পাক তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু একতরফা তারা বলে যাবে, অ্যাসপারশান করবেন, সত্য বাপুলি মহাশয় যেভাবে মন্তব্য করলেন তাতে হাউসের ডিগনিটি তিনি নষ্ট করেছেন। একজন সিনিয়র সদস্য, যাকে হাউস থেকে সম্বর্ধনা জানানো হয়েছিল, সেই সদস্য হাউসে যে মন্তব্য করেছেন, আমি দাবি করছি যে সেই মন্তব্য প্রত্যাহার করতে হবে। মেনশন সম্পর্কে সৌগত রায় যা বলেছেন, ঠিক আছে। কিন্তু এই মন্তব্য তাকে প্রত্যাহার করতে হবে।

**মিঃ ডেপুটি স্পিকার :** মাননীয় বিরোধীপক্ষের সদস্য এবং সরকার পক্ষের সদস্য, উভয়েরই কোনও কটূ কথা বলা উচিত নয় এবং হাউসে মাননীয় সদস্যদের পরস্পরের প্রতি সম্মান রেখে কথা বলা উচিত। এখানে লিডার অব দি হাউস আছেন, অন্যান্য মন্ত্রীরা আছে এবং বিরোধী দলের লিডারও আছেন। প্রত্যেকেরই ধৈর্য্য, সহনশিলতা থাকা দরকার এবং প্রত্যেকেরই পরস্পরের প্রতি সম্মান রেখে কথা বলা উচিত। তা না-হলে পরস্পর পরস্পরের প্রতি দোষারোপ করলে হাউস চালানো সম্ভব নয়। এর আগে স্পিকারও বলেছেন এবং আমিও বলছি যে আপনারা যদি উভয় পক্ষ থেকে হাউস চালাতে না চান তাহলে হাউস চালানো সম্ভব নয়। আপনাদের মধ্যে পরস্পরের বোঝাপড়ার মধ্যে দিয়ে এটা চলতে পারে। আর কোনও ইনফর্মেশন-টিনফর্মেশন হবে না। এখন যাদের জিরো আওয়ারে নাম আছে তাদের নাম ডাকছি, ২টা জিরো আওয়ারে অংশগ্রহণ করুন।

(জিরো আওয়ার)

**শ্রী মোজাম্মেল হক :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, কয়েকদিন আগে লক্ষ্য করেছি, মুর্শিদাবাদ জেলায় অরাজকতা সৃষ্টি করবার চেষ্টা করা হচ্ছে। গত ৮ তারিখে নবগ্রামে ওদের একটা মিটিং হয়েছে। সেই মিটিং থেকে হুঙ্কার দেওয়া হয়েছে—সি. পি. এমের লোকেদের ঘরবাড়ি জ্বালিয়ে দেওয়া হবে। গতকালই বহরমপুর থানার হিতমপুরে তারা মাস্কেট, সকেট বোমা এবং ধারালো অস্ত্রশস্ত্র নিয়ে মিছিল করে সি. পি. এম. পার্টি সদস্য উস্তিয়া গ্রামের রমজান আলির বাড়িতে চড়াও হয়, কিন্তু সেখানে তাকে না পেয়ে তার পাশের গ্রাম হাজিপাড়া তারা লুঠ করে এবং তার পাশে হরিহর পাড়া থানার সলুয়া গ্রামের আমাদের একজনকে তারা গুলি করে। গত পরশুদিন এই সভায় বিরোধী সদস্য পরেশ পাল আমাদের দিকে লক্ষ্য করে কাগজের পাকানো বল ছুঁড়ে মেরে বলেছেন যে, এই বিধানসভা এবং বাইরে এইভাবেই বোমা মারা হবে, এইভাবেই সি. পি. এম.কে খুন করা হবে। এইভাবে তারা আজকে অরাজকতা সৃষ্টি করবার চেষ্টা করছেন। ইতিমধ্যে সেখানে আমাদের ১০ জন খুন হয়েছেন, ঘরবাড়ি লুঠ করেছে, মহিলাদের উপর পর্যন্ত অত্যাচার করেছে। ভোট গণনায় একজন অ্যান্টি-সোস্যাল নির্বাচিত হবার পর থেকেই মুর্শিদাবাদে আবার সমাজবিরোধীরা

প্রকাশ্যে আগ্নেয়াস্ত্র নিয়ে মাস্কেট চালিয়ে অরাজকতা সৃষ্টি করবার চেষ্টা করছে তারজন্য পুলিশমন্ত্রীর কাছে আমার আবেদন, তিনি বিধানসভার সদস্য হোন, ক্ষমতাবান লোক হন বা দায়িত্বশীল ব্যক্তিই হন, এই ধরনের অত্যাচার করলে তার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নিতে হবে, তা না হলে আইন-শৃঙ্খলার অবনতি ঘটবে। আজকে তারা ঘাড়ে বন্দুক, মাস্কেট নিয়ে ঘুরে বেড়াচ্ছে, এটা বন্ধ হওয়া দরকার।

**শ্রী মৃণালকান্তি রায় :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, হাজার হাজার কৃষকের সমস্যা-জড়িত ওড়িষ্যা কোষ্ট ক্যানাল, যার দ্বারা হাজার হাজার বিঘা জমিতে চাষবাস হয়, সেটা আজও কিন্তু নেভিগেশন ক্যানাল হিসাবে চিহ্নিত হয়ে রয়েছে। ঐ নেভিগেশন ক্যানাল নামটি সেচ বিভাগ থেকে খারিজ করে দিয়ে সেটাকে সেচ-খাল হিসাবে চিহ্নিত করার জন্য আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এটা করা হলে সেখানে অনেক বীজ হতে পারবে এবং তাতে খরচও কম পড়বে। সেখানে বোরো মরশুমে যখন চাষ হয় তখন ক্যানালটি দিয়ে নৌকা পর্যন্ত চলাচল করতে পারে না, আর বামফ্রন্ট সরকারের আমলে ট্রান্সপোর্ট সিস্টেমের ব্যাপ্তিও অনেক বেড়েছে। তারই জন্য বর্তমানে আর নেভিগেশন খাল রাখার প্রয়োজন নেই এবং তারই জন্য খালটিকে সেচ খাল হিসাবে চিহ্নিত করার অনুরোধ রাখছি।

[1-40 — 1-50 P.M.]

**শ্রী মানিক উপাধ্যায় :** (অনুপস্থিত)

**শ্রী তপন হোড় :** (অনুপস্থিত)

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** (অনুপস্থিত)

**শ্রী জটু লাহিড়ী :** (অনুপস্থিত)

**শ্রী আব্দুস সালাম মুন্সী :** (অনুপস্থিত)

**শ্রী পরেশ দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েক বছর ধরে আমরা লক্ষ্য করছি পশ্চিমবাংলা তথা মুর্শিদাবাদ জেলায় সমাজবিরোধীদের দৌরাত্ম দিনের পর দিন বেড়ে যাচ্ছে। এই সমস্ত সমাজবিরোধীদের কংগ্রেস(আই) সুকৌশলে সংগঠিত করছে। আমরা লক্ষ্য করলাম গত বিধানসভা এবং লোকসভা নির্বাচন হয়ে গেল, আমাদের জেলায় ৮-১০ জন সি. পি. এম. তথা বামফ্রন্ট সমর্থক এবং কর্মীদের ওরা খুন করেছে। এই সমস্ত সন্ত্রাস তারা প্রকাশ্য দিবালোকে চালিয়ে যাচ্ছে। আমরা লক্ষ্য করলাম সাগরদিঘী ব্লকে ব্লক কংগ্রেস অফিস, সেখানে এই সমস্ত খুন করার জন্য বোমা অস্ত্রশস্ত্র মজুত করে। এখানে বোমা বার্স্ট হয়ে যাওয়ার ফলে কংগ্রেস(আই)-এর কিছু কর্মি আহত হয় এবং কিছু কর্মিকে পুলিশ খুঁজছে যারা পলাতক। গত ৮ তারিখে নবগ্রাম বিধানসভার সদস্য এবং তার সঙ্গে পরিষদীয় নেতা অতীশ সিন্‌হা এবং সোমেন মিত্রের উপস্থিতিতে একটা জনসভা হয়। সেই জনসভায় প্রকাশ্যে উস্কানি দেওয়া হচ্ছে এই

বলে যে, যেখানে টিউবওয়েল নেই সেখানে জোর করে টিউবওয়েল করব, গ্রাম পঞ্চায়েতগুলি জালিয়ে দেব এবং প্রধানদের খুন করব। এই সমস্ত কাজ তারা করে যাচ্ছে। নিয়মকানুন না মেনে এইভাবে শান্তি-শৃঙ্খলা বিঘ্ন ঘটিয়ে যাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে বলতে চাই, এইভাবে যারা প্রকাশ্যে আইন-শৃঙ্খলা বিঘ্ন ঘটানোর একটার পর একটা চক্রান্ত করে যাচ্ছে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা উচিত। স্যার, আপনি জানেন আমি আগেও এই বিধানসভায় বলেছি, সি. পি. এম.এর জেলার নেতা মানব সাহাকে ওই নায়ক খুন করেছে, সি. পি. এম.এর জেলার নেতা কার্তিক ঘোষকে খুন করেছে, আল্লারাখাকে খুন করেছে এবং জাগদিস হোসেনকে এমনভাবে মেরেছে যে মৃত্যুর সঙ্গে লড়াই করে কোনও রকমে বেঁচে উঠেছে।

**শ্রী সুভাষচন্দ্র সোরেন** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র মেদিনীপুরের নয়াগ্রামের সুবর্ণরেখা নদীতে বন্যার ফলে নদীর ধারের শত শত একর জমির ফসল নষ্ট হচ্ছে, ঘরবাড়ি ভেঙে যাচ্ছে। এই রকম আমি কয়েকটি এলাকার কথা বলছি। সেই এলাকাগুলি হল গোপিবল্লভপুর (১)-এর সাতমা, সামড়া মড়বো, সামসুন্দরপুর, গোপিবল্লবপুর, আলমপুর এবং নয়াগ্রাম ব্লকের বড়ডাঙ্গা। এই স্থানগুলিতে বন্যা নিয়ন্ত্রণের জন্য বাঁধ দেবার ব্যাপারে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি আগেও এই বিধানসভায় মেনশন করেছিলাম, আজ পর্যন্ত কোনও কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

**শ্রী অজয় দে** ঃ (অনুপস্থিত)

**শ্রী শান্তিরাম মাহাতো** ঃ (অনুপস্থিত)

**শ্রীমতী সাবিত্রী মিত্র** ঃ (অনুপস্থিত)

**শ্রী রবীন দেব** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা ইনফরমেশন হাউসকে জানাচ্ছি। আজ সকালে দিল্লি থেকে কুলু গামী একটি বিমান ভেঙে পড়েছে। সেই বিমানের সমস্ত যাত্রী প্রাণ হারিয়েছে। আমি আমাদের রাজ্যের প্রতিনিধি এবং বিশেষ করে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে এই সম্পর্কে সমস্ত খবর নেওয়া হোক। কুলু থেকে ২৫ কিলোমিটার দূরে এই বিমান দুর্ঘটনা ঘটেছে। অনেক পর্যটক সেখানে যায় এবং আমাদের এখানকারও পর্যটক থাকতে পারে। সেই বিমানে কোন কোন যাত্রি ছিলেন সেই ইনফরমেশন কাগজকে জানানো হোক। ওখানে যাঁরা প্রাণ হারিয়েছেন তাঁদের প্রতি আমি সমবেদনা জ্ঞাপন করছি।

**শ্রী নর্মদা রায়** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ে মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি এর আগেও মেনশনে এ সম্বন্ধে বলেছি। আমাদের বিধানসভা কেন্দ্র হল কুশমণ্ডি। কুশমণ্ডির যাত্রীসাধারণকে কলকাতায় আসতে হলে 'কালিয়াগঞ্জ-কলিকাতা' রাত্রিকালীন যে বাস আছে সেই বাসে করে আসতে হয়। পরিবহন বিভাগের রাত্রিকালীন বাসে করে আসা যাওয়ার ব্যবস্থা আছে। কালিয়াগঞ্জ বিধানসভা

কেন্দ্র এবং কুশমন্ডি বিধানসভা কেন্দ্র দুটি পাশাপাশি কেন্দ্র। এই দুটি কেন্দ্রের এম. এল. এ.দের যাবার জন্য বাসে দুটি মাত্র ভি. আই. পি. সেট আছে। এর জন্য আমাদের মধ্যে গন্ডগোল হয়। আমাদের মধ্যে কাউন্টারে এনিয়ে বচসাও হয়েছে। আমি কলকাতায় আসবো, আবার কালিয়াগঞ্জের এম. এল. এ.ও আসবেন—আমাদের উভয়কেই ঐ রাত্রিকালীন বাসে করে আসতে হয়। অবিলম্বে কালিয়াগঞ্জ-কলিকাতা রাত্রিকালীন যে বাস আছে, সেখানে দুটির জায়গায় ৪টি ভি. আই. পি. সিটের ব্যবস্থা করার জন্য আমি মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি। সাথে সাথে আরও ২০টি সিটের দাবিও আমি করছি মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে।

**শ্রী সেখ খবিরুদ্দিন আহমেদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ্য মহোদয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় প্রাথমিক, মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নাকাশিপাড়া বিধানসভা কেন্দ্রে সুধাকারপুর হাইস্কুলটি শতাধিক বছর পূর্বে স্থাপিত হয়েছিল। পার্শ্ববর্তী এলাকায় কোনও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় না থাকায় ছাত্র-ছাত্রীদের ভর্তির সমস্যা বাড়ছে। স্কুলটিকে উচ্চ মাধ্যমিকে উন্নীত করার জন্য সমস্ত ইনফ্রাস্ট্রাকচর আছে। স্কুল কর্তৃপক্ষ স্কুলটি উচ্চ মাধ্যমিকে উন্নীত করার জন্য আবেদনও করেছে। স্কুলটি যাতে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত হয় তারজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক, মাধ্যমিক ও মাদ্রাসা বিষয়ক মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বিশ্বনাথ মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে আমার জেলার দু'জন মাননীয় সদস্য মুর্শিদাবাদ জেলা সংক্রান্ত বিষয়ে বলেছেন। আমি বিষয়টি আবার বলতে চাইছি। কারণ বিষয়টি গুরুত্বপূর্ণ বিষয়। গত ৫ বছর ধরে আমরা লক্ষ্য করছি, একজন জঙ্গলের জীব মুর্শিদাবাদের কোনও জঙ্গলে ছিল, সে আত্মপ্রকাশ করবার চেষ্টা করছে। গত নির্বাচনের মধ্যে দিয়ে সে আত্মপ্রকাশ করেছে। অতীতে তার কার্যকলাপ সম্বন্ধে আমরা জানি। ১৯৯১ সালের নির্বাচনে সে ঐ কেন্দ্রের প্রার্থী হয়েছিল। তখন মানুষের তাড়া খেয়েও কোনও রকমে বেঁচে গিয়েছিল। গোটা জেলাতে সমাজ বিরোধীদের সংগঠিত করে সে সন্ত্রাস সৃষ্টি করছে। সমস্ত জায়গায়—রেডিও, খবরের কাগজে—এই খবর প্রকাশিত হয়েছে। মুর্শিদাবাদ জেলায় সি. পি. এম. তথা বামফ্রন্টের কর্মিদের খুন করছে। সেই সমস্ত খুনের ব্লু প্রিন্ট সেখান থেকে তৈরি হয়েছে। সমাজ বিরোধীদের যে নেট ওয়ার্ক অধীর চৌধুরি তৈরি করেছে, দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, জঙ্গলের জীব একা মুর্শিদাবাদ থেকে আসেনি। এই রকম জীবজন্তু আরও আছে যারা বিধানসভা কক্ষে প্রবেশ করেছে। এদের কাছ থেকে আমাদের সতর্ক থাকতে হবে। গতকাল যখন আমরা প্রতিবাদ করছিলাম তখন আমাদের হুমকি দেওয়া হয়েছিল।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, যদিও সংসদীয় ব্যবস্থা খুব সঙ্কটের মধ্যে, তারই মধ্যে বলতে হচ্ছে। আজকে বিশ্ব জনসংখ্যা দিবস। সংসদীয় বিধায়কদের কিছু কর্তব্য আছে। সেই আবেদনে সাড়া দিয়ে আমি কয়েকটি কথা নিবেদন করতে চাই। আমাদের পশ্চিমবাংলায় এখানে কিছু পরিকল্পিত ব্যবস্থা গৃহীত হচ্ছে।

[1-50 — 3-00 P.M.] (Including adjournment)

আমাদের এখানে যে ধরনের জন বিস্ফোরণ রাজ্যে দেখা দিচ্ছে, বিশেষ করে সীমান্তের পাশে বাংলাদেশে, আবার যেহেতু এখানে সুস্থিতিও আছে, সেইজন্য ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত থেকে অসংখ্য মানুষ এসে উপস্থিত হচ্ছেন রুজিরোজগারের জন্য, বাসস্থান-এর জন্য আমি যেটা আবেদন করব, রাজ্য সরকার যেটা করতে পারেন, আমাদের ২ হাজার সালের মধ্যে পশ্চিমবাংলায় লোকসংখ্যা দাঁড়াবে ৮ কোটি ৭ লক্ষ। এটা পরিসংখ্যানগত বিশারদ যারা আছেন তারা বলছেন, এটা খুবই ভয়ঙ্কর পরিস্থিতি হবে। আমরা অষ্টম পরিকল্পনাকে প্রায় শেষ করে নবম পরিকল্পনার দিকে এগুচ্ছি, এখনি অষ্টম পরিকল্পনার শেষে যদি জনসংখ্যা নিয়ন্ত্রণের কার্যকরী ব্যবস্থা না করা হয় তাহলে যেটা দরকার সেটা হচ্ছে, শিক্ষার বিস্তার, সমাজ সচেতনতা, মানুষের মধ্যে গণ শিক্ষার সম্প্রসারন। আমরা দেখছি ৩ জন কর্মক্ষম মানুষের মধ্যে ২ জনের কাজ নেই, লটারির টিকিট পাওয়া যেতে পারে, কিন্তু চাকরি পাওয়া যাবে না। সেইজন্য দরকার হচ্ছে, মানুষকে যাতে স্বনিযুক্তি প্রকল্পে আরও বেশি করে নিয়োজিত করা যায়, সেই দিকে লক্ষ্য রাখা। আমাদের ব্যাঙ্কিং ব্যবস্থায় তাদের আনুকূল্য যাতে পাওয়া যায় সেটাও দরকার। এর জন্য আমাদের যারা বিধায়ক আছেন তাদেরও কিছু ভূমিকা এখানে আছে। আমরা চাই রাজ্য সরকার কিছু ব্যবস্থা গ্রহণ করুক। এই ব্যাপারে বিধায়কদেরও বিবেচনা করা উচিত জনসংখ্যা নিয়ন্ত্রণের জন্য। ওরা তো অকালকুষ্মাণ্ড ওরা চলে গেলেন, আজকে পশ্চিমবাংলার মানুষের দুর্ভাগ্য দুর্বৃত্তায়ন হচ্ছে, তার প্রতিফলন দেখছি বিধানসভায়। আমরা চাই রাজ্য সরকার কিছু স্বদর্থক ব্যবস্থা গ্রহণ করুক। আমার যেটা আবেদন সেটা হচ্ছে, অতীতে এর আগে এই বিষয়ে অনেক সেমিনার আমাদের বিধানসভায় হয়েছে, আমার নির্দিষ্ট প্রস্তাব এই বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষ্যে আমাদের বিধানসভারও কিছু দায়িত্ব আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আছেন, আপনি উপাধ্যক্ষ মহাশয়, আপনারও কিছু ভূমিকা আছে, আপনার শুভবুদ্ধির কাছে আবেদন জানাই, আমরা যতই পরিকল্পনা গ্রহণ করি না কেন, সব পরিকল্পাই ব্যর্থ হবে যদি জনবিস্ফোরণ কন্ট্রোল না করতে পারেন। আমাদের কাছে এটা ভাল লাগবে না, যদি আমরা পশ্চিমবাংলাকে ভালবাসি তাহলে তার জন্য অন্তত কিছু উদ্যোগ গ্রহণ করুন।

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, মেদিনীপুর জেলার তমলুক মহকুমায় যে ময়না কলেজটি ৭২ সাল থেকে চলছে, সেই কলেজে একটি মাত্র বিষয়ে অনার্স আছে, তা হল বাংলায়। কিন্তু এতদিন পরেও দ্বিতীয় কোনও বিষয়ে অনার্স সেখানে খোলেনি, এই শিক্ষাবর্ষে যাতে ইতিহাস ও ইংরাজিতে অনার্স খোলা হয় তার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমাদের জেলার একটি ভয়ঙ্কর সমস্যার প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কংগ্রেসের সমাজবিরোধীরা মুর্শিদাবাদ জেলায় যেভাবে দাপিয়ে বেড়াচ্ছে তাতে জনজীবন বিপর্যস্ত হয়ে

যেতে বসেছে। তারা বিধায়কদের আক্রমণ করার চেষ্টা করছে বিধানসভার ভেতরে এবং বাইরে। যে অবস্থা তারা আজকে তৈরি করেছে তাতে সাধারণ মানুষ আতঙ্কিত। নির্বাচনের পরে তারা এক এক করে নয়জন মানুষকে খুন করেছে। একজন নির্বাচিত প্রতিনিধি, তিনি প্রকাশ্য জনসভায় ঘোষণা করছে, যদি কাজ না হয় তাহলে প্রধানদের ঘর জ্বালিয়ে দাও। এর দায়ভার কিন্তু কংগ্রেসকেই নিতে হবে। স্বরাষ্ট্রমন্ত্রীকে বলছি, অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হোক এবং নির্বাচনী বিধিনিষেধ কি আছে সেটা ঘোষণা করা হোক এবং তাকে বুঝিয়ে দেওয়া হোক।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে কয়েকদিন যাবত বিশেষ করে গতকাল থেকে আমরা লক্ষ্য করছি, পার্লামেন্টারি পদ্ধতি লঙ্ঘন করা হচ্ছে। মুর্শিদাবাদ এবং নদীয়া জেলায় একটা প্রচণ্ড খারাপ অবস্থার সৃষ্টি করা হয়েছে, খুন করার হুমকি দেওয়া হচ্ছে, ঘরবাড়ি জ্বালিয়ে দেওয়ার হুমকি দেওয়া হচ্ছে পঞ্চায়েত প্রধানদের একজন নির্বাচিত সদস্য, যাকে এখনো এই বিধানসভায় দেখা যায়নি, তিনি এইসব করছেন। সবচেয়ে বড় কথা এবং আমাদের দুর্ভাগ্য বিরোধী পক্ষের নেতারা যেভাবে আজকে উস্কানি দিচ্ছে, ভেতরে এবং বাইরে সেটা গণতন্ত্রের পক্ষে ভয়ঙ্কর বিপদের কারণ। সবচেয়ে বড় কথা হচ্ছে আপনার যে চেয়ার, ইমপার্সিয়ালিটি অফ দি চেয়ার, সেটা আজকে তারা নষ্ট করার চেষ্টা করছে। গতকাল দেখা গেল মাননীয় সদস্য সুনীতি চট্টরাজ মহাশয় অত্যন্ত অশালীন, অসভ্য একটা পোশাক পরে বিধানসভার ভেতরে ঢুকলেন। পরেশ পালের মত একজন সদস্য, বোমা ছোঁড়বার মত হুমকি দিয়ে কাগজের দলা পাকিয়ে ছুঁড়ে মারল। ওদের একজন সদস্য অশোক দেব মহাশয়, আমাদের দলের একজন প্রবীণ সদস্যকে বললেন, গ্রাম থেকে এসেছ, বেশি ট্যা ফু করো না, এটা কলকাতা, দেখে নেব। সব দিক থেকেই এই রকম একটা করার চেষ্টা হচ্ছে। আমরা চাই পার্লামেন্টারি ডেমোক্রেসী রক্ষা হোক। আমাদের মধ্যে যাই মতবাদ থাক না কেন, আজকে আপনাকে প্রভাবিত করার চেষ্টা করছে, বোথ টু দি চেয়ার অ্যাস ওয়েল অ্যাস টু দি কাউন্সিল অফ মিনিস্টারস। অনারেবল মিনিস্টার সম্পর্কে যে ধরনের উক্তি করছেন সত্য বাপুলি মহাশয়, উনি আমার থেকে পুরোনো নন, তিনি সম্বর্ধনা পেতে পারেন, আমিও সম্বর্ধনা পেয়েছি। কিন্তু উনি যে ধরনের অভদ্র আচরণ করলেন সেটা দৃষ্টিকটু, এটা আপনার নজরে আনছি। আমাদেরও একটা ধৈর্য্যের লিমিট আছে, আমরা চাই এই হাউসটা ঠিক চলুক, এই হাউসটা ঠিকভাবে পরিচালিত হোক।

(All this stage the House was adjourned till 3-00 P.M.)

**(After adjournment)**

[3-00 — 3-10 P.M.]

## DISCUSSION ON DEMAND NOS. 18 AND 19

**Mr. Speaker :** There are five cut motions to Demand No. 18 and five cut motions to Demand No. 19. All the cut motions are in order.

**Demand No. 18**

**Shri Deba Prasad Sarkar** : Sir, I beg to move that the
**Shri Sultan Ahmed** : amount of the demand be
**Shri Nirmal Ghosh** : reduced by Rs. 100/-

**Demand No. 19**

**Shri Deba Prasad Sarkar** :
**Shri Anay Gopal Sinha** : Sir, I beg to move that the
**Shri Sultan Ahmed** : amount of the Demand be
**Shri Saugata Ray** : reduced by Rs. 100/-
**Shri Gyan Singh Sohanpal** :

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মুখ্যমন্ত্রী মহাশয় স্বরাষ্ট্র সাধারণ বিভাগের যে বাজেট বক্তব্য রেখেছেন, আমি তার বিরোধিতা করছি এবং এর বিপক্ষে আমাদের যে কাটমোশন দেওয়া হয়েছে, তাকে আমি সমর্থন করছি। ভাবতেই অবাক লাগে যে প্রশাসন যেটা সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ বিভাগ, তাঁর বক্তব্যের মধ্য দিয়ে সেটাই সবচেয়ে বেশি অবহেলিত হয়েছে। এই বিভাগের গুরুত্ব উনি আমার চেয়েও বেশি বোঝেন। কারণ মুখ্যমন্ত্রী মহাশয়ের এই মাধ্যমে দীর্ঘ সময় ধরে যুক্ত থাকার সুযোগ হয়েছে। উনি যখন প্রথম মুখ্যমন্ত্রী হলেন, তখন উনি অনেক কথার মধ্যে ভালো কথাও বলেছিলেন, যেটা আমাদেরও যথেষ্ট উৎসাহ সৃষ্টি করেছিল। আমরাও যখন মন্ত্রী ছিলাম, তখন আমরা যে কাজ পারিনি, উনি ঠিক সেই জায়গা করবেন বলে প্রতিশ্রুতি দিয়ে রাইটার্স বিল্ডিং এ ঢুকেছিলেন। ওঁনার হয়ত এখনও মনে আছে উনি বলেছিলেন যে, 'আমি যদি কিছু নাও পারি, তাহলেও আমি পশ্চিমবঙ্গের মানুষকে একটা স্বচ্ছ, সৎ প্রশাসন উপহার দেব।' কিন্তু আজকে প্রায় ২০ বছর হতে চলল, বাংলার মানুষ জানেন, উনি নিজে পেরেছেন কিনা বলবেন। আমরা বারেবারে একটা কথাই বলেছি, এমন কি আপনাদেরই নিজের লোক ডঃ অশোক মিত্র কমিশন যে সমস্ত সুপারিশ করেছিলেন, সেটাকে প্রশাসন মানলেন না, ফলে আপনারা এই প্রশাসনকে গতিশীল, সুন্দর, স্বচ্ছ সৎ হিসাবে উপহার দিতে পারলেন না। এটা একজন কমিউনিস্টের সম্পত্তি হতে পারত না। এটা আপনার দিক থেকে একটা বড় জিনিস হতে পারত, আপনার উদ্যোগকে সাধুবাদ জানাত সারা বাংলার মানুষ বিশেষ করে এই সময় যখন অন্যান্য রাজ্যের মুখ্যমন্ত্রীর চেয়ে আপনাকে দক্ষ মুখ্যমন্ত্রী বলা হয়। কিন্তু দক্ষতার সবচেয়ে বড় প্রমাণ হত তখন, যদি আপনি আপনার স্বরাষ্ট্র দপ্তরকে সুন্দর করে, দক্ষ বলে প্রতিষ্ঠিত করতে পারতেন। সরকারের এই প্রশাসন বিভাগ, সমস্ত বিভাগকে নিয়ন্ত্রণ করে। সমস্ত বিভাগ কতটা গতিশীল হবে, কত পরিষ্কার হবে, কতটা উন্নয়ন মূলক হবে, কতটা কাজ করতে পারবে, কত মানুষের মুখপত্র হবে, তার অনেকটাই নির্ভর করে সাধারণ প্রশাসনের উপর। সব বিভাগের মাথার উপর এই সৎ প্রশাসন—তার দক্ষতা, তার নিয়মানুবর্তিতা সব কিছু নির্ভর করছে। আপনার

ক্ষেত্রে যেটা অভিযোগ সেটা হল এই যে—আপনি এই ব্যাপারটায় প্রচণ্ড উদাসীন। আপনার উদাসিনতা ভয়ঙ্কর ভাবে লক্ষ্য করেছি এবং বার বার একথা বলা সত্ত্বেও আপনার উদাসিনতা কাটেনি। এটাই আমাদের কাছে খুব অসহ্য লাগে। সরকারের এই দক্ষতা সামগ্রিক ভাবে কিসের উপর নির্ভর করে সে সম্বন্ধে জওহরলাল নেহেরু বলেছেন—জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন ইজ দি কি টু দি এ্যফিসিয়েনসি অফ দি গভর্নমেন্ট। সমস্ত গভর্নমেন্টের এফিসিয়েনসি নির্ভর করে এই গভর্নমেন্টের অ্যাডমিনিস্ট্রেশনের উপর। বামফ্রন্ট সরকার প্রশাসনের উৎকর্ষতা এবং নিরপেক্ষতার বিষয়ে প্রায় ২০ বছর নজর দেননি। অর্থাৎ আপনি নিজে একেবারে সম্পূর্ণ ভাবে উদাসীন থাকলেন। একজন প্রখ্যাত স্কলার, এল. ডি. হোয়াইট পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন সম্বন্ধে বলেছিলেন মোটিভেটেড ক্যালাসনেস। ক্যালাসনেস নিন্দনীয়, কিন্তু মোটিভেটেড ক্যালাসনেস একটা ভয়ঙ্কর অসুখ, দুরারোগ্য ব্যাধির মতো। এই ব্যাধিকে ২০ বছর ধরে প্রশাসন, আপনার নেতৃত্বে বয়ে নিয়ে চলেছে। আপনি যদি ১৯-২০ বছর ধরে না থাকতেন, তাহলে এমন করে সরাসরি আপনাকে দায়ী করার অধিকার থাকত না। আরও দেখেছি—আমি প্রথম থেকে শুরু করি—১৯-২০ বছর ধরে খোদ রাইটার্স বিল্ডিং-এ আপনার অফিসারদের হাজিরার নিয়মের মধ্যে আনতে পারলেন না। নিয়মের মধ্যে না আনার ব্যাপারটাই সবচেয়ে ব্যর্থতা। প্রখ্যাত শিক্ষাবিদ, অম্লান দত্ত তাঁর বক্তব্যের এক জায়গায় বলেছেন—"যে মানুষ কিছু সাধন করতে চায় সে জানে যে, নিয়ম ছাড়া কিছুই সাধন করা যায় না। আমরাও যেদিন মনে-প্রাণে গণতন্ত্রকে রক্ষা করতে চাইব, আমাদের নেতা ও অধিনেতারা, আচার্য ও উপাচার্যেরা যেদিন কতিপয় লোকের হাততালি কুড়োতে কুড়োতে দেশকে রসাতলে নামাতে ব্যস্ত হবেন না, সেদিন একথা সকলের কাছেই স্পষ্ট হবে যে, নিয়মের রাজত্ব ছাড়া গণতন্ত্র রক্ষা পায় না। যেহেতু এদেশে কোন সর্বাধিনায়ক অথবা দলেরই নিরঙ্কুশ স্বেচ্ছাচারিতা অধিকাংশের কাছে গ্রহণযোগ্য হবে না, অতএব এখানে নেতা বিশেষের উর্ধ্বে স্থান দেওয়া আবশ্যক নিয়মতন্ত্রকে অনিয়মের রাজত্ব ডেকে আনলে দেশের হবে তাতে সর্বনাশ। অরাজকতার পথ আমাদের মুক্তির পথ হতে পারে না। এই নিয়ম আপনারা চালু করতে পারলেন না। তার ফলে সঙ্কীর্ণ রাজনৈতিক দোষে দুষ্ট সরকার। বহুবার বলেছি— আপনি যত বেশি রাজনৈতিক নিয়ন্ত্রণ প্রশাসনের উপর আনতে চাইবেন ততই প্রশাসনের নিয়ন্ত্রণ শিথিল হবে। আপনি লালবাজারে রাজনীতিকে ঢুকিয়ে দিয়েছেন। খোদ পুলিশ কমিশনারকে পার্টির লোক করেছেন। তিনি রিটায়ার করার পর আপনার দলে যোগ দিলে আমার কোন আপত্তি নেই। তিনি এন. টি. আর. টি. আর. হন, তাতেও আপত্তি নেই। কিন্তু তিনি ঐ পদে থেকে রাজনীতির কথা বলেন। আমি মনে করি, আপনি শুধু সঙ্কীর্ণ স্বার্থে নিয়মকে ভেঙে চুরমার করে দিয়েছেন। আপনার স্বার্থটা কি? আপনার স্বার্থটা হচ্ছে ৫ বছরের ভোটে উত্তীর্ণ হওয়া। তারপর যা ইচ্ছা কর, যা ইচ্ছা করতে পারো। গণতান্ত্রিক অধিকারের কথা যেটা বলি সেটা লাইসেন্সে পরিণত হয়েছে। এমন লাইসেন্স হয়ে গেছে যে ২দিন আগে পুলিশের একজন সার্জেন্ট মদ্যপ অবস্থায় কি কুকীর্তি করেছে সেটা সকলে জানি। হয়ত তার সাজা হবে। কিন্তু আমরা অনবরত এরকম সংবাদ পাচ্ছি। এই জিনিস চলছে। তার মানে প্রশাসনের নিয়ন্ত্রণ কতটা শিথিল হয়ে গেছে। যদি আপনার কন্ট্রোল থাকত তাহলে এই জিনিস হত না। যদি বুঝতাম মুখ্যমন্ত্রী একশোটা চোখে দেখছেন, তাহলে এই জিনিস হত না।

[3-10 - 3-20 P.M.]

আমি একটা জার্নাল পড়ছিলাম, এম. ওয়াই. এস. মূর্তি—ন্যাশানাল হিউম্যান রাইটস্ কমিশন আপনাকে একটি চিঠি দিয়েছে সম্প্রতি ১৯শে মার্চ, ৯৬, সেখানে আপনাকে আসামীর কাঠগড়ায় দাঁড় করিয়ে বলেছে, কতগুলো খুন এর ভিতরে হয়েছে আমাদের জানান। আপনি উত্তর দিয়েছেন, মাত্র ১৫টি খুন হয়েছে লক আপের মধ্যে। যদিও আসলে হয়েছে তার থেকে অনেক বেশি। চিঠির নাম্বার—ডি. ডি. নং ১৩৫-সি. এম., কলকাতা, আগস্ট ২।২।৯৫। আমি মূলত বলতে চাই, এই সম্পত্তিটা আপনার নয়, কংগ্রেসেরও নয়—জনগণের। সাধারণ প্রশাসনের সমস্ত নিয়ম কানুন ফিরিয়ে আনুন। হাজিরার কথায় বলছি—রাইটার্স বিল্ডিংসে ওয়ার্ক কালচার করো, ওয়ার্ক কালচার করো বললেই হবে না, কতগুলো সিস্টেম ইন্ট্রোডিউস করতে হবে, তার মধ্যে দিয়ে নিয়ম কানুন ফিরিয়ে আনতে পারবেন। আপনার ওখানে কি হয়? খাতা রেখে দিয়েছেন, সাড়ে দশটার মধ্যে এলে খাতা পাবে, সই করতে পারবে। কিন্তু দেখা যায় অনেকে ১১টা, সাড়ে ১১ টায় এসেও সই করছে, কিন্তু কারও বলার হিম্মত নেই—দেরিতে এসেছ, সই করতে পারবে না। দেখুন, সম্প্রতি উড়িষ্যা সরকার কি করেছেন—সাড়ে দশটা হলেই গেট বন্ধ করে দিচ্ছে, আবার আধ ঘন্টা, এক ঘন্টা পরে গেট খুলে দিচ্ছে। তার মধ্যেই খাতা ডেঃ সেক্রেটারী, সেক্রেটারী র‍্যাঙ্কে চলে যাচ্ছে। কোন ইউনিয়ন জোর-জবরদস্তি করে সই করতে পারছে না। আবার এটাও দেখতে হবে, পথে কোনও বিপদ হয়েছে, অসুবিধা হয়েছে, রেলে লেট হয়েছে, এর ফলে আসতে দেরি হয়েছে কিনা। কিন্তু মোটামুটি ভাবে তারা নিয়মের মধ্যে এনেছে। কিন্তু ১৯ বছর পরেও আপনারা এটা করতে পারেন নি, অ্যাটেণ্ডেন্সটা একটা হাস্যকর জায়গায় পড়ে আছে। এটা আপনি ঠিক করতে পারবেন কি না, দেখবেন। কি পরিস্থিতির মধ্যে সাধারণ কর্মচারিরা কাজ করে, সেটাও দেখতে হবে। এমন জায়গায় কেউ কেউ কাজ করে, যেখানে ১০ বছর কাজ করলে টি. বি. হয়ে যেতে পারে। বসার জায়গা নেই, টুলে বসে কাজ করছে হেড অফ্ দি ডিপার্টমেন্ট। কোনও জায়গায় যথেষ্ট আলো নেই, কম আলোর মধ্যে কাজ করতে হয়। এমন অবস্থা যে, দু ঘন্টা আগে না বেরোলে স্টেশনে পৌঁছতে পারবে না—হেঁটে না গেলে শিয়ালদায় পৌঁছতে অনেক সময় লাগবে। সেজন্য এক ঘন্টা, আধ ঘন্টার মধ্যে যাতে পৌঁছতে পারে, সেটা দেখতে হবে। ১৯ বছরে এই ছোট একটা জিনিসও করতে পারেন নি, হলদিয়া পারেন নি, বক্রেশ্বর পারবেন না, ৮০০ কিলোমিটার রাস্তা করতে পারবেন না—এসব ছেড়েই দিলাম। ১৯ বছরে ঐ একটা জায়গায় কালচার ফিরিয়ে আনা গেল না। আমি মনে করি খুব আধুনিক দৃষ্টিভঙ্গি নিয়ে আপনি এটা দেখবেন এবং যাতে হাজিরা সুনিশ্চিত করতে পারা যায় তার ব্যবস্থা করবেন। আমি আগেও বহুবার বলেছি, বিধানচন্দ্র রায়ের সময়ে একটা ডাইরী সিস্টেম এখানে চালু ছিল। এখন আর ডাইরী ছাপেনা। ইভ্যালুএশন হয়না। ডাইরী সিস্টেম প্রবর্তণ করার কথা যখন বলেছিলাম, উনি একবার বলেছিলেন, আমার যতদুর মনে পড়ছে, কর্মচারিদের কাজের মূল্যায়ণ করার জন্য—এই ডাইরী সিস্টেমে কি ছিল না ছিল একবার দেখবেন এবং ইন্ট্রোডিউস করার জন্য একবার ভাববেন। কিন্তু আজও পর্যন্ত যতদুর জানি এই ডাইরী সিস্টেম চালু করা হয়নি। এটা একটা ভয়ঙ্কর সিস্টেম ডাঃ রায় চালু করেছিলেন। ডিলিং অ্যাসিসটেন্ট থেকে ডেপুটী সেক্রেটারী পর্যন্ত সবাইকে এই ডাইরী মেন্টেন করতে হত। ডিলিং

অ্যাসিস্টেন্ট আপার ডিভিশন ক্লার্ক, হেড অ্যাসিসট্যান্ট সেকশন অফিসার, অ্যাসিসটান্ট সেক্রেটারী তাঁরা এই ডাইরী প্রতি সপ্তাহে চেক করতেন এবং করার ফলে সুবিধা কি হত? একটা ফাইলের পজিশন জিজ্ঞাসা করার দরকার হলে ঐ ডাইরী দেখে এক মিনিটে বলে দেওয়া যেত। আবার ডেপুটী সেক্রেটারী, এসটাবলিসম্যান্ট ডাইরেক্টর কোন কাজের দায়িত্ব দিলে তাদের দপ্তরের কাজের সুবিধা হত, ফাইল-পত্র তাড়াতাড়ি বেরিয়ে যেত। একটা লোক কতটা কাজ করেছে তার পরিমাপ করা যেত। দেশের লোককে সার্ভিস দেবার যে কথা বলেছেন তাতে এই সিস্টেমটা কাজে লাগত। সেই ডাইরী সিস্টেমকে তুলে দিলেন। আমি বলছি, এই ডাইরী সিস্টেম একেবারে সেক্রেটারীয়েট লেভেলে আবার চালু করা যায় কিনা ভাববেন—চিন্তা করে দেখবেন। আমার মনে হয়, এই ইভ্যালুয়েশনের কথা অশোক মিত্র মহাশয় তাঁর কমিশনে সুপারিশ করে গিয়েছিলেন। এই সিস্টেম চালু করতে গেলে একটা ডাইরী ছাপানো এবং ছাপিয়ে বর্তমান সরকারের কর্মচারিদের মূল্যায়নের ব্যবস্থা বিবেচনা করুন। কারণ আমি এটা মনে করি আপনারা সমস্ত জিনিসটা কনসেনট্রেট করে ফেললেন বেতন বৃদ্ধির ব্যাপারে। ভোটের জন্য সেটা করছেন, করুন। আপনারা বলছেন ডি. এ. দেবেন। তারপর নাজেহাল হয়ে যাচ্ছেন। কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্ট ঠিকই ডি. এ. দিয়ে যাচ্ছেন। এখন এই যে মূল্যবৃদ্ধি হয়ে গেল সঙ্গে সঙ্গে আমরা ডি. এ. চাইব, দিতে পারবেন না। অর্থনীতিতে মিনিমাম যারা এক্সপার্ট আছেন তাঁরা বলছেন, এর ফলে পার হেড ৩০০ থেকে ৪০০ টাকা খরচ বেড়ে যাবে। আপনারা একটা কমিশন করেছেন তার রিপোর্ট কবে ইমপ্লিমেন্ট হবে তা ঈশ্বরই জানেন। আমি প্রত্যেকটা কমিশনের পোষ্টমর্টেম করে দেখেছি, এতে কোন একটা বিরাট কিছু তাৎক্ষণিক লাভ হয়নি। পে-কমিশন বলেছিল, এটা আমাদের ভয়ঙ্কর ভাবে ক্ষতিগ্রস্ত করে। স্যার, আমি এই বিধানসভায় দাঁড়িয়ে ১৯৯৩ সালের ৭-ই জুলাই হোম(পার) বাজেট বক্তৃতায় একটা প্রস্তাব দিয়েছিলাম প্রিন্সিপ্যাল সেক্রেটারীর ব্যাপার নিয়ে। আমার প্রস্তাব ছিল প্রিন্সিপ্যাল সেক্রেটারী করার ব্যাপারে। উনি হয়তো অন্য কোথাও থেকে এটা গ্রহণ করে থাকবেন। কিন্তু এটা করার পরে আমি দেখতে পাচ্ছি কাজের কাজ কিছু হয়নি। এবং সম্পূর্ণ ভাবেই পদ সৃষ্টির জন্য বদ সৃষ্টি করা হয়েছে। প্রিন্সিপ্যাল সেক্রেটারী করার কথা বলা হয়েছিল কো-অরডিনেট করার জন্য। যাতে চিফ সেক্রেটারীর কাজ হালকা হয়। আপনি এটা রিফর্ম করতে পারতেন, সেই সুযোগ আপনি পেয়েছিলেন। এই প্রিন্সিপ্যাল সেক্রেটারীর কাজ যদি সায়েন্টিফিক আকারে করতে পারতেন তাহলে এডুকেশন ডিপার্টমেন্টের দায়িত্ব ৫/৬-টা মন্ত্রীর উপর দিতে হত না। যদি সেক্রেটারীর উপরে প্রিন্সিপ্যাল সেক্রেটারীর কো-অর্ডিনেশনের জন্য থাকত তাহলে আপনার তহবিল থেকে কম টাকা যেত।

[3-20 – 3-30 P.M.]

কারিগরী শিক্ষা সমেত ৫টা, শিল্প সংক্রান্ত ৩টে দপ্তর আছে, সেখানে ৩টে প্রিন্সিপ্যাল সেক্রেটারী করেছেন। আবার ইণ্ডাস্ট্রিয়াল ছাড়া একাধিক জায়গায় এ রকম ভাবে প্রিন্সিপ্যাল সেক্রেটারী করে রেখেছেন, যাঁদের কোনও কাজ নেই। প্রিন্সিপ্যাল সেক্রেটারী শুধুমাত্র পদ সৃষ্টি করার জন্যই করা। আমি বলছি এতে কংগ্রেসের কোনও লাভ-লোকসান হবে না, আপনাদেরও কোনও লাভ-লোকসান হবে না। এতে প্রশাসনের কাজ সচল হবে, গতিশীল হবে। কাজ না থাকলে লোকে কুকাজ করে। ফাইলপত্র নেই, কাগজপত্র নেই এমন কি চীফ

সেক্রেটারীর কাজও কমাতে পারেন নি। প্রত্যেক দপ্তরের রিসিভিং এবং রেফারেন্স সেকশনে যে সমস্ত চিঠি মেন যেগুলি সেগুলি এখানে রিসিভ করা হতো। আগে এ কাজ করার জন্য একজন দক্ষ এইচ. আর. সি. মানে হেড রেফারেন্স ক্লার্ক থাকতো। আপনি এই পদটা তুলে দিয়েছেন। কোনও চিঠিপত্র ঠিকমতো বিলি হচেছ না। কোন চিঠি পাওয়া যায় না। সেখানে সর্টিং করার মতো দক্ষ লোক এখন নেই। আমি মনে করি সেখানে একজন দক্ষ ব্যক্তির দরকার। আগে যে এইচ. আর. সি. পোষ্টটা ছিল সেটা আবার ক্রিয়েট করুন, তাতে এই ভ্যাকুয়ামটা পূর্ণ হবে। এর ফলে উপযুক্ত জায়গায় দ্রুত চিঠি-পত্র পৌছতে পারবে। প্রশাসনে এই দিকটায় ডিসিপ্লিন, দরকার, আরও গতিশীল হওয়া দরকার। শুধুমাত্র কাগজে কলমে ওয়ান উইনডো করে দিয়েছেন, কোন ইমপ্লিমেন্ট হচ্ছে না। আমি এই জন্য বলছি যে, কাজ গতিশীল হলে আপনাদের ক্রেডিবিলিটি বাড়বে এবং প্রশাসনের ক্রেডিবিলিটি যত বাড়বে দেখবেন এন. আর. আই. সিঙ্গাপুর, হুগলি, হাওড়া, ইত্যাদি জায়গা যেতে হবে না, তারাই আপনাদের দিকে আকর্ষিত হয়ে ছুটে আসবে। আজকে পয়সা চুরি করুন, কিন্তু একটা দক্ষ গতিশীল প্রশাসন তৈরী করুন, দ্যাট ইজ দা সাইন্টিফিক্ অ্যাপ্রোচ। অনেক দিন পরে ক্ষমতায় এসেছেন, ১০ পারসেন্ট চুরি হলে মানুষ ক্ষমা করে দেবে। এই ক্রেডিবিলিটির জন্য আকর্ষিত হয়ে বিনিয়োগকারী থেকে শুরু করে অন্যান্য দেশের মানুষের কাছে আমাদের দেশের সম্মান বাড়বে। আমি মনে করি এটা খুব দরকার। আপনি বলেন এই রাজ্যের হাতে ক্ষমতা নেই। এখন বন্ধু সরকার এসেছে, আপনাদের হাতে ক্ষমতা ফিরিয়ে আনতে পারেন কি না দেখুন। যেভাবে রাজ্যের হাতে ক্ষমতা দিয়ে রাখা হয়েছে তাতে আমার মনে হয় পুলিশের কাছ থেকে স্যালুট নেওয়া, এই একটা ক্ষমতাই রয়েছে। রাজ্যের এই অবস্থার জন্য প্রেস অ্যাক্রিডিটেশান কার্ড নিতে হলেও কেন্দ্রের সম্মতির প্রয়োজন। আমি মনে করি ফেডারেল স্ট্রাকচারে এটা হওয়া উচিত নয়। দিল্লীতে এখন নতুন সরকার এসেছে, দেবগৌড়ার সরকার, আপনাদের সরকার, আপনাদের দয়ায় সরকার টিকে আছে, এখনই আপনাদের সুবর্ণ সুযোগ কিছু চাওয়ার। দেবগৌড়ার কাছে আর কিছু না চান, শুধু একটা জিনিসই চান যে রাজ্যের হাতে প্রকৃত পক্ষে ন্যূনতম ক্ষমতা দেওয়ার দরকার। বাঁশবেড়িয়া মিউনিসিপ্যালিটি করে রেখে দিয়েছেন। কমিশন, অমিশন অনেক হলো এবার আপনারা রেজাল্ট ওরিয়েন্টেড কিছু করে দেখান। আপনাদের বন্ধু সরকারের কাছ থেকে কিছু আদায় করে নিয়ে আসুন। আপনি আপনার বাজেট বিবৃতিতে একটা খুব ভাল কথা বলেছেন। ঠিক কথা; আপনি নজর দিয়েছেন, আমি খুব খুশি। আপনি বলেছেন, আপনারা সরকারি কর্মচারিদের ট্রেনিং-এর ব্যবস্থা করেছেন সল্ট লেকে। আমি মনে করি ট্রেনিং-এর খুবই প্রয়োজন আছে—মোটিভেট করার দরকার আছে। কিন্তু এর দায়িত্ব কাদের ওপর থাকবে? এখানে আমি আপনাকে একটা পরামর্শ দিচ্ছি। আমি আপনার চেয়ে ছোট, কিন্তু পরামর্শ দিচ্ছি এই কারণে অ্যাডমিনিস্ট্রেশনকে আমি অনেক দিন ধরেই দেখছি—কখনো কাছ থেকে, কখনো দূর থেকে আমার দেখার সুযোগ হয়েছে। আমার মনে হয় খুবই উচ্চ পদের পণ্ডিত এবং দক্ষ ব্যক্তিদেরই ট্রেনিং দেয়ার কাজে নিয়োগ করা দরকার। 'লাল বাহাদুর শাস্ত্রী ন্যাশনাল অ্যাকাডেমি অব অ্যাডমিনিস্ট্রেশন'-এ ডাইরেক্টর পদে আই. এ. এস. ক্যাডারের অন্যতম শ্রেষ্ঠ সিনিয়র অফিসারকেই নিয়োগ করা হয়। যার ফলে ওটা খুবই প্রোডাকটিভ এবং এফেকটিভ হয়েছে, ন্যাশনাল ইন্সটিটিউশনে পর্যবশিত হয়েছে। যার জন্য তারা অনেক ভাল ভাল মানুষকে আমাদের উপহার দিতে পারছে। কিন্তু এখানে ঠিক তার

উল্টোটা করছেন—যে সমস্ত অফিসারদের অদক্ষতা, অক্ষমতা প্রমাণিত, যাঁদের কোনও জায়গায় রাখতে পারছেন না, তাঁদের ঐ জায়গায় পাঠিয়ে দিচ্ছেন। আমি নাম করে বলছি, এঁরা কেউ নবীন প্রাক্তণ নন যে নাম বলা যাবে না—সুজিত ব্যানার্জি, মৈনাক ঘোষ, পার্থ চৌধুরী কোনও দিন দক্ষ অফিসার হিসাবে সুনাম অর্জন করেন নি—এটা আমি জেনেছি। এঁদের আপনি ট্রেনার হিসাবে দায়িত্ব দিয়ে পাঠিয়েছেন। আবার প্রদীপ ভট্টাচার্যের মতো দক্ষ পরিশ্রমী অফিসার—তাঁর একটা মস্ত অসুবিধা, তিনি মন্ত্রীদের সঙ্গে সংঘাত, কনফ্রনটেশন করে ফেলেন, তাঁকে কেউ নেবেনা, তাই তাঁকে ওখানে পাঠিয়ে দিতে চেয়েছেন। আমি চাইছি ঠিক যে ধরণের ইন্সটিটিউশন হিসাবে গড়ে উঠেছে ন্যাশনাল ইন্সটিটিউট, আপনি সল্ট লেকের ট্রেনিং সেন্টারটিকেও ঠিক সে ধরণের ইন্সটিটিউশন হিসাবে গড়ে তুলুন। ঐ একই ধরণের মানুষ দিয়ে এটা তৈরি করুন। অনেক সময় সংকীর্ণ রাজনৈতিক কারণে যে ভুল করে থাকেন তা অন্তত এ ক্ষেত্রে করবেন না। আপনারা ফিল্ম ইণ্ডাস্ট্রির জন্য একটা ভাল জিনিস করেছেন—অনেক নতুন মেশিন-পত্র নিয়ে এসেছেন। কিন্তু ওখানে ভাল টেকনিক্যাল লোক বসাচ্ছেন না, আপনাদের পার্টির লোক বসিয়ে রাখছেন। ফলে কেউ ওখানে যাচ্ছে না। যাদের আপনারা উপঢৌকন দেন তারা যাচ্ছে. বাকিরা ভুবনেশ্বরে, মাদ্রাজে চলে যাচ্ছে। ওখানেও আমি আপনাকে উপযুক্ত লোক আনার জন্য প্রস্তাব দিচ্ছি। এরপর আমি আপনাকে বলব যে, আপনি ভিজিলেন্স কমিশনকে অকেজো করে রেখেছেন। আপনার পছন্দ মত রিপোর্ট হলে আপনি ভিজিসেন্স কমিশনের রিপোর্ট গ্রহণ করেন। আর তা যদি না হয় তাহলে গ্রহণ করেন না। আমি আপনাকে অনুরোধ করব ওদের একটু কোয়াসী জুডিসিয়ারী পাওয়ার দিন। অনেক স্টেটেই এটা আছে। ওরা শুধু সুপারিশই করবে না, ওরা যদি দেখে যথেষ্ট কাগজ-পত্র আছে, তাহলে ব্যবস্থা গ্রহণ করতেও পারবে, এই ক্ষমতাটুকু ওদের দিন। তা নাহলে এটা এফেক্টিভ হচ্ছে না—বিষয়গুলি আবার ক্যাবিনেটে যাচ্ছে এবং বেশিরভাগই ছেড়ে দিচ্ছেন। অনেক সময়ই দেখা যাচ্ছে এর ওপর একজন পুলিশ অফিসার বসছে। আমাদের দাবি পুলিশ অফিসার নয়, সে নিজেই তো কোরাপটেড—মোষ্ট অফ্ দি পুলিশ অফিসারই কোরাপটেড্। সুতরাং জুডিসিয়ারী থেকে একজনকে নিয়ে এসে তাঁকে হেড করে একটা কোয়াসী জুডিসিয়ারী প্রতিষ্ঠান হিসাবে ভিজিলেন্স কমিশনকে তৈরি করা হোক। তবেই এটা এফেক্টিভ হবে।

[3-30 – 3-40 P.M.]

আমি মনে করি অনেকেই আছে। ডিস্ট্রিক্ট জাজকে পর্যন্ত নিয়ে আসা যায়। এরপর প্রমোশনের ক্ষেত্রে বলি। এই সরকার ১৯ বছর ধরে ক্ষমতায় আছে। কিন্তু কিছুতেই মেরিট এবং সিনিয়রিটি দুটো একসঙ্গে ট্যাগ করে প্রমোশন দিচ্ছেন না। মেরিট জাজ করতে হবে, মেরিট খুবই এসেনসিয়াল। কিন্তু মেরিট না দেখে সিনিওরিটির ভিত্তিতে প্রমোশন দিয়ে দিচেছন গাদাগাদা। তাই আমি বলছি, মেরিট কাম সিনিওরিটি-এর বেসিসে প্রমোশন দিন। ডিলিং অ্যাসিসটান্ট থেকে শুরু করে আপার ডিভিশন অ্যাসিসট্যান্ট, হেড অ্যাসিসটান্ট থেকে শুরু করে সব জায়গায় একই জিনিস করছেন। এই মেরিটটা কঠিনভাবে সংযোজন করতে হবে। মেরিট জাজ করার জন্য একটা ছোট কমিটি করুন। আপনার প্রভাব বেশি থাকুক, ঠিক আছে। কারণ মুখ্যমন্ত্রী হিসাবে আপনাকেই দেখতে হবে। কিন্তু একটা ভাল কমিটি তৈরি করে এই মেরিট জাজ করার ব্যবস্থা করা হোক। অনেকক্ষেত্রে দেখতে পাচ্ছি, সি. সি. আর নিয়ে

ছিনি-মিনি খেলা হচ্ছে, ছেলে-খেলা করা হচ্ছে রাজনৈতিক লাভের আশায়। ১৯ বছর ধরে একই ভাবে মন্ত্রীরা লিখছেন। এই সি. সি. আরের জন্য গভর্নমেন্ট অফ ইণ্ডিয়ার মিনিস্ট্রি অফ পারসোনেল অ্যাণ্ড অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস-এর কাছে আবেদন করুন। তারা ৩/৪ জনের একটা কমিটি পাঠান এটা আমার কঠিন দাবী। বহু জায়গায় এই সি. সি. আর নিয়ে ছিনি-মিনি খেলা হচ্ছে, ভারসাম্য হারিয়ে ফেলছেন। ভিনডিকটিভ ওয়েতে সি. সি. আর লিখছেন। আমি উদাহরণ দিয়ে বলতে পারি, ঐ ওয়াকফের জুডিসিয়াল সেক্রেটারী, শ্রী পি. কে. সেনগুপ্তর সি. সি. আর লিখে তো সর্বনাশ করবেন যেহেতু তিনি আপনাদের পক্ষে লেখেন নি। এর ফলে লোকটি পাগল হয়ে যাবে। তার কোন প্রমোশন হবে না। তাই বলছি, যতগুলি সি. সি. আর লিখেছেন তার সবগুলি পলিটিক্যালি মোটিভেটেড কিনা, সঙ্কীর্ণ দোষে দোষী কিনা, এটা দেখা দরকার। আমার কাছে সংবাদ আছে, মন্ত্রী বলে দিচ্ছে, তুমি তো পার্টির সমর্থক, তুমি বাড়ী থেকে লিখে নিয়ে এসো, টাইপ করে নিয়ে এসো। তিনি নিয়ে এলেন আর মন্ত্রী সই করে দিলেন। এইরকম অবস্থা যদি হয় তাহলে তো ভয়ঙ্কর ব্যাপার, প্রশাসন ধ্বংস হয়ে যাবে আস্তে-আস্তে। আপনারা ১৯ বছর থেকে রেকর্ড করলেন, আরও ৪/৫ বছর থেকে রেকর্ড করবেন। কিন্তু এই থাকা মানে তো রেকর্ড নয়। আপনাকে আধুনিক রেকর্ডে যেতে হবে, ঐ বছরের রেকর্ড নয়। রামকৃষ্ণদেব বলেছিলেন, যখন জন্মেছিস তখন দাগ কেটে যা। আপনারা ২০ বছর তো রাইটার্স বিল্ডিং চালাচ্ছেন—দাগ কেটে কি গেলেন? ২দিন পর লোকে বিচার করবে। বেশি দিন থাকা মানেই সব কিছু করা নয়। খুব কম দিন থেকেও বেশি কাজ করে যেতে পারেন। বিবেকানন্দ অনেকদিন বাঁচেন নি, কিন্তু তিনি আজও মানুষের শ্রদ্ধার আসনে তাঁর কাজের জন্য। শঙ্করাচার্য অনেক বছর বেঁচে আছেন। কম দিনের মধ্যেও দাগ কেটে যেতে পারতেন। ১৯ বছর প্রশাসনের মাথায় থেকেও এই জিনিস করে যেতে পারেননি। আজকে প্রত্যেক জেলায় জেলায় আই. এ. এস.—আই. এ. এসের সঙ্গে, আই. পি. এস—আই. পি. এসের সঙ্গে ঝগড়া। ডব্লু. বি. সি. এসের সাথে আই. এ. এসের ঝগড়া। এটা কারো অজানা নয়। পরস্পর পরস্পরের বিরুদ্ধে কয়েক হাজার মামলা, সরকারের নিজের দপ্তরের বিরুদ্ধে মামলা আদালতে পেনডিং রয়েছে। ভাই-ভাইয়ের সাথে ঝগড়া নয়, নিজেদের মধ্যে ঝগড়া। এক ডিপার্টমেন্টের সাথে আর এক ডিপার্টমেন্টের ঝগড়া। এরফলে উকিলরা টাকা নিচ্ছে আর সেই টাকা জনগণের পকেট থেকে যাচ্ছে। মন্ত্রীর একই ডিপার্টমেন্টের মধ্যে ঝগড়া। এরপর যেটা বলতে চাই, জেলায় ডি. এমের কাজ কমিয়ে দিন। উইথ সার্ভিস থেকে আরম্ভ করে প্ল্যানিং সমস্ত কিছুই তাকে অনুমোদন দিতে হবে। খরা হবে, ডি. এম। বন্যা হবে—ডি. এম। তার শনিবার, রবিবার আছে। তার এতো কাজ যে ভাবা যায় না। এরফলে ঠিক সময়ে কাজ না হওয়ার জন্য টাকা ফেরত চলে যাচ্ছে। তিনি মিটিং অ্যাটেণ্ড করতে পারছেন না। সকাল তেকে রাত্রি পর্যন্ত সব বিভাগের কাজ তাকে করতে হচ্ছে। আমি বহুবার বলেছি। যদি দ্রুত কাজ করতে হয় গ্রাস-রুট লেভেল পর্যন্ত তাহলে ডি. এমের কাজ কমিয়ে দিন। শুধু বিকেন্দ্রীকরণ মানে এই নয় মহকুমা করা। আপনি মহকুমা কয়েকটি করেছেন। কিন্তু তার মানে বিকেন্দ্রীকরণ নয়। দায়িত্ব বিকেন্দ্রীকরণ করতে হবে। যার ফলে কাজের গতিশিলতা, দায়িত্ব বাড়বে। তার সঙ্গে সঙ্গে বলি, বিরোধী রাজনৈতিক দলের কর্মচারিকে শাস্তি দেওয়া হয়েছে বদলি করে। সেখানে সরাসরি নোটিফিকেশন থাকা সত্ত্বেও ডজন ডজন আমাদের লোক, যারা আপনাদের সমর্থন করে না, তারা পঞ্চায়েতে

নির্বাচিত হওয়া সত্বেও তাদের বদলি করা হচ্ছে, গ্রীষ্মকালে বাঁকুড়ায় এবং শীতকালে দার্জিলিং-এ। আমার আর সময় নেই, আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো, আপনি প্রশাসনকে গতিশীল করুন বর্তমানে আপনি যে ভাবে প্রশাসন চালাচ্ছেন, তার প্রতিবাদ করে, আপনার ব্যয় বরাদ্দ দাবীর বিরোধিতা করে এবং আমাদের আনা কাট মোশনকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ গৌরীপদ দত্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী প্রস্তাবিত স্বরাষ্ট্র কর্মিবর্গ প্রশাসনিক দপ্তরের যে ব্যয়বরাদ্দ দাবী পেশ করেছেন তাকে সমর্থন করে এবং যে সমস্ত কাটমোশন আমাদের বিরোধী সদস্যরা এনেছেন, তার বিরোধিতা করে আমি কয়েকটি কথা নিবেদন করতে চাই। মাননীয় সুব্রত মুখার্জি মহাশয় প্রবীন রাজনীতিক, আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি, তিনি মুখ্যমন্ত্রী কে তুলনা করেছেন বিবেকানন্দ এবং শঙ্করাচার্যের সঙ্গে। বলছেন, তিনি কী দিয়েছেন? আমি তাঁকে স্মরণ করিয়ে দিই, মুখ্যমন্ত্রী, তাঁর অধীনে বামফ্রন্ট সরকার, যদি আগের যুক্ত ফ্রন্ট সরকার ধরি, তাহলে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গে, শুধু সারা ভারতবর্ষ নয়, সারা বিশ্বে, আন্তর্জাতিক ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান তিনি উজ্জ্বল করেছেন। আমাদের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে বিগত ১৯ বছর ধরে এই রাজ্যে একেবারে নিম্ন স্তরের গরীব মানুষ থেকে আরম্ভ করে প্রতিটি মানুষ, তাদের সামানিক মর্যাদা দেওয়া হয়েছে। অন্য যে কোন রাজ্যের সঙ্গে যদি তুলনা করি, আমাদের পশ্চিমবাংলার প্রতিটি শ্রেণীর মানুষ তাদের সম্মান, মর্যাদা পেয়েছে, তাদের মর্যাদা প্রতিষ্ঠিত হয়েছে। এই জিনিস ভারতবর্ষের অন্য কোনও অঙ্গ রাজ্যে নেই। মাননীয় সুব্রত বাবু, উনি যদি ভাল করে বাজেট লিপিটা পড়তেন তাহলে বুঝতে পারতেন এবং উনি আরও অনেক প্রশংসা করার সুযোগ পেতেন। আমি যেটা বলেছি বারবার চারবার বামফ্রন্ট সরকারকে এখানকার মানুষ বিপুল ভোটে জয়ী করেছে, এটা এমনি এমনি হয়নি এবং তার যে কারণ, উনি যে প্রশাসনিক কিছু কিছু দুর্বলতার কথা বলেছেন, কিছু কিছু অপূর্ণতার কথা বলেছেন, কিছু কিছু অসংগতির কথা বলেছেন, এই কথা কোনও রাজ্য বলতে পারছে না, কোন দেশের কর্ণধার বলতে পারছে না, আমাদের প্রশাসন আদর্শ প্রশাসন। এটা জাতীয় রাজনীতির কথা। আমরা স্বাধীনতার আগে কী বলতাম?

[3-40 – 3-50 P.M.]

আমরাই শাসন করবো। স্বাধীনতার আগে আমরা বলতাম, কংগ্রেসের পক্ষ থেকেও তখন বলা হ'ত যে, আমরা দেশকে শাসন করবো জনপ্রতিনিধিদের মাধ্যমে। আমি মাননীয় সদস্যদের অনুরোধ করবো একটা জিনিস বুঝতে হবে যে, প্রশাসনটা চলে কি ভাবে। প্রথাগত ভাবে যেসব প্রশাসক আছেন—স্বারাষ্ট্র, পুলিশ এবং জুডিসিয়ারি ইত্যাদি, এই প্রথাগত প্রশাসকদের যে কাঠামো এই কাঠামো নির্ধারিত হয়েছিল বৃটিশ সরকারের আমলে। বৃটিশ, যারা আমাদের দেশকে শাসন ও শোষন করতে এসেছিলেন তারা যে প্রশাসন তৈরি করেছিলেন, যেটাকে আমরা ষ্টিল ফ্রেম অব বৃটিশ অ্যাডমিনিস্ট্রেশান বলতাম। সেটা ছিল মানুষকে শোষন, শাসন এবং নিয়ন্ত্রন করার জন্য। সেই প্রশাসন জগদ্দল পাথরের মতন আমাদের উপর চেপে বসেছিল। আমাদের আশা ছিল, স্বাধীনতার পর সেই জগদ্দল পাথর সরিয়ে সংসদে, বিধানসভায় এবং আরও বিকেন্দ্রীকৃত সংস্থায় যারা জনপ্রতিনিধি হিসাবে নির্বাচিত হয়ে আসবেন তাদের

দ্বারা, তাদের নির্দেশে ও তাদের মত নিয়ে আমাদের দেশের প্রশাসন চলবে। এই প্রসঙ্গে আমি আপনাদের ইতিহাসটা একটু স্মরণ করিয়ে দিতে চাই। ১৯৫৬ সালে পঞ্চায়েত আইন তৈরি হলো, ১৯৫৭ সালে বলবন্ত রাও কমিটি বললেন, এই যে বিকেন্দ্রীকৃত প্রশাসন পঞ্চায়েত এবং নগরপালিকার মাধ্যমে যেটা আমরা করতে চাই সেটা শুধু ডেভেলপমেন্ট এজেন্সি হবে। বলবন্ত রাও কমিটির রিপোর্ট দেখবেন আছে যে পঞ্চায়েত হচ্ছে ডেভেলপমেন্ট এজেন্সি, তাদের রেগুলেটারি ফাংসান নেই। এখন দেশকে কারা শাসন করবে— জনপ্রতিনিধিরা শাসন করবেন, না, প্রশাসকরাই দেশের উন্নতি করবেন? এ ক্ষেত্রে ওদের সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গীর তফাত। ওদের সময় শেষ ১৯৫৭ সালে পঞ্চায়েতের নির্বাচন হয়েছিল কিন্তু বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে ঠিক ৫ বছর অন্তর অন্তর পঞ্চায়েতের নির্বাচন করে যাচ্ছেন এবং এইভাবেই আমরা ক্ষমতার বিকেন্দ্রীকরণ করছি। মাননীয় মুখ্যমন্ত্রী যখন বামফ্রন্ট সরকারের মুখ্যমন্ত্রী হয়ে প্রথম এলেন তখন তিনি দুটি কথা বলেছিলেন এবং সেই কথা দুটি আমি এই প্রসঙ্গে আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই। তিনি বলেছিলেন, যে প্রশাসনিক কাঠামো রয়েছে, যে অর্থনৈতিক, সংবিধানগত সীমাবদ্ধতা রয়েছে এবং যে সমাজ ব্যবস্থা চালু রয়েছে আমাদের দেশে তা দিয়ে একটা অঙ্গ রাজ্যের মানুষের সব মৌলিক সমস্যার সমাধান করা যাবে না। তবে যারা অপরিসীম বঞ্চনা, শোষনের মধ্যে রয়েছে আমরা তাদের পাশে দাঁড়িয়ে তাদের সাহায্য করবো। উনি আরও একটা কথা বলেছিলেন যেটা নিয়ে ওদের বেশি আপত্তি যে, রাইটার্স বিল্ডিং-এর প্রথাগত প্রশাসনকে তো আমরা অস্বীকার করতে পারবো না কিন্তু তার মাধ্যমে আমরা রাজ্য-এর শাসন ব্যবস্থা পরিচালনা করবো না। আমরা শাসন করবো গণতান্ত্রিকভাবে নির্বাচিত জনপ্রতিনিধিদের মাধ্যমে। জনপ্রতিনিধিদের সঙ্গে আলোচনা করে, তাদের মতামত নিয়ে, ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে তাদের হাতে ক্ষমতা তুলে দিয়ে আমরা রাজ্যের শাসন ব্যবস্থা চালাবো। এ ব্যাপারটা আপনারা মিলিয়ে নেবেন। ভূমি সংস্কারের জন্য কেন্দ্র আইন করেছিলেন কিন্তু সারা ভারতবর্ষের কোথাও কি সেই আইন অনুযায়ী তারা কাজ করেছেন? অথচ এই রাজ্যে দেখুন ভূমিসংস্কারের কাজে কি রকম অগ্রগতি হয়েছে। একমাত্র পশ্চিমবঙ্গে ঐ যে কিছু কিছু লোকের হাতে হাজার হাজার বিঘা জমি বেআইনীভাবে লুকানো ছিল তা উদ্ধার করে পঞ্চায়েতের মাধ্যমে তা ভূমিহীনদের মধ্যে বিতরণ করা হয়েছে। আমরা এখানে খেতমজুর, প্রান্তিক চাষীদের নিয়ে আন্দোলন করেছি এবং তাদেরও বর্গাদারদের একটা স্থায়িত্বের জায়গায় নিয়ে আসতে পেরেছি। এইভাবে আমরা আন্দোলনের মাধ্যমে বিভিন্ন কর্মসূচী রূপায়িত করছি। ঐ সেক্রেটারি, জয়েন্ট সেক্রেটারি, ডেপুটি সেক্রেটারি ইত্যাদি যাদের কথা সুব্রতবাবুও বলছিলেন শুধু ঐ সব দিয়ে কাজ হবে না। অতীতে যেসব নীতি নির্ধারিত হয়েছিল, প্রজেক্ট রচিত হয়েছিল তাতে সংসদ, বিধানসভা বা অন্য জনপ্রতিনিধিদের ভূমিকা কোথায় ছিল? কারা আগে নীতি নির্ধারণ করে দিতেন? এই যে আমলাতন্ত্রের উপরে নির্ভরতা, পশ্চিমবঙ্গ হচ্ছে তার ব্যতিক্রম। পশ্চিমবঙ্গ ব্যতিক্রম এই কারণে যে আমাদের প্রথাগত প্রশাসন আছে, সেই প্রশাসনকে তো আমরা অস্বীকার করতে পারবো না। সেই প্রশাসনকে রেখে যাতে জনপ্রতিনিধিদের সঙ্গে সেই প্রশাসনের একটা পারস্পরিক নির্ভরশিলতা আনা যায় তারই পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে ত্রিস্তর পঞ্চায়েতের মাধ্যমে। তার পরীক্ষা-নিরীক্ষা করে প্রতি বছর নিয়মিত নির্বাচন হচ্ছে। এই যে আমাদের নীতি, এই নীতিকে মানুষ আশীর্বাদ করেছে। এই নীতিকে মানুষ আশীর্বাদ করে বারবার আমাদের ক্ষমতায় ফিরিয়ে

এনেছে। সে জন্য দেখবেন, এই বাজেট বক্তৃতায় বলেছেন যে আমাদের সীমাবদ্ধতা। মাননীয় সদস্যদের আমি স্মরণ করিয়ে দিচ্ছি যে, যুক্তফ্রন্ট সরকারের সময় থেকে আমাদের যে সীমাবদ্ধতা, রাজ্যের হাতে যে ক্ষমতা, তার জন্য কেন্দ্রীয় সরকার যে সারকারিয়া কমিশন করেছিলেন। কিন্তু সেই কমিশনকে মানুষের কাছে আনা হল না। আমরা বারবার দাবী করেছি যে, এই সীমাবদ্ধতার হাত থেকে যদি মুক্তি না পাওয়া যায় তাহলে এই যে বিশাল ভারতবর্ষ, যাকে মহামানবের সাগর তীর বলা হয়, যার জিওগ্রাফিক্যাল এথনিক কালচারাল সমস্ততে এত ভ্যারিয়েশন, সেই ভ্যারিয়েশন কখনও একটা কেন্দ্রীভূত শক্তির মাধ্যমে করা যেতে পারেনা। ফেডারেল স্টেট যখন আমরা স্বাধীনতার জন্য আন্দোলন করেছিলাম, আমরা চেয়েছিলাম যে সমস্ত রাজ্যগুলি শক্তিমান হোক। একটা কথা আছে, ওয়ান ক্যান অনলি বি ইন্টারন্যাশন্যাল ইফ হি স্ট্রংলি ন্যাশান্যাল। রাজ্য যদি দুর্বল হয়, রাজ্যকে যদি দুর্বল করে রাখা হয়, রাজ্যের ক্ষমতাকে যদি সীমাবদ্ধ করে রাখা হয়, রাজ্য যদি বলিষ্ঠ হতে না পারে, রাজ্য যদি শক্তিশালী না হয় তাহলে কেন্দ্র কখনও শক্তিশালী হতে পারে না। একটা মানুষের শরীরের সমস্ত রক্ত যদি মাথায় চলে যায় তাহলে তার অঙ্গ-প্রতঙ্গ শুকিয়ে যায়। বেশির ভাগ রক্ত মাথায় গেলে সে মারা যায়। এটাকে সন্যাস রোগ বলে। আজকে তাই হয়েছে আমাদের কেন্দ্রীয় সরকারের। আজকে সেজন্য কেন্দ্রীয় সরকার হতাশায় ভুগছেন। আজকে কেন্দ্রীয় সরকার এমন একটা অবস্থায় পড়ে গেছে যেখানে বিদেশ থেকে ঋণ না আনলে, বিদেশি লোককে ডেকে এনে আমাদের নিজস্ব যে সমস্ত সম্পদ আছে সেই সম্পদকে ব্যবহার করার যে সমস্ত ক্ষমতা, সেই ক্ষমতা তারা হারিয়ে ফেলেছে। কিছুদিন আগে আপনাদের যিনি অর্থমন্ত্রী ছিলেন, মনমোহন সিং, তার লেখা পড়ে দেখবেন যে তিনি কি হতাশায় ভুগেছেন। তিনি কি বলেছেন? তিনি এক সময়ে বলতেন যে আমাদের পাবলিক সেক্টরকে স্ট্রেন্থদেন করতে হবে। তিনি এক সময়ে বলেছেন যে ভিখারীর পছন্দ করার কোনও ব্যাপার নেই। আমাদের বেগিং মন নিয়ে ঘুরে বেড়াতে হচ্ছে সব জায়গায়। কাজেই আমাদের ডেকে আনতে হবে ওদের, খাল কেটে কুমির আনতে হবে। আমাদের যেটুকু আত্মপ্রত্যয়, আমাদের যেটুকু স্বনির্ভরতা ছিল, আমরা যেখানে নিজেরা তৈরি করতে পারতাম তাকে বিক্রি করে দিয়ে ওদের আনতে হবে। আমাদের প্রতিযোগিতা করতে হবে। কিন্তু সেই প্রতিযোগিতা কার সঙ্গে করব? আপনাদের কোনও ধারণা আছে যে মাল্টিন্যাশন্যালদের কত শক্তি, তাদের কি পরিমান টেকনিক্যাল নো হাউ আছে? আমরা জয়েন্ট সেক্টরের কথা বলছি। এটা বুঝতে পারেন যে এর তফাৎ কোথায়? আপনাদের বুঝতে হবে, সেখানে বলা হয়েছে ডি-সেন্ট্রালাইজেশন। সারকারিয়া কমিশন পড়ে দেখবেন, সেখানে বলা হয়েছে রাজ্যের হাতে ক্ষমতা দিতে হবে। সেই ক্ষমতাটা কি ক্ষমতা? একটা ফেডারেল স্টেট যদি হয় তাহলে নিশ্চয়ই রেভিনিউ থাকবে সেন্টারের হাতে, ডিফেন্স থাকবে সেন্টারের হাতে, ফরেন এডুকেশন থাকবে সেন্টারের হাতে, বাকি অ্যাডমিনিস্ট্রেশন রাজ্যের হাতে দিতে হবে। তারা রাজ্যের নির্বাচিত মানুষের সঙ্গে আলোচনা করবে মানুষের হয়ে কাজ করবে। কাজেই সেখানে আমরা ডিসেন্ট্রালাইজেশন করতে চেয়েছি। আপনারা দেখবেন যে সমস্ত প্রোজেক্ট নেওয়া হয়েছে সেগুলি ডিস্ট্রিক্ট ওয়াইজ নেওয়া হয়েছে। আমরা মেদিনীপুরে প্রোজেক্ট নিয়েছি, মুর্শিদাবাদে নিয়েছি এবং আরো অন্যান্য জায়গায় আছে, সেগুলি বলার সময় পাওয়া যাবে না। আমরা ডিসেন্ট্রালাইজেশন করতে চেয়েছি। আমরা বলেছি যে পঞ্চায়েত হচেছ মাধ্যম আপনারা দেখবেন, অশোক মেটা বলে এক ভদ্রলোক,

তিনি সোসালিষ্ট পার্টিতে জয়েন করেছিলেন। তার চেয়ারম্যানশিপে একটা কমিটি করা হয়েছিল। সেখানে তিনি বলেছিলেন যে পলিটিশিয়ান এবং ব্যুরোক্রাট তারা পিপল-এর হাতে ক্ষমতা দিতে চাইছে না। তা সত্ত্বেও তার রেকমেণ্ডেশনে তিনি রেগুলেটরি পাওয়ার দিতে চাননি। তিনি আবার বলেছিলেন যে ডেভেলপমেন্ট এজেন্সি করে দিতে হবে। একটি মাত্র লোক সারা ভারতবর্ষে, ই. এম. এস. নামবুদ্রিপাদ, তিনি নোট অব ডিসেন্ট দিয়েছিলেন যে কখনই ডিসেন্ট্রালাইজেশন সম্ভব নয়, শুধু ডেভেলপমেন্ট এজেন্সি দিয়েও সম্ভব নয়, যদি রেভেলিউটোরি পাওয়ার না দেওয়া যায়। সেজন্য আমরা জেলা সভাধিপতি তার সঙ্গে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের একটা সাদৃশ্য আনতে চেয়েছি এবং তার সঙ্গে আমরা যোগ করে দিয়েছি সেখানকার ব্লক ডেভেলপমেন্ট অফিসার অর্থাৎ যে সমস্ত প্রথাগত প্রশাসনিক লোকেরা রয়েছে তাদের সঙ্গে জনপ্রতিনিধিদের আমরা ঝগড়া লাগাতে চাইনা।

[3-50 – 4-00 P.M.]

আমরা ডিমার্কেশন করতে চাই না, আমরা চাই না একে অপরের সঙ্গে লড়াই করুক ক্ষমতার দ্বন্দ্ব নিয়ে। আমরা চেয়েছি কো-অপারেশনের মাধ্যমে সাপ্লিমেন্টারী হিসাবে কাজ করুন তারা। কিন্তু আমাদের যিনি রিপ্রেজেন্টেটিভ, পিপল'স রিপ্রেজেন্টেটিভ যিনি, তাঁকে নিশ্চয়ই সম্মান দিতে হবে। আজকে তাকেই আপনারা রাজনীতিকরণ বলছেন। কিন্তু এটা রাজনীতিকরণ নয়, তাঁদের মর্যাদা দেওয়া। এই বিবেকটা সকলের থাকা উচিত যে, এটা রাজনীতিকরণ নয়, জন-সাধারণের পক্ষ থেকে সম্মান, আপনারা যাঁরা জনপ্রতিনিধি তাঁদের প্রতি সম্মান। এটা আপনারা নিশ্চয়ই চাইবেন না যে, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট আপনাদের অসম্মান করুন। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট থেকে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার—কে তাঁদের নিয়োগ করছেন? তাঁদের নিয়োগ করছেন কেন্দ্রীয় সরকার। তাঁরা যদি আপনাদের ইগনোর করেন, যদি প্রিন্সিপাল সেক্রেটারী ইগনোর করেন তাঁদের দিয়েই তো কাজ করাতে হবে। সেজন্য কথা হচ্ছে, কন্ট্রোল অফ দি পিপল ওভার দি অ্যাডমিনিস্ট্রেশন এবং এক্ষেত্রেই হচ্ছে দৃষ্টিভঙ্গীর তফাত্। সেটা করতে গিয়ে আমরা প্রথম থেকে ডিসেন্ট্রালাইজেশনের কথা বলে আসছি, ইনফ্রাস্ট্রাকচার স্ট্রেনদেনিং-এর কথা বলছি। সাব-ডিভিশন এবং ডিস্ট্রিক্টগুলোতে প্রশাসনিক যে পরিকাঠামো রয়েছে সেগুলোর পক্ষে কিছু করেননি আপনারা। আমরা সেটা স্ট্রেনদেনিং করতে চেয়েছি। ডঃ অশোক মিত্র কমিশন ৯১টি সুপারিশ সহ যে রির্পোটি আমাদের দিয়েছেন তার মধ্যে প্রায় সবগুলোই ইমপ্লিমেন্ট করা হয়েছে। তার মধ্যে ৭৭টি সুপারিশ ইতিমধ্যে ইমপ্লিমেন্টেড হয়েছে, ১২টির ইমপ্লিমেন্টেশন ডেফার্ড হয়েছে এবং ৩টি করা যাবে না বলা হয়েছে। এটা আমাদের একটা অ্যাচিভমেন্ট। আমরা বলছি এই ইনফ্রাস্ট্রাকচারকে স্ট্রং করতে হবে, কিন্তু ইনফ্রাস্ট্রকচার মানুষের মাথায় উঠবে না। আমাদের এই দৃষ্টিভঙ্গী আপনাদের মেনে নিতে হবে।

দ্বিতীয়ত যে কথা বলছি, অ্যাডমিনিস্ট্রেশনে শুধুমাত্র অ্যাডমিনিস্ট্রেটর দিলেই হবে না, তাঁদের উপযুক্ত অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রেনিং দিতে হবে। কারণ তাঁরা যদি জনদরদী না হন, দায়বদ্ধতা যদি না থাকে সমাজের কাছে, যদি তাঁরা আনসারেবল না হন পিপল'স রিপ্রেজেন্টেটিভদের কাছে, তাহলে সেই অ্যাডমিনিস্ট্রেশন কখনই কাজ করতে পারবে না। তারজন্য তাঁদের অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রেনিং-এর প্রয়োজন। এবং তারই জন্য এর উপর আমরা জোর দিতে চেয়েছি, চেয়েছি অ্যাডমিনিস্ট্রেশনকে মডার্নাইজ করতে। আগেকার দিনে যা করা

হত স্লিপে লিখে চাকরী দেওয়া হ'ত; কোটা ছিল বিভিন্ন ক্ষেত্রে। সে সমস্ত অন্যায়ের প্রতিবিধানের কথা আমরা বলেছি, বলেছি অ্যাডমিনিস্ট্রেশনকে মডার্নাইজ করবার কথা। অ্যাডমিনিস্ট্রেশনকে ওয়ার্কেবল করতে, তার এফিসিয়েন্সী বাড়াবার পক্ষে সুব্রতবাবু কিছু কিছু ভাল কথা বলেছেন। আমরাও বলেছি—ফাইট এগেনস্ট করাপশন। আমাদের ভিজিলেন্স কমিশন ইতিমধ্যে ৩২টি ক্ষেত্রে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছেন। কাজেই আমি নিবেদন করবো, আপনারা আপনাদের দৃষ্টিভঙ্গী প্রসারিত করুন। মূল প্রশ্ন—কে দেশটাকে শাসন করবেন? সেটা অ্যাডমিনিস্ট্রেটররা করবেন, নাকি জনপ্রতিনিধিরা করবেন? এবং এক্ষেত্রেই রয়েছে দৃষ্টিভঙ্গীর পার্থক্য। সেজন্য মাননীয় মুখ্যমন্ত্রীর প্রস্তাবিত বাজেটকে সমর্থন করছি। প্রশাসনকে হাই-লাইট করতে হবে, কোথাও বলা নেই যে জনপ্রতিনিধিদের ক্ষমতা দিতে হবে মানুষের মঙ্গলের কাজে তাঁদের ওই কাট মোশনে। সেই জন্য আমি কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Pankaj Banerjee :** Respected Deputy Speaker, Sir, I rise here to vehemently oppose the Budget Speech on Home (P & AR) Department delivered by the Honourable Chief Minister, Shri Jyoti Basu. Sir, I protest it not because I am sitting at the opposite bench. I am opposing it because it is full of statements, it is full of lie and self-contradictions. Sir, if you go through the Budget Speech—I am afraid, the Chief Minister has not gone through his previous Budget Speech in the year 1978-79, then you will see that this Mr. Jyoti Basu in his speech told and assured—what did he say ?

হোয়াট ডিড হি সে? জ্যোতিবাবু কি বললেন? তিনি বললেন "আমরা মনে করি যে প্রশাসনের সর্বস্তরে দুর্নীতি দমন এই পরিবর্তনের প্রথম ধাপ"

Sir, he started his speech just in the two-year of his being in power in the state as Chief Minister where he assured the State that he will fight against corruption. But Sir, in practice, what we see ? There was a fighting between a bureaucrat and a Minister. Sir, perhaps you know that Shri Arkaprabha Deb, the then Secretary of the Agriculture Department—he disputed over the Minister of this department, Shri Kalimuddin Shams. What was the dispute ? What was the nature of the dispute ? Shri Arkaprabha Deb was of the opinion that the Minister is indulding corruption and for his indulgence, for his misdeeds the commodity prices are going high. What did our Chief Minister do ? The assurance he gave was—'he will fight against corruption'. But he outsted the Secretary, Mr. Arkaprabha Deb from the department and he helped and supported the Minister-in-Charge of this department, Shri Kalimuddin Shams. As a result, the people if the State were taken aback. What did the Chief Minister do on his part ? If the Chief Minister had gone through his own statement made in 78-79, he would not have done this.

In this department, the Home (P & AR), under Demand No. 18 and 19, there was an allocation of Rs. 8.00 crores in the year 95-96 while the allocation has risen to the extent of Rs. 67.5 crores. That means, Sir, about 9 times the monetary provision has been increased. But what we have seen in response ? In response, we have seen that times without number, the Chief Minister or the Minister-in-charge of the Home (P & AR) Department has said—

হি হ্যাজ টোল্ড "আমরা কয়েকটি নূতন মহকুমা স্থাপনের প্রস্তাব সক্রিয় ভাবে বিবেচনা করলাম। সেই গুলি হলো উত্তর ২৪ পরগনায় বিধাননগর, মেদিনীপুর জেলায় খড়গপুর, নদীয়া জেলায় তেহট্ট দক্ষিণ ২৪-পরগনা জেলায় ক্যানিং, কাকদ্বীপ এবং বারুইপুর, দক্ষিণ দিনাজপুর জেলায় গঙ্গারামপুর এবং মালদা জেলায় চাঁচল।"

He is telling in 1996 that some of the sub-divisions we could not start because of some legal implications ? This statement he has delivered in the Budget speech of 1996-97 ? You will be surprised to see the Budget statement in the year 1993-94. What did he say ?

হোয়াট ডিড হি সে ১৯৯৩-৯৪ সালের বাজেট ভাষণে? তিনি বলেছেন "এ ব্যাতিরেকেও রঘুনাথপুর, বিধাননগর, তেহট্ট খড়গপুর, কাকদ্বীপ, এবং গঙ্গারামপুর এই ৯টি নূতন মহকুমা গঠনের কাজ বর্তমান সরকার স্বীকৃত বিবেচনাধীন রয়েছে" তার পরের লাইনে বলেছেন "উপরিউক্ত ৯টি প্রস্তাবিত মহকুমার জন্য অতিরিক্ত মহকুমা শাসকের পদ প্রস্তাবিত বা অনুমোদিত হয়েছে এবং বেশির ভাগ ক্ষেত্রে তাঁরা কাজ শুরু করেছেন"।

[4-00 – 4-10 P.M.]

Sir, he proposed to go for 9 sub-division in the year 1993-94 and in the budget speech of 1995-96 he is telling that we have declared that in the month of January, 96. So, in the month of '96 first January, this sub-division started work and in his budget 1993-94 he assuied this House that work has already started. The S.D.O. have started officiating in the office. Which one is true ? Sir, the budget has raised from 4 crores to 67 crores of rupees. What we have got ?

There was a commission set up by none other than the Chief Minister himself. What scandal is there ?—"Soil Scandal" (Mati Kelenkari). You see, in this august House the members raised slogan. They raised hue and cry that crores of rupees were drained in filling of land for by-pass. The then, Prasanta Sur has syphoned off crores of rupees. That was the allegation. The Chief Minister was prima facie convinced and set up the commission in the year 1984. What is the fate of the

commission ? What is the report of the commission ? Sir, you will be surprised to know that the Government no other than the Chief Minister, Jyoti Basu, himself constituted a commission. The Commission started function in your august building, Sir, in the Council House. I submitted my submission. There was nine hearings. When the Judge was about to pass comment against the then Minister then injunction was placed against this Commission in Calcutta High Court in the year 1994. Mr. Chief Minister is not here because he did not like to pay attention what I say. A junior Minister of the House, Mr. Buddhadeb Bhattacharjee, next to the Chief Minister, is here. In the year 1984 the Commission was constituted by the Chief Minister himself. There was an injunction by one of the contractor. Till now, after 12 years why the State Government is not trying to vacate the injunction. Why still it is in injunction ? Why still it is being injuncted ? Because the Minister was about to be caught. This syphoning off was made by the then Commission. That is why an individual went to the High Court and sought an injunction. Injunction was granted in the Calcutta High Court and last 14 years. Respected Deputy Speaker, Sir, Government did not try to vacate the injunction because of the obvious purpose. The Government or the Cheif Minister has claimed so many things he has done. Every demand, I can show you for last 17 years his speeches, everything is with me, every time he has come out with three or four pages of his statement. How the secretariat will be working ? How the entire state try to cater ? You have seen. How the secretariat and Chief Minister's decision are absolutely in confusing state. This time the State Chief Secretary is picked up by the Chief Minister himself. How ? What was the process ? He deprived 7 of the most senior IAS officers, 8th person in the row and 8th person in the series, 8th person in the waiting list. He was just picked up because it is found that he was one of the members of BPSF, Student wing of the undivided Communist Party. Only because of that. Only that is the Criteria. That person had been picked up from number eight and he was put to number one because he once was there in the students front. That is the only qualification. Other seven most important, most veteran, most efficient, most experienced, most senior IAS officers all of them are deprived. Our Chief Minister had put him there in the Writers' Buildings. How do we expect, administration will go on ? How do we expect that one Mr. P. K. Sengupta had been given charges for some findings who came out with certain observation. The Minister may not like it. The Chief Minister may not like it. It is not necessary. However, the Commission of Enquiry gave its findings. The Chief Minister or the Cabinet itselt may or may not accept it. There is no such binding. He might have

talked to the person concerned.

In this august House in presence of the august MLAS for the consumption of the people how did he criticise him? He told that Mr. Sengupta's finding had no base, was self-contradictory. He was sitting on the statement. He did not do his duties. If he did not do his duties properly why he is not taken to task? Why he is not suspended? Why is not chargesheeted? Why desciplinary action would not be taken? Why he is not asked to show cause? An IAS officer when he was given some responsibility by the Chief Minister, if the Chief Minister thinks, the Chief Minister feels, the Chief Minister observes that the Senior Secretary has not done his job seriously what would be the job of the Chief Minister? The Chief Minister could have taken him to action but no action has been taken, No action he could take but aspersion he could make and serious aspersion he has made upon that Secretary, Mr. P. K. Sengupta. This is absolutely with a political motive. In this way he wants to say look, either you are there to obey me or you will not be there. If you want to be there be my man, be my party's man, be my whim's man, be my own man. Try to serve me, try to give satisfaction to me only. If I am satisfied as your Lord you will be there Mr. Sengupta or the fate is yours. I don't know. I cnnot give you protection. I don't know where you will be. So in this way he is giving a treatment, he is trying to give a lesson to the down level officers, look either you are to act as a party servant or you will not be there. This is a serious lapse on the part of the administration. It is not that I am sitting here and that is why I am telling this. The fact is that in order to run the administration you are to prize a person who does good job and you are to punish a man who does not do his job properly. But what we see here? We see that the people who work they are being punished, the people who are there to apply their power and authority with utter sincerity, they are taken to task. They are being humiliated, they are being threatened and they are being given a very serious lesson.

Sir, in this context the members may think that four crores of rupees budget has reached to sixty seven crores rupees budget. So, did not the Chief Minister or the Minister-in-charge do something? Yes, he did a lot. What did he do? When in the year 1978-79 the budget was Rs. 4 crores the Chief Minister had a caravan of three cars. One car he was sitting, one car was in front of him and one car was behind him. There were three cars. Now how does he move? There are

twelve vehicles. One vehicle is there in the centre in which our Hon'ble Chief Minister travels, there are five vehicles in front of him, five vehicles in the back of him and one vehicle goes parallel to him. There are twelve vehicle's caravan. Sir, this twelve vehicle-caravan moves from Salt Lake to Writers Building daily at a certain time. How does it happen ? How the people are benefitted ? The message is that from Salt Lake the Hon'ble Chief Minister is starting. 29 Sergeants of Calcutta Police are posted right from his house to Writers Building.What is there duty ? When the Chief Minister starts upto Beliaghata all the cars are to come to a halt. No car will be allowed to move. No buses will be allowed to ply, no minibuses will be allowed to ply. Everybody has to stop because our monarch is coming, our Lord is coming and when he reaches to Park Circus via V.I.P. road and then to Bridge No. 4 the entire vehicles come to a halt. No passenger will be allowed to move, not even an ambulance will be allowed to move. The Sergeants are there with stick; with phones and with battons. The constables are there. They strat stopping cars, they start stopping school vans. Everybody and every vehicle has to come to a stop. right from Bridge No. 4 to Park Circus same thing happens. From Park Circus to Jawaharlal Nehru Road, from Jawaharlal Nehru Road to Minto Park same thing happens and till he reaches Writers Building all of us who are travelling by buses, in trams, in the mini buses, taxis or provate buses we are not allowed to move. When the monarch moves people are not to move. This is the only plus side I have found in my Calcutta life so far as betterment of administration is concerned.

[4-10 - 4-20 P.M.]

Sir, in this connection I would submit something about National Human Rights Commission. They have given strictures on three of the most senior police officers of the State. One of them is a DGP, another one is an Additional SP and another one is an OC of the Thana. This Commission has given strictures—strictures of taking adequate administrative measures. Sir, through you, I very humbly ask him, to our Hon'ble Chief Mininster, what action did he take ? And if no action has been taken, what is the reason for that ? Why his hand is being shaken to take action against those police officers ? May I ask, Sir, how many DGs and ADGs were there when he took the power ? And how many DGs and ADGs are there now ? There are no limits and bounds. Because they want to satisfy the police section, because they are the main instruments of bringing them to power. Hon'ble Mr. Dutta was speaking earlier. I know him personally. Mr. Dutta is a very respected man. He said that 'it is the people who have voted

them to power.' Thank you very much, Mr. Dutta, if your observation would have been correct. But it is not the people who have voted you to power. It is part of the police administration who have brought you. And the other part is your Co-ordination Committee members. Sir, right in the year 1978-79 in his speech what he did say? Quote :

"এখানে আমি অত্যন্ত আনন্দের সঙ্গে একটা নতুন উদ্যোগের কথা উল্লেখ করতে চাই, গত মাস থেকে রাজ্য সরকারি কর্মচারিদের কো-অর্ডিনেশান কমিটি কাজকর্ম ত্বরান্বিত ও বকেয়া কাজ সময়ে করার জন্য সচেষ্ট হয়েছেন, তারা প্রশাসনকে জনকল্যাণমুখী করার কথা বলেছেন।"

Sir, this was the statement of Mr. Jyoti Basu in his Budget Speech of 1978-79. But what we see in practice, Sir? In practice we see that in the year 1982 on 17th August this Chief Minister had to say—'I am very very sorry. Government work is not moving at all.' On 9th June, 1986, this Chief Minister was telling—'I am very sorry to note that inspite of all our endeavour, the Government work is not moving as per the expectation of the people.' In another year, on 11th July, 1990, this Chief Minister said—'I am very sorry, repeatedly I am requesting the Government employees to discharge their duties with responsibility and dignity.' But nothing could happen. In the year 1992, on 7th November that very word came out from his mouth :

"কাজ কাকে করতে বলব, চেয়ারকে না টেবিলকে"।

Who did say this? This was not the opposition member. This is not we who are criticising those people. This is the Hon'ble Chief Minister of the Government of West Bengal who is the Minister-in-charge of P&A Dept. who did claim in the year 1978-79 that the Co-ordination Committee has assured him that they will be doing work in favour of the Government or in favour of the people and as sorts of work will be done with satisfaction and sincerity. That Mr. Jyoti Basu, on 7th November, 1992, he told—I quote :

"কাজ কাকে করতে বলব, চেয়ারকে না টেবিলকে।"

How can it happen? In every time, in every election, he will take help of the members of the Co-ordination Committee. And they will fix up the returing officers, they will fix up the counting agents, they will fix up the elections machinery as to who will be the polling officers, who will get the duties, who will be put to where, who will go to where, who will be the first officer, second officer and so on. Everything will be decided by the Co-ordination Committee members, How

can the Chief Minister dare to touch them. How can the Chief Minister expect that he will ask the employees to work and the employees will start working ;

They have earned the right not to work, they have earned the authority not to work because they are pillars of this Government. Sir, in spite of the mounting corruption, failure in every department, this party is winning repeatedly not because of the blessings of the people but because of the blessings of the members of the Co-ordination committee and motivated civil and police officers. Sir, it is such a place that if any officer do not oblige the local CPI(M) leaders, he will be transferred immediately. Sir, in this respect I want to cite one example. Sir, there was a District Magistrate Mr. Purakayastha in Nadia district. He was a very efficient IAS officer who took up all the things minutely. He used to get himself involved with every incident. What was his fate ? Because the CPI(M) people of the district did not like certain of his decisions, there was a vague charge against him that he discussed with the Congress M.L.A. Mr. Munshi and he misinformed the government. And just you imagine, Sir! There was some death of children due to innoculation and six children died. There was a wrong statement made by him that eight children died, but that information was given to him by his administration. But as he discussed the thing with the Congress MLA of that area and unfortunately the figure went wrong instead of six it came to be only eight and because of that and the background was that the local CPI(M) leaders of Nadia district were annoyed with him because he did not try to give them upper hand in certain cases, because he did not try to help them in some unjudicious decisions because he did not try to protect them in some faulty cases, so this Mr. Purakayastha had to be tansferred all on a sudden. In the mid-night the order was given and in the morning the reliever had been there, and within three hours' time, Sir, that respected dutiful D.M., that District Magistrate of the district of Nadia had to say good bye to his people with tears in his eyes. His fault was that he tried to love people, he tried to make co-operation with the common people, he tried to hear the cries of the common people, he tried to hear the grievances of the common people. Only because of that the DM was shifted within three hours' time. Sir, in this way the government administration has been totally politicalised, has been totally motivated. I think and I see very often that the Hon'ble Members of the Forward Block and R.S.P. also dispute with us. But in their daily life in discharging their own duties in the district they also met up with the same thing. If the district administration thinks that they will not hear

the representatives of Forward Block or R.S.P., members of the Forward Block or R.S.P. has nothing to do with it. They are only to sit outside the room of the District Magistrate because they are prompted in this way. They are directed in this way, they are indulged in this way, they are asked to funcction in this way. So, Sir, the entire State administration under our Hon'ble Chief Minister Mr. Jyoti Basu has become politicalised. So, the decisions are not taken in the administrative level. Sir, the decisions are being taken in the political headquarter in Alimuddin Street and that decision is sent there in the Writers' Buildings through their party machinery and the head of the administration sitting in the Writers Buildings or in the district administration sitting in the district either to abide by the instruction of the political leaders or to say good-bye and their fate will be that of Mr. Arkoprovo Deb or will be that of Mr. P. K. Sengupta or will be that of Mr. Purakayastha, D. M. of Nadia.

[4-20 — 4-30 P.M.]

In this connection, I want to submit that during the last 19 years, there 16 Bandhs or Hartals. Out of the 16 Hartals, Sir, nine were called by the Ruling Party or the Government and seven were called by the Oposition Congress. So, in 16 Bandhs, if you go through the circulars on the even of the Bandhs, the circulars were given by the Home Secretary and the Chief Secretary. What did the circulars contain, in this year also? On last 5th of this month that means 5th July, there was a Bandh called by the Congress. There was a circular No. 424/PS/2/7/96. The Chief Secretary, Mr. Mazumdar is send the circular, asking all these State Government's employees to be in the office in time, and if they fail to turn up the office in time their services will be disrupted, discontinued. No extra leave will be given, no special leave will be given, no leave will be granted, their services will be discontinued. This was the threatening, given by the Chief Secretary of the State on 2nd July, in Circular No. 424/PS/2/7/96. I would have been happy if the circular had been passed during the last nine Bandhs. In other Bandhs, when the Bandhas were called by the Ruling Party or the Government then the circulars were given that the Government offices would not be opened because there will be disruption in the Government offices. So the caretaker was given instruction.....

(At this stage the mike was off)

**শ্রী শিবপ্রসাদ মালিক :** মাননীয় স্বরাষ্ট্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ১৯৯৬-৯৭ সালের যে ব্যয়বরাদ্দের দাবি উপস্থাপিত করেছেন, সেটাকে সম্পূর্ণরূপে সমর্থন করে কয়েকটি কথা

বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে যে জনসংখ্যা, তার ভিত্তিতে আমাদের প্রশাসনিক অবস্থান। আমাদের দেশের অন্যান্য রাজ্যের তুলনায়, আমাদের রাজ্যের ব্লক থানা এবং জেলার সংখ্যা অনেক কম। আমাদের যে জনসংখ্যা তার নিরিখে আমাদের আয়তনের সংখ্যা কমানো প্রয়োজন। এটা না হলে জনগণের পরিষেবার ক্ষেত্রে অনেক অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। মাননীয় মন্ত্রী কয়েকটা মহকুমা ভাগের কথা বলেছেন। আমি মনে করি যে, শুধুমাত্র মহকুমা ভাগ হয়, এখানে অনেক বড় ব্লক, থানা এবং জেলা আছে, সেগুলিকেও ভাগ করা প্রয়োজন। যেমন—মেদিনীপুর জেলা, ভারতবর্ষের ছোট রাজ্যগুলির মত একটা বৃহৎ জেলা। ভৌগলিক অবস্থানের ক্ষেত্রে এবং জনগণের পরিষেবার ক্ষেত্রে আয়তন কমানোর জন্য একটা কমিটি তৈরি করা প্রয়োজন। আমাদের প্রশাসনিক যে অবস্থার মধ্যে আমাদের সরকার দাঁড়িয়েছে, আমি মনে করি যে প্রশাসন যন্ত্র আজকে যতখানি দক্ষ এবং প্রগতিশীল হওয়া দরকার, সেক্ষেত্রে আমরা লক্ষ্য করছি যে, ওপর তলা থেকে নিচের তলা পর্যন্ত একটা ঢিলেমি ভাব আছে।

প্রশাসনের মধ্যে একটা ঢিলেমি আছে, যার ফলে মানুষ হতাশাগ্রস্ত হচ্ছে। বিভিন্ন ব্লক থেকে রাইটার্স পর্যন্ত আমরা বিভিন্ন কাজে, বিভিন্ন দপ্তরে যখন যাই তখন অনেক ক্ষেত্রে বেলা ১১টার সময় কাউকে পাওয়া যায় না। অনেক ক্ষেত্রে দেখি অফিসার নেই। একদিকে প্রশাসনিক দীর্ঘসূত্রতা, অন্যদিকে লাল ফিতের বাঁধন—এটা আজকে কমানোর দরকার বলে আমি মনে করি। তা নাহলে আজকে যে অবস্থার সৃষ্টি হয়েছে তার থেকে রেহাই পাওয়া যাবে না। প্রশাসনের ঢিলেমি কাটিয়ে তোলা দরকার। পশ্চিমবঙ্গের বিভিন্ন দপ্তরের আরও উন্নতির জন্য যে সাবজেক্ট কমিটি তৈরি হয়েছে সেই সাবজেক্ট কমিটিগুলো দপ্তরগুলোকে পরিচালনা করছেন, দপ্তরগুলোর সাথে আলোচনা করছেন এবং তাঁদের যুক্তি দিচ্ছেন। কিন্তু আমরা দেখছি তাঁদের যুক্তি, সুপারিশগুলো অনেক ক্ষেত্রে কার্যকরি করা হচ্ছে না। সেগুলো যদি কার্যকরি করা হয় তাহলে সেগুলো লালফিতার বাঁধনে পড়ে থাকছে। অপরদিকে উপরতলায় বিভিন্ন পদ সৃষ্টি করা হচ্ছে। অথচ নিচের তলায় পদ সৃষ্টি হচ্ছে না। যার ফলে মাথাভারি প্রশাসন তৈরি হচ্ছে। এটা কমানোর দরকার। উচ্চপদস্থ কর্মচারিরা ট্রান্সফার হয়ে আসছেন, কিন্তু রিলিভার থাকছে না। ফলে প্রশাসনের ভিতর ওয়ার্ক-কালচার নষ্ট হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন প্রশাসনের দুর্নীতি রোধ করার জন্য ভিজিলেন্স কমিশন অনেকগুলো ক্ষেত্রে তাদের দায়িত্ব পালন করে চলেছেন। ভিজিলেন্স কমিশনকে আরও গতিশীল হতে হবে। দুর্নীতি দমন করার জন্য ভিজিলেন্স কমিশনকে আরও বেশি প্রসারিত করলে ভাল হয়। এছাড়া পি. এস. সি.র পরীক্ষার মধ্যে দিয়ে কর্মী নিয়োগ করা হয়। কিন্তু রাজ্য সরকারের বাণিজ্যিক যে বিভাগগুলো আছে, সেখানে বাণিজ্যিক সংস্থাগুলোতে যদি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে কর্মি নিয়োগ করার ব্যবস্থা হয় তাহলে ভাল হয়। এছাড়া উপরতলায় পুনর্নিয়োগ হয়, কিন্তু নিচের তলায় পুনর্নিয়োগ হয় না। উপর তলায় যেমন দক্ষতার মাপকাঠিতে পুনর্নিয়োগ করা হয় তেমনি আমি মনে করি, নিচের তলাতেও অনেক দক্ষ কর্মী আছেন এবং তাঁদের পুনির্নিয়োগ করলে কাজের অনেক গতি আসে। সরকারি কাজে মাননীয় মুখ্যমন্ত্রী বাংলাভাষা প্রচলন করার কথা বলেছেন। কিন্তু সার্বিকভাবে সেটার প্রচলন হয়নি। বাংলাভাষাকে সর্বক্ষেত্রে প্রসার করার জন্য আমি অনুরোধ করছি। পরিশেষে বলি, আমাদের রাজ্যে কতকগুলো

ভাতা—যেমন বিধবা ভাতা ইত্যাদি প্রদান করা হয়। এর জন্য বিভিন্ন জেলায় যে কোটা আছে সেই কোটাগুলো সব পূরণ করছে না। অনেকে আছেন যাঁদের এই ভাতার উপর নির্ভর করে জীবিকা নির্বাহ করতে হয়। কিন্তু অনেক জায়গায় ৬ মাস পর পর ভাতা দেওয়া হয়। এই ভাতা যাতে প্রতি মাসে দেওয়া হয় তার জন্য আমি অনুরোধ করছি। মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন সেটাকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-30 – 4-50 P.M.]

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী, তথা স্বরাষ্ট্র মন্ত্রী কর্মিবর্গ প্রশাসনিক সংস্কার বিভাগের যে বাজেট ভাষণ পরিবেশন করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে আনা কাট মোশনের সমর্থনে আমার বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, দেশের সাংবিধানিক, প্রশাসনিক ক্ষমতা প্রাপ্তি হয়েছে—একটা হল কেন্দ্রের, একটা রাজ্যের, একটা জেলার, একটা পঞ্চায়েত সমিতির আর একটা গ্রাম পঞ্চায়েতের। এর পাশে আছে মহকুমা এবং ব্লকের সিভিল অ্যাডমিনিস্ট্রেশন। এক্ষেত্রে কেন্দ্রের ব্যাপারে একটা কমিশন বসেছিল—সারকারিয়া কমিশন, তার বক্তব্য ছিল রাজ্যের হাতে কিছু কিছু ক্ষমতা দেওয়া। আর, রাজ্যের ক্ষেত্রে বর্তমান রাজ্য সরকার একটি কমিশন বসিয়েছিল—মিত্র কমিশন, প্রসাসনিক সংস্কার বিষয়ে। প্রশাসনিক সংস্কারই প্রধান বিবেচ্য ছিল। তারা যেটা সুপারিশ করেছিল, সেটা পুরোপুরি বাদ দেওয়া হয়েছে। মিত্র কমিশনের প্রধান বক্তব্য ছিল—সাধারণ মানুষের যাতায়াত, প্রশাসনিক সুবিধা, ইত্যাদি সুবিধা পাওয়ার ক্ষেত্রে জনবহুল জেলাগুলোকে বিভক্ত করা হোক। কিন্তু দুর্ভাগ্যের বিষয়—বর্ধমান এবং মেদিনীপুর, এই দুটো জেলাকে বাদ দিয়ে ভাগ করা হলো পশ্চিমদিনাজপুর জেলাকে। আমার বক্তব্য এই যে, সরকারি দলের সদস্য যারা আছেন, তারা বলুন—কন্ট্রোল ওভার অ্যাডমিনিস্ট্রেশন বাই দা পিপ্‌ল অর্থাৎ জনগণের দ্বারা প্রশাসনকে কন্ট্রোল করা—নৈতিকতার দিক থেকে বাস্তবের দিক থেকে, আদর্শের দিক থেকে বলুন এই কথাটা ভুল? এই যদি হয়, সেই প্রশাসন কি জনমুখী হবে? কথায় নয়, কাজে উত্তর। প্রশাসনের ক্ষেত্রে মানুষের বিচার প্রশাসনের কাছ থেকে সহজলভ্য হবে, তাতে সাধারণ মানুষের সমস্যা দূর হবে। সেই কারণে দৃঢ়ভাবে বলছি, মিত্র কমিশন প্রশাসনিক ক্ষেত্রে যা করতে চান, রাজ্য সরকার কিছু কিছু ক্ষেত্রে সংস্কার করলেও তা সঠিকভাবে হয়নি। মেদিনীপুর জেলার অধিবাসী আমি, সেখানকার বিধায়ক। সারা ভারতবর্ষের জনসংখ্যা যেখানে ৯২ কোটি, সেখানে শুধু মেদিনীপুর জেলায় জনসংখ্যা প্রায় এক কোটি। কিন্তু প্রশাসনের জন্য সেখানে প্রশাসনিক সংস্কার হচ্ছে না। ঐ জেলার আধিবাসী হিসাবে, বিধায়ক হিসাবে মিত্র কমিশনের প্রথম সুপারিশটি গ্রহণের জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জোরালভাবে দাবি করছি কারণ, এটা না হলে শুধু কথার ফুলঝুরিতে জনগণের উপকার হবে না। প্রশাসনকে জনমুখী করতে গেলে কতগুলো জিনিস করা একান্ত প্রয়োজন। জনমুখী বলে পঞ্চায়েত, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিকে সীমাবদ্ধ রাখা ঠিক হবে না। আমরা জানি, এখনও জেলার প্রশাসনের ক্ষেত্রে ডি. এম. আছে, এস. পি. আছে, এখনও পুলিশ প্রশাসনের জন্য আলাদা বাজেট থাকে। এটা বাদ দিলেও আমি মনে করি, জনমুখী করার ক্ষেত্রে এখনও বুরোক্রাসী বা আমলাতন্ত্র বলতে যে জিনিসটাকে আমরা বুঝি, তা আছে। এখনও সাধারণ মানুষ আই. এ. এস., আই. পি. এস., ডব্লু. বি. সি. এস.

অফিসারদের কাছে যেতে পারে না। মুখ্যমন্ত্রী নতুনভাবে এই বিষয়ে নির্ণয় নিন। আজকে মুখ্যমন্ত্রী জনসাধারণের সঙ্গে দেখা করেন না রাইটার্স ছাড়া। এটা একটা অপরাধ। আমি মনে করি, দেশের প্রধানমন্ত্রী, রাজ্যের মুখ্যমন্ত্রী সাধারণ মানুষের সাথে দেখা করুন। যারা জনসাধারণের কথা বলেন, তাদের কথা বলছি। মুখ্যমন্ত্রী আমার বক্তব্য শুনুন এবং প্রকৃষ্ট জবাব দিন। বৃদ্ধ বয়সে তিনি আরও বেঁচে থাকুন, ব্যক্তিগতভাবে তাঁর দীর্ঘায়ু কামনা করি। ভারতবর্ষের মানচিত্রে পশ্চিমবঙ্গের একটি স্থান রয়েছে।

আমি ব্যক্তিগতভাবে মনে করি, ভারতবর্ষের মধ্যে সবচেয়ে দুর্বলতম প্রশাসন এই পশ্চিমবাংলায় রয়েছে। এখানে রাজনীতি ছাড়া প্রশাসনে কোনও কাজ হয় না। আজকে ঘটনাচক্রের পরিবর্তিত স্রোতে আপনারা সারকারিয়া কমিশনের কথা বলেছেন কিন্তু জোরালো গলায় মিত্র কমিশনের কথা বলছেন না কেন? রাজ্যের মুখ্যমন্ত্রী একথা বলুন না, বড় জেলাকে ভাগ করতে হবে। আজকে বিহারে ৩৩টা জেলা ছিল তাকে ভেঙে ৫৫টা জেলা করা হয়েছে। উত্তরপ্রদেশে ৩২টা জেলা ছিল তাকে ভেঙে ৬৯টা জেলা করা হয়েছে। তাঁরা কি ভুল করেছেন? আর আপনারা ঠিক করছেন? আপনারা আজকে বলছেন, জনমুখি বাজেট, প্রশাসন ইত্যাদি। আরও বলছেন, আমাদের সরকার জনগণের দ্বারা, জনগণের জন্য এবং জনগণের পক্ষে। কিন্তু আজকে কি দেখা যাচ্ছে? দেশের সাধারণ মানুষ, খেটে-খাওয়া মানুষ তারা প্রশাসনের সঙ্গে দেখা করতে পারছেন না। তারা পুলিশের হাতে অত্যাচারিত হচ্ছে, সমাজবিরোধীদের দ্বারা অত্যাচারিত হচ্ছে। তারা বিচারের জন্য ডি. এম., এস. পি.র সঙ্গে দেখা করতে পারেন না। আমরা বলি এটা ঠিক নয়। অনেকভাল ডি. এম., এস. পি. আছেন কিন্তু অধিকাংশই ভাল নন। আবার বুরোক্রাটরা সাধারণ মানুষের কাছে সহজলভ্য বলে মনে করি না। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে এবং মন্ত্রীবর্গকে বলব, জনসাধারণের সঙ্গে যাতে প্রশাসনের যোগাযোগ বাড়ে সেটা দেখা দরকার। জনমুখী, গণমুখী, জনগণের দ্বারা, জনগণের জন্য, জনগণের পক্ষে যে কথা বলা হয়—সেটা ঠিক হবে। অর্থাৎ অফ দি পিপল, ফর দি পিপল অ্যান্ড বাই দি পিপল। ইট ইজ ইজিয়ার টু সে বাট ইট ইজ মোর ডিফিক্যাল্ট টু পারফর্ম ইট। তাই আমি আপনার কাছে অনুরোধ করব, নতুনভাবে একটা নয়া দিগন্তের সূচনা করুন যাতে সাধারণ মানুষ বুরোক্রাটদের সঙ্গে সহজভাবে দেখা করতে পারে। রাইটার্স বিল্ডিং-এ মানুষ বসে থাকে সেক্রেটারি, ডেপুটি সেক্রেটারির সঙ্গে দেখা করতে পারে না। এখানে পঞ্চায়েত মন্ত্রী আছেন, এখানে বেশির ভাগ পঞ্চায়েতের ক্ষেত্রে আমরা কি দেখছি? পঞ্চায়েতরাজটা আজকে সি. পি. এম. রাজে পরিণত হয়েছে। সেখানে সি. পি. এম.র লোক হলে তার কোনও বিচার হয় না। স্যার, আমি আজকে পঞ্চায়েত দপ্তরে গিয়েছিলাম। আমি স্পেশ্যালি বলতে চাই। সেখানে আজকে ডাইরেক্টর চালু হলো, সেক্রেটারি চালু হলো কিন্তু পঞ্চায়েতের কি ক্ষমতা আছে? আমরা ইন্দিরা আবাস, আই. আর. ডি. পি.র প্রভৃতি স্কীম তৈরি করব আর আপনারা নাম দিয়ে বেড়াবেন। সেখানে দেখা যাচ্ছে, পঞ্চায়েত সমিতিকে বাইবাস করে যাওয়া হচ্ছে। পঞ্চায়েত সমিতির যে তিনজন, সুপারভাইজার, লিস্ট করবেন—এই রকম বহু প্রমাণ আছে। সমস্ত বিষয়েই আপনারা রাজনীতি করছেন। অথচ বক্তৃতায় আপনারা গণমুখী, জনমুখী, জনগণের দ্বারা, জনগণের জন্য—ইত্যাদি কথা বলছেন। আমি ক্যাটাগরিক্যালি বলতে চাইছি, মাননীয় সরকারি দলের সদস্যরা, আপনারা রাজনীতি একটু কমান তাহলে

দেশের প্রশাসনের পক্ষে ভালো হবে। রাজনীতি সর্বস্য করতে যাবেন না। আজকে বিশ্বের প্রেক্ষাপটে কমিউনিস্ট পার্টি মুছে যাচ্ছে। সারা ভারতবর্ষে মাত্র তিনটে জায়গায় কমিউনিস্ট পার্টি রয়েছে। আর ভারতবর্ষের বাইরে সারা পৃথিবীতে জনমুখী মাত্র তিনটে দেশে কমিউনিস্ট পার্টি বিরাজমান আছে। তাই আমি মনে করি জনমুখী প্রশাসন করতে হলে, পঞ্চায়েতের উপর এবং জেলা প্রশাসনের সঙ্গে সাধারণ মানুষের সহজলভ্যতা আরও বাড়াতে হবে। যাই হোক স্যার, আমার সময় শেষ হয়ে গেছে, যদিও আমার আরও অনেক কিছু বলার ছিল। তাই আমি এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে এবং কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 P.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৮ এবং ১৯ নং দাবির অধীন ব্যয় বরাদ্দের মঞ্জুরি সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে দাবি উত্থাপন করেছেন তা আমি সমর্থন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত বছরে মাননীয় মুখ্যমন্ত্রী এ সম্পর্কে যে বিবৃতি দিয়েছিলেন তাতে তিনি স্পষ্ট করে বলেছেন সারকারিয়া কমিশন তার সিদ্ধান্ত কার্যকর করা হয় নি। তিনি হতাশা প্রকাশ করেছেন, এবারেও সেই অবস্থায় থেকে গেছে। তবে যেটা গুরুত্বপূর্ণ বিষয়ে সেটা হচ্ছে, এই অশোক মিত্র তার প্রশাসনিক সংস্কার রিপোর্টে প্রকাশ করেছেন, সেই রিপোর্ট অধিকাংশই কার্যকর করা হয়েছে, অনেক ক্ষেত্রে পুরোটা হয় নি, তবে কিছুটা হয়েছে। যদিও আমি মনে করি উপনিবেশিক শাসনের প্রয়োজনে যে প্রশাসনিক কাঠামো গড়ে উঠেছিল তা থেকে কখনই আজকের দিনে একটা জনমুখী প্রশাসন গড়ে তোলা সম্ভব নয়। আমূল পরিবর্তন আসবে না, তবে গুণগত পরিবর্তন আসবে। আমি প্রথমে অশোক মিত্র কমিটির যে সাজেশন ছিল তার উপর ভিত্তি করে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাবো। প্রশাসনিক সংস্কারের অশোক মিত্র কমিটি যে রিপোর্ট তার ৩৫নং ধারায় ছিল পশ্চিমবাংলায় বিশেষকরে এখানে যখন বামফ্রন্ট সরকার এবং বিভিন্ন দল মন্ত্রীসভা চালায় এবং মুখ্যমন্ত্রী সর্বময় কর্তা। বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় রেখে বিভিন্ন দপ্তর একযোগে কাজ করলে সংশ্লিষ্ট দপ্তরগুলিতে যে সাফল্য পাওয়া যায়, সেই দিকে লক্ষ্য রেখে মিনিস্টার ফর কো-অর্ডিনেশন হিসাবে একজন মন্ত্রী রাজ্যে থাকা দরকার, তার ফলে গোটা কাজে সমন্বয় আসবে এবং এতে সাধারণ মানুষের কাজে সুবিধা হবে। অশোক মিত্র কমিটির রিপোর্টে আরেকটা কথা ছিল একটা লিয়াজো অফিসার নিয়োগের। ভারতবর্ষে ফেডারেল কারেকটার, যুক্ত রাষ্ট্রীয় চরিত্র সেখানে দিল্লির উপর নির্ভরশীল থেকে নানা কারণে টাকা-পয়সা আদায়ের ব্যাপারে, পশ্চিমবঙ্গের দাবি আদায়ের ব্যাপারে একটা যোগাযোগ ব্যবস্থা থাকা দরকার। অশোক মিত্র কমিটির সেই সুপারিশ করা হয়েছিল। সেটা কার্যকর করা হয় নি। আমি মনে করি এটা খুবই গুরুত্বপূর্ণ। পশ্চিমবঙ্গের মতো রাজ্যে যেখানে গণতান্ত্রিক আন্দোলন আছে, যেখানে শ্রেণীগত লড়াই আছে, স্বাভাবিক ভাবেই সংঘর্ষ হবে, নানা বাধা আসবে, সেই সব কারণেই পুলিশ অ্যাডমিনিস্ট্রেশন অত্যন্ত গুরুত্বপূর্ণ। একজন স্বরাষ্ট্রমন্ত্রী তার পক্ষে কলকাতা এবং বিভিন্ন জেলার প্রধানের মধ্যে সমন্বয় করা সম্ভব নয়। জেলায় এক জন এস.পি. অনেক দিন বসে আছেন সেখানে সে মনসবদার হয়ে যায়। এস.পি. যদি যোগ্য হয় তাহলে গোটা জেলার উন্নতি হয়, আর যদি অপদার্থ হয়, মোটিভেটেড হয় তাহলে সেই

জেলার প্রশাসন ভেঙে পড়ে এবং সেখানে নানা ধরনের নৈরাজ্য দেখা দেয়। পুলিশ অ্যাডমিনিস্ট্রেশন সম্পর্কে অশোক মিত্র কমিটির সুপারিশ ছিল সেখানে একটা সেপারেট কমিটি গঠন করা হবে মন্ত্রীর নিচে। সেপারেট কমিটি গঠন করা হবে পুলিশি ব্যবস্থাকে সুষ্ঠুভাবে পরিচালনা করবার জন্য। আমার মনে হয় এটার প্রয়োজনিয়তা আছে এবং এটার দরকার আছে জনস্বার্থেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয় তার বিবৃতির মধ্যে একটা কথা বলেছেন বিকেন্দ্রীকরণের প্রশ্নে অনেকগুলি মহকুমা তৈরি করা হয়েছে। এই ক্ষেত্রে আমি বলব যে রকম রিপোর্ট এসেছে সেই মতো ব্যবস্থা করেছেন। তেহট্ট নতুন মহকুমা হলো। কৃষ্ণনগর (উত্তর) নতুন কিছু নয়, মহকুমা ছিল ১৯৫২ সাল থেকে। নাকাশিপাড়া তেহট্ট, করিমপুর, চাপড়া, কালিগঞ্জ নিয়ে নতুন তেহট্ট মহকুমা হবার কথা হয়েছিল। তারপর সেখানে যে স্থান নির্বাচন করা হলো তাতে চাপড়া আপত্তি করল, নাকাশিপাড়া আপত্তি করল, কালীগঞ্জ আপত্তি করল, তারপরও তেহট্ট মহকুমা চালু করা হলো এবং কিভাবে হলো দুটো থানা নিয়ে, করিমপুর আর তেহট্ট। কেন হলো, কোন জনগণের জন্য হলো? মোট জনগণের পাঁচ ভাগের তিন ভাগই কৃষ্ণনগরের মধ্যে থেকে গেল। তাই আমি বলছি জন-স্বার্থকে শ্রদ্ধা জানিয়ে তেহট্ট মহকুমা করায় যদি কোনও ভুল হয়ে থাকে তাহলে তা পুনর্বিবেচনা করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দীর্ঘদিন ধরে এখানে তথ্য সংস্কৃতি মন্ত্রীর বক্তব্য শুনছি, তার বাজেট বিবৃতিতে দেখছি মুখ্যমন্ত্রীও বলে থাকেন—'প্রশাসনের সর্বস্তরে বাংলা ভাষা ব্যবহার করা হবে। তবে কিছু বাধা আছে'। চিরকালই কি এই বাধা থেকে যাবে? বাংলা-ভাষা ব্যবহারের কথা প্রতি বছরই ঘোষণা করা হচ্ছে, কিন্তু অগ্রগতি কিছুই হচ্ছে না। আমার মনে হয় কোথাও এমন একটা জায়গা আছে যেখানে কিছু মানুষ ইংরাজি সামনে রেখে নিজেদের কর্তৃত্ব বজায় রাখতে চান। অথচ আমাদের রাজ্যে সাধারণ মানুষের ভাষা ইংরাজি নয়। আমাদের রাজ্যে জনগণের ভাষা হচ্ছে বাংলা-ভাষা। এখানে আমরা জনগণের কথা বলব, জনগণের জন্য কাজ করব, অথচ জনগণের মুখের ভাষা ব্যবহার করব না, আমাদের কাজের ভাষা হবে ইংরাজি। এটা হতে. পারেনা। এমন কি ব্লক স্তরে পর্যন্ত ইংরাজিতে চিঠি যায়, সেটাও কি বাংলায় লেখা যায় না? আমরা সকলে একটা হীনমন্যতায় ভুগছি—রাইটার্স বিল্ডিং-এর মন্ত্রী থেকে আমলারা সকলে একটা হীনমন্যতায় ভুগছেন। বাংলায় লিখলে কি মহাভারত অশুদ্ধ হয়ে যাবে, কর্ম দক্ষতা কমে যাবে? কেউ ইংরাজি বলতে পারেন, কেউ পারেন না—এর মধ্যে দক্ষতার কোনও প্রশ্ন নেই। নিজের ভাষা ছাড়া অন্য ভাষা কেউ বলতে পারেন, কেউ পারেন না—এর মধ্যে দক্ষতার কিছু নেই। আজ পর্যন্ত প্রশাসনিক স্তরে বাংলা-ভাষাকে সঠিকভাবে চালু করার কেন জোরালো প্রচেষ্টা হলো না? আমি আশা করব এই যে অবস্থা চলছে এটা কাটিয়ে উঠে পরবর্তী কালে বাংলা-ভাষা ব্যবহারের চেষ্টা হবে, নিচের তলার মানুষের কাছে সরকারি চিঠিপত্র বাংলা-ভাষার মাধ্যমে পৌছে দেয়া হবে। বিভিন্ন সরকারি আদেশগুলি যাতে বাংলায় প্রদান করা যায় তার জন্য ব্যবস্থা করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটা বিষয়ের প্রতি সরকারের তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি একটা ডাইনোসোর বডি হয়ে গেছে। এম.এল.এ. এম. পি.-রা সেখানে মেম্বার ঠিকই, কিন্তু তারা সেখানে বেশি দূর পৌছাতে পারেন না। জেলা পরিষদের সভাধিপতি এবং সদস্যরাই সেখানে ভূমিকা গ্রহণ করেন। ডাইনোসার জীব-বিজ্ঞান অনুযায়ী যদিও বিলুপ্ত

হয়েছে, কিন্তু আমাদের ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিগুলো তারই প্রতীক হিসাবে যেন গড়ে উঠেছে। এই বিশাল বডি নিয়ে কোনও প্ল্যানিং করা যায় বলে আমি মনে করি না। আমার যত দূর মনে পড়ছে পঞ্চায়েত ব্যবস্থা সম্পর্কে ই.এম.এস. নাম্বুদ্রিপাদের একটা বই আছে— সেখানে দুটো স্তর পঞ্চায়েতের কথা বলা হয়েছে, গ্রাম পঞ্চায়েত স্তর এবং ব্লক স্তর। আর সবার ওপরে থাকবে প্ল্যানিং কমিটি। জেলা পরিষদের নির্বাচনের কোনও দরকার নেই। প্ল্যানিং কমিটিতে সভাপতি থাকবে এবং এম.এল.এ. এম.পি.-রা থাকবে। এই কারণেই এম.এল.এ., এম.পি.দের থাকার কথা বলা হয়েছে, তারাও জনপ্রতিনিধি। তাদের প্রতিনিধিত্বকে প্রশাসনিক স্তরে অর্থবহ করে তুলতে হবে। শ্রদ্ধেয় ডাঃ গৌরিপদ দত্ত মহাশয় বললেন, শুধু পঞ্চায়েত সদস্যরাই জনপ্রতিনিধি নয়, বিধানসভার সদস্যরা, লোকসভার সদস্যরাও জনপ্রতিনিধি, সুতরাং তাদেরও কিছুটা প্রশাসনিক ভূমিকা পালন করার সুযোগ দেওয়া উচিত। সেটা একটু দেখা দরকার। আজকে তাদের সেই ভূমিকা পালনের কোনও জায়গা নেই। যদিও আমরা পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করার ব্যাপারটাকে পুরো মাত্রায় সমর্থন করি। কিন্তু বাস্তবে কি হচ্ছে? ক্ষমতা ভীষণভাবে কেন্দ্রীভূত হয়ে গেছে। সভাধিপতি কম করে ৬০ থেকে ৬৫টা কমিটির সভাপতি। তারপরে বৃক্ষরোপণ অনুষ্ঠানে, উদ্বোধন ইত্যাদি নানা রকম ব্যাপার আছে। যার ফলে একজন মানুষের পক্ষে এই সমস্ত কিছু করা সম্ভব হয় না। অথচ সভাধিপতির হাতে আজকে বড় বেশি ক্ষমতা কেন্দ্রীভূত হয়েছে। সে জন্য বলব, এটা একটু ভাবতে হবে। সাধারণ প্রশাসনকে গতিশীল করতে হলে আরও ছোট বডি করতে হবে প্ল্যানিং-এর। প্ল্যানিং-এর ব্যাপারে আমাদের এম.এল.এ. দেরও তো কোনও বক্তব্য থাকতে পারে। কিন্তু আমাদের যখন ডাকা হয় তখন সব কিছু হয়ে যায়, শুধু অনুমোদনের জন্য ডাকা হয়। ফলে আমাদের কোনও ওপিনিয়ন দেওয়ার সুযোগ থাকে না। হয়ত আমাদের মধ্যে কেউ কেউ ভাগ্যবান থাকতে পারেন, তারা এ ক্ষেত্রে কিছু সুযোগ পান। প্রশাসনকে জনমুখী করতে হলে, সর্বস্তরের জন-প্রতিনিধিদের তার সঙ্গে যুক্ত করতে হবে। এম.এল.এ., এম.পি.-রাও জন-প্রতিনিধি, তারাও জনগণের বিপুল ভোটে নির্বাচিত হন। তাদের প্রশাসনিক কাজে কিভাবে যুক্ত করা যায় তা ভাবতে হবে। তারপর আর একটা কথা বলব, আমাদের এই প্রশাসন, ব্রিটিশ আমলের প্রশাসন, একে জনমুখী করতে গেলে নতুন করে আবার কমিটি গঠন করতে হবে।

[4-50 — 5-00 P.M.]

অশোক মিত্র কমিটির রিপোর্ট যথেষ্ট নয়, পর্যাপ্ত নয়। নতুন করে প্রশাসনিক সংস্কার কমিটি গঠন করতে হবে। অশোক মিত্র কমিটির গুরুত্বপূর্ণ বিষয় ছিল—আমরা যারা জনপ্রতিনিধি তারা সরাসরি মন্ত্রীদের কাছে যাচ্ছি অভাব-অভিযোগ নিয়ে, আমলাদের কাছে যাচ্ছি, আই.এ.এস এবং আই.পি.এস অফিসারদের কাছে যাচ্ছি এবং যেতে পারছি। কিন্তু সাধারণ মানুষের কথা ভেবে অশোক মিত্র কমিশনের রিপোর্টের মধ্যে ছিল পাবলিক গ্রিভান্স সেল করতে হবে। আমি শুনলাম, তথ্য সংস্কৃতি দপ্তরের মাধ্যমে এইরকম পাবলিক গ্রিভান্স সেল করা হয়েছে। কিন্তু আমি চাই প্রতিটি দপ্তরে এই পাবলিক গ্রিভান্স সেল করা হোক। সাধারণ মানুষ যারা অভাব-অভিযোগ জানাচ্ছেন, নিয়মিত চিঠিপত্র লিখছেন, তাদের সঙ্গে যোগাযোগ এবং সেই অভাব-অভিযোগের প্রতিবিধানের জন্য পাবলিক গ্রিভান্স সেল করার

কথা ডঃ অশোক মিত্র কমিশনের রিপোর্ট-এর ৬১ নম্বরে পরিষ্কার করে বলা হয়েছে। এটা অত্যন্ত যুক্তিযুক্ত। তারা মন্ত্রীদের ধরতে পারছেন না, বিধানসভার সদস্যদের ধরতে পারছেন না, আই.এ.এসদের কাছে যেতে পারছেন না, সুতরাং জনসাধারণের অভাব-অভিযোগ জানাবার জন্য পাবলিক গ্রিভান্স সেল প্রতিটি দপ্তরের সঙ্গে যুক্ত হোক এই আবেদন আমি রাখবো। তারপর আর একটি বিষয়ে আমি বলবো। আমাদের দেশে একটা নিয়ম আছে, সব কিছুতেই ছুটি। আনন্দ হয়েছে, তারজন্য ছুটি, খেলায় জিতেছে, তারজন্য ছুটি। যা কিছু হবে সবেতেই ছুটি। এই ছুটি কমাতে হবে এবং ওয়ার্কিং ডেজ বাড়াতে হবে। এমনিতেই অফিসের যা অবস্থা—যাই বলুন না কেন—বাস্তব অবস্থা হচ্ছে, অফিসগুলি ঠিক-ঠিকমতো চলে না, চালানো হয় না। সেইজন্য কমিটির রিপোর্টের মধ্যে বলা ছিল—আমি কমিটির রিপোর্ট-এর উপর নির্ভর করে বলছি—নাম্বার অফ হলিডেস রিডিউস করতে হবে। এই ব্যাপারে সরকারকে ভেবে দেখতে হবে। আর একটি গুরুত্বপূর্ণ বিষয়, প্রশাসনকে কেউ ভয় করে না। মন্ত্রীকে ভয় করে না। এমন এমন দপ্তর আছে যেখানে মন্ত্রীর কোনও ক্ষমতা নেই কর্মচারিদের ট্রান্সফার করার। যেমন বলতে পারি, ঐ টিউবওয়েল, রিভার লিফটের যেসব কর্মচারী আছেন অর্থাৎ ক্ষুদ্র সেচ দপ্তরের। নিচের তলার কর্মচারিদের বদলি করার কোনও ক্ষমতা নেই। তারা একই জায়গায় ১০।১৫ বছর ধরে থাকছে। তাদেরকে কেউ বদলি করতে পারবে না। কর্মচারিদের আন্দোলন, ইউনিয়নগুলির আন্দোলনের ফলে তারা বহাল-তবিয়তে থেকে গেছে। যারা বদলির যোগ্য, যারা ৩।৪ বছর আছে তাদেরকে নির্দিষ্ট করে বদলি করতে হবে।, এমনিতে কর্মচারিদের কিছু করা যায় না, তবে একটা করা যায়, সেটা হচ্ছে বদলি করা, কিন্তু সেই বদলি বন্ধ হয়ে গেছে। উঁচুতলার কর্মচারী যেমন, এস.ডি.ও, বি.ডি.ও, ও.সি-এরা বদলি হয়, কিন্তু নিচুতলার কর্মচারিরা বদলি হয় না। সবাই আন্দোলন করছে, সবার হাতে ঝান্ডা—এটাই হচ্ছে বাস্তব অবস্থা। সমালোচনা হলে মানতে হবে। কারণ বামফ্রন্ট সরকার যেভাবে জনগণের কাছে প্রতিশ্রুতিবদ্ধ, সেই কাজগুলি ঠিক ঠিক করতে গেলে বদলি যোগ্য কর্মচারিদের বদলি করতে হবে। ৩ বছর হয়ে গেলে তাদের যেতেই হবে অন্যত্র। আপনি খবর নিয়ে দেখুন, ব্লকে, জেলা প্রশাসনে, কালেকটোরেট বিল্ডিং-এ কেউ বদলি হবে না, অনড়, অচল হয়ে বসে আছে। এ ব্যাপারে আপনাকে দৃষ্টি দিতে হবে। কর্মচারিদের আন্দোলনের অধিকার আছে। দেশে প্রগতিশীল মানুষ আছে, কোনও সন্দেহ নেই, নিষ্ঠাবান কর্মচারী আছে—কোনও সন্দেহ নেই। কিন্তু এটাই বাস্তব অবস্থা। সুতরাং এই জায়গায় দৃঢ়তার সঙ্গে সিদ্ধান্ত নিতে হবে। এরপর শিক্ষা বিভাগ নিয়ে বলবো। বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন গোটা পশ্চিমবাংলাকে চালাচ্ছে। সল্টলেকে তার অফিসে সবাইকে দৌড়াতে হচ্ছে, দপ্তরে দপ্তরে ঘুরে বেড়াতে হচ্ছে। শিক্ষকরা বিভিন্ন প্রান্ত থেকে আসছেন তাদের কাজকর্মের জন্য। এক্ষেত্রে অশোক মিত্র কমিশনের সুপারিশ ছিল—যদিও অধিকাংশ সুপারিশ কার্যকর করা হয়েছে, কিন্তু কিছু কিছু হয়নি এবং সেটা হচ্ছে বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনকে ৩টি জোনে ভাগ করার কথা ছিল যেটা এখনো হয়নি। সুতরাং সেটা করতে হবে। আর একটা কথা বলছি, সল্টলেকে ভাল ভাল অফিস হয়েছে, সুন্দর-সুন্দর বাড়ি হয়েছে। কিন্তু লালফিতার কি মাহাত্ম্য আছে জানি না, ওখানে কেউ যেতে চান না, সবাই এখানে থাকতে চান। একথা পঙ্কজ ব্যানার্জী এবং সুব্রত মুখার্জীও বলেছেন।

সেখানে ধরে না, জায়গা পাওয়া যায় না। তবুও ওখানে থাকতে হবে। এটা সবচেয়ে বড় কারণ তারা যেতে চান না তা নয় মন্ত্রীরা যেতে চান না। এক জায়গায় থাকতে চায়। মুখ্যমন্ত্রীর সার্কুলার আছে, সল্ট লেকে বাড়ি আছে, আপনারা যান। এখানে কাজের চাইতে প্রচারটা মন্ত্রীরা বেশি চান বলে সল্ট লেকে যেতে চান না। আমি তথ্য ও সংস্কৃতি মন্ত্রীকে বলবো যে ওখানে সাংবাদিকদের একটা বসার জায়গা করে দিন রাইটার্স বিল্ডিং এর মত। কারণ প্রচারেরও একটা দিক আছে। সেইজন্য রাইটার্স বিল্ডিং থেকে সল্টলেকে যে সব বাড়ি হয়েছে, সেখানে তাদের পাঠাবার ব্যবস্থা করুন, সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীরা ব্যবস্থা নিন। এডুকেশন ডিপার্টমেন্ট যেমন সল্ট লেকে গেছে। আমি আগেও বলেছি, আমি মুখ্যমন্ত্রীর প্রতি যথেষ্ট শ্রদ্ধাশীল। তাই এই কটি কথা বলে বাজেট বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে হোম পার ডিপার্টমেন্টের ব্যয় বরাদ্দ দাবি পেশ করেছেন, আমি সেই দাবির বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যে সমস্ত কাট মোশন এসেছে, সেইগুলোকে সমর্থন করে আমি বিতর্কে অংশ গ্রহণ করছি। আমি সরকার পক্ষের মাননীয় সদস্য কয়েকজনের বক্তব্য শুনেছি, বিশেষ করে একটু আগে মাননীয় সদস্য জয়ন্তবাবুর বক্তব্য শুনলাম। জয়ন্তবাবু অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস্ কমিটি, ডঃ অশোক মিত্র কমিটির রিপোর্টের কিছু ব্যাখ্যা করে বললেন এইগুলো হয়নি। আমরা বলছি হয়নি। জয়ন্তবাবু যে কথাগুলো বললেন না, কেন হয়নি, কারা দায়ী সেটা কিন্তু বললেন না। অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটি বড় জেলাগুলোকে ভাগ করার কথা বলেছে, কিন্তু ভাগ করতে পারেন নি। ৮৩ সালে সেপ্টেম্বর মাসে এই রিপোর্ট পেশ করা হয়, আজকে এত বছর হয়ে গেল এই রিপোর্টটা কার্যকর করা হল না। ইন্দিরা গান্ধী তখন বেঁচে ছিলেন, এটা তাঁর তৈরি করে দেওয়া কমিটি নয়। অশোক মিত্র নির্বাচনে হেরে গিয়েছিলেন। আপনারা তাঁকে দিয়ে এই কমিটি করেন ৮২ সালের সেপ্টেম্বর মাসে। সেখানে মেদিনীপুর জেলাকে ভাগ করার কথা বলা হল। কিন্তু আজও মেদিনীপুর জেলাকে ভাগ করতে পারলেন না। ভাগ করলেন দিনাজপুর জেলাকে, উত্তর দিনাজপুর এবং দক্ষিণ দিনাজপুর করলেন। ঐ জেলা বড় ঠিক কিন্তু লোক সংখ্যা কম। মেদিনীপুর জেলাকে ভাগ করার প্রয়োজন মনে করেননি। আজকে কোনও ব্যবস্থা করতে পারলেন না। অথচ দিনাজপুরকে ভাগ করলেন। এই বিষয়ে আগেকার বিরোধী দলের নেতা অনেক কথা বলেছেন। অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটি অনেক কিছু 'মাস্ট' বলে কিছু কিছু কথা বলেছিলেন। সেইগুলো এখনও পর্যন্ত করেননি। ভিজিলেন্স কমিটি সম্পর্কে মাননীয় সদস্য সুব্রতবাবু বলেছেন। ভিজিলেন্স কমিটির রিপোর্ট ৮৩ সালে লাস্ট রিপোর্ট পেশ করা হয়েছে। দশ বছর ভিজিলেন্স কমিটির রিপোর্ট আর পেশ করা হয় নি। ওটাকে একটা স্ট্যাটুটারি বডি করার বিষয়েও আপনারা কোনও চিন্তা ভাবনা করেননি। সরকার এই ডিপার্টমেন্টের টাকা নিয়ে নয় ছয় করছে কী ভাবে দেখুন।

[5-00—5-10 P.M.]

১৫ই ফেব্রুয়ারি, ১৯৯৬ সালে আমারই এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী যা জানিয়েছিলেন আমি স্যার, সেটা তুলে ধরছি। আমার প্রশ্নটি ছিল, '১লা জানুয়ারি ১৯৭৭ থেকে ৩১শে

ডিসেম্বর ১৯৯৫ পর্যন্ত কতগুলি ঘটনার ক্ষেত্রে বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠন করা হয়েছে। 'উত্তর হচ্ছে, ২২টি। তার পরের প্রশ্ন ছিল,' এ পর্যন্ত কতগুলি তদন্ত কমিশন তাদের রিপোর্ট পেশ করেছেন? 'উত্তর হল, ১৩টি। তার পরের প্রশ্ন ছিল,' এ বাবদ কত টাকা ব্যয়িত হয়েছে? 'উত্তর হল, ১৯৯৪/৯৫ আর্থিক বছর পর্যন্ত মোট এক কোটি ৫৮ লক্ষ ১৮ হাজার ৩৬০ টাকা। ভেবে দেখুন স্যার, এই সরকার এসে ২২টি কমিশন করলেন, তার মধ্যে ১৩টি রিপোর্ট পেলেন, ১ কোটি ৫৮ লক্ষের বেশি টাকা খরচ হয়ে গেল কিন্তু এই জুডিসিয়াল এনকোয়ারির ভিত্তিতে একটি ক্ষেত্রেও ব্যবস্থা নিতে পারলেন না। ঐ মাটি কেলেংকারির ব্যাপার, যার সঙ্গে ওদের দলের অনেক নেতা জড়িত, বিশেষ করে একজন প্রাক্তন বিধায়ক যিনি আবার মন্ত্রী ছিলেন তিনি নিজে জড়িত ছিলেন, সম্ভবত ৮৩/৮৪ সালে তার জন্য কমিশন হল কিন্তু সেখানে একটা ইনজাংশন ভেকেট করার জন্য আজ পর্যন্ত সরকার ব্যবস্থা নিতে পারলেন না। ফলে সেই বিচারপতি এবং তার স্টাফরা বসে বসে মাহিনা পাচ্ছেন এবং এইভাবে সরকারি টাকা নয়ছয় হচ্ছে। এখানে সূর্যবাবু আছেন, আমি জানি উনি পঞ্চায়েত বাজেটের দিন অনেক বড় বড় কথা বলবেন যে পাওয়ার ডিসেন্ট্রালাইজ করেছেন ইত্যাদি কিন্তু এখানে তার জন্য ইনফ্রাস্ট্রাকচার হয়েছে কি? কেন্দ্রে কংগ্রেসের সরকার তো আরও পাওয়ার ডিসেন্ট্রালাইজ করে দিয়েছেন ঐ পঞ্চায়েতী রাজ, নগরপালিকা বিলের মাধ্যমে এবং সংবিধানের ৭২/৭৩ তম সংশোধনের মাধ্যমে কিন্তু এখানে পঞ্চায়েতগুলির ইনফ্রাস্ট্রাকচার কোথায়? পঞ্চায়েত প্রধানদের হাতে রয়েছে একটা করে জব অ্যাসিস্টেন্ট এবং পঞ্চায়েত সেক্রেটারি। কোনও কোনও পঞ্চায়েতে কোটি টাকাও খরচ হয় কিন্তু তাদের স্কীম করার ক্ষমতা নেই। তাদের কোনও টেকনিসিয়ান নেই এবং এমন কি অনেক পঞ্চায়েতে একজন টাইপিস্টও নেই। টাকা পঞ্চায়েতে যেটা যাচ্ছে সেখানে যদি ইনফ্রাস্ট্রাকচার না থাকে তাহলে তারা সেটা খরচ করবে কি ভাবে? তাহলে কি তারা সেইসব টাকা ভাগবাঁটোয়ারা করে নেবে? এখানে কোনও ইনফ্রাস্ট্রাকচার না করেই তাদের হাতে আপনারা ক্ষমতা দিয়ে দিলেন। সেখানে যারা নির্বাচিত হয়ে আসছেন তারা গণ আন্দোলনের মধ্যে দিয়ে আসতে পারেন, রাজনৈতিক অভিজ্ঞতা তাদের থাকতে পারে কিন্তু কাজ করতে গেলে যে ইনফ্রাস্ট্রাকচার থাকা দরকার সেটা তাদের নেই। মুখ্যমন্ত্রীর অফিস যদি না থাকে, সেক্রেটারিয়েট যদি না থাকে, সেক্রেটারি যদি না থাকে তাহলে তিনি কাজ করবেন কি ভাবে? ইরিগেশন মিনিস্টারের ইঞ্জিনিয়ার যদি না থাকে তাহলে তিনি কি নিজে গিয়ে বাঁধ বাঁধবেন, না, ভাঙ্গন রোধ করবেন? পাওয়ার ডিসেন্ট্রালাইজ হয়েছে কিন্তু আপনাদের ১৯ বছরে আপনারা এখানে ইনফ্রাস্ট্রাকচার গড়ে তুলতে পারেন নি। এর পর আর একটি প্রসঙ্গে আসি। অ্যাডমিনিস্ট্রেটিভ রিফরমস কমিশন বলেছিলেন, বাংলাভাষার মাধ্যমে সমস্ত সরকারি কাজ করতে হবে। চিঠির উত্তর বাংলায় দিতে হবে। আপনাদের ৪৮ জন মন্ত্রী আছেন, পুষছেন বললে রাগ করবেন, সত্যবাবু পুষছেন বলেছিলেন বলে আপনাদের রাগ হয়েছিল, আমি সে কথা বলতে পারছি না, কিন্তু এই যে ৪৮ জন মন্ত্রী রয়েছেন এদের কতজন চিঠির উত্তর দেন? সুব্রতবাবু বলছিলেন, আলিবাবা চাল্লিশ চোর, জ্যোতিবাবুর চাল্লিশ চোরে হয়না, আরও বাড়িয়েছেন। আমি রেফারেন্স নাম্বার দিয়ে বলতে পারি যে কতজন মন্ত্রী আমার চিঠির উত্তর দেন নি। সবচেয়ে বড় কথা, যে ক'জন উত্তর দেন তারাও বাংলায় উত্তর দেন না। স্যার, এই হাউসে আমার অনেক দিনের অভিজ্ঞতা আছে, তা থেকে বলতে পারি, আমি দেখেছি, মাননীয়

মুখ্যমন্ত্রী যখন কোনও স্টেটমেন্ট দেন, দৃষ্টি আকর্ষনী প্রস্তাবের উত্তর দেন তখন সবই ইংরাজিতে একটা হীণমন্যতায় ভুগছে এই সরকারের মন্ত্রিরা।

বাংলায় উত্তর দিলে, বাংলায় চিঠি দিলে বোধ হয় লোকে বুঝে নেবে যে লোক ইংরাজি জানে না। কিন্তু মুখ্যমন্ত্রী ইংরাজি কম জানেন, তা তো নয়, তার ইংরাজি দেখভা আছে। কিন্তু বাংলায় উত্তর দেব, বাংলায় স্টেটমেন্ট দেব—এই হীনম্মন্যতায় ভুগছেন। বাং ভাষার প্রতি সম্মান দিতে তারা কুণ্ঠাবোধ করেন। অনেক সময়ে তারা বলেন যে প্রতি শ পাওয়া যায় না, আমরা চেষ্টা করছি প্রতি শব্দ পাবার জন্য। আমাদের প্রতিবেশি রা বাংলাদেশ যদি সব বাংলায় করতে পারে তাহলে আমরা কেন পারব না? যে সরকা বাংলা ভাষায় কাজ করতে চায় না, বাংলা ভাষা চালু করতে চায়না, সেই সরকারের কা কি ভাবে আশা করব যে তারা বাংলা ভাষা চালু করবেন? কাজেই এই অবস্থা হয়েছে। এ সরকারের আমলে টেকনোক্রাট আর বুরোক্রাটদের মধ্যে ঝগড়া অনেকদিন ধরে শুনছি। এখ আবার আই.এ.এস এবং আই.পি.এসদের মধ্যে ঝগড়া শুরু হয়েছে এবং আই.এ.এস এ ডবলিউ.বি.সি.এসদের মধ্যেও এই ঝগড়া শুরু হয়েছে। আজকে এমন একটা অবস্থা তৈ করা হয়েছে যে বেশিরভাগ জেলায় ডি.এম এবং এস.পি'র মধ্যে বিরোধ সৃষ্টি হয়েছে আই.এ.এস অ্যাসোসিয়েশন আই.পি.এস অ্যাসোসিয়েশনের বিরুদ্ধে কথা বলছে। জেলার আইন শৃঙ্খলার দায়িত্ব এস.পি'র উপরে এবং জেলার আদার অ্যাডমিনিস্ট্রেশন ইনক্লুডিং ল এ্যা অর্ডার সিচুয়েশন-এর দায়িত্ব ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের উপরে। সেখানে দুই প্রধানের মধ্যে য ঝগড়া থাকে তাহলে কি অবস্থা হবে? বাঁকুড়ার ক্ষেত্রে যা শুনেছি সেটা দলের ঝগড়া – একদল এস.পি'র পক্ষে, আর একদল ডি.এম-এর পক্ষে। এই আই.এ.এস এবং আই.পি.এসদে মধ্যে যে ঝগড়া সেটা আপনাদের আমলে বেড়েছে। তাছাড়া ডবলিউ.বি.সি.এস এবং আই.এ.এস দের মধ্যে যে ঝগড়া সেটাও এখন ম্যাকসিমাম বেড়েছে। অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্ম কমিটি রেকমেন্ডেশন ছিল যে এক বছর হলে একজন সিনিয়র আই.এ.এস অফিসার কোনও ডিস্ট্রিক্টে চার্জে থাকবেন। কিন্তু সেগুলি মানা হয়নি, সেগুলি আপনারা করতে পারেননি। আমাদের মঃ মহাশয় বলেছেন যে আইন নিজের পথে চলবে। আমাদের সরকার বলছেন যে "আইনের উ কেউ নয়। পুলিশ মন্ত্রী একজন বিধায়ককে বোধ হয় জব্দ করার জন্য বললেন যে আইনে পথে যেতে হবে। আমি তাতে জিজ্ঞাসা করি, এই সরকার কি আইন মানছেন? এ সরকারের হোম সেক্রেটারি যদি আদালত অবমাননার দায়ে অভিযুক্ত হন, এই সরকারে মন্ত্রীরা আদালত অবমাননার দায়ে অভিযুক্ত হন, এই সরকারের মন্ত্রীরা আদালত অবমান করেন, কয়েকদিন আগে ডি.আই নর্থ ২৪-পরগনা, আলিপুর সেন্ট্রাল জেলে ছিলেন। থা জুলাই বোধ হয় ছাড়া পেয়েছেন। ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অব সেকেন্ডারি স্কুল, তিনি আদাল অবমাননার দায়ে ৭ দিন জেল খাটলেন। হোম সেক্রেটারি আদালত অবমাননার দায়ে হা কোর্টে তাকে হাজিরা দিতে হল। আজকে যেখানে সরকারের অফিসাররা আদালত অবমান করে চলেছেন। এই রকম যেখানে অবস্থা সেখানে আপনি কি করে আশা করেন যে জনগ আইন মেনে কাজ করবেন? আজকে আপনারাই আইন ভাঙ্গছেন, আইন অমান্য করছে আদালত অবমাননা করছেন। আজকে আইন ভাঙ্গতে, আইন অবমাননা করতে, আদাল অবমাননা করতে আপনারা অ্যাডমিনিস্ট্রেশন শেখাচ্ছেন আমি আইন মন্ত্রীকে এই ব্যাপারে প্র করেছিলাম কিন্তু কোনও উত্তর পাইনি।

[5-10 — 5-20 P.M.]

আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম যে, রাজ্য সরকারের বিরুদ্ধে আদালত অবমাননার কয়টি কেস আছে টোটাল। তিনি বলেছিলেন যে, এ-সম্বন্ধে তাঁর কাছে একজাক্ট ফিগার নেই। তবে বিভিন্ন জেলা থেকে আমরা যে খবর পেয়েছি, সংখ্যাটা ৭০ হাজারের কাছাকাছি। একটি সরকারের বিরুদ্ধে ৭০ হাজার কেস রয়েছে আদালত অবমাননার। ভাবতে পারেন, অবস্থাটা কোন জায়গায় পৌঁচেছে! এই প্রশাসনে সরকারি কর্মচারিদের এফিসেয়েন্সীটা কোথায় সে সম্বন্ধে সুব্রতবাবু এবং পঙ্কজবাবু বলে গেছেন। কি করে নির্বাচনে আপনাদের হয়ে কাজ করা যায় এবং তারজন্য ভাল করে রিগিং কিভাবে করা যায় সে ক্ষেত্রে তাদের এফিসিয়েন্সী আপনারা শুনলে অবাক হয়ে যাবেন, মালদা লোকসভা কেন্দ্রে শ্রী এ.বি.এ.গনি খানচৌধুরী ১ লক্ষ ৫৮ হাজার ভোটে জিতেছিলেন, কিন্তু ডি.এম. বললেন যে, যতক্ষন সাবিত্রী মিত্র তার কাছে ক্ষমা না চাইবেন ততক্ষন তিনি এ.বি.এ.গনি খানচৌধুরীকে সার্টিফিকেট দেবেন না। অবশ্য ব্যাপারটা মিঃ সেসনকে জানাবার পর সেটা আমরা পাই। মালদার ডি. এম. একজন প্রমোটি আই.এ.এস.। তিনি লেবার সার্ভিস থেকে প্রমোশন পেয়ে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট হয়েছেন এবং তারই জন্য সেখানে আপনাদের দলের স্বার্থ তিনি দেখেছেন। এইভাবে দলের স্বার্থে লোকদের অ্যাপয়েন্টমেন্ট দিতে গিয়ে প্রশাসনকে ভেঙে তছনছ করে দিয়েছেন। জ্যোতিবাবুকে তাই বলতে হয়—কাজ করতে বলবো কাকে, চেয়ারকে? যে রাজ্যের মুখ্যমন্ত্রী বলছেন—চেয়ার থাকছে, কর্মচারিরা থাকছেন না, সেই রাজ্যের সেই মুখ্যমন্ত্রী জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন খাতে বাজেট দাবি করেন কি করে বুঝতে পারি না। মুখ্যমন্ত্রীর এ-ব্যাপারে কিছু করবার নেই, কারণ যে কো-অর্ডিনেশন কমিটি আপনাদের বাঁচাবার দায়িত্ব নিয়েছে, জনগণের রায়কে উপেক্ষা করে আপনাদের বাঁচবার উপায় করে দিয়েছে, তারা দুর্নীতিগ্রস্ত হবেই, আজকে তারা চুরি করবেই। আপনারা বলেন যে, সরকারি কর্মচারিদের মধ্যে ৯০ ভাগ নাকি বামফ্রন্টের সমর্থক। সংখ্যাটা ১০০ ভাগ হোক আপত্তি নেই, কিন্তু একটি সরকারি অফিস দেখান যেখানে টাকা না দিয়ে কোনও কাজ করানো যায়। আজকে তফসিলি সম্প্রদায় এবং ও.বি.সি. তালিকাভুক্ত ছেলেরা সার্টিফিকেট নিতে যাচ্ছে তখন তাদের কাছ থেকে ৫০০ টাকা করে নিয়ে সেই সার্টিফিকেট দেওয়া হচ্ছে। একদিকে বিরাট সংখ্যক সরকারি কর্মচারী আপনাদের সঙ্গে রয়েছেন, অপর দিকে তাঁরা চুটিয়ে দুর্নীতি করছেন, ঘুষ খাচ্ছেন। কিন্তু তার বিরুদ্ধে কিছু করতে পারছেন না, কারণ তারা আপনাদের স্বার্থ দেখছেন। আমাদের কংগ্রেস এম.এল.এ. আবুল বাসার নস্কর এবারে মগরাহাট (পশ্চিম) থেকে জিতেছেন। কিন্তু কাউন্টিং এর পর যখন দেখা গেলো তিনি অল্প ভোটে জিতলেন, তারজন্য এস.ডি.ও. সেখানে রিকাউন্টিং-এর আদেশ দিলেন, তাঁকে সার্টিফিকেট দিলেন না। কিন্তু রাজনগরেও তো আপনাদের প্রার্থী সামান্য মার্জিনে জিতেছিলেন, কিন্তু সেখানে তো রিকাউন্টিং-এর আদেশ দেওয়া হ'ল না! এরপরও বলবেন, রাজ্য প্রশাসন নিরপেক্ষ? মগরাহাটে এস.ডি.ও. নিজে রি-কাউন্টিং এর আদেশ দিয়েছিলেন, নির্বাচন কমিশন দেননি। এইভাবে আপনারা প্রশাসনকে কুক্ষিগত করে ফেলেছেন। তাহলে আমরা কাট মোশন তুলে নেব, আপনি যা বাজেট বক্তৃতা দেবেন সেটা মেনে নেব। বামফ্রন্ট বাংলা বন্‌ধ ডেকেছিল সেই সময় কোনও সারকুলার দেওয়া হলো না আর কংগ্রেস যখন বাংলা বন্‌ধ ডাকলো তখন সারকুলার দেওয়া হচ্ছে। তার উপর

মন্ত্রী মহাশয়ের কি ঔদ্ধত্য দেখুন, তিনি বলছেন মাইনে কেটে নেব, চাকুরি জীবনে ছেদ ফেলে দেব। সেইজন্য বলছি আগুন নিয়ে খেলা করবেন না। আগে কোনও বাংলা বন্‌ধের এই ব্যবস্থা নিয়েছেন? এবারের কংগ্রেসের ডাকা বাংলা বন্‌ধের ব্যাপারে যদি ব্যবস্থা নিতে যান তাহলে তার পরিণতি যা হবে তার জন্য আপনাদের তৈরি থাকতে হবে। সেই জন্য সরকারের এই দুমুখো নীতি, দুমুখো প্রশাসনের বিরোধিতা করছি। প্রশাসন তো একেবারে ভেঙে পড়েছে, দুর্নীতির আখড়া তৈরি হয়েছে। আপনাদের মন্ত্রী ভক্তিবাবু কোথায় সমবায় উদ্বোধন করতে গিয়েছিলেন সেখান বলেছেন যে প্রশাসন দুর্নীতির আখড়াতে পরিণত হয়েছে। সেইজন্য আমি এই ব্যয় বরাদ্দকে সমর্থন করতে পারছি না, সেই জন্য ব্যয় বরাদ্দের বিরোধিতা করে আমাদের আনা কাট মোশনগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রশাসন এবং সাধারণ প্রশাসনের উপর মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমি যে কাট মোশন এনেছি, যে যুক্তিতে কাট মোশন রেখেছি তার উপর আলোচনা করব।

(এই সময় মাননীয় ডেপুটি স্পীকার সভাকক্ষ ত্যাগ করেন এবং মাননীয় চেয়ারম্যান ডাঃ গৌরিপদ দত্ত মহাশয় আসন গ্রহণ করেন)

মাননীয় চেয়ারম্যান স্যার, প্রশাসন এবং সাধারণ প্রশাসনের উপর প্রশাসন পরিচালনার প্রশ্নে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে ভাষণ দিয়েছেন সেটা আমি পড়লাম। একটা সরকার জনগণের সামনে একটা দুর্নীতি মুক্ত স্বচ্ছ সৎ নিরপেক্ষ প্রশাসন, জনমুখী গণমুখী প্রশাসন উপহার দেবার কথা বলেন। এই ক্ষেত্রে সবচেয়ে প্রাইম ইমপটেন্স যেটা সেটা হচ্ছে প্রশাসন দুর্নীতি মুক্ত করার ক্ষেত্রে সব চেয়ে বেশি গুরুত্ব দেওয়া দরকার। আমি তাঁর ভাষণে নবম অনুচ্ছেদে প্রশাসন দুর্নীতি মুক্ত করা প্রতিশ্রুতিটা আনতে দেখলাম। এখান থেকে বোঝা যায় এই বিষয়টার উপর কতটা গুরুত্ব দিচ্ছেন। এখানে ভিজিলেন্স কমিশনের কথা বলেছেন এবং তিনি তার তথ্য দিয়েছেন। মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি জানেন পঞ্চাশের দশকের মাঝামাঝি সময়ে আমাদের দেশে কেন্দ্র এবং বিভিন্ন রাজ্যে সরকারি কর্মচারিদের উপর দুর্নীতি নিয়ন্ত্রণ করবার জন্য একটা করে ভিজিলেন্স কমিশন গঠন করা হয়েছিল। একজন চেয়ারম্যানের নেতৃত্বে সেখানে দুটি ভাগ থাকবে, একটা হচ্ছে অ্যান্টি কোরাপশন বুরো এবং আর একটা হচ্ছে টেকনিক্যাল সেল। এই অ্যান্টি কোরাপশন বুরোর যিনি প্রধান তিনি হচ্ছেন একজন আই.পি.এস অফিসার, ডি.আই.জি অফিসার। এই ভিজিলেন্স কমিশন প্রসঙ্গে বলতে চাই, ৫০ দশকের মাঝামাঝি, অর্থাৎ আজ থেকে ৪০ বছর আগে যখন সামাজিক অবক্ষয়, দুর্নীতি সমাজ জীবনে এতো ব্যাপক এতো ভয়াবহ রূপ নেয়নি, তখন তৈরি হয়েছিল। আজকে ৪০ বছর পরে সমাজের সর্বস্তরে অবক্ষয় এবং দুর্নীতি গোটা প্রশাসনকে টপ টু বটম গ্রাস করে ফেলেছে। এই রকম একটা অবস্থায় একটা জনমুখী সরকার পরিচালনা করার ক্ষেত্রে এবং প্রশাসনকে দুর্নীতি মুক্ত করার ক্ষেত্রে সবচেয়ে বেশি গুরুত্ব আরোপ এই ক্ষেত্রে না করে পারা যায় না।

[5-20 — 5-30 P.M.]

সেই অর্থে সরকারি কর্মচারিদের দুর্নীতিতে নিয়ন্ত্রণ করার জন্য যে ভিজিলেন্স কমিশন, এই ভিজিলেন্স কমিশনকে কি করে শক্তিশালী করা যায়, তাকে যাতে কার্যকর করা যায় যে দিকে দৃষ্টি দেওয়া একটা জনমুখী সরকারের, বিশেষ করে বামপন্থী সরকারের কর্তব্য। কিন্তু আমরা পশ্চিমবাংলায় কি দেখছি? ভিজিলেন্স কমিশনের বেসিক যে দুর্বলতা, যে গলদ, ভিজিলেন্স কমিশনের কোনও স্ট্যাটুটরি সংস্থার মর্যাদা নেই। এই কারণে নেই যে, আমাদের এই রাজ্যের ভিজিলেন্স কমিশন বিধানসভায় কোনও আইন পাশ করে গঠিত হয়নি। প্রশাসনিক নির্দেশের ভিত্তিতে গঠিত হয়েছিল। ফলে অন্য কিছু রাজ্যে যেখানে ভিজিলেন্স কমিশনের যে স্ট্যাটুটরি মর্যাদা, পাওয়ার আছে, আমাদের রাজ্যে সেই ক্ষমতা নেই। এখানে ভিজিলেন্স কমিশনের কাছে অভিযোগ আসলে প্রাইমা ফেসি ক্রটি, আপাতগ্রাহ্য দুর্নীতি দেখে সরাসরি মামলা অভিযুক্তের বিরুদ্ধে তারা দায়ের করতে পারে না, চার্জশিট দায়ের করতে পারে না। সংশ্লিষ্ট বিভাগের কাছে তাদের সুপারিশ করতে হয়। সেই বিভাগের মর্জির উপরে নির্ভর করে চার্জশিট দেওয়া হবে কি হবে না। ভিজিলেন্স কমিশনের এটা একটা দুর্বলতা। অন্য রাজ্যে এই পাওয়ার তাদের দেওয়া হয়। ভিজিলেন্স কমিশনকে যদি অর্থবহ করতে হয় তাহলে তাকে সেই পাওয়ার দেওয়া দরকার। সেই পাওয়ার দেওয়ার জন্য যেটা করা দরকার, রাজ্য সরকারের একটা আইন প্রনয়ন করা দরকার যাতে তাকে এই দুর্বলতা থেকে মুক্ত করা যায়, প্রয়োজনীয় ক্ষমতা তাদের হাতে তুলে দেওয়া যায়। এখানে কংগ্রেস দল যখন ক্ষমতায় ছিল, তারা প্রয়োজনীয় ক্রটি সংশোধন করে ভিজিলেন্স কমিশনের হাতে সেই ক্ষমতা তুলে দেয়নি। বামফ্রন্ট সরকারও ভিজিলেন্স কমিশন যাতে দুর্নীতি নিয়ন্ত্রণ করতে পারে তার জন্য ভিজিলেন্স কমিশনকে শক্তিশালী করছে না। ফলে দুর্নীতি নিয়ন্ত্রণ কতখানি আন্তরিকতা সহজেই বোঝা যায়। আমরা দেখছি, দুর্নীতির সঙ্গে শান্তিপূর্ণ সহবস্থান চলছে। ভিজিলেন্স কমিশনকে ঠুঁটো জগন্নাথ করে রাখা হয়েছে। নিয়ম আছে যে বছরে বছরে রিপোর্ট পেশ করতে হবে, তা করা হচ্ছে না। আমরা হাজিরার কথা শুনছি। ওঁরা বলছেন, পঞ্চম বামফ্রন্ট ওয়ার্ক কালচারের উপরে গুরুত্ব দিচ্ছেন এবং নিয়ম অনুযায়ী যেটা হওয়া দরকার তার উপরে গুরুত্ব দিচ্ছেন। মাননীয় মুখ্যমন্ত্রী আবার এমনও বলেছেন 'কাকে বলবো, চেয়ারকে বলবো কাজ করতে?' আমরা ইতিপূর্বে যা দেখেছি, সেই একই জিনিস চলছে। আমরা দেখেছি প্রশান্ত শূর বেসিন পরিস্কার করেছেন। আমরা দেখেছি অসীম দাশগুপ্ত রাস্তায় নেমে ট্রাফিক কন্ট্রোল করছেন। কিন্তু আসলে কি করে কাজ হবে? আসলে সরকারি কর্মচারিদের মধ্যে ডিসিপ্লিন সৎ, দক্ষতা এইসব কোথা থেকে পাবে? মূল প্রশ্ন থেকে যাচ্ছে, কর্মচারিরা যদি কো-অর্ডিনেশনের সমর্থক হন, তাহলে তাদের সাত খুন মাপ। একটা দায়বদ্ধতা, সরকারি দলের প্রতি আনুগত্যই হচ্ছে কাজের ক্ষেত্রে শ্লথগতি, দীর্ঘসূত্রতার মূল কারণ। এই দীর্ঘসূত্রতা বিদ্যুৎ ভবন বলুন, মহাকরণ বলুন, হাসপাতাল বলুন, সর্বত্রই একই অবস্থা চলছে—একটা অচলাবস্থা চলছে সর্বত্র। আমি আর একটি বিষয়ে এখানে বলতে চাই। এখানে প্রশাসনিক যে নিরপেক্ষতা, এটা একটা বড় জিনিস। টপ অফ দি সেক্রেটারি, প্রিন্সিপ্যাল সেক্রেটারি, স্পেশ্যাল সেক্রেটারি, পুলিশের ডি.আই.জি., ডি.জি., অ্যাসিস্ট্যান্ট ডি.জি., সো মেনি আই.জিস., এই রকম অসংখ্য রয়েছে, সেখানে কি ভাবে সরকারি তেল খরচ হচ্ছে? অসীম দাশগুপ্ত বলেছেন, যে ভাবে তেল খরচ হচ্ছে তাতে ৪০ কোটি টাকা বাঁচানো যায়।

ফলে দেখা যাচ্ছে, এই ভাবে অপচয় হচ্ছে। আজকে আপনার এই প্রশাসনিক বাজেটে আপনি ১৮ শতাংশ বাড়িয়েছেন, ১০ কোটি টাকারও বেশি বাড়িয়েছেন। এই টাকা আপনার সেক্রেটারিয়েটের জন্য, টপ হেভি অ্যাডমিনিস্ট্রেশন এর জন্য ব্যয় হচ্ছে। অথচ অন্য জায়গায় সরকারি কলেজে সেখানে অধ্যাপক, অধ্যক্ষদের পদ শূন্য সেখানে শিক্ষক এর পদ শূন্য, সেখানে লোক নিয়োগ করতে পারছেন না। তাই মাননীয় চেয়ারম্যান স্যার, আমি এই বাজেটের বিরোধিতা করে আমার কাটমোশনগুলিকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী ক্ষিতিরঞ্জন মন্ডল ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজ প্রশাসনিক সচিবালয়ের এবং প্রশাসনিক অ্যাডমিনিস্ট্রেশনের সম্পর্কে যে বাজেট ব্যয়বরাদ্দ পেশ করেছেন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, তাকে আমি পূর্ণ সমর্থ করছি। সমর্থন করছি এই কারণে, সেটা হচ্ছে আমাদের দেশে যে প্রশাসনটা রয়েছে, এই প্রশাসনটা সেই ইংরাজ আমল থেকে ঔপনিবেশিকতার প্রয়োজনে প্রশাসনটা চলছিল। সেই প্রশাসনিক কাঠামোটা উত্তরাধিকারসূত্রে '৪৭ সালের পর আমাদের কাছে এসেছে। এটা খুবই দুর্ভাগ্যের কথা হলেও সত্যিকথা যেটা সেটা হচ্ছে, স্বাধীনতা পাবার পর সেটাকে পরিবর্তন করে জনমুখী অবস্থায় নিয়ে যাওয়ার জন্য প্রশাসনিক সংস্কার ও পরিবর্তন কোনও মতেই এরই আগে দেখা যায়নি। ১৯৭৭ সালের পরে বামফ্রন্ট সরকার যখন আসল, তার পরে চিন্তা-ভাবনা হল যে প্রশাসনকে এই ভাবে রাখলে চলে না। প্রশাসনের সংস্কার করা দরকার। যে প্রশাসন সেই একটা উপনিবেশবাদে চলতে পারে, সেই প্রশাসন দিয়ে একটা জনমুখী সরকারচলতে পারে না। সেইজন্য প্রয়োজন হয়েছে একে বিকেন্দ্রীকরণ করার। সেইজন্য প্রয়োজন হয়েছিল মিত্র কমিশন বসানোর। মিত্র কমিশন যে সমস্ত সুপারিশগুলি করেছেন রাজ্য সরকারের কাছে সেখানে অত্যন্ত সীমিত ক্ষমতা মাননীয় বিধায়ক সুব্রতবাবু বলেছেন, রাজ্য সরকারের অত্যন্ত সীমিত ক্ষমতা, তার মধ্যেও যেটুকু পারা যায়, সেটা করতে হবে। পঞ্চায়েতগুলিতে '৭৮ সালের পর থেকে ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করা হয়েছে, কেবলমাত্র বিকেন্দ্রীকরণ ক্ষমতা, একটিমাত্র প্রশাসনের হেডের উপর নয়, জেলার হেড হচ্ছে কেবলমাত্র ডি.এম., মহকুমার হেড হচ্ছে মহকুমার ম্যাজিস্ট্রেট, বি.ডি.ও. হচ্ছে ব্লকে হেড, এই ভাবে না রেখে প্রতিটি ক্ষেত্রে নির্বাচিত জনপ্রতিনিধির সঙ্গে যোগ করে দেওয়া হলে বিভিন্ন স্তরের প্রতিনিধিরা যে কাজ করছে, সাফল্যর সঙ্গে তারা কাজ করছে। পঞ্চায়েত হবার পর থেকে যে সমস্ত কাজকর্ম হচ্ছে, প্রতিটি ক্ষেত্রে নাকি দেখা যায় অত্যন্ত ধীরে, অপদার্থতা, বিভিন্ন কথা বিরোধী বন্ধুরা বললেন, কিন্তু যে সমস্ত পরিসংখ্যানগুলি এসেছে, জওহর রোজগার যোজনা, আই.আর.ডি.পি. গ্রামীণ কল্যাণমুখী কাজ যেগুলি আছে সেইগুলিতে ভারতের সর্বোত্তম অবস্থায় চলে গেছে। গোটা প্রশাসন যদি যথার্থ্য জনমুখী না হতে পারে তাহলে সেটা সম্ভবপর নয়, এটা সম্ভবপর হয়েছে, এই কারণে, বোধহয় এখানে একটা গন্ডগোল রয়েছে। এতদিন পর্যন্ত কেবলমাত্র ব্যক্তিগতভাবে ডি.এম. বা ব্লকের হেড প্রশাসনের হেড তাকে ব্যক্তি স্বার্থে প্রয়োগ করা হোত। সেই ব্যক্তি স্বার্থ চরিতার্থ হচ্ছে না বলে আজকে মত বাধা, চেঁচামেচি হচ্ছে। অনেকে বলেছেন, যেমন একটি কথা শেষে বললেন, ভিজিলেন্স ইত্যাদি ব্যাপার নিয়ে। আমি দেবপ্রসাদ বাবুকে জিজ্ঞাসা করব, স্বাধিকার প্রয়োগ করার ক্ষেত্রে দুর্নীতি দহন করার জন্য সেখানে কি আর একটা দুর্নীতির ব্যবস্থা প্রয়োগ করে দিতে চাইছেন?

[5-30 — 5-40 P.M.]

এর পরেও যে কথাটা বলেছেন মাননীয় বিধায়ক আব্দুল মান্নান সাহেব, নির্বাচনের কারচুপিতে কো-অর্ডিনেশন কমিটির ভূমিকা আছে। আমি অত্যন্ত সবিনয়ে বলতে চাই, আপনারা অনেকেইতো এখানে জিতে এসেছেন এবং আপনাদের সংখ্যা ডাবল হয়েছে। তাহলে গণতন্ত্র যদি না থাকত, প্রশাসন যদি সম্পূর্ণ নিরপেক্ষ না হত, তাহলে কোনভাবেই এটা সম্ভব হত না। আমরা গণতন্ত্রকে প্রসারিত করেছি, এখানকার প্রশাসনকে আমরা সম্পূর্ণবাবে গণমুখী করেছি এবং তার নির্দিষ্ট প্রমাণ রয়েছে। আরেকটা মান্নান সাহেব বললেন, বন্ধের ব্যাপারে। আমি একটা পুরনো কথা বলছি, ১৯৭৪ সালের ৯ই এপ্রিল, রেল ধর্মঘট হয়েছিল। সেই রেল ধর্মঘটে কেন্দ্রীয় সরকার একটা সার্কুলার জারি করেছিল, সেই সার্কুলারে পরিষ্কার বলা ছিল যারা ধর্মঘটে যোগ দিচ্ছে তাদের চাকরি ছেদ হবে। এবারকার সার্কুলার আপনি দেখুন, সেখানে কি বলা আছে। সেখানে বলা আছে, সেদিন যারা অনুপস্থিত ছিলেন তাদের উপযুক্ত কারণ দর্শাতে হবে, তিনি অনুপস্থিত থাকলেন কেন। এখানে ওয়ার্ক কালচারের কথা বলা হয়েছে। একজন কর্মচারির নির্দিষ্টভাবে ধর্মঘটের অধিকার আছে, কিন্তু কর্মচারী যা খুশি তাই করবে, বিনা কৈফিয়তে কাজ করবে, এটা সম্ভবপর নই। আপনি স্ব-বিরোধিতায় ভুগছেন। এটা আপনাকে ভাবতে বলছি। এরপর আরেকটা কথা মনে হচ্ছে এবং যে কথাটা শুনতে, শুনতে আমরা অভ্যস্ত এবং বেশ কয়েকদিন যাবত আমরা দেখছি কেলেঙ্কারি। কেলেঙ্কারি সর্বোচ্চ প্রশাসন থেকে আরম্ভ করে, মন্ত্রী থেকে আরম্ভ করে, সর্বোচ্চ মন্ত্রী পর্যন্ত, তাদের নাম খবরের কাগজে প্রকাশিত হয়েছে। আজকে কেবলমাত্র মন্ত্রিমহাশয় নন, তাদের সঙ্গে সচিব যারা আছেন তারাও এর সঙ্গে জড়িত আছে, তা নাহলে কোনমতেই এটা সম্ভবপর নয়। কিন্তু এটা পশ্চিমবঙ্গে কোনও মতেই আপনারা প্রতিষ্ঠা করতে পারছেন না। এটা আমরা জোর গলায় বলতে পারি। এটাই হচ্ছে পশ্চিমবঙ্গের কৃতিত্ব। যে উত্তরাধিকার পাওয়া গেছে ইংরেজ আমল থেকে, কেবলমাত্র শোষণের যে উত্তরাধিকার, দূর্নীতির যে উত্তরাধিকার, তাকে বজায় না রেখে পশ্চিমবাংলায় নতুন প্রশাসন আমরা তৈরি করেছি। এখানকার কর্মচারিদের আমরা জনমুখী করবার চেষ্টা করছি। বামফ্রন্ট সরকার আসার পর আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন রাইটার্স বিল্ডিঙে সবাইকে আসতে হবে না, গ্রামে গ্রামে রাইটার্স হবে। আজকে বি.ডি.ও, এস.ডি.ও, ডি.এম-এদের কাছে হাঁটু পর্যন্ত কাপড় তোলা, লুঙ্গী পরে মানুষ গিয়ে নিজেদের দাবি পেশ করছে। এটা বামফ্রন্ট সরকারের গণমুখী প্রশাসনের একটা দৃষ্টান্ত হতে পারে।

পঞ্চায়েতকে আমাদের হাতিয়ার করে জনগণের মধ্যে দিয়ে, নির্বাচিত প্রতিনিধিদের মধ্যে দিয়ে সর্ব এ সমন্বয় সাধন করে আজকে একটা জায়গায় যেতে পেরেছে কিন্তু সীমাবদ্ধতার ফলে আমাদের মিত্র কমিশনের সব কাজগুলো এখনও সম্পূর্ণ করা যায়নি। এখনও কিছু কিছু জায়গায় বাধা আছে পুরনো নিয়ম নীতিতে। একটা জায়গায় সত্যিই আমরা বাধা পচ্ছি। সে বাধাটা হচ্ছে সিডিউল কাস্ট সার্টিফিকেটের বাধা। সিডিউল কাস্ট সার্টিফিকেটের যে বাধার কথাটা বললেন সেটাকে আমি প্রতিবাদ করছি। ওরা যে ঘুষটুস বলছেন এটা মিথ্যা কথা, অসত্য কথা। মূল কথাটা হচ্ছে যে সেখানে কাঠামোগত একটা পরিবর্তন দরকার। অনেক চাপ আসছে। আগে সিডিউল কাস্ট সার্টিফিকেট, ও বি.সি. সার্টিফিকেট প্রয়োজন ছিল না। কমই লোক যেত। এখন প্রত্যেকেই প্রায় সেটা নিতে চাইছে। বামফ্রন্ট সরকারের কল্যাণমুখী

কাজের জন্য, ভূমি-সংস্কারের জন্য আজকে সাধারণ ছেলেমেয়েরা লেখাপড়া শিখছে। সার্টিফিকেটের জন্য এগিয়ে যাচ্ছে। এই জন্য তাদের দরকার হচ্ছে প্রচুর লোক। প্রচুর কাজকর্ম বেড়েছে কিন্তু সার্টিফিকেটগুলো এখনও এস.ডি.ও'র হাত দিয়ে দেওয়া হচ্ছে। সে রকম পরিকাঠামো নেই এবং সবচেয়ে বড় কথা সার্টিফিকেট দেওয়া হচ্ছে যে নিয়ম, আইন মেনে সেটা কেন্দ্রীয় সরকার এর আইনে পরিচালিত হয়। রাজ্যসরকার বারবার বলেছেন সরলীকৃত করার জন্য। সরকারি কর্মচারিরা তাদের চাকরি যাবার ভয়ে তাদের দায়রায় সোপর্দ হবার ভয়ে এই কাজটা করতে পারেননি। আমি এখানে অনুরোধ করব পরিবর্তিত পরিস্থিতিতে যাতে এই ব্যবস্থাটা হয়। সঙ্গে সঙ্গে আজকে নতুনভাবে আমাদের যে জনজোয়ার এসেছে সরকারি কাঠামোগুলোকে আরও গতিশীল করবে। যেমন ভাবে মহকুমাগুলোকে ভাগ করা হচ্ছে, যেমনভাবে জেলা প্রশাসনগুলোতে ভাগ করা হচ্ছে তেমনিভাবে বিভিন্ন জায়গায় প্রশাসনিক দিক থেকে উপযুক্ত কর্মচারিদের নিয়োগ করে আরও যাতে গতিশীল করা যায় তার জন্য অনুরোধ করছি। যে বাজেট প্রস্তাব এখানে রাখা হয়েছে তাকে সম্পূর্ণ সমর্থন করে এবং বিরোধিদের আনা কাট মোশনগুলির সঙ্গে এক মত হতে পারছি না, এই কথা বলে এখানে বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী ১৮ এবং ১৯ নম্বর খাতে যে বরাদ্দ এনেছেন হাউসের সামনে তার বিরোধিতা করছি। আমাদের কাট মোশনের সমর্থন করছি এবং কিছু গুরুতর কথা এই ব্যাপারে বলছি। প্রথমত বলি যে আমাদের অ্যাডমিনিস্ট্রেশনটা প্রশাসনিক আউটমোডেড হয়ে গেছে। আজকে সারা পৃথিবীতে ম্যানেজমেন্ট, টেকনিক, ইনফরমেশন টেকনিক সব পাল্টে যাচ্ছে। আমাদের দরকার কলকাতা থেকে একদম জেলা পর্যন্ত পুরোপুরি প্রশাসনিক যোগাযোগ প্রতিষ্ঠা করা যাতে ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমটা উন্নত হয়। সেখানে প্রশাসনকে ঢেলে সাজাবার সংস্কার করার কোনও একটা পয়সা মুখ্যমন্ত্রী তাঁর বাজেটে রাখেননি। স্যার, আপনি পড়লে বুঝতে পারবেন এটা কত হাস্যকর। গত বছর সেক্রেটারিয়েট জেনারেল সার্ভিসে বাজেট ছিল ২৮ কোটি ৪ হাজার টাকা। তার মধ্যে প্ল্যানে ছিল মাত্র ৭ লক্ষ টাকা। ২৮ কোটি ৪ লক্ষ টাকার মধ্যে ৭ লক্ষ টাকা প্ল্যানে ছিল। এবার বাজেট হয়ে ৩৪ কোটি ৪০ লক্ষ টাকা। ৫০ হাজার টাকা প্ল্যান বাজেট। তার মানে নতুন কিছু করবেন, একটা কম্পিউটার বসাবেন, সারা রাজ্যে প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে যুক্ত করবেন। প্ল্যান বাজেট হচ্ছে ৫০ হাজার টাকা, টোটাল প্ল্যান বাজেট। ৫০ হাজার টাকায় সারা রাজ্যে একটা কম্পিউটার কেনা যাবে। যে কোনও দপ্তরে আপনি দেখুন এই যে নন-প্ল্যান্ড এক্সপেনডিচার এটা যাচ্ছে কিসে? পুরোটাই প্রায় স্যালারি দিতে চলে যাচ্ছে। ধরুন সেক্রেটারিয়েট যে টোটাল বাজেট—৬ কোটি ৪৫ লক্ষ টাকা। তার মধ্যে মাইনে দিতে চলে যাচ্ছে ৬ কোটি ৩ লক্ষ টাকা। তার মানে অফিস এক্সপেনসেস, পাবলিকেশন রেস্ট এইসবের জন্য ৪০ লক্ষ টাকা থাকছে। তাহলে আপনার যে পুরো বাজেট সেটা হচ্ছে মাইনে দেবার বাজেট। প্রশাসনিক সংস্কারের বাজেট নয়। প্রশাসনিক পরিবর্তনের বাজেট নয়। প্রশাসনিক আধুনিকীকরণের বাজেট নয়। এইখানেই মুখ্যমন্ত্রীর ব্যর্থতা। ওঁর হাতে এত ক্ষমতা থাকা সত্ত্বেও উনি নিজের দপ্তরে টাকা পাচ্ছেন না। সেটা অসীমবাবু দিচ্ছেন না, না উনি নিচ্ছেন না আমি জানি না।

[5-40 — 5-50 P.M.]

আপনি ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশনের ক্ষেত্রে দেখুন যে, ডিস্ট্রিকট অ্যাডমিনিস্ট্রেশনে এই বছর খরচ হবে ৩৩ কোটি ২৫ লক্ষ ৭ হাজার টাকা। তার মধ্যে এক পয়সা প্ল্যান বাজেটে ধরা নেই। তার মানে জেলা প্রশাসনের আধুনিকীকরণের জন্য এক্ পয়সাও নেই। সেক্রেটারিয়েটের আধুনিকীকরণের জন্য ৫০ হাজার টাকা রয়েছে। জেলা প্রশাসনের আধুনিকীকরণের জন্য এক পয়সাও নেই। এই হচ্ছে অবস্থা! এখন ওরা যে প্রশাসন তৈরি করেছেন, সেটা একটা এন্টায়ারলি কর্তা ভজা অ্যাডমিনিস্ট্রেশন। এখন শাসকদলের প্রিয় পাত্র হলে আপনার জন্য কোনও নিয়ম নেই। আর শাসক দলের অপ্রিয়ভাজন হলে আমি সান্টেড আউট হবেন। দুটো উদাহরণ দিয়ে আমি বলব—আমাদের মাননীয় সদস্য শ্রী পঙ্কজ ব্যানার্জি বলেছেন যে, চিফ সেক্রেটারির ব্যাপারে বারে বারে সুপারসেশন করা হচ্ছে। তার আগে কৃষ্ণমূর্তি সাহেবেরও সুপারসেশন হয়েছে। ৬-৭ জন এমন ছিলেন যে বোর্ড অফ রেভিনিউ এর মেম্বার, চিফ সেক্রেটারির ঘরে যেতেন না। এই রকম একটা অবস্থা তখন একটা সময় হয়েছিল। আবার এখন বর্তমান চিফ সেক্রেটারি আগে এস এফ আই করতেন, উনি ৭ জনকে সুপারসিড করেছেন। কিন্তু তার চেয়েও বড় ব্যাপার দেখুন যে, প্রশাসনের একটা নিয়ম আছে। একজন আই এ এস অফিসার সেক্রেটারি হলে, তিনি কয়েক বছর থাকবেন। আই এ এস হচ্ছেন অ্যাপেক্স অফ দ্য অ্যাডমিনিস্ট্রেশন। তারাই অ্যাডমিনিস্ট্রেশন নিয়োগ করবেন। নর্মালি বলা হয় যে, ডিপার্টমেন্টার সেক্রেটারি হলে দুই থেকে তিন বছর থাকবেন। আমাদের বর্তমান স্বরাষ্ট্র সচিব কত বছর আছেন? ছয় বছর আছেন। আর কতদিন থাকবেন? যতদিন না চিফ সেক্রেটারির চেয়ার খালি হয়, ততদিন পর্যন্ত থাকবেন। তিনি ব্যক্তিগতভাবে আমার বন্ধু হতে পারেন, কিন্তু আজকে যদি এই উদাহরণ দিই যে, আপনি দুই থেকে তিন বছরের জায়গায় একজন স্বরাষ্ট্র সচিবকে ছয় বছর রেখে দেবেন, তাহলে প্রশাসন চলবে কি করে? সেই জায়গায় যেসব অফিসার সৎ এবং স্পষ্ট বক্তা, কর্তাভজা নয়, তাদের কি অবস্থা দেখুন। আমি একটা উদাহরণ দিচ্ছি। আমাদের একজন মিঃ সুব্রামনিয়াম আছেন, যিনি লেবার সেক্রেটারি। তিনি সৎ, কর্মঠ এবং ভালো অফিসার বলে পরিচিত। তিনি ১৯৯৩-৯৬ সাল পর্যন্ত সাত বার ট্রান্সফার হয়েছেন। একজন অফিসার সাতবার তিন বছরে ট্রান্সফার হয়েছেন। ১৯৯৩ সালে চারমাস কোনও কাজ পাননি। তারপর অ্যানিম্যাল রিসোর্সেস দপ্তরে গেলেন। সেখানে চারমাস, তারপর এস সি এস টি দপ্তরে ১০ মাস, তারপর এলেন পাওয়ারে। সেখানে এগারো মাস ছিলেন উনি। শঙ্করবাবুর সাথেও মানিয়ে নিতে পারলেন না, তাকেও চলে যেতে হলো। বক্রেশ্বরের ফরেন কনসালট্যান্টের বিরুদ্ধে উনি নোট দিয়েছিলেন। এই কারণেই মাননীয় বিদ্যুৎ মন্ত্রী ওকে সরিয়ে দিলেন। তিনি পাওয়ারে জুন ১৯৯৪ থেকে ১৯৯৫ এর মে পর্যন্ত ছিলেন। তার সঙ্গে মন্ত্রীর ডিফারেন্স হয়, তিনি তারপর গেলেন ডবলু বি আই ডি সি তে। তিনি ম্যানেজিং ডিরেকটর হলেন। সেটা আজকে বলা হয়েছে। সেখানে তিনি ছিলেন মাত্র পাঁচ মাস। তিনি সেখানে জুন ৯৫ থেকে নভেম্বর ৯৫ পর্যন্ত ছিলেন। তিনি নোট দিয়েছিলেন যে, এই মৌ এ যারা সই করেছেন, তারা কেউ সিরিয়াস ইন্ডাস্ট্রিয়ালিস্ট নয়। এদের সঙ্গে মৌ এর ব্যাপারটা পাবলিসাইজ করা উচিত নয়। পাঁচ মাসের মধ্যে সোমনাথ বাবু তাকে ট্রান্সফার করে দিলেন। তিনি ছুটিতে গেলেন নভেম্বর থেকে ফেব্রুয়ারি পর্যন্ত। তারপর ওকে করা হলো কমিশনার প্রেসিডেন্সি ডিভিশন। সেখানে থেকে উনি আবার ফেব্রুয়ারি

মাসে লেবার সেক্রেটারি হয়েছেন। একজন আই এ এস অফিসার কর্তাভজা বলে সাত বছর থাকেন, আর একজন আই এ এস অফিসার কর্তাভজা নয় বলে, এইভাবে ট্রান্সফার হচ্ছেন। কি করে এই অ্যাডমিনিস্ট্রেশন ঠিকভাবে চলবে? আমি আর একটা উদাহরণ দিই মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয় দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নেবেন। আপনারা সকলেই জানেন এবং সংবাদপত্রে বেরিয়েছে যে, গত বছর এগ্রিকালচারাল সেক্রেটারির সাথে এগ্রিকালচারাল মার্কেটিং মিনিস্টারের মিটিং হয়েছে। আলুর দাম বেড়ে গিয়েছিল। মুখ্যমন্ত্রী এগ্রিকালচারাল সেক্রেটারিকে ডেকে আলুর দাম কমানোর দায়িত্ব দিয়েছিলেন। তাতে আলুর দাম কিছুটা কমল। এগ্রিকালচারাল সেক্রেটারির হাতে তখন লাইসেনসিং অথরিটি নিয়োগ করার পাওয়ার ছিল। কোল্ড স্টোরেজের লাইসেনসিং অথরিটি তিনিই ঠিক করতেন। লাইসেনসিং অথরিটি কোথায়, কতটা আলু দরকার, কোথায় আলু বেশি যাচ্ছে সেটা ঠিক করেন। লাইসেনসিং অথরিটি নিয়োগ করার দায়িত্ব ছিল এগ্রিকালচারাল সেক্রেটারির হাতে। যখন মুখ্যমন্ত্রী এগ্রিকালচারাল সেক্রেটারিকে বললেন তোমার ক্ষমতা অনেক, তখন আমরা ভাবলাম মুখ্যমন্ত্রী দুর্নীতির বিরুদ্ধে রুখে দাঁড়াচ্ছেন। কিন্তু দেখা গেল সেই মুখ্যমন্ত্রী রুলস অফ বিজনেস কে ভায়োলেট করে একটা নোটিফিকেশন দিলেন। আমি সেটা কোট করছি হোম (পার) নং ৩০২—(পার) আই.এস.এস., ১৯৯৬ এর জানুয়ারিতে বললেন—শ্রী অসিতবরণ চক্রবর্তী উইল বি অ্যাপয়েন্টড স্পেশাল সেক্রেটারি অ্যান্ড হি উইল লুক আফটার দি মার্কেটিং উইং অফ দি এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট ইন্ডিপেনডেন্টলি আনটিল ফারদার নোটিশ। রুলস অফ বিজনেস মার্কেটিং উইং বলে এগ্রিকালচারাল দপ্তরে কিছু নেই। রুলস অফ বিজনেসে বলা আছে যে এগ্রিকালচারাল সেক্রাটারি ওভার-অল এই দপ্তরের কন্ট্রোলে আছেন। আরবিট্রেরিলি একটা অর্ডার এগেইনস্ট রুলস অফ বিজনেস করে এগ্রিকালচারাল মার্কেটিং উইং-এর ক্ষমতা আর একজনকে দেওয়া হল। এখন আলুর দাম বেড়েছে, আমরা আশা করছি পুজোর সময়ে এই আলুর দাম ৯ টাকা থেকে ১২ টাকা পর্যন্ত হবে। এগ্রিকালচারাল মার্কেটিং দপ্তরের জন্য রুলস অফ বিজনেস চেঞ্জ করা হয় নি। পুরোনো রুলস অফ বিজনেস চলছে। এটা সিরিয়াসলি ভেবে দেখতে হবে। মুখ্যমন্ত্রীর কাছে আমি স্পেসিফিক জবাব চাইছি। একজন অফিসার এতবার ট্রান্সফার হবে, আরেকজন থাকবেন, এটা কেন হবে? আমি এগ্রিকালচারাল মার্কেটিং দপ্তরের ব্যাপারে মুখ্যমন্ত্রী তথা সরকার যে বেআইনি অর্ডার দিয়েছেন সে ব্যাপারে মুখ্যমন্ত্রীর ব্যাখ্যা নেই। মুখ্যমন্ত্রীকে আজ সকালে প্রশ্ন করেছিলাম তখন উনি বলেছিলেন অনেকগুলো লোক-আয়ুক্ত করবেন। ১৯ বছর হয়ে গেল কেন তিনি এখনও লোক-আয়ুক্ত তৈরি করলেন না? কর্ণাটকে ১০ বছর ধরে লোক-আয়ুক্ত আছে। মুখ্যমন্ত্রীর কাছে স্পেসিফিক ভাবে অ্যাসুরেন্স চাইছি রাজ্যে যে লোক-আয়ুক্ত তৈরি হবে তাতে হাইকোর্টের জজ দিয়ে তৈরি করা হবে কিনা? লোকপাল বিল কবে কেন্দ্রীয় সরকার আনবেন আমরা তা জানি না। কিন্তু আমরা পশ্চিমবঙ্গে দেখতে চাই—উনি রাজ্যে কবে লোক-আয়ুক্ত তৈরি করবেন এবং তার জন্য নির্দিষ্ট সময় সীমা ঘোষণা করবেন। আমাদের রাজ্যের অ্যাডমিনিস্ট্রেশন আউট মডেড অ্যাডমিনিস্ট্রেশন হয়ে গেছে। ব্রিটিশ আমলের প্রভিশনে তারা কাজ চালান। আমাদের তিন জন ডিভিশনাল কমিশনার আছেন। প্রথমটি হচ্ছে প্রেসিডেন্সি ডিভিশন, যার অফিস কলকাতা। দ্বিতীয়টি হচ্ছে বর্ধমান ডিভিশন, যার অফিস চুঁচুড়া। তৃতীয়টি হচ্ছে উত্তরবঙ্গ ডিভিশন, যার অফিস হচ্ছে জলপাইগুড়ি। কমিশনারদের কাজ হচ্ছে পাখার হাওয়া খাওয়া। আগে কমিশনাররা ল্যান্ড রেভিনিউ এবং

মিউনিসিপ্যাল অ্যাফেয়ারস দেখতেন। কিন্তু এখন কমিশনারদের হাতে কোনও ক্ষমতা নেই। এখন সব কমিশনারদের পাওয়ার অ্যাবলিশ করে দেওয়া হয়েছে। তাদের বিরাট বিরাট বাড়ি আছে, এগুলো অন্য কাজে লাগলে ভালো হয়। আমরা ডিসট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশন এবং এস.পি.র মধ্যে গন্ডগোল দেখেছি। কারণ আগে ডি.এম., এস.পি.র সি.সি.আর. লিখতেন। তার ফলে এস.পি.রা ডি.এম. কে ভয় পেত। কিন্তু এখন আর এস.পি. রা ডি.এম. কে ভয় করেন না। কারণ এখন আর ডি.এম.রা ক্ষমতা নেই, এস.পি.-র সি.সি.আর. অর্থাৎ কনফিডেনশিয়াল ক্যারেকটার রিপোর্ট লেখার। ১৯৯৩ সালে ভিখারি পাশোয়ানের যে ঘটনাটা ঘটেছিল, সে সম্বন্ধে ডি.এম. বলেছেন তিনি তিনদিন ধরে এই কেস সম্বন্ধে কিছু জানতেন না। তিনি পরে হাই-কোর্টে স্বীকার করেছেন ভিখারি পাশোয়ানকে খুঁজে পাওয়া যাচ্ছে না এবং হি হ্যাজ বিন কনসিডারড মিসিং।

[5-50 — 6-00 P.M.]

এটা হয়েছে, কারণ আজকে জেলা প্রশাসনের কোনও নিয়ন্ত্রণ নেই, পুলিশের উপর এটা আরও বেড়ে যাচ্ছে। একটা ডিসপিউট চলছে যেখানে প্রমোটি আই.এ.এস. আর ডাইরেকট আই.পি.এস। প্রমোটি আই.এ.এস.ডি.এম. ডাইরেক্ট এস.পি. সেখানে আই.পি. এস. অফিসার প্রমোটি আই.এ.এস.ডি.এম.কে মানছে না, ডি.এম.কে মানছে না। আর যেখানে ডাইরেক্ট আই.এ.এস. রয়েছে, তার কিছুটা কন্ট্রোল বেশি রয়েছে। কিন্তু সেখানে প্রমোটি এস.পি. যিনি, তিনি গন্ডগোল করছেন। দেখা যাচ্ছে, মালদায় দুজনেই প্রমোটি, সেখানে আবার ডি.এম. এবং এস.পি.-র মধ্যে ঝগড়া হচ্ছে। মূল্য ব্যাপার হচ্ছে, জেলাতে যে একটা কমপ্রেহেন্সিভ অ্যাডমিনিস্ট্রেশন ছিল, সেটা নষ্ট হয়ে গেছে এবং জেলা পরিষদে ডি.এম. ক্ষমতাসীন হয়ে গেছে। জেলা পরিষদের একজিকিউটিভ অফিসার একটা অডিট পর্যন্ত জেলা পরিষদে করেন না। তাই আমি এটা বলছি, জেলা প্রশাসনকে ক্ষমতা দেওয়ার জন্য ডি.এম.কে ফোকাল পয়েন্টে রাখতে হবে। সেখানে ডি.এম.কে খর্ব করে ডিসেন্ট্রালাইজ করুন, কিন্তু ডি.এম.কে খর্ব করে জেলাগুলো চলবে না। পুলিশ এখন আন-কন্ট্রোলড হয়ে যাচ্ছে, এটা দেখা দরকার। অনেক আই.এ.এস. অফিসার বসে আছেন, পোস্টিং পাচ্ছেন না, অথচ প্রমোটি অফিসারকে ডি.এম. করে দিচ্ছেন এটা তো দরকার নেই। একজন আই.এ.এস. অফিসার তাকে ডিস্ট্রিকটের চার্জ দিচেছ না।

আমি আর দুটো কথা বলে আমার বক্তব্য শেষ করব। আমার বন্ধু শ্রী সুকুমার দাস বলেছেন মেদিনীপুর জেলাটা ভাগ করার কথা। ইমপারেটিভ নেসেসারি ফর জিওগ্রাফিক্যাল রিজনস অ্যান্ড ফর অ্যাডমিনিস্ট্রেটিভ রিজনস। মেদিনীপুর জেলাটা চলছে না, ফাংশান করছে না। দীর্ঘদিন ধরে একটা ঘোষণা করা হয় নি, পাশাপাশি বর্ধমান ভাগ করার কথাও মুখ্যমন্ত্রী ঘোষণা করুন কবে করবেন। রাজ্যে শিল্পায়ন করবেন বলছেন। ডিস্ট্রিকট ম্যাজিস্ট্রেট কে নিয়ে ল্যান্ড অ্যাকুইজিসনের জন্য ঠিক করুন এই প্রসেস হবে। আজকে একটা জমি নিয়ে কেউ অ্যাকুইজিশন, কনভারসান, মিউটেশন কমপ্লিট করতে পায়ের শুকতলা খুইয়ে ফেলছে। সেটা করতে ১ থেকে দেড় বছর লাগছে। একটা নতুন শিল্পদ্যোগীকে নতুন শিল্প করতে হলে তাদের পঞ্চায়েতের সঙ্গে নেগোশিয়েট করতে হয় কাদের চাকরি দেবে। তাহলে কি করে পশ্চিমবঙ্গে শিল্প হবে? এখানে, পশ্চিমবঙ্গে যখন শিল্পে অ্যান্টি-ডেভলপমেন্ট হচ্ছে, সেখানে

মহারাষ্ট্রের দিকে একবার দেখুন। যে উদ্যোগ মহারাষ্ট্রে এম.আই.ডি.সি. দেখায়, মহারাষ্ট্রের সংঘটনগুলো দেখায়, সেই উদ্যোগ আমরা পশ্চিমবঙ্গের ডি.এম.দের মধ্যে দেখি না, পশ্চিমবঙ্গের আই.এ.এস. অফিসারদের মধ্যে দেখি না। এই প্রশাসন নিয়ে আর যাই হোক, রাজ্যে শিল্পায়ন হবে না। মুখ্যমন্ত্রী মাইনে দেবার জন্য একটা বড় বাজেট চেয়েছেন। মাইনে তো তাদের দিতেই হবে, কিন্তু বিরোধী দল থেকে এত ব্যর্থ একটা প্রশাসনের বাজেটকে আমরা কিছুতেই সমর্থন করতে পারি না। তাই তার বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিদ্যুৎকুমার দাস ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রী কর্মিবর্গ সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ১৮ এবং ১৯ নং দাবির ভিত্তিতে যে ব্যয় মঞ্জুরির প্রস্তাব রেখেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধীপক্ষরা যে সমস্ত কাট মোশন নিয়ে এসেছেন তার বিরোধিতা করছি। আমরা বিভিন্ন সদস্যদের বক্তব্য শুনলাম এতক্ষণ ধরে। একটা জিনিস দেখা গেল যে, বিরোধী দলের, বিশেষ করে কংগ্রেস দলে কারও কারও মধ্যে এই 'ভূতের মুখে রাম নামের' মতো জনমুখী প্রশাসনের কথাটা ভাবনায় এসেছে এজন্য ধন্যবাদ। এটা ভালো যে এত দিনে তাদের জনমুখী করবার আকাঙ্খা জেগেছে। কিন্তু তারা বললেন না তাদের আমলটা কেমন ছিল, তারা কি কি ব্যবস্থা গ্রহণ করেছিল। তারা নানা কথা বললেন। বললেন যে সরকারি সমস্ত চাকরি নাকি দেওয়া হচ্ছে উদ্দেশ্য প্রণোদিত হয়ে এবং সি.পি.এম. দলের লোক কে। ওরা ভুলে গেছেন কি দেশলায়ের খোলের উপর চিঠি লিখে পাঠানোর কথা? আপনারাই রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত কাজ করে এসেছেন। ঐ রকম কোনও কাজ এখানে হয়না। এখানে যে বামফ্রন্ট সরকার আছে তার দৃষ্টি ভঙ্গি হচ্ছে, জনমুখী প্রশাসন তৈরি করা, এবং ক্ষমতার বিকেন্দ্রীকরণের ভেতর দিয়ে সেই প্রশাসনকে এগিয়ে নিয়ে যাওয়া। তার প্রক্রিয়া শুরু হয়েছে এবং তাই পঞ্চায়েত পর্যন্ত আজকে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হয়েছে। এর মূল উদ্দেশ্য হল আমাদের রাজ্যের উন্নয়নের কাজকে কিভাবে আরও গতিশীল করা যায়। আমরা যদি মনে করি ক্ষমতার বিকেন্দ্রীকরণ ছাড়া জনগণের কাজ করা যাবে আই.সি.এস., আই.এ.এস. দিয়ে ওরা যে ভাবে করে এসেছিলেন এবং আজকে আমরা এইভাবে করছি বলে ওর এটা সহ্য করতে পারছেন না, নানা রকম কথা বলছেন। সৌগত বাবু আধুনিকীকরণের কথা বলছেন। ঠিকই তো। সেই প্রচেষ্টা হচ্ছে। কিন্তু আমাদের ক্ষমতা সীমিত। সেইজন্য কেন্দ্রীয় সরকারের কাছে অধিক ক্ষমতা দাবি করা হচ্ছে। আরও অর্থনৈতিক এবং রাজনৈতিক ক্ষমতা দাবি করা হচ্ছে। আজকে আবার একটা নতুন সরকার সেখানে এসেছেন। আগের সরকারের সঙ্গে তাদের দৃষ্টিভঙ্গির একটা পার্থক্য রয়েছে। আসা করি উক্ত ক্ষমতার কিছু কিছু আমরা পাব। কিন্তু তার ভেতর দিয়ে এই যে বিভিন্ন ধরনের পরিস্থিতি তৈরি হয়েছে সেই পরিস্থিতির মোকাবিলা করার জন্য আমাদের প্রশাসনকে দক্ষ হতে হবে এবং সেজন্য আমাদের এখানে একটা প্রশাসনিক প্রশিক্ষণ-এর ব্যবস্থা আছে। এবিষয়ে যে প্রশিক্ষণ কেন্দ্র হয়েছে সেখানে সারা বছরই প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এটাকে কি করে আধুনিকীকরণ করা যায় সেটা ভাবতে হবে। এখানে কেউ কেউ বলছেন আগুন জ্বালব। কিন্তু বাইরে গিয়ে বলছেন, সব দায়িত্ব ওদের। এগুলোর মোকাবিলা করতে হবে। সেইজন্য সরকারি কর্মচারিদের, সচিবদের নতুন নতুন পরিস্থিতির মোকাবিলার জন্য

তাদের ট্রেনিং নিতে হবে। এবং এটাকে আরও উন্নত করতে হবে। প্রশাসনের দুর্নীতি ব্যাপারে বলব আমাদের কাছে আলাদীনের প্রদীপ নেই, সব কিছু একসঙ্গে করে ফলব এটা হতে পারে না। তবে একটা চেষ্টা চলছে। ভিজিলেন্স কমিশন আছেন, তারা এবিষয়ে কাজ করছেন। তাদের কাজকে কি করছেন। তাদের কাজকে কি করে আরও সংহত করা যায়, গতিশীল করা যায় নিশ্চয় সে ব্যাপারে ভাবনা-চিন্তা হবে। বাংলা ভাষায় সরকারি কাজ-কর্ম করার ব্যাপারে এখানে অনেকে বলেছেন। এ বিষয়ে মান্নান সাহেব হিনমণ্যতার কথা বললেন। কিন্তু আমরা আশ্চর্য হয়ে যায় যখন দেখি ওরাই আবার ইংরাজিতে কোয়েশ্চেন, মেনশন ইত্যাদি এখানে করেন। তখন হিনমণ্যতা মনে হয়না? বাংলা ভাষার প্রতি এত দরদ আপনাদের। এজন্য আপানাদের মাথা খারাপ হয়ে যাচ্ছে। নিজেদের ভাষায় যারা ভালো করে কথা বলতে পারে না। সেই সব ছোট ছেলে-মেয়েদের উপর আপনারা ইংরাজি চাপিয়ে দেবার কথা বলেন। এবং ইংরাজি তুলে দেওয়া হলে আপনারা হৈ হৈ শুরু করে

[6-00 — 6-10 P.M.]

দেন। তবে আমি অনুরোধ করব বাংলা ভাষায় কাজ-কর্ম যাতে আরও তড়িৎগতিতে হয় সেটা দেখা উচিত। আপনারা একটা কথা বলেছেন, সেটা হচ্ছে নির্বাচনের ব্যাপারে। কো-অর্ডিনেশন কমিটির সদস্যরা নাকি আমাদের হয়ে নির্বাচনের কাজকর্ম করেন এবং সেই জন্যই আমরা তাদের কিছু বলতে পারি না। আমার সরকার তাদের কিছু বলতে পারে না, তারা যা ইচ্ছা তাই করে। আপনারা ভুলে গেলেন নাকি, যে নির্বাচনের যাবতীয় কাজ কর্মে অফিসার থেকে কর্মচারি পর্যন্ত যারা থাকেন তাদের নিয়োগ রাজ্য সরকার করেন না, এটা করেন নির্বাচন কমিশন। সেটাতো আপনারা জনেন যে সেসন সাহেব করেন, কাজেই এ কথা বলে কোনও লাভ নেই। যারা করেছেন তারা নিরপেক্ষ ভাবেই করেছেন, তাই আপনারা জিতে আসতে পেরেছেন। তা না হলে বলতে হয় আপনারা কো-অর্ডিনেশন কমিটির কথা বললেন তাহলে আপনারা জিতেছেন সেখানে কি আপনাদের ফেডারেশনের লোক ছিল। কাজেই কথা যখন বলবেন তখন ভেবে চিন্তেই বলবেন। তাহলে এই প্রশ্নগুলো আসে না। আরেকটা কথা বলেছেন রাজনৈতিক সি.সি.আরের কথা বলেছেন, পুরানো দিনের কথা মনে আছে কি? এখানে অধ্যাপকরা আছেন, আমাদের ব্যক্তিগত অভিজ্ঞতাও আছে. একটা স্পনসর্ড কলেজে এম.এস.সি. পাশ করে চাকরিতে ঢুকলেন। তার কি হল? পুশিল ভেরিফিকেশন যদি ঠিকমতো না হয়, যদি তাদের দলের লোক বলে পরিচিত না হয় তাহলে নাকি সেখানে তার চাকরিতে কনফার্মেশন হয়না। সরকারি কর্মচারিতো দূরের কথা। কোথায় আছেন আপনারা। আজকে সেই সমস্ত জিনিসগুলোর অবলুপ্তি ঘটানো গেছে এই জনমুখী প্রশাসন, ক্ষমতার বিকেন্দ্রীকরণের ভিতর দিয়ে। যাই হোক, সামগ্রিকভাবে যদি আমরা বিচার-বিবেচনা করি, আপনাদের যে পুরানো দৃষ্টিভঙ্গি আর নতুন দৃষ্টিভঙ্গি, সেই দৃষ্টিভঙ্গি দিয়ে সরকার চালাচ্ছেন। এবং সেই দৃষ্টিভঙ্গি অব্যাহত রেখে এই বাজেট। এই বাজেটকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী ও স্বরাষ্ট্র কর্মিবর্গ প্রশাসন সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী জ্যোতি বসু ১৯৯৬-৯৭ সালের যে ব্যয় বরাদ্দ এখানে

পেশ করেছেন আমি তাকে সর্বান্তকরণে সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলতে চাই। প্রথমত একটা কথা বলি যাকে পশ্চিমবঙ্গের রূপকার বলা হতো সেই বিধান চন্দ্র রায় এই শ্লোকটি খুব ভালোবাসতেন। সেই শ্লোকটি হল—

শ্বঃ কার্যমদ্য কুর্বীত পূর্বাহ্নে, চা পরাহ্নিকম্।

নহি প্রতিক্ষতে মৃত্যুর কৃতমস্য, ন বা কৃতম্।।

অর্থাৎ যে কাজটা আমরা কালকে করব বলে ভাবছি সেই কাজটা আজকে করে ফেলা উচিত। আর যে কাজটা অপরাহ্নে করব বলে ভাবছি সেটা পূর্বাহ্নে করা উচিত। কারণ মৃত্যু কোনও কাজের অপেক্ষা করে না। সেটা হয়েছে কি হয় নি সেটা সে দেখে না। কাজের গতিশিলতা আনতে গেলে এ কথাটা আমাদের মনে রাখা দরকার। বিধান চন্দ্র রায় এটাকে আদর্শ বলে মনে করতেন। আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু ও এটাকে মেনে চলেন, এটাই আমাদের কাছে আনন্দের। আমাদের কাজকর্মের মধ্যে গতিশিলতা আছে এবং এটা আছে বলেই ৮৩ বৎসর বয়সেও একজন মুখ্যমন্ত্রী যেভাবে কাজকর্ম পরিচালনা করেন তার গতিশিলতা তুলনাহীন। আমাদের এ কথা স্মরণ করতে হবে যে, বদলীযোগ্য অবস্থায় যথা সময়ে অফিসারদের বদলি করতে হবে, কারণ অনেক জায়গায় দেখেছি ৮ বছর, ১০ বছর, ১২ বছর ধরে অফিসাররা আছেন, ফলে প্রশাসনের অনেক জায়গায় কুফল দেখা দিচ্ছে। অনেক জায়গাতে ঘুঘুর বাসা তৈরি হয়েছে, এগুলি বন্ধ হওয়ার দরকার। তাই বলছি অফিসারদের যতটা সম্ভব বদলি দরকার। যে সমস্ত অফিসাররা গ্রামে-গঞ্জে, ব্লকে, মহকুমায় যান তাদের আবাসনের ব্যবস্থাও করতে হবে। বিভিন্ন জায়গায় আবাসন তৈরি হয়েছে। আমাদের তমলুকে তৈরি হয়েছে। আমাদের জেলায় আরও কিছু আবাসন করার প্রয়োজন আছে। কারণ আমাদের যত অফিসার আছেন তাদের সকলের স্থান সঙ্কুলান হচ্ছেনা। আমি মনে করি নন্দকুমার—দীঘা রোডের ওপর কিছু আবাসন করা উচিত। তাহলে চন্ডীপুর, মহিষাদলের দিকের সরকারি কর্মচারিদের আবাসন সমস্যার সমাধান হবে। মহকুমাগুলির অফিসারদের জন্য আবাসনের বিশেষ প্রয়োজন দেখা দিয়েছে এবং জন্য যে, তারা যে পরিমান ভাতা বাড়ি ভাড়া বাবদ পান তা দিয়ে আজকে প্রাইভেট বাড়ি ভাড়া করে তাদের বসবাস করা অসম্ভব হয়ে দাঁড়িয়েছে।

আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি বিভিন্ন ডি.আই. অফিসে কাজকর্মে গিয়ে মাস্টার মশাইরা যথাযথ মর্যাদা পান না। তাই আমি মনে করি মাঝে মধ্যে উচ্চ পর্যায় থেকে ডি.আই. অফিসে গিয়ে অনুসন্ধান করার প্রয়োজন আছে। দরকার হলে ছদ্মবেশে অনুসন্ধান করতে যাওয়া উচিত। আজকে লক্ষ লক্ষ টাকা নিয়ে চাকরি হচ্ছে। স্কুলে চাকরি পেতে হলে টাকা দিতে হচ্ছে। স্কুল কর্তৃপক্ষের হাতে এই যে টাকা পয়সা যাচ্ছে তা স্কুলের কাজে লাগছে কিনা, তা দেখার কোনও ব্যবস্থা নেই। আমি মনে করি স্কুল সার্ভিস কমিশন ইমিডিয়েট চালু করে এই সমস্ত দুরারোগ্য ব্যাধি বন্ধ করা দরকার। সাথে সাথে উপযুক্ত অফিসারদের উপযুক্ত জায়গায় মেরিট এবং সিনিয়রিটি দেখে নিয়োগ করা দরকার। তবেই প্রশাসনে গতিশিলতা আসবে।

এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে চাই, ১৯৯৬-৯৭ সালে যে প্রশাসনিক ভবনগুলো

উদ্বোধন হবে সেগুলো যেন নেতাজি সুভাষ চন্দ্রের নামে উৎসর্গীকৃত হয়। এই আবেদন আমি রাখছি।

পরিশেষে আমি বলব যে, আমাদের অনেকগুলো মহকুমা বেড়েছে, এটা খুবই আনন্দের কথা। কিন্তু আমাদের মেদিনীপুর জেলা গোটা দেশের বৃহত্তম জেলা, সেই জেলার সামগ্রিক কাজ-কর্মের সুবিধার জন্য জেলা ভাগের কথাটা আশা করি সরকার বিবেচনা করবেন। ধন্যবাদ।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি এবং আমাদের কাট মোশনকে সমর্থন করছি। মাননীয় মুখ্যমন্ত্রী ১৯৭৭ সালে যেদিন প্রথম মুখ্যমন্ত্রী হয়ে এই সভায় প্রবেশ করেন আমিও সেদিন থেকে এই সভায় উপস্থিত আছি। তখন আমার খুব ভালো লেগেছিল যে, একজন নতুন মুখ্যমন্ত্রী হলেন এবং ভেবেছিলাম বোধ হয় একটা

[6-10 — 6-20 p.M.]

বিরাট কিছু ব্যাপার হবে। কংগ্রেস চলে গেছে, সরকারি কর্মচারিরা একটু ভয় পাবেন। বোধ হয় প্রশাসন একটু নতুনভাবে কাজে লাগবে। কিন্তু তারপর বাস্তবে কি দেখা গেল? যত দিন যাচ্ছে প্রশাসন ততই দুর্নীতিগ্রস্ত হয়ে পড়ছে বি.ডি.ও. অফিস থেকে রাইটার্স বিল্ডিং পর্যন্ত ক্রমশ দুর্নীতি দানা বেঁধে উঠছে। আপনারা আজকে আমাদের এই বাজেটকে সমর্থন করতে বলছেন, কিন্তু কেন আমরা সমর্থন করব? কর্মচারিদের মাইনে দেয়ার জন্য যে দুর্নীতিগ্রস্ত প্রশাসন, ক্যাডারদের কথায় কাজ করার জন্য যে দুর্নীতিগ্রস্ত প্রশাসন এখানে গড়ে উঠেছে তার জন্য যে বরাদ্দ এখানে চাওয়া হচ্ছে তাকে আমরা সমর্থন করব? আজকে প্রশাসন এমন জায়গায় গিয়ে পৌছেছে যে, রাইটার্স বিল্ডিং-এ ঘর নিয়ে মন্ত্রীতে মন্ত্রীতে ঝগড়া করছেন, মুখ্যমন্ত্রীকে তা মেটাতে হচ্ছে! আজকে বি.ডি.ও. অফিস থেকে রাইটার্স বিল্ডিং পর্যন্ত কারা চালাচ্ছে? বি.ডি.ও. অফিস আজকে বি.ডি.ও চালান না, কো-অর্ডিনেশন কমিটি চালায়। এস.ডি.ও. অফিস এস.ডি.ও. চালান না, সিপিএম-এর লোকাল কমিটির কমরেড চালায়। ডি.এম. অফিস আজ আর ডি.এম. চালান না, তিনি জেলা পরিষদের সভাধিপতির তাঁবেদার হয়ে কাজ করছেন। আর আজও রাইটার্স বিল্ডিং-এ যত জন দক্ষ আই.এ.এস. অফিসার আছে তাদের আপনারা সঠিক জায়গায় নিয়োগ করে সঠিক ভাবে ব্যবহার করছেন না, তাদের কনডেমড পোস্টে পোস্টিং দিচ্ছেন। নিজেদের রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার জন্য তাদের উপযুক্ত জায়গায় পোস্টিং দিচ্ছেন না। ডাবলু.বি.সি.এস. অফিসারদের প্রোমোশন দিয়ে ডিস্ট্রিক্টের চার্জ দিচ্ছেন। এই কি পরিচ্ছন্ন প্রশাসনের নমুনা? মোটেই না, এটা একটা অবিচ্ছিন্ন প্রসাসন। এখন পরিচ্ছন্ন হবার চেষ্টা করছেন বি.ডি.ও অফিস থেকে রাইটার্স বিল্ডিংস পর্যন্ত আপনি ৫ বার মুখ্যমন্ত্রী পদে আসীন আছেন। বিরাট কৃতিত্ব আপনার। কিন্তু কাদের জন্য আছেন? আপনি জানেন, আপনাকে থাকতে গেলে বি.ডি.ও থেকে আরম্ভ করে উপরতলার অফিসার অর্থাৎ রাইটার্স বিল্ডিং পর্যন্ত কন্ট্রোল করতে হবে। কিন্তু আপনার ক্ষমতা নেই তাদের সরাবার। এক-একটা জায়গায় এক-একজন অফিসার ৮ বছর ধরে আছে। এক-একটা বি.ডি.ও ১০ বছর ধরে আছে। তাদেরকে কো-অর্ডিনেশন কমিটি রেখে দিয়েছে। আপনার দলের লোক তাদেরকে রেখে দিয়েছে। আপনি তাদেরকে সরাতে পারেননি। মথুরাপুরের বি.ডি.ও

(১) ৭ বছর ধরে আছে। কিছুতেই যাচ্ছে না এবং যাবেও না। যেহেতু তাকে সি.পি.এম চাইছে। আপনি সাব-ডিভিশন করে ভাগ করেছেন। কাকদ্বীপ সাব-ডিভিশন হয়েছে। এরফলে কি হয়েছে? অ্যাডিশনাল এস.ডি.ও. সেখানে অহেতুক বসে আছে। কারণ তার কোনও কাজ নেই। তার একটি মাত্র কাজ হল কমরেড বাবুদের চা খাওয়ানো। সাব-ডিভিশন ভাগ করার মূল উদ্দেশ্য হল পরিচ্ছন্ন জনসাধারণকে উপহার দেবেন। কাজে স্বাধীনতা দেবেন। কিন্তু কার্যক্ষেত্রে আমরা কি দেখছি? বি.ডি.ওর কাজের স্বাধীনতা আছে? এস.ডি.ও.র কাজের স্বাধীনতা আছে? তারা আপনার অঙ্গুলীহেলনে চলে। না চললে তাদের ঐ জায়গায় পোস্টিং থাকে না। চাকরি থাকে না। তাই সারা বছর ধরে আপনার অধীনে বি.ডি.ও. থেকে আরম্ভ করে সেক্রেটারি পর্যন্ত কাজ করে, আর ঠিক নির্বাচনের সময়ে নির্বাচন কমিশনারের অফিসে প্লেস করে দেওয়া হয়। তারপর তারা কাদের কথা শুনবে? টি.এন. সেসনের কথা, মগনের কথা শুনবে, নাকি রাইটার্স বিল্ডিং-এর কথা শুনবে? আমি একটি জেলার নির্দিষ্ট উদাহরণ দিচ্ছি। সেটা হচ্ছে দক্ষিণ ২৪-পরগনা জেলার। বইটা আপনাকে দিয়ে দিচ্ছি। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট হল জেলার কর্ণধার। তিনি বলে দিলেন এই এই জায়গাগুলি হল সেনসেটিভ বুথ। এগুলিকে 'এ' করুন, "বি" করুন। আমি অতি কষ্টে এই বইটা জোগাড় করেছি। আমি দেখছি এটা শুধু আমার নয় দক্ষিণ ২৪-পরগনা জেলার যতগুলি এম.এল.এ. আছেন সেইসব জায়গাগুলি সম্বন্ধে ডি.এম. বলছেন, দিজ আর দি সেনসেটিভ এরিয়াস। তাসত্বেও 'এ' এবং 'বি' করেনি। ফলে অর্ডিনারি ক্যাটেগরির ২ জন লাঠিধারী হোমগার্ডকে পাঠিয়ে দেওয়া হল বিভিন্ন বুথে। কিন্তু কংগ্রেসের যেখানে শক্ত ঘাঁটি, সেখানে কিন্তু 'এ' এবং 'বি' করে রেখে দিয়েছে। কেননা জিততে গেলে বি.ডি.ও থেকে আরম্ভ করে ডি.এম. পর্যন্ত সবাইকেই কন্ট্রোল করতে হবে। তারজন্যই আপনার প্রশাসন। তাই বলছি, এটা ভোটের প্রশাসন, আপনার প্রশাসন হল নির্বাচনের প্রশাসন। আপনার প্রশাসন হল সি.পি.এমকে জেতাবার জন্য প্রশাসন। আমাদের ৮২ জন এম.এল.এ. দেখে আপনাদের দুঃখ কষ্ট হচ্ছে। কিন্তু ঠিক ঠিক নির্বাচন হলে আমাদের ১৮২ জন সদস্য হতে পারত। দুর্ভাগ্য আপনাদের। পুলিশ প্রশাসন, সরকারি প্রশাসন এবং কো-অর্ডিনেশন কমিটির সকলে আপনাদের হয়ে কাজ করছে। আমি আপনাকে একটা উদাহরণ দিচ্ছি এবং এই সম্পর্কে একটা কাগজও আপনাকে দিচ্ছি। ২৬.৩.৯৬ তারিখে মথুরাপুরের বি.ডি.ও (১) কে এই ব্যাপারে ঘেরাও করা হয়েছিল। অবশেষে তিনি লিখতে বাধ্য হয়েছিলেন। ঘটনাটি হচ্ছে, হান্নান লস্কর. প্রধান, দেবীপুর এবং গোলাম সফি বৈদ্য, কৃষক সমিতির সদস্য, তারা ২৬-৩-৯৬ তারিখে রাত্রিবেলা মথুরাপুরের বি.ডি.ওর. কাছে আড়াই হাজার ৬ নম্বর ফর্ম যাদবপুরের লোকেদের নাম দিয়ে জমা দিতে গিয়েছিল। এই খবরটা আমরা গোপনে জানতে পারলাম। তারপর আমরা বি.ডি.ও.কে ধরলাম। শেষ পর্যন্ত বি.ডি.ও লিখে দিতে বাধ্য হয় যে, ২৫-৩-৯৬ তারিখে যে আড়াই হাজার ৬ নম্বর ফর্ম জমা দেওয়া হয়েছে সেগুলি গ্রহণ করা সম্ভব হচ্ছে না। বর্তমানে সেগুলি বি.ডি.ও. অফিসে সিল করে রাখা হয়েছে। যখন আড়াই হাজার ভোটার করার জন্য চক্রান্ত হল তখন আমরা মগনের কাছে গেলাম। ডি.এম. বললেন, আমার কাছে খবর আছে এস.ডি.ও.র অফিসে ৬নং ফর্ম জমা দিয়েছে। এখন এইসব না করলে আপনারা ক্ষমতায় আসতে পারবেন না। সুতরাং কাদের কাছে থেকে পরিচ্ছন্ন প্রশাসন আশা করবেন? এস.ডি.ও. তার ঘরে বসে ব্যালট পেপারে ছাপ মারছে। আমরা ইতিহাসে শুনিনি, ধরা পড়ল, সে নাকি সাসপেন্ড

হয়েছে। একটা চোর ধরা পড়েছে বলে সে সাসপেন্ড হয়েছে। এই রকম অনেক চোর আছে, তারা ধরা পড়েনি বলে তারা চোর নয়। দীর্ঘ এতদিনের পুরানো মুখ্যমন্ত্রী প্রশাসনটাকে কোথায় দাঁড় করেছিলেন দেখুন, এস.ডি.ও. ব্যালট পেপারে ছাপ মেরে আপনাদের এম.এল.এ. দের নির্বাচনে জিতিয়ে আনবে। এস.ডি.ও. আপনাদের পার্টির স্বার্থ চরিতার্থ করার জন্য এই কাজ করছে। ডি.এম. ২৪ পরগনা, যেখানে কংগ্রেসের স্ট্রেংথ আছে, সেখানে দারোগা অ্যাপয়েন্ট করেছে, আর যেগুলোতে সি.পি.এম. রিগিং করতে পারে, সেখানে লাঠি ধারী পুলিশ দিয়েছে। আমি এস.ডি.ও. ডায়মন্ড হারবারের বিরুদ্ধে নির্দিষ্ট অভিযোগ করেছি, ডি.এম. ২৪ পরগনার বিরুদ্ধে নির্দিষ্ট অভিযোগ করেছি তার বিরুদ্ধে ভিজিলেন্স করুন, এই বিষয়ে আপনাকে চিঠি দিয়েছি, তাতে লিখেছি ব্যাপারটা দেখুন। কিন্তু আপনি সেই চিঠির উত্তর দেবার সৌজন্য বোধ পর্যন্ত দেখাননি। আপনি জেনারেল প্রশাসনকে কুক্ষিগত করেছেন ভোটে জেতার জন্য। পরিচ্ছন্ন প্রশাসনের কথা বলছেন? একজন অফিসারকে দেখান, বি.ডি.ও. থেকে এস.ডি.ও. কোনও জায়গায় সরকারি কর্মচারিদের ঘুষ না দিলে একটা কাজ হয়? ঘুষটা এখন একটা রেওয়াজ হয়ে দাঁড়িয়েছে। আজকে পরিচ্ছন্ন প্রশাসনের বদলে দুর্নীতিগ্রস্ত প্রশাসন চলছে। অশোক মিত্র কমিশন যে রিপোর্ট দিয়েছেন, আমি গৌরি বাবুর কথা শুনলাম মনোযোগ সরকারে, কর্মচারিদের ট্রেনিং দেবার ব্যবস্থা হচ্ছে সল্ট লেকে। ট্রেনিং কাদের জন্য দেব? ট্রেনিং নিয়ে ভালো কাজ করে ভালো পোস্টিং পেয়েছে! আমি একটা উদাহরণ দেব, মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে যতবার চীফ সেক্রেটারি করা হয়েছে ততবার টপকে টপকে করা হয়েছে। অনেক ভালো আই.এ.এস. অফিসার ডজন ডজন আছেন, যারা সততার সঙ্গে কাজ করেছেন, তাদের এক একটা বাজে বাজে ডিপার্টমেন্টে পোস্টিং দেওয়া হয়েছে, যেমন ফুড ডিপার্টমেন্টের সেক্রেটারি করা হয়েছে, হয়তো কমিশনার করে পাঠানো হয়েছে, যার কোনও কিছু কাজ নেই। আর আপনাদের যারা পৃষ্ঠ পোষক তাদেরকে ডি.এম. থেকে একেবারে রাইটার্স বিল্ডিং প্রোমোশন দিয়ে নিয়ে আসছেন। কারণ আপনাদের সরকারে থাকতে হবে। আমাদের সময়ে দেখেছি, একটা পরিচ্ছন্ন প্রশাসন ছিল। আগে ডি.এম.কে এস.ডি.ও. ভয় করত, কিন্তু এখন সেই অবস্থা নেই। সেইজন্য আজকে আর.এস.পি.র মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাসও দুর্ভাগ্য জনক ভাবে বলতে বাধ্য হয়েছেন, প্রশাসনের জায়গায়টা কোথায় নিয়ে গেছেন। আজকে প্রশাসন যন্ত্র বলে কিছু নেই। শুধু সরকারি কর্মচারিদের দুর্নীতির করার জন্য যে অর্থ ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে তা একজন বিবেকবান মানুষ তা সমর্থন করতে পারে না। তাই অপরিচ্ছন্ন প্রশাসন, দুর্নীতিগ্রস্ত প্রশাসনের জন্য যে টাকা বরাদ্দ চাওয়া হয়েছে তার বিরোধিতা করে এবং আমাদের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তার সমর্থনে বক্তব্য রেখে আমার বক্তব্য শেষ করছি।

[6-20 — 6-30 P.M.]

**শ্রী জ্যোতি বসু:** স্পিকার মহাশয়, সাধারণ প্রশাসনের যে বাজেট আমি পেশ করেছি তার সমর্থনে এবং ছাঁটাই প্রস্তাব যতগুলি আছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। প্রথমেই বলি, যা বরাবরই বলা হয় এবারেও শ্রী সুব্রত মুখার্জি বললেন যে প্রশাসন নিরপেক্ষ নয়। এ বরাবরই শুনে আসছি। কিন্তু দৃষ্টান্ত আমি ঠিক বুঝতে পারছি না, যে কোনও দৃষ্টান্ত থেকে কি করে এই সিদ্ধান্তে আসতে পারা যায়। আমাদের এখানে হাজার হাজার কর্মচারি, শত শত, অফিসার সব আছেন, কাজ করছেন এতদিন ধরে, যারা ওদের

সময় যখন ওদের সরকার ছিল তখনও কিছু লোক কাজ করেছেন, কিন্তু ওটা সাধারণ কথা, বরাবরই এটা বলা হয়। এটা রাজনৈতিক প্রচার, এর সঙ্গে সত্যের কোনও মিল নেই। এখানে প্রশাসন সঠিকভাবেই কাজ করছে। আমরা ক্ষমতা বিকেন্দ্রীকরণ করার পর ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি যা করেছি ১০ বছর আগে সেটা এখন আমাদের সংবিধান সংশোধিত করে যা বলা হয়েছে তা অর্থ বা মানে দাঁড়াচ্ছে এটাই-যেটা আমরা করেছি সেটাই তারা গ্রহণ করেছেন সংবিধানে। প্রত্যেক রাজ্যকে তারা বলেছেন যে তোমরাও এই ধরনের জিনিস কর। এই রকম প্রশাসন আমরা করেছি, যেটা পশ্চিমবঙ্গে প্রথম হয়েছে, এখন অন্য জায়গায় হয়ত হবে। তবে কংগ্রেসের কোথায় হবে আমি জানি না, ওদের তো কোনও ষ্টেট হাতে আছে বলে আমি বুঝতে পারছি না। একটা/দুটো হয়ত আছে কোথাও। দিল্লিতে তো গেছে। ওরা কি করবেন জানি না তবে অন্য যারা আসবেন সরকারে তারা নিশ্চয় এটা মেনে চলবেন সংবিধানে যখন এটা আছে। তারপর সেই একই কথা এখানে আবার শুনলাম যে আমরা রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে প্রশাসন চালাচ্ছি। এখন এটার মানে যদি এটা হয়—আমাদের একটা কর্মসূচি আছে বামফ্রন্টের, সেটাকে তারা কার্যকর করছেন, কংগ্রেসিরা সেটার বিরোধী, শিল্পের ক্ষেত্রে বিরোধী, কৃষির ক্ষেত্রে বিরোধী, সমস্ত কিছুর ক্ষেত্রেই বিরোধী, সেই হিসাবে যদি ওরা বলেন যে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা কাজ করছি প্রশাসনে তাহলে সেটা ঠিকই, তাই তো করতে হবে। বামফ্রন্টের একটা কর্মসূচি আছে, সেই কর্মসূচিকে রূপায়িত করবার জন্য সাধারণ মানুষ অফিসার, কর্মি, মন্ত্রী, পার্টি, পঞ্চায়েত, পৌরসভা—সবাইকে মিলে কাজ করতে হবে। সেটা যদি তারা না করেন তাহলে তারা চাকরি করবেন কি করে আমাদের সরকারে? সেই কর্মসূচিকে তো তাদের রূপায়িত করতে হবে। কংগ্রেসিরা যদি এখানে সরকার করতেন এবং তাদের যদি কোনও কর্মসূচি থাকতো—কংগ্রেসের অবশ্য কোনও কর্মসূচি নেই কিন্তু যদি থাকতো তাহলে তো সেটাকেই তাদের কার্যকর করতে হত। কাজেই ঐ রাজনৈতিক দৃষ্টিভঙ্গি সম্পর্কে এইটুকু আমি বলতে পারি আপনাদের। তারপর সুব্রতবাবু ঐ ডায়েরির কথা যেটা বলেছিলেন সে সম্পর্কে আমি খোঁজ নিচ্ছিলাম। এটা আগে ছিল, মাঝে এটা প্রায় উঠে গেছে এবং আমরা অভিজ্ঞতায় যা দেখছি, এটা আমরা নিজেদের মধ্যেও আলোচনা করছি, সিদ্ধান্ত নেব যে এটা হয়ত রিইনট্রোডিউস আমাদের করতে হবে ঠিক ভাবে। আমাদের এখন মনে হচ্ছে যে, আমরা যেটা ভেবেছিলাম সেইভাবে সেটা হয়নি। এটা করলে হয়ত উন্নততর অবস্থা একটু হতে পারে। এটা আমি আলোচনা করে যা বুঝছি এখন। তারপর উনি বলেছেন যে ডিপার্টমেন্টে হাজিরা হয়না, উড়িষ্যায় দরজা বন্ধ করে দেয় ইত্যাদি। উনি জানেন কি জানেন না আমি জানি না ঠিক কিন্তু আমাদের একটা নিয়ম আছে সেটাকে আরও কার্যকরভাবে করতে হবে যে প্রত্যেক ডিপার্টমেন্টের হাজিরা খাতা যেটা আছে বা থাকে সেটাতে সই হল কিনা, কি হল ইত্যাদি। কতজন অ্যাবসেন্ট হল, না হল প্রত্যেক মিনিস্টারের কথা হচ্ছে যে আপনারা মাসে মাসে এটা দেখবেন। দেখবেন তারমধ্যে কোনও ত্রুটি আছে কিনা, কতজন সময়মতো আসে নি, অবহেলা করেছে। কাজের এইসব। তা সেটা আরও ভালোভাবে আমাদের করতে হবে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। কেন না আমরা সব মন্ত্রীরা যে মাসে মাসে এটা দেখি তা আমি বলতে পারব না। ক্যাবিনেটে এটা বলেছি এবং সেখানে বলেছি যে চলুন, নতুন করে এটা শুরু করি আবার। এটাতে একটা সুবিধা আছে যে আমাদের সরকারি কর্মচারির বেশি ভাগ তারা এটা সমর্থন করেন। তারা আমাদের বলেন

যে আপনাদের খানিকটা শিথিলতা আছে, আপনারা অফিসারদের দোষ-ত্রুটিও দেখবেন। আমরা শুধু সময় মতো আসবো, তা নয়। তারা লিখিত ভাবে দিয়েছে যে আপনারা সাজা দিন, আমরা কর্মচারিদের বোঝাবো যে এটা মানতে হবে সরকারের কাজ করতে গেলে। এই রকম জিনিস ভারতবর্ষের কোথাও হয়নি। কর্মচারিরা এইভাবে আমাদের বলেছেন আপনারা সাজা দিতে পারেন যদি অ্যাবসেন্ট হয়, লেট হল। এটা ভারতবর্ষের কোথাও নেই।

তারপরে বলা হয়েছে যে মন্ত্রীরা গিয়ে যেন দেখেন যে কি অবস্থার মধ্যে তারা কাজ করছেন। আমরা সেটা জানি। রাইটার্স বিল্ডিংয়ে ছড়িয়ে ছিটিয়ে যে ঘরগুলি আছে সেখানে কাজের আবহাওয়া ভালো নেই। আমরা সেখান থেকে শিক্ষা, বিদ্যুৎ, আবাসন, পি.এইচ.ই, এগুলিকে সরিয়ে দিয়েছি। আমরা আরও কতকগুলি ডিপার্টমেন্টকে সম্পূর্ণ ভাবে সরিয়ে দেবার চেষ্টা করছি এবং সেজন্য বাড়ি-ঘর তৈরি করছি। তবে এইটুকু বলতে পারি যে সেখানে এখন ভালো করে তারা কাজ করতে পারছেন, এই বিষয়ে কোনও সন্দেহ নেই। কাজেই উনি মনে করছেন যে এগুলি আমরা বুঝিনা, তা নয়। ওনারা ২৬ বছর ধরে কিছু করেন নি। আমরা একটা প্রচেষ্টা নিয়েছি, কয়েক বছর ধরে এই প্রচেষ্টা নিয়ে কাজ করছি এবং কতকগুলি বিভাগকে ইতিমধ্যে আমরা সরিয়ে দিয়েছি বিধান নগরে।

তারপরে বারে বারে বলা হয় যে অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্ম কমিটির, ডঃ মিত্রের যে রিপোর্ট সেটা আপনারা গ্রহণ করছেন না। আমি বারে বারে হাউসে দিয়েছি যে ৯১টি সুপারিশ , আরও হয়ত দু তিনটে বাড়বে, কিন্তু ৭৮টি গৃহীত হয়েছে, আরও দু একটা হয়ত মানতে পারব, কিন্তু পুরোটা মানা যাবে না, পলিটিক্যাল দিক থেকে করা যাবেনা। এই হিসাবটা আমার কাছে এখানে অছে।

তারপরে সুব্রতবাবু কি একটা বললেন, আমি ঠিক বুঝতে পারলামনা, ফ্লিম ইন্ডাস্ট্রি সেটা কি ঠিক চলছে না, প্রফেশন্যাল লোক নেই, উড়িষ্যায় চলে যাচ্ছে। আমাদের এখানে যে কালার ফ্লিম ল্যাবোরেটরি হয়েছে সেটা চমৎকার চলছে, প্রফেশন্যাল লোক দিয়ে চালানো হচ্ছে, চমৎকার চলছে, সেখানে আমাদের লাভও হচ্ছে। আর একটা ফ্লিম ইনস্টিটিউস করা হচ্ছে, সেটা কেন্দ্রীয় সরকার করছেন। নরসিমা রাও এখানে এসেছিলেন, আমিও ছিলাম। এই কাজটা শুরু হবে। পশ্চিমবাংলার দুভার্গ্য যে কংগ্রেস কখনও এই রকম দাবি করেনি যে এই রকম ফ্লিম ইনস্টিটিউট করতে হবে। বোম্বে যে রকম হয়েছে, সেই রকম কলকাতায় করতে হবে, এটা ২৬ বছরের মধ্যে কোনদিন আপনারা দাবি করেন নি।

তারপরে প্রোমোশনের ব্যাপারে বলা হয়েছে। এটা ঠিক যে প্রোমোশন সাধারণ নিয়মে বেশির ভাগ হয়, সিনিয়রিটির ভিত্তিতে হয়, তবে মেরিটও দেখা হয়। এই জিনিস সব জায়গায় আছে। ভারতবর্ষের অন্য কোনও রাজ্যে নতুন কিছু আছে কিনা আমি জানিনা। সেই অনুযায়ী আমরা এখানে সরকার চালাচ্ছি।

তারপরে বলেছেন যে, আমাদের অফিসারদের কনফিডেনসিয়াল যে রিপোর্ট, সেটা আমাদের কাছে এলে আমরা সই করে দিই। তা না দেখে তো অন্ধের মতো কই করিনা। যেটা এখানে বলা হল যে, যাদের আপনারা পছন্দ করেন না তাদের সম্পর্কে এমনভাবে রিপোর্ট লেখা হয় যাতে তার ক্যারিয়ার নষ্ট হয়ে যায়। এটা একেবারে অসত্য কথা। অন্য কোনও রাজ্যে

কি লেখা হয় জানি না, কিন্তু আমাদের রাজ্যে এই রকম কেউই বলতে পারবে না। একটি নামও বলতে পারেননি, কিন্তু বলছেন যে, উনি বুঝে গেছেন ওয়াকফ রিপোর্ট নিয়ে তার সম্বন্ধে কি লেখা হবে। আমি তো ব্যাপারটা বুঝলাম না। আমাকে জিজ্ঞাসা করা হয়েছিল ঐ অফিসারকে আপনি সরাবেন কিনা। আমি বলেছি কেন সরাবো? অফিসারদের আমরা বলি "মন্ত্রীকে খুশি করবার জন্য কখনও রিপোর্টে পরামর্শ দেবেন না, আপনাদের মতো আপনারা আইন অনুযায়ী যা দেবার দেবেন। তারজন্য আপনাদের কেউ কিছু বলবেন না এবং আপনাদের রিপোর্ট আপনারা সেভাবেই লিখবেন। আর সেটা যদি না করেন তাহলেই বরং খারাপ হবে।" মন্ত্রীকে রিপোর্ট দিতে হবে, তারজন্য তারা রিপোর্ট দিয়ে থাকেন, কিন্তু সেটা আমরা গ্রহণ করতে পারি, আবার নাও পারি। পার্লামেন্টারি ডেমোক্রাসিতে তো এটাই নিয়ম এবং সেই নিয়ম মেনেই আমরা চলছি। এবং আমি যখন কিছুতে সই করি সেটা দেখেই করি।

তারপরে আর একটি কথা বলেছেন—বরাবরই যেটা বলা হয় সেটা হচ্ছে, কো-অর্ডিনেশন কমিটি থেকে নাকি আমাদের সুপারিশ করা হয় কাকে কোথায় পোস্টিং করতে হবে, কাকে কোথায় ট্রান্সফার করতে হবে। কিন্তু এরকম একটি কেসেরও নজির নেই বিগত ২০ বছরে। এটা কংগ্রেস আমলে হত, আমাদের আমলে হয় না। আজকে তারজন্য পশ্চিমবঙ্গ সুমান অর্জন করেছে সারা ভারতবর্ষে। ঐ জিনিস কখনও হয়নি এখানে, অথচ বরাবর ওদের বদনাম করা হচ্ছে। কি লাভ এতে? কারণ ভাস্ট মেজরিটি অফ দি এমপ্লয়ীজ, অনেক বেশি সংখ্যক কর্মচারি তাদের সদস্য, সেটাই কি ওদের অপরাধ? কংগ্রেসরা তো কর্মচারি সংগঠনে রয়েছে এবং আমাদের রয়েছে। কোনটার মধ্যে কর্মচারিরা যাবেন সেটা তো কর্মচারিদের ব্যাপার। ট্রেড ইউনিয়ন করছেন, কাজেই এটা তো জানার কথা! কিন্তু তারজন্য রাগ করবেন কেন? আমাদের মতো কর্মচারিদের সঙ্গে সম্পর্ক গড়ে তোলার ব্যাপারটা ভারতবর্ষের কোথায়ও লক্ষ্য করা যায় না। ওরা বিনা বিচারে ১৪ জন সরকারি কর্মিকে জেলে আটক করেছিলেন। আমরা এসে তাদের ছেড়ে দিয়েছি। এটা কি অন্যায় হয়েছে? তাদের বিরুদ্ধে এখন আর কোনও মামলা হয় না এবং তাদেরও যাতে কোনও মামলায় না যেতে হয় তারজন্য আমরা ব্যবস্থা নিই। আমরা হরতাল, স্ট্রাইক করবার অধিকার দিয়েছি তাদের। বিরোধীরা এসব জানেন, কিন্তু জেনেশুনেও ওসব কথা বলছেন।

তারপরে আমি বলছি, একজন মাননীয় সদস্য এখানে বলেছেন এবং আমি নোট করেছি যে, প্রশাসনের স্বার্থে বিল্ডিং, ঘরবাড়ি ইত্যাদি যা দরকার হয় সে ব্যাপারে আমরা বিশেষ কিছু করছি না, মেরামত ইত্যাদিও করছি না। কিন্তু আমি হিসেব করে দেখেছি, ২২টি নতুন অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং আমরা তৈরি করেছি। একজন এখানে বলেছিলেন যে, এরজন্য ৫০ লক্ষ টাকা নাকি রাখা হয়েছে বাজেটে। অর্থমন্ত্রী এখানে বসে রয়েছেন, আমি তাকে জিজ্ঞাসা করেছিলাম 'এত কম টাকা রেখেছেন নাকি। এরজন্য কিন্তু বেশি টাকা দরকার'। কিন্তু উনি বলেছেন যে, এই খাতে ১.৬৫ কোটি টাকা রাখা হয়েছে।

তারপর বলা হয়েছে যে, বন্ধ-এর ব্যাপারে এবারে কেন নতুন করে সার্কুলার দিলাম আমরা। কিন্তু এবারে আমরা ঠিক করেছি, আমাদের পার্টিও যদি বন্ধ ডাকে সেক্ষেত্রেও একই সার্কুলার থাকবে। অনুপস্থিত কর্মচারিরা চিঠি লিখে যদি ঠিকমতো উত্তর না দেন তাহলে এখন থেকে তাদের ছুটি কাটা ইত্যাদি হবে। এই নতুন সিদ্ধান্ত আমরা নিয়েছি। এবারে।

আমি এটা আবার বলছি, আমাদের দিক থেকে যদি পশ্চিমবাংলায় বন্ধ ডাকা হয় তাহলে একই সারকুলার থাকবে, সারকুলার বদলানো হবে না। হঠাৎ করে পরিবর্তন কংগ্রেস দল করে নিজেদের সুবিধার জন্য। এই জিনিস আমরা করি না। তারপর এখানেও বলা হয়েছে এবং আমার ঘরেও বলছেন যে আপনার কাছে ডাঃ মিত্র কমিটির সুপারিশ ছিল বড় বড় জেলা গুলি ভাগ করার ব্যাপারে। এখানে বহুবার কথা উঠেছে। আমি কথাটা নির্দিষ্ট ভাবে মেদিনীপুর জেলার কথা বলি, সত্যিই বড় জেলা, বহু সংখ্যক মানুষ সেখানে বাস করে। কংগ্রেসের পক্ষ থেকে আমার সঙ্গে দেখা করেছিলেন, আমি বলেছি যে আমার কথা যদি বলেন তাহলে আমি একমত ভাগ করার ব্যাপারে, আমি মনে করি এটা করা উচিত। অ্যাডমিনিস্ট্রেশনের জন্য মানুষের সুবিধার জন্য ভাগ করা উচিত। যত দূর খবর রাখি ভারতবর্ষের বুকে এই রকম জেলা ভাগ হয়ে গেছে, মোটামুটি হয়ে গেছে। তাহলে ঠিকমতো অ্যাডমিনিস্ট্রেট করা যায়। কিন্তু এটা তো আমার একার কথায় হবে না। মান্নানবাবু বললেন কথাটা, তাহলে বলুন একটা মিটিং করা যাক সবাই মিলে। এটা করতে গিয়ে যদি গোলমাল হয়, রাজনীতিগত ভাবে একজন আর একজনের বিরুদ্ধে বললে অসুবিধা হবে। কিভাবে হবে সেটা সবাই মিলে মিশে আমরা করতে পারব একমত হয়ে। তবে আমাদের করতে একটু সময় লাগবে। কারণ টাকা-পয়সার ব্যাপার আছে। আমি আমার পার্টিকে বলব, বামপন্থী যারা আছেন তাদের আমি বলব। আমরা একসঙ্গে বসব, বসে যদি একমত হতে পারি তাহলে আমরা সিদ্ধান্ত নিশ্চয়ই নিতে পারি, এই বিষয়ে কোনও সন্দেহ নেই। আমার ইচ্ছা আছে অ্যাসেম্বলির মিটিং হয়ে যাক, তারপর একটা মিটিং ডাকবো। তারপর যে গুলি বলা হয়েছে তার মধ্যে আছে, ইনডিভিজুয়াল অফিসারের নাম করা হয়েছে, তিনবার বদলি হয়ে গেছে, অমুক অফিসার তমুক জায়গায় গিয়েছে, বদলি করে দেওয়া হয়েছে ইত্যাদি। কে ফেবারিট অফিসার আছে আমি জানি না। যাদের আমরা বদলি করেছি তাদের আমরা নিজেদের প্রয়োজনে বদলি করেছি। বিরোধীদের সঙ্গে কথা বলে তাদের বদলি করতে পারি না। আমাদের প্রশাসনের সুবিধার জন্য বদলি করব। এই বদলির ব্যাপারে কোনও অবিচার হয়েছে বলে আমার জানা নেই। একটা পোস্ট থেকে আর একটা পোস্টে বদলি করা হয়েছে তাতে করে পানিশমেন্ট হয়েছে কি ভালো হয়েছে এটা বলতে পাবর না। প্রশাসনিক সুবিধার জন্য কাউকে কোনও জায়গায় পাঠাতে হয়েছে। তারপর এখানে লোকপাল বিল সম্পর্কে বলা হয়েছে। আমি সকালেই বলেছি, এই ব্যাপারে খবর নিচ্ছি। লোকপাল বিল তৈরি হচ্ছে, শুনেছি তৈরি হয়েছে দিল্লিতে। প্রধানমন্ত্রী এখানে ১৪ তারিখে আসবেন। এলে বুঝতে পারব কি হয়েছে না হয়েছে। সর্বভারতীয় ক্ষেত্রে যদি করেন তাহলে তার মধ্যে আমরা পড়ে যাব। সব চেয়ে বড় কথা হল প্রধানমন্ত্রী যদি তার আওতায় পড়েন তাহলে মুখ্যমন্ত্রী তার আওতায় আনতে হবে। এটা তো সহজ কথা। এটা আমি খবর নিয়ে বলব। আমার ইচ্ছা আমরা যদি তার মধ্যে সংশ্লিষ্ট না থাকি, ওর আওতার মধ্যে না পড়ি, অল ইন্ডিয়া না হয় তাহলে আমাদের এখানে করা উচিত বলে মনে করি। এই কথা আমি আপনাদের বলতে পারি। এই মাত্র সত্য গাঙ্গুলি মহাশয় বললেন এস.ডি.ও.র ব্যাপার নিয়ে। এখানে তো ইলেকশন অত্যন্ত শান্তিপূর্ণ ভাবে হয়েছে, অত্যন্ত সুষ্ঠু ভাবে হয়েছে। আপনাদের যিনি হিরো, ইলেকশন কমিশনার দিল্লি থেকে এই কথা বলেছেন, আমাদের কাছে চিঠি লিখেছেন। সেটা তো আমি পড়ে শুনিয়েছি। তারপর কালকে আমার সঙ্গে দেখা করেছেন, আমি তাকে ঠিক চিনতাম না। কৃষ্ণমূর্তি, ও

জনের মধ্যে আর একজন সদস্য, তিনি এসেছিলেন কলিকাতায় এবং আমার কাছে এসেছিলেন এবং বললেন যে অত্যন্ত সুন্দর আপনারা ইলেকশন করেছেন, খুব কম জায়গায় এই রকম ইলেকশন হয়। সত্য বাপুলি মহাশয় জানেন যে দুর্ভাগ্যবশতঃ.......

(গোলমাল)

কে এদের নির্বাচিত করে পাঠিয়েছে? আপনাদের বাড়িতে আত্মীয়স্বজন নেই, ছেলেপুলে নেই? একজনের কথা শুনে তারপর তাদের জবাব দিতে হয়। আমরা বসে বসে আপনাদের

[6-40 — 6-50 P.M.]

কথা শুনলাম। আপনারা আমাদের কথা শুনবেন না? বাড়িতে গিয়ে কি বলবেন? বাড়িতে ছেলেপুলে নেই? এতো আশ্চর্য ব্যাপার আমি বুঝতে পারছি না। উনি বললেন, এস.ডি.ও. নাকি ইলেকশনে কারচুপি করেছে। দুর্ভাগ্যবশত তো ওরা তিনটে সিট বেশি পেয়ে গেলেন। আগের বার যা ছিল, তার থেকে তো তিনটে বেশি পেয়ে গেলেন আমাদের থেকে। এত সুন্দর ইলেকশন হয়েছে। আর যদি অন্য রকম হত তাহলে আপনার সিটটা তো পেতেন না। আপনি তো দু হাজার ভোটে জিতেছেন। আমরা চাই গণতান্ত্রিক ব্যবস্থায় ইলেকশনটা শান্তিপূর্ণ ভাবে হোক, মানুষ যাকে চান তিনি নির্বাচিত হোন। তা না হলে মানুষের কি ইচ্ছা সেটা প্রতিফলিত হবে না। সেজন্য উনি যেটা বলেছেন সেটা বাজে কথা। তারপরে এখানে একজন বলেছেন যে, আমাদের এখানে জেলার সঙ্গে কোনও যোগাযোগ নেই। আমাদের প্রত্যেক জেলার সঙ্গে কম্পিউটারের সাহায্যে যোগাযোগ হয়ে গেছে। প্রতি মুহূর্তে আমরা খবর পেতে পারি। আজকে কোন জেলায় কি হল, অমুক জেলায় কোনটা কি দরকার, এই সমস্ত কিছু আমাদের এখানে হয়ে গেছে। উনি খবর রাখেন না, কি করব? এটা হয়ে গেছে। আজকে সকালে আমাকে একজন জিজ্ঞাসা করেছিলেন, যাদের ভিজিলেন্স কমিশন থেকে সাজা দেওয়া হয়েছে, তাদের কতজনকে চাকুরি থেকে বরখাস্ত হয়েছে। আমি বললাম, আমি তো এই রকম শুনিনি। আমি খোঁজ নিয়ে পরে বলব। আমি খালি একটা ডিপার্টমেন্ট থেকে পেয়েছি, সেটা বলে দিচ্ছি সেটা হচ্ছে ফিনান্স ডিপার্টমেন্ট থেকে পরিতোষ মুখার্জি, সেকসান অফিসার। একে রিভার্ট করা হয়েছে। আশুতোষ দাস, হেড অ্যাসিসট্যান্ট, রিভার্ট করা হয়েছে। তারপর কমার্শিয়াল ডাইরেকটরেটের একজন অ্যাসিসট্যান্ট কমিশনার, ভোলানাথ সেন, তার মাইনে কমিয়ে দেওয়া হয়েছে। শ্রী এন.কে. ভট্টাচার্য সি.টি.ও. একে ডিসমিস করা হয়েছে। বিমল বিহারী বসু, রিমুভড ফ্রম সার্ভিস। জগন্নাথ বসু, রিমুভড ফ্রম সার্ভিস। এরা এল.ডি.সি.। অমলকুমার সেন, পে রিডিউস করা হয়েছে। চঞ্চল মুখার্জি, ইনসপেকটর, অন সাসপেনসন। আর রেজিস্ট্রেশন ডাইরেকটরেটের সুকুমার সরকার, এর ইনক্রিমেন্ট হ্যাজ বিন স্টপড। এক্সাইস ডাইরেকটরেটের ডি. মান্ডি, সুপারিনটেনডেন্ট, এর ইনক্রিমেন্ট হ্যাজ বিন স্টপড। এগুলো পেয়েছি। অন্য বিভাগের আরও আছে। আমি সেগুলোতে যেতে পারছি না। আমি তো আজকে সকালে বলেছি যে, দুজনকে সাজা দেওয়া হয়েছে। তাদের একজন সুপ্রিম কোর্টে গেছেন। আবার দেখছি, আর.কে. ভট্টাচার্য, উনি বিজেপিতে যোগ দিয়েছেন, উনি সুপ্রীম কোর্টে গিয়েছেন। এদের সাজা দেওয়া হয়েছে। অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইবুন্যাল ইনটারিম অর্ডার দিয়েছে। সুশান্ত কৃষ্ণ ভট্টাচার্য, তাকে সাজা দেওয়া হয়েছ। উনি ট্রাইবুন্যালে গেছেন। ট্রাইবুন্যাল আমাদের বলেছে

যে, এখন আপনারা ডিসিপ্লিনারি প্রসিডিংস করবেন না। ফাইন্যাল ডিসিসান আমরা আপনাদের পরে জানাচ্ছি। সেই অ্যাপ্লিকেশন সেখানে আছে। এইটুকু আমি পেয়েছি যা আমি আপনাদের জানিয়ে দিলাম। ভিজিলেন্স কমিশন সম্বন্ধে সকালে আগের একটা বক্তৃতা থেকে একজন মাননীয় সদস্য বলছিলেন, এখানে থেকে হিসাবটা বুঝতে পারলাম না। আমি খবর নিলাম, কতগুলো মামলা এখন পর্যন্ত হয়েছে। ১,৩১১টি মামলা ভিজিলেন্স কমিশনের কাছে আছে। এটা আমি দেখছি। এবারে আমরা '৮৭-৮৮' সালের হিসাবটা এই ২৩ তারিখের আগে শেষ হওয়ার আগে—আর একটা রিপোর্ট দিতে পারব, আগেরটা দেওয়া হয়েছে। এখনও '৮৭-'৮৮ সালেরটা দেওয়া হয়নি, সেটা দিতে পারব। আর '৯৮-'৯০ এটা হয়ত পাচ্ছিনা আমরা, কিন্তু এই ফিনান্সিয়াল ইয়ারে দিতে পারব। আর যদি কিছু পাই তার মধ্যে যোগ করে, তাহলে পরের বছরটাও দিতে পারি, সেটা আমরা দেখবো। এইতো, আমার যা বক্তব্য ছিল সেইগুলি আপনাদের কাছে বললাম। আর ঐ যেটা বলছিলাম, ডাবলিউ.বি.সি.এস. অফিসার তাদেরও হিসাব আমি দিয়েছিলাম তখন আপনাদের কাছে, নতুন করে আর দেবার দরকার নেই। সেখানে ৫ জনের বিরুদ্ধে পানিশমেন্ট হয়েছে, সাজা হয়েছে ইত্যাদি, এটা আমি ৮ জনের মধ্যে বলেছিলাম। আর কিছু বলার নেই। আর এর সাথে এটুকু বলি, এটা আমি আগেও বলেছি। আপনারা নিজেদের পার্টিটাকে শেষ করছেন, করুন। আমি আর কি করতে পারি। কিন্তু আপনারা দেশটাকে শেষ করবেন না। আপনারা তো দেশটাকে শেষ করে দিচ্ছেন, পশ্চিমবাংলাকে শেষ করছেন, দেশটাকেও শেষ করে দিচ্ছেন। কংগ্রেসের নেতা, এখনও তিনি কংগ্রেসের মধ্যে আছেন, এ.আই.সি.সি.র মেম্বার। এইসব লোককে, আমি তাদের চিনি বলে, তারা ফোন করেন, এটা বলেন, ওটা বলেন ; আমি বলি আপনাদের পার্টি তৈরি করা আমার কাজ নয়। আপনাদের পার্টির বিরুদ্ধে এতদিন ধরে বলেছি, কিন্তু এখন যদি ইলেকশন হয় আপনারা মধ্যপ্রদেশেও হেরে যাবেন, সব জায়গায় হেরে যাবেন। আগে যিনি আপনাদের প্রধানমন্ত্রী ছিলেন, কি অবস্থায়? আমি সেই বিষয়ে বলতে চাচ্ছি না, কারণ সেটা কোর্টের ব্যাপার , কোর্ট বুঝবে, উনি অ্যাপীল করেছেন। কিন্তু আপনারা পার্টিটাকে শেষ করছেন। আপনারা বুঝছেন না এর দ্বারা দেশটাকে আপনারা শেষ করছেন। সাধারণ মানুষকে আক্রমণ করছেন। দেশটাকে বিদেশিদের পদানত করছেন। একটু চিন্তা করবেন কংগ্রেসি বন্ধুরা। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

## Demand No. 18

**Mr. Speaker :** There are five cut motions to Demand No. 18. I put to vote all the cut motions except Cut Motion Nos. 3 & 4 on which I understand a Division will be demanded.

The Cut Motions No. 1, 2 & 5 that the amount of the Demand be reduced by Rs. 100/- were put and lost.

The Cut Moition No. 3 and 4 that the amount of the demand be reduced by Rs. 100/- were then put and a Division was taken with the following results :-

NOES

Abu Ayes Mondal

Bagdi, Shri Kiriti

Barman, Shri Jogesh Chandra

Basu, Shri Jyoti

Bera, Shri Dipak

Bhattacharjee, Shri Buddhabed

Biswas, Shri Ananda Kumar

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Kamalakshi

Bose, Shri Shyamaprasad

Bouri, Shri Haradhan

Chakrabarty, Shri Subhas

Chatterjee, Shri Pratim

Chattopadhyay, Shri Jyoti Krishna

Chaudhrui, Shri Amar

Chowdhury, Shri Jayanta

Das, Shri Ananda Gopal

Das, Shri Bidyut Kumar

Das, Shri Nirmal

Das, Shri Paresh Nath

Das, Shri Pushpa Chandra

Das Gupta, Dr. Ashim Kumar

Das Mahapatra, Shri Kamakhya Nandan

Deb, Shri Goutam

Dhar, Shri Padmanidhi

Duley, Shri Krishna Prasad

Dutta, Dr. Gouripada

Ganguly, Shrimati Kanika

Gayen, Shri Nripen

Ghosh, Shrimati Minati

Ghosh, Shri Susanta

Goswami, Shri Subhas

Hembaram, Shri Jadu

Hore, Shri Tapan

Kalimuddin Shams, Shri

Kisku, Shri Lakshri Ram

Kundu, Shri Ranjit

Let. Shri Dhiren

Mahammad Hannan, Shri

Mahata, Shri Khagendra Nath

Mahata, Shri Satya Ranjan

Maikap, Shri Chakradhar

Malik, Shri Shiba Prasad

Malik, Shrimati Sadhana

Mandal, Shri Prabhanjan

Mandal, Shri Ramchandra

Minj, Shri Prakash

Mitra, Shri Biswanath

Moitra, Shri Birendra Kumar

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Rabindranath

Mondal, Shri Subhas

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Anil

Mukhopadhyay, Shri Chittaranjan

Mursalin Molla, Shri

Nanda, Shri Brahmamoy

Paik, Shrimati Sakuntala
Pakhira, Shri Ratan Chandra
Pal, Shri Shyama Prosad
Pramanik, Shri Sudhir
Rana, Shrimati Sakti
Roy, Shri Mrinal Kanti
Roy, Shri Narmada Chandra
Saha, Shri Kripa Sindu
Saha, Dr. Tapati
Sahis, Shrimati Bilasibala
Samanta, Shri Rampada
Saren, Shri Subhas Chandra
Sen, Shri Dhirendra Nath
Sen Gupta (Bose) Shrimati Kamal
Shaw, Shri Parvin Kumar
Singh, Shri Lagan Deo
Sinha, Shri Prabodh Chandra
Sk. Jahangir Karim, Shri
Toppo, Shri Salib
Zamadar, Shri Badal

AYES

Abdul Mannan, Shri
Abdus Salam Munshi, Shri
Abu Sufain Sarkar, Shri
Banerjee, Shri Ambica
Bapuli, Shri Satya Ranjan
Biswas, Shri Shashanka Shekhor
Charkraborty, Shri Gautam
Das, Shri Sukumar

Deb, Shri Ashoke Kumar

Gyan Sing Sohanpal, Shri

Mukherjee, Shri Ashoke

Mukherjee, Shri Kamal

Mukherjee, Shri Samar

Mukherjee, Shri Sibdas

Mukherjee, Shri Subrata

Poddar, Shri Deoki Nandan

Roy, Shri Pramatha Nath

Roy, Shri Saugata

Roy, Shri Tapas

Sinha, Shri Atish Chandra

ABSTENTIONS

Das, Shri Sailaja Kumar

Sarkar, Shri Deba Prasad

Purkait, Shri Probodh

The Ayes being 20 and Noes 78 the motions were lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 34,40,15,000 be granted for expenditure under Demand No. 18, Major Heads : "2052—Secretariat-General Services" (This is inclusive of a total sum of Rs. 11,47,00,000 already voted on account in February, 1996) was then put and agreed to.

**Demand No. 19**

The Motions of Shri Deba Prasad Sarker, Shri Anay Gopal Sinha, Shri Sultan Ahmed, Shri Saugata Roy and Shri Gyan Singh Sohanpal that the amount of the Demand be reducd by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Ashim Kumar Dasgupta that a sum of Rs. 33,25,60,000 be granted for expenditure under Demand No. 19, Major Heads : "2053—District Administration." (This is inclusive of a total sum of Rs. 11,09,00,000 already voted on account in February, 1996) was then put and agreed to.

## STATMENT UNDER RULE 346

6-50 — 7-03 P.M.]

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার অনুমতি নিয়ে পশ্চিমবঙ্গ বিধানসভা কার্য পরিচালন পদ্ধতির নিয়মাবলির ৩৪৬ নিয়ম মতে আমি পরিবহন শিল্পে ভাড়াবৃদ্ধি সম্পর্কে একটি বিবৃতি দিচ্ছি।

বাস-মিনিবাস-ট্যাক্সির ভাড়া বাড়ানো ছাড়া আমাদের অন্য কোনও উপায় নেই। কেন্দ্রীয় সরকারের পেট্রল জাত দ্রব্যের মূল্যবৃদ্ধির সাম্প্রতিক সিদ্ধান্ত আমাদের এই পথে যেতে বাধ্য করেছে। প্রাক্তন কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতি দেশের সামগ্রিক অর্থনৈতিক পরিকাঠামোকে এমন পর্যায়ে এনে ফেলেছে যে বর্তমান কেন্দ্রীয় সরকার এই পদক্ষেপ নিতে বাধ্য হয়েছে। বস্তুতপক্ষে বর্তমান কেন্দ্রীয় সরকারের এই ঘোষণা প্রাক্তন কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তকে কার্যকর করা ছাড়া আর কিছু নয়। আমাদের মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ অবশ্য ডিজেলের মূল্যবৃদ্ধি শতকরা ৩০ ভাগ থেকে কমিয়ে শতকরা ১৫ ভাগ রাখা সম্ভব হয়েছে। কংগ্রেস সরকারের এককালীন অর্থমন্ত্রী এবং প্রাক্তন কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা কমিশনের চেয়ারম্যান সংবাদপত্রে বিবৃতি মারফত জানিয়েছেন যে সরকারে তাঁরা থাকলেও পেট্রলজাত সামগ্রীর মূল্যবৃদ্ধি করতে বাধ্য হতেন।

(এই সময় কংগ্রেসের মাননীয় সদস্যরা ওয়াক আউট করেন)

১৯৯৪ সালে মার্চ মাসে সর্বশেষ ভাড়া বৃদ্ধির পর থেকে বিগত কেন্দ্রীয় সরকারের নীতির ফলে পরিবহন শিল্পে ব্যবহৃত যন্ত্রাংশ টায়ার-টিউব, ব্যাটারি ল্যুব্রিকেন্ট ইত্যাদি সমস্ত জিনিসের দামই উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে। এই অবস্থায় দাঁড়িয়ে, যে ধরনের মূল্যবৃদ্ধি হয়েছে তার সবদিক থেকে বিবেচনা করে আমাদের সিদ্ধান্তে আসতে হয়েছে।

(এই সময় মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার ও শ্রী প্রবোধ পুরকায়েত ওয়াক আউট করেন।)

ব্যয়ভার যে হারে বেড়েছে তাতে পরিবহন সচল রাখার প্রয়োজনে, অনিচ্ছাসত্ত্বেও, পরিবহন শিল্পের ভাড়া বৃদ্ধির দাবির মুখে সম্মতি জানানো ছাড়া আর কোনও গত্যন্তর নেই। সাধারণ যাত্রীদের কথা স্মরণে রেখে আমরা চেষ্টা করেছি এই বৃদ্ধি যতটা সম্ভব তাদের সহন ক্ষমতার মধ্যে রাখতে। মাননীয় সদস্যগণ পরিস্থিতি সম্পর্কে সম্যক ওয়াকিবহাল। এই পরিস্থিতির তাগিদকে বিবেচনার মধ্যে নিয়ে সমর্থক মনোভাব গড়ে তোলার জন্য আপনাদের কাছে আবেদন রাখছি। পরিবহন শিল্পের সঙ্গে যুক্ত সকল শ্রমিক কর্মচারি ও মালিকদের সঙ্গে আলোচনা করে এবং সরকারি সুচিন্তিত অভিমত বিবেচনা করে আমরা ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছি। এই সিদ্ধান্ত বাস্তবায়িত করার জন্য আপনাদের সহযোগিতা প্রার্থনা করছি।

এই সভার মাধ্যমে, জনসাধারণের কাছে আমার আবেদন, ভাড়া বৃদ্ধির কারণগুলি বহুল আলোচিত এবং আপনাদের কাছে সুপরিচিত। অনিচ্ছাসত্ত্বেও ভাড়াবৃদ্ধির এই প্রস্তাবে রাজ্য সরকারের সমর্থক পদক্ষেপ নেওয়া ছাড়া অন্য কোনও উপায় নেই। সরকার সর্বনিম্ন হারে ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে। এইটুকু না দিলে পরিবহন শিল্পে সামগ্রিক বিপর্যয় নেমে

আসবে। ফলে সমাজের সকল কর্মকান্ড ব্যহত হবে। এই বাস্তবোচিত সিদ্ধান্ত নিয়ে আমরা যে বৃদ্ধির প্রস্তাব রাখছি তা ভারতের অন্যান্য রাজ্যের বর্তমান ভাড়া এবং তার হারের তুলনায় এখনও কমই থাকছে। আমার স্থির বিশ্বাস সামগ্রিক পরিস্থিতির বিবেচনায় যাত্রী সাধারণ এই বৃদ্ধি মেনে নেবেন। বর্ধিত হারে টিকিট কেটে পরিবহন শিল্পে নিয়োজিত শ্রমিক কর্মচারিদের সাথে সহযোগিতা করবেন।

পরিবর্তিত ভাবে ভাড়া বৃদ্ধির হার গুলি নিম্নরূপে ঃ—

**সি. এস. টি. সি. পরিচালিত লিমিটেড স্টপ, সাধারণ বাস এবং প্রাইভেট বাসের ক্ষেত্রে**

বর্তমান ভাড়া— ১ টাকার পরিবর্তে —১ টাকা ২০ পয়সা

১ টাকা ২০ পয়সার পরিবর্তে —১ টাকা ৪০ পয়সা

১ টাকা ৩০ পয়সার পরিবর্তে —১ টাকা ৫০ পয়সা

১ টাকা ৪০ পয়সার পরিবর্তে —১ টাকা ৬০ পয়সা

এরপর বর্তমান ৩ টাকা ভাড়া পর্যন্ত প্রতি স্টেজে ৩০ পয়সা হারে বৃদ্ধি।

বর্তমানে ৩ টাকা ভাড়ার পর প্রতি স্টেজে ৪০ পয়সা হারে বৃদ্ধি এবং ৫০ কি.মি. দূরত্বের বেশি যাত্রার জন্য প্রতি স্টেজে ৭৫ পয়াস হারে বৃদ্ধি।

**সি. এস. টি. সি.র স্পেশাল বাস, ভূতল পরিবহনের বাস এবং দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের মিনি বাসের ক্ষেত্রে ঃ—**

বর্তমান ভাড়া— ১ টাকা ৩০ পয়সার পরিবর্তে —১ টাকা ৫০ পয়সা

১ টাকা ৪০ পয়সার পরিবর্তে —১ টাকা ৬০ পয়সা

এরপর বর্তমান তিন টাকা ভাড়া পর্যন্ত প্রতি স্টেজে ৩০ পয়সা হারে বৃদ্ধি।

বর্তমান ৩ টাকা ভাড়ার পর প্রতি স্টেজে ৫০ পয়সা হারে বৃদ্ধি

**মিনি বাস এবং ট্রাম কোম্পানির স্পেশাল বাসের ক্ষেত্রে ঃ—**

বর্তমান ভাড়া— ১টাকা ৩০ পয়সার পরিবর্তে —১ টাকা ৬০ পয়সা

১ টাকা ৪০ পয়সার পরিবর্তে —১ টাকা ৭০ পয়সা

পরবর্তী ধাপে বর্তমান তিন টাকা ভাড়া পর্যন্ত প্রতি স্টেজে ৩০ পয়সা হারে বৃদ্ধি। বর্তমানে তিন টাকা ভাড়ার পর প্রতি স্টেজে ৫০ পয়সা হারে বৃদ্ধি।

জেলাগুলিতে বর্তমানে প্রথম ৫ কি.মি. পর্যন্ত বর্তমান ভাড়া ১ টাকার পরিবর্তে ১ টাকা ২০ পয়সা হারে ভাড়া ধার্য হবে। পরবর্তী ধাপে প্রতি কিলোমিটার ১৪ পয়সার পরিবর্তে

প্রতি কিলোমিটারে ১৬ পয়সা হারে (নিকটতম ১০ পয়সায় সীমিতকরণ করে) ভাড়া ধার্য হবে।

রাজ্যের অভ্যন্তরে দূরগামী এক্সপ্রেস বাসের ভাড়া প্রতি কিলোমিটার ১৮ পয়সার পরিবর্তে প্রতি কিলোমিটার ২০ পয়সা হারে ধার্য হবে। আন্তরাজ্য এক্সপ্রেস বাসের ক্ষেত্রে প্রতি কিলোমিটার বর্তমান ভাড়া ২০ পয়সার পরিবর্তে ২৫ পয়সা হারে ধার্য হবে।

ডিজেলের মূল্যবৃদ্ধির কারণে লঞ্চের ভাড়াও বাড়ানো প্রয়োজন। লঞ্চের ক্ষেত্রে ঃ—

বর্তমান ভাড়া— ১টাকা পরিবর্তে —১ টাকা ২০ পয়সা

১ টাকা ২০ পয়সার পরিবর্তে —১ টাকা ৫০ পয়সা

১ টাকা ৪০ পয়সার পরিবর্তে —১ টাকা ৭৫ পয়সা

১ টাকা ৫০ পয়সা এবং

১ টাকা ৭৫ পয়সার পরিবর্তে —২ টাকা

২ টাকা, ২ টাকা ১০ পয়সা এবং

২ টাকা ৩০ পয়সার পরিবর্তে —২ টাকা ৫০ পয়সা

২ টাকা ৫০ পয়সার পরিবর্তে —৩ টাকা

এবং

২ টাকা ৬০ পয়সার পরিবর্তে —৩ টাকা ২৫ পয়সা হারে ধার্য হবে।

সাগরদ্বীপে পারাপারের জন্য ঃ—

বর্তমান ভাড়া— ১টাকা ৩০ পয়সার পরিবর্তে —২ টাকা

এবং

—৪ টাকা ৫০ পয়সার পরিবর্তে —৭ টাকা হারে ধার্য হবে।

ফুয়েল সারচার্জ এবং যন্ত্রাংশের মূল্যবৃদ্ধির কারণে ট্রামের ভাড়াও বাড়ানো প্রয়োজন হয়ে পড়েছে।

ট্রামের ভাড়া প্রতি স্টেজে ২০ পয়সা হারে বৃদ্ধি করা হবে।

কলকাতা, হাওড়া ও সংলগ্ন শিল্পাঞ্চলে মিটার ট্যাক্সির বর্তমান ভাড়া প্রথম দুই কিলোমিটারের জন্য ৬ টাকা ৫০ পয়সার পরিবর্তে ৮ টাকা হারে ধার্য হবে। পরবর্তী ২০০ মিটার দূরত্বের জন্য বর্তমানে ৭৫ পয়সার পরিবর্তে ৮০ পয়সা হারে ধার্য হবে। এর ফলে ট্যাক্সির ক্ষেত্রে স্বল্প দূরত্বে ভাড়া যেতে অস্বীকার করার প্রবণতা কমবে বলে আশা করা যায়।

মাননীয় স্পিকার স্যার, আমি আমার বিবৃতি উল্লেখ করেছি যে, এই ভাড়া বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সরকারেরই যে দায় এবং দায়িত্ব — সে বিষয়ে অস্বীকার করা যায় না। কিন্তু নতুন গঠিত কেন্দ্রীয় সরকার টেবিলে এসে যে কাগজ দিয়েছেন, সেই কাগজে তারা দেখিয়ে দিয়েছেন যে, এর সম্পূর্ণ দায় ভার কংগ্রেস সরকারের এবং তারা যেভাবে সমগ্র অর্থনীতি পরিচালনা করেছেন, যেভাবে সমস্ত বোঝা তারা চাপিয়েছেন তার দায়ভার আজকে সারা দেশের মানুষের উপর এসে পড়েছে। নির্বাচনে বাজিমাত করা এবং সেই কারণেই ওই দল তহবিলে নতুন করে অর্থ সংগ্রহের বিষয়টি গত আড়াই বছর ধরে স্থগিত রেখেছেন। একইসঙ্গে এই ধরনের একটা বোঝাও এসে পড়েছে। এখানকার কংগ্রেস বন্ধুরা এই সত্য পরিষ্কারই জানেন। এই কারণে তারা তাদের পাপ স্খালন করা জন্য এখান থেকে পালিয়ে আত্মরক্ষা করেছেন। এইজন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।

## Adjournment

The House was then adjourned at 7.03 p.m. till 1 p.m. on Friday, the 12th July, 1996 in the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

he Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 12th July, 1996 at 11 A.M.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 14 Ministers, 7 Ministers of State and 131 Members.

[11-00 — 11-10 A.M.]

### Starred Questions

### (to which oral answers were given)

**রাজ্যে বন্ধ চটকল**

*৩৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮) **শ্রী দেবপ্রসাদ সরকার :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে কতগুলি চটকল বন্ধ (অর্থাৎ ক্লোজার, লক আউট, লে-অফ) হয়ে রয়েছে ;

(খ) উক্ত বন্ধ চটকলগুলির সাথে যুক্ত শ্রমিকের সংখ্যা কত ; এবং

(গ) উল্লিখিত বন্ধ চটকলগুলি খোলার জন্য রাজ্য সরকার কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :**

স্যার, প্রশ্ন পাঠানোর পর ফিগার কিছু বেড়েছে। এখন পর্যন্ত যা ফিগার আছে সেটা বলে দিচ্ছি।

(ক) এই সময় পর্যন্ত মোট ১৪টি চটকল বন্ধ।

(খ) মোট ৪৫,৯৭৫ জন শ্রমিক।

(গ) আপোষ আলোচনার মাধ্যমে চটকলগুলি খোলার প্রচেষ্টা অব্যাহত আছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়, বন্ধ চটকলগুলোর ব্যাপারে বললেন। এগুলো ছাড়া যেগুলো চালু আছে সেগুলো শিফট কমিয়ে অথবা কাজের সময় ৮ ঘন্টা থেকে কমিয়ে তারা হাজার হাজার শ্রমিককে কর্মচ্যুত করে রেখেছে। এই ঘটনা কি সত্যি? সত্যি হলে এই সম্পর্কে প্রকৃত তথ্য কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** স্যার, উনি যদি শিফট কোথায় কিভাবে কমানো হয়েছে

জানতে চান, তাহলে আমি সেই লিস্ট পড়তে পারি। কিন্তু তাতে আমার এক ঘন্টা সময় লাগবে। বর্তমানে যেগুলোতে শিফট কমাচ্ছে বা বন্ধ করে দিচ্ছে সেগুলো প্রধানত কাঁচা পাটের অভাব এবং দাম তোলার জন্য এরকম করছে। দ্বিতীয়ত তারা বলছে—আমাদের ব্যবসা খুব খারাপ চলছে, দাম পাচ্ছি না, আগে যা দাম পেতাম এখন তাও পাচ্ছি না। তৃতীয়ত তারা বলছে টাকার অভাব এবং তারপর ওদের নিজেদের মধ্যে ঝগড়া-ঝাঁটি আছে। আরেকটা ব্যাপার মাননীয় আব্দুল মান্নান সাহেব কলিং অ্যাটেনশন এনেছিলেন কাঁচা পাটের অভাব সংক্রান্ত, আমি তখন এ ব্যাপারে বিবৃতি দিয়ে উল্লেখ করেছিলাম—ত্রিপাক্ষিক চুক্তি হয়েছিল। ওয়ান ম্যান কমিটি যেটা হয়েছিল, সেই কমিটি করে কতজন পার্মানেন্ট হবে, কতজন স্পেশ্যাল বদলি হবে, কতজন এমনি বদলি হবে সেটার ব্যাপারে আমরা আপ্রাণ চেষ্টা চালাচ্ছি। নেগোশিয়েশন, কনসিলিয়েশন চলছে। যেগুলো শিফট কমাচ্ছে সেগুলো সম্বন্ধে আমরা যতটা পারি আমাদের পক্ষ থেকে নজর রাখছি। ইতিমধ্যে সেন্ট্রাল ট্রেড ইউনিয়নের সঙ্গে কয়েকবার আলোচনা করেছি। আই. জে. এম. এ. বলে কোনও পদার্থ নেই। এখন আই. জে. এম. এ. মাইনোরিটিদের প্রতিনিধিত্ব করছে। তারা আরেকটা রিপ্রেজেন্টেটিভ পাওয়ার। তবে আমাদের পক্ষ থেকে আমরা নজর রাখছি। কাঁচা পাটের অভাব যাতে না হয় তার জন্য জে. সি. আই.-এর সঙ্গে আমরা কথা বলেছি। বর্তমানে যিনি শ্রমমন্ত্রী হয়েছেন, এর আগে আমি চিঠি লিখেছি। জে. সি. আই. পাট কিনছি, সেইজন্য এন. জে. এম. সি. দেখছে তাদের সঙ্কট। ১৯৯৪-৯৫ সলে বাফার স্টক ৯ লক্ষ বেল। এবার জে. সি. আই. না থাকার ফলে সারপ্লাস বা বাফার স্টক ২ লক্ষ বেলে দাঁড়িয়েছে। সেখানে বিভিন্ন হোর্ডিং হচ্ছে, জুট কমিশন কন্ট্রোল করে। আমি বারবার মিটিং করেছি এদের সকলকে নিয়ে। তার পরেও এই অবস্থার মধ্যে বাড়তি স্টক আছে। যারা জুট কন্ট্রোল মানছে না, তাদের বিরুদ্ধে আপনারা ব্যবস্থা নিন। এই প্রচেষ্টাগুলো আমরা করে যাচ্ছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহোদয় এক ঘন্টার কথা বললেন। আজকের বাজেট স্পিচে নিশ্চয় এর উত্তরটা পাব। বাস্তবিক একটা খুব মারাত্মক অবস্থা, এই যে ৪৫ হাজার শ্রমিক—আপনি বললেন ১১টা মিল, তার মধ্যে তিনটে বেড়ে গেছে, চারটেও বাড়তে পারে—প্রত্যক্ষ ভাবে কর্মচ্যুত হল এই লকআউটের জন্য ; এছাড়া শিফট বন্ধ হওয়া বা কাজের সময় কমিয়ে দেওয়ার ফলে জুটমিল শ্রমিকদের ৫০ পারসেন্ট এক লক্ষ না লেও প্রায় ৬০ হাজার কর্মচ্যুত হল। আমার জিজ্ঞাস্য, এইভাবে কর্মচ্যুত হলে, সরকার লে-অফ হলে তারা যে বেনিফিট পায়, এরকম কোনও বেনিফিট এই বিরাট সংখ্যাক জুটমিল শ্রমিকদের দেওয়া যায় কি না, এটা চিন্তা ভাবনা করছেন কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** একটা অসুবিধা হচ্ছে, নির্দিষ্ট ভাবে অনেক জায়গা থেকে অভিযোগ ইউনিয়ন থেকে আসছে না। কেন্দ্রীয় ট্রেড-ইউনিয়ন আপত্তি করছেন কিন্তু নিচের তলার শ্রমিকরা বাধ্য হয়ে মেনে নিচ্ছে। দ্বিতীয় আর একটা কথা হল, এর আগে যখন জুট নিয়ে ট্রাইপারটাইট সেটেলমেন্ট হয়েছিল, তখন একটা কথা উঠেছিল। জুট নিয়ে সার্টিফায়েড স্ট্যান্ডিং অর্ডার ১৯৪৬-এ হয়েছিল। তাতে জুট মালিকদের অনেক অধিকার দেওয়া হয়েছিল। সেই স্ট্যান্ডিং অর্ডারে যারা আপত্তি করেছিলেন, তারা যদি আমাদের

সামনে আসতেন, তাহলে আমরা সেটা আবার রিভাইজ করতে পারতাম। যাইহোক, এবারেও আমরা বলেছি এবং আমাদের সরকারের পক্ষ থেকে আইনজ্ঞের সাথে পরামর্শ করতে বলেছি। সার্টিফায়েড স্ট্যান্ডিং অর্ডার, পরবর্তিকালে স্ট্যাটিউট-এর উপর বই দেখতে বলেছি এবং সেটা দেখার পর আমাদের পক্ষ থেকে আইনানুগ কি ব্যবস্থা করা যায় সেটা জানাব। কেন্দ্রীয় ট্রেড-ইউনিয়নে যারা আছেন, তাদের সঙ্গে আলোচনা করে নির্দিষ্ট ব্যবস্থা নেব।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** '৯৫ সালে যে শিল্প ভিত্তিক চুক্তি, সেই চুক্তি অনুযায়ী ১০ হাজার ভাউচার শ্রমিককে পারমানেন্ট করার যে প্রতিশ্রুতি ছিল, চুক্তি ছিল, সেই চুক্তি ৫৯টি জুটমিলের মধ্যে কত করেছে এই চুক্তি এবং কতজনকে পারমানেন্ট করেছে?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** '৯৫ নয়, '৯৬ এর জানুয়ারি ১-২-৩ এরকম নাগাদ। যাহোক, আমি বলেছি ঐ কমিটিটা কাজকে প্রভাবিত করার জন্য ঐটা করছে। আমরা কিছু কিছু মালিক পক্ষের কাছ থেকে খবর সংগ্রহ করতে পেরেছি তবে সংখ্যাটা খুবই কম। সকলেই করেনি, মেইনলি আই. জে. এম.-এ যারা আছে তারা করেছে। আবার দু'একটা মিল করেছে তারপর বন্ধ করেছে। এটা আমরা পারস্যু করছি এবং ইউনিয়নের কাছে চিঠি দিয়েছি। সেই চুক্তির ইমপ্লিমেন্টেশন কি হয়েছে, সেটা কিছুটা খবর রাখি। মূল বেতন এবং ডি. এ., এটা প্রায় সকলেই দিয়েছে আর এরিয়ার, বোনাস যেটা পাওনা ছিল, দুটো মিল দিয়েছিল, আর বাকিরা মাদ্রাজ হাইকোর্টে একটা কেস হয় সেটা, এবং পরে কিছু কিছু জুটমিল কলকাতা হাইকোর্টে একটা স্টে-অর্ডার করে করেছে, এখনও পায়নি। রিপোর্ট চেয়েছিল, সেটা পেলে কনটেস্ট করার কথা চিন্তা করা যাবে।

[11-10 — 11-20 P.M.]

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল :** যখন জওহরলাল নেহেরু ছিলেন এবং ডাঃ বিধানচন্দ্র রায় এখানকার মুখ্যমন্ত্রী ছিলেন তখন জুট প্রোডাকশন সম্বন্ধে একটা ন্যাশনাল পলিসি হয়েছিল। এর পরেও ক্লোজার, লে-অফ, লক-আউট হয়েছে। এটা সম্বন্ধে সাফিসিয়েন্ট আইনগত অস্ত্র আমাদের পশ্চিমবঙ্গে বা অন্য কোনও রাজ্য যেখানে জুট হয় তাদের দেওয়া যায় কি না? আমরা দেখেছি, চটের থলের অত্যন্ত ডিমান্ড রয়েছে। শুধু তাই নয়, মন্ত্রী মহাশয়ও তাঁর প্রশ্নের উত্তরে এটা বলেছেন। তাই যদি হয় তাহলে আজকে ক্লোজার, লক-আউট, লে-অফ এর ফলে যেসমস্ত চটকল বন্ধ হচ্ছে, হাজার হাজার শ্রমিক বেকার হচ্ছে তাতে কেন্দ্রীয় সরকার আমাদের কি সাফিসিয়েন্ট আইনগত গার্ড দিচ্ছেন—যাতে আমরা মুক্তি পেতে পারি।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** কেন্দ্রীয় সরকারের কাছে আমরা এসম্বন্ধে লিখেছি। আমাদের সমস্যা হচ্ছে, জুট ইন্ডাস্ট্রি এবং পাট সাধারণত পশ্চিমবাংলা, আসাম এবং কিছুটা বিহারে সীমাবদ্ধ। অন্ধ্রে অবশ্য কিছু চটকল আছে। কিন্তু বিপদ হচ্ছে, ১৯৮৭ সালে যে জুট প্যাকিং অ্যাক্ট হয়েছে সিমেন্ট, ফার্টিলাইজার, সুগার এবং কেন্দ্রীয় এ নিয়ে সুপ্রিম কোর্টে মামলা করেছেন। সুপ্রিম কোর্ট সেই অ্যাক্টকে ভ্যালিড ডিক্লেয়ার করার পরেও তাঁরা সেটা মানছেন না। সেক্রেটারি লেভেলে যে কমিটি হয়েছে, চিফ মিনিস্টারের নির্দেশে আমাদের লোক

লেবার সেক্রেটারির সঙ্গে সেই মিটিং-এ যাচ্ছে এবং ইমপ্রেস করা হচ্ছে যাতে এটা মানা হয় এবং আমি ওখানকার মন্ত্রীকে চিঠি লিখে জানিয়েছি যে, এটা না হলে আমাদের অবস্থা খারাপ হবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, ১৪টা জুটকল বন্ধ। উনি একটা কলিং অ্যাটেনশনের মোশনে ঠিক সংখ্যাটা বলেননি। কতকগুলো জুটমিলে ৫ দিনে সপ্তাহ হচ্ছে, কতগুলো জুটমিলে ৪ দিনে সপ্তাহ হচ্ছে আবার ৪ ঘণ্টায় সপ্তাহ হচ্ছে। বাকি সময় লে-অফ হচ্ছে। এসম্বন্ধে যে সংখ্যা দিয়েছেন, তা আমরা পাইনি। জুটের ক্রাইসিসের জন্য বহু জুটমিলে লে-অফ ঘোষণা করা হচ্ছে কিন্তু শ্রমিকরা তার বেনিফিট পাচ্ছেন না। কোনটায় কত কাজ হচ্ছে সেটা যদি বলেন।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** আমি বলেছিলাম, ৫৯টা মিলে এটা হচ্ছে। তবে ডিটেলস-এর জন্য সময় দিতে হবে। সোমবারের দিন লে করে দেব। আনফরচুনেটলি মালিক পক্ষের কাছ থেকে ফোন করে করে এটা জোগাড় করতে হয়। আবার আমরা সেন্ট্রাল ইউনিটের সঙ্গে বসব টু রিভিউ দি সিচ্যুয়েশন।

**শ্রী তপন হোড় ঃ** ক্লোজার, লক-আউট, লে-অফ যা হয়েছে আমরা জানি, কিন্তু চটকলের মালিক বিদেশি ব্রেইলি সাহেবের সঙ্গে রাজ্য সরকারের কোনও চুক্তি হয়েছিল কি না এবং আমরা শুনেছি যে, তিনি নাকি চুক্তি লঙ্ঘন করেছেন। তাই আমার জিজ্ঞাস্য যে, ইন্টারপোলের সাহায্যে তাঁকে গ্রেপ্তার করার কোনও চিন্তা করছেন কি না?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** আমাদের লেবার ডিপার্টমেন্টের এক্তিয়ার খুবই সীমাবদ্ধ এবং চটশিল্প হচ্ছে কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টের, রাজ্য সরকারের সঙ্গে ব্রেইলির কোনও চুক্তি হয়নি। ব্রেইলির এজেন্ট হিসাবে যারা নিযুক্ত তারা মোটামুটি সরকারের থেকে প্যাকেজ অর্ডার নিচ্ছেন। এগুলি আমাদের এক্তিয়ারের মধ্যে পড়ে না। ইন্টারপোলের সঙ্গে আমাদের কোনও যোগাযোগ নেই।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** স্যার, ১লা জুলাই থেকে নিউ সেন্ট্রাল জুটমিল বন্ধ হয়েছে, এটা ভারতবর্ষের একমাত্র জুটমিল যেটা কো-অপারেটিভ দ্বারা পরিচালিত এবং এর ৫১ পারসেন্ট শেয়ার শ্রমিকদের। এটাতে সরকার বিভিন্ন সময় টাকা দিয়ে সাহায্য করেছেন। এটাকে খোলার জন্য কোনও বিশেষ ব্যবস্থা আপনি নিচ্ছেন কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** এটার সম্পর্কে বলে আপনি ভালই করেছেন। ওখানে আপনারা ম্যানেজমেন্টে আছেন, ইউনিয়ন আপনাদের মিলটা বন্ধ করলেন কেন?

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** আমরা মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেছি, মূল সমস্যা নিয়ে আলোচনা হয়েছে, মুখ্যমন্ত্রী দিল্লিতে যাবার আগে সমস্ত কাগজপত্র তাঁকে দিয়েছি। এটা কো-অপারেটিভ হিসাবে প্রতিষ্ঠিত হওয়ার পর এন. আর. এফ. থেকে আমরা টাকা পেতে পারি। আপনি ডাকলে আমরা আপনার সাথে কথা বলতে পারি। এব্যাপারে আপনি কি কোনও উদ্যোগ নিয়েছেন?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** ইউ আর অলওয়েজ ওয়েলকাম। তবে মুখ্যমন্ত্রীর সঙ্গে কি বলেছেন, না বলেছেন সেটা তাঁর ব্যাপার, তবে আমি এ ব্যাপারে উদ্বিগ্ন।

**শ্রী পদ্মনিধি ধর :** স্যার, উলুবেড়িয়া হচ্ছে হাওড়ার সাব-ডিভিসন, ওখানে এশিয়ার বিখ্যাত চটকল ন্যাশনাল জুটমিল যেটা কেন্দ্রীয় সরকার চালাচ্ছেন। তারপর আমরা দেখছি বাউড়িয়া, চেঙ্গাইল এবং ফুলেশ্বরে অনেকগুলি জুটমিল বন্ধ হয়েছে, সম্প্রতি তার মধ্যে কানোরিয়া জুটমিল নানাভাবে বিখ্যাত কি কুখ্যাত আমি জানি না। এই নর্থ মিল এবং কানোরিয়া জুটমিল এগুলি কি অবস্থায় আছে?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** আমি মালিকের সঙ্গে একবার আলোচনা করেছি। পরবর্তিকালে আরেকবার বসার চেষ্টা করেছিলাম, তাঁরা বলেছেন যে, কারা যেন তাঁদের অপমান করেছেন। ইউনিয়নের সঙ্গে বসেছি। দ্বিতীয় কথা হচ্ছে, উনি যে কথাগুলি বললেন সে সম্পর্কে ওয়াকিবহাল আছি, আলোচনা করে, প্রোগ্রাম করে খোলার জন্য কথা বলেছি। এন. জে. সি. ওঁরা আমাদের কাছে এসেছিল এটা বন্ধ হতে পারে কি না, জানতে, অন্য সমস্যা আর কি আছে।

**श्री रामजनक माझी :** माननीय स्पिकार सर, मै आपकै माध्यम से माननीय मन्त्री से जानना चाहता हुँ कि, १९९४ साल के दुसरा दिसम्बर को जो निर्णय लिया गया था और १०-२० करनेका बात किया गया था इसपर कितना आगे काम हुआ है।

**श्री शान्ति रञ्जन घटक :** हाँ जो दोनो बक्षो की मिटिंग मे तय हुआ था। उसपर एक कमिटि बनाया गया है। कमिटि अपना काम शुरु किया है लेकिन मौजुदा जो परिस्थिति है इसलिए उसमे कुछ असुविधा हुआ हैं।

[11-20 — 11-30 A.M.]

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয়, কানোরিয়া জুট মিল কেন বন্ধ হয়েছে, কাদের জন্য বন্ধ হয়েছে এবং খোলার জন্য আপনি কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** স্যার, কানোরিয়া নিয়ে আলাদা একটা প্রশ্ন আছে। সেটা যখন আসবে তখন আমি এ প্রশ্নেরও উত্তর দেব।

**শ্রী সুকুমার দাস :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানালেন যে, ১৪টি চটকল বন্ধ আছে। কবে থেকে এই চটকলগুলি বন্ধ আছে, তা জানাতে পারলে ভাল হয়। এই সমস্ত বন্ধ মিলের মালিকরা শ্রমিকদের পি. এফ. এর টাকা জমা দিয়েছে কি এবং শ্রমিকরা তাদের ইতিপূর্বের প্রাপ্য টাকা থেকে বঞ্চিত হয়েছে কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** স্যার, পি. এফ. বা অন্য ব্যাপারগুলো সম্পর্কে আলাদা নোটিশ দিলে বলতে পারব। আর মিল বন্ধের ব্যাপারটা আমার যতদূর জানা আছে—মেঘনা—৩-১২-৯৫ বন্ধ হয়েছে ; কেলভিন—২৩-১-৯৬ বন্ধ হয়েছে ; প্রবর্তক—৮-৫-৯৬ বন্ধ হয়েছে ; এম্পায়ার—১৩-৫-৯৬ বন্ধ হয়েছে ; কামারহাটি—২১-৫-৯৬ বন্ধ হয়েছে; কানোরিয়া ১৪.১.৯৬ বন্ধ হয়েছে। টিটাগড় (২) যেটা বেইলি চালায়-১০.৬.৯৬ বন্ধ হয়েছে। অ্যাংলো ইন্ডিয়ান ১০-৬-৯৬ বন্ধ হয়েছে ; গলস্টার—৪-৬-৯৬ বন্ধ হয়েছে ; প্রেমচাঁদ—১৬-৬-৯৬ বন্ধ হয়েছে, অ্যালায়েন্স—২৪-৬-৯৬ বন্ধ হয়েছে ; নিউ সেন্ট্রাল—২-৭-৯৬ বন্ধ হয়েছে ; ডেল্টা—৯-৭-৯৬ বন্ধ হয়েছে।

**শ্রী নির্মল রায় ঃ** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় পি. এফ. সংক্রান্ত প্রশ্নের উত্তরে বললেন, এই মুহূর্তে বিস্তারিতভাবে বলা যাচ্ছে না। পি. এফ. ছাড়া ই. এস. আই.-এর ব্যাপারও আছে। এই সমস্ত ব্যাপারে পুলিশ প্রশাসনকে ব্যবহার করে মাননীয় মন্ত্রী মহাশয় চটকল মালিকদের কাছ থেকে অর্থ আদায়ের কোনও পরিকল্পনা গ্রহণ করবেন কি?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন, ই. এস. আই. এবং এমপ্লয়মেন্ট এই সংক্রান্ত ব্যাপারে আলাদা মন্ত্রী আছেন শ্রীমতী ছায়া বেরা। প্রশ্নটা তাকেই করবেন।

**শ্রী কমল মুখার্জি ঃ** যখন চটকল বন্ধ থাকে তখন শ্রমিকদের অনাহারের হাত থেকে বাঁচাবার জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি না?

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** এইরকম কোনও পরিকল্পনা আমাদের শ্রম দপ্তরের নেই।

## মেডিক্যাল কলেজে ভর্তি ছাত্র-ছাত্রীর সংখ্যা

***৩৩৯।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪১) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের মেডিক্যাল কলেজগুলিতে প্রতি বছর কতজন ছাত্র-ছাত্রী ভর্তি হয় ; এবং

(খ) ভর্তির ক্ষেত্রে তফসিলি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত কোটায় ছাত্র-ছাত্রী ভর্তির নিয়ম সঠিকভাবে অনুসৃত হয় কি না?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) ৭৫৫ জন।

(খ) হ্যাঁ।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রথম প্রশ্ন হল, এখন ও. বি. সি. পশ্চিমবাংলায় মেনে নিয়েছে। সেক্ষেত্রে ও. বি. সি.-র ২৭ ভাগ মেডিক্যাল কলেজগুলিতে ভর্তির ব্যাপারে মানা হচ্ছে কি না? যে রোস্টার করা হয়েছে সে"

**পশ্চিমবাংলায় বিশেষ করে স্কুলগুলিতে যা পাঠাচ্ছেন তাতে ২৭_পূর্ণ হচ্ছে না। বর্তমানে ও. বি. সি.র রোস্টার যেভাবে করা হয়েছে তা পশ্চিমবঙ্গ সরকার মেনে নিয়েছেন এবং ও. বি. সি.-র চিহ্নিতকরণ হয়ে গেছে। এখন মেডিক্যাল কলেজগুলিতে ভর্তির ক্ষেত্রে ও. বি. সি.-র কোটা মানা হবে কি না?**

**শ্রী পার্থ দে ঃ** এতদিন পর্যন্ত এটা ছিল না, এটা নতুন এসেছে। ও. বি. সি.-র ক্ষেত্রে কতটা কি নেওয়া হবে, না নেওয়া হবে সেটা দেখা হচ্ছে। ভর্তি হচ্ছে না বলে যে আশঙ্কা প্রকাশ করেছেন যেটা নির্ধারিত কোটা, সেটা কিন্তু ঘটনা নয়। নির্ধারিত যে সংখ্যা যেটা রিজার্ভ সংখ্যা সেটা প্রতিবারেই ভর্তি হয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** দ্বিতীয় প্রশ্ন হল, কলকাতা মেডিক্যাল কলেজ সমূহে নর্থ ইস্টার্ন ইন্ডিয়া, আন্দামান প্রভৃতি এইসব জায়গার কি নির্দিষ্ট কোটা আছে এবং যদি থাকে তার সংখ্যা কত?

**শ্রী পার্থ দে ঃ** রাজ্যের কোনও কোটা নেই। যেটা আছে সেটা হল, সুপ্রিম কোর্টের একটা নির্দেশ অনুযায়ী সেন্ট্রালি কেন্দ্রীয়ভাবে যুক্ত এন্ট্রান্স পরীক্ষা হয়। সারা ভারতবর্ষের ছেলে-বা মেয়েরা বিভিন্ন সীমান্তবর্তী ছোট-ছোট রাজ্যগুলিতে যেসব ছেলেমেয়েরা থাকেন তাদের থেকে শতকরা ১৫ ভাগ ভর্তি করতে হবে। এটা হচ্ছে একটা। আর একটা হল, পুরানো দিন থেকে চলে আসছে, রাজ্যের আলাদাভাবে নয়, আগে এইসব মেডিক্যাল কলেজ বেশিরভাগই কেউ না কেউ তৈরি করেছিলেন, কারো দানে তৈরি হয়েছিল। তাদের কিছু কোটা ২।১টি করে বিভিন্ন কলেজে আছে, সেটা আমাদের কিছু নয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** ৩ নম্বর প্রশ্ন, প্রায়ই শুনি ডাক্তার হচ্ছে এবং তাদের পিছনে সরকারের লক্ষ টাকা ব্যয় হচ্ছে। তাদের অভিভাবকেরা যা খরচা করছেন তার চেয়ে অনেক বেশি টাকা সরকার ব্যয় করছেন। আমি জানতে চাইছি, যেসব ছাত্রছাত্রিরা রাজ্য সরকারের অনুদান পেয়ে উচ্চশিক্ষার্থে বিদেশ যাত্রা করছেন, তাদের ক্ষেত্রে উচ্চ শিক্ষান্তে দেশে ফেরার ক্ষেত্রে কোনও বাধ্য-বাধকতা বা কনভিশন আরোপ করা হচ্ছে কিনা? যদি না করা হয়ে থাকে তাহলে দেশে সার্ভিস দেওয়ার ক্ষেত্রে করা হবে কিনা?

**শ্রী পার্থ দে ঃ** রাজ্য সরকারের অনুমতি নিয়ে, রাজ্য সরকারের নির্দেশ নিয়ে, রাজ্য সরকারের পরিকল্পনা অনুযায়ি যারা যাচ্ছেন বিদেশে তাদের নিশ্চয়ই দেশে ফিরে আসতে হবে এটা আছে। আর একটা আছে, যারা এই রাজ্যের বিভিন্ন মেডিক্যাল কলেজে পড়বেন বা পাশ করবেন তাদের কাছ থেকে স্বীকৃতি নেওয়া হয় যে, যদি প্রয়োজন হয় তাহলে ডাকা হবে এবং এই রাজ্যে ৩ বছর অন্তত সেবা করতে হবে, যদি রাজ্য সরকার প্রয়োজন বোধ করে। এছাড়া বিভিন্ন প্রকল্পে বা ব্যক্তিগত প্রচেষ্টায় যারা পড়ে, তাদের যে যে প্রকল্পে যে ধরনের নিয়ম আছে, সেই ধরনের নিয়ম প্রযোজ্য হবে। কিন্তু স্কলারশিপ নিয়ে যারা পড়তে যাবে, তাদের এই রাজ্যে ফিরে আসতে হবে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন যে মুখ্যমন্ত্রীর কোটা থেকে মেডিক্যাল কলেজে ছাত্র ভর্তি হয়, ওনার বিধান নগরে শতকরা ২৫ ভাগ জমির

কোটা আছে, তেমনি ৭৫৫ জন মোট যে মেডিক্যালে আসন আছে তারমধ্যে মুখ্যমন্ত্রীর কোটা আছে এবং সেই কোটা পদ্ধতি বাতিল হয়েছে কি না?

**শ্রী পার্থ দে :** মুখ্যমন্ত্রীর কোটা বলে কোনওদিন কিছু ছিলনা। রাজ্য সরকারের একটা নির্ধারিত কোটা ছিল। পশ্চিমবাংলায় ১৫টি আসন রাজ্য সরকারের নির্ধারিত ছিল। রাজ্য সরকারের নির্ধারিত কোটা এবারে থাকছে না। সেইগুলো পরীক্ষায় যারা উপর দিকে আছে তাদের দেওয়া হবে।

**শ্রী আনন্দগোপাল দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমাদের রাজ্যের যে মেডিক্যাল কলেজগুলো আছে, এই কলেজগুলোতে তফসিলি জাতি এবং উপজাতি ছাত্রছাত্রিদের ভর্তির সংখ্যা কত?

**শ্রী পার্থ দে :** ১৯৯৩-৯৪ সালে তফসিলি জাতি ছাত্রছাত্রির সংখ্যা ছিল ১৩৮ জন, উপজাতির সংখ্যা ছিল ৩৫ জন। ৯৪-৯৫ সালে ১৩৭ জন তফসিলি জাতি এবং উপজাতি ৩৬ জন। ৯৫-৯৬ সালে তফসিলি জাতি ছাত্রছাত্রির সংখ্যা ছিল ১৩৬ এবং উপজাতির সংখ্যা ছিল ৩৬ জন।

**শ্রী সঞ্জীব দাস :** মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমাদের রাজ্যে মেডিক্যাল পড়ার জন্য ছাত্রছাত্রির সংখ্যা ক্রমশ বাড়ছে জয়েন্ট এনট্রান্স পরিক্ষার্থীর সংখ্যা প্রতি বছর বাড়ছে। সরকারের কোনও পরিকল্পনা আছে কি না ৭৫৫টির পরেও আরও বেশি করে ছাত্রছাত্রি যাতে মেডিক্যাল কলেজে ভর্তি হয়ে ডাক্তারি পড়তে পারে, তার কোনও ভাবনা চিন্তা সরকারের আছে কি না?

**শ্রী পার্থ দে :** ইতিমধ্যে যে সংখ্যাটা আছে ৭৫৫ জন, সেটা মোটামুটি আমাদের রাজ্যের যা প্রয়োজন, তার তুলনায় সেই সংখ্যাটা খারাপ নয়। তবে আরও বেশি এই ধরনের কলেজের চাহিদা যে নেই তা নয়। সেটা সম্পর্কে এই মুহূর্তে বলা সম্ভব নয়, এটা বিচার চলছে, এই ধরনের পরিস্থিতিতে আমরা কিভাবে তার সমাধান করব। এখানে আরও মেডিক্যাল কলেজে পড়ানোর আসন সংখ্যা বাড়ানো হবে কি না, এটা এখন বলতে পারছি না।

**শ্রী পদ্মনিধি ধর :** মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন যে ছাত্রছাত্রিরা তো ভর্তি হচ্ছে জয়েন্ট এন্ট্রান্স দিয়ে এবং এরা নিশ্চয়ই শুধু বাপ মায়ের পয়সায় এই মেডিক্যাল শিক্ষা মেটাতে পারে না। সরকারকে একটা মেডিক্যাল স্টুডেন্ট এর পেছনে লক্ষ লক্ষ টাকা ব্যয় করতে হয়। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করছি ভর্তির সময় তাদের প্রাক শর্ত দেওয়া হবে কি না যে পাশ করার পর তাকে সরকারি যে হাসপাতালগুলো আছে, বিশেষ করে গ্রামাঞ্চলে যেসব হাসপাতাল আছে, সেখানে তাকে কাজ করতে হবে, এইজন্য বলছি পূর্বতন স্বাস্থ্যমন্ত্রী বার বার বলেছিলেন যে যত ডাক্তারকে গ্রামে পাঠানো হয়, তার ৫০ ভাগ ডাক্তার গ্রামে যায় না। সুতরাং এইরকম কোন শর্ত আরোপিত হবে কি না, যদি চাকরি গ্রহণ করে তারা গ্রামীণ অঞ্চলে না যান, তাহলে তার মেডিক্যাল সার্টিফিকেট বাতিল করা হবে, এই ধরনের কোনও সিদ্ধান্ত মন্ত্রী মহাশয় নেবেন কি না জিজ্ঞাসা করছি।

**শ্রী পার্থ দে :** স্যার, এই প্রশ্নটার গুরুত্ব আছে ঠিকই, কেন না পশ্চিমবঙ্গে যত মেডিক্যাল শিক্ষা, মেডিক্যাল কলেজ এর সমস্তটা হচ্ছে সরকার পরিচালিত। যদিও যারা ছাত্রছাত্রি তাদের কিছু ফিস দিতে হয়, দেন তারা কিন্তু মেডিক্যাল কলেজগুলি পরিচালনা করার জন্য এবং তার কাঠামোকে বজায় রাখার জন্য সরকারের বহু অর্থ ব্যয় হয়। মাথাপিছু যদি হিসাব করা হয় তাহলে দেখা যাবে এক এক জন ছাত্রছাত্রির জন্য পুরো কোর্স শেষ করাতে কিছুদিন আগের হিসাব বলছি, হয়ত বেড়েছে, প্রায় তিন লক্ষ টাকা খরচ হয়। এটার উপরই নির্ভর করছে প্রধানত পশ্চিমবঙ্গ। ভবিষ্যতেও এটা করতে চাই। পুরো মেডিক্যাল এডুকেশনের মূল ব্যাপারটা সরকারের এটা যাতে ভবিষ্যতে থাকে এখনও পর্যন্ত এটাই চিন্তাধারা। যে অতিরিক্ত প্রশ্নটা এসেছে, এ ব্যাপারে আগের একটা প্রশ্নের উত্তরে আমি বলেছি, মেডিক্যাল কলেজগুলিতে যারা ভর্তি হচ্ছেন তাদের কাছ থেকে এরকম একটা শর্ত নিচ্ছি যে, যদি প্রয়োজন বোধ করেন সরকার তখন আপনাদের অন্তত তিন বছর এই রাজ্যে কাজ করতে হবে এবং সরকার যেখানে পাঠাবেন সেখানে যেতে হবে। সেটা যদি যান ভাল কথা। তবে ওরকম কোনও ব্যবস্থা করা যাবে না। সেরকম আইন আমাদের দেশে নেই। যেটা করা আছে, এরজন্য তাদের কিছুটা অর্থদন্ড দিতে হতে পারে।

**শ্রী নরেন হাঁসদা :** মাননীয় মন্ত্রী মহাশয় ১৯৯৩/৯৪, ৯৪-৯৫ এবং ৯৫/৯৬ সালে কত এস.টি.এস.সি ছাত্র ভর্তি হয়েছেন সেটা বললেন। জেনারেল মেরিট লিস্টে এই সম্প্রদায়ের যারা ভর্তি হতে পারছেন তাদের সংখ্যাটা ধরেই কি এই সংখ্যাটা দেওয়া হয়েছে, না কি আলাদাভাবে এস.সি.এস.টি. কোটায় যারা ভর্তি হয়েছেন তাদের ক্ষেত্রে এই সংখ্যাটা দেওয়া হয়েছে?

**শ্রী পার্থ দে :** আমাদের নির্দেশে পরিষ্কার লেখা আছে যে সাধারণভাবে উপরের দিকে যারা থাকবে তাদের জন্য কোনও কোটা ইত্যাদি বা তারা এস.সি. না এস.টি. এসব দেখা হবে না। সাধারণ মেরিট লিস্টে যারা পেলেন না তাদের ভেতর থেকে এস.সি, এস.টি. যারা আসছেন তাদের ধরা হচ্ছে এবং রিজার্ভ কোটায় তারা ভর্তি হচ্ছে। জেনারেল লিস্টে যারা ভর্তি হচ্ছেন তাদের ধারা হচ্ছে না।

**শ্রী রামপদ সামন্ত :** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে মেদিনীপুর জেলাতে একটি মেডিক্যাল কলেজ স্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং তার একটা উদ্বোধন অনুষ্ঠানও হয়ে গিয়েছে। এ বছর যারা হায়ার সেকেন্ডারি পাশ করবে তাদের কি ওখানে ভর্তি হবার সুযোগ থাকবে। যদি থাকে তাহলে সাধারণভাবে কতজন ছাত্রছাত্রি সেখানে ভর্তি হবার সুযোগ পাবে জানাবেন কি?

**শ্রী পার্থ দে :** এই অতিরিক্ত প্রশ্নটি এই প্রশ্নের সঙ্গে আসে না। তবে তথ্য হিসাবে বলা ভাল যে মেদিনীপুর জেলাতে মেডিক্যাল কলেজের ব্যাপারে ইতিমধ্যেই একটা প্রশ্ন এসেছিল, সেটা আপনারা জানেন। এখানে এখনও স্তরটা হচ্ছে কোনও মেডিক্যাল কলেজ হতে পারে না মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়ার অনুমতি ছাড়া। মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়ার কোনও অনুমতি এখনও আসে নি। তাদের যে ফরম সেই ফরম তাদের কাছ থেকে চাওয়া হয়েছে। সেই ফরম আসবে এবং সেটা পুরণ করা হবে। তারা যদি অনুমতি

দেন তখন দেখা হবে কিভাবে এই মেডিক্যাল কলেজ তৈরি হবে, কোথা থেকে অর্থ আসবে ইত্যাদি। তখন এইসব প্রশ্ন নিয়ে চিন্তা করার অবকাশ আসবে। তার আগে এ বছর ছাত্র ভর্তিকে এরসঙ্গে যুক্ত করা যাচ্ছে না।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন, উত্তরবঙ্গে যেসব ডাক্তাররা যান তারা সেখানে থাকতে চান না এবং থাকেনও না। সেখানে বেশিরভাগ স্বাস্থ্যকেন্দ্র এবং গ্রামীণ হাসপাতালে ডাক্তার নেই। উত্তরবঙ্গের যেসব ছাত্রছাত্রি ডাক্তারি পড়তে চান, যাদের রিক্যুইজিট কোয়ালিফিকেশনস আছে তাদের জন্য বিশেষ কোনও কোটার ব্যবস্থা করবেন কি?

[11-40 — 11-50 P.M.]

**শ্রী পার্থ দে ঃ** এখন সারা রাজ্যে জয়েন্ট এনট্রান্স একসঙ্গে পরীক্ষা হচ্ছে এবং সেই পরীক্ষার ভিত্তিতে যারা আসছেন তারা পাচ্ছেন। কিন্তু যে প্রশ্ন নিয়ে সকলে চিন্তিত, আমরাও চিন্তিত, সেটা হচ্ছে বিভিন্ন গ্রামাঞ্চলের দূরবর্তী স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসক থাকার প্রশ্ন। ইতিমধ্যে একটা পরীক্ষা করে দেখা হয়েছে যাতে দূরবর্তী ঐ ধরনের স্বাস্থ্য কেন্দ্রগুলিতে চুক্তির ভিত্তিতে চিকিৎসক নিয়োগ করা যায় কিনা এবং তাতে কিছু ভাল সাড়া পাওয়া গেছে। আমার কাছে খবর আছে যে উত্তরবঙ্গের অনেকগুলি জেলায় বিশেষ করে কুচবিহারে যে কয়জন চিকিৎসক চাওয়া হয়েছে, তার থেকেও বেশি সংখ্যক চিকিৎসক আবেদন করেছেন এবং যে কয়জন আবেদন করেছেন তাদের নিয়োগ করা হয়েছে। প্রয়োজন হলে আরও কিছু চিকিৎসক পাওয়া যাবে, এইরকম আমাদের মনে হয়েছে।

**ডাঃ তপতী সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, ই.এস.আই মেডিক্যাল স্কীমে সেখানে ক্যাপিটেশন ফি অব দি মেডিক্যাল ইনসিওর পারসনদের কোয়াটার দেবার কথা ছিল, এটা রুলসেও আছে, কিন্তু এটা এখনও ডিউ হয়ে আছে। এপ্রিল, '৯৬ দেবার কথা ছিল, কিন্তু এখন জুলাই চলছে, এখনও তাদের ডিউটা দেওয়া হয়নি। আর সার্ভিসে ছিল যে ১২ থেকে ১৮ বছর হবার পরে ডাক্তারদের কনফার্মেশন হবার কথা, কিন্তু সেটাও এখনও হয়নি। এর কারণ কি?

**শ্রী পার্থ দে ঃ** এটা মেডিক্যাল প্রশ্ন নয়। আপনি আলাদা ভাবে নোটিশ দিলে আমি বলে দেব।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, পশ্চিমবাংলায় প্রাইভেট মেডিক্যাল কলেজের অনুমোদন দেবার ক্ষেত্রে নীতিগত ভাবে আপনারা কোনও সিদ্ধান্ত নিয়েছেন কি, কোনও এন.আর.আই এখানে মেডিক্যাল কলেজ করার জন্য কোনও প্রস্তাব দিয়েছেন কি?

**শ্রী পার্থ দে ঃ** এখনও এইরকম প্রস্তাব আসেনি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, যদি এই প্রস্তাব আসে

তাহলে আপনারা কোনও সিদ্ধান্ত নেবেন কিনা প্রাইভেট মেডিক্যাল কলেজের অনুমতি দেবার জন্য?

**শ্রী পার্থ দে :** যদি আসে তখন দেখা যাবে।

**শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, আমাদের রাজ্যে ডাক্তারদের কনট্রাক্ট সিস্টেমে নেবার ব্যবস্থা হচ্ছে। আমার কথা হচ্ছে, মেডিক্যাল কলেজগুলি যে জেলায় অবস্থিত সেই জেলার ছাত্র-ছাত্রিদের মেডিক্যাল কলেজে ডাক্তারি পড়ার সুযোগ-সুবিধা দেবার ব্যাপারে সরকার কি কোনও চিন্তা-ভাবনা করছেন। অর্থাৎ বাঁকুড়া, মেদিনীপুর, পুরুলিয়া, এখানকার যারা সেখানে ডাক্তারি পড়বেন, তারা সেখানে অ্যাবজর্ব হবেন এইরকম কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রী পার্থ দে :** আমার যতদূর ধারণা এইরকম ব্যবস্থা এক সময়ে ছিল। তারপরে অনেক পরীক্ষা-নিরীক্ষা, আলোচনা করে বর্তমানে যে ব্যবস্থা হয়েছে সেটা চালু আছে। কাজেই এখন যদি নুতন করে সেটা পুনর্বিবেচনার প্রশ্ন আসে, সেটা ঠিক হবেনা বলে মনে হয়। কেননা, আমাদের জানা আছে এবং আপনারাও জানেন যে, দুরবর্তী গ্রামাঞ্চলে চিকিৎসকের অভাব, এটা একটা সমস্যা। এই সমস্যা যখন জেলা ভিত্তিক ছাত্র ভর্তি করা হত তখনও ছিল। এই সমস্যার সঙ্গে ঐ সমাধান যুক্ত করা ঠিক হবেনা। অনেক আলোচনার মধ্যে দিয়ে বর্তমানে যে ব্যবস্থা চালু আছে সেটা করা হয়েছে। কাজেই এখন আবার সেই বিষয়ে চিন্তা করার উপযুক্ত সময় আসেনি।

**শ্রী শান্তিরাম মাহাতো :** জেলাগুলির স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তার নিয়োগ করবার পর ডাক্তাররা সেখানে থাকতে চাইছেন না। এই সমস্যা মেটাতে মেডিক্যালে ভর্তির ব্যাপারে জেলাভিত্তিক কোটা নির্দিষ্ট করে দেওয়া যায় কিনা? জেলার স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তার থাকার ব্যাপারটা সুনিশ্চিত করতে এটা সহায়ক হবে। এ-ব্যাপারে কোনওরকম চিন্তা-ভাবনা করছেন কিনা?

**শ্রী পার্থ দে :** এই প্রশ্নের মূল যে উত্তর সেটা আগেই দিয়েছি যে, কোটার ব্যাপারটা আমরা ভাবছি না, কারণ এর প্রয়োজনীয়তা নেই। তবে স্বাস্থ্যকেন্দ্রগুলিতে যাতে চিকিৎসকরা থাকতে পারেন তার চেষ্টা করে যাচ্ছি। সম্প্রতি এই নিয়ে পরীক্ষা-নিরীক্ষা যা করছি তার ফল কিছুটা পেয়েছি, এর সামগ্রিক ফলটা কি হচ্ছে সেটা পাবার এখনও সময় হয়নি। এছাড়া চিকিৎসকদের থাকবার ব্যাপারটা সুনিশ্চিত করতে অনেকগুলো দিক বিবেচনা করতে হবে। পরবর্তী পর্যায়ে সেটা আলোচনার মধ্যে আনব। মাননীয় সদস্যরাও একটু চিন্তা করুন যে, সেখানে থাকবার ব্যাপারে তাদের অসুবিধা থাকতে পারে। অতিরিক্ত কাজের ভার না দেওয়া, যে কাজটা তারা করতে পারবেন না সেটা দাবি না করা এবং অন্যান্য সুযোগ-সুবিধা কি দেওয়া যায় এসমস্ত ব্যাপারে ভাবতে হবে। আমরা এসব নিয়ে ভাবছি। বাজেটের দিন এই নিয়ে আলোচনার সুযোগ ছিল। সেদিন তার পরিস্থিতি থাকলে এই নিয়ে আলোচনা হতে পারত যে, এক্ষেত্রে করণীয় কি আছে। তবে যাই করি না কেন, সেটা আপনাদের সামনে আসবে। সেক্ষেত্রে মাননীয় সদস্যদেরও করণীয় কিছু থাকবে বোধ হয়।

[12th July, 1996]

**Different Categories of Employee in the W.B. Essential Commodities Supply Corpn. Ltd.**

***341.** (Admitted Question No. *311) **Shri Saugata Ray** : Will the Mihister-in-charge of the Food & Supplies Department be pleased to State—

Total number of General and S.C./S.T. Employees (categorywise) at the end of 31st January, 1996 in the W.B. Essential Commodities Supply Corpn. Ltd.

**Shri Kalimuddin Shams** : General - 578, Scheduled Castes - 157, Scheduled Tribes - 27, Total number of employees : 762.

**শ্রী সৌগত রায় :** আমি জানতে চাই, শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইব কোটার ক্ষেত্রে শর্টফল কত আছে।

**শ্রী কলিমুদ্দিন সামস :** আমি এখানে কোটাটা ক্যাটাগোরিক্যালি বলে দিচ্ছি আপনাদের।

| | | Number of employees | | |
|---|---|---|---|---|
| | **Name of the Categories** | **General** | **S.C.** | **S.T.** |
| 1. | Accounts Officer | 3 | NIL | NIL |
| 2. | Assistant Account Officer | 4 | NIL | NIL |
| 3. | Assistant Manager | 15 | 4 | NIL |
| 4. | Junior Assistant Manager | 27 | 2 | NIL |
| 5. | Junior Accountant | 26 | 3 | NIL |
| 6. | Commercial Inspector | 78 | 25 | 4 |
| 7. | Personal Assistant (Stenographer) | 10 | NIL | NIL |
| 8. | Sub-Assistant Engineer | 2 | NIL | NIL |
| 9. | Assistant Grade I | 95 | 17 | 5 |
| 10. | Typist Grade I | 11 | 1 | NIL |
| 11. | Cashier Grade I | 3 | 1 | NIL |
| 12. | Cashier | 4 | NIL | NIL |
| 13. | Typist (including Bengali typist) | 10 | 4 | NIL |
| 14. | Assistant Grade II | 62 | 22 | NIL |
| 15. | Telephone Operator | 2 | NIL | NIL |

| | | | | |
|---|---|---|---|---|
| 16. | Driver Grade I | 3 | I | NIL |
| 17. | Comptist | 2 | NIL | NIL |

| | | |
|---|---|---|
| Roneo Operator | General nil. | SC 1 ST nil |
| Telex operator | General 1, | SC/ST nil |
| Driver Grade - II | General 6, | SC 2 ST nil |
| Despatch Rider | General 1, | SC 1 ST nil |
| Daftry Gr. I | General 2 | SC/ST nil |
| Roneo-cum-xerox operator | General - 1 | SC/St nil |
| Auto Ricshaw Driver | General 3 | SC/ST nil |
| Helper Gr. I | General - 28 | SC 14 ST 4 |
| Daftary | General 5 | SC 1 ST nil |

Altogether - General 404 SC 99 ST 13

[11-50 — 12-00 Noon.]

**শ্রী সৌগত রায় :** আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব আপনি যদি এই লিস্টটা পাঠিয়ে দেন তাহলে আমাদের সুবিধা হয়। সরকারি নিয়ম অনুযায়ী এখন নূতনভাবে আইন সংশোধন হচ্ছে। এখন ২২ পারসেন্ট শিডিউল্ড কাস্ট এবং ৬ পারসেন্ট ট্রাইব মোট ২৮ পারসেন্ট রিজার্ভ রাখতে হবে এবং প্রতিটি পোস্টের ক্ষেত্রে রোস্টার অনুযায়ী ফিল আপ করতে হয়। যদি কোনও পোস্টে যোগ্য লোক না পাওয়া যায় তাহলে দপ্তরের মন্ত্রীর কাছে রেফার করতে হয় এবং তার পারমিশন নিতে হয়। আমরা দেখতে পাচ্ছি আপনি অধিকাংশ পোস্টে বলছেন এস.সি. অ্যান্ড এস.টি নীল। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এই যে অধিকাংশ ক্ষেত্রে এস.সি. অ্যান্ড এস.টি. নেই বলছেন এই ব্যাপারে নিয়ম মতো সরকারের পারমিশন নেওয়া হয়েছে কিনা? এখন নিয়ম অনুযায়ী যদি এই রোসটার সিস্টেম ইনট্রোডিউস না করা হয় তাহলে জেল হতে পারে। এটা একটা সিরিয়াস পানিশেবেল অফেন্স। সর্বস্তরে এই আইন করে দিয়েছে। এই ব্যাপারে আমি জানতে চাই যে পোস্টে এস.সি. অ্যান্ড এস.টি নেই সেই ব্যাপারে ডিনোটিফাই করার জন্য সরকারের অনুমতি নেওয়া হয়েছে কিনা?

**শ্রী কলিমুদ্দিন সামস :** মাননীয় সদস্য জানেন যে আমাদের এখানে যত চাকুরি-টাকুরি হয় তা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নেওয়া হয়। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে লেখা হয় এত পোস্ট ভেকেন্ট আছে, তারজন্য ক্যান্ডিডেট পাঠান। তারমধ্যে লিখে দেওয়া হয় যে এত এস.সি এবং এস.টি ক্যান্ডিডেট পাঠাতে হবে। দুর্ভাগ্যের বিষয় অনেক ক্ষেত্রে দেখা গেছে যে এস.সি অ্যান্ড এস.টি-দের জন্য রিজারভেশন সিটগুলিতে রিকয়ার্ড নাম্বার অফ ক্যান্ডিডেট পাওয়া যায় না। না পাওয়ার জন্য সেই জায়গাটা ভেকেন্ট থাকছে। এই ওয়েস্ট বেঙ্গলে অনেক জুনিয়ার পোস্ট সিনিয়র পোস্ট আছে যেখানে এস.সি অ্যান্ড এস.টি ক্যান্ডিডেট

না পাওয়ার জন্য ভেকেন্ট আছে। এরজন্য কিছু করার নেই।

**শ্রী সৌগত রায় :** মাননীয় মন্ত্রী মহাশয়কে আবার বলছি যে আপনি দেখুন, এরমধ্যে কেউ যেন মামলা না করে। তাহলে এশেনশিয়াল কমোডিটিজ - এর ম্যানেজিং ডিরেক্টর-এর জেল হয়ে যাবে। এইভাবে গভর্নমেন্টের কাছ থেকে পারমিশন না নিয়ে পোস্ট যদি ডিনোটিফাই না করেন তাহলে অন্য কোনও লোক নিতে পারবেন না। এখন এই নিয়ম বোথ প্রোমোশনাল অ্যান্ড ডাইরেক্ট রিক্রুটমেন্ট-এর ক্ষেত্রেও প্রযোজ্য। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই রাজ্য সরকার মন্ডল কমিশনের সুপারিশ মেনে ও.বি.সি-দের রিজারভেশন ইনট্রোডিউস করেছেন। এশেনশিয়াল কমোডিটিজ সাপ্লাই কর্পোরেশনে কত পারসেন্ট ও.বি.সি. নিয়েছেন এটা জানাবেন কি?

**শ্রী কলিমুদ্দিন সামস :** আমাদের স্টেটে রিসেন্টলি কিছু ও.বি.সি রেকগনাইজ হয়েছে। এই ব্যাপারে আপনি নোটিশ দিলে বলতে পারব।

**শ্রী নরেন হাঁসদা :** মাননীয় মন্ত্রী মহাশয় সুন্দর উত্তর দিয়েছেন। আজকে বিধানসভার সদস্যরা বিশেষ করে আমরা যারা শিডিউল্ড ট্রাইব সিটে জিতে এসেছি তাদের আজকে এটা বুঝতে অসুবিধা হচ্ছে না যে পশ্চিমবঙ্গ সরকার তফসিলি জাতি এবং আদিবাসী সম্প্রদায়ের মানুষের উন্নয়নের জন্য দীর্ঘ ২০ বছর পরিশ্রম করেছেন এবং সেটা সার্থক পথে গিয়েছে। আপনি যে উত্তর দিলেন না না না, এই পোস্টগুলি ফিল আপ করার জন্য, যাতে আদিবাসী মানুষ জন এখানে এই সুযোগ নিতে পারে তারজন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন? সেটা কোন কোন এক্সচেঞ্জের মাধ্যমে জানার চেষ্টা করা হয়েছে? আমি যেটা বলতে চাইছি, খুব পরিষ্কারভাবে বলতে চাইছি, এতগুলো পোস্ট, যেখানে আপনি নেই, নেই, নেই বলছেন সেগুলো ফিল আপের জন্য আপনার দপ্তর কি ব্যবস্থা নিয়েছেন? কি কারণে আপনাকে নেই, নেই উত্তর দিতে হচ্ছে?

**শ্রী কলিমুদ্দিন সামস :** মাননীয় সদস্যকে আমি জানাতে চাইছি, আমাদের সরকারের একটা নীতি হল, যে কোনও ভ্যাকান্সি হলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে নেব। যে কারণে এই সমস্ত ভ্যাকান্সির ক্ষেত্রে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে আমরা বলি যে এতগুলো রিজার্ভ সিট আছে, এতগুলো এস.সি. সিট আছে, এতগুলো এস.টি. সিট আছে আর এতগুলো জেনারেল ক্যান্ডিডেট আছে। কনভেনশন যেটা আছে, আইনত প্রত্যেক পোস্টের জন্য এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ২০টি করে নাম পাঠায়। তারপর সিলেকশন কমিটি আছে, সিলেকশন বোর্ড আছে, তারা ডিসাইড করেন। কিন্তু যেখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের নাম পাঠায় না, সেই অবস্থায় আমরা ডিসাইড করি না। আমাদের সিদ্ধান্ত হল, অল ভ্যাকান্সিস উইল বি ফিল্ড আপ বাই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ। সেজন্য আমরা অসহায়, যদি আমরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কাছ থেকে নাম না পাই।

**श्री सलीब टोप्पो :-** मै मंत्री महोदय से जानना चाहता हूँ इससे पहले हमारे एक साथी ने प्रश्ण किया तो आपने, संसय निल कह दिए। इससे छार कर जाता है क्या एस. सि./एस. टी. कन्डीडेट नही मिल रहा है, यह प्रश्न है? दुसरा प्रश्ण है नौकरी के क्षेत्र मे तो कह दिया जाता

है कि एस० सी०/एस० टी० कन्डीडेट उपलब्ध नही है। मै जनना चाहता हुँ एम० आर० डिलरशिप के लिए एस० टि० लोगो के लिए कोइ कोटा रखी है जहाँ ट्राइवल इलाको मे एस० टि० कन्डीडेट को डीलरशिप देने मे कोइ कोटा की व्यवस्थथा है या नही?

**श्री कलीमुद्दीन शाम्स** : मै माननीय सदस्य को बताना चाहता हुँ जहाँ तक नोकरी का सवाल है हमलोग एम्पलाइमेन्ट एक्सचेन्ज से नाम मांगते है, उसमे कह दिया जाता कि यह पद एस० सि०/एस० टि० के लिए आरक्षित है। उसके बाद एक्सचेन्ज नाम भेजती है। कभी-कभी ही किसी-किसी क्षेत्र मे जब बहुत अधिक आवश्यकता होती है आर कन्डीडेट नही मिलता है तो जेनरल कर भरती होता है, बार बार एकसचेन्ज पास मेजते है, और एस० सि०/एस० टि० के कन्डीडेट के लिए इन्तजार भी करते है। रही बात एम० आर० डीलरशिप की आप नोटिश देगें उसके बाद खोजकर आपको बता देगें।

## Starred Questions

### (to which written answers were laid on the Table)

### প্রাথমিক সমবায় কৃষি বিপণন সমিতি

*৩৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৩) **শ্রী আবু আয়েস মণ্ডল** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে প্রাথমিক সমবায় কৃষি বিপণন সমিতির সংখ্যা কত; এবং

(খ) ১৯৯৫-৯৬ আর্থিক বছরে ঐ সমস্ত সমবায় কৃষি বিপণন সমিতির মাধ্যমে মোট কত পরিমাণ সার কৃষকদের মধ্যে বিতরণ করা সম্ভব হয়েছিল?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ২৬৯টি।

(খ) ১৯৯৫-৯৬ আর্থিক বছরে সার বিতরণের মোট পরিমাণ ৩,০১,৭০০ হাজার মেট্রিক টন।

### জেলা গ্রন্থাগার বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহার

*৩৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৮) **শ্রী অজিত খাঁড়া** : শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকারি ব্যয়ে পরিচালিত মেদিনীপুর জেলা গ্রন্থাগারটি বর্তমানে 'নয়ন' নামে একটি বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহৃত হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক গ্রন্থাগার-কক্ষ ব্যবহার অবিলম্বে

বন্ধ করার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) সত্য নয়। মেদিনীপুর জেলা গ্রন্থাগারের একটি অব্যবহৃত ঘরে স্থানীয় প্রতিষ্ঠান 'নয়নের' আবেদনক্রমে ও জেলাশাসকের অনুমতিক্রমে গ্রন্থাগারিক একটি পাঠ্যপুস্তক সংগ্রহ পরিচালনার সুযোগ দেন। সংস্থার অন্যান্য ক্রিয়াকলাপের জন্য এই ঘর ব্যবহারের অনুমতি দেওয়া হয়নি।

(খ) আগামী ৩১.১২.৯৬ এর মধ্যে উক্ত সংস্থাকে ঐ ঘর ছেড়ে দিতে বলা হয়েছে।

**সেসরু স্কীমে লোন প্রদান**

*৩৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫০) **শ্রী ঈদ মহম্মদ :** কর্মবিনিয়োগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

১৯৯৪-৯৫ এবং ১৯৯৫-৯৬ আর্থিক বছরে সেসরু স্কীমে কতজনকে লোন দেওয়া সম্ভব হয়েছে?

**কর্মবিনিয়োগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

| আর্থিক বছর | লোন প্রাপকের সংখ্যা |
|---|---|
| ১৯৯৪-৯৫ | ২,৬১০ জন |
| ১৯৯৫-৯৬ | ২,৫০৩ জন |

**বয়স্ক হাইস্কুল চালুকরণের ব্যবস্থা**

*৩৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৫) **শ্রী অশোক দেব :** শিক্ষা (প্রথাবহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে বয়স্ক হাইস্কুল চালু করার জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকলে, দক্ষিণ ২৪ পরগনা জেলায় ঐরূপ স্কুলের সংখ্যা কত?

**শিক্ষা (প্রথা বহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) পশ্চিমবঙ্গে বয়স্ক উচ্চ বিদ্যালয় প্রকল্পটি চালু আছে।

(খ) দক্ষিণ ২৪-পরগনা জেলায় ঐরূপ স্কুলের সংখ্যা বর্তমানে একটি। (রামকৃষ্ণ মিশন, নরেন্দ্রপুর লোকশিক্ষা পরিষদ পরিচালিত)

**কানোরিয়া জুট মিল**

*৩৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫১০) **শ্রী রবীন্দ্র ঘোষ :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কানোরিয়া জুট মিলটি খোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কতদিনের মধ্যে খোলা হবে বলে আশা করা যায়?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, কানোরিয়া জুট মিলটি খোলার ব্যাপারে সরকার আলোচনা চালিয়ে যাচ্ছে।

(খ) কতদিনের মধ্যে খোলা হবে, তা নির্দিষ্টভাবে বলা সম্ভব নয়।

**হাওড়া স্টেট জেনারেল হাসপাতালে শূন্যপদ-পূরণের ব্যবস্থা**

*৩৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬০) **শ্রী অম্বিকা ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া স্টেট জেনারেল হাসপাতালে কতগুলি ডাক্তার/নার্স/স্বাস্থ্য কর্মীর পদ শূন্য রয়েছে;

(খ) উক্ত হাসপাতালের শূন্য পদগুলি পূরণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে;

(গ) উক্ত হাসপাতালে কতগুলি অ্যাম্বুলেন্স আছে;

(ঘ) তন্মধ্যে কতগুলি সচল অবস্থায় আছে; এবং

(ঙ) উক্ত হাসপাতালে কার্ডিয়োলজি বিভাগ চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**স্বাস্থ্য ও পরিবারর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হাওড়া জেলা সদর হাসপাতালে ডাক্তার ও নার্সের কোনও পদ শূন্য নাই। অন্যান্য ক্ষেত্রের মোট শূন্য পদের সংখ্যা ১৮ (আঠারো)

(খ) উক্ত শূন্য পদগুলি পূরণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

(গ) অ্যাম্বুলেন্সের সংখ্যা দুটি।

(ঘ) একটি সচল অবস্থায় আছে।

(ঙ) না।

**বি.ও.টি. স্কীমে রাস্তা ও সেতু নির্মাণ**

*৩৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬১২) **শ্রী তপন হোড় :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বি.ও.টি. স্কীম-এ রাজ্যে কতগুলি রাস্তা এবং সেতু নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) এজন্য আনুমানিক কত খরচ ধার্য করা হয়েছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বি ও টি স্কীমে পূর্ত (সড়ক) দপ্তরের কোনও প্রকল্প চূড়ান্তভাবে অনুমোদিত হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**Employments through the Employment Exchanges**

***348.** (Admitted Question No. *332.) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Employment Exchange Department be pleased to state—

(a) the total number of candidates getting employments through the Employment Exchanges in the State during the financial year, 1994-95; and

(b) proposals if any, to open new Employment Exchanges during the financial year, 1996-97 (districtwise)?

**Minister-in-charge of the Labour (Employment Exchanges) Department**

(a) The total number of placement through the Employment Exchanges in the State during the financial year, 1994-95 is 10,681.

(b) Yes. Decision to open a new Employment Exchange at Egra in Midnapur has been taken.

Proposals for opening of new Employment Exchanges at Nazat in North 24 Pgs, Malbazar in Jalpaiguri and Gangarampur in Daskhin Dinajpur are under consideration of the Government during the current financial year.

**লাইসেন্স-প্রাপ্ত হাস্কিং মিল**

*৩৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭২) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে লাইসেন্স-প্রাপ্ত হাস্কিং মিলের সংখ্যা কত; এবং

(খ) ১৯৭৭ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত উক্ত সংখ্যা কত ছিল?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) রাজ্যে লাইসেন্সপ্রাপ্ত হাস্কিং মিলের সংখ্যা বর্তমানে ১০,৫৮৬টি।

(খ) ১৯৭৭ সালে ৩১শে ডিসেম্বর পর্যন্ত এরূপ লাইসেন্সপ্রাপ্ত হাস্কিং মিলের সংখ্যা

ছিল ৭,১৯৮টি।

**কুচবিহার জেলায় উপস্বাস্থ্যকেন্দ্রকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে উন্নীতকরণ**

*৩৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৪) **ডাঃ মোঃ ফজলে হক :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কুচবিহার জেলার দিনহাটা ১নং ব্লকের অন্তর্গত গোসানীমারীতে অবস্থিত উপস্বাস্থ্যকেন্দ্রটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে উন্নীত করার কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা কার্যকর করা হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবারর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) অন্য এস.এইচ.সি.গুলির মতো গোসামীমারীর উপ-স্বাস্থ্য কেন্দ্রটিকে এখন নতুন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র বলা হয়।

(খ) প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলিকে শক্তিশালী করার বিষয় বিবেচনা করা হচ্ছে।

**লেভেল ক্রসিং-এর উপর ওভারব্রিজ নির্মাণ**

*৩৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩০) **শ্রী বুদ্ধদেব ভকত :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ঝাড়গ্রাম লেভেল ক্রসিং-এর- উপর ওভারব্রিজ স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, বরাদ্দকৃত অর্থের কত পরিমাণ রাজ্য সরকার ও কত পরিমাণ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যাবে?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) পূর্ত বিভাগের অধীনে কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**বেনফেড পরিচালন সমিতির নির্বাচন**

*৩৫২। (অনুমোদিত প্রশ্ন নং *১২১৫) **শ্রী শৈলজাকুমার দাস :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বেনফেড পরিচালন সমিতির নির্বাচন বহুদিন হয়নি; এবং

(খ) সত্যি হলে, উক্ত নির্বাচন যথাসময়ে না হওয়ার কারণ কি?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) শেষ নির্বাচন হয়েছে ১৯৮১ তে

(খ) কলকাতা হাইকোর্টের আদেশ মোতাবেক এই নির্বাচন সম্পন্ন করার ব্যাপারে নিযুক্ত স্পেশ্যাল অফিসার ভোটার তালিকা প্রস্তুতের কাজ আরম্ভ করেছেন। সেই কাজ সম্পূর্ণ না হওয়ার জন্য নির্বাচন এখনও অনুষ্ঠিত হয় নাই। স্পেশ্যাল অফিসারের কাজ শেষ হলেই ভোট অনুষ্ঠিত হবে।

### স্টুডেন্টস পাঠাগারের অনুমোদন

***৩৫৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৬) **শ্রী সুভাষচন্দ্র সরেন ঃ** গ্রন্থাগার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর ব্লক ১-এ আসনবনী স্টুডেন্টস পাঠাগারটি অনুমোদন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পাঠাগারটি অনুমোদিত হবে বলে আশা করা যায়?

**গ্রন্থাগার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এরূপ কোনও পরিকল্পনা এখন সরকারের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

### রাস্তাকে জাতীয় সড়কে উন্নীতকরণ

***৩৫৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৪) **শ্রী কমল মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কটি ও কোন কোন রাস্তাকে জাতীয় সড়কে উন্নীত করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে; এবং

(খ) এগুলির মধ্যে কটি ও কোন কোন রাস্তা উক্ত ব্যাপারে ৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদন পেয়েছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নিম্নলিখিত ৭(সাত)টি সড়ককে জাতীয় সড়কে উন্নীত করার প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে ঃ

(১) আসানসোল - খড়গপুর রাস্তা

(২) খড়গপুর - বালেশ্বর রাস্তা

(৩) ৬ নং জাতীয় সড়ক থেকে ডায়মন্ডহারবার (ভায়া বিদ্যাসাগর সেতু ও কলিকাতা ডায়মন্ডহারবার রোড) পর্যন্ত রাস্তা।

(৪) কোরা - কাটিহার - হরিশ্চন্দ্রপুর - ফরাক্কা রাস্তা।

(৫) দিঘা - নন্দকুমার রাস্তা।

(৬) মোকামা - ফরাক্কা রাস্তা।

(৭) রাঁচী - কলিকাতা রাস্তা

(খ) একটি রাস্তাও কেন্দ্রীয় সরকারের অনুমোদন পায়নি।

**নতুন প্রাথমিক ও সাবসিডিয়ারি হাসপাতাল স্থাপন**

***৩৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৮২৫) **শ্রী ইউনুস সরকার :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চলতি আর্থিক বছরে নতুনভাবে কিছু প্রাথমিক ও সাবসিডিয়ারি হাসপাতাল খোলা হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, মুর্শিদাবাদ জেলার কোন কোন স্থানে এগুলি খোলা হচ্ছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) কেবলমাত্র বিশেষ ক্ষেত্রে গুরুত্ব অনুযায়ী কয়েকটি নতুন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র খোলার প্রস্তাব পরীক্ষা করা হচ্ছে।

(খ) তফসিলি জাতি অধ্যুষিত হওয়ায় মুর্শিদাবাদ জেলার নবগ্রাম ব্লকের পুন্ডিতে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র খোলার কথা বিবেচনা করা হচ্ছে।

**Appointment without Reference to the Employment Exchange**

***356.** (Admitted Question No. *1373) **Shri Tusher Kanti Mondal:** Will the Minister-in-charge of the Employment Exchange Department be pleased to state—

(a) Whether it is a fact that Private Factories/Companies in Haldia are appointing people without reference to the Employment Exchange; and

(b) if so, the steps taken by the Government in this regard?

**Minister-in-charge of the Labour (Employment Exchange) Department :**

(a) The State Government have not such specific information at hand

(b) Question does not arise

**দামোদর নদের উপর মেজিয়া সেতু নির্মাণ**

***৩৫৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪২১) **শ্রী অঙ্গদ বাউরী :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দামোদর নদের উপর রানিগঞ্জ-মেজিয়া সেতু নির্মাণের কাজটি কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়;

(খ) উক্ত কাজে কত পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে; এবং

(গ) ৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত কি পরিমাণ অর্থ ব্যয় করা হয়েছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ডি.ভি.সি. কাজটি করছে। তাদের কর্মসূচি অনুযায়ী মূল সড়ক সেতুর কাজ চলতি আর্থিক বছরে শেষ হবে আশা করা যায়।

(খ) (গ) এই কাজের জন্য ১৯৯৫-৯৬ আর্থিক বছর পর্যন্ত এই দপ্তরের দেয় শেয়ারের মোট ৫.০৭ কোটি টাকা ডি.ভি.সি. কে দেওয়া হয়েছে।

**বিভিন্ন ধরনের চিকিৎসা-ব্যবস্থার উন্নতিকল্পে ব্যবস্থা**

*৩৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯) **শ্রী সুকুমার দাস :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে হোমিওপ্যাথি, আয়ুর্বেদিক ও ভেষজ ঔষধপত্র এবং চিকিৎসা-ব্যবস্থার উন্নতিকল্পে সরকারের কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, এ ব্যাপারে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) রাজ্য সরকার ইতিমধ্যেই চারটি ডিগ্রি হোমিওপ্যাথিক কলেজকে অধিগ্রহণ করিয়াছেন এবং এগুলির উন্নতির জন্য বিবিধ ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। সংযুক্তির মাধ্যমে রাজ্য সরকার একটি ডিপ্লোমা কলেজকেও অধিগ্রহণ করিয়াছেন। বর্তমানে রাজ্যের সমস্ত জেলায় মোট ৫৪৫টি রাষ্ট্রীয় হোমিওপ্যাথিক চিকিৎসালয় সরকার দ্বারা পরিচালিত হয়। এছাড়াও, সরকারি অনুদানের মাধ্যমে এবং পার্ট-টাইম চিকিৎসকের দ্বারা সমস্ত জেলায় ৪৭৩টি পঞ্চায়েত হোমিওপ্যাথিক ডিসপেনসারি পরিচালিত হইয়া থাকে।

আয়ুর্বেদ চিকিৎসার উন্নতিকল্পে রাজ্য সরকার বর্তমানে তিনটি আয়ুর্বেদ কলেজ ও হাসপাতাল পরিচালনা করিতেছেন। বর্তমানে রাজ্যের সমস্ত জেলায় মোট ২৮৫টি রাষ্ট্রীয় আয়ুর্বেদ ডিসপেনসারি মারফত বিনা খরচে আয়ুর্বেদ চিকিৎসার ব্যবস্থা আছে। রাজ্যের আয়ুর্বেদের উন্নতিকল্পে এবং সুষ্ঠু পরিচালনার জন্য একটি পৃথক ডিরেক্টরেট অফ আয়ুর্বেদ স্থাপন করা হইয়াছে। বর্তমানে ব্লক স্তরে ১৫০টি আয়ুর্বেদ ডিসপেনসারি স্থাপনের পরিকল্পনা বিবেচনাধীন। ইউনানী চিকিৎসা ব্যবস্থার উন্নতিকল্পে কলিকাতার বস্তি অঞ্চলগুলিতে অধিবাসীদের চিকিৎসার জন্য একটি ভ্রাম্যমান ইউনানী চিকিৎসালয় খোলা হইয়াছে।

এছাড়াও, হাওড়ার সালকিয়ায় একটি সরকারি ইউনানী চিকিৎসাকেন্দ্র খোলা হইয়াছে। অল ইন্ডিয়া ইউনানী টিব্বি কনফারেন্স দ্বারা স্থাপিত কলকাতায় প্রথম

ইউনানী মেডিক্যাল কলেজ ও হাসপাতালের উন্নয়নের জন্য রাজ্য সরকার অর্থ সাহায্য দেওয়ার প্রস্তাব বিবেচনা করিতেছেন।

**ম্যালেরিয়া রোগে আক্রান্ত ব্যক্তির সংখ্যা**

*৩৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৭১৬) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলায় ১লা এপ্রিল, ১৯৯৫ থেকে ৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত এক বছরে কতজন ব্যক্তি ম্যালেরিয়া রোগে আক্রান্ত হয়েছেন;

(খ) উক্ত সময়ে এই রোগে কতজনের মৃত্যু হয়েছে; এবং

(গ) উক্ত রোগ প্রতিরোধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত সময়ে মোট ৫৭৯ জন ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছিলেন।

(খ) কোনও মৃত্যু হয়নি।

(গ) ম্যালেরিয়া রোগ প্রতিরোধে রাজ্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন। এগুলি নিম্নে বর্ণিত হল :

(১) ম্যালেরিয়া রোগ বাহক মশার বৃদ্ধি নাশ করার জন্য সংক্রামিত এলাকায় পাঁচ মাস ডি. ডি. টি., প্রতি বছর স্প্রে করা হয়েছিল।

(২) জেলান্তর হাসপাতাল থেকে উপস্বাস্থ্যকেন্দ্র পর্যন্ত প্রতিটি কেন্দ্রে জ্বরের রোগীর রক্তের নমুনা সংগ্রহের ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া স্বাস্থ্যকর্মীরা বাড়ি বাড়ি ঘুরে জ্বরের রোগীর সন্ধান পেলেই রক্তের নমুনা সংগ্রহ করছেন। এই নমুনাগুলি জেলান্তর হাসপাতাল থেকে ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র পর্যন্ত সমস্ত কেন্দ্রে পরীক্ষা করা হচ্ছে। রক্তের নমুনা সংগ্রহ করার পর পরই রোগীকে প্রয়োজনীয় ঔষধ খাওয়ানোর ব্যবস্থা করা হচ্ছে ম্যালেরিয়া প্রবণ অঞ্চলে ভারত সরকারের বিধি মেনে। প্রয়োজনবোধে রোগীকে হাসপাতালে স্থানান্তরিত করা হচ্ছে।

(৩) ম্যালেরিয়ার চিকিৎসার জন্য প্রয়োজনীয় ঔষধ রোগী যাতে অনায়াসে পেতে পারে সেদিকে দৃষ্টি রেখে সমস্ত হাসপাতাল এবং স্বাস্থ্য ও উপস্বাস্থ্য কেন্দ্রগুলিতে এমনকি প্রতিটি স্বাস্থ্যকর্মী এবং অঙ্গনওয়াড়ী কর্মীর কাছে প্রয়োজনীয় ঔষধ রাখার ব্যবস্থা করা হয়েছে।

(৪) ম্যালেরিয়া চিকিৎসা কেন্দ্র সম্পর্কে জনসাধারণকে অবহিত করার জন্য এবং জনসাধারণের মধ্যে স্বাস্থ্য-সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে প্রচলিত গণমাধ্যমগুলির সাহায্যে প্রচারাভিযান চালানো হচ্ছে।

**প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে রূপান্তর**

*৩৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৪) **শ্রী অজয় দে :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শান্তিপুর থানার ফুলিয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি গ্রামীণ হাসপাতালে রূপান্তরের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে তা কোন পর্যায়ে আছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**ঝুমঝুমি স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে রূপান্তর**

*৩৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪১) **শ্রী সঞ্জীবকুমার দাস :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শ্যামপুর ২নং পঞ্চায়েত সমিতির অন্তর্গত ঝুমঝুমি স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনার কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) আপাতত নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**অজয় নদীর উপর সেতু নির্মাণ**

*৩৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৩) **শ্রী বিজয় বাগদী :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ভীমগড় ও পান্ডবেশ্বরে অজয় নদীর উপর সেতু নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে কবে নাগাদ নির্মাণের কাজটি শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) উক্ত সেতু নির্মাণের বিষয়টি সক্রিয় বিবেচনাধীন আছে।

(খ) এখনই বলা সম্ভব হচ্ছে না।

**সিউড়ী সদর হাসপাতালে নতুন বিভাগ চালু**

*৩৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৮) **শ্রী সুনীতি চট্টরাজ :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ

বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

বীরভূমে সিউড়ী সদর হাসপাতালে ইনটেনসিভ (হার্ট) কেয়ার ইউনিট ও আলট্রাসোনিয়োগ্রাফি ইউনিট খোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

আপাতত নাই।

**কনফেড-এর হিসাব নিরীক্ষা**

*৩৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩৭) **শ্রী মোজাম্মেল হক ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১.৩.৯৬ পর্যন্ত কনফেড-এর হিসাব নিরীক্ষা (অডিট) হয়েছে কি না;

(খ) না হয়ে থাকলে, এ জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না।

১৯৯২-৯৩ সাল পর্যন্ত হিসাব নিরীক্ষা সম্পন্ন হয়েছে এবং বর্তমানে ১৯৯৩-৯৪ ও ১৯৯৪-৯৫ সালের নিরীক্ষা চলছে। ১৯৯৫-৯৬ সাল পর্যন্ত হিসাব নিরীক্ষার ব্যাপারে সমবায় বিভাগ যথাযথ ব্যবস্থা গ্রহণ করেছে।

**নলহাটী-মুরারই রাস্তা সংস্কার**

*৩৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯৬) **ডাঃ মোতাহার হোসেন ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

বীরভূম জেলার বোলপুর রাজগ্রাম রাস্তার নলহাটী-মুরারই অংশটি সংস্কারের কাজ কবে নাগাদ শুরু এবং কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রাস্তাটি যান চলাচল যোগ্য রাখার জন্য প্রয়োজনীয় মেরামত করা হয়। তবে চওড়া বা উন্নীত করার জন্য যথোপযুক্ত অর্থ সংস্থান না থাকায় ঐ কাজ শুরু করা সম্ভব হচ্ছে না।

**সরকারি ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিস বন্ধে ব্যবস্থা**

*৩৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৫) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) সরকারি ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিশ বন্ধ করার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) এই সম্পর্কে .নিয়ম নির্ধারিত আছে।· নতুন কোনও বিবেচনার প্রশ্ন নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**Registered Unemployed in Cooch Behar District**

***370.** (Admitted Question No. *1378) **Shri Mihir Goswami and Shri Saugata Ray :** Will the Minister-in-charge of the Employment Exchange Department be pleased to state—

(a) the total number of registered unemployed in the records of the Employment Exchanges in Cooch Behar district as on 31.12.1995;

(b) the number of educated unemployed in (a) above;

(c) new registration records by the Employement Exchanges in Cooch Behar district during the last three years; and

(d) the employment made through the Employment Exchanges in Cooch Behar district during the last three years?

**Minister-in-charge of the Employment Exchange Department.**

(a) 1,64,798

(b) 92,708

(c) year-wise registration is as follows :

| Year | New Registration |
|---|---|
| 1993 | 13,883 |
| 1994 | 14,721 |
| 1995 | 13,638 |
| Total | 42,242 |

(d) year-wise placements as follows :

| Year | New Registration |
|---|---|
| 1993 | 198 |
| 1994 | 304 |

| | |
|---|---|
| 1995 | 205 |
| Total | 707 |

### বীরভূম জেলার ডাক্তারবিহীন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

***৩৭১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫৭) **শ্রী আনন্দগোপাল দাস :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, বীরভূম জেলায় অনেকগুলি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কোনও ডাক্তার নেই; এবং

(খ) সত্য হলে, (১) কোন কোন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের পদ শূন্য আছে; এবং (২) কবে নাগাদ উক্ত শূন্যপদগুলি পূরণ করা হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ। কয়েকটি স্বাস্থ্যকেন্দ্রে এরূপ অবস্থা আছে।

(খ) (১) আলিগড় শীসলফার্ম, রামপুর, কৃষ্ণপুর, খুজুটিপাড়া, বনগ্রাম, কাষ্ঠগোড়া।

(২) যত শীঘ্র সম্ভব।

### হুগলি জেলার ডাক্তারবিহীন স্বাস্থ্যকেন্দ্র

***৩৭৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫১৫) **শ্রী শক্তিপদ খাঁড়া :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার কোন কোন স্বাস্থ্যকেন্দ্রে কোনও ডাক্তার নেই (থানাভিত্তিক নামসহ); এবং

(খ) উক্ত জেলায় স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ডাক্তারের শূন্যপদগুলি পূরণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) নিম্নলিখিত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কোনও ডাক্তার নেই :

| | |
|---|---|
| ১। জামগ্রাম, পি. এইচ. সি. | পাণ্ডুয়া |
| ২। খেজুরদহ মিন্সী | ধনিয়াখালি |
| ৩। বেলমুড়ি মিন্সী | ঐ |
| ৪। বাঁপবেড়িয়া ঐ | পোলবা |
| ৫। দত্তপুর ঐ | তারকেশ্বর |

| | |
|---|---|
| ৬। ফতেপুর ঐ | পুরসুরা |
| ৭। ডিহিবাতপুর ঐ | ঐ |
| ৮। মারোখানা ঐ | খানাকুল |

**Public Distribution System of Foodgrains**

***374.** (Admitted Question No. *1565) **Shri Asit Mitra and Shri Saugata Ray** : Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether there is any arrear in preparation of the proforma accounts of the Scheme for Public Distribution System of Foodgrains;

(b) if so;

(i) the period for which the above account is in arrear;

(ii) the reasons therefor; and

(iii) the steps taken/proposed to be taken in this regard ?

**Minister-in-charge of the Food and Supplies Department.**

(i) From the year 1990-91 onwards.

(ii) Initially the Account of P.D.S. were drawn on Govt. Accounts System. But subsequently as per the suggestion of A.G., W.B., it was decided that as the activities of P.D.S. are of commercial nature, the Accounts of P.D.S. had to be converted into Commercial Accounting System. Thus, a considerable time had to be allowed for such change-over the entire Accounting System.

However, though the takeover was started from the year 1986, the Accounts of P.D.S. upto 89-90 has been drawn up in the meanwhile and duly audited, despite the above mentioned constrants.

(iii) The Food & Supplies Department has taken steps for expediting the Accounts. In fact, Accounts for 90-91 is almost completed and Accounts for 91-92 has been taken up and expected to be completed within next 3 months.

**চাকুলিয়া থানার বন্ধ সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র**

*৩৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০৩) **শ্রী হাফিজ আলম সৈরানী** : স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উত্তর দিনাজপুর জেলার চাকুলিয়া থানার অধীন তরিয়ালস্থিত সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রটি বন্ধ আছে;

(খ) সত্য হলে, বন্ধ থাকার কারণ কি; এবং

(গ) কবে নাগাদ উক্ত স্বাস্থ্যর্কেন্দ্রটি পুনরায় চালু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) চুক্তির ভিত্তিতে চিকিৎসক নিয়োগ করা সত্ত্বেও এখনও ঐ চিকিৎসক কাজে যোগদান করেন নাই।

(গ) শীঘ্রই।

## ডাক্তারবিহীন স্বাস্থ্যকেন্দ্র

***৩৭৬**। (অনুমোদিত প্রশ্ন নং *১০০২) **শ্রী জটু লাহিড়ী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে কতগুলি স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই;

(খ) এটা কি সত্যি যে, বহু স্বাস্থ্যকেন্দ্রে রোগি ভর্তি বন্ধ আছে; এবং

(গ) সত্যি হলে, এরূপ স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা কত?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩৯৭ (তিনশত সাতানব্বুই) টি স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই।

(খ) সত্য নয়।

(গ) প্রশ্ন ওঠে না।

## মাঠবকুলতলা উপ-স্বাস্থ্যকেন্দ্র

***৩৭৮**। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭২) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মথুরাপুর ১নং ব্লকের অধীনে মাঠবকুলতলা উপ-স্বাস্থ্যকেন্দ্রটি কত সালে তৈরি হয়েছে;

(খ) উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রটি কখন থেকে চালু হয়েছে;

(গ) উহা কি সত্যি যে, উক্ত উপ-স্বাস্থ্যকেন্দ্রে কোনও ডাক্তার নেই; এবং

(ঘ) সত্য হলে, কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৮০ সালে।

(খ) ১৯৮৮ সালের নভেম্বর মাস থেকে

(গ) হ্যাঁ।

(ঘ) ডাক্তার নিয়োগ করা হলেও কাজে যোগদান করেননি।

**রামপুরহাট মহকুমা হাসপাতালে নবনির্মিত ভবন**

*৩৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১৪) **মহঃ হান্নান ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রামপুরহাট মহকুমা হাসপাতালে নবনির্মিত ভবনটি এখনও চালু করা হয় নি;

(খ) সত্য হলে, কবে নাগাদ সেটি চালু করা সম্ভব হবে বলে আশা করা যায়;

(গ) উক্ত হাসপাতালের ও পি, ডি, পুরাতন ঘরটি সংস্কার করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(ঘ) থাকলে, তা কতদিনের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ঃ**

(ক) এটি আংশিকভাবে চালু হয়েছে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

(ঘ) এখনই বলা সম্ভব নয়।

**আসানসোল রেলপার অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন**

*৩৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০৭) **শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসানসোলে রেলপথ এলাকায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**মহেপাইল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালুকরণে ব্যবস্থা**

***৩৮১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩২২) **মোঃ সোহরাব ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সুতি ২নং ব্লকের মহেপাইল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি বর্তমানে চালু করার কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, ঐ ব্যাপারে সরকার কি পদক্ষেপ গ্রহণ করেছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে বহিঃবিভাগ চালু আছে।

(খ) সরকারি বিবেচনাধীন।

**হাসপাতালে যক্ষা রোগের ঔষধের অভাব**

***৩৮২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৫) **শ্রী অসিতকুমার মাল ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বীরভূম জেলার বিভিন্ন হাসপাতালে যক্ষ্মা রোগের ঔষধ দীর্ঘদিন ধরে পাওয়া যাচ্ছে না; এবং

(খ) সত্যি হলে, না পাওয়ার কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) জাতীয় যক্ষ্মা নিবারণ প্রকল্পের নিয়মাবলি অনুযায়ী বীরভূম জেলার হাসপাতালগুলির যক্ষ্মা ক্লিনিকে ও অন্যান্য যক্ষ্মা চিকিৎসা কেন্দ্রে রোগীদের বিতরণের জন্য যক্ষ্মা রোগের ঔষধের কোনও অভাব নাই। কিন্তু হাসপাতালে ভর্তি রোগীদের ক্ষেত্রে রোগের চিকিৎসার জন্য প্রয়োজনীয় কয়েকটি ঔষধের সাময়িক অভাব ঘটে। ঔষধ সরবরাহ নিয়মিত করার জন্য প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়েছে।

**দাঁইহাটা পৌরসভায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপন**

***৩৮৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭০) **শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** স্বাস্থ্য ও পরিবার-

কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কাটোয়ার দাঁইহাটা পৌরসভায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা সরকারে আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পৌরসভা এলাকায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা বর্তমানে হয় না।

(খ) প্রশ্ন ওঠে না।

### Sub-divisional Hospitals in all Sub-divisions

***384.** (Admitted Question No. *1523) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to State—

(a) whether all the Sub-divisions in the State have Sub-divisional Hospitals of their own; and

(b) the position of Kharagpur Sub-division in Midnapore district in this regard?

**Minister-in-charge of the Health and Family Welfare Department :**

(a) No.

(b) Does not have a Sub-Divisional Hospital.

### স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার ও অন্যান্য কর্মীর সংখ্যা

***৩৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯৫) **শ্রী নরেন হাঁসদা ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মেদিনীপুর জেলার বিনপুর বিধানসভা কেন্দ্রের অধীন ওদলচুয়া, শিলদা ও এড়গোদা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কতজন ডাক্তার, নার্স ও সুইপার নিযুক্ত আছেন (পৃথক-পৃথকভাবে)?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ওদলচুয়ায় ১ জন ডাক্তার নিযুক্ত আছেন। কোনও নার্স নাই। ১ জন সুইপার

নিযুক্ত আছেন।

শিলদায় ডাক্তার নাই। ১ জন নার্স ও ১ জন সুইপার নিযুক্ত আছেন।

এরগোদায় ১ জন ডাক্তার আছেন। নার্স নাই ১ জন সুইপার নিযুক্ত আছেন।

## Short Notice Starred Questions

## (to which oral answers were given)

### ফ্লাইওভার ও ওভারব্রিজ নির্মাণের কাজ

*৩৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *এস.এন ২১১৪) **শ্রীমতী কনিকা গাঙ্গুলি ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি--

(ক) ১৯৯৬-৯৭ আর্থিক বছরে কয়টি ও কোথায় কোথায় ফ্লাইওভার ও ওভারব্রিজ নির্মাণের কাজ শুরু করার পরিকল্পনা সরকারের আছে,

(খ) লিলুয়া রোডের উপর অবস্থিত ওভারব্রিজটি নির্মাণের কাজ বর্তমানে কি পর্যায়ে রয়েছে?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ**

(ক) বেন্ডেল গেট, লেক গার্ডেন্স ও লিলুয়ায় মোট ৩টি ফ্লাইওভারের নির্মাণ কাজ শুরু করার পরিকল্পনা আছে।

(খ) প্রাথমিক পর্যায়ের কাজ চলছে এবং প্রকৃত নির্মাণ কাজ শুরু করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

**শ্রীমতী কনিকা গাঙ্গুলি ঃ** গত ৫-৭-৯৬, অর্থাৎ আগের শুক্রবার আপনি একটি প্রশ্নের উত্তরে বলেছিলেন যে, অদূর ভবিষ্যতে লিলুয়া রোড শুরু হবে। এই অদূর ভবিষ্যত নির্ধারণ করার যে কথা, ঠিক কবে তা বলা যাবে কি?

[12-00 — 12-10 P.M.]

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** লিলুয়া ফ্লাই ওভার নির্মাণের ব্যাপারে একটা কমিটি ইতিমধ্যেই করেছি। সেই কমিটির বৈঠকও হয়েছে, আগামী দিনে আরেকটা বৈঠক ডাকছি। সেই বৈঠক ডেকে সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে আলোচনা করে নেব। আমি আগের দিনও বলেছি এই ব্যাপারে রেলের সঙ্গে কথাবার্তা হয়েছে জমির ব্যাপারে। যেখানে রেলের জন্য যে জমি আটকে পড়ে গিয়েছিল সেই সমস্যার সমাধান হয়ে গেছে। রেল পুরো জমি ছেড়ে দিয়েছে। কোনও প্রাইভেট ল্যান্ড আমাদের নিতে হবে না। রেলের অ্যাসিস্টেন্ট জেনারেল ম্যানেজারের সঙ্গে বৈঠক হয়েছে, কথাও হয়েছে, তিনি আশ্বাসও দিয়েছেন যে, হ্যান্ডওভার বা টেকওভারের ক্ষেত্রে সহযোগিতা করবেন। কাজেই আগামী দিনে মিটিং হলে পরে খানিকটা বলতে পারব কোন সময়ে কাজটা শুরু করতে পারব।

## Unstarred Questions

## (to which written answers were laid on the Table)

### রাজ্যে দৈনিক সংবাদপত্রের সংখ্যা

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩২) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে মোট কতগুলি দৈনিক সংবাদপত্র প্রকাশিত হয়?

**তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

আমাদের কাছে ৩৯টি (ঊনচল্লিশটি পত্রিকার সংবাদ আছে।

### শান্তিপুর বাইপাস রাস্তা

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮) **শ্রী অজয় দে ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শান্তিপুর বাইপাস রাস্তার কাজ কোন পর্যায়ে রয়েছে ;

(খ) কাজটি সম্পূর্ণ হতে কতদিন সময় লাগবে বলে আশা করা যায় ; এবং

(গ) উক্ত রাস্তায় রেলওয়ে ওভার ব্রিজের কাজটি কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) শান্তিপুর বাইপাসের Sub-base-এর কাজ আরম্ভ হয়েছে। বালি এবং পাথরগুঁড়ো Consolidation-এর কাজ চলছে।

(খ) কাজটি সম্পূর্ণ হতে আড়াই বছরের মতো সময় লাগবে বলে আশা করা যায়।

(গ) ওভারব্রিজের কাজটি Eastern Railway Authority করবে এবং অন্যান্য কাজ যথা—Approach Viaduct ইত্যাদির কাজ পূর্ত (সড়ক) বিভাগ করবে। Viaduct-এর কাজের দরপত্র আহ্বান করা হচ্ছে। আশা করা যায়, Railway Authority আগামী আর্থিক বছরে ওভারব্রিজের কাজ আরম্ভ করবে।

### পেট্রোলিয়াম গ্যাস গ্রাহকের সংখ্যা

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৫) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৬ সালের ৩১শে মার্চ পর্যন্ত রাজ্যে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস গ্রাহকের

সংখ্যা কত (জেলাওয়ারি হিসাব)?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

৩১শে মার্চ ১৯৯৬ পর্যন্ত সারা রাজ্যে মোট এল. পি. জি. গ্রাহক সংখ্যা ১৩,৩৩,৩৯৬।

তেল বিতরণ কোম্পানিগুলি সারা রাজ্যের এল. পি. জি. গ্রাহকগণকে অঞ্চলভিত্তিক বিভাজন করেছে, সেই কারণে জেলাওয়ারি হিসাব দেওয়া সম্ভব হচ্ছে না।

**ইনটেন্সিফিকেশন স্কীম**

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৬) **শ্রী ঈদ মহম্মদ ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

পশ্চিমবঙ্গে কতগুলি মৌজায় ইনটেন্সিফিকেশন স্কীমের মাধ্যমে বৈদুতিকরণ করা হয়েছে (জেলাওয়ারি হিসাব)?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

পশ্চিমবঙ্গে ৩১-৫-৯৬ তারিখ পর্যন্ত ইনটেন্সিফিকেশনের মাধ্যমে ২,৬০০ মৌজায় বৈদ্যুতিকরণ করা হয়েছে। জেলাওয়ারি হিসাব নিচে দেওয়া হল ঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | নদীয়া | .. | ৮৫ |
| ২। | বীরভূম | .. | ৩০৫ |
| ৩। | মালদহ | .. | ১৬৫ |
| ৪। | হাওড়া | .. | ২০৪ |
| ৫। | কোচবিহার | .. | ৯৪ |
| ৬। | হুগলি | .. | ৩৫৫ |
| ৭। | জলপাইগুড়ি | .. | ১৪৬ |
| ৮। | ২৪ পরগনা (উত্তর) | .. | ১৩০ |
| ৯। | ২৪ পরগনা (দক্ষিণ) | .. | ১৭৯ |
| ১০। | বর্ধমান . | .. | ২৪০ |
| ১১। | মুর্শিদাবাদ | .. | ১৯৭ |
| ১২। | দিনাজপুর (উত্তর) | .. | ৫২ |
| ১৩। | দিনাজপুর (দক্ষিণ) | .. | ৫৮ |
| ১৪। | দার্জিলিং | .. | ১০৮ |
| ১৫। | বাঁকুড়া | .. | ১৪০ |
| ১৬। | পুরুলিয়া | .. | ৬২ |
| ১৭। | মেদিনীপুর | .. | ৮০ |
| | | মোট | ২,৬০০ |

অতিরিক্ত আরও ২২৩টি মৌজা নিবিড়ীকরণ করার কাজ চলছে। আশা করা যায়, ৩১-৭-৯৬ তারিখের মধ্যে শেষ হবে।

## মুসলিম ম্যারেজ রেজিস্ট্রার

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯০) **শ্রী তপন হোড় :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) বীরভূম জেলায় কতজন 'মুসলিম ম্যারেজ রেজিস্ট্রার' আছেন ; এবং

(খ) কোন কোন থানার দায়িত্বে কারা কারা উক্ত কাজে নিযুক্ত আছেন?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১০ জন

(খ)

| **থানার নাম** | **:** | **ব্যক্তিদের নাম** |
|---|---|---|
| সিউড়ি | : | মহঃ সাহাদাত হোসেন |
| সাঁইথিয়া ও পানরুই | : | আব্দুল ওহাব |
| দুবরাজপুর, রাজনগর ও খয়রাসোল | : | মোজাম্মেল হোসেন খান |
| বোলপুর ও নানুর | : | মহঃ আব্দুল সামাদ |
| ইলামবাজার | : | মহঃ নজরুল ইসলাম |
| লাভপুর | : | আব্দুল খালেক |
| রামপুরহাট | : | মহঃ আবসার আলি |
| নলহাটি | : | আব্দুল কুদ্দুস |
| মুরারই | : | মহঃ হাবিবুর রহমান শুয়াজি |
| ময়ূরেশ্বর | : | মহঃ জালালউদ্দিন |

## ডি. এস. টি. পাওয়ার টিলার

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯১) **শ্রী তপন হোড় :** জলসম্পদ অনুসন্ধান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার রাজ্যে ডি. এস. টি. পাওয়ার টিলার কৃষকদের নিকট ভর্তুকিতে সরবরাহ করার পরিকল্পনা নিয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত ভর্তুকির পরিমাণ কত ; এবং

(গ) উক্ত বিষয়ে রাজ্য সরকার আনুমানিক কত অর্থ ব্যয় করবে?

**জলসম্পদ অনুসন্ধান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্য সরকারের এই বিভাগের এই ধরনের কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**দোলতাবাদ উচ্চ বিদ্যালয়**

৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৬) **শ্রী মোজাম্মেল হক ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার দৌলতাবাদ উচ্চ বিদ্যালয়টিকে সরকার উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করার প্রস্তাব গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, হরিহরপাড়া থানা এলাকায় অনুরূপ একটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় অনুমোদনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্য নয়।

(খ) আপাতত নেই।

**কৃষি পেনশন প্রাপকের সংখ্যা**

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৬) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে কৃষি পেনশন প্রাপকের সংখ্যা কত ; এবং

(খ) ৬০ বছর বয়স্ক কত জন কৃষককে কৃষি পেনশনের আওতায় আনার পরিকল্পনা আছে?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২৭,৭৭৫ জন।

(খ) লক্ষ্যমাত্রা স্থির করা আছে ২৭,৭৭৫ জন।

**পুরুলিয়া জেলায় কলেজে অনার্স কোর্স চালু**

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৪) **শ্রী নিশিকান্ত মেহতা ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় মোট কতগুলি কলেজ আছে এবং উক্ত কলেজগুলিতে কোন কোন বিষয়ে অনার্স ক্লাশ চালু আছে ; এবং

(খ) সুইসা নেতাজী সুভাষ আশ্রম মহাবিদ্যালয়ে অনার্স ক্লাশ খোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পুরুলিয়া জেলায় মোট নয়টি কলেজ আছে এবং এগুলিতে বাংলা, ইংরাজি, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, দর্শন, পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, বাণিজ্য ও ভূগোল বিষয়ে অনার্স চালু আছে।

(খ) এ-বিষয়ে আবেদনপত্র জমা পড়েছে এবং তা খতিয়ে দেখা হচ্ছে।

**মানবাজার ও ঝালদাকে মহকুমা গঠন**

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯১২) **শ্রী নিশিকান্ত মেহতা ঃ স্বরাষ্ট্র** (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার মানবাজার ও ঝালদাকে মহকুমা হিসাবে ঘোষণা করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**পুরুলিয়া জেলায় স্বাস্থ্যকেন্দ্রে খালি পদ**

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯১৬) **শ্রী নিশিকান্ত মেহতা ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় সমস্ত সরকারি স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কতজন ডাক্তারের পদ খালি আছে ; এবং

(খ) কবে নাগাদ শূন্যপদগুলি পূরণ করা যাবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১টি পদ খালি আছে।

(খ) শীঘ্রই।

## দেউলি জলপ্রকল্প

**৮৭।** (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৯) **শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) হাওড়া জেলার শ্যামপুর বিধানসভার অন্তর্গত "দেউলি জলপ্রকল্প" খাতে এপর্যন্ত ব্যয়িত অর্থের পরিমাণ কত ;

(খ) এই প্রকল্পের অধীন কয়েকটি গ্রামে পাইপ লাইনের কাজ হওয়া সত্ত্বেও এখনও পর্যন্ত এই এলাকাগুলিতে জল সরবরাহ না করার কারণ কি ; এবং

(গ) কবে নাগাদ ঐ এলাকাগুলিতে জল সরবরাহ করা সম্ভব হবে?

**জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৭৭.৪৭ লক্ষ টাকা।

(খ) নারিকেলদহ ও ঝুমঝুমি এই দুইটি গ্রামে পাইপ লাইন বসানোয় জল সরবরাহ চালু করা যায়নি। কারণ, একটি নলকূপ বসানো এবং তৎসংশ্লিষ্ট সরবরাহ লাইনের সংযোগকারী রেইজিং মেইন-এর কাজ সম্পূর্ণ হয়নি।

(গ) প্রয়োজনীয় অর্থ যোগান-সাপেক্ষে আশা করা যায়, ডিসেম্বর ১৯৯৬ নাগাদ জল সরবরাহ করা সম্ভব হবে।

## হাওড়া জেলায় ইনটেন্সিফিকেশন স্কীম

**৮৮।** (অনুমোদিত প্রশ্ন নং ৯৫১) **শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯১ থেকে ১৯৯৫ সাল পর্যন্ত হাওড়া জেলার কতগুলি মৌজায় ইনটেন্সিফিকেশন স্কীম-এ বিদ্যুতায়ন করা হয়েছে (মৌজাগুলির নামের তালিকা সহ)?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯১ থেকে ১৯৯৫ সাল পর্যন্ত হাওড়া জেলার ৮১টি মৌজাকে ইনটেন্সিফিকেশন স্কীম অনুসারে বিদ্যুতায়ন করা হয়েছে। মৌজাগুলির নামের তালিকা নিচে দেওয়া হল (থানাভিত্তিক) ঃ

| জে. এল. নং | ক্রমিক সংখ্যা | মৌজার নাম | থানার নাম |
|---|---|---|---|
| ২৫ | ১ | ভূর্ষিত বামুনপাড়া | জগৎবল্লভপুর |

| জে. এল. নং | ক্রমিক সংখ্যা | মৌজার নাম | থানার নাম |
|---|---|---|---|
| ৪১ | ২ | মারমুরালি | ,, |
| ৬৫ | ৩ | ফটিকগাছি | ,, |
| ৬৩ | ৪ | একব্বরপুর | ,, |
| ৬৬ | ৫ | লস্করপুর | ,, |
| ৬৪ | ৬ | সিদ্দশ্বর | ,, |
| ৫২ | ৭ | পর্বতীপুর | ,, |
| ৫৩ | ৮ | কামালপুর | ,, |
| ৫১ | ৯ | বড়গাছা | ,, |
| ৫৭ | ১০ | সাদাৎপুর | ,, |
| ৫৯ | ১১ | শিয়ালডাঙা | ,, |
| ৪৫ | ১২ | ত্রিপুরাপুর | ,, |
| ৪৮ | ১৩ | রামপুর | ,, |
| ৫৬ | ১৪ | দক্ষিণ সন্তোষপুর | ,, |
| ২৯ | ১৫ | নরেন্দ্রপুর | ,, |
| ৫০ | ১৬ | মনসিনহাপুর | ,, |
| ৭২ | ১৭ | পটলগস্তি | ,, |
| ৭১ | ১৮ | দরিপা | ,, |
| ১৪ | ১৯ | কল্যাণপুর | বাগনান |
| ৬৯ | ২০ | মৃগকল্যাণ | বাগনান |
| ১৮ | ২১ | বিরামপুর | ,, |
| ৩৩ | ২২ | রানা | ,, |
| ৭১ | ২৩ | নজরপুর | ,, |
| ৬২ | ২৪ | তেপুর নবাসন | ,, |
| ১২ | ২৫ | ব্রাহ্মণগ্রাম | ,, |
| ২৯ | ২৬ | পাতিনান | ,, |
| ৮০ | ২৭ | হিজলক | ,, |
| ৮০ | ২৮ | বুড়িখালি | উলুবেড়িয়া |
| ১ | ২৯ | বইগাছি | ,, |
| ৩ | ৩০ | দেবীপুর | ,, |
| ৬ | ৩১ | খালিয়া | ,, |

| জে. এল. নং | ক্রমিক সংখ্যা | মৌজার নাম | থানার নাম |
|---|---|---|---|
| ৪ | ৩২ | একসারা | '' |
| ২৮ | ৩৩ | কাসোনা | '' |
| ৩১ | ৩৪ | মোঙ্গরাজপুর | '' |
| ৩৩ | ৩৫ | ডাউকা নিশ্চিন্দিপুর | '' |
| ৪২ | ৩৬ | হাতগাছা | '' |
| ৯৬ | ৩৭ | খালিসানি | '' |
| ৯৭ | ৩৮ | বড়রামনগর | '' |
| ২০৬ | ৩৯ | জোতকল্যাণ | আমতা |
| ১৮৯ | ৪০ | বসন্তপুর | '' |
| ১৬২ | ৪১ | ধুরখালি | '' |
| ১২২ | ৪২ | বেতাই | '' |
| ১৮০ | ৪৩ | কানপুর | '' |
| ১৯৬ | ৪৪ | সরপোড়া | '' |
| ২০৩ | ৪৫ | কাসরা | '' |
| ২০৪ | ৪৬ | কুরিট | '' |
| ১২৫ | ৪৭ | নরিত | '' |
| ৭১ | ৪৮ | আমড়াগরি | '' |
| ১১৫ | ৪৯ | গাজিপুর | '' |
| ১৫৩ | ৫০ | রসপুর | আমতা |
| ১৯৪ | ৫১ | থানেশ্বরপুর | '' |
| ৪৬ | ৫২ | সরবেড়িয়া | '' |
| ৩৬ | ৫৩ | ধরসা | জোমজুন |
| ৪৮ | ৫৪ | লক্ষ্মণপুর | '' |
| ২৭ | ৫৫ | ঝালুয়ারবেড় | '' |
| . ৩২ | ৫৬ | বিপ্রনাওপাড়া | '' |
| ২৫ | ৫৭ | ভান্ডারদহ | '' |
| ৩৫ | ৫৮ | বাগরি | '' |
| ৪৫ | ৫৯ | রাঘবপুর | '' |
| | ৬০ | জলগিরি | '' |
| ৬৯ | ৬১ | ঘোলা | উদয়নারায়ণপুর |

| জে. এল. নং | ক্রমিক সংখ্যা | মৌজার নাম | থানার নাম |
|---|---|---|---|
| ৭০ | ৬২ | সিঁতি | ,, |
| ৭২ | ৬৩ | উত্তরমানসারি | ,, |
| ৫৮ | ৬৪ | পানশিলা | শ্যামপুর |
| ৭৬ | ৬৫ | শ্রীকোল | ,, |
| ৭৯ | ৬৬ | চালিতাপাড়া | ,, |
| ৫৪ | ৬৭ | রাধানগর | ,, |
| ৫ | ৬৮ | গোবিন্দপুর | ,, |
| ১৮ | ৬৯ | শ্যামপুর | ,, |
| ১৯ | ৭০ | অস্কুল | ,, |
| ১২ | ৭১ | জলবিশ্বনাথপুর | ,, |
| ১১ | ৭২ | বিকিহকোলা | ,, |
| ৮ | ৭৩ | শনখালি | ,, |
| ৩০ | ৭৪ | দেউলপুর | ,, |
| ১ | ৭৫ | খাসজলসি | ,, . |
| ৯ | ৭৬ | জুজুরখহ | ,, |
| ২৩ | ৭৭ | বেলদুবি | পাঁচলা |
| ১ | ৭৮ | নয়াচক | ,, |
| ১০৭ | ৭৯ | কুলডাঙা | পাঁচলা |
| ২৫ | ৮০ | দক্ষিণপাঁচলা | ,, |
| ৬১ | ৮১ | ধুলারি | সাঁকরাইল |

**শ্যামপুর ব্লকে অগভির নলকূপ স্থাপন**

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১১২) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হাওড়া জেলার উলুবেড়িয়া ও শ্যামপুর ১ নং ব্লকে অগভির নলকূপ স্থাপনের জন্য সরকারের পক্ষ থেকে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হাওড়া জেলার উলুবেড়িয়া ও শ্যামপুর ১ নং ব্লকে অগভির নলকূপ স্থাপনের কোনও পরিকল্পনা বর্তমানে নেই।

### বক্সা টাইগার প্রোজেক্ট

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৯) **শ্রী নির্মল দাস ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) বক্সা টাইগার প্রোজেক্ট পরিচালনার জন্য প্রকল্পটিকে বিভাজন করা হয়েছে কি না ;

(খ) হয়ে থাকলে—

(১) কবে নাগাদ উক্ত বিভাজন কার্যকর হবে বলে আশা করা যায় ;

(২) উহাদের দপ্তর কোথায় কোথায় হবে ;

(গ) উক্ত প্রকল্পে বর্তমানে কর্মীসংখ্যা কত? এবং

(ঘ) বনরক্ষীদের ঐ প্রকল্পে কাজের সুযোগ কতটুকু?

**বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, বক্সা (পশ্চিম) বিভাগ ও বক্সা (পূর্ব) বিভাগ।

(খ) (১) ১লা এপ্রিল ১৯৯৬ থেকে এই বিভাজন কার্যকরি হয়েছে।

(২) দুটি বিভাগীয় দপ্তরই আপাতত আলিপুরদুয়ারে করা হয়েছে।

(গ) বক্সা ব্যাঘ্র প্রকল্পের বর্তমান কর্মী সংখ্যা ৪৯০।

(ঘ) বনরক্ষীরা ব্যাঘ্র প্রকল্পের বন ও বন্যপ্রাণী সংরক্ষণের জন্য কাজগুলি রূপায়ণ করে থাকেন। এই প্রকল্পে তাঁদের কাজের সম্পূর্ণ সুযোগ রয়েছে।

### আলিপুরদুয়ারে স্পোর্টস কমপ্লেক্স

৯১। (অনুমোদিত প্রশ্ন নং ১২৪২) **শ্রী নির্মল দাস ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আলিপুরদুয়ারে স্পোর্টস কমপ্লেক্স স্টেডিয়াম নির্মাণের পরিকল্পনাটি বর্তমানে কোন স্তরে রয়েছে ;

(খ) বর্তমান আর্থিক বছরে উক্ত নির্মাণকাজ শুরু করার কোনও চেষ্টা হচ্ছে কি ; এবং

(গ) হলে, তারজন্য কত অর্থ বরাদ্দ করা হয়েছে?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ পর্যন্ত একটি স্টেডিয়াম কমিটি গঠন করা হয়েছে।

(খ) স্টেডিয়াম কমিটির কাছ থেকে তেমন কোনও প্রস্তাব সরকারের কাছে আসেনি।

(গ) প্রশ্ন ওঠে না।

### ডুয়ার্স এলাকায় ম্যালেরিয়া নিবারণ

৯২। (অনুমোদিত প্রশ্ন নং ১২৪৩) **শ্রী নির্মল দাস ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডুয়ার্স এলাকায় ম্যালেরিয়া নিবারণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ডুয়ার্স এলাকাকে রাজ্য সরকার ম্যালেরিয়া প্রবণ এলাকা বলে চিহ্নিত করে নিম্নলিখিত পদক্ষেপগুলি নিয়েছে।

(১) স্বাস্থ্যকর্মীরা বাড়ি বাড়ি ঘুরে জ্বরের রোগীর সন্ধান করছে এবং সন্ধান পেলে তার রক্ত পরীক্ষার ব্যবস্থা সত্বর করার ব্যবস্থা করছে। রক্তের নমুনা সংগ্রহের পর প্রাথমিক চিকিৎসা হিসাবে রুগীকে ক্লোরোকুইন বড়ি খাওয়ানো হচ্ছে। রক্তে ম্যালেরিয়ার জীবাণু পাওয়া গেলে রুগীকে বাড়িতে রেখে দ্রুত ম্যালেরিয়া নির্মূলীকরণ চিকিৎসার (Radical Treatment) ব্যবস্থা করছে। সংগৃহীত রক্তের নমুনা পরীক্ষার ব্যবস্থা ডুয়ার্স অঞ্চলের প্রতিটি হাসপাতাল ও চিকিৎসাকেন্দ্রে আছে।

(২) ম্যালেরিয়াজনিত অসুস্থতার হার কমাতে ও মৃত্যু রোধ করতে দূরবর্তী ও দুর্গম এলাকায় বহুমুখি স্বাস্থ্যকর্মী, স্কুল, শিক্ষক, গ্রাম পঞ্চায়েত এবং অন্যান্য স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে রোগীকে ম্যালেরিয়া-নিবারক ঔষধ বিতরণ করার ব্যবস্থা করা হচ্ছে।

(৩) প্রতি বছর ম্যালেরিয়ার পরজীবি বাহক মশার বংশ ধ্বংস করার জন্য ৫ মাস কীটনাশক স্প্রে করা হচ্ছে। এছাড়া, গত বেশ কয়েক বছর ধরে অতিরিক্ত আরও দেড় থেকে দু'মাস কীটনাশক স্প্রে করা হচ্ছে।

(৪) চা-বাগানের ডাক্তারদের বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয়েছে যাতে তাঁরা নিজেরাই ম্যালেরিয়া রোগ নির্ণয় ও চিকিৎসার ব্যবস্থা করতে পারেন। এজন্য প্রয়োজনীয় ঔষধ ও কীটনাশক বিনামূল্যে তাদের দেওয়া হচ্ছে।

(৫) এছাড়া, ম্যালেরিয়া রোগপ্রতিরোধ কল্পে স্বাস্থ্য-শিক্ষা প্রসারের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে।

### বারাসাত রাষ্ট্রীয় বিদ্যালয়ের নাম পরিবর্তন

৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২৪৮) **শ্রী অশোক মুখার্জি ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বারাসাত রাষ্ট্রীয় বিদ্যালয়ের নাম পরিবর্তন না করে পূর্বতন নাম রাখার বিষয়ে সরকার কোনও সিদ্ধান্ত নিয়েছে/নিচ্ছে কি না?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

পূর্বতন বারাসাত রাষ্ট্রীয় উচ্চ বিদ্যালয়ের নাম পরিবর্তন করে নতুন নামকরণ করা হয়েছে বারাসত প্যারীচরণ সরকার রাষ্ট্রীয় উচ্চ বিদ্যালয়। বর্তমান নাম পরিবর্তনের কোনও সিদ্ধান্ত সরকার নেয়নি বা বিবেচনা করছে না।

**ইস্টার্ন পেপার মিল খোলা**

৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১১) **শ্রী রবীন মুখার্জি ঃ** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দীর্ঘদিন বন্ধ হুগলি জেলার ইস্টার্ন পেপার মিল খোলার ব্যাপারে রাজ্য সরকার কোনও পদক্ষেপ গ্রহণ করেছে কি না ; এবং

(খ) করে থাকলে, তা কি?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই নামে হুগলি জেলায় কোনও পেপার মিলের কথা সরকারের জানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**রামপুরহাট ব্লক অফিস স্থানান্তর**

৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৩৯) **শ্রী অসিতকুমার মাল ঃ** গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাট ২ নং ব্লকটি রামপুরহাট শহর থেকে মাড়গ্রামে স্থানান্তর করার কোনও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, বিষয়টি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্যে লেবার কো-অপারেটিভের সংখ্যা**

৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪৮) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত

মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কোন জেলায় কয়টি লেবার কো-অপারেটিভ আছে ; এবং

(খ) রাজ্যে উপজাতি লোকেদের দ্বারা গঠিত কো-অপারেটিভের সংখ্যা কত?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে মোট ১৩৩৪টি লেবার কো-অপারেটিভ আছে এবং জেলা অনুযায়ী বিভাজন করে লেবার কো-অপারেটিভ সংখ্যা এর সঙ্গে দেওয়া হল।

| ক্রমিক নং | রেঞ্জ | সমিতির সংখ্যা |
|---|---|---|
| ১। | কলিকাতা | ৪৪ |
| ২। | উত্তর ২৪ পরগনা | ১৭ |
| ৩। | দক্ষিণ ২৪ পরগনা | ৫০ |
| ৪। | মালদা | ৫৭ |
| ৫। | মুর্শিদাবাদ | ৮৫ |
| ৬। | হাওড়া | ৩৭ |
| ৭। | হুগলি | ৫০ |
| ৮। | বর্ধমান-১ | ১৩০ |
| ৯। | বর্ধমান-২ | ৫৩ |
| ১০। | বর্ধমান-৩ | ৯৫ |
| ১১। | বীরভূম | ১০০ |
| ১২। | মেদিনীপুর-১ | ১২১ |
| ১৩। | মেদিনীপুর-২ | ৪৬ |
| ১৪। | মেদিনীপুর-৩ | ৭১ |
| ১৫। | বাঁকুড়া | ৯৭ |
| ১৬। | পুরুলিয়া | ৪৫ |
| ১৭। | মালদা | ৪৩ |
| ১৮। | উত্তর দিনাজপুর | ২১ |
| ১৯। | দক্ষিণ দিনাজপুর | ৪০ |
| ২০। | জলপাইগুড়ি | ৪৪ |
| ২১। | দার্জিলিং | ২০ |
| ২২। | কোচবিহার | ৬৮ |
| | মোট | ১৩৩৪ |

(খ) মোট ১১৬টি ল্যাম্পস এবং মোট ৪৪৭টি গ্রেন গোলা আছে। সম্পূর্ণ উপজাতির দ্বারা গঠিত।

### রেশনে মাল সরবরাহ

৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪৯) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

কেন্দ্রীয় সরকার ১৯৯৫ সালের ১লা জানুয়ারি থেকে ৩১শে অক্টোবর পর্যন্ত রেশন সরবরাহের জন্য প্রতি মাসে কি পরিমাণ চাল ও গম রাজ্য সরকারকে বরাদ্দ করেছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

কেন্দ্রীয় সরকার উক্ত সময়ে এই রাজ্যকে প্রতিমাসে যে চাল ও গম সরবরাহ করেছিল তার পরিমাণ নিম্নরূপ ঃ

| মাস | | চাল (মেট্রিক টনে) | গম (মেট্রিক টনে) |
|---|---|---|---|
| জানুয়ারি | ১৯৯৫ | ৬৯,০০০ | ১,০৫,০০০ |
| ফেব্রুয়ারি | ১৯৯৫ | ৬৯,০০০ | ৯০,০০০ |
| মার্চ | ১৯৯৫ | ৬৯,০০০ | ৯০,০০০ |
| এপ্রিল | ১৯৯৫ | ৬৯,০০০ | ৮০,০০০ |
| মে | ১৯৯৫ | ৬৯,০০০ | ৭০,০০০ |
| জুন | ১৯৯৫ | ৭৯,০০০ | ৮০,০০০ |
| জুলাই | ১৯৯৫ | ৭৯,০০০ | ৮০,০০০ |
| আগস্ট | ১৯৯৫ | ৭৫,০০০ | ৭০,০০০ |
| সেপ্টেম্বর | ১৯৯৫ | ৮৫,০০০ | ৯৮,০০০ |
| অক্টোবর | ১৯৯৫ | ৮৫,০০০ | ১,০৯,৮০০ |

### নানুরে বিদ্যুতের সাব-স্টেশন

৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৬) **শ্রী আনন্দগোপাল দাস ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বীরভূম জেলার নানুরে বিদ্যুতের সাব-স্টেশন করার পরিকল্পনা সরকারের আছে কি না?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

নানুর থানার অন্তর্গত কুঝুটি পাড়ায় ইতিমধ্যেই একটি সাব-স্টেশন আছে। উক্ত সাব-স্টেশনটি ১×৩ এম. ভি.+১.৫ এম ভি.-এ ট্রান্সমিটার ক্ষমতাসম্পন্ন। উক্ত

সাব-স্টেশনটির বর্তমান ক্ষমতাকে আরও বৃদ্ধি করে ১×৩+২×১.৫ এম. ভি.-এ করার জন্য গত ৪.৪.৯৬ তারিখে একটি নির্দেশ জারি করা হয়েছে। আশা করা যায় আগামী ডিসেম্বর ১৯৯৬-এর মধ্যে কাজটি সম্পন্ন করা যাবে। নানুরে কোনও নতুন সাব-স্টেশন করার পরিকল্পনা নেই।

### কাঁথি মহকুমায় খাদ্য প্রক্রিয়াকরণ

৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৩) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** খাদ্য প্রক্রিয়াকরণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কাঁথি মহকুমায় বিভিন্ন ব্লকে কি কি ধরনের খাদ্য প্রক্রিয়াকরণ হয় ; এবং

(খ) উক্ত এলাকায় নতুন খাদ্য প্রক্রিয়াকরণের শিল্প স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**খাদ্য প্রক্রিয়াকরণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ফল ও সব্জী প্রক্রিয়াকরণ ; কাজুবাদাম প্রক্রিয়াকরণ ইত্যাদি।

(খ) না।

### F.O.B Value of Falta Export Zone

**100.** (Admitted Question No. 1704) **Shri Asit Mitra and Shri Saugata Ray :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

The F.O.B. value of Exports from Falta Export Zone compared to the F.O.B. value of Exports from Processing Zone in India during the period between 1985-86 and 1994-95?

Export (Rs. Crores)

| ALLEPZS | | FALTAEPZ |
|---|---|---|
| Year | | |
| 1985-86 | 324.19 | 2.30 |
| 1986-87 | 360.70 | 3.17 |
| 1987-88 | 349.44 | 1.86 |
| 1988-89 | 502.90 | 8.11 |
| 1989-90 | 732.10 | 16.38 |
| 1990-91 | 982.80 | 25.02 |
| 1991-92 | 1177.14 | 27.90 |
| 1992-93 | 1376.31 | 18.25 |

| ALLEPZS | | FALTAEPZ |
|---|---|---|
| Year | | |
| 1993-94 | 1959.91 | 35.57 |
| 1994-95 | 2652.67 | 32.31 |

The above informations have been furnished by the Office of the Development Commissioner, Falta Export Processing Zone, Ministry of Commerce, Government of India, Calcutta.

[12-00 — 12-10 P.M.]

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received ten notices of Adjournment Motion of which four notices on the subject of revision of fare structure for Bus, Minibus, Taxi, etc. received from (1) Shri Sailaja Kumar Das and Shri Sukumar Das, (2) Shri Sudip Bandyopadhyay and also (3) Shri Debaprasad Sarkar and (4) Shri Saugata Roy.

A statement on the subject has been made by the Transport Minister Yesterday.

The fifth one is from Shri Shyamadas Banerjee on the subject of non-electrification of 36 mouzas under Hirapur Assembly Constituency. The sixth one is from Shri Ashok Deb on the subject of proposed increase in Electricity charges by Calcutta Electric Supply Corporation and West Bengal State Electricity Board. The seventh one is from Shri Pankaj Banerjee on the subject of alleged harrassment of a Scheduled Caste student in Vidyasagar University. The eighth one is from Shri Suniti Chattaraj on the subject of non-functioning of Barochaturi Primary Health Centre in Birbhum district. The ninth one is from Shri Sobhan Deb Chattopadhyay on the subject of irregular supply of electricity in villages. The tenth one is from Shri Samar Mukherjee on the subject of non-implementation of development schemes in North Bengal.

The subject matter of the Motions are not such which call for Adjournment of the business of the House. The members may raise the matters in the House through Calling Attention, Motions. Mentions etc.

I, therefore withhold my consent to all the Motions.

One Member may, however, read the text of his motion as amended.

**শ্রী শৈলজা দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ

মূলতুবি রাখছেন। বিষয়টি হল রাজ্যে সরকার কর্তৃক যাত্রী পরিবহনের ভাড়া যেভাবে বৃদ্ধি করা হয়েছে তা খুবই ক্ষোভের বিষয়, একতরফাভাবে এই ভাড়া বৃদ্ধি করে স্বৈরতান্ত্রিক মনোভাবের পরিচয় দিল বামফ্রন্ট সরকার। আমাদের দাবি বাড়তি ভাড়া আদায় স্থগিত রেখে বিধানসভার সমস্ত দলের সদস্য প্রতিনিধিদের নিয়ে তৈরি কমিটির উপর আলোচনা সিদ্ধান্ত নেওয়ার দায়িত্ব দেওয়া হোক।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মূলতুবি রাখছেন। বিষয়টি হল।

বাস, মিনিবাস, লঞ্চ, ট্যাক্সি এবং ট্রামের আর এক দফা ভাড়া বৃদ্ধির সরকারি সিদ্ধান্ত এই রাজ্যের সঙ্কট জর্জরিত সাধারণ মানুষের উপর আর একটি আঘাত। ডিজেলের অন্যায় দাম বৃদ্ধি সত্ত্বেও এই ভাড়া বৃদ্ধির প্রয়োজন ছিল না। কারণ ইতিপূর্বে সরকারি আনুকূল্যে যে হারে বাসের ভাড়া বেড়ে আছে তাতে বেসরকারি বাসের মালিকরা অতিরিক্ত মুনাফা পেয়ে আসছে। সেক্ষেত্রে ডিজেলের বর্তমান মূল্যবৃদ্ধিতে তাদের লাভের পরিমাণ একটু কমলেও লোকসান হওয়ার কোনও কারণ নেই। তাছাড়া ট্রাম ডিজেলে না চললেও এই সুযোগে সরকার ট্রামের ভাড়াও বাড়িয়ে দিলেন। ইতিপূর্বে আমরা সরকারের কাছে দাবি করেছিলাম যে বাস মালিকদের আয়-ব্যয়ের প্রকৃত হিসাব সকল রাজনৈতিক দল, আইনজীবী, সাংবাদিক ও বিশেষজ্ঞদের নিয়ে গঠিত একটি কমিটির কাছে পেশ করে তার সিদ্ধান্তের ভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করতে। কিন্তু সে প্রস্তাব না মেনে বাস মালিকদের সাথে যোগসাজসে যাত্রী সাধারণের স্বার্থ জলাঞ্জলি দিয়ে যেরকম একতরফাভাবে এবং এমনকি এই সভায় এই বিষয়ে আলোচনার পর্যন্ত কোনও সুযোগ না দিয়ে গতকাল সভার শেষ মুহূর্তে পূর্ব ঘোষণা ছাড়া হঠাৎ এই বিধানসভায় এক বিবৃতি দিয়ে পরিবহনের ভাড়া বৃদ্ধির যে সিদ্ধান্ত সরকার ঘোষণা করেছেন তা চরম অগণতান্ত্রিক, জনস্বার্থে এই সিদ্ধান্ত অবিলম্বে প্রত্যাহার করা উচিত।

(এই সময় মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয়, বিনা মাইকে চিৎকার করে কিছু বলতে থাকেন)

(গোলমাল)

(এই সময় মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয় সভাকক্ষ ত্যাগ করেন)

(গোলমাল)

(এই সময় মাননীয় কংগ্রেস দলের সদস্যরা ওয়েলের মধ্যে নেমে এসে তারা স্লোগান দিতে থাকেন, "বাস ট্রামের ভাড়া বৃদ্ধি চলবে না, চলবে না, চলবে না; অবিলম্বে পরিবহনমন্ত্রীকে পদত্যাগ করতে হবে, করতে হবে, অবিলম্বে মুখ্যমন্ত্রীকে পদত্যাগ করতে হবে, করতে হবে।")

(গোলমাল)

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker** : Today I have received fourteen notices of Calling Attention on the following subjects namely:

| | Subject | | Name |
|---|---|---|---|
| 1. | Acute water crisis in Asansol town | : | Shri Tapas Banerjee |
| 2. | Fell of underground water level in the adjoining areas of Kolaghat Thermal Power Plant. | : | Shri Biplab Roy Chowdhury |
| 3. | Closure at Research Training Cum Design Centre at Santipur in Nadia district. | : | Shri Ajoy Dey |
| 4. | Opening of Intensive Care Unit in Birbhum Sub-Divisional Hospital. | : | Shri Suniti Chattaraj |
| 5. | Insanitary condition of Ahiran Primary Health Centre under Suti Block-I in Murshidabad district. | : | Shri Md. Sohrab |
| 6. | Stalemate condition of Surendranath College at Barrackpore in North 24-Parganas. | : | Shri Ashok Kumar Deb |
| 7. | Alleged selling of property of a girls school at Ratua. Malda. | : | Shri Samar Mukherjee |
| 8. | Modernization of TISCO (Burnpur) | : | Shri Shyama Das Banerjee. |
| 9. | Spurt in robbary in different places in Calcutta. | : | Shri Saugata Roy |
| 10. | Reported unnatural death of one prisoner in Jail Custody in Lal Bag Jail. Murshidabad. | : | Shri Nirmal Das and Shri Mozammel Haque |
| 11. | Alleged robbery at Aaymapara, Kalna on 9.7.96. | : | Shri Biren Ghosh, Shri Abu Ayes Mondal and Smt. Sadhana Mallick. |
| 12. | Alleged abduction of 500 fisherman of Kultali, South 24-Parg- | | |

| | | |
|---|---|---|
| anas on 10.7.96. | : | Shri Biswanath Mondal |
| 13. Alleged unbecoming behaviour to Shri Rabindra Ghosh MLA by the S.D.O. of Uluberia Sub-Division. | : | Shri Rabindranath Ghosh |
| 14. Environment pollution by dust of Kolaghat Thermal Power Plant. | : | Shri Biplab Roy Chowdhury |

**Mr. Speaker** : I have selected the notice of Shri Biswanath Mondal. The Minister-in-charge may please make a statement today if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha** : Sir, the statement will made on 16th July, 1996.

**Mr. Speaker** : Now I call the Minister-in-charge of Health & Family Welfare Department to make a statement on the subject of alleged death of one Debabrata Santra of Kharibandhi village under Jhargram Sub-Division, Midnapore from Hydrophobia on 24th June. 1996 after taking A.R.V.

(Attention called by Shri Prabhanjan Mondal on the 5th July, 1996.)

## STATEMENT ON CALLING ATTENTION

**Shri Partha Dey** : Sir, I am making this statement in reply to the Calling Attention Notice served by respected member Shri Prabhanjan Mandal regarding death of one Debabrata Santra of Kharibandhi Village under Jhargram Sub-division of Midnapore by Hydrophobia even after administration of injection Anti-rabies Vaccine.

Debabrata Santra, son of Shri Monoranjan Santra actual inhabitant of Village Chainisol, P.O. Amdapaul, of Midnapore district was bitten by a street dog on 1.12.1995 morning when he along with others was enjoying the warmth of the fire in the winter morning in front of his house. The dog was reportedly driven out of the village as according to the villagers the dog behaved just like a mad dog. No other confirmed case of bite by the same dog could, however, be gathered and no authentic information on the where abouts of the dog could be gathered locally.

Just after the dog bite Late Santra was brought to the Jhargram Sub-divisional Hospital where he was administered Anti-rabies Vaccine for ten days within a period from 1.2.1995 and 10.12.1995 at the dose

of 2. C.C. per day. There was no report of any fresh bite to him of any kind after the receipt of such full course of injection Anti-rabies Vaccine.

Late Santra became ill on 21.6.1996 and was admitted to Jhargram Sub-divisional Hospital at 9 A.M. on the same day with suspected provisional diagnosis of Rabies. Then the patient was transferred and admitted to the I.D. & B.C. Hospital at Beliaghata at about 8 P.M. on 21.6.1996. The patient expired on 24.6.1996 at about 11.10 A.M. with complication of rabies.

Apparently this is a case of vaccine failure. According to experts such failure particularly after nerve tissue vaccine against rabies are on records and it is difficult to suggest any preventive measures without considering certain factors like arrangements for appropriate storage of the vaccine vials; recommended dose schedule followed in appropriate time spacing and over all the immunity status of the individual, vaccinated.

Director of Health Services, West Bengal has been directed to enquire and suggest remedial measures to guard against recurrance of such incidents in future.

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-charge of Health & Family Welfare Department to make a statement on the subject of situation arising out of the decision of the Central Council of Homeopathy to discontinue diploma course in Homoeopathy College (Attention Called by Shri Gyan Singh Sohanpal on the 9th July, 1996)

**Shri Partha Dey :** Sir, In this State, 9 Homoeopathic Medical Colleges running privately, offer diploma courses in Homoeopathy. Of these, two Homoeopathic Medical Colleges, namely Burdwan Homoeopathic Medical College and Hospital and Bengal Homoeopathic Medical College and Hospital were upgraded to Degree level (i.e. BHMS) in the year 1995. Of the remaining 7 Homoeopathic Colleges the following 3 Colleges applied for upgradation to Degree level

1. Pratap Chandra Memorial Homoeopathic Medical College.

2. Metropolitan Homoeopathic Medical College.

3. Kharagpur Homoeopathic Medical College.

The cases of Pratap Chandra Memorial Homoeopathic Medical College and Metropolitan Homoeopathic Medical College are under correspondence with the University of Calcutta for their affiliation. The case of Kharagpur Homoeopathic Medical College and Hospital is being

processed for reference to the University of Burdwan.

No other Homoeopathic Medical College has submitted any application for upgradation to this Department.

**Shri Prabhanjan Kumar Mondal :** Sir, the Hon'ble Minister has made a Calling Attention Statement in reply to my Calling Attention Notice. I want to know what punishable action has been taken against those officers who are in charge of the storage of the said vaccine, who are responsible for lapses in discharing this duties.

**Shri Partha Dey :** We have sought the opinion. There are many stages. We have to find out whether there was any difect with the vaccine itself, whether there was any fault on the part of the administrative agency, whether there was any deficiency in the immunity status of the patient himself or not. An elaborate enquiry is required to be done. That is why we have entrusted our D.H. to go into details and to consult experts available here and in other places and to suggest in this regard. Only after enquiry the question of punishment come.

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ১৯৯২ সালে ৭ই জুন বালিগঞ্জ বিধানসভা কেন্দ্রে যে উপনির্বাচন হয়েছিল সেদিন ব্যাপক কারচুপি ও রিগিং এর প্রতিবাদে কংগ্রেসের এজেন্টরা বুথের থেকে বেরিয়ে এসে প্রতিবাদে প্রতিরোধের সামিল হয়েছিল। সেদিন বালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের মানুষ এই জালিয়াতির বিরুদ্ধে, প্রশাসনের বিরুদ্ধে গর্জে উঠেছিল। মুখ্যমন্ত্রীও বাধ্য হয়েছিলেন এই বিষয়ে একটা তদন্ত কমিশন গঠন করতে এবং তারই নির্দেশে ইউসুফ সাহেবকে দিয়ে বিচারপতি ইউসুফকে দিয়ে ইউসুফ তদন্ত কমিশন গঠন করা হয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভা চলছে, আমি সেদিনও বলেছিলাম, আমার কাছে সরকারি সূত্রে খবর এসে পৌঁছেছিল যে ইউসুফ তদন্ত কমিটি যে রিপোর্ট জমা দিয়েছেন সে রিপোর্ট ফাঁস হয়ে গেছে। আমার সেই কথার প্রতিবাদ করেছিলেন বুদ্ধদেব বাবু। তিনি বলেছিলেন আমি দায়িত্ব নিয়ে বলছি যে ইউসুফ কমিশন যে রিপোর্ট সাবমিট করেছে সরকারের কাছে সেই রিপোর্ট অত্যন্ত উচ্চ-মহলের কাছে রয়েছে এবং তার লিক হওয়ার কোনও কারণ নেই। প্রশাসনের ব্যাপারে দায়িত্ব নিয়ে বলছি যে এই ব্যাপারে কোনওরকম লিকিং বা কোনওরকম কারোর কাছে এই রিপোর্টের কপি যাওয়ার সম্ভাবনা নেই। এই বলে তিনি নস্যাৎ করে দিয়েছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা তাজ্জব হয়ে যাচ্ছি, আমরা অপমানিত বোধ করছি, যে এই বিধানসভায় সদস্যারা আলোচনা করছেন, দিনের পর দিন এখানে অধিবেশন চলছে। আর আজকে সেই তদন্ত কমিটির রিপোর্ট আমাদের পত্রিকার রিপোর্টারদের মাধ্যমে, তাদের কলমের মাধ্যমে তারা মানুষকে জানিয়েছেন। আর রাস্তায় সেই কাগজ কিনে পড়ে আমাদের জানতে হচ্ছে যে ইউসুফ কমিশন কি রিপোর্ট সরকারকে দিচ্ছেন। একটা বিধানসভা চলছে। সেই বিধানসভা চলাকালীন একটা রিপোর্ট সরকারের কাছে পেশ করা হল। যদিও ৪ বছর পর সেই রিপোর্ট জমা দেওয়া হয়েছে। ৩১ লক্ষ টাকা ইউসুফ কমিশনের পিছনে রাজ্য সরকার খরচ

করেছেন এই রিপোর্ট তৈরি করার জন্য। আজকে এই সরকারের অপদার্থতায় বা ইচ্ছে করে সেই সরকার আজকে এই বিধানসভার সদস্যদের সেই তদন্ত কমিটির রিপোর্ট সম্পর্কে ওয়াকিবহাল না করে তাদের পেটোয়া কোনও কোনও সাংবাদিকের কাছে সেই রিপোর্ট তুলে দিয়েছেন। আজকে সেই রিপোর্ট অন্য বিশেষ পত্রপত্রিকার মাধ্যমে প্রচারিত হয়ে গেছে স্যার। তাহলে বিধানসভার সদস্যদের অধিকারটা কি? এইভাবে যদি গণতান্ত্রিক অধিকার আমাদের লঙ্ঘিত হয়। স্যার, আপনার প্রোটেকশন চাইছি। বিধানসভা চলাকালিন যে রিপোর্ট জমা পড়ল সেই রিপোর্ট আমরা জানতে পারলাম না। মন্ত্রী দাঁড়িয়ে অসত্য কথা বলেছেন। বলেছেন এই রিপোর্ট কোনওরকমভাবে কেউ জানবে না। আরও বলেছেন আমি 'দায়িত্ব নিয়ে বলছি অত্যন্ত উপরের মহলের কাছে এই রিপোর্ট জমা হয়ে গেছে। তারপর আজকে সংবাদপত্রে প্রচারিত হয়েছে স্যার। আমি আপনার ইন্টারভেনশন প্রে করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** আপনার কথা আমি শুনলাম। এখন খবরের কাগজে কিছু একটা ছেপেছে। আপনি বলছেন ওটা হচ্ছে রিপোর্টের হুবহু নকল। রিপোর্টটা তো আপনি দেখেন নি। তো হুবহু আছে আপনি জানলেন কোথা থেকে? আর এটা আপনি অনুমান করেছেন যে এটা হুবহু নকল আছে। এটা হচ্ছে একটা অ্যাজাম্পশন।

Unless you get the copy of the report how do you know that the news regarding Usuf Commission published in the newspaper is correct? It may be true, it may be partially true but unless the report is placed on the Table how do you know the content of the report. You file a notice of Privilege and I will see to it

(At this stage the House was adjourned till 2.00 p.m.)

**(After Adjournement)**

**LAYING OF REPORT**

[2-00 — 2-10 P.M.]

**The Twentieth Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Limited for the year 1993-94**

**Shri Bidyut Ganguly :** With your permission Sir, I beg to lay the Twentieth Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Limited for the year 1993-94.

**LEGISLATION**

**The Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1996.**

**Shri Nisith Adhikary :** Sir, I beg to introduce the Bengal, Agra

[12th July, 1996]

and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1996.

(Secretary then read the Title of the Bill)

**Shri Nisith Adhikary** : Sir, I beg to move that the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment)) Bill, 1996 be taken into consideration.

**Mr. Speaker** : Sir, in fact this Bill has come to enforce the direction of the Hon'ble Supreme Court. Actually the Supreme Court directed us to bring about the uniformity in designations of the Judicial officers at all levels throughout the country and in order to comply with the direction of the Supreme Court. In this Act the amendment is to substitute the District Judge, Additional District Judge, Assistant District Judge and Munsif–these designations will be substituted by the District Judge, Additional District Judge, Civil Judge (Senior Division) and Civil Judge (Junior Division) respectively. This substitution will be made absolutely formal.

**শ্রী আব্দুল মান্নান** ঃ মিঃ স্পিকার স্যার, আমরা জানি যে অল ইন্ডিয়া কংগ্রেস অ্যাশোসিয়েশন ভার্সাস গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার সঙ্গে মামলা রয়েছে। পরবর্তীকালে সুপ্রিমকোর্ট এই বিল বিভিন্ন স্টেটে আনতে বলেছেন। তার কতকগুলো চেঞ্জের ব্যাপারে বিলে বলা নেই। এই ডিসকাশন আধ ঘন্টার, এটা গুরুত্বপূর্ণ ব্যাপার। আপনি ক্রিমিনাল ল'ইয়ার। আপনি জানেন প্রতিটি ধারা ওয়াইজ আলোচনা হয় না। বেঙ্গল, আগ্রা অ্যান্ড আসাম সিভিল কোর্টস কতকগুলো ক্ষেত্রে-বলার সুযোগ পায় নি। বিলের কনটেস্টের বিরোধিতা করার কিছু নেই, এই সুযোগে কিছু বলতে চাই। আপনি জানেন, আপনি মন্ত্রী ছিলেন, যে অনিয়মগুলো বিভিন্ন কোর্টে হয়েছে, এই সুযোগে তা আনতে চাই। এগুলো চেঞ্জ করলে যদিও সুপ্রিম কোর্টের রায় চেঞ্জ করেছে, চেঞ্জ করলেও মানুষ আদালতের কাছ থেকে বঞ্চিত হচ্ছে। সেটা সংশোধন করলে বলা হত না। সেখানে কতকগুলো দায়িত্ব, কর্তব্য রয়েছে। কারণ আপনি যে সরকারের মন্ত্রী ছিলেন, সেই সরকারের কতকগুলো সংকীর্ণ নীতির জন্য, রাজনৈতিক স্বার্থসিদ্ধির জন্য আদালতের রায়ের সুবিচার থেকে মানুষ বঞ্চিত হচ্ছে। আপনি নিজে স্বীকার করবেন, আপনি নিজে মন্ত্রী হওয়ার পর জাস্টিস কতকগুলো প্যানেল ক্যান্সেল করেছিলেন। পি.পি.দের ইন্টারভিউ হয়েছিল। তার আগে আব্দুল কায়েম মোল্লা সাহেব করেছেন। আপনি এসে দেখলেন ডি.এল.এ.-তে আপনাদের লোক নেই। যেহেতু সেখানে গণতান্ত্রিক আইনজীবী সঙ্ঘের লোক নেই, সেজন্য প্যানেল ক্যান্সেল করলেন। সেখানেও দলবাজির নগ্ন রূপ দেখলাম। আমরা দেখলাম বিভিন্ন ক্ষেত্রে পি.পি., এ.পি.পি.র অ্যাপয়েন্টমেন্টগুলো করেছে যারা গভর্নমেন্ট প্লিডার, সব ক্ষেত্রে হয়ত আপনি এক্স-এম.এল.এ. বলে ..........

**মিঃ স্পিকার** ঃ উই আর ডিসকাশিং কোর্ট, নট পি.পি. অ্যান্ড এ.পি.পি.। আপনি যা বলছেন সেটা রেলিভ্যান্ট নয়।

**শ্রী আব্দুল মান্নান ঃ** সুপ্রিম কোর্টের নির্দেশে এই আইন হয়েছে। আইনের বিরুদ্ধে কিছু বলার নেই। কিন্তু মন্ত্রী মহোদয় কে বলি ইফ মিনিস্টার সেজ ইররেলিভ্যান্ট দেন আই হ্যাভ টু সে। তাহলে আমাকে বলতে দিতে হবে। মন্ত্রী মহোদয়ের বক্তৃতার পর আমাকে বলতে দেবেন।

The motion of Shri Nisith Adhikary that the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1996, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 18 :**

**Mr. Speaker :** There is no amendment to the clauses.

The question that Clauses 1 to 18 do stand part of the bill was then put and agreed to.

**Preamble :**

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Nishith Adhikary :** Sir, I beg to move that the Bengal, Agra and Assam Civil Court (West Bengal Amendment) Bill, 1996, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

[2-10 — 2-20 P.M.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগের দিন প্রশ্ন-উত্তর পর্বের সময় মাননীয় মৎসমন্ত্রীর কাছে আমার একটা প্রশ্ন ছিল যে, এস.কে.টোডির সঙ্গে যৌথ উদ্যোগে মৎস উন্নয়ন নিগম তাদের ১১টি ভেড়ি জয়েন্ট সেক্টরে নিয়ে যাচ্ছেন কিনা। মন্ত্রী মহাশয় উত্তরে না বলেছিলেন। তারপরে আমার প্রশ্ন ছিল যে, মৎস উন্নয়ন নিগম লাভে চলছে না লোকসানে চলছে? মন্ত্রী মহোদয় অনেকরকম কথাবার্তা বলার পর একটা প্রশ্নের উত্তরে সরাসরি জানান যে, আমাদের ৩।৪ বছরের অডিট হয়নি। অর্থাৎ মৎস উন্নয়ন নিগমে ৩।৪ বছর অডিট হয়নি। তখন মন্ত্রীকে একটা নির্দেশ দেওয়া হয়, লাস্ট অডিট রিপোর্ট বিধানসভায় পেশ করতে হবে তিন, চার বছর আগের যে অডিট রিপোর্ট ছিল। মন্ত্রী মহাশয়, কিরন্ময় নন্দ বাবু বলেছিলেন যে আগামীকাল হাউসে অডিট রিপোর্ট পেশ করবেন। কিন্তু আজকে ফোর্থ ডে হয়ে গেছে, চারদিন পরেও এটা দেওয়া হলনা। আবার মাননীয় বুদ্ধদেববাবু বলছেন মন্ত্রীরা আসবে কি আসবেনা তারজন্য বিরোধীদের জবাব দিতে ওনারা বাধ্য নন। এইরকম একটা মনোভাব মন্ত্রী নিজেই আজকে সরাসরি ইঙ্গিত করেছেন। আর আপনি যেখানে বলেছেন, চারদিনের মধ্যে দিয়ে দিতে তাও অতিক্রান্ত হয়ে গেছে কিন্তু আজও পর্যন্ত আমরা সেই অডিট রিপোর্ট হাতে পায়নি। স্যার, এজন্য মাননীয় মৎসমন্ত্রীকে তিরস্কার করা হোক। যেভাবে বিরোধী দলের সভ্যদের অধিকার মাননীয় পুলিশমন্ত্রী থেকে আরম্ভ করে মাননীয় মৎসমন্ত্রী খর্ব করেছেন তার কোনও নজীর নেই। বিরোধীরা

বললে তারা জবাব দেবেন না। অডিট রিপোর্ট পাওয়া যাবেনা, তারপর আবার প্রতিশ্রুতি ভঙ্গ করবেন এটা চলতে পারেনা। সেইজন্য আমি দাবি করছি, মাননীয় বুদ্ধদেববাবু এবং মাননীয় মৎসমন্ত্রীকে ঐরকম আচরণ করার জন্য সভায় ডাকা হোক এবং তিরস্কার করা হোক।

**মিঃ স্পিকার ঃ** এবিষয়ে লিখিত নোটিশ দেবেন তারপর বিবেচনা করব।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিন আগে আমাদের চিফ-হুইপ একটা চিঠি আপনাকে দিয়েছিলেন। যখন আমরা প্রতিবাদ ধর্নায় বসেছিলাম বোধ হয় পাঁচ-দিন হবে। সেই পাঁচদিন আমরা ডিবেটে অংশগ্রহণ করতে পারিনি। আমাদের ধর্নার সারমর্ম এবং বৈশিষ্ট যে ছিল তার প্রমাণ, পরবর্তীকালে সরকার থেকে আমাদের দাবি মেনে নেওয়া হয়। স্যার, এসম্বন্ধে একটা নজির আছে। ১৯৫৬ সালে স্ট্রাইকের সময় এখানে হাউস চলছিল এবং বিলের আলোচনা হয়েছিল। কিন্তু স্ট্রাইক থাকাতে বিরোধীরা তাতে অংশগ্রহণ করতে পারে নি কিন্তু পরবর্তীকালে সেগুলোতে পুনরায় আলোচনা হয়েছে, বিরোধীদের দাবিতে। আমি সেই নজির ধরে অনুরোধ করছি, মাননীয় মান্নান সাহেব যে চিঠি দিয়েছিলেন আপনি তার রুলিং দিন এবং সবার পক্ষ থেকে বলছি, সেই পাঁচ-দিন আমরা আলোচনা করতে পারিনি, বঞ্চিত হয়েছি, আপনি অনুগ্রহ করে সেবিষয়ে পুনরায় আমাদের আলোচনার সুযোগ দিন।

**মিঃ স্পিকার ঃ** মিঃ মুখার্জি, ঐ যে ১৯৫৬ সালের নজিরের কথা বললেন সেটা কোন বিষয়ের উপরে আছে?

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** ওটা বিলের উপরে আছে স্যার, বাজেটের উপর নয়।

**মিঃ স্পিকার ঃ** তাহলে বাজেটের উপর ঐ নজির নেই, বিলের উপর আছে।

[2-20 — 2-30 P.M.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আপনি জানেন, ১৯৫৬ সালে ২৪/২৬শে ফেব্রুয়ারি তৎকালিন বামপন্থীরা বাংলা-বন্ধ ডেকেছিলেন, তখন হরতাল বলা হত। সেদিন বিধানসভা হচ্ছিল। তখন হাউসের নেতা ছিলেন ডাঃ বিধানচন্দ্র রায়, স্পিকার ছিলেন, শ্রী শৈলকুমার মুখোপাধ্যায়। সেই হরতালের দিনে দুটো বিল পাসও হয়েছিল, একটা 'ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস অ্যান্ড টেনেন্সি অ্যাক্ট ১৯৫৬' এবং আরেকটা ছিল, 'ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েৎ অ্যাক্ট, ১৯৫৫'। টেনেন্সি বিলে আবার ডিভিসনও হয়েছিল, ১৩০-১ এইরকম ভোটা-ভুটি হয়েছিল। তারপরে ২৫/২৮ তারিখে যেদিন হাউস হয় তাতে একটা মোশন মুভ হয়। তৎকালিন হাউসের বিরোধী-দলনেতা ঐ রীসিন করার জন্য একটা মোশন আনেন — সেদিন হরতাল থাকায় তারা হাউসে আসতে পারেন নি, সেইজন্য নতুন করে ঐ বিলগুলোর আলোচনা করা হোক।' ঐ বিল আগে পাস করা হয়ে গিয়েছে, ভোটাভুটি হয়ে গিয়েছিল। আজকের হাউসের নেতা মাননীয় জ্যোতিবাবুর অনুরোধে তৎকালিন মাননীয় মুখ্যমন্ত্রী এটাকে মেনে নেন এবং কয়েকদিন পরে ২৩ মার্চ আলোচনা হয়। এইরকম একটা নজির আছে। এটা গণতন্ত্রকে শক্তিশালী করে। একাট বিল পাস হয়েছে তার পর আবার আলোচনা

হয়েছে। ওরা যতই আমাদের ফ্যাসিস্ট বলুন, স্বৈরাচারি বলুন, তখনকার কংগ্রেসি মুখ্যমন্ত্রী বিরোধীদের মাননীয় নেতার দাবি মেনে এই আলোচনা করেছিলেন। আমি অনুরোধ করেছিলাম পার্লামেন্টারি অ্যাফেয়ার্স মিনিস্টারকে যে আপনি হেলথ বাজেট বন্ধ রাখুন। আপনার চেম্বারে ডেকেছেন, যদি আলোচনা করে মিটে যায় তাহলে আমরা হেলথ বাজেটে পার্টিসিপেট করতে পারব। কিন্তু সেটা করা হয়নি। আমি আপনার কাছে বলেছিলাম, আপনি বলেছিলেন হাউস চালাতে হবে। হেলথ বাজেট একটি গুরুত্বপূর্ণ বাজেট, সেই হেলথ বাজেট পাস হয়ে গেল। ট্রান্সপোর্ট বাজেট পাস হয়ে গেল, সেদিনও হাউজিং, পি.এইচ.ই. পাস হয়ে গেল আমরা আলোচনায় অংশগ্রহণ করতে পারলাম না। আমরা বন্ধের আগে বি.এ কমিটিকে অনুরোধ করেছিলাম যে ফুড, পি.ডব্লু.ডি. বন্ধ রাখুন, কিন্তু সেটা আপনি রাখেন নি। এটার ব্যাপারে আমরা নোটিশ দিইনি, যে পাঁচটা ব্যাপারে বলেছিলাম, সেই বাজেট পাস হয়ে গেছে। সেখানে আমাদের টোকেন হলেও মাননীয় সদস্য সৌগতবাবু ডিবেটে পার্টিসিপেট করেছিলেন। কিন্তু হেলথ, ট্রান্সপোর্ট, হাউজিং, এবং পি.এইচ.ই এই চারটেতে আমরা অংশগ্রহণ করতে পারিনি। বাংলা বন্ধের আগে আমি সেক্রেটারি কে অ্যাড্রেস করে একটা চিঠি দিয়েছিলাম, একটা মোশন মুভ করতে চেয়েছিলাম। আমি রুলিং চেয়েছিলাম, যা আপনি এই হাউসে অনেকবার করেছেন। একটা নো-কনফিডেন্স মোশনকে নেগেটিভ করা হয়েছিল, সেই রুলিং আপনি খারিজ করে দিয়েছিলেন এবং আমরা সেটা মেনে নিয়েছি। এইরকম নজির আপনি তৈরি করেছেন যে আগে কোনও রুলিং খারিজ করে আপনি নতুন রুলিং দিয়েছেন। এবারে আমবা একটা নতুন রুলিং চেয়েছি যে আমরা যে মোশন আনতে চাইছি, যে দাবি করেছি সেটা প্রেজেন্ট করা হোক, অনেক ক্ষেত্রেই এরকম নজির আছে। ১২ই সেপ্টেম্বর ১৯৮৫ সালে হাউজে হয়েছে, তখন আমিও এই হাউজের সদস্য ছিলাম। ১৯৮৫ সালে একটা ইন্ডাস্ট্রিয়াল স্ট্রাইক হয়েছিল আমরা কয়েকজন এসেছিলাম, সবকার পক্ষের কেউ আসেন নি আপনি এসেছিলেন। আপনি এসে দেখলেন মাইক চলছে না, রিপোর্টাররা কেউ নেই। তখন আপনি হাউজ অ্যাডজর্ন করে দিয়ে চলে গেলেন, এটা আমরা দেখেছি। আরেকবার হয়েছে ৬ই ডিসেম্বর বাবরি মসজিদ ডিমোলিশ হবার পরে বাংলা বন্ধ ডাকা হয়েছিল। আমরা বাংলা বন্ধ ডেকেছিলাম, বামফ্রন্ট সেদিন সমর্থন করেছিল। আমাদের একজন মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলি এসেছিলেন আপনি কিন্তু সেদিন হাউস অ্যাডজর্নড করে দিয়েছিলেন। আরেকটা নজির ১৯৫৬ সালে তৈরি হয়েছে। তৎকালিন কংগ্রেস সরকারের মুখ্যমন্ত্রী এবং হাউসের নেতা বিধান রায় একটা সুস্থ নজির স্থাপন করেছিলেন তখনকার বিরোধী দলের নেতা জ্যোতিবাবুর অনুরোধে। সেদিন লিডার অব দি হাউস মেনে নিয়েছেন মাননীয় স্পিকার শৈল মুখার্জি যে রুলিং দিয়েছিলেন। আমি আশা করব সেটা মেনে নিয়ে আপনি ডিসকাশনের সুযোগ দেবেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মিঃ স্পিকার স্যার, মাননীয় সদস্য আব্দুল মান্নান ডাঃ বিধান রায়ের রেফরেন্স দিচ্ছিলেন। কিন্তু তখনকার প্রেক্ষিত আলাদা ছিল। ১৯৬২, ১৯৬৩, ১৯৬৪ সালে ছাত্রাবস্থায় আমরা বিধানসভার গ্যালারি থেকে দেখতাম। তখন আমরা দেখেছি দিনের শেষ পর্যন্ত প্রখ্যাত নেতারা জ্যোতি বসু সহ বঙ্কিম মুখার্জি, সোমনাথ লাহিড়ি, যতিন চক্রবর্তী, সুবোধ লাহিড়ি, কমল গুহ, কাশিকান্ত মৈত্র এরা সবাই ছিলেন। তখন দেখেছি

প্রত্যেকটি আলোচনায় শেষ পর্যন্ত সমস্ত সদস্যই উপস্থিত থাকতেন এবং সমস্ত আলোচনায় এবং বিলে অংশগ্রহণ করতেন। ডাঃ বিধান রায় তখন এই বিরোধী পক্ষকে মূল্য দিতেন। কিন্তু আমরা এখন কি দেখছি যেই মেনশন, আলোচনা হয়ে গেল এই বিকেলের দিকে বক্তারা ছাড়া বিরোধী পক্ষের কেউ উপস্থিত থাকেন না। ডাঃ রায় তিনি মূল্য দিতেন তখনকার দায়িত্বশীল বিরোধী পক্ষকে, মর্যাদা দিয়েছিলেন বিরোধী পক্ষকে। খুব সঙ্গত কারণে তিনি তদানিন্তন দায়িত্বশীল বিরোধীপক্ষকে মর্যাদা দিয়েছিলেন। তিনি জানতেন তাদের আলোচনার মধ্যে দিয়ে আইনগুলি আরও পরিশালিত ও পরিমার্জিত হবে। আর কয়েকদিন পরে দেখবেন যাদের বাসে যেতে হয় তারাই শুধু উপস্থিত আছেন আর বাকিরা অনুপস্থিত। কাজেই তখনকার পরিপ্রেক্ষিত আলাদা ছিল, সেইজন্য ডাঃ বিধান রায় বিরোধীদলকে মর্যাদা দিয়েছিলেন। ওরা কোনওদিনই শেষ পর্যন্ত উপস্থিত থাকেননা। সেজন্য আমি বলছি ওরা বিরোধী দলের দায়িত্ব পালন করেন না, এজন্য ওদের তিরস্কার করা হোক। সংসদীয় গণতন্ত্রে বিরোধী পক্ষের বিরাট ভূমিকা আছে, ওরা তা পালন করেন না; ওদের তিরস্কৃত করা হোক, এই দাবি জানাচ্ছি।

**Mr. Speaker :** Now I wanted to give this ruling on Monday, but Mr. Abdul Mannan **beseeches** me and forces me to give this ruling today. He gave me a letter, and he elaborated later, in great detail, set out many things, including the demand for rediscussion of the Budget Demands that had been passed by the House on the days they were boycotting the House. He has referred to the precedent of 1956 when certain Bills were passed by the House when the Opposition were boycotting the House and when on the Demand of the Opposition made in the House the Bills were again reintroduced and reconsidered. He does not cite any precedent to show that the Budget Grant once approved by the House was reconsidered. That has not been shown. There is a basic difference between a Bill and a Budget. The grants for Budgets are passed under the provisions of the Constitution relating to financial matters under Art. 202 to Art. 204. Budgets are met by cut motions; a cut motion may be in order, but it is not considered if it is not moved. Now if there is a walk out the cut motions are not moved. Technically it has fallen, how can it be revived ? How do I revive it ? How do I move that debate ? These are the Constitutional requirements. Now I can't take Hon'ble Mr. Mannan to a law college or to a law school to explain these nicties of Constitutional requirements. Financial matters are basically based on Constitutional requirements. Once a Budget Demand is passed by the House, it cannot be reconsidered. Reconsideration means that the Government has to fall. Reconsideration means that the Government has to fall, that the Government cannot sustain the Budget it has passed earlier. It can't be done. I am sorry. If you read the Constitution, read the required procedures of law and come to the House. You would have been satisfied

on the whole requirements. A Bill is a different percept. A Bill can be amended, it can be reformulated, the Bill can be rediscussed, the Bill can be reconstituted on a motion - so many forms.

[2-30 — 2-40 P.M.]

**Shri Saugata Roy** : Sir, I would like to make a small submission on this. You are saying that the departmental Budget has been passed, and the cut motions were not moved, that's why it cannot be considered since these are Constitutional requirements. Now if I may hereby submit two things, Sir.

A cut motion is never moved in this House or in most of the House. What do you say that the cut motions are in order and taken as moved. Do you ever ask to the mover of the motion to please move your cut motion ? The custom is that if the cut motions are printed on the order papers it is taken to be in order and you take them as moved whether the person is present in the House or not. We have never verified it in this House whether the member is present or not in this House - this is number one.

Number two, Sir, this passing of departmental Budget is not the actual formality under the Constitution. The actual formalities under the Constitution are two. One is to have the Finance Bill which will incorporate the new taxation measures into law and the other is the Appropriation Bill which is the actual Constitutional requirement for the State to spend money out of the Consolidated Fund of the State or of the Country. Sir, what we are speaking that this is a very normal procedure when you say that this Budget is passed; even if departmental Budgets are passed, Appropriation Bill is not passed, then the actual money can not spend out of the Consolidated Fund. We have to wait till the end of the Session when the Finance Minister will present the Appropriation Bill and get the Appropriation Bill passed to actually allow the Government to spend those moneys. That's why Sir these passing of individual departmental Budgets are formalities and not Constitutional requirements. If you, Sir, kindly look into the Constitution and the law and practices, these have no more sanctity than a Bill which is passed in the House. Please take it once, Appropriation Bill is the actual thing which if one passes cannot be reverted, but none of the other departmental grants. In guillotine there are so many Budgets. If they are guillotined, if they are not voted, does it mean that we are not opposing the Budget ? This is again a mere formality just for allowing the

leverages of wide Parliamentary debate that we do this. Sir, that's why I don't think heaven would fall or Mahabharat would become impured if we let the Budget be discussed another time. It would not violate any Constitutional requirements nor any rules of procedure of the House, nor the convention of democracy, and we want it, Sir, we look up to you. You are the man who would preserve the high dignity of the House and persuade the Government to follow the footsteps of Dr. Bidhan Chandra Roy and allow the opposition to debate and discuss some of the very improtant Budgets which we missed at that time. If you remember, Sir, at that time Shri Jyoti Basu as Leader of the Opposition had said – we had called a strike Yesterday, that was why we could not attend the House, but we do want to participate in the debates, and Dr. Roy being gracious and the great man he was, did allow the Government to take up the debate. This is nothing. One ordinary motion for rescinding that Budget and again taking it without violating any of the procedure of the Constitution – that can be easily done. I shall request you to look into the laws, the Constitution – both the letter and in spirit of it – and allow Mr. Mannan's submission to be honoured, Sir. This is my submission.

**Mr. Speaker :** Now, I don't think Mr. Roy has followed me very carefully. Generally, in this House, when all members are here – there's no boycott – if the cut motions are in order, they are taken as moved; even if the member is not present, we take it as moved. But when there is a boycott, when there is an walk out, when members are not present in the House – as it happened on those days, – the cut motions are in order and not moved. There is a difference. On that days' order paper, the cut motions were in order and not moved - it was not taken as moved. There is a slight difference. In the records of the day, You look into it : the cut motions were in order and not moved. It was not moved. It was not taken as moved because you were in a boycott. How could I take it as moved? You were not here. I couldn't take it as moved in your absence. You were officially boycotting the House. I can't presume that you are inside the House when you are not here, I will have to take it that you are not here and also note that it has not been moved because you are not here. Then when the cut motion is not moved, it falls. It can't be revived. The Demand was passed. It was a financial demand. You want that the Demand that has been passed by the House, debated by the House, be rescinded. What does it mean then? What does it mean – that a

Government that has passed a Demand that will be taken as not passed! I can't agree with your fallacy at all. Here is a precedent in our House; from the period in 8/3/66 to 27/3/66, the entire Opposition boycotted the House and the entire Budget was passed, the Appropriation Billl was passed in the absence of the Opposition. There is a precedent in the House. It has happened in the past. It has happened now also because you did boycott the House. It can't be changed. I am sorry. I don't agree with you.

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী জয়ন্ত বিশ্বাস বললেন বিরোধী সদস্যদের দায়িত্ব-জ্ঞান কম হয়েছে, তারা থাকেন না, চলে যান এইসব কথা বললেন। ব্যাপারটি হচ্ছে, এটা কিন্তু একদিনে একটি বিষয়ে হচ্ছে না। ধীরে-ধীরে এম.এল.এদের দায়িত্ব আজকে শূন্যে এসে পড়ছে, আমাদের গুরুত্ব নেই। আমরা নির্বাচিত হয়েও জেলা প্রশাসনে আমাদের গুরুত্ব নেই। আগে ব্লকে আমাদের ভোটিং রাইট ছিল। এখন পঞ্চায়েতে নেই। আগে আমরা দেখেছি যে সমস্ত গুরুত্বপূর্ণ কথা বলতাম বিরোধী পক্ষ থেকে, সরকার পক্ষ অনেক সময় সেইগুলি মেনে নিতেন। যেমন একটা কথা বলি, ৬২ সালে তখন নিয়ম ছিল হেলথ সেন্টার যেগুলো আছে, সেইগুলোতে ইলেকট্রিক এর ব্যবস্থা আলো আছে, কিন্তু গ্রামের হাসপাতালে নেই। আমার বক্তৃতায় এই কথা বলেছিলাম। তখন স্বাস্থ্যমন্ত্রী ছিলেন পূরবী মুখার্জি, তিনি সাথে সাথে উত্তর দিয়েছিলেন, এখন থেকে আপনারা নিজেরা টাকা জোগাড় করে ইলেকট্রিকের ব্যবস্থা করতে পারেন, অনুমতি দেওয়া থাকল বিদ্যুতের ব্যবস্থা করে নেবেন। দু নম্বর হচ্ছে, আমরা যখন এখানে আসতাম, তখন যে বন্ধ কমিটি, তার মিটিং ডাকা হত, অথচ আমরা সময়ে এখানে থাকতাম। আমরা সেই সময় বলেছিলাম সরকার পক্ষকে, যখন এম.এল.এ.'রা কলকাতায় থাকেন তখন জেলায় কোনও মিটিং ডাকা হবে না। আমরা বলার পর এম.এল.এ.রা না থাকলে মিটিং ডাকা হত না। কিন্তু এখন আর তা হয়না। এমন কি আমার জেলায় যখন থাকি, আপনি শুনলে অবাক হয়ে যাবেন বেলা বারোটায় মিটিং, বিকাল পাঁচটার সময় চিঠি গেল। তারপর এখানে যা বলছি তার উত্তর পাওয়া যায় না, উত্তর দেবার দরকার নেই। যেমন গতকাল একজন আদিবাসী যুবকের হত্যা সম্পর্কে বলা হল, অত্যন্ত ভয়ঙ্কর ঘটনা, কিন্তু তার উত্তর পেলাম না। এই করে করে আমাদের মানসিকতা খারাপের দিকে চলে যাচ্ছে। সুতরাং খালি আমাদেরই দায়িত্ব নয়, আমাদের দিকে খালি আঙ্গুল তুলে দেখালে চলবেনা। এইসব কাগজ ছাপবে, সাধারণ মানুষ জানবে। সুতরাং সরকার পক্ষেও বিরাট দায়িত্ব আছে। এটা পরস্পরের পরিপূরক ব্যবস্থা হয়ে দাঁড়িয়েছে। সেইজন্য আমি অনুরোধ করব, আমরা যদি বুঝি সরকার পক্ষ আমাদের কথা গুরুত্ব দিয়ে শুনছেন, মন্ত্রীদের কাছ থেকে সঠিক উত্তর পাওয়া যাচ্ছে, তাহলে হাউস সম্পর্কে সদস্যদের একটা উৎসাহ থাকে। তা নাহলে এখানে থাকার মানসিকতা থাকে না। তাই আপনার কাছে অনুরোধ, আপনি এই হাউসের দায়িত্বে আছেন, সত্যিই এটা লজ্জার কথা আজকে পশ্চিমবঙ্গ বিধানসভার মান অত্যন্ত নেমে

[12th July, 1996]

গেছে। কি করে এর মান উন্নয়ন করা যায়, একটা সুনামের জায়গায় আনা যায় কি না, এই সম্পর্কে আপনি একটু সব দলের সঙ্গে বসে আলোচনা করে ব্যবস্থা গ্রহণ করুন। কারণ আমাদের এই সম্পর্কে অনেক অভিযোগ আছে, যদি আমাদের আলোচনায় ডাকেন, উভয় পক্ষ থেকে, তাহলে আমাদের ক্ষোভের কথাগুলো আপনার কাছে নিবেদন করতে পারি।

[2-40 — 2-50 P.M.]

**মিঃ স্পিকার :** আপনার এখানে জেনারেলাইজ করা উচিত নয়। কারণ এখানে অনেক ভাল ভাল মাননীয় সদস্য আছেন, সিনসিয়ারলি তাঁরা তাদের কর্তব্য পালন করেন। সুতরাং জেনারেলাইজ করা ঠিক নয়। তারপর ধরুন, ওয়াক আউট, বয়কট, এইগুলো সব গণতান্ত্রিক অধিকার। বিভিন্ন পলিটিক্যাল পার্টির নানারকম মত আছে, তারা বয়কট করতে পারেন, ওয়াক আউট করতে পারেন, এইসব নানারকম রাজনৈতিক আন্দোলনের ব্যাপার আছে। এইসব গণতান্ত্রিক অধিকার যে কোনও রাজনৈতিক দলের আছে। বামপন্থীরা যখন বিরোধী পক্ষে ছিলেন, তারাও এইসব করতেন। এটা সংসদে হয়ে থাকে। এইসব টোটাল গণতান্ত্রিক আন্দোলনের ব্যাপার। আমার কথা হচ্ছে বিধানসভা কক্ষের মধ্যে খারাপ আচরণ করা ঠিক নয়, আচরণ শোভনীয় হওয়া উচিত। অশোভনীয় আচরণ যদি এখানে হয় তাহলে আমাদের বিধানসভার মান সম্মানের ক্ষতি হয়। তারফলে গোটা জনসাধারণের কাছে হেয় হয়ে যেতে হয়। তারপর আপনি যে কথা বললেন, জেলার মিটিং ডাকার ব্যাপারে, আমার মনে হয় এইরকম একটা সার্কুলার দেওয়া হয়েছিল, কারণ আমি যখন মন্ত্রী ছিলাম, তখন সমস্ত পঞ্চায়েতকে খবর দেওয়া হয়েছিল, জেলা মেজিস্ট্রেটকে বলা হয়েছিল বিধানসভা চলাকালিন কোনও মিটিং ডাকা যেন না হয়। এইরকম একটা নির্দেশ দেওয়া হয়েছিল। এটা আবার একটা নির্দেশ দিতে হবে, অন্তত বিধানসভা চলাকালিন দেড় মাস, দু-মাস তো বিধানসভা চলে, এই সময়ে এইরকম মিটিং যেন ডাকা না হয়। তবে খুব জরুরি হলে নিশ্চয়ই ডাকবেন। কিন্তু ইউজুয়াল যে মিটিংগুলি হয় সেখানে মেম্বারদের অংশ গ্রহণ করতে হলে—দু জায়গায় তো তারা থাকতে পারেন না, সেখানে অসুবিধা হতে পারে, কাজেই এ ব্যাপারে একটা স্টানডিং ইনসট্রাকশন থাকা দরকার। বিধানসভার অধিবেশন চলাকালিন খুব জরুরি হলে শনিবার দিন মিটিং ডাকতে পারেন কারণ শনিবার দিন সকলে দেশে ফিরে যান। অন্য সময় যে কোনওদিন ডাকতে পারেন কিন্তু বিধানসভার অধিবেশন চলাকালিন—এখন বন্যা ইত্যাদির মতন কোনও জরুরি ব্যাপার হলে ডাকতে পারেন কিন্তু সেখানে তারা ম্যাসেজ দেবেন। যাইহোক, সবার কাছে আমি বার বার অ্যাপিল করছি এই বলে যে সবাই মিলেমিশে চেষ্টা করুন যাতে বিধানসভার মানটা ভাল করা যায়, উন্নত করা যায়। সকলের কাছে আমার অ্যাপিল, মিলেমিশে এ ব্যাপারে চেষ্টা করুন।

## LEGISLATION

### The Registration (West Bengal Amendment) Bill, 1996.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to introduce the Regis-

tration (West Bengal Amendment) Bill. 1996.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that the Registration (West Bengal) Amendment Bill, 1996, be taken into consideration.

**Mr. Speaker** : There is a motion for Circulation given by Shri Abdul Mannan. I now request Shri Abdul Mannan to move the motion.

**Shri Abdul Mannan** : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by 11th November, 1996.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আজ এই সভায় যে 'দি রেজিস্ট্রেশন (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৬ এনেছেন তার আমি বিরোধিতা করছি। এই বিরোধিতা রাজনৈতিক কারণে নয়, জনস্বার্থে এই বিরোধিতা। স্যার, আপনি আইনবিদ, আপনি জানেন, এই বিলটা সুপ্রিম কোর্ট-এ যাবে এবং সেখানে গিয়ে নাকচ হয়ে যাবে। কারণ এই বিলের মাধ্যমে উনি মানুষের একটা অধিকার কেড়ে নিতে চাইছেন। পশ্চিমবঙ্গের মানুষের সুযোগ ছিল দিল্লি, বম্বে, মাদ্রাজে গিয়ে যে কোনও সম্পত্তি কেনার এবং রেজিস্ট্রি করার কিন্তু উনি সেই অধিকার থেকে মানুষকে বঞ্চিত করছেন। কাশ্মীর, নাগাল্যান্ড এইরকম কয়েকটি জায়গা ছাড়া যে কোনও জায়গায় গিয়ে মানুষ সম্পত্তি ক্রয়বিক্রয় করতে পারতেন।

**মিঃ ডেপুটি স্পিকার** : মিঃ মান্নান, আগে আপনি সার্কুলেশন মোশনের উপর বক্তব্য রাখুন।

**শ্রী আব্দুল মান্নান** : ঠিক আছে স্যার, এই বিলটি জনস্বার্থ বিরোধী এবং আমি তাই এরজন্য ৪ মাস সময় নিতে বলেছি পাবলিক ওপিনিয়ান নেবার জন্য। কোর্টে গেলে এই বিলটি নাকচ হয়ে যাবে। আমার অনুরোধ, এই বিলের ব্যাপারে পাবলিক ওপিনিয়ন নিন। তা করে ৪ মাস বাদে ডিসেম্বর, জানুয়ারিতে যে সেশন হবে সেই সময় বিলটি আনুন। এটা রিভিউ করুন, দরকার হলে লিগ্যাল ওপিনিয়ন নিন, একটা ছোট কমিটি করে এটা রিভিউ করুন এবং বিভিন্ন সেকশনের সঙ্গে কথা বলুন। কারণ এটা জনস্বার্থের সঙ্গে জড়িত। ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্ট করার জন্য অনেক এন.আর.আই নাকি হুমড়ি খেয়ে পড়ছে, শিল্পপতিরা এখানে আসবে, তারা জমি ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে অসুবিধায় পড়বে। সেজন্য আমি বলেছিলাম যে এই বিলটা আপনি আনবেন না। আপনি দয়াকরে এই বিলটা প্রত্যাহার করে নিন। আপনি এটা পাবলিক ওপিনিয়ানের জন্য পাঠান, এবং ৪ মাস অপেক্ষা করুন, তারপরে এটা আনুন।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এটা গ্রহণ করতে পারছি না।

[12th July, 1996]

The motion of Shri Abdul Mannan that the Bill be circrulated for the purpose of eleciting public opinion there by 11th November, 1996 was then put and division taken with the following results :

**NOES**

Bagdi, Shri Bijay

Banerjee, Shri Debabrara

Bera, Shrimati Chhaya

Bera, Shri Dipak

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Kamalakshi

Bose, Shri Shyamaprasad

Chowdhury, Shri Jayanta

Chowdhury, Shri Nani Gopal

Das, Shri Ananda Gopal

Das, Shri Bidyut Kumar

Das, Shri Nirmal

Das Gupta, Dr. Asim Kumar

Dey, (Bose), Shrimati Ibha

Dey, Shri Narendra Nath

Dhar, Shri Padmanidhi

Doloi, Shri Siba Prasad

Duley, Shri Krishna Prasad

Ganguly, Shrimati Kanika

Ganguly, Shri Santi Ranjan

Ghatak, Shri Santi Ranjan

Kalimuddin Shams, Shri

Kar, Shrimati Anju

Kundu, Shri Ranjit

Let, Shri Dhiren

Mahata, Shri Kamalakanta

Maikap, Shri Chakradhar

Majhi, Shri Bhandu

Mal, Shri Nimai

Malik, Shri Shiba Prasad

Mandal, Dr. Ramchandra

Mondal, Shri Rabindranath

Mondal Shri Subhas

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Nirmal

Mukherjee, Shri Pratyush

Mukhopadhyay, Shri Chittaranjan

Mursalin Molla, Shri

Naskar, Shri Sankar Sharan

Nath, Shri Madanmohan

Pakhira, Shri Ratan Chandra

Roy, Shri Manmatha

Roy Chowdhuri, Shri Nirode

Saha, Shri Kripa Sindhu

Saha, Dr. Tapati

Samanta, Shri Rampada

Sen Gupta (Bose), Shrimati Kamal

Sk. Majed Ali, Shri

Sk. Jahangir Karim, Shri

Soren, Shri Khara

Tirkey, Shri Monohar

**AYES**

Abdul Mannan, Shri

Abdus Salam Munshi, Shri

Bakshi, Shri Sanjoy

Bondyopadhyay, Shri Sudip

Banerjee, Shri Tapas

Bapuli, Shri Satya Ranjan

Bhattacharjee, Shri Sudhir

Biswas, Shri Shashanka Shekhor

Chakravarty, Shri Gautam

Chattopadhyay, Shri Sobhan Deb

Chattaraj, Shri Suniti

Deb, Shri Ashoke Kumar

Goswami, Shri Mihir

Habibur Rahaman, Shri

Mahato, Shri Shantiram

Majhi, Shri Ramjanam

Md. Sohrab, Shri

Mitra, Shri Somendra Nath

Mondal, Shri Ramprabesh

Mukherjee, Shri Ashoke

Mukherjee, Shri Kamal

Mukherjee, Shri Subrata

Poddar, Shri Deokinandan

Sen, Dr. Anupam

Hansda, Shri Naren

ABSTENTION : Sarkar, Shri Debaprasad

The Ayes being 25, and the Noes 51 the motion was lost.

[2-50—3-00 P.M.]

**শ্রী আব্দুল মান্নান :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, ডঃ অসীমকুমার দাশগুপ্ত যে 'দি রেজিস্ট্রেশন (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৬ নিয়ে এসেছেন আমি এই বিলের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। একটু আগে আমরা এই বিলের ব্যাপারে জনমত নেবার জন্য মোশন এনেছিলাম, কিন্তু দুর্ভাগ্যবশত সেই মোশন ক্যারেড আউট হয়নি। কিন্তু আমরা এই বিলের বিরোধিতা করছি এই কারণে যে, এটা একটা জনস্বার্থ

বিরোধী বিল। এর দ্বারা মানুষের মৌলিক অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। আপনারা বিলটা যদি দেখেন দেখবেন যে, ধারাটি বাতিল করবার কথা এতে বলা হয়েছে সেই সেকশন ৩০, সাব-সেকশন ২-এতে ছিল—The Registrar of a district in which a Presidency-town is included and the Registrar of the Delhi district may receive and register any document reffered to in section 28 without regard to the situation in any part of India of the property to which the document relates. এই ধারাটাকে পুরো তুলে দেওয়া হয়েছে। মানুষের যে অধিকার ছিল ভারতের যে কোনও প্রেসিডেন্সি টাউনে গিয়ে জমি রেজিস্ট্রি করার সেই অধিকার থেকে আজকে তাদের বঞ্চিত করা হচ্ছে। সরকার বড় বড় কথা বলেন যে, তারা নাকি রাজ্যে ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ করবেন। কিন্তু এরপর একটি বাইরের লোক যখন ইন্ডাস্ট্রিয়াল গ্রোথের জন্য বাঁকুড়া জেলায় জমি নিতে যাবেন তখন কি হবে? তাকে সেই জমি রেজিস্ট্রি করতে হবে এখানে। এই আইনটা করবার ফলে ইন্টার ডিস্ট্রিক্ট রেজিস্ট্রেশন পর্যন্ত বন্ধ হয়ে যাচ্ছে; মূল স্টেটের মধ্যে এক জেলার জমি অন্য জেলায় রেজিস্ট্রি করবার সুযোগও থাকছে না। একজন দিল্লিবাসী লোক, তিনি হয়ত চাইছেন, পুরুলিয়ায় গিয়ে শিল্প তৈরি করবেন। শিল্প তো আকাশে হবে না—কিন্তু এক্ষেত্রে এ-পর্যন্ত দিল্লিতে বসেই জমিটা কেনার তার সুযোগ ছিল। এখান থেকে কাগজপত্র নিয়ে গিয়ে তিনি সেটা দিল্লিতেই রেজিস্ট্রি করতে পারতেন। কিন্তু এই আইনে সেই সুযোগ থেকে তাকে বঞ্চিত করা হচ্ছে। একদিকে ইন্ডাস্ট্রিয়াল গ্রোথের কথা বলব, অন্যদিকে মানুষকে জমি কেনার অধিকার থেকে বঞ্চিত করব—এটা হয় না। এটা তার ফান্ডামেন্টাল রাইট, কাজেই এটা করতে পারেন না। ইন্ডিয়ান সিটিজেন হিসাবে কনস্টিটিউশন তাকে এই অধিকার দিয়েছে। পশ্চিমবঙ্গ কোনও আলাদা রাষ্ট্র নয় বা ভারতের কোনও প্রতিবেশী রাষ্ট্র নয়, পশ্চিমবঙ্গ ভারতেরই একটি অঙ্গরাজ্য। কাজেই পশ্চিমবঙ্গে একটা আইন তৈরি করে মানুষের সেই মৌলিক অধিকার আপনারা কেড়ে নিতে পারেন না। আমরা জানি, এই আইনটা টিকবে না, মানুষ কোর্টে যাবেন এবং সেখানে আটকে যাবেন। এখানে আইনটা এনেছেন অন্য উদ্দেশ্য নিয়ে, ফ্রড কেসের জন্য নয়। এর আগে রেজিস্ট্রেশন ফি অস্বাভাবিক ভাবে বৃদ্ধি করেছিলেন। তখন বলেছিলেন—ভারতবর্ষের মধ্যে বামফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী নাকি পথের দিশারী। গোটা ভারতবর্ষকে পথ দেখাতে গিয়ে যা করেছেন তাতে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় বর্তমানে আমাদের রাজ্যে রেজিস্ট্রেশন ফি বেশি। আগে এটা ১৮ পারসেন্ট করেছিলেন, পরে সেটা নামিয়ে ১০ পারসেন্ট করেছেন। তাতেও এত বেশি ফি দিতে হয় যার জন্য মানুষ অন্য রাজ্যে গিয়ে জমি রেজিস্ট্রি করছেন। তার ফলে রেভিনিউ থেকে আমরা বঞ্চিত হচ্ছি। হঠকারি সিদ্ধান্ত নিয়ে মানুষের উপর অতিরিক্ত করের বোঝা চাপিয়ে দিয়েছেন। তার থেকে মুক্তি পাবার জন্য তারা অন্য রাজ্যে গিয়ে জমি রেজিস্ট্রি করছিলেন। সেখানে আপনি কি করলেন? সেটাকে আপনি বন্ধ করে দিতে যাচ্ছেন, অন্য জায়গায় রেজিস্ট্রেশন করা যাবে না। এটা একটা মানুষের মৌলিক অধিকার, আপনি সেটাকে কেড়ে নিতে চাইছেন। পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার অবনতি ঘটলে, পশ্চিমবাংলায় যদি টেররিস্ট অ্যাক্টিভিটি বাড়ে তাহলে কি আপনি তার জন্য আলাদা করে আইন প্রণয়ন করবেন? সেই ক্ষেত্রে বিহার থেকে যদি কেউ আসে তাহলে তার আসা বন্ধ করে দেবেন? এইরকম আইন প্রণয়ন করে পথ দেখাচ্ছেন যে, পশ্চিমবাংলায় এলে পশ্চিমবাংলার আলাদা আইন মেনে

চলতে হবে। যেন পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে নয়, পশ্চিমবাংলা ভারতবর্ষের যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে একটা অঙ্গরাজ্য নয়। তাই বলছি আপনি এই রকম হঠকারী সিদ্ধান্ত নেবেন না। এটা একটা বেআইনি সিদ্ধান্ত হবে। আপনারা জোর করে পাস করিয়ে নেবেন, এইমাত্র দেখলাম আপনাদের ৫১ জন সদস্য আছেন, আমাদের সংখ্যা কম আছে, সংখ্যার জোরে এই আইনটাকে পাস করিয়ে নেবেন না। শুধুমাত্র কিছু বেশি টাকা আদায়ের জন্য এই বিল আনছেন। কিন্তু মনে রাখবেন ভারতবর্ষের যেকোনও মানুষের যেকোনও জায়গায় জমি কেনার অধিকার আছে শুধু কাশ্মীর এবং নাগাল্যান্ডের কিছু অংশে জমি কিনতে পারবে না। ভারতবর্ষের যেকোনও জায়গায় লোকেরা বাঁকুড়া পুরুলিয়ার জমি কলিকাতা কিম্বা দিল্লি কিম্বা মাদ্রাজে বসে জমি কিনতে পারে। কিন্তু এই বিল পাস হলে সেই অধিকার থেকে তারা বঞ্চিত হবে। আপনাকে উত্তর দিতে হবে কেন আপনি মানুষের এই অধিকার কেড়ে নিচ্ছেন? এই বিল আনছেন কিছু বেশি রেভিনিউ আদায় করার জন্য। এইভাবে মানুষের মৌলিক অধিকারে হস্তক্ষেপ করবেন না। এটা একটা লাইনের খুব ছোট অ্যামেন্ডমেন্ট, কয়েকটি শব্দ এখানে আছে। কিন্তু স্টেটমেন্ট অব অবজেক্ট অ্যান্ড রিজিন্সে অনেক কিছু বলেছেন। কিন্তু এই একটা লাইনই মানুষের অনেক ক্ষতি করছে। এটা আপনি খুব ভাল করে জানেন, জেনেও এই কথা আপনার স্বীকার করার সাহস নেই, মানসিকতা নেই। একটা লাইনের কয়েকটি শব্দের মাধ্যমে পশ্চিমবাংলার মানুষের গণতান্ত্রিক অধিকার কেড়ে নিচ্ছেন। ভারতবর্ষের অন্য রাজ্যের মানুষেরা বুঝবে পশ্চিমবাংলায় আসতে গেলে অন্য আইন মেনে চলতে হবে যেটা ভারতবর্ষের যে আইন সেই আইনের পরিপন্থী। আপনি এই যে আইন পাস করতে চলেছেন সেটা ভারতবর্ষের আইনের পরিপন্থী। এই আইনের পরিপন্থী। এই আইনের বলে আপনি অন্য রাজ্যের মানুষের নাগরিক অধিকার কেড়ে নিচ্ছেন। এই ব্যাপার নিয়ে আপনি ইগোর লড়াই-এ যাবেন না, এটাকে আপনি প্রেস্টিজ ইস্যু করবেন না, জেদাজেদির দিকে যাবেন না। আমরা বিরোধী পক্ষ থেকে এই কথা বলছি বলে এটাকে প্রেস্টিজ ইস্যু করবেন না। আপনি ঠান্ডা মাথায় চিন্তা করুন, আপনি তো ঠান্ডা মাথার মানুষ, এই রকম একটা বিল আনবেন না। ইন্ডাস্ট্রিয়ালিস্টরা আসবে, তারা দিল্লি থেকে এসে বাঁকুড়া, পুরুলিয়া কিম্বা আরামবাগে খাল বিল নালা পেরিয়ে জমি রেজিস্ট্রি করতে যাবে? তাদের এই অধিকার আপনি কেড়ে নিচ্ছেন। আপনারা শিল্পপতিদের এনকারেজ করছেন, আপনারা এন. আর. আই. ডাকছেন, শিল্পপতিদের ডাকছেন, কিন্তু জমি কেনার অধিকার কেড়ে নিচ্ছেন। একে তো জমি কিনে কেউ দখল করতে পারে না, আপনাদের লাল ঝান্ডা জমিতে গিয়ে পুঁতে দিলেন, জমি আর নিতে পারছে না। সরকারি প্রশাসনের কাছে গিয়ে গিয়ে হয়রান হয়ে যাচ্ছে, তারা কাজ করতে পারছে না। তারপর আবার সি. আই. টি. ইউ.-এর লোকেরা জমি কিনতে দিচ্ছে না। শিল্পপতিরা আসবে, শিল্প হবে না। যেখানে আপনাদের বিষয়টা যাতে আরও সরলীকরণ করা যায় সেটা দেখবেন কোথায়, তার জায়গায় আরও কঠিন করে দিচ্ছেন, বজ্র আঁটুনি দিয়ে সমস্ত কিছু আটকে দিচ্ছেন। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব ইগোর লড়াই-এ যাবেন না, জেদাজেদির দিকে যাবেন না, মাথা ঠান্ডা করে এই জিনিস নিয়ে চিন্তা করুন এবং কালা বিলকে, জনবিরোধী বিলকে মৌলিক অধিকার হরণকারী এই বিলকে প্রত্যাহার করুন। এই কথা বলে এই বিলের

**বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।**

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি রেজিস্ট্রেশন (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৬ এর সমর্থনে আমি বক্তব্য রাখতে উঠেছি। মাননীয় বিধায়ক শ্রী আব্দুল মান্নান সাহেব যে বক্তব্যগুলি রেখেছেন সেটা আমি খন্ডন করছি তথ্যের ভিত্তিতে যুক্তির ভিত্তিতে। একটা জায়গায় ওনার হয়ত বুঝতে গোলমাল হয়েছে।**

[3-00 — 3-10 P.M.]

আমি বিলটিকে সমর্থন করে এই কথা বলছি, মাননীয় সদস্যারা প্রত্যেকেই অবগত আছেন যে, এই রেজিস্ট্রেশন অ্যাক্ট, এটি খুব পুরনো একটি আইন—১৯০৮ সালের আইন। এই আইনের ২ উপধারায় আছে, যেগুলি প্রেসিডেন্সি টাউন, তারমধ্যে ৩টি প্রেসিডেন্সি টাউন আছে। কলকাতা, বোম্বে, এবং মাদ্রাজ এই জায়গাগুলিতে প্রেসিডেন্সি টাউনগুলি যে যে জেলায় অবস্থিত, এর সাথে আছে দিল্লি জেলা। এই ৪টি জায়গায় ভারতবর্ষের যেকোনও জায়গা জমির কোনও নথিভুক্তি, কেনাবেচার প্রয়োজন আছে তা লোকেরা করতে পারতেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই হাউসে আমরা এখন থেকে ৩ বছর আগে, ১৯৯৩-৯৪ সালে কতকগুলি পরিবর্তন—স্ট্যাম্প অ্যাক্ট এবং এই দলিল নথিভুক্তি করার ক্ষেত্রে আনি। তার মূল জায়গাটি ছিল এই। এটি পরে এই দপ্তরের আওতায় আসে। ঐ তিন-চার বছরের আগে আমরা লক্ষ্য করি, জমি কেনা বেচার সময়ে জমির দামটি কম করে দেখানো হচ্ছিল—আন্ডার ভ্যালুয়েশন হচ্ছিল। তারজন্য আমরা বিভিন্ন রাজ্যে খবর নিই। আমরা দেখি, যেগুলি আমাদের সঙ্গে তুলনীয়, শিল্পের দিক থেকে তুলনীয় যে রাজ্যগুলি আছে, যেখানে প্রত্যেক জায়গায়, কনসিডারেশন মানি যেটা বলা হত তার জায়গায়, মার্কেট ভ্যালু, বাজার মূল্যের ভিত্তিতে হচ্ছিল। আমরা তাই এই হাউসে তখন বিল এনেছিলাম এবং সেটি পাস করিয়েছিলাম। আমরা তাতে প্রেসিডেন্সিয়াল অ্যাসেন্টও পেয়েছিলাম। বাজার মূল্যের ভিত্তিতে, মার্কেট ভ্যালুর ভিত্তিতে রেজিস্ট্রেশন শুরু হয়েছে গত ৩ বছর আগে। সেজন্য ১৯৯৩-৯৪ সালে স্ট্যাম্প ডিউটি বাবদ আমরা ১৪৫ কোটি টাকা পেতাম। আর আজকে দু'বছর পরে ২৬৭ কোটি টাকা রেজিস্ট্রেশন ফি, দ্বিগুণের মতো বৃদ্ধি পেয়েছে। এই সময়ে আরও লক্ষ্যণীয় যে প্রবণতা দেখা গিয়েছে, কিছু সংখ্যক ধনী মানুষের ক্ষেত্রে লক্ষ্য করা গেল, যেহেতু মার্কেট ভ্যালুর ভিত্তিতে সর্বত্র নয়, দিল্লিতে গিয়ে এই ডিডগুলো রেজিস্ট্রেশন করা শুরু করলেন। সর্বত্র নয়। কেন না, মহারাষ্ট্র ইতিমধ্যে মার্কেট ভ্যালুতে চালু হয়ে গিয়েছে। রেজিস্ট্রেশন এবং স্ট্যাম্প ডিউটি চালু হয়ে গিয়েছে তামিলনাড়ুতে। লক্ষ্যণীয়, এখানে তথ্যগত অসঙ্গতিটা আমরা পরিবর্তন করে দিই, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে। উনি বলেছেন যে, আমাদের হারটা বেশি। আমরা যখন দায়িত্ব নিই, তখন স্ট্যাম্প ডিউটি ছিল ১০ শতাংশ। সেটাকে আমরা নামিয়ে দিয়েছি। উনি বলেছেন, আমরা বাড়িয়েছি। উল্টো কথা বলেছেন। আমরা ১০ শতাংশকে কমিয়ে ৫ শতাংশ করেছি। এই মুহূর্তে বোম্বেতে ১০ শতাংশ হারে আছে। মাদ্রাজে আছে ১৩ শতাংশ হারে। তুলনামূলক ভাবে ব্যতিক্রম শুধু দিল্লির ক্ষেত্রে। দিল্লিরটা খোলসা করে বলা উচিত। দিল্লির উপরে যে খরচ হয় সেটি কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক থেকে আমাদের রাজ্যগুলি থেকে অর্থ নেয়, তাদের টাকার অভাব হয়না। দিল্লি তার রাজস্ব আদায় করে, কিন্তু বাড়তি দায় দায়িত্ব

নেই। তারা স্ট্যাম্প ডিউটি রেজিস্ট্রেশন ফি, আমি স্কেলটা বলছি, আদায় করে মার্কেট ভ্যালুর ভিত্তিতে। তারাই একমাত্র রেটকে ৩ পারসেন্ট চাইছেন। তাই আমরা লক্ষ্য করলাম, দুবছর ধরে পশ্চিমবঙ্গ থেকে লোকে দিল্লিতে গিয়ে ডিড করাচ্ছেন। আমরা খোঁজ নিয়ে দেখলাম যে, আমাদের রাজ্যের যারা সবচেয়ে ধনী মানুষ উপরতলার মানুষ, এক শতাংশ মানুষ, যাদের জমিব সাথে নিজেদের যোগ নেই, জমির ফাটকা করে, তারা যেতে শুরু করলেন। মান্নান সাহেব, আপনি কি এই ধনিক শ্রেণীর স্বার্থে কথা বলছেন? আপনার তো প্রগতিশীল একটা ইতিহাস আছে। আপনি কি জনস্বার্থবাহী কথা বলছেন? আপনি ধনিক শ্রেণীর মানুষের স্বার্থে কথা বলছেন। এর মাধ্যমে যে রাজস্ব আসবে, আপনার জেলা হুগলির কথাই ধরুন, সেখান থেকে যেটা আসবে, তার বেশি অংশ ঐ জেলার উন্নয়নমূলক কাজে ব্যয় করা হবে। তাই সেইকাজে বাধ সাধছেন ধনী মানুষ। ধনী শ্রেণীর স্বার্থের বিরুদ্ধে এবং সাধারণ মানুষের স্বার্থে এই কাজ করলাম। এবং সেইজনাই আপনার ওই সার্কুলারটা গ্রহণ করলাম না। আপনাকে অনুরোধ করব আপনি আর ওই ধনী শ্রেণীর স্বার্থের দিকে আর কতদিন থাকবেন? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি বলছেন যে, আমরা এটা করেছি, না, আমরা নয়, আমাদের আগে ৮টি রাজ্য এইরকম করেছে। অন্ধ্রপ্রদেশ, মধ্যপ্রদেশ, গুজরাট, কর্ণাটক প্রভৃতি করেছে এবং আরও ৪টি রাজ্য করতে যাচ্ছে। উনি আরেকটা কথা বলেছেন যে, শিল্প যখন এগিয়ে যাচ্ছে তখন এই বিলটি এনে পরপন্থী হবে। উনি একটা উল্টো কথা বললেন—ধরুন আপনার হুগলি জেলার চাঁপদানিতে একজন শিল্পপতি জমি নিয়ে শিল্প করতে চাইছেন। তিনি যদি জমি নিয়ে ফাটকা করতে না চান তাহলে তো ওই জায়গায় তাকে নিত্য যাতায়াত করতে হবে এবং থাকতেও হবে। তাকে রেজিস্ট্রি অফিসে রেজিস্ট্রেশনের জন্য যাতায়াত করতেই হবে। তিনি যদি এখন দিল্লিতে বসে করতে চান তাহলে তাঁকে আসল জমির দাম চেপে রেখে কম দাম দেখিয়ে আর কাউকে জমি বিক্রি করতে হবে এবং সেক্ষেত্রে বলব যে, তিনি শিল্পপতি নন, তিনি হচ্ছেন ফাটকাবাজ। আপনি কি তাদের স্বার্থে এই কাজে বাধা দিচ্ছেন? মান্নান সাহেব, আপনার উপরে আমাদের আস্থা আছে, এইরকম বড় বড় ধনীদের কথা ভাবছেন? আসলে মনে হয় কোনও সলিসিটার ফার্ম আপনাকে কাগজ ধরিয়ে দিয়েছে, তাই ওদের প্রেক্ষাপটে কথাগুলো বললেন। এই বিলটি সাধারণের স্বার্থবাহী এবং ধনীদের স্বার্থ বিরোধী এই কথা বলে এই বিলটিকে পুনরায় সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

The Motion of Dr. Asim Kumar Das Gupta that the Registration (West Bengal Amendment) Bill, 1996, be taken into consideration, was then put and agreed to.

## Clauses 1 to 3 and Preamble

The Question that Clauses 1 to 3 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the Registration (West Bengal Amendment) Bill, 1996 as settled in the Assembly, be passed.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা খুবই আনন্দের বিষয় যে, ডঃ অসীম দাশগুপ্ত মহাশয় বড়লোকদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে যাচ্ছেন। উনি তো ভদ্রলোক, তাই ভদ্রভাবেই বললেন সলিসিটর ফার্মের কাগজ নিয়েছি। আমি বলছি এতে মানুষের মৌলিক অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। অসীম বাবু তো দিল্লি যান, 'বঙ্গভবনেও' ওঠেন। বঙ্গভবনে তো অনেক কর্মচারী কাজ করেন, অনেক মেড সার্ভেন্ট কাজ করেন, যাদের মাইনে ২০০-৩০০ টাকা। তাদের এখানে আসতে গেলে ৫০০-৬০০ টাকা খরচ হয়ে যাবে। তাদের যদি ৬০০ টাকা ভাড়া দিয়ে জমি রাখতে হয় তাহলে তো তাদের পক্ষে জমি রাখা মুশকিল। আপনি তো গরিবের কথা বলছেন, এই মেড-সার্ভেন্ট কোন শ্রেণীর বলুন? তাদের মাইনে ২০০ টাকা থেকে ৩০০ টাকার মধ্যে। এইরকম একজন মেড সার্ভেন্টের হুগলি জেলাতে একটি জমি আছে, সে যদি এখন জমি বিক্রি করতে চায় তাহলে তাকে অনেক ভাড়া দিয়ে এখানে আসতে হবে। হুগলি জেলায় এখন জমির দাম ৫ হাজার টাকা কাঠাও আছে, আবার ১০ হাজার টাকার কাঠারও জমি আছে। এখন সে যদি জমি বিক্রি করতে চায় তাহলে তাকে ট্রেন ভাড়া দিয়ে এখানে এসে জমি বিক্রি করতে হবে। ওখানে থেকে জমি বিক্রি করার যে আইনের অধিকার সেটা থাকবে না এবং না থাকার ফলে তাকে বেশি ভাড়া দিয়ে এখানে এসে ওই গরিব মানুষকে জমি বিক্রি করতে হবে। সেখানেই আমার প্রশ্ন কেন ওই অধিকার ওদের আপনি কেড়ে নিচ্ছেন এবং এটাই আমি আপনার কাছে জানতে চাই।

[3-10 — 3-20 P.M.]

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মান্নান বাবুকে বলি আমি এটা যখন অ্যামেন্ডমেন্ট হিসাবে এনেছি তখন বলেছি আমরা যেমি রেজিস্ট্রির ক্ষেত্রে যে ফর্ম দিয়েছি, ৪টি ফর্ম আছে, ফর্মগুলি এমনভাবে করা হয়েছে কাউকে ব্যক্তিগতভাবে ওখানে গিয়ে ফর্ম পূরণ করার দরকার নেই। কাউকে পাওয়ার অব অ্যাটর্নি লিখে দিলেই হবে। যেরকমভাবে বাড়িতে চিঠি লেখেন ঠিক সেই রকমভাবে চিঠির সাথেও যদি পাঠিয়ে দেন ফর্মটা তাহলে বাড়তি কোনও পয়সা লাগবে না। পশ্চিমবাংলার ৭ কোটি মানুষের মধ্যে যাদের কথা বললেন, যে সাধারণ মানুষের কথা বললেন, শতাংশের হিসাবে সেটা কম হলেও, আপনি যেহেতু মৌলিক অধিকারের কথা বললেন, ঠিক সেই কারণে আমি বলছি, পোস্ট অফিসে গিয়ে, সাধারণ পোস্টের জন্য যে খরচ হয়, তার বেশি খরচ হবে না, চিঠি যেমন পোস্ট করে ঠিক সেইরকম ভাবে এই ফর্মটি পোস্ট করে দিলেই হবে। এটা খুব সোজা। আমি মনে করছি, এটা আপনি সমর্থন করবেন।

The Motion of Dr. Asim Kumar Dasgupta that the Registration (West Bengal Amendment) Bill, 1996 as settled in the Assembly be passed was then put and a division was taken with the following result.

**AYES**

Bagdi, Shri Kiriti

Banerjee, Shri Debabrara

Bera, Shrimati Chhaya

Bera, Shri Dipak

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Kamalakshi

Bose, Shri Shyamaprasad

Chowdhuri, Shri Bansha Gopal

Chowdhury, Shri Jayanta

Chowdhury, Shri Nani Gopal

Das, Shri Ananda Gopal

Das, Shri Nirmal

Das Gupta, Dr. Asim Kumar

Dey, Shri Narendra Nath

Dey, Shri Partha

Dhar, Shri Padmanidhi

Doloi, Shri Siba Prasad

Duley, Shri Krishna Prasad

Ganguly, Shrimati Kanika

Ganguly, Shri Santi Ranjan

Ghatak, Shri Santi Ranjan

Ghosh, Shri Biren

Goala, Shri Rajdeo

Hore, Shri Tapan

Id. Mohammed, Shri

Kar, Shrimati Anju

Kundu, Shri Ranjit

Let, Shri Dhiren

Mahata, Shri Kamalakanta

Mal, Shri Nimai

Malik, Shri Shiba Prasad

Mandal, Dr. Ramchandra

Minj, Shri Prakash

Mondal, Shri Rabindranath

Mondal Shri Subhas

Mozammel Haque, Shri

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Pratyush

Mukhopadhyay, Shri Chittranjan

Mursalin Molla, Shri

Naskar, Shri Sankar Sharan

Nath, Shri Madanmohan

Pakhira, Shri Ratan Chandra

Roy, Shri Mrinal Kanti

Roy Chowdhuri, Shri Nirode

Saha, Shri Kripa Sindhu

Saha, Dr. Tapati

Samanta, Shri Rampada

Sares, Shri Ankura

Sen, Shri Dhiren

Sen Gupta, Shri Purnendu

Sen Gupta (Bose), Shrimati Kamal

Shaw, Shri Prabin Kumar

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Prabodh Chandra

Sk. Majed ali, Shri

Sk, Jahangir Karim, Shri

Soren, Shri Khara

Tirkey, Shri Monohar

**NOES**

Abdul Mannan, Shri

Abdus Salam Munshi, Shri

Abu Sufian Sarkar, Shri

Bakshi, Shri Sanjoy

Bondyopadhyay, Shri Sudip

Banerjee, Shri Shyamadas

Bapuli, Shri Satya Ranjan

Bhattacharjee, Shri Sudhir

Biswas, Shri Shashanka Shekhor

Chakravartty, Shri Gautam

Chattopadhyay, Shri Sobhan Deb

Chattaraj, Shri Suniti

Deb, Shri Ashoke Kumar

Deb, Shri Gopal Krishna

Goswami, Shri Mihir

Habibur Rahaman, Shri

Hansda, Shri Naren

Khanra, Shri Ajit

Mahato, Shri Shantiram

Majhi, Shri Ramjanam

Md. Sohrab, Shri

Mondal Shri Ramprabesh

Mukherjee, Shri Ashoke

Mukherjee, Shri Kamal

Mukherjee, Shri Samar

Mukherjee, Shri Subrata

Poddar, Shri Deokinandan

Roy, Shri Tapas

Sardar, Shri Sital Kumar

Sen, Dr. Anupam

Singh, Shri Sankar

ABSTENTION :— Sarkar, Shri Debaprasad

The Ayes being 59 and the Noes 31 the motion was carried

**Mr. Deputy Speaker :** Now discussions under Demand No. 39

## VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 39

**Mr. Deputy Speaker :** Now there are fourteen cut motions to Demand No. 39. The Cut Motions are in order

Shri Anay Gopal Sinha : (No. 1)
Shri Ashok Kumar Deb : (No. 2)
Dr Hoimi Basu : (No. 3)
Shri Nirmal Ghosh : (Nos. 4. & 5)
Shri Abdul Mannan : (Nos. 6 & 7)
Shri Shyamadas Banerjee : (No. 8)
Shri Saugata Roy : (Nos. 9 & 10)
Shri Gyan Singh Sohanpal : (Nos. 11 & 12)
Shri Debaprasad Sarkar : (No. 13)
Shri Kamal Mukherjee : (No. 14)

} Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs 100/-

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শ্রম, স্বনিযুক্তি কর্মসংস্থান, কর্মবিনিয়োগ কেন্দ্র, কর্মচারী রাজ্য বিমা, কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীদ্বয় যে ব্যয় বরাদ্দের প্রস্তাব উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি এবং দুঃখ কাজ। আমি শুধু এইকথা বলতে উঠিনি, যে শ্রম দপ্তরের সব দায়দায়িত্ব সংগঠিত শ্রমিকদের অসুবিধা এবং তাদের মধ্যে যে চরম নৈরাজ্য দেখা দিয়েছে, যে অসহায় অবস্থার সৃষ্টি হয়েছে তার সবটাই রাজ্য সরকারের শ্রম দপ্তর বা শ্রমমন্ত্রকের। আমি এই কথা কখনও মনে করি না। কেন্দ্রীয় সরকারের বহু আইন এবং নীতি আজকে সংগঠিত এবং অসংগঠিত কর্মচারিদের জন্য অনেক বেশি প্রয়োজন। শ্রমনীতি সংক্রান্ত যেসব ব্যাপারগুলো আছে দীর্ঘ ১৯ বছরে সেইগুলোর প্রতি আরও সতর্কতা অবলম্বন করতে পারতেন, কিন্তু সেই সতর্কতা অবলম্বন হয়নি এবং তার ব্যর্থতা, তার দায়-দায়িত্ব শ্রমমন্ত্রীর নেওয়া দরকার বলে আমি মনে করি। আমি বহু জায়গায় বলেছি এবং আবার বলছি,—উনি সেইসব জায়গা জানেন এবং অনেক জায়গায় তিনি অসহায় বোধ করেন যে কথাগুলো উঠেছে, যে ঘটনাগুলো ঘটেছে সেগুলোকে উপেক্ষা করা খুবই মুশকিল। তবে একটা সময় গেছে আমাদের বামপন্থী

শ্রমিকদের সংগঠিত করার কাজে অনেকে সহযোগিতা করেছেন। পরবর্তিকালে আমরা জানি ষাটের দশকে যে ঘেরাওএর আমদানি করা হয়েছিল এবং ট্রেড ইউনিয়নের মুভমেন্টের নাম করে শ্রমিকদের এবং শিল্পের অবস্থা খারাপ করে দিয়েছে। তখন থেকেই দায়িত্বহীন ট্রেড ইউনিয়ন মুভমেন্টের জন্ম হয়েছে। অপরদিকে সমান দায়িত্বজ্ঞানশীল শিল্প মালিকদেরও আমরা তৈরি করতে পারিনি। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, শ্রমমন্ত্রী যদি কোনও মালিক বা ম্যানেজমেন্টকে ডাকেন, তিন সরকারের নির্বাচিত মন্ত্রী হওয়া সত্ত্বেও, ওরা কেউ আসতে বাধ্য নয়। তিনি তাদের আসতে বাধ্য করতে পারেন না। যদি শ্রমমন্ত্রী মহাশয়, কোনও, মালিক ও ম্যানেজমেন্টকে কোনও সুপারিশ করেন, সেটাও কেউ মানতে বাধ্য নন। যে আইন নিয়ে কাজ করতে হচ্ছে আমার মনে হয় সেটাকে পরিবর্তন করা দরকার। দিল্লিতে তো এখন বন্ধু সরকার এসেছে ওদের বলুন। কতগুলো আইনের কথা আমি প্রথমেই বলে নিই, বন্ধু সরকারের উপর আপনারা চাপ সৃষ্টি করতে পারেন। সম্প্রতি প্রধানমন্ত্রী এখানে আসছেন, তার সঙ্গে আপনি দেখা করবেন শুনেছি, আমরাও তার সঙ্গে দেখা করব। যদি আমরা যুক্তভাবে কথা বলতে পারি তাহলে ভাল হয়। ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট যেটা দীর্ঘদিন ধরে রাজ্যসভায় পাস হয়ে পড়ে রয়েছে।

[3-20 — 3-30 P.M.]

টোটাল প্রভিসন চেঞ্জ করে একটা কমপ্রিহেন্সিভ অ্যাক্টের এইরকম পরিবর্তন যা হওয়া দরকার বলে সব ট্রেড ইউনিয়ন আপনারা, আমরা সবাই মনে করি তার কিন্তু কোনও পরিবর্তন হচ্ছে না। এমন কি ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্টের টাইটেল্ডকে চেঞ্জ করার প্রস্তাব রাখা হয়েছিল ইন্ডাস্ট্রিয়াল রিলেশন অ্যাক্ট হোক নট ডিসপুট। তো আমি অনুরোধ করব যে, এই অ্যাক্ট করা হোক। ২ নং যেটা খুব গুরুত্বপূর্ণ আইনের ক্ষেত্রে। আইনটা আগে বলে নিই। কারণ এই আইনগুলো না পেলে আপনি কিছু করতে পারবেন না। যেমন যখন আন্তর্জাতিক ক্ষেত্রে একটা কম্পিটিশনে আপনাকে যেতে হচ্ছে, তো আন্তর্জাতিক ক্ষেত্রে যদি আপনাকে কম্পিটিশনে আপনাকে যেতে হয় তাহলে আপনার প্রোডাক্টিভিটিকে মাইক্রো-লেভেলে নিয়ে যেতে হবে। আপনার কোয়ালিটিকেও মাইক্রো-লেভেল নিয়ে যেতে হবে। যদি কোযালিটি এবং প্রোডাক্টিভিটিকে মাইক্রো লেভেল নিয়ে যেতে হয় তাহলে শ্রমিক-কর্মচারিদের মোটিভেট করতে হবে এবং যদি মোটিভেট করতে হয় তাহলে সবচেয়ে বড় যে আইনগত বাধা কোম্পানি-ল অর্থাৎ প্রফিটের ডিউ শেয়ার শ্রমিক-কর্মচারিরা পাবে। এটার যদি গ্যারান্টি পাওয়া যায় তাহলে আমাদের কারোর বক্তৃতা দেবার দরকার নেই, ওয়ার্ক কালচার বলুন প্রোডাক্টিভিটি বলুন, কোয়ালিটি বলুন সব কিছুতো আপনি একেবারে রেডিমেড পাবেন। পেয়ে যাবেন। নতুবা যত বক্তৃতা করুন আধুনিকীকরণের নামে লোকসান হতে পারে। আধুনিকীকরণের নামে অ্যাভিনিউস অব এমপ্লয়মেন্ট কমে যেতে পারে। বাস্তবে আমরা কোনওক্রমে প্রফিটের ডিউ শেয়ার বন্দোবস্ত না করলে, আমরা মোটিভেট করতে পারব না যা জাপান করতে পারেনি ১৯৫৬ সাল পর্যন্ত। যেদিন পারল সেদিন আর বক্তৃতা করতে হয়নি। অটোমেটিক্যালি তারা আন্তর্জাতিক মান সব জায়গায় তুলতে পেরেছে। আমি আবার অনুরোধ করব আজকে কোম্পানি অ্যাক্ট কি জায়গায় দাঁড়িয়ে আছে? যারাই যে কোনও পেশায় কাজ করেন, আমরা সবাই জানি সব জায়গায় প্রত্যেকটা ব্যালেন্স শিট,

ফলস ব্যালেন্স শিট। স্বাধীনতার প্রায় ৫০ বছর পূর্তি হয়ে গেল, আমরা এই ফলস ব্যালেন্স শিটের হাত থেকে উদ্ধার পেলাম না। দ্বিতীয়ত কি জানি? কোম্পানির মালিক বা ইন্ডাস্ট্রির মালিক তার যত ফুটানি সবকিছু এই কোম্পানির টাকায়। তার বাড়ি, গাড়ি, তার বিদেশযাত্রা সবকিছু। তারমানে কি? তার এই লপচপানির জন্য যেকোনও পেশায় যে কেউ কাজ করছেন তিনি ডিউ শেয়ার পাচ্ছেন না। মেজর শেয়ার চলে যাচ্ছে ওখানে। শুধু মেশিনে সফিস্টিকেশন করলে, মেশিনে মর্ডানাইজেশন করলে লোকে মনে করছে, শ্রমিক কর্মচারিরা মনে করছে এতে মালিকের সুবিধা। আমাদের কি সুবিধা? আজকে লর্ড ক্লাইভের আমলে সমস্ত থাকার জায়গা তার মর্ডানাইজেশন করবেন না? কম্প্রিহেনসিভ ওয়েতে ভাবার জন্য একটা ব্যবস্থা করতে হবে। আপনার নিজের বাথরুম ভেঙে গত বছরে ৩ জন মারা গেছে। সময়টা যদি উল্টোপাল্টা হত তাহলে ৫০-৬০ জন মারা যেত। যেসমস্ত জায়গায় চটকলের লোকেরা থাকে সেখানে ঢুকলে টি.বি. হয়ে যায়। তার মর্ডানাইজেশন হবে না? একটা জায়গায় আপনাদের সাথে আমাদের পার্থক্য আছে। চেক অব সিস্টেম—কয়লা খনিতে চেক অব সিস্টেম চালু হয়ে গেছে। আরও দু'একটা জায়গায় চেক অব সিস্টেম চালু হয়ে গেছে। আমাদের এখানে চেক অব সিস্টেম চালু হওয়া দরকার আছে। আপনাদের সঙ্গে আমাদের পার্থক্য হল, আপনারা সিক্রেট ব্যালটের মাধ্যমে চাইছেন আর আমরা চেক অব সিস্টেম এর মধ্যে দিয়ে আনতে চাইছি। এখুনি এই জিনিসটা হওয়া দরকার আছে। এই আইনগুলো যদি না করেন তাহলে শ্রমিক কর্মচারিদের প্রোটেকশন আপনারা দিতে পারবেন দিতে পারবেন না। আপনি যতই ওয়ার্ক কালচার বলে চেঁচান ওয়ার্ক কালচার মানে শুধুই শ্রমিক শ্রমিক-কর্মচারিদের দিকে আঙ্গুল দেখানো হচ্ছে ওয়ার্ক কালচার শুরু হবে। আপনাদের ট্রেনিং শুরু হবে মালিক এবং ম্যানেজমেন্টকে নিয়ে। আমরা ক্যাপিটালিস্ট নই নাইদার কমিউনিস্ট—একটা ফিউডাল সোসাইটির মধ্যে আমরা বাস করছি। সেই ফিউডাল মানসিকতার পরিবর্তন চাই। তারপরেও যদি আধুনিকীকরণ না হয় তাহলে শুধ আধুনিকীকরণ মানে মেশিন আধুনিকীকরণ নয়। আপনি তার রেজাল্ট ওরিয়েন্টেড করে আদায় করতে পারবেন না। আপনার দপ্তরের অবস্থাটা প্রকৃতপক্ষে একটা হাস্যকর অবস্থা। আপনি শুনলে অবাক হয়ে যাবেন ১৯৯২-৯৩ সালে রাজ্যে নতুন কারখানা রেজিস্ট্রিকৃত হয়েছে মাত্র ২০৪টা। আমি ৯৩ সাল পর্যন্ত বলছি। ৯৪-৯৫-এরগুলো মন্ত্রী মহাশয় বলতে পারবেন। এতে মোট কর্মসংস্থান হয়েছে ৪ হাজার ৭১৪ জনের। আর ১৯৯২-৯৩-তে এই রাজ্যে ক্লোজার এবং কর্মচ্যুতি হয়েছে ১০ হাজার ২৮৩ জনের। কর্মসংস্থানের বেলায় হয়েছে ৪ হাজার ৭০০ জনের, আর কর্মচ্যুতি হয়েছে ১০ হাজার ২৮৩ জনের- শুধু ১৯৯২-৯৩ এই এক বছরে। ১৯৯৩ সালে রাজ্যে সংগঠিত শিল্পে কর্মরত মানুষ ৯ লক্ষ ৩৩ হাজার ১০৫ জন। আর প্রতি বছর রাজ্যে সংগঠিত ক্ষেত্রে কাজ পাচ্ছেন মাত্র ১০-১২ হাজার। ১৯৯৩ সালে বন্ধ এবং মাঝারি, বড় কারখানা সংস্থা মাত্র ২০৮টি এবং কর্মচ্যুত শ্রমিকসংস্থা ২ লক্ষ ৭২ হাজার ২৮৯টি। ভারতের কোনও জায়গায় এ জিনিস হয় না। নীরবে আপনি চোখ বুজে লিখে দিচ্ছেন—বেআইনি। লক আউটের নামে আজকে বেআইনি ভাবে লকআউট হচ্ছে। সাসপেনশন অব ওয়ার্ক এর নামে আজকে চালানো হচ্ছে। লক আউটকে বেআইনি বলে ঘোষণা করা হয়েছে এই রাজ্যে। আমাদের ডাঃ নাগ ছিলেন লেবার মিনিস্টার। আজকে এই লক আউটগুলোকে বেআইনি লক আউট বলে ঘোষণা করুন, তাহলে অনেক

মালিক লক আউট ঘোষণা করার আগে ৪ বার ভাববে। কিন্তু আপনি তো তা করেননি ১৯৯৪ এর ৩১শে ডিসেম্বর বন্ধ মাঝারী এবং বড় কারখানা ১২২টা। এগুলির কর্মচ্যুত শ্রমিক সংখ্যা শুনলে আপনি অবাক হয়ে যাবেন। এটা হল ১ লক্ষ ৫০ হাজার। এই হল আমাদের মোটামুটি হিসাব যে গত এক বছরে ১ লক্ষ ২৩ হাজার কর্মচ্যুত শ্রমিককে কাজ ফিরে পাওয়ার ঘটনা বিশেষ গুরুত্বের সঙ্গে আপনাকে বিবেচনা করার জন্য আমি অনুরোধ করছি। স্যার, আপনারাই একটা বক্তৃতা পড়ে শোনাই। আপনি ২রা এপ্রিল বলেছিলেন—আর আনন্দবাজার পত্রিকায় ৩রা এপ্রিল ছাপানো হয়েছিল। সেখানে আপনি বলেছিলেন বন্ধ আপনার কাছে নেই। এটা বিধানসভায় আপনি বলেছিলেন এবং ৩রা এপ্রিল আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছিল। এই রকম অসত্য কথা আমি ভাবতেও পারি না। আমি আপনাকে একেবারে নাম করে করে কি রকম ভাবে কতজন কোথায় আত্মহত্যা করেছে তা আমি জানিয়ে দিচ্ছি। আপনি তো জানেন না বলছেন? আমি খুব ক্যাটাগরিক্যালি বলতে চাই এবং এটা টুকে নিন এবং উত্তর দিন। ওরিয়েন্টালের ২২টা বন্ধ কারখানায় ৭৫ জন মারা গেছে—আত্মহত্যা করেছে। ওরিয়েন্টাল মেটাল ইন্ডাস্ট্রিজের ২ জন, বঙ্গদয় কটন মিলের ১ জন, অ্যালুমিনিয়াম ম্যানুফ্যাকচারিং কোম্পানি যেটা আপনি বন্ধ করেছেন নন্দনে— সেখানে ৩ জন, ডালমিয়ার কটন মিলে ৮ জন, শ্রীদুর্গা কটন মিলে ৬ জন, অরবিন্দ বেনহোলিতে ১ জন, হিন্দুস্থান আয়রনে ১ জন, সুলেখায় ৪ জন, ওপেক স্ট্যান্ডার্ডে ৩ জন, জে.কে. স্টিলে ১ জন, বজবজ জুটে ১৩ জন, হিন্দুস্থান পিলক্যান্টনে ১২ জন, মেটাল বক্সে প্রায় ১০০ জন—স্টাফ নিয়ে, ইস্টার্ন স্পিনিং মিলে ২ জন, বেঙ্গল ল্যাম্পে ১ জন, ন্যাশনাল ট্যানারিতে ২ জন, ইস্টার্ন পেপার মিলে ১ জন, ইন্ডিয়া রবারে ৬ জন মারা গেছেন। আপনি বললেন—আমি কোড করে বলছি অন রেকর্ড বলেছি যে, আপনি বলেছিলেন আর আনন্দবাজার পত্রিকায় ছাপা হয়েছে। দুটোর কোনওটাই অসত্য হতে পারে না।

[3-30 -- 3-40 P.M.]

আপনার হয় ক্ষমতা চাওয়া উচিত নতুবা এই তথ্য ভুল বলে প্রমাণ করা উচিত। ওরা বলেছেন অচলাবস্থা থাকার সময় ১৫-১৬ জনের মৃত্যু হয়েছে—মেইনলি স্টারভেশনের কারণে। আমি পুরোটা পড়তে চাই না, কিন্তু জেনে রাখুন ১৯৯৩ সাল পর্যন্ত ৩২টি কারখানার মোট ১৫৬০ জনের মৃত্যু হয়েছে। এসব সংবাদপত্রের ভিত্তিতে বলছি। নাম, ডেট সমেত কোন সালে, কোন সময় কি হয়েছে আমি আপনাকে সেই তথ্য দিয়ে দিতে পারি। যেকোনও সভ্য দেশ হলে অ্যানার্কি হত, অভ্যুত্থান হত। এরকম অবস্থার মধ্যে আপনি বলবেন 'আমার কিছু করার নেই'। আপনার কিছু করার নেই তো শুধু শুধু বেতন নিচ্ছেন কেন? লালগাড়ি চড়ছেন কেন? একটা অফিস রেখেছেন কেন? প্রকৃত তথ্য না জেনে আপনি অসত্য তথ্য দিয়েছেন। আমি বলছি জেনে নিন। 'মউ'-এর কথা বলছি— ১৯৯৩ সাল পর্যন্ত ৭টি পরিত্যক্ত হয়ে গেছে, মাত্র ২টি রূপায়িত করেছেন। ১৯৯০-৯৪ সালের মধ্যে ১৪ হাজার ১৮৫ কোটি টাকার মোট ৯৫১টি বিনিয়োগের প্রস্তাব দিয়েছিলেন। কিন্তু বাস্তবে এটার বিনিয়োগ করতে পারেননি। আমরা চাকরির সুযোগের ব্যাপারে ইন্টারেস্টেড। কিন্তু এ ব্যাপারে মহারাষ্ট্র যা করতে পেরেছে আপনারা তার ধারে-কাছে যেতে পারেননি। আমি পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগমের বই থেকে পশ্চিমবঙ্গের ১২টা

জেলার গ্রোথের কিরকম অবস্থা সেটা পড়ে শোনাচ্ছি—২টো করতে পেরেছেন। কুলপিতে কেলভিনেটর আগ্রোকে ৮ হাজার হেক্টর জমি দেওয়ার প্রশ্ন তুলেছেন, সেটা দেওয়ার চেষ্টা করেছেন। আপনার পছন্দমতো বিনিয়োগের লোককে শিল্প উন্নয়ন নিগমের মাধ্যমে আপনারা টাকা দেওয়ার চেষ্টা করেছেন। এই রাজ্যে ১২টি জেলার গ্রোথ সেন্টারের মধ্যে ২টি বাদ দিলে বাকিগুলো পরিত্যক্ত জঙ্গলে পরিণত হয়েছে। জেলার শিল্প গঠনের উদ্দেশ্য কুলপি, হলদিয়া, খড়্গপুরে পরিত্যক্ত জঙ্গলে পরিণত হয়েছে। জেলার শিল্প গঠনের উদ্দেশ্যে কুলপি, হলদিয়া, খড়্গপুরে ৭১০ কোটি টাকার জমি অধিগ্রহণ করেছেন। এই নিগমের মোট লোকসানের পরিমাণ ৪২ কোটি টাকা। কার টাকা? নতুন শিল্প হচ্ছে না, অথচ তারজন্য জমি নিচ্ছেন। সেই জমি পরিত্যক্ত জঙ্গলে পরিণত হয়েছে। এই নিগমের লোকসানের পরিমাণ কোটি কোটি টাকায় দাঁড়িয়েছে। ১৯৯৫ সালে নিগমের অফিস সাজাতে খরচা হয়েছে ৮৯ লক্ষ টাকা। এই বিলাসিতা কেন? এই অফিসের শুধু একতলাতে এয়ার কন্ডিশন মেশিন বসানোর জন্য ১৩ লক্ষ টাকা খরচা করেছেন। কার টাকা? কে গৌরী সেন, যে টাকা দেবে? এটা বিলাসিতা নয়? নিগমের ম্যানেজিং ডাইরেক্টর সুব্রমনিয়াম বলেছেন নিগমের চেয়ারম্যান সোমনাথ চ্যাটার্জি বিনিয়োগের জন্য ৬ মাসের মধ্যে ১০ লক্ষ টাকা খরচা করেছেন। নিগমের ম্যানেজিং ডাইরেক্টরের আপত্তি সত্ত্বেও চেয়ারম্যানের নির্দেশে ২.৫ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে। কিন্তু লাভ হওয়ার সম্ভাবনা নেই। সোমনাথ চ্যাটার্জি ৭ বার বিদেশ ভ্রমণ করেছেন, ৫৩টা মউ সই হয়েছে, কিন্তু বাস্তবে মাত্র ২টো রূপায়িত হয়েছে। এটা বলার কোনও দরকার নেই। সাধারণ মানুষের মনে 'মউ' নিয়ে আর কোনও ইলিউশন আছে বলে আমি মনে করি না, কারণ সব কিছুই তারা জেনে গেছে। আপনারা বলছেন শিল্পক্ষেত্রে রাজ্যের হৃত গৌরব ফিরে আসতে চলেছে, স্থিতিশীল এবং উন্নয়নকে আরও ত্বরান্বিত করবেন, পশ্চিমবঙ্গকে ১ নম্বর ইন্ডাস্ট্রিয়াল স্টেট হিসাবে ঘোষণা করবেন। কোথায় সে সব। আমি বারে বারে বলেছি কিছু নেই। নব জোয়ারের নমুনা আমি সংক্ষেপে জানাচ্ছি। শিল্প উৎপাদনের হার ছিল ৭৬-৭৭ সালে ১৪ পারসেন্ট, ৮০-৮১ সালে ৯.৮ পারসেনট , ৮১-৮২ সালে ৯.২ পারসেন্ট, ৮৪-৮৫ তে ৮.১ পারসেন্ট ৮৭-৮৮ সলে ৭.২ পারসেন্ট, ৮৯-৯০ সালে ৬.১ পারসেন্ট, ৯০-৯১ সালে ৬ পারসেন্ট। এখন কত বাকি, আপনি বলে দেবেন। আপনার আমলে থেকে, ৮০ থেকে ৯৬ সাল পর্যন্ত কি অবস্থা। আপনি বললেন পশ্চিমবঙ্গে শিল্পায়নের হার অনেক বেশি জ্যামিতিক হারে বাড়তে শুরু করেছে। আর এর উপরেই ভিত্তি করে আপনারা ভোট করবার চেষ্টা করছেন। শিল্পে আজ উড়িষ্যা এগিয়ে যাচ্ছে। এখন ভুবনেশ্বরে গেলে ১৫ বছর আগে ভুবনেশ্বরকে আর চিনতে পারবেন না। উড়িষ্যার মতো একটা অনুন্নত রাজ্য এগিয়ে যাচ্ছে আর আপনারা পিছিয়ে যাচ্ছেন। বলছেন অনেক বেশি করছেন। এখানে টাকা বিনিয়োগ করলে আপনারা বিরোধিতা করতেন। আপানাদের নীতিকে বলিহারি যাই। চিরকাল শুনেছি মার্কসবাদীরা মাল্টি ন্যাশনাল, ট্রান্স ন্যাশনালদের বিরুদ্ধে আর আজকে সবচেয়ে বেশি করে তাদের কথা বলছেন। আপনাদের বই থেকেই দুরকম ভারসান পড়ে শোনাতে পারি। এই বইটা হল পলিসি স্টেটমেন্ট অন ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট গভঃ অফ ওয়েস্ট বেঙ্গল একদিকে সেখানে বলছে যে, ভয়ঙ্কর ভাবে Apart from the presence of large Indian Industrial House functioning in the State. A number of multi-national corporations have long been successfully operating in the state and, to

name a few they are Philips, G.E.C. Hindusthan Lever, I.C.I., Siemens, Bata etc. A welcome development is that a good number of Non-Resident Indians (NRIs) MNCs directly or through foreign government and Indian Industrial House have in the recent past, shown special interest in coming to West Bengal either for setting up new industries or for expansion of existing industrial units.. আবার অপর দিকে বলছেন এই বইটিতে স্থিতিশীল অবস্থা ও উন্নয়নের ১৮ বছর ৩ পাতায় দেখুন, সেখানে বলছেন মাল্টি ন্যাশনাল, ট্রান্স ন্যাশনালদের নিয়ে এসে ভারত সরকার আমাদের শিল্পের সব সম্ভাবনাকে সর্বনাশ করে দিয়েছেন নরসিমহা রাও সরকার। শুধু এখানে নয়, টোটাল পলিটিক্স অ্যান্ড ইকনমি চলে গেছে মাল্টি ন্যাশনাল অ্যান্ড ট্রান্স ন্যাশনালদের হাতে। একটা সময় ইউ.এন.ও. ছিল, তার পরে ছিল আই.এম.এফ. তারপর এখন ওয়ার্ল্ড ব্যাঙ্ক। এখন এই জায়গায় পৌঁছে গেছে। আর সেই সময় আপনার মুখ্যমন্ত্রী নতুন করে একটা নাম দিয়ে দিয়েছেন রাজ্যের শিল্পনীতি। রাজ্যের আবার শিল্পনীতি কি করে হয়? রাজ্যের শ্রমনীতি হতে পারে। কেন্দ্রীয় সরকার শিল্পনীতি তৈরি করে, সেই নীতি আপনারা গ্রহণ করবেন কি করবেন না, সেটা আপনাদের উপর নির্ভর করে। কিন্তু রাজ্যের শিল্পনীতি হতে পারে না। আর একটা সেপারেট স্টেটের মতো কথাবার্তা চালিয়ে যাচ্ছেন। আপনারা শ্রমনীতি নিয়ে বলুন। এবারে আমি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর নতুন মাননীয় মন্ত্রী হয়েছেন, আগে উনি ভালো কাজ করেছেন তাই আমি এখনই ওনার সামালোচনা করতে চাই না। আপনি একজন সিনিয়র মিনিস্টার আশাকরি আগের মন্ত্রী সভায় যেমন কাজ করেছেন তেমনি এটাও দেখবেন। তবে বলব, এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে শোধরাবার ব্যবস্থা করুন।

[3-40 — 3-50 P.M.]

ই.এস.আই স্কীমে কতগুলো ভালো কাজ যেমন করেছেন, বিশেষ করে কয়েকটা হাসপাতাল করে খুব ভালো কাজ করেছেন এবং আমি নিজেও গিয়েছি, মালিকতলা, কামারহাটি, এগুলো ভালো হয়েছে। কয়েকটা হাসপাতাল থেকে আপনি, খ্রিশ্চিয়ান মেডিক্যাল কলেজ, ভেলোর পাঠাবার সুযোগ করে দিয়েছেন। কিন্তু একটা ত্রুটি আছে। কলকাতায় পাশাপাশি হাসপাতাল হয়ে গেছে কিন্তু সেখানে আপনি পাঠাতে পারবেন না। এটা করতে পারলে ভালো হবে। বজবজ ই.এস.আই.-এর অবস্থা বেশ খারাপ। এবিষয়ে আমি নিজেও ভুক্ত ভোগী, খুব কাছ থেকে আমি দেখেছি। নরকে পরিণত হয়েছে। সেখানে ই.এস.আই. স্কীমের টাকা সব মেরে দেওয়া হচ্ছে। আমি মন্ত্রীদের বলে বলে ফেড-আপ হয়ে গেছি। বকেয়া টাকা পাওয়া যাচ্ছে না। ৩০ হাজার টাকা বকেয়া হয়ে গেছে। প্রভিডেন্ট ফান্ডের কথা বলছেন? জুট মিলের ১০০ কোটি টাকা হার্ড ইয়ানর্ড মানি মেরে দিচ্ছে। আপনি আদায় করে দিতে পারছেন না এবং সবটাই চলে যাচ্ছে ব্যক্তিগত খাতে। এবিষয়ে আপনি দু-একজনকে গ্রেপ্তারও করেছেন কিন্তু তিনদিনের মধ্যেই তারা বেল কি করে পায়? নন-বেলেবল হওয়া উচিত ছিল। পার্টির লোক বলে না কি? যদিও খুবই সীমিত সংখ্যককে ধরতে পেরেছেন কিন্তু অ্যান্টিসিপেটরি বেল করে নিচ্ছে। যেখানে আইন হল, পাই-পাই সম্পত্তি সিজ করা। ১৯ বছরে একটাও করতে পেরেছেন? একজনেরও সম্পত্তি বাজেয়াপ্ত করেছেন? আই.টি.আই. ট্রেড ইউনিয়ন তো সি.পি.এম-এর আখড়ায় পরিণত হয়েছে। আরেকটা বালিগঞ্জ, আই.টি.আই. ছাড়া কিছুই নেই। একটা

ভয়ঙ্কর কথা আমি শুনছি। আই.টি.আই. নাকি প্রাইভেটে দেবার চেষ্টা করা হচ্ছে—এটা ক্লিয়ার করে বলবেন।' আমি সিওর নই। এটা শুনতে পাচ্ছি, সমস্ত কারিগরি স্কুল কলেজগুলো নাকি প্রাইভেটে দিয়ে দেবেন? কি হবে? আপনি যদি না পারবেন তারা কি চাঁদ থেকে লোক এনে ভালো কাজ করবেন? আমার মনে হয় দায়িত্ব নিয়ে কাজ করলে ভালো ফল হবে। একটা সাজেশন দিই, কয়েকটা ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট করে, অনলি ফর চাইল্ড, তাদের বিনা-পয়সায় ভোকেশনাল ট্রেনিং এবং কি খাবার দেন চাইল্ড লেবারদের? চাইল্ড লেবারকে সোশ্যাল ক্লজে যুক্ত করে দিয়ে আমাদের অর্থনীতিকে প্রচন্ড আঘাত করবার চেষ্টা হচ্ছে। আমি অনুরোধ করব এবং সিমবলিক আমরা সবাই এবিষয়ে আপনার পাশে থাকব। কাজেই চাইল্ড লেবার ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট উইথ ফুড দেবার ব্যবস্থা করুন। এই সাজেশন আমি আপনার কাছে রাখছি। ১৯৯৩ সালে রেজিস্ট্রিকৃত বেকার ৪৮ লক্ষ ৪৪ হাজার ৪৬১, ১৯৯৪ সালে ৫০ লক্ষ ৯২ হাজার ৭১৬ জন, এ বছর ১ লক্ষ ৪৭ হাজর ৮৫০ জন, এর মধ্যে ৪০ থেকে ৪৫ বছর বয়স্ক বেকার আছে ৯ লক্ষের মতো, এর পরিমাণ সবচেয়ে বেশি, এদের স্টার্ভেশন ডেথ ছাড়া আর কোনও পথ নেই। আমি অনুরোধ করব যে আমাদের সমালোচনা অনেক করেন, আমাদের সময়ে ১৭ লক্ষ বেকার ছিল, এখন সেটা দাঁড়িয়েছে ৬০ লক্ষে। শ্রমিকরা মারা গেলে কাদের নিয়ে কংগ্রেস, সি.পি.এম. হবে। আমি মনে করি আপনি বলবেন এই ফিগারগুলি কতদূর সত্য। একটি ভয়ঙ্কর ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কারখানার জমি বিক্রি করলে সেই কারখানাকে পুনরুজ্জীবিত কাজে লাগাতে হবে। কিন্তু দেদার পরিমাণে হচ্ছে, আপনার জায়গায় পর্যন্ত হচ্ছে, কারখানার জমি বিক্রি হয়ে যাচ্ছে সেই টাকা কাজে লাগানো হচ্ছে না। পরিবেশ দূষণ সম্পর্কে বলি, আমাদের সিরিজ অফ ইন্ডাস্ট্রিজ পরিবেশ দূষণে অ্যাফেকটেড হয়েছে, রিভার রোডস অ্যাক্ট—

[3-50 — 4-00 P.M.]

মার্চেন্টস শিপিং অ্যাক্ট ৮৩ ইন্ডিয়ান বয়লার্স অ্যাক্ট মাইনস অ্যান্ড মিনাবেলস ফ্যাক্টরিজ অ্যাক্ট ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্ট রেগুলেশন অ্যাক্ট, মোটর ভেহিকেলস অ্যাক্ট পরিবেশ দূষণ অ্যাফেকটেড হচ্ছে। এছাড়াও কীট নাশক-এর নামকরে ৫টি আছে, অরণ্য ও বন্যপ্রাণী সংরক্ষণের নাম করে ২টি আছে, প্রাচীন সৌধ ও প্রত্নতাত্ত্বিক সংরক্ষণের নাম করে ১টি আছে, বিস্ফোরকের নাম করে ৩টি আছে। আমি মনে করি দূষণ নিয়ন্ত্রণের ব্যাপারে আপনাকে আরও সক্রিয় হতে হবে। সত্যি করে যেগুলি ক্ষতি করছে, সেগুলির বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। লালবাজার থেকে কেন করছেন, আপনার ডিপার্টমেন্ট থেকেই করতে পারেন। কিছু ক্ষেত্রে আপনার অফিসাররা হুমকি দিয়ে বন্ধ করে দেবার নাম করে টাকা নিচ্ছেন। এই কর্পোরেশন এবং পরিবেশ দূষণ এটা ইন্ডাস্ট্রিজে মারাত্মক হয়ে দাঁড়িয়েছে, আপনি উপযুক্ত ব্যবস্থা করুন। সর্বশেষে আমি চটশিল্প যেখানে ৩০ লক্ষ মানুষের অর্থনীতি যুক্ত রয়েছে, সে সম্পর্কে কয়েকটি কথা নিবেদন করে আমার বক্তব্য শেষ করব। ১৯৮৫ সাল থেকে প্রায় ১৫-২০টি চটকলে সাসপেনশন অফ ওয়ার্ক করে বন্ধ করে রেখেছেন। প্রায় ৫৭ টার মধ্যে ২৫ পারসেন্ট বন্ধ থাকছে। লক্ষ্য করার বিষয় হল এদের মোট উৎপাদন কোনও সময়েই কমছে না। তাই শ্রমিকদের উপর চাপ প্রায় দু-তিন গুণ বাড়ছে। আপনি বলছেন সংগঠিত শ্রমিক ২ লক্ষ, কমতে কমতে কন্ট্রাক্ট লেবার সমেত দেড় লক্ষ দাঁড়িয়েছে। এখন পর্যন্ত আপনি

সিরিয়াস হলেন না। আবার ১১টি কোম্পানি বন্ধ হয়ে গেছে। যখন র জুট কম থাকার জন্য ফাটকাবাজদের অবিচার বাড়ছে, অবশ্যই এর জন্য জে.সি.আই., দায়ী অনেকটা। আমাদের যেখানে জুট দরকার ৯০ লক্ষ বেল, সেখানে উৎপাদিত হচ্ছে এবং ডিসট্রেস সেল করতে হচ্ছে। চাষীদের যাতে ডিসট্রেস সেলে যেতে না হয় তার ব্যবস্থা এখন থেকেই নিতে হবে। আমি মনে করি জে.সি.আই.-র ওপর নির্ভর না করে, আপনি কো-অর্ডিনেটিভ করুন, না হয় পঞ্চায়েতের মাধ্যমে ব্যবস্থা নিন বা অন্য কোনও সরকারি ব্যবস্থা গ্রহণ করুন। আপনাকে আমি অনুরোধ করছি, জে.সি.আই.-র ওপর নির্ভরশীল হবেন না। জে.সি.আই.-র ওপর নির্ভর করে থাকলে মিলগুলো বাঁচবে না। আমি মনে করি এ রাজ্যের ব্যবসায়ীদের আজ যে পয়সা হয়েছে তার মূলে চটকল। পাট হচ্ছে গোল্ডেন ফাইবার এবং ইট ইজ এ গোলেন্ড বিজনেস। একে সরকার সহযোগিতা করলে শ্রমিকরা এবং পাট উৎপাদনকারী কৃষকরা বাঁচবে।

মাননীয় শ্রমমন্ত্রী, আপনি ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিতে ট্রাইপার্টাইট মিটিং করছেন, কিন্তু দু' বছর হয়ে গেল এগ্রিমেন্ট করছেন না। চটে এগ্রিমেন্ট যা করেছেন তা বললে আপনি নিজেই লজ্জা পাবেন—জোর করে চিফ মিনিস্টার আমাদের ওপর চাপিয়ে দিয়েছেন, আমরা স্ট্রাইকে যাওয়া সত্ত্বেও। আর এল পর্যন্ত ইঞ্জিনিয়ারিং শিল্পে এগ্রিমেন্ট করছেন না।

এই সমস্ত বিষয়গুলির আপনি উত্তর দেবেন, এই আশা করে, আমাদের কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রাজদেও গোয়ালা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী কর্তৃক উত্থাপিত 'শ্রম ও কর্ম বিনিয়োগ' সংক্রান্ত ব্যয়-বরাদ্দের প্রস্তাবকে সমর্থন করে আমি কয়েকটি কথা উল্লেখ করতে চাই।

এই প্রসঙ্গে প্রথমেই আমি বলতে চাই যে, মাননীয় সুব্রত মুখার্জি একজন ট্রেড ইউনিয়ন নেতা। আমি তাকে অভিনন্দন জানাচ্ছি কারণ তিনি তার বক্তৃতা শুরু করার সময় বলেছেন "রাজ্য কি করবে, কেন্দ্র যদি মাল্টি-ন্যাশনালদের নিয়ে আসে, ওয়ার্ল্ড ব্যাঙ্কে নিয়ে আসে!" তিনি ঠিকই বলেছেন, রাজ্য তাহলে কি করবে! আমিও বলছি, পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে একটা অঙ্গ রাজ্য। গোটা ভারতবর্ষ বিগত পাঁচ বছর ধরে যে শিল্পনীতি উদারনীতি গ্রহণ করল, তারই পরিণাম আজ ভারতবর্ষের মানুষ ভোগ করছে। পশ্চিমবঙ্গ ভারতবর্ষের বাইরে নয়। সুতরাং বিগত কেন্দ্রীয় সরকারের ঐসব গৃহীত নীতির ফল আজ পশ্চিমবাংলার মানুষদেরও ভোগ করতে হচ্ছে। তাই আমি সুব্রতবাবুকে বলছি, তিনি এই কথাটা ঠিকই বলেছেন।

স্যার, আপনি জানেন বিগত পাঁচ বছরে সারা ভারতে ৪ লক্ষ কল-কারখানা বন্ধ হয়েছে। সুব্রতবাবু যা বললেন তা তার সহকর্মীরা কতটুকু উপলব্ধি করতে পারলেন, তা আমি জানি না! তবে তাদের আমি এটুকু বলতে পারি যে, বিগত পাঁচ বছরের কেন্দ্রীয় সরকারের কাজ-কর্মের ফলেই কংগ্রেসের ভরাডুবি হয়েছে। সারা ভারতবর্ষে কংগ্রেসের আজ ... হাল হয়েছে তা আমরা সবাই দেখছি। কংগ্রেসের আজ এমন অবস্থা হয়েছে যে, উত্তরপ্রদেশে ...শামের সঙ্গে চুক্তি করতে হচ্ছে মায়াবতীকে মুখ্যমন্ত্রী করার এবং ৩০০ সীট তাদের ছেড়ে ... হচ্ছে। বিগত পাঁচ বছরে ওরা যা করেছেন তার এই পরিণতি। তবে আমি বলি, এটা

ভালোই হয়েছে. ওদের বোধোদয়ের সুযোগ এসেছে।

সুব্রতবাবুর কথা প্রসঙ্গে আমি এখানে কিছু তথ্য রাখতে চাই। আমাদের রাজ্যে ১৯৯৫ সালে শ্রম-দিবস নষ্ট হওয়ার সংখ্যা হচ্ছে ৬৪.৯০ লক্ষ। অথচ ১৯৯৪ সালে এই সংখ্যা ছিল ১২৮.১০ লক্ষ এবং ১৯৯৩ সালের সংখ্যা হচ্ছে ১৯৯.৮০ লক্ষ। ১৯৯৫ সালে কোনও কারখানা স্থায়ীভাবে বন্ধ হয়নি। এটা আপনাদের মনে রাখা উচিত। ১৯৯৫ সালে ৫০টি লক-আউটের মীমাংসা হয় এবং এর ফলে উপকৃত হয়েছে ৪৮ হাজার ৭৮ জন শ্রমিক। এগুলি আপনাদের নোট করা উচিত। মাননীয় শ্রমমন্ত্রী তার যে বাজেট বক্তৃতা পেশ করেছেন সেটা পড়লেই সমর্থন করা ছাড়া আর আপনাদের কোনও গতি নেই। ১৯৯৫ সালে ধর্মঘটের মীমাংসা হয় ১৫টি, উপকৃত হয়েছে ৪ হাজার ৪৩৭ জন শ্রমিক। ২৯-১১-৯৫ তারিখে পাট শিল্পে যে ধর্মঘট হয় তা ২-১২-৯৫ তারিখে মীমাংসার মাধ্যমে সমাপ্ত হয়। এটা শুনে আপনাদের খুশি হওয়ার কথা। পশ্চিমবাংলা একমাত্র রাজ্য যেখানে চা, পাট এবং ইঞ্জিনিয়ারিং শিল্পের সেটেলমেন্ট হয় এবং বাইপা-ট্রাইটের মধ্য দিয়ে শ্রম দপ্তরের উদ্যোগ সমস্যাগুলির দ্রুত মীমাংসা হতে পারে। এটা পশ্চিমবঙ্গ বলেই সম্ভব, অন্য কোনও রাজ্যে সম্ভব নয়. এটাই আপনাদের মনে রাখা উচিত। এবার হচ্ছে শালিশি, ১৯৯৫ সালে শালিশি ব্যবস্থার মাধ্যমে ৬ হাজার ৩৮৫টি শিল্প বিরোধের মধ্যে ৩ হাজার ৭৩টি শিল্প বিরোধের মীমাংসা হয়েছে। এ ছাড়া বন্ধ কারখানা খুলতে ও ছাটাই শ্রমিকদের কাজে পুনর্বহাল করতে শ্রম দপ্তর যথেষ্ট তৎপর এটা আপনাদের স্বীকার করতেই হবে। রাজ্যে ২৩টি আই টি আই আছে। তারমধ্যে ৪টি মহিলাদের জন্য নির্দিষ্ট এবং প্রায় ১০ হাজার আসন সেখানে আছে। এখন ৩৮ রকমের বৃত্তি শেখানোর ব্যবস্থা আছে। কেন্দ্রীয় সরকারের অধীনস্থ আঞ্চলিক প্রভিডেন্ট ফান্ড কমিশনার পি.এফের অর্থ আদায়ের দায়িত্বে আছেন। আঞ্চলিক প্রভিডেন্ট ফান্ড কমিশনারের

[4-00 -- 4-10 P.M.]

চাহিদা অনুযায়ী পুলিশি সাহায্য সহ সব রকমের সাহায্য রাজ্য সরকার দিয়ে থাকেন। আপনারা জানেন, কিছুলোককে অ্যারেস্ট পর্যন্ত করা হয়েছে। এটা পশ্চিমবঙ্গের সরকার বলেই সম্ভব হয়েছে। বকেয়া প্রভিডেন্ট ফান্ড আদায়ের পরিমাণ ১৯৯[illegible] সাল পর্যন্ত [illegible] কোটি টাকা। অবশ্য যাতে ভালোভাবে আদায় করা যায় তারজন্য আইনকে আরও জোরদার করতে হবে। কেন্দ্রীয় সরকারকে এক্ষেত্রে আরও শক্ত আইন করা দরকার। আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে বলব, এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করা দরকার। রাজ্যে শ্রম আদালত ও শিল্প ট্রাইবুনালের মাধ্যমে ১৯৯৩ সাল থেকে ১৯৯৬ সালের মে মাস পর্যন্ত ২ হাজার ৫৩৪ শ্রম বিরোধের মীমাংসা হয়। বহু ক্ষেত্রে পরিচালকবর্গ শিল্প বিরোধ সংক্রান্ত মামলায় নানা অজুহাতে হাইকোর্টে নিয়ে যান। ফলে মামলার মীমাংসা হয় না, দেরি হয়। আমি আর কয়েকটি কথা বলতে চাই, মেটাল বক্স বি আই এফ আরে গেছে। ১ নম্বর ইউনিট বন্ধ হয়ে গেছে। সেটা এখন বিচারাধীন আছে। বর্তমানে শ্রমিকদের সংখ্যা হচ্ছে ১ হাজার ৫০ জন। ডেশপ যে বন্ধ হয়ে গেল, শ্রম দপ্তরের এ ব্যাপারে চেষ্টার কোনও ত্রুটি নেই, এখনও চেষ্টা করছে। তারপর আপনারা ই.এস আই-য়ের কথা বলেছেন। কথাটা যখন উঠল তখন বলি, ই.এস.আই প্রকল্পে কেন্দ্রীয় সরকার অর্থ সাহায্য করে না। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে অবিলম্বে কথা বলা দরকার। চিকিৎসার ব্যয় যেভাবে

বৃদ্ধি হয়েছে সেখানে বাৎসরিক ৪১০ টাকা শ্রমিক পিছু যে ব্যয় হয় তা হাস্যকর আর কিছু নয়। এটা কখনও হতে পারে না। কেন্দ্রীয় সরকার কেন টাকার পরিমাণ বাড়াবে না? যাতে টাকার পরিমাণ আরও বাড়ে সেই প্রচেষ্টা আমাদের করা উচিত। আর একটি আমি কথা বলব, আমার সময় নেই, কিন্তু অনেকগুলি পয়েন্ট ছিল। যাইহোক, আমার অন্য বন্ধুরা বলবেন। আমি যেটা বলতে চাই, এখানে শ্রমিকদের জন্য হাসপাতাল হচ্ছে এবং তার ডেভেলপমেন্ট করা হচ্ছে নতুন মেশিন পত্র আনা হচ্ছে। ডেভেলপমেন্ট করা হচ্ছে, নতুন মেশিন পত্র এসেছে। তাই বলব, মাননীয় শ্রমমন্ত্রী যে বাজেট এখানে উপস্থাপিত করেছেন, তাকে সমর্থন করছি। আমি একটা কথা বলে শেষ করব, কালকে শিল্পমন্ত্রী যে রিপোর্ট এখানে দিয়েছেন, সেই রিপোর্টকে আপনারা সকলে শুনেছিলেন যে কেন্দ্রীয় সরকার, অর্থাৎ আপনারা আগে এই রাজ্যে শিল্প করতে দেননি। এই কথা বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে। এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শ্রম এবং কর্ম বিনিয়োগ খাতে তিন মন্ত্রী যৌথভাবে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের কাট মোশনগুলো সমর্থন করে দু একটি কথা আপনার সামনে উপস্থিত করছি। প্রথমে আমি বাজেট বক্তৃতার বারো পাতাটা পড়বার জন্য অনুরোধ করছি। যখন এখানে আমরা শ্রম দপ্তরের বাজেট বরাদ্দ নিয়ে আলোচনা করছি, তখন দেখা গেছে ৯৫ সালের ডিসেম্বর এর শেষে নথীভুক্ত কর্ম প্রার্থীর সংখ্যা দাঁড়িয়েছে ৫৩ লক্ষ ৯২ হাজার ১২০। আমরা যারা গ্রাম থেকে প্রতিনিধিত্ব করছি, আমরা জানি একটা বিরাট অঙ্কের এখানকার মানুষ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে তাদের নাম লেখাননি। সেই সংখ্যাটা যুক্ত করলে দাঁড়াবে মোট বেকারের সংখ্যা ৬০ লক্ষের বেশি। পাশাপাশি একটা চিত্র শান্তি বাবু দিয়েছেন, ঐ বছর ৯৫ সালে শিল্পে বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা ১৯ হাজার ৪৮৫। আর চাকরি হয়েছে ৭ হাজার ৮২২। এমন একটা দপ্তর নিয়ে বসে আছেন, যেখানে ৫৪ লক্ষ রেজিস্টার্ড বেকার, তার মধ্যে চাকরি দেওয়া হয়েছে মাত্র ৭ হাজার ৮২২ জনকে। এমন একটা বাজেট বরাদ্দ, তাকে সমর্থন করতে হবে? আসল ব্যাপারটা হচ্ছে, আমাদের রাজ্যে যে সরকার রয়েছে, এদের একটা ইনার কন্ট্রাডিকশন রয়েছে। এই কথা আমি আগেও বলেছি এবং আবার বলছি। সুব্রতবাবুও তার বক্তব্যে এই কথা বলেছেন। আপনাদের সরকারের বক্তব্য এবং দলের বক্তব্য এই দুটোর মধ্যে দ্বন্দ্ব রয়েছে। দলের বক্তব্য যখন রাখেন, তখন মাল্টি ন্যাশনালদের বিরোধিতা করছেন। আর সরকার থেকে যখন বক্তব্য রাখছেন তখন মাল্টি ন্যাশনালদের ডাকছেন। এই যে একটা কন্ট্রাডিকশন উইদিন দি পার্টি অ্যান্ড দি গভর্নমেন্ট এবং ভোটের রাজনীতি করতে গিয়ে শহীদ মিনার এবং ব্রিগেড-এ বক্তব্য রাখার সময় অন্য কথা বলেন, তার ফলে আমাদের রাজ্যের যে ট্রাডিশনাল বিজনেস চা, পাট, ইঞ্জিনিয়ারিং ইত্যাদি, এই ট্রাডিশনাল বিজনেস আজকে অনেক জায়গায় অসুবিধা হচ্ছে, আমরা জানি এইগুলোকে মডার্নাইজ করতে হবে, এই সব ব্যাপারে আছে। কিন্তু সরকার এবং দলের এই দ্বন্দ্বের জন্য এখানে প্রপার ইনভেস্টমেন্ট হচ্ছে না। এখানে মাননীয় সদস্য বিনিয়োগের কথা বলেছেন আমি বলছি গত বছর পশ্চিমবঙ্গে কটি বিনিয়োগ হয়েছে, চোদ্দ হাজার সামথিং। কিন্তু মহারাষ্ট্রের গত বছর বিনিয়োগ হয়েছে এক লক্ষ পাঁচ হাজার কোটি টাকা। আর একটা কথা বলি, এখানে যে চুক্তিগুলি স্বাক্ষরিত

হয়েছে, সেই চুক্তিগুলো আমাদের রাজ্যে বাস্তবায়িত হচ্ছে না। বিদ্যুৎ বাবু বলেছেন যে সল্ট লেকের এবং ইস্টার্ন বাই পাশে শুধু শুধু তাদের জমি দেবার জন্য ডাকা হয়নি, ব্যবসা করার জন্য ডাকা হয়েছে। কিন্তু তারা যদি সেখানে কিছু না করে তাহলে সেই জমি কেড়ে নেওয়া হবে। এই সব সত্ত্বেও তারা আমাদের ব্যবসা করছে না। রাজদেওবাবু এখানে আছেন, উনি অনেক জায়গায় ট্রেড ইউনিয়ন করেন উনি জানেন, আমিও ছোটখাট কয়েকটি জায়গায় ট্রেড ইউনিয়নের সঙ্গে জড়িত আছি, আমিও জানি এবং সেইজন্যই শান্তিবাবুকে বলছি, আমাদের এই রাজ্যে, যে রাজ্যের মুখ্যমন্ত্রী স্বয়ং সিটুর ভাইস প্রেসিডেন্ট সেই রাজ্যের শ্রমিকরা হতাশায় ভুগছেন। তার কারণ, তাদের অর্জিত অধিকার সেই অধিকার অনেক জায়গায় কেড়ে নেওয়া হচ্ছে। এই প্রসঙ্গে আমি লিপটন, বুকবন্ড, আই.সি.আই কোম্পানির কথা উল্লেখ করতে পারি। কারণ এইসব কোম্পানির সঙ্গে আমি সরাসরি যুক্ত ইউনিয়নগত ভাবে। এইসব কোম্পানিতে ভলানটারি রিটায়ারমেন্টের নামে ফোর্সড ভলানটারি রিটায়ারমেন্ট করানো হচ্ছে। লিপটনে ৭ শো লোককে বলা হচ্ছে, হয় ভলানটারি রিটায়ারমেন্ট নাও না হলে বাঙ্গালোর পাঠিয়ে দেব। ব্রুকবন্ডেরও ঠিক একই কায়দায় বলা হচ্ছে হয় ভলানটারি রিটায়ারমেন্ট নাও না হয় বাঙ্গালোর পাঠিয়ে দেব। অ্যাট দি ফ্ল্যাগ অ্যান্ড অব দি লাইফ শ্রমিকদের এইভাবে হুমকি দেওয়া হচ্ছে। একে তো ভলানটারি রিটায়ারমেন্ট বলে না, একে বলে ফোর্সড ভলানটারি রিটায়ারমেন্ট। আই.সি.আই-তেই ঠিক তাই। সেখানেও শ্রমিকদের বলা হচ্ছে হয় ভলানটারি রিটায়ারমেন্ট নাও না হয় বাইরে যাও। ভলানটারি রিটায়ারমেন্টের নামে এই রাজ্যে এই জিনিস চলছে। ট্রেড ইউনিয়ানের নামে এখানে বাম পন্থীরা অনেক ধ্বজা উড়িয়েছেন। সিটুর ইউনিয়ন আই.সি. আই. তে রয়েছে, লিপটন, ব্রুক বন্ডেও আছে, আমিও আছি কিন্তু কোনও প্রতিবাদ এর বিরুদ্ধে ওরা করছেন না। এর ফলে এখানকার শ্রমিকরা প্রচন্ড হতাশায় ভুগছেন। দীর্ঘ দিন ধরে এখানে আপনারা স্লোগান তুলে বলেছেন, 'আসি যাই মাহিনা পাই।

[4-10 — 4-20 P.M.]

কাজ করলে ওভারটাইম চাই'—এইভাবে যে কালচার আপনারা এখানে তৈরি করেছেন তার ফলে পশ্চিমবঙ্গ আজকে একটা অদ্ভুত অবস্থার মধ্যে পড়ে গেছে। এখানে দুটি ডিপার্টমেন্ট পরস্পর বিরোধী। ইন্ডাস্ট্রি এখানে এমপ্লয়মেন্ট পোটেনশিয়ালিটি জেনারেট করতে পারছে না ফলে দেখা যাচ্ছে মাত্র ৭ হাজার কত এখানে চাকরি হয়েছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে। এর পর তো কোনও কথাই আপনাদের সরকারপক্ষের লোকদের তো কোনও কথাই বলা উচিত নয়। একদিকে ইন্ডাস্ট্রি অপর দিকে লেবার ডিপার্টমেন্ট এই দুটি সিনক্রোনাইজ করতে পারছেন না, ফলে শ্রমিকদের প্রোটেকশন দিতে পারছেন না। এর আগে 'যুগান্তর' পত্রিকার কথা আমি বহুবার বলেছি। যুগান্তর পত্রিকাতে সাসপেনসন অব ওয়ার্ক চলছে ৭ মাস ধরে। বলুন মাননীয় শ্রমমন্ত্রী কি করেছেন এরজন্য? আজ পর্যন্ত এখানে সেজন্য মিটিং ডাকতে পারেন নি। সেখানকার কিছু লোক ছোট একটা কাগজ বার করছে কিন্তু বাকি কি হচ্ছে তা আজ পর্যন্ত আমরা জানতে পারছি না। আজকে সকালবেলা আপনি বলছিলেন যে ১৪টি জুট মিল বন্ধ। আমি আপনাকে পার্টিকুলারলি নিউ সেন্ট্রাল জুট মিল সম্পর্কে বলেছিলাম কিন্তু শ্রমমন্ত্রী হিসাবে আপনি দায়িত্ব এড়িয়ে যাবার চেষ্টা করলেন। সারা ভারতবর্ষের মধ্যে একমাত্র এই মিলটি শ্রমিকদের দ্বারা পরিচালিত জুট মিল। আমিও এই

জুট মিলের সঙ্গে শ্রমিকদের প্রতিনিধি হিসাবে ডাইরেক্টার হয়ে যুক্ত আছি। এই জুট মিলটির দরজা বন্ধ হয়ে গিয়েছে কিন্তু কেন বন্ধ হয়েছে তা কি খতিয়ে দেখেছেন? এখানে ৫১ পারসেন্ট শেয়ার শ্রমিকদের, এখানে শ্রমিকরা তাদের অর্জিত টাকা দিয়ে শেয়ার নিয়েছেন। এই মিলটি চালাবার জন্য এই মুহূর্তে ৬/৭ কোটি টাকা প্রয়োজন। কিছুদিনের মধ্যেই নতুন পাট উঠবে এবং তা কিনে কারখানাটি চালানো যাবে। কিন্তু কি হচ্ছে? মাননীয় মুখ্যমন্ত্রী কিছুদিন আগে এক কোটি টাকা রিলিজ করেছেন কিন্তু আমরা দেখছি এখানে একটা চক্রান্ত চলছে মিলটিকে প্রাইভেট প্রোমোটারদের হাতে তুলে দেওয়ার। শ্রমিকদের দ্বারা পরিচালিত এই মিলটি, ইট ইজ এ নিউ এক্সপেরিমেন্ট কিন্তু রাজ্য সরকার থেকে আপনারা এরজন্য ৬/৭ কোটি টাকার বন্দোবস্ত করেন নি। আপনারা যে টাকাটা দিচ্ছেন সেটা কি হচ্ছে? সেটা ইরোসন অব ক্যাপিটাল হচ্ছে। আপনারা যা টাকা দিয়েছেন তাতে ৭০ লক্ষ টাকার ইলেকট্রিক বিল দেওয়া হল ৩০ লক্ষ টাকা মাহিনা দিতেই চলে গেল ফলে পাট কেনার টাকা থাকল না। আমি বলব, এই মিলটিকে যদি বাঁচাতে হয় তাহলে আপনাদের দৃষ্টিভঙ্গি এবং ভাবনাচিন্তা পাল্টাতে হবে। আর একটি কারখানার কথা বলি যেটির সঙ্গে আমাদের রাজ্যের উন্নয়ন জড়িত, দুর্গাপুর স্টিল প্ল্যান্ট। এই দুর্গাপুরে স্টিল প্ল্যান্টের মর্ডানাইজেশনের জন্য ১৯৮৯ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত খরচ হয়েছে ৪ হাজার ৮ শো কোটি টাকা। এ সত্ত্বেও এটি ১৭০ কোটি টাকা লস করেছে। এর কারণ কি? আজকে দুর্গাপুর স্টিল প্লান্ট যদি বন্ধ হয়, ৫৫ কোটির লস যদি হতে থাকে, কেন্দ্রীয় সরকার যে নীতি ঘোষণা করেছেন, আপনারাও বলছেন, মুখ্যমন্ত্রীকেও বলতে হচ্ছে, কাজ করতে হবে, আজকে বসে বসে মাইনা দেওয়া যাবে না। আজকে আমরা দেখছি যে ৪টি ফার্নেস আছে, তার ৩টি চলছে, একটি চলছে না। আপনি কারণ জানেন যে কেন চলছে না? র' মেটেরিয়াল সাপ্লাই করা যাচ্ছে না তার জন্য নয়। র' মেটেরিয়াল কোম্পানিতে নেই তাও নয়। দুর্গাপুর স্টিল প্ল্যান্টের র' মেটেরিয়াল দেওয়া যাচ্ছে না কারণ ওয়ার্ক কালচারের অভাবে। জিনিস আছে কোম্পানিতে কিন্তু ওয়ার্ক কালচারের অভাবের জন্য এই কোম্পানি লসে রান করছে। এই জিনিসগুলি বিচার করতে হবে। আজকে ভাবের ঘরে চুরি করতে পারেন না। সেখানে ম্যানেজমেন্টে যিনি জেনারেল ম্যানেজার হিসাবে আছেন, তার অপদার্থতাই এর জন্য দায়ী। আপনারা ওখানে কাজের উদ্যোগ সৃষ্টি করতে পারেন নি। তার ফলে রেকারিং লস হচ্ছে এবং এইভাবে যদি লস হতে থাকে, দুর্গাপুর স্টিল প্লান্ট যদি ভেঙে পড়ে তাহলে রাজ্য আরও পিছিয়ে যাবে এবং এটাকে কেন্দ্র করে ছোট ছোট যে সমস্ত শিল্প গড়ে উঠেছে সেগুলিও ধংস হয়ে যাবে। এবারে আমি কন্ট্রাক্ট লেবার সম্পর্কে একটা বিষয়ে আপনার কাছে জানতে চাই। আমাদের রাজ্যে মিনিমাম ওয়েজেস অ্যাক্ট, লেবার ইন ওয়েস্ট বেঙ্গলে দিয়েছেন। আমি স্পেসিফিক ভাবে জানতে চাই যে ভারত ইলেকট্রোনিক কোম্পানিতে যাদের কন্ট্রাক্ট লেবার হিসাবে নিয়োগ করছেন তাদের লাইসেন্স থাকার কথা। কিন্তু আমরা দেখছি যে একজনেরও লাইলেন্স নেই এবং তাদের সামান্য মাইনা দেওয়া হচ্ছে। আমরা বার বার লেবার কমিশনের অফিসে যাচ্ছি, বারে বারে বলছি যে আমাদের একটা সরকারি কাগজ দিন যাতে আমরা জানতে পারি যে ন্যূনতম কত টাকা মাইনা পাবে। তারা হাতে পাচ্ছে ৩১ টাকা, আর কন্ট্রাক্টে দিচ্ছে ৩৬ টাকা ২০ পয়সা। আমরা বারে বারে লেবার কমিশনের অফিসে গিয়ে বলেছি যে আমাদের একটা কাগজ দিন, কন্ট্রাক্ট লেবারের যে আইন আছে সেটা মেনে তারা চলছে কিনা সেটা আমরা

দেখাতে পারি। শেষে যে কথা বলতে চাই সেটা হচ্ছে শিশু শ্রমিকদের কেন্দ্র করে। আমাদের রাজ্যে অসংখ্য শিশু শ্রমিক কাজ করছে। চায়ের দোকানে, অটোমোবাইল-এর দোকানে এবং অন্যান্য জায়গায় কাজ করছে। কিন্তু সব থেকে ভয়ঙ্কর, সাংঘাতিক যেটা সেটা হচ্ছে বাজির কারখানার সঙ্গেও এই সমস্ত শিশু শ্রমিকরা যুক্ত আছে। শিশু শ্রমিকের ব্যাপারে আইনে আছে, ৪৮ অ্যাক্টে আছে যে, ডেঞ্জারাস এবং হ্যাজার্ডিয়াস যে সব শিল্প আছে সেখানে শিশু শ্রমিক নিয়োগ করা যাবে না। আপনারা বলেছেন যে আপনাদের ১৬ জন ইন্সপেক্টর আছে, ৩৩৫ জন এগ্রিকালচাবিস্ট আছে, ইত্যাদি স্ট্রাকচারের কথা বলেছেন। কিন্তু তারা কি করছেন? সরকারের লোক যারা আছে তারা সেগুলি ঠিকমতো দেখেন না। তাছাড়া বাড়ির কাজের সঙ্গে, তাঁতের সঙ্গে, পাটের সঙ্গে সব জায়গায় শিশু শ্রমিক যুক্ত আছে। যে কাজগুলি করলে শিশুদের, যুবকদের শক্তি নষ্ট হয়ে যায়, বাজি তৈরির কাজের সঙ্গেও ছোট ছোট শিশুরা যুক্ত আছে। শিশু শ্রমিকদের নিরাপত্তার স্বার্থে যে আইন রয়েছে সেটা আমাদের রাজ্যে যথাযথ প্রয়োগ করুন এবং মালিক পক্ষ তাদের শ্রম নিয়ে মজুরির ক্ষেত্রে যেভাবে ঠকাচ্ছেন সেটা বন্ধ করুন। এই বলে বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী কমলাক্ষ্মী বিশ্বাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, শ্রম দপ্তরের বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি। আমাদের মাননীয় শ্রমমন্ত্রী বিভিন্ন প্রকার ব্যবস্থা গ্রহণের মধ্যে দিয়ে শ্রমিক স্বার্থ রক্ষার যে প্রয়াস নিয়েছেন তার ফলে আজকে রাজ্যের বিভিন্ন জায়গার বিড়ি শ্রমিক, কারখানার শিল্প-শ্রমিক জীবিকা অর্জনের রাস্তা খুঁজে পেয়েছেন। কিন্তু ১৯৭৭ সালের আগে আমাদের রাজ্যে যে শ্রম আইন ছিল তাতে অনেক শ্রমিক কাজ পেতেন না। সেই সময় দিনমজুরের মাইনে ছিল দৈনিক ৩-৪ টাকা। কিন্তু সেটা আস্তে আস্তে বাড়তে বাড়তে আজকে একটা লেবার দৈনিক ৪০ টাকার উপর পাচ্ছেন। এখন গ্রামে গ্রামে ছোট ছোট সব শিল্প কারখানা গড়ে উঠেছে। সেখানে স্বনিযুক্তি প্রকল্পের মাধ্যমে ছোট ছোট প্ল্যাস্টিক কারখানা, বিভিন্ন প্রকার কারখানা তৈরি হয়েছে এবং তার মধ্যে দিয়ে অসংখ্য শ্রমিক জীবিকার রাস্তা খুঁজে পেয়েছেন। কিন্তু দেখতে পাচ্ছি, তাদের রক্ষার স্বার্থে কোনও আইন নেই এবং তারফলে তারা মজুরির ক্ষেত্রে ঠকছেন। তার উপর রয়েছে বিদ্যুতের অভাব। বিদ্যুতের অভাবের কারণে শ্রম দেবার ইচ্ছা থাকা সত্ত্বেও তারা কাজ পান না এবং তারফলে ঠিকমতো মাইনেও তারা পান না। সেই কারণে গ্রামে গঞ্জেও বিদ্যুতের যাতে ব্যবস্থা ঠিকভাবে করা হয় সেটা দেখতে হবে। ১৯৯৬ সালেও আমাদের রাজ্যে নানা কারখানা বন্ধ হয়েছে। ঐ সমস্ত বন্ধ কারখানার অগণিত শ্রমিক আজকে না খেতে পেয়ে অনাহারে অর্ধাহারে ধুঁকছেন। রাজ্যে কানোরিয়া, বাজোরিয়া, আরতি প্রভৃতি নানা জুটমিল রয়েছে। কিন্তু রাজ্যে একটি মাত্র কো-অপারেটিভ জুটমিল নিউ সেন্ট্রাল জুটমিল যার শ্রমিকরাই মিলটি চালাতেন। কিন্তু সেটাও আজকে বন্ধ। ঐসব শ্রমিকরা যাতে মিলটিকে ঠিকমতো চালাতে পারেন সেটা দেখতে হবে এবং প্রয়োজনে কো-অপারেসন মিনিস্টারকে বলতে হবে। ইতিমধ্যে গ্রামে গঞ্জে জুট নির্ভর অনেক ছোট ছোট কারখানা তৈরি হয়েছে। আমার বিধানসভা কেন্দ্রে এমনই জুটমিল কো-অপারেটিভ সিস্টেমে তৈরি হয়েছে। ইতিমধ্যে তার বিল্ডিং তৈরি হয়ে সেখানে

মেশিনপত্রও চলে গেছে। এখন তাদের যদি প্রয়োজনীয় অর্থ দেওয়া হয় তাহলে তার শ্রমিকরা জীবিকার পথ খুঁজে পেতে পারেন। আমাদের পশ্চিমবাংলায় একটা বিরাট সম্ভবনা আছে সেটাকে আপনি ভালো করে গড়ে তুলতে পারেন। অগণিত শ্রমিক এই পাট শিল্পের সঙ্গে যুক্ত। পাট চাষের সঙ্গে যুক্ত অন্তত ৪০ লক্ষ শ্রমিক আছে এবং এই পাট যখন কারখানায় যায় সেই কারখানায় অন্তত ২ লক্ষ শ্রমিক আছে। তাহলে মোট ৪০-৪২ লক্ষ শ্রমিক এই পাট শিল্পের সঙ্গে যুক্ত এবং তাদের পরিবার নিয়ে প্রায় ২ কোটি মানুষের জীবন-জীবিকা এই পাট শিল্পের উপর নির্ভর করে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, বড় বড় কারখানা নয়, আধুনিক প্রযুক্তির সুযোগ নিয়ে গ্রামে যদি ছোট ছোট কারখানা করা যায় তাহলে অনেক বেকার যুবক উপকৃত হবে। পাটের সঙ্গে যুক্ত যে সমস্ত শ্রমিকরা আছে বিশেষ করে যারা কৃষি শ্রমিক তারা অনেক সময় অধিক বৃষ্টির জন্য কাজ পেল না আবার খরা হল কাজ পেল না, আবার এই পাট বেশি জল না হলে পচানো যাবে না সেই জন্য কাজ পেল না। এই সমস্ত শ্রমিকদের যাতে পরিপুরক কাজ দেওয়া যায় কিনা সেটা ভেবে দেখতে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। পাটে বিভিন্ন ক্যাটাগরির শ্রমিক লাগে। গ্রামে গঞ্জে অনেক স্কিল্ড এবং আনস্কিল্ড লেবার আছে, প্রত্যেককে যাতে পি.এফ কার্ডের ব্যবস্থা করে দেওয়া যায় তার ব্যবস্থা আপনি করবেন। আমাদের অর্থমন্ত্রী বাজেট ভাষণে বলেছেন ভুমিহীন ক্ষেতমজুরদের পি.এফ. দেওয়ার কথা। ক্ষেত মজুর ১০ টাকা দেবে এবং সরকার ১০ টাকা দেবে, তারপর ৬০ বয়সের সেই ক্ষেতমজুরকে সুদ সমতে টাকা হিসাব করে পি.এফ. দেওয়া হবে। আমি আশা করব আপনি আপনার বুদ্ধি দিয়ে বিবেচনা করে এই সমস্ত যারা স্কিল্ড এবং আনস্কিল্ড লেবার আছে, যারা রিক্সা চালায় তাদের এবং বিভিন্ন যে সমস্ত শ্রমিক আছে তাদের জন্য একটা আইন রচনা করে এই ধরনের একটা প্রকল্প তৈরি করে পি.এফ.-এর টাকা দেওয়া যায় কিনা সেটা দেখবেন। আবার যারা রিক্স নিয়ে কাজ করে, যেমন যারা নদীতে নৌকা চালায়, বিড়ির শ্রমিক এবং বাজি তৈরি করে এই রকম শ্রমিক, যারা এই রকম গুরত্বপূর্ণ ছোট ছোট কাজ করে, যাদের উৎপাদনে আমাদের দেশের সম্পদ বাড়ছে তাদের যাতে জীবন বিমার আওতার মধ্যে আনা যায় সেটা আপনি দেখবেন। এই রকম অগণিত শ্রমিক দেখা যায় গ্রামেগঞ্জে যাদের দেখার কেউ নেই। এই সমস্ত শ্রমিকদের যদি ইন্সিয়োর করে দিতে পারেন তাহলে আগামী দিনে তারা ইনিসওরেন্সের সুযোগ পাবে, পি.এফ.-এর সুযোগ পাবে। গ্রামে গঞ্জে আধুনিক প্রযুক্তির সাহায্য নিয়ে ছোট ছোট কারখানা খোলা যায়। সেখানে আপনি তাদের ট্রেনিং দিয়ে বেকার যুবক যুবতীদের কর্মসংস্থানের ব্যবস্থা করে দিন। কিছু কিছু ক্ষেত্রে ট্রেনিং দেওয়া হয়েছে কিন্তু ট্রেনিং নিয়ে কাজ হচ্ছে না, তাদের টাকা পয়সা নেই। এই সমস্ত ছেলে-মেয়েদের জন্য অন্য দপ্তর থেকে টাকা নিয়ে কাজ দিতে পারেন তাহলে তাদের পক্ষে অসুবিধা হবে এবং আমাদের পক্ষেও সুবিধা হবে। আমার এলাকায় অনেক সুযোগ সুবিধা রয়েছে, সেখানে যদি এই ব্যাপারে ব্যবস্থা করা যায় তাহলে অনেক যুবক উপকৃত হবে। আমরা লক্ষ্য করে থাকি যে প্রতি বছর লক্ষ লক্ষ ছেলে-মেয়ে স্কুল ফাইনাল, হায়ার সেকেন্ডারি এবং বি.এ. পাশ করছে, তারা জেনারেল লাইনে গিয়ে কিছু

উন্নতি করতে পারছে না। তাদের জন্য জীবন মুখী কিছু ভোকেশনাল ট্রেনিং-এর ব্যবস্থা করে তাহলে তারাও যেমন উপকৃত হতে পারবে সেই সঙ্গে কারখানার শ্রমিকরাও উপকৃত হতে পারবে। আমি আশা করব এই প্রভিডেন্ট ফান্ড এবং ইনস্যুরেন্স প্রথা চালু করবেন। গ্রামে গঞ্জে যে অসংখ্য শ্রমিক বেঁচে আছে তাদের দিকে তাকিয়ে কথা বলবেন। এই কথা বলে আপনার এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

श्री रामजनम माझी : आदरणीय डेपुटि स्पिकार साहब, सबसे पहले मै श्रम मंन्त्री ने जो बजट पेश किए है उसका विरोधिता करते हुए और कटमोशन का समर्थन करते हुए दो-चार बात सदन के सामने रखना चाहता हुँ। पहले मै अच्छी तरह जानना चाहता हुँ, १९९० माल मे चटकल के मजदुरो के प्रति मालिको का क्या रवैया है। वो मजदुरो को जब चाहते है सस्पेन्ड कर देते है, चार्ज सीट पकडा देते है। सर, मे भी १९९० साल से सस्पेन्ड हुँ। मै जानना चाहता हुँ कि वहॉ क्या नियम है। क्या इसी तरह मजदुरो के उपर जुल्म होता रहेगा? बामफ्रन्ट सरकार अपने को मजदुरो की सरकार होने का दावा करती है। फिर आज वह क्यो इस ओर नजर नही दे रही है। सर, १९९० मे सस्पेन्ड किया गया और आज १९९६ हो गया अभीतक सस्पेन्ड हैं। बहुत से एसे मजदुर है, चटकल मे जो काम से आज वंचित है। मै बंगाल गवर्नमेन्ट से जनना चाहता हुँ और हमारे और मजदुर भाइ यह जानना चाहता है कि कौन सा कानुन है चटकल मजदुरो के लिए, कितने दिनो तक सस्पेन्ड और चार्जमीट रहेगा।

दुसरी बात है चटकल के मजदूरो के लिए पी० एफ० और ग्रेच्युटी। बहुत से चटकल के मजदुर का रिटायरमेन्ट हो गया लेकिन पी० एफ नही मिला बकाया पेयमेन्ट नही मिला ग्रेच्युटी नही मिला। लगता है आज वहाँ जंगल राज चल रहा है। आज इस स्थिति मे कितने एसे मजदुर है जो गला मे फाँसी का फन्दा लगा कर भुखमे दम तोड़ दिए है। उसे अपना रुपया पेयमेन्ट और पी० एफ०, ग्रेच्युटी के लिए भटक रहे है। कइ कइ एसे मिल भी है जो मजदुरो को निकाल कर आज कन्ट्रक्ट सिस्टम पर चला रहे है। जैसे प्रेमचन्द जुट मिल, जहां ८ हजार मजदुर काम करते थे उस चटकल मे बहुत से एसे मजदुर है जिसका १२-१३ साल हो गया पी० एफ० नही मिला। इ० एस० आइ० नही मिला। बहुत से एसे परिवार है और मजदुर है विमार है जिसका अवस्था सिरियस है पैसा नही मिल रहा है। यही रवैया फुलेशवर काटन मिल का है वहां इ० एस० आई० और पी० एफ० का पैसा मालिक अपने तिजोरी मे बन्द रखे हुए है और मजदुर अपने पैसा के लिए मर रहा है! वहां पहले ३ हजार मजदुर काम करते थे वहां १५० मजदुर अभी काम करते है। कनोरिया जुट मिल

आज कितने दिनो से बन्द है। हमारे माननीय श्रम मंन्त्री ने काल कहा है कि २२ तारिख को उनकी इस सम्बन्ध मे मिटिंग है। मंन्त्री महोदय हमलोगो को यह आशवासन देगें कि मिल चालु हो जाएगी वाउड़िया जुट मिल की भी स्थिति एह ही है। इस वामफ्रन्ट की सरकार मे मजदुरो को पी० एफ० नही मिले ई० एस० आइ० नही मिले और मजदुरो का बच्चा टिटमेन्ट के बिना दम तोड़ दे। यही यह सरकार देखना चाहती है। एसा रवैया है। मै जानना चाहता हुँ इस हाउस से ये बन्द मिले कबतक चालु किया जाएगा। क्या मजदुर इसी तरह भुखे मरते रहेगें क्या इसका कोइ प्रतिवाद नही होगा। वाउरिया कांटन मिल नही चला। न्यु सेन्ट्रल जुट मिल, तथा एम्पायर की भी यही स्थिति है। मै जानना चाहता हुँ कि चटकल के मजदुरो के लिए इस विधानसभा के अन्दर कोइ ऐसा कानुन नही लाया जा सकता जिससे कि मजदुरो पर हो रही अन्याचार को रोका जा सके। मन्त्री महोदय ऐसा कोई स्टेटमेन्ट हाउस मे देगें। सर, मै मंन्त्री महोदय का ध्यान १०-२० की ओर दिलाना चाहता हुँ। आज वह १०-२० का क्या हुआ। १०-२० का मतलब है चटकल मे १०% केजुअल और २०% परमानेन्ट इस नियम से होगा। आज पुरा का पुरा केजुअल है, परमानेन्ट नही किया जा रहा है। आज चटकल मे उसका कोइ वुनियाद है। इसलिए मै अनुरोध करुगां श्रम मंन्त्री से आप पहल करे चटकल मजदुरो के भविष्य के लिए १०-२० इम्पलीमेन्ट करना होगा। लेकिन आज तक इम्पलीमेन्ट नही हुआ। मै इस हाउस मे जानना चाहता हुँ पश्चिम वंगाल के अन्दर मे चटकल मजदुरो की सख्या ढाइ लाख थी, लेवर मिन्स्टिर को इन ढाइ लाख मजदुरो के बारे मे सोचने का तनिक भी मौका नही है। आज सरकार मजदुरो का हितैसी न रहकर टाटा, विडला डालमिया गोइन्का जैसे उधोगपतियो के पाकेट को भरने की अधिक चिन्ता करती है। आज यह सरकार पुँजीपतियो के हाथ का खिलोना बनकर रह गयी है। आज सरकार इन पुजीपति लोगो के प्रति एकसन ले कि वह गरीव मजदुरो के साथ क्यो चिट कर रहा है। इस ओर सरकार नजर दे यह मै आपसे अनुरोध करुगा। उसका अपना पेयमेन्ट क्यो नही मिलेगा इस हाउस मे इसपर चर्चा कराना चाहिए। मै श्रम मंन्त्री से अनुरोध करना चाहता हुँ कि चटकल मजदुरो के लिए कोइ कानुन नही हो सकता जो चटकल मजदुरो के जीवन के लिए, अपने बच्चो को अच्छी तरह लालन-पालन करा सके।

सर, मै हाउस के सामने एक बात और कहना चाहता हुँ, हमारे क्षेत्र के अन्तर्गत एक विस्कुट फेक्टरी है जिसका काम कन्ट्रक्टरी पर होता है और इसका मालिक है

हमारे माननीय मुख्य मंत्री के पुत्र श्री चंदन वसु, वहाँ मजदुरो को २० रुपया, २८ रुपया दिया जाता है जहाँ पर कोइ नियम ही नही है कन्ट्रक्टरी सिस्टेम मे काम होता है, माइन जुट मिल जहाँ १० रुपया से २५ रुपया तक मजदुरो की मजदुरी है और जब इच्छा होता है बन्द कर देते है। मै श्रम मंत्री से अनुरोध करता हुँ कि वो लेवर कमीशनर को इस सम्बन्ध मे स्थिति की नजाकत करने के लिए भेजे। जिससे चटकल मजदुरो को कुछ राहत दिया जा सके। यही कहते हुए कटमोशन का समर्थन करते हुए अपनी बात खत्म करता हुँ। धन्यवाद।

[4-30 — 4-40 P.M.]

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই অনুদান নং ৩৯ যেটা শান্তিরঞ্জন ঘটক মহাশয়, এনেছেন এবং ভারপ্রাপ্ত কর্মসংস্থান বিষয়ক মন্ত্রী শ্রীমতী ছায়া বেরা মহাশয়া যে বাজেট বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সমর্থন জানিয়ে বলছি যে, আমরা সবাই জানি একটা গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে দিয়ে আমরা চলছি এবং থাকি। এই দেশে আমাদের সমস্যা হচ্ছে শ্রমিক শ্রেণীর মিনিমাম ওয়েজেস এবং জীবনের নিরপত্তার গ্যারান্টির এবং এখানে বিশেষ করে অসংগঠিত শ্রমিক শ্রেণীর সংখ্যা সবচেয়ে বেশি। আমাদের দেশে শ্রমশক্তির সংখ্যা যদি ২৬ কোটি ধরা হয় তাহলে তারমধ্যে ২২ কোটি হচ্ছে অসংগঠিত শ্রমিক শ্রেণী। সেখানে আমাদেব রাজ্য পশ্চিমবঙ্গ বামফ্রন্ট সরকার ওই সমস্ত পিছিয়ে পড়া মানুষের পাশে এসে দাঁড়িয়েছে। সেই কারণে রবীন্দ্রনাথ ঠাকুরের একটি কবিতার লাইন পড়ছি—

'যারে তুমি নিচে ফেল, সে তোমাকে বাঁধিবে যে নিচে

পশ্চাতে রেখেছ যারে সে তোমারে পশ্চাতে টানিছে!

বামফ্রন্ট সরকার ওই গরিব শ্রমিকশ্রেণীদের স্বার্থের দিকে তাকিয়ে তাদের উন্নতির জন্য বিশেষ দৃষ্টিভঙ্গি নিয়ে চলছে। এখানে বিরোধীদলের কথা শুনলাম তারা তো ভারতবর্ষ ৫০ বছর স্বাধীন হবার পরে ৪৫ বছর রাজত্ব করেছেন, তারা শ্রমিক শ্রেণীর জন্য কি করেছেন? তারা শুধু পুঁজিপতিদের শক্তিশালী করেছেন। সেই পুঁজিপতিরাও আজকে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে। আজকে ঘণ্টায় ৯ কোটি টাকা কেন্দ্রীয় সরকার যে ঋণ গ্রহণ করেছে তার জন্য সুদ দিতে হচ্ছে। আমরা সর্বশান্ত, বিক্রি হয়ে গেছি। এই অবস্থায় শ্রমিক শ্রেণীর কল্যাণ কি করে হবে বলা মুশকিল। আমাদের পশ্চিমবাংলার শ্রমিক শ্রেণীর সরকার এরই মধ্যে দিয়ে চেষ্টা করছে।

[4-40 — 4-50 P.M.]

বর্তমানে যে কেন্দ্রীয় সরকার আছে, তাদের সম্বন্ধে আমাদের বিশ্লেষণ, আমাদের আর.এস.পি.র বিশ্লেষণ হচ্ছে, ধনতান্ত্রিক ব্যবস্থার মধ্যে একটা গভর্নমেন্ট চলছে। বি.জে.পি আজকে তারা যেভাবে এগিয়েছিল, তাদের যে কর্মধারা এবং কংগ্রেসের যে অবস্থা, সেই অবস্থার মধ্যে তৃতীয় শক্তি হিসাবে যুক্তফ্রন্টকে সমর্থন করা ছাড়া বিকল্প কিছু নেই। কিন্তু আমরা জানি তারা কি করতে পারে, সেইজন্য আমাদের বিশ্লেষণ হচ্ছে, টোটাল যে পারফরমেন্স তাকে দেখা এবং দেখে আমাদের এই সম্বন্ধে যা বক্তব্য সেটা বলব। কিন্তু আমরা আশাবাদী,

আমরা আশা করব, যুক্তফ্রন্ট সরকার তারা যা ঘোষণা করেছেন, ভালো ভালো কথা বলেছেন, শ্রমিক শ্রেণীর জন্য পিছিয়ে পড়া মানুষের জন্য পজিটিভ কিছু করবেন। আমাদের রাজ্যের ক্ষেত্রে দেখেছি, ইতিমধ্যে লক-আউট, ক্লোজার এর ফলে যে সমস্ত কারখানা বন্ধ হয়ে গেছে, সেইগুলি এখনও খুলছে না। অনাহারে মৃত্যু এখনও আছে। '৯৪ সাল পর্যন্ত দেখা যাচ্ছে, ১ হাজার ছাড়িয়ে গিয়েছে, শ্রমিক যা মারা গিয়েছে। এর জন্য সম্পূর্ণ দায়ি হচ্ছে মালিকরা, এই সরকার নয়। আমরা লক্ষ্য করছি, রাজ্য সরকার এই ব্যাপারে উদ্যোগ নেবেন, ছাঁটাই, লক-আউট, ক্লোজার যাতে বেআইনি ঘোষণা করা যায়। আমাদের মতো রাজ্যের দিকে যেখানে সারা ভারতবর্ষ তাকিয়ে থাকে, সেখান ছাঁটাই, লক-আউট, ক্লোজারকে বেআইনি হিসাবে ঘোষণা করা হোক। আমরা দেখতে চাই, কংগ্রেস সেটাকে সমর্থন করে কিনা; কংগ্রেস কাদের প্রতিনিধিত্ব করে সেটা দেখতে চাই। চট শিল্প এখন নিদারুণ সঙ্কট চলছে, আমরাও বলছি, ওরাও বলছে, কিন্তু প্রকৃতপক্ষে এখানকার জে.সি.আই. আমাদের উত্তরবঙ্গের লোকেরা এই জে.সি.আই. কে বলে জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া, ২ বছর ধরে এরা নড়েও না, চড়েও না। একই অবস্থায় আছে। কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই ব্যাপারে কথা বলে তাদেরকে কাজে নামাতে হবে। আপনারা জানেন সেই কুখ্যাত ব্রেইলি সাহেব তিনি কোটি কোটি টাকা মেরে নিয়ে চলে গেলেন, আমরা আশ্চর্য হয়ে যাচ্ছি, কেন্দ্রে সরকার আছে, আমাদের এখানেও সরকার আছে, তাকে অবিলম্বে পাকড়াও করা উচিত, গ্রেপ্তার করা উচিত। প্রয়োজনে ইন্টারপোলের সাহায্য নিয়ে তাকে এখানে নিয়ে আশা দরকার। সেই ব্রেইলি লক্ষ লক্ষ শ্রমিক শ্রেণীর সর্বনাশ করেছে। আমাদের এখানে সরকারের সাথে যে সমস্ত ত্রিপাক্ষিক চুক্তি হয়েছে, যে সমস্ত শিল্পে ব্যাঙ্কিং ফেসিলিটিজ নিচ্ছে, তারা কিন্তু আসলে নানান কায়দায়, আধুনিকীকরণের নামে, সেখানে সামান্য অর্থ ব্যয় করে অন্যদিকে বিনিয়োগ করছেন। এই দিকগুলিতে আমাদের লক্ষ্য রাখতে হবে। তারা চুক্তি অনুযায়ী অবসরকালীন যে সমস্ত গ্র্যাচুইটি, পেনশন পায়, সেইগুলি নিশ্চিত করতে হবে। এবং রাজ্য সরকার নিশ্চয় এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করবেন। এন.টি.সি. মিলগুলি তাদের যে পরিকাঠামোয় সেইগুলি দ্রুত সঙ্কুচিত হচ্ছে, এবং পি.এফ., গ্র্যাচুইটি শ্রমিকরা পাচ্ছে না, এন.টি.সি.র যে আর্থিক অসঙ্গতি সেইগুলি তারা শ্রমিক শ্রেণীর উপর চাপিয়ে দিচ্ছে। তাদের দুর্বলতা শ্রমিক শ্রেণীর উপর চাপিয়ে দিচ্ছে। কেন্দ্র যারা পূর্বতন সরকার ছিলেন, বস্ত্র মন্ত্রী, শ্রম মন্ত্রী তারা প্রতিশ্রুতি দিয়েছিলেন দেখবেন, কিন্তু কি করেছে. জানিনা। কিন্তু আমি আশা করব, বর্তমান যুক্তফ্রন্ট সরকার শ্রমিক শ্রেণীর জন্য ব্যবস্থা নেবেন। এন.টি.সি. তারা সুস্পষ্টভাবে আশ্বাস দেবেন, তাদের বেতন যাতে নিয়মিত পায় সেটা দেখবেন। অফিসাররা ঘনঘন এধার ওধার যান, বিমানে যান, সেখানে একটা মাথাভারী প্রশাসন রয়েছে, রুগ্ন শিল্পগুলিকে পুনর্জীবনের জন্য আজকে রাজ্য সরকার শিল্পগুলিতে যে আর্থিক অনুদান দিচ্ছেন সেইগুলি যথাযথভাবে ব্যয়িত হচ্ছে কিনা সেটা রাজ্য সরকারকে দেখতে হবে। আমরা চাইছি, আধুনিকীকরণ নিশ্চয় হোক, কিন্তু শ্রমিক শ্রেণীকে গোল্ডেন হ্যান্ডশেক করিয়ে তাদের সর্বনাশ যেন না হয়, বরং আমরা চাইব এটা যেটা বলা হয়েছে ওয়ার্কারস আর দি কো-শেয়ারারস অফ দি ইন্ডাস্ট্রিজ, সেই জায়গায় তাদেরকে নিয়ে যাওয়া পর্যন্ত এই রকম বলে বক্তৃতাও দিয়েছে। ওরা বক্তৃতা দিয়েছে বিভিন্ন বণিক সভা এবং চেম্বার অফ কমার্সে। শ্রমিক কর্মচারিদের ব্যাপারে তাদের অনীহা আছে। সেইজন্য বলতে চাই, আমরা জানি বামফ্রন্ট সরকারের উদ্যোগ আয়োজন নিশ্চয় আছে, কিন্তু কতটা কি করতে পারবেন

জানিনা। আজকে এর জন্য দায়ী বিশেষ মালিক শ্রেণী। যে সমস্ত কারখানা আজকে লাভ-জনক হতে পারত, সেগুলো আজকে অলাভজনক হচ্ছে। উদাহরণ স্বরূপ বলা যায় রামনগর সুগার মিল। এটা আজকে বি.আই.এফ.আরে যাচ্ছে। খৈতান গোষ্ঠী এটা নিয়েছিল, রামনগর সুগার মিল, অ্যাগ্রো কমপ্লেক্স, ২ কোটি ১০ লক্ষ টাকা এখানে অনুদান দেওয়া হয়েছিল। সেটা লাভজনক সংস্থার পরিবর্তে রুগ্ন হয়ে গেল। মালিকরা বলছে প্রচুর লোকসান হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকার আজকে বিশেষ করে পিছিয়ে পড়া দোকান কর্মচারিদের কথা বলেছেন, কিন্তু ভগ্নাংশ কিছু তারা পাননি। অ-সংগঠিত শ্রমিক কর্মচারিদের মধ্যে পড়ে শপস অ্যান্ড এস্টাব্লিশমেন্ট, তাদের মধ্যে থেকে হাইকোর্টে একজন কেস করে। কিন্তু আমাদের সরকার পক্ষের উকিল কার প্রতিনিধিত্ব করে জানিনা। তিনি যাচ্ছেন না, বহুদিন স্টে অর্ডার হয়ে পড়ে আছে। শ্রমিকদের বক্তব্য শোনার জন্য স্টেট লেভেলে লেবার অ্যাডভাইসারি বোর্ড আছে. সেখানে যাতে মীমাংসা করা যায় আমাদের প্রস্তাবগুলো দেখুন। ঐ লেবার ওয়েলফেয়ার বোর্ডের মিটিং আমরা চাইছি। ঐ বোর্ডের তহবিলের জন্য শ্রমিকরা টাকা দিচ্ছেন, কিন্তু মালিকরা তাদের দেয় টাকা দিচ্ছেন না। তার ফলে আজকে লেবার ওয়েল ফেয়ার বোর্ডের কাজকর্ম করা যাচ্ছে না। শ্রমিকদের বিশ্রামাগারে জল থাকেনা অভিযোগ এসেছে, বিশ্রামাগার মেরামত হয়না অভিযোগ এসেছে, এগুলো দেখার জন্য আমি অনুরোধ করছি। মন্ত্রী মহাশয় নিজের বোর্ডের চেয়ারম্যান এগুলো দেখবেন। পুরো ব্যাপারটাকে আমলাদের উপর নির্ভর করলে চলবেনা। ই.এস. আই. প্যানেলের ডাক্তাররা শ্রমিকদের সঠিকভাবে চিকিৎসা করেনা। অন্যদিকে মনোনিবেশ করে অর্থ উপার্জন করে। আপনি যে লিস্ট দিয়েছেন ওষুধের জন্য সেই লিস্ট অনুযায়ী ওষুধ পাওয়া যাচ্ছে না। সেই ব্যাপারটা আপনার দেখা দরকার। কর্মবিনিয়োগ কেন্দ্রের যে রেকর্ড.........................................

(এই সময় লালবাতি জ্বলে ওঠে এবং মাইক অফ হয়ে যায়।)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাকে আর এক মিনিট সময় দেওয়া হোক।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের বাজেট এখানে পেশ করেছেন স্বাভাবিক ভাবেই তাকে বিরোধিতা করছি এবং আমাদের তরফ থেকে যে কাট মোশন দেওয়া হয়েছে সেগুলোকে গ্রহণ করার জন্য অনুরোধ করছি। আজকে অনেকের বক্তব্য শুনলাম। আমি আশা করেছিলাম যে যারা বক্তৃতা দিলেন তারা নিশ্চয়ই শ্রমের উপরে দক্ষ। ন্যাচারালি তারা পজিটিভ কিছু বলবেন। কিন্তু তারা সে দিকে গেলেন না। আজকে আপনারা কথায় কথায় যেমন কংগ্রেসের ৩০ বছরের কথা বলেন তো ঠিক আছে আমরা মেনে নিলাম, কংগ্রেস তার তিরিশ বছরের শাসনে কিছু করতে পারে নি। আপনারা যে সময় পেয়েছিলেন সে সময় কিন্তু কম নয়। আজ হয়ত ক্ষমতার মধ্যে আছেন. ক্ষমতার মদে মত্ত হয়ে সেইসব কথা ভুলে যাচ্ছেন। একদিন ইতিহাস বিচার করবে আপনারা কি করেছেন এই দীর্ঘ ২০ বছরের শাসনে। কংগ্রেস যখন ক্ষমতা পেয়েছিল তখন আপনাদের জেনে রাখা দরকার দুশো বছরের ব্রিটিশ শাসনের হাত থেকে এক পচা গলা ভগ্নদশা দেশকে উদ্ধার করেছিল। স্বাধীনতার পর পৃথিবীর বিভিন্ন দেশে দেখবেন দীর্ঘদিন ধরে পরাধীন থাকার পর সেই দেশের, সেই স্প্যানের মধ্যে ভারতবর্ষের উন্নতি আর সেই সব দেশের উন্নতি কতখানি? যা বলেন বলুন কিন্তু একটু আত্মবিশ্লেষণ করুন। কংগ্রেস ৩০ বছরে অনেক কিছু

করতে পারে নি, আজকে ২০ বছরের আপনাদের সরকার কি করতে পারল। শ্রমিক এবং শ্রম একে অন্যের পরিপূরক। লেবার এবং ইন্ডাস্ট্রি একে অন্যের পরিপূরক। লেবারের কথা বলতে গেলে ইন্ডাস্ট্রির কথা আসবেই। কিন্তু মন্ত্রী মহাশয় আপনি বলতে পারেন আপনার আমলে কতগুলো ফ্যাক্টরি বন্ধ হয়ে আছে। ২০ বছর ধরে কতগুলো ফ্যাক্টরিতে তালা দিয়ে দিয়েছেন? কত শ্রমিককে বেকার করে দিয়েছেন? আজকে হাজার হাজার শ্রমিক অর্ধাহারে অনাহারে দিন কাটাচ্ছে আপনি হয়ত বিধানসভায় জবাব দিয়ে চলে যাবেন কিন্তু নিজের বিবেকের কাছে কি জবাব দেবেন? আপনি তো এই দায়িত্ব অস্বীকার করতে পারেন না। আজকে উনি যে বলছেন ফ্যাক্টরি করেছেন, কারখানা করেছেন। আজকে পশ্চিমবঙ্গে ওয়ার্ক বন্ধ হয়ে গেছে। আজকে আপনারা চারিদিকে বলেছিলেন একদিন অটোমেশনের বিরুদ্ধে লড়তে হবে। আপনারা মিছিল করেছেন আর আজকে লজ্জা লাগছে। আপনারাই অটোমেশনকে নিয়ে আসার জন্য বিদেশি পুঁজিপতি নিয়ে আসবার জন্য কি করে দালালি করছেন? আজকে সেই সব দিন কোথায় গেল? কম্পিউটারের বিরুদ্ধে যে আন্দোলন একদিন আপনারা করেছিলেন, আপনাদের মন্ত্রী বলেছিলেন যে, পশ্চিমবঙ্গে কমপিউটার ঢুকতে দেব না। আজকে দেখছি যে, এখানে বিভিন্ন জায়গায় কম্পিউটার করার জন্য আপনাদের মন্ত্রী সেই বরাদ্দ টাকা রেখেছে। বন্ধ কারখানা, রুগ্ন কল কারখানার কথা বলছি। আমি দুটি কলকারখানার নাম করছি। আপনারা জানেন যে, ভারতের মধ্যে সবথেকে গ্লাস ফ্যাক্টরি পশ্চিমবঙ্গে ছিল। সেই গ্লাস ফ্যাক্টরি হচ্ছে আসানসোল পিলকিটন্ট গ্ল্যাস ফ্যাক্টরি। মানে এশিয়ার মধ্যে সবথেকে ভালো গ্লাস ফ্যাক্টরি যেখানে। ২ বছর আগে টাকা জমা দিলে সেই গ্লাস ফ্যাক্টরি থেকে গ্লাস পাওয়া যেত। আজকে সেই গ্লাস ফ্যাক্টরি বন্ধ। আপনাদের তরফ থেকে কোনও উদ্যোগ নেওয়া হয়নি এবং সেখানে লেবারদের কি অবস্থা, তা দেখার আপনাদের সময় নেই। আপনারা এই অবস্থা দেখেন না। সেন-র‍্যালি কারখানায় আজকে শ্রমিকদের কি অবস্থা? কংগ্রেস সরকার সেন-র‍্যালিকে ন্যাশনালাইজড করেছিল। আজকে সেন-র‍্যালি ধুঁকছে। কোথাও কোনও তার মাল তৈরি হচ্ছে না। অর্ডার পাচ্ছে না। আজকে সেন-র‍্যালির এই অবস্থা। শ্রমিকদের উন্নতির জন্য কিছু কিছু কথা বলেছেন। হ্যাঁ, আপনাদের একটা উদ্যোগ ছিল। আমি দেখছি ৩৭ নম্বরে। প্রভিডেন্ট ফান্ডের জন্য আপনাদের খুব চিন্তা হচ্ছে। প্রভিডেন্ট ফান্ডের টাকা রেখে মালিকরা জমা নিচ্ছে না। আমার কাছে একটা হিসাব আছে। মন্ত্রী মহাশয় সারা ভারতে প্রভিডেন্ট ফান্ডে ৩০০ কোটি টাকা পড়ে আছে। তারমধ্যে পশ্চিমবঙ্গে আছে আপনার হিসাব অনুযায়ী ১৬৬ কোটি ৯৮ লক্ষ টাকা। আমার কাছে ১৭০ কোটি টাকা। সারা ভারতে ৩০০ কোটি টাকা। আপনার পশ্চিমবঙ্গে আছে ১৭০ কোটি টাকা। তাহলে আপনি বুঝে নিন যে, মালিকদের বিরুদ্ধে প্রভিডেন্ট ফান্ডের টাকা আদায় করতে কত উৎসাহী।

[4-50 — 5-00 P.M.]

আর সবথেকে বিশাল ব্যাপার হল প্রভিডেন্ট ফান্ড না দিয়ে তার বিরুদ্ধে একটা ভারতীয় ফৌজদারি আইন অনুযায়ী একটা আইন করার ব্যবস্থা আছে ৪০৬ অ্যান্ড ৪০৯।

* Expanged as order by the chair

আপনি এখানে লিখেছেন যে, আমরা কুড়িটি করেছি। কিন্তু বিশাল বিশাল মালিকের বিরুদ্ধে আপনারা কোনও মামলা করেন নি। আপনি অমৃত বাজার পত্রিকা, যুগান্তর পত্রিকা, ডেলটা জুট ইন্ডাস্ট্রি, আগরপাড়া জুট মিল, মেঘনা নিউ এম্পায়ার জুট মিল এমনি বহু মালিকের বিরুদ্ধে আপনারা মামলা করতে ব্যর্থ হয়েছেন। এই প্রভিডেন্ট ফান্ডে যে অনাদায়ি টাকা পড়ে আছে, যেসব মালিক দিচ্ছে না, শ্রমিকদের টাকা মেরে যারা বসে আছে, তাদের বিরুদ্ধে আইনের ব্যবস্থা থাকা সত্ত্বেও আপনারা তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিতে পারছেন না। আমি আশা করব যে, আপনি আমাদের স্পেসিফিক্যালি জবাব দেবেন। আমি সেসরুর কথা বলছি আপনারা সেসরু নিয়ে বলছেন। বলছেন যে, স্যাংশন হয়ে গেছে। আপনাদের নিজেদের মেম্বারকে আলাদাভাবে জিজ্ঞাসা করবেন। আমিও কর্পোরেশন বডিতে আছি। যে আসছে, তাকেই পাশ যা যা স্কীম নিয়ে আসছে, তাকেই পাশ। কটা ব্যাঙ্ক থেকে দিচ্ছে? তার বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন? কোনও ব্যবস্থা নিতে পারেন নি। বেকার ছেলে যাচ্ছে, ফর্ম নিচ্ছে, সেসরুর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে এ যার নাম আছে, ফর্ম পাচ্ছে। মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনে ইন্টারভিউ হচ্ছে। ইন্টারভিউ এ পাশ করিয়ে দিচ্ছেন। তারপর সেইছেলে ইন্টারভিউ এ পাশ হয়েছি বলে আনন্দে ঘুরে বেড়াচ্ছে। সেই টাকাটা ব্যাঙ্ক থেকে তার পাশ হল কিনা ব্যাঙ্ক দিল কিনা, সেইরকম কোনও নেট ওয়ার্ক আপনার নেই। এগুলি দেখার মতো সেই রকম কোনও লোক নেই। এগুলির ব্যাপারে নিশ্চয়ই আপনারা জবাব দেবেন বলে আমি আশা করি। স্যার আমাকে তিন মিনিট সময় দেবেন। ই এস আইয়ের কথা এবার বলছি। ই এস আই এ কি ট্রিটমেন্ট হয়? আমাদের আসানসোল মহকুমা হাসপাতালে যে ট্রিটমেন্টের ব্যবস্থা আছে, ই এস আই হাসপাতালে তার থেকেও চূড়ান্ত অব্যবস্থা। এই রকম চূড়ান্ত অব্যবস্থা কোথাও নেই। এই ই এস আই এ সিস্টেম, সেটা টোটালি ব্যর্থ।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই ৩৯ নাম্বার বাজেট বরাদ্দকে সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের আনা কাট মোশনকে বিরোধিতা করছি। আমি এত সময় বিরোধীদের বক্তব্য শুনছিলাম। আমরা যে পুঁজিবাদী কাঠামো এবং দুর্নীতির মধ্যে বসবাস করছি, ১৯৯১ সালে কেন্দ্রের কংগ্রেস নতুন অর্থনীতির ফলে এবং শিল্পনীতির ফলে আমাদের রাজ্যে মালিক শ্রেণীর আক্রমণ বল্গাহীনভাবে বেড়ে গেছেন। এই কথা অস্বীকার করে কোনও লাভ নেই। আজকে জেশপ কারখানায় ওয়াগানের অর্ডার না দেওয়ার ফলে আজকে মালিক ৬৩৮ জনকে অবসর গ্রহণে বাধ্য করেছে। সেই ডেটে পয়লা জুলাই থেকে জেশপ বাঁচাও কমিটি করে তারা আন্দোলন করছে। আজকে চটকলে স্ট্রাইক হয়েছিল ১৯৯৫ সালে। ডিসেম্বরের ২ তারিখে যে চুক্তি হয়েছে সেই চুক্তি মালিকরা কার্যকর করছে না। তারা ভাউচারে পেমেন্ট করছে, কন্ট্রাক্ট প্রথায় কাজ করাচ্ছে। জে.সি.আই. পাট কিনছে না, র মেটিরিয়ালসের অভাব দেখা দিয়েছে। সিনেমা হলের কর্মচারিরা ৫-৬ দিন ধরে ধর্মঘট করলেন। হল খুলল এগ্রিমেন্ট হল, টিকিটের দাম বাড়ল। কিন্তু কর্মচারিদের ন্যায্য পাওয়া কার্যকর হল না। যারা কাজকাটি করছেন তাদের কাছে প্রশ্ন করতে চাই প্রায় ৫০ বছর হল দেশ স্বাধীন হয়েছে কিন্তু শিশু শ্রমিকদের সম্পর্কে কোনও চিন্তা-ভাবনা সরকার করলেন না। কিন্তু বামফ্রন্ট সরকার শিশু শ্রমিক সম্পর্কে সুনির্দিষ্ট ভাবে কথা বলেছেন, অসংগঠিত শ্রমিকদের কথা বলেছেন এবং সংগঠিত শ্রমিকদের জন্য কি করেছেন এবং কি করতে পারেন না তার কথাও বলেছেন

আমি শিশু শ্রমিক সম্পর্কে একটা কথা বলতে চাই। প্রায় ৫০ বছর হল দেশ স্বাধীন হয়েছে—১৯৮৬ সালে, যিনি কেন্দ্রের শ্রমমন্ত্রী ছিলেন সেই পি.এ. সাংমা, লোকসভায় দাঁড়িয়ে বলেছিলেন—আমাদের ভারতবর্ষে শিশু শ্রমিক সম্পর্কে, তার নিয়ন্ত্রণ অথবা বিলোপ নিষিদ্ধকরণ করতে হবে। ১০ বছর কেটে গেল। ভারতে ১ কোটি ৮০ লক্ষ শিশু শ্রমিক রয়েছ, কিন্তু তাদের কি রক্ষা করতে পেরেছে। একজন এম.পি. চন্দ্রপ্রভা উরস বলেছেন আমাদের সরকারের শিশু শ্রমিক সম্পর্কে সঠিক দৃষ্টিভঙ্গি না থাকার জন্য আমরা শিশু শ্রমিকদের নিয়ন্ত্রণ করতে পারছি না বিলোপ করতে পারছি না। কংগ্রেসি বন্ধুরা এটা অস্বীকার করতে পারবেন না—তারা মুনাফার পিছনে ছুটলেন। আমি একটা পরিসংখ্যান দিচ্ছি। ১৯৯৪ সালের সেপ্টেম্বরে মার্কিন শ্রম দপ্তর থেকে বলেছে যে ভারতবর্ষ শিশু শ্রমিকদের দ্বারা উৎপাদিত ১০ লক্ষ টাকার কার্পেট, ১০০ কোটি টাকার হিরে জহরত, ২০ লক্ষ টাকার কাঠ ও কাঠজাত জিনিস, ১০ লক্ষ টাকার জুতো মার্কিন দেশে রপ্তানি হয়েছে। শিশু শ্রমিকদের উৎপাদিত দ্রব্যে ভারতের রপ্তানি বাণিজ্য প্রসার লাভ করেছে। আরেকটা কথা জার্মানির হাভানায় কিছু সংস্থা সার্টিফিকেট দিয়েছিল যে এখানে শিশু শ্রমিক নেই। কিন্তু বিশ্ব বাণিজ্য সংস্থা বলেছে এই কথা সত্যি নয়। ভারতবর্ষের মাথা নিচু হয়ে গেছে। আমি আরেকটা কথা বলতে চাই। এই বাজেটের মধ্যে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১৯৮৬ সালে কেন্দ্রীয় সরকারের যে চিত্র ছিল আজ ১৯৯৬ সালে দাঁড়িয়ে তারা বলতে পারছেন না, অথবা ৭-১১ অথবা ১৪ বছর বয়স পর্যন্ত বালক-বালিকাদের কাজে নিয়োগ করাকে নিষিদ্ধ করতে পারছেন না। আমরা কি আমাদের দায়িত্ব অস্বীকার করতে পারি? আমাদের আর্থ-সামাজিক অবস্থা, ধনী-দরিদ্রের প্রভেদ ইত্যাদির জন্য আমরা ছোট ছোট ছেলে-মেয়েদের দিয়ে কাজ করাই না? আমাদের সমাজ ব্যবস্থায় এই ব্যাপারে ঠিকমতো কর্মসূচি প্রণয়ন করতে না পারলে শিশু শ্রমিক প্রথা বন্ধ করা যাবে না। দিল্লিতে লালকেল্লায়, ১৯৯৫ সালের আগস্টে, প্রাক্তন প্রধানমন্ত্রী যিনি হাওলা কেলেঙ্কারির সঙ্গে যুক্ত সেই [*] শিশু শ্রমিকদের ব্যাপারে ৮০০ কোটি টাকার প্রকল্পের কথা ঘোষণা করেছিলেন। সেই ৮০০ কোটি টাকার প্রকল্পের কথা আমরা দূরদর্শনের পংতি ভোজনের মাধ্যমে অনুভব করলাম। কিন্তু আমাদের দেশে শিশু শ্রমিক প্রথা বিলোপ করার জন্য কোনও কাজ হল না। মাননীয় শ্রমমন্ত্রীর কাছে অনুরোধ করছি চটকল শিল্প যে অবস্থায় এসে দাঁড়িয়েছে সেই অবস্থা সম্পর্কে মাননীয় শ্রমমন্ত্রী সঠিক জবাব দেবেন। আমি এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবকে বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** নরসীমা রাওর নাম বাদ যাবে।

[5-00 — 5-10 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন, আমি এই বাজেটের বিরোধিতা করে এবং এর উপর আমার যে কাট মোশনগুলো আছে, সেইগুলোর ভিত্তিতে আজকে এই বাজেট প্রস্তাবের উপর সমালোচনা মূলক বক্তব্যগুলো রাখব।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সর্বাগ্রে বলতে চাই এবং অতি দুঃখের সঙ্গে যে বামফ্রন্ট

সরকার ১৯ বছর এই রাজ্যে ক্ষমতায় থাকলেও, এই রাজ্যের শ্রমিক কর্মচারী, কল-কারখানায় খেটে খাওয়া মানুষরা তাদের সংগ্রামের হাতিয়ার হিসাবে এই সরকারকে তাদের পাশে পায় নি। বামফ্রন্টের রাজত্বে মালিক শ্রেণী শ্রমিকদের উপর একতরফা ভাবে একটার পর একটা আক্রমণ চালিয়ে যাচ্ছে, সেখানে বামফ্রন্ট নীরব দর্শক। বছরের পর বছর বন্ধ কারখানাগুলি খোলার কোনও উদ্যোগ সরকার নেয় নি। মালিকরা বেআইনি ভাবে লক-আউট করেছে, যেভাবে শিল্প চুক্তিগুলি নগ্ন ভাবে লঙ্ঘন করেছে, যেভাবে শ্রমিকদের ই.এস.আই., গ্র্যাচুইটি, প্রভিডেন্ট ফান্ডের টাকা মালিকরা মেরে দিচ্ছে, এই সমস্ত আক্রমণের বিরুদ্ধে বামফ্রন্ট সরকার তাদের হাতে যে ক্ষমতা আছে, যে আইন আছে, যাতে করে মালিকদের বিরুদ্ধে পদক্ষেপগুলো নেওয়া যায়, সেখানে দৃঢ় ভাবে দাঁড়ায় নি। তার ফল হয়েছে করুণ, বেদনা-দায়ক। এই রাজত্বে আজকে বন্ধ কল-কারখানাগুলো না খোলার ফলে ৭৫ জন শ্রমিক মর্মান্তিক আত্মহত্যার পথ বেছে নিতে বাধ্য হয়েছে। দু'হাজারের মতো শ্রমিক না খেতে পেয়ে মারা গেছে। সবচেয়ে গুরুত্বপূর্ণ যেটা, এই রাজ্যে চটকলের সঙ্গে ৩০ থেকে ৪০ লক্ষ শ্রমিক, চাষী, খেটে-খাওয়া মানুষের জীবন-জীবিকা নির্ভর করছে। আজকে সেই চটকলগুলির কি দূরবস্থা। প্রশ্নোত্তরের সময় মাননীয় মন্ত্রী বলেছেন যে, ইতিমধ্যে ১৪টি চটকল বন্ধ হয়ে গেছে, ৪৫ হাজারের উপর শ্রমিক কর্মচ্যুত। কিন্তু এটা পুরো চিত্র নয়। এছাড়া, শিফট বন্ধ করে দিয়ে ২১ থেকে ১২ শিফট করে, ৮ ঘণ্টার জায়গায় ৫ ঘণ্টা করে যেভাবে আজকে কর্মচ্যুত করা হচ্ছে, তা আরও মারাত্মক। এই শিল্পের সঙ্গে যুক্ত ৫০ পারসেন্ট শ্রমিক আজ কর্মচ্যুত এটা বাস্তব চিত্র। কিন্তু এদের উপর বেআইনির আক্রমণ হচ্ছে, সরকার কোনও রিলিফের ব্যবস্থা নিতে পারছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গে একমাত্র জুট শিল্পেই ৯৩ কোটি টাকার উপর প্রভিডেন্ট ফান্ড বাকি। শিল্প ভিত্তিক চুক্তিতে কথা ছিল ১০ হাজার অস্থায়ী শ্রমিককে অ্যাড হক পারমানেন্ট করবে। সেই চুক্তি কতখানি কার্যকর হয়েছে? ৫৯টি জুট মিলের মধ্যে কতগুলো সেই পারমানেন্ট করার জন্য পদক্ষেপ নিয়েছে? আমার মনে হয় ৬-৭-এর বেশি নয়। শিল্পচুক্তি এইভাবে পদদলিত হচ্ছে। শিল্প চুক্তিতে ছিল ই.এস.আই., গ্র্যাচুইটি, প্রভিডেন্ট ফান্ডের টাকা ৬ মাসের মধ্যে দিতে হবে। কিন্তু ৩১ শে মার্চ ১৯৯... তে চটকলগুলোতে ই.এস.আই., গ্রাচুইটি প্রভিডেন্ট ফান্ডের টাকা যেটা ছিল ৮৯ কোটি টাকার মতো, সেটা এখন ৯৩ কোটি টাকার মতো হয়েছে। এখানে আইন অনুযায়ী কাজ ... লংঘন হয়েছে। সরকার সেখানে নীরব। আজকে আরেকটা জিনিস দেখতে পাচ্ছি ট্রে. ইউনিয়ন রাইট যেভাবে কার্টেলেইড হচ্ছে মাননীয় শ্রমমন্ত্রী জানেন কিনা জানিনা মাননীয় সুব্রতবাবু, অশোকবাবু শুনুন পশ্চিমবাংলায় ডিউটি আওয়ারসে ট্রেড ইউনিয়ন লিডাররা ট্রে. ইউনিয়ন ফাংশন করতে পারবেন না, না কি। অদ্ভুত ব্যাপার। অন্য রাজ্যে এটা হতে পারে কিন্তু পশ্চিমবাংলায় এই জিনিস শুরু হলে সেখানে চিঠি আসছে তুমি তোমার ডিউটি আওয়ারসে কোনও ট্রেড ইউনিয়ন একটিভিটিস করতে পারবেনা। করলে, তুমি প্রেজেন্ট থাকলেও অ্যাবসেন্ট করে দেওয়া হবে। এবং মাইনে কেটে নেওয়া হবে। হেস্টিং জুটমিল রিষড়া সেখানে বেঙ্গল জুট মিল অ্যাশোসিয়েশন-এর অ্যাসিস্টেন্ট সেক্রেটারি দিলীপ ভট্টাচার্য প্ল্যান্ট ইউনিয়ন সেক্রেটারি সেখানে জি.এম. এই ভাবে চিঠি দিচ্ছে এবং বলছে, ডিউটি আওয়ারসে ট্রেড ইউনিয়ন ফাংশন করা চলবেনা। অলরেডি মে মাসে তার সাড়ে ৮ দিন এবং জুন মাসে সাড়ে ৫দিনের বেতন কেটে দিয়েছে। আপনি নিশ্চয় তাকে জানেন।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** ঐ ব্যাপারে আমি আপনার কাছে লিখিত অভিযোগ চেয়েছিলাম, আপনি দেননি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** এ ব্যাপারে যদি কিছু না করা যায় তাহলে চিন্তার বিষয় হয়ে দাঁড়াবে। ট্রেড ইউনিয়ন আন্দোলনের ব্যাপারে এটা একটা মারাত্মক অশনি সংকেত। আমি আরেকটা বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর বাংলায় যে চা-বাগান গড়ে উঠেছে, তিস্তা কমান্ড এরিয়া থেকে খাস চা-বাগান গড়ে উঠেছে। শুধু তাই নয় সেইসমস্ত চা-বাগানগুলোতে শ্রমিকদের টাকা দিচ্ছে না। যেসমস্ত বে-আইনি চা-বাগান আছে সেখানে চা-বাগান মালিকরা ফ্যাক্টরি করছে। জলপাইগুড়ি সদর মহকুমার রায়গঞ্জ, বেরুবাড়ি জায়গায় দুটো ফ্যাক্টরি করা হয়েছে এবং সেখানে ১৯-২০ টাকা বেতন দিয়ে শ্রমিকদের কাজ করানো হচ্ছে। তারা অন্য কোনও সুযোগ-সুবিধা পাচ্ছে না। কোনও প্রতিবাদ আন্দোলন সামিল হলে লক-আউট এবং ছাঁটায়ের স্বীকার হতে হয়। আর এই নিয়ে লেবার কমিশনের কাছে গেলে, লেবার কমিশন তার অসহায়তার কথা ব্যক্ত করেন। তিনি বলেন, বে-আইনি চা-বাগানের ফ্যাক্টরি হলে আমার কিছু করার নেই। আমার সরকার-এর কাছে প্রশ্ন, ওখানে বে-আইনি চা-বাগান কেন গড়ে উঠছে, ফ্যাক্টরি কেন গড়ে উঠছে, আর শ্রমিকরা কেন তাদের ন্যায্য দাবি পাবেন না সেটা আপনি নিশ্চয় দেখবেন। যাতে শ্রমিকদের স্বার্থ সুরক্ষিত হয় সেটা আপনি নিশ্চয় দেখবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আরেকটা কথা হেস্টিংস জুট মিল সম্বন্ধে বলব। আপনারাই বলেছিলেন, ন্যায্য সঙ্গত শ্রমিক আন্দোলনে পুলিশ হস্তক্ষেপ করবে না। এটা যথার্থ বাম সরকারের দৃষ্টিভঙ্গি হওয়া উচিত ছিল। কিন্তু পুলিশ আজকে মালিকদের, ম্যানেজারের পক্ষ হয়ে শ্রমিকদের হ্যারাস করছে। পুলিশের সঙ্গে শ্রমিকদের সংঘর্ষ বাঁধিয়ে দেওয়া হচ্ছে। হেস্টিংস জুট মিলের ১০ জন শ্রমিকদের অন ফার্স্ট চার্জ তাদের ডিউটি চেঞ্জ করে দিয়েছে। ফলে তাদের ৫০০ টাকা পারিশ্রমিক কমে যাচ্ছে। সেকশনাল অফিসারকে তারা ডেপুটেশন দিয়েছেন। এটাকে কেন্দ্র করে হাইকোর্ট থেকে প্রসিডিংস এনে আন্ডার ৩০৭ কেসে অ্যাটেম্পট টু মার্ডার কেস দিয়ে তাদের অ্যারেস্ট করা হয়েছে। অথচ ম্যানেজমেন্ট যদি সত্যিই সেরকম কিছু করত তাহলে ম্যানেজমেন্ট চার্জশিট আনত। কিন্তু হাইকোর্ট থেকে প্রসিডিংস এনে এইভাবে শ্রমিকদেব হ্যারাস করা হচ্ছে। পুলিশ অন্যায় ভাবে ইন কগনিজ্যান্স উইথ ম্যানেজমেন্ট শ্রমিকদের উপর অত্যাচার করছে। তাই আজকে ছাঁটাই প্রস্তাবের যৌক্তিকতা বিচার করে আমার বক্তব্য শেষ করছি।

[5-10 — 5-20 P.M.]

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের আনা কাট মোশনকে সমর্থন করছি। আজকে যারা পশ্চিমবাংলায় নিজেদের শ্রমিক শ্রেণীর সরকার বলেন, তারাই কিন্তু শ্রমিকদের হত্যা করছেন। এই সরকারের জমানায় কারখানায় অভ্যন্তরে ঢুকে ট্রেড ইউনিয়ন আন্দোলন যারা করেন, তাদের উপর লাঠি, টিয়ার গ্যাস, গুলি চলছে, এই ধরনের ঘটনা বহু ঘটেছে। যদিও এই সরকারের নীতি যে ট্রেড ইউনিয়ন আন্দোলনে কখনও পুলিশ হস্তক্ষেপ করবে না, কিন্তু এই ২০ বছরে ওনাদের জমানায় এখানে ব্যাপকভাবে পুলিশি হস্তক্ষেপ হচ্ছে, পুলিশি অত্যাচার, পুলিশের নির্যাতন, পুলিশের গুলি, পুলিশের টিয়ার গ্যাস চলেছে।

আজকে পশ্চিমবাংলার শ্রমমন্ত্রীর নাম শ্রী শান্তিরঞ্জন ঘটক, কিন্তু আমার মনে হয় উনিই বেশি করে পশ্চিমবাংলায় অশান্তির সৃষ্টি করছেন, আজকে ট্রেড ইউনিয়ন আন্দোলন বলে কিছু নেই। আজকে যদি কোনও রেজিস্ট্রার্ড ট্রেড ইউনিয়ন যদি সিটুর না হয় তাহলে লেবার কমিশনার, অ্যাসিস্টেন্ট লেবার কমিশনার, ডিস্ট্রিক্ট লেবার কমিশনার বা লেবার ডিপার্টমেন্টে তাদের ডাকা হয় না, ইউনিয়ন যদি সিটু হয় তাহলে লেবার ডিপার্টমেন্টের সাথে সিটুর একটা গোপন আতাঁত করে বিভিন্ন কারখানায় একের পর এক কালো চুক্তি আজকে এই পশ্চিমবাংলায় বামফ্রন্ট জমানায় হয়ে যাচ্ছে। আমি এই মন্ত্রীকে বলতে চাই উনি গোপাল দাস নাগ মহাশয়কে দেখেছেন, সেই ঐতিহাসিক যুগে, ১৯৭২-৭৩ সাল উনি পশ্চিমবাংলার ঐতিহাসিক শ্রম আন্দোলনকে স্মরণীয় করেছেন। বামপন্থী ট্রেড ইউনিয়ন নেতা যারা আছেন তারা আজকে গোপাল দাস নাগের কাজকে স্মরণ করে এবং সেই আইনের বলেই শ্রমিকরা পশ্চিমবাংলায় বেঁচে আছে। বিগত কংগ্রেস সরকারের আমলে গোপাল দাস নাগ যে আইনগুলি তৈরি করেছিলেন সেই আইনগুলির ফলেই আজকে শ্রমিকরা বেঁচে আছে। আমি বলি সর্বভারতীয় যে ডি.এ.ডি.পি. মূল্য সূচকের ভিত্তিতে আমরা করেছিলাম কেন্দ্রীয় সরকার দিয়েছিলেন, আমাদের রাজ্য সরকার তাকে স্বীকৃতি দিয়েছে কিন্তু তাকে কৌশলে এগ্রিমেন্টের মাধ্যমে লেবার কমিশনাব অ্যাসিস্টেন্ট লেবার কমিশনার, ডিস্ট্রিক্ট লেবার কমিশনার, লেবার মিনিস্টার পর্যন্ত এই ডি.এ.কে ফ্রিজ করে দেওয়ার একটা প্রবণতা আজকে তৈরি হয়েছে। বিভিন্ন কলকারখানায় এই এগ্রিমেন্টের মাধ্যমে তাদের ডি.এ.কে বন্ধ করবার একটা চক্রান্ত আজকে এই সরকারের আমলে হয়েছে। আমি বলছি মাননীয় শ্রমমন্ত্রী শুনে রাখুন আজকেও ৩৫ টাকা রোজে শ্রমিকদের কাজ করানো হয যেখানে মিনিমাম মজুরি হচ্ছে ৪২টাকার উপরে। আমি একটা উদাহরণ দিচ্ছি, বাঁশবেড়িয়ায় ৩ হাজার শ্রমিককে ৩৫ টাকা মজুরি দিয়ে কাজ করানো হচ্ছে। সবত্রই চটকল ন্যূনতম মজুরি আইনকে ভঙ্গ করে শ্রমিকদের কাজ করানো হচ্ছে। যারা আজকে শ্রমিক আন্দোলনের ধারাবাহিকতার কথা বলেন, আজকে তাদেরই জমানায় শ্রমিকদের শোষণ করা হচ্ছে। আজকে য  া ৩ হাজাব টাকার উপরে মাসিক মাহিনা, তারা আজকে ই.এস.আই.-এর আওতার বাহিরে চলে গেছে, তাদের ই.এস.আই.-এর আওতার মধ্যে আনার ব্যাপারে এই সরকার সঠিক নীতি ঘোষণা করতে পারেন নি। এছাড়াও মাননীয় শ্রমমন্ত্রী আপনি জেনে রাখুন আজকে যে বিভিন্ন শ্রমিক আন্দোলন এবং এই শ্রমিক আন্দোলনের সঙ্গে যুক্ত যে বিভিন্ন ট্রেড ইউনিয়নগুলি আছে, তাদের নিয়ে কোনও বার্ষিক সভা, মাসিক সভা করেন নি, কিন্তু বিগত কংগ্রেস সরকারেব আমলে বিভিন্ন ট্রেড ইউনিয়নের নেতাদের নিয়ে তারা একটা কমিটি করে এবং আলোচনাব মধ্যে দিয়ে বহু প্রগতিশীল আইন প্রণয়ন তারা করেছেন। কিন্তু এই সরকারের আমলে ওনারা বলুন এই আই.এন.টি.ইউ.সি., এ.আই.টি.ইউ.সি. যারা আছে এদেরকে ডেকে কোনও বৈপ্লবিক আইন তৈরি তারা করছেন না। আজকে ওয়ার্ক সাসপেনসন একটা নতুন আইন করেছেন। যেহেতু লক-আউট আমরা বেআইনি ঘোষণা করেছিলাম। কংগ্রেস আমলের শ্রমমন্ত্রী গোপাল দাস নাগ মহাশয় এই লক-আউটকে বেআইনি ঘোষণা করেছিলেন। আর আজকে এই সরকারের আমলে ওয়ার্ক সাসপেনসনের নাম করে কারখানাগুলিকে একটা একটা করে বন্ধ করা হচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানাতে চাইছি আজকে পশ্চিমবাংলায় কারখানার মালিকদের বিরুদ্ধে পি.এফ. সংক্রান্ত কটা কেস আছে? ব্রেইলি গ্রুপ এবং টমাস ডাফ গ্রুপের কারখানাগুলোর

শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ড ই.এস.আই., গ্র্যাচুইটির সমস্ত টাকা মেরে দেওয়া হচ্ছে। শ্রমিকদের কাছ থেকে সরকারি কন্টিনজেন্ট লাইবিলিটিগুলো, ইলেকট্রিকের বিল, কর্পোরেশনের ট্যাক্স, মিউনিসিপ্যাল ট্যাক্স এবং অন্যান্য গভর্নমেন্ট ট্যাক্স কেটে নেওয়া হচ্ছে। আজকে এ রাজ্যে জুট মিলগুলো জুট ব্রোকাররা চালাচ্ছে। কন্ট্রাক্টে একজন ব্রোকার আসছেন ৬ মাস চালিয়ে চলে যাচ্ছেন , আবার একজন ব্রোকার আসছেন। এইভাবে জুট মিল চলছে। এরকম একটা ভয়াবহ অবস্থার মধ্যে পশ্চিমবাংলার শ্রমিক শ্রেণীর দিন কাটছে। শ্রমমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে আমি এই কথা বলছি—পশ্চিমবাংলার ই.এস.আই. মন্ত্রী এখানে উপস্থিত আছেন, উনি জানেন সরকারি নীতি হচ্ছে প্রতিটি ই.এস.আই. হাসপাতালে ট্রেড ইউনিয়ন সংগঠনের প্রতিনিধিদের নিয়ে একটা করে অ্যাডভাইসারি কমিটি গঠন করা। কিন্তু দুঃখের সঙ্গে আমাকে বলতে হচ্ছে, পশ্চিমবাংলায় ২/১টা ই.এস.আই. হাসপাতাল ছাড়া বেশির ভাগ ই.এস.আই. হাসপাতালে এই কমিটি নেই। ই.এস.আই. হাসপাতালগুলি ঠিকাদাররা চালাচ্ছে। অত্যন্তনিম্নমানের খাবার রুগীদের দেওয়া হচ্ছে। অথচ আমাদের এ কথা মনে রাখতে হবে যে, ই.এস.আই. হাসপাতালে রুগীরা কারও দয়ায় ভর্তি হয় না। এর জন্য তাদের মাইনে থেকে টাকা কাটা হয়। প্রতিটি ই.এস.আই. হাসপাতালে শ্রমিকরা বঞ্চনার শিকার হচ্ছে তারা সেখানে না পাচ্ছে খাবার, না আছে ওষুধ, এমন কি অনেক জায়গায় ডাক্তার নেই। বেশ কয়েকটি ই.এস.আই. হাসপাতালে ডাক্তারের পদ খালি রয়েছে। বেশিরভাগ ই.এস.আই. হাসপাতালে অ্যাম্বুলেন্স পর্যন্ত নেই। আমি একটা ই.এস.আই. হাসপাতালের অ্যাডভাইসারি কমিটিতে আই.এন.টি.ইউ.সি.-র প্রতিনিধি হিসাবে আছি। আমার অভিজ্ঞতা হচ্ছে, পশ্চিমবাংলার ই.এস.আই. হাসপাতালগুলোর অবস্থা অত্যন্ত ভয়াবহ। আজকে এখানে মাননীয় শ্রমমন্ত্রীর বাজেটের বিরোধিতা করে আমি আর একটা কথা বলতে চাই—যে সমস্ত শ্রমিকদের অর্ধাহারে, অনাহারে জীবন বিপন্ন এবং ইতিমধ্যেই যারা আত্মহত্যা করতে বাধ্য হয়েছেন, তাদের জন্য কোনও পেনশন স্কীমের কথা আমরা আজকে শ্রমমন্ত্রীর বাজেট বিবৃতির মধ্যে লক্ষ্য করছিনা। আমাদের কাছে খবর আছে, ইতিমধ্যে ৭০ জন শ্রমিক এ রাজ্যে আত্মহত্যা করতে বাধ্য হয়েছেন। অথচ আমরা লক্ষ্য করছি কৃষক ভাতা, বার্ধক্য ভাতা, বিধবা ভাতার মতো দুঃস্থ শ্রমিক ভাতার কোনও কথা এই বাজেটের মধ্যে লক্ষ্য করছি না। এক ভয়াবহ অবস্থায় পশ্চিমবাংলার শ্রমজীবী মানুষরা আতঙ্কের মধ্যে দিয়ে দিন কাটচ্ছেন। আজকে কোথাও চাকরির কোনও গ্যারান্টি নেই, নিরাপত্তা নেই। এমন কি ট্রেড ইউনিয়ন আন্দোলন করার অধিকার পর্যন্ত চলে যেতে বসেছে। আজকে মালিকরা শ্রমিকরা একতরফাভাবে চার্জ শিট দিচ্ছে, একতরফাভাবে ডিসমিস করছে। ডি.এল.সি., এ.এল.সি.-র কাছে দরবার করেও কোনও কন্সিলেশন পাওয়া যাচ্ছে না। এ ছাড়া পশ্চিমবাংলায় বেশ কয়েকটা শ্রম ট্রাইবুন্যাল কোর্ট আছে, কিন্তু মাননীয় শ্রমমন্ত্রী কি জানেন কয়েকটা ট্রাইবুন্যাল কোর্টে এখন পর্যন্ত কোনও হাকিম নেই? মাননীয় শ্রমমন্ত্রী কি জানেন কোনও ট্রাইবুনালেরই নির্দিষ্ট সময়ের মধ্যে মামলা শেষ হয় না। ১০/১২ বছর ধরে এক একটা মামলা চলে এই বামপন্থী জমানাতেও। তাই আমি এই বাজেটের বিরোধিতা করে পরিষ্কার বলতে চাই—যে সরকার নিজেদের শ্রমিকের সরকার হিসাবে দাবি করেন, যে সরকারের সর্ববৃহৎ দলের প্রতীক চিহ্ন কাস্তে, হাতুড়ি, তারা, সে রাজ্যে আজকে শ্রমিকদের হাতুড়ি দিয়ে পিটিয়ে হত্যা করা হচ্ছে, কাস্তে দিয়ে গলা কাটা হচ্ছে। সর্বত্র শ্রমিক শ্রেণী আতঙ্কে দিন কাটাচ্ছেন—কখন চাকরি যায়।

এ ছাড়া শিল্পায়নের নামে যেসব শিল্পপতিরা শ্রমমন্ত্রীর এবং জ্যোতিবাবুর দরবারে যাচ্ছে—ইন্ডাস্ট্রিয়াল স্টেটে জমি নিচ্ছে, আই.ডি.বি.আই.-র কাছ থেকে লোন নিচ্ছে, বিভিন্ন ফাইন্যান্সিয়াল অর্গানাইজেশনের কাছ থেকে লোন নিচ্ছে—একটা করে কারখানা কোনও রকমে চালু করেই ৬/৭ মাসের মধ্যে তা বন্ধ করে দিচ্ছে। ইতিপূর্বেই বেশ কিছু দৃষ্টান্ত আমরা রাজ্য সরকারের সামনে তুলে ধরেছি, কিন্তু রাজ্য সরকার আজ পর্যন্ত এদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেন নি। এখানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মিনিস্টার এবং শ্রমমন্ত্রী উপস্থিত আছেন। আমি তাদের কাছে বলছি, শ্রমমন্ত্রী ভোটের আগে আমাদের জেলায় গিয়েছিলেন ভোট কুড়তে এবং 'সেসরু' নিয়ে একটা মিটিং করেছিলেন। আমি মাননীয় শ্রমমন্ত্রীকে জিজ্ঞাসা করছি, হুগলি জেলায় এখন পর্যন্ত কতজন প্রার্থী সেলফ এমপ্লয়মেন্ট প্রোগ্রামে আপনাদের কাছে আবেদন জানিয়েছিল এবং তাদের মধ্যে কতজন লোন পেয়েছে? আপনি এ সম্বন্ধে কোনও বক্তব্য আপনার বাজেট বিবৃতির মধ্যে উল্লেখ করেন নি। আজ গোটা পশ্চিমবাংলা ভয়াবহ বেকারত্বের জ্বালায় জ্বলছে, অথচ সেলফ এমপ্লয়মেন্ট প্রোগ্রাম আজকে পশ্চিমবাংলায় সব চেয়ে বেশি মার খাচ্ছে। এই পরিস্থিতিতে আজকে আমি কংগ্রেসের আনা কাট মোশনকে সমর্থন করে, শ্রম দপ্তরের এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

## PRESENTATION OF REPORT

### 8th Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I now present the 8th Report of the Business Advisory Committee, as follows : -

| | | | | |
|---|---|---|---|---|
| 15-7-96 (Monday) | | Demand No. 69 | Power Department | ..4 hours |
| 17-7-96 (Wednesday) | (i) | The West Bengal Minorities Commission Bill, 1996 (Introduction, Consideration and Passing) | | .1 hour |
| | (ii) | Demand No. 41 | Scheduled Castes and Tribes and O.B.C. Welfare Department | 2 hours |
| | (iii) | Demand No. 73 | Cottage & Small Scale Industries Department | . 2 hours |
| 18-7-96 (Thursday) | (i) | Demand No. 7 | Land & Land Reforms Department | ... 2 hours |
| | (ii) | Demand No. 61 | | |
| | (iii) | Demand No. 62 | | |
| | (iv) | Demand No. 59 | Panchayat & Rural Development Department | ... 3 hours |
| | (v) | Demand No. 60 | | |
| | (vi) | Demand No. 63 | | |
| 19-7-96 (Friday) | (i) | Demand No. 57 | Co-operation Department | ...2 hours |
| | (ii) | Demand No. 38 | Information & Cultural Affairs Department | ... 2 hours |
| | (iii) | Demand No. 1 | Parliamentary Affairs Department | ... 1 hour |

[ 12th July, 1996 ]

| | | | |
|---|---|---|---|
| (iv) | Demand No. 3 | Home (Constitution & Elections) Department | ... 1 hour |
| (v) | Demand No. 4 | Judicial Department | ... 1 hour |
| (vi) | Demand No. 5 | Home (Constitution & Elections) Department | ... 1 hour |
| (vii) | Demand No. 6 | | |
| (viii) | Demand No. 8 | Finance (Taxation) Department | ... 1 hour |
| (ix) | Demand No. 9 | | |
| (x) | Demand No. 10 | Excise Department | ... 1 hour |
| (xi) | Demand No. 11 | Finance (Taxation) Department | ... 1 hour |
| (xii) | Demand No. 13 | | |
| (xiii) | Demand No. 14 | Finance (Audit) Department | .. 1 hour |
| (xiv) | Demand No. 16 | Finance (Budget) Department | ... 1 hour |
| (xv) | Demand No. 20 | Finance (Audit) Department | ... 1 hour |
| (xvi) | Demand No. 22 | Home (Jails) Department | ... 1 hour |
| (xvii) | Demand No. 27 | Home (Civil Defence) Department | ... 1 hour |
| (xviii) | Demand No. 28 | Finance (Audit) Department | ... 1 hour |
| (xix) | Demand No. 29 | Finance (Taxation) Department | .. 1 hour |
| (xx) | Demand No. 31 | Sport & Youth Services Department | ... 1 hour |
| (xxi) | Demand No. 42 | Social Welfare Department | ... 1 hour |
| (xxii) | Demand No. 43 | | |
| (xxiii) | Demand No. 44 | Relief Department | ... 1 hour |
| (xxiv) | Demand No. 46 | Finance (Taxation) Department | ... 1 hour |
| (xxv) | Demand No. 49 | Animal Resources Development | . 1 hour |
| (xxvi) | Demand No. 50 | Department | |
| (xxvii) | Demand No. 51 | Fisheries Department | ... 1 hour |
| (xxviii) | Demand No. 52 | Forest Department | ... 1 hour |
| (xxix) | Demand No. 64 | Hill Affairs Department | ... 1 hour |
| (xxx) | Demand No. 65 | Home (Poll-CR) Department | .. 1 hour |
| (xxxi) | Demand No 72 | Science (Poll-CR) Department | ... 1 hour |
| (xxxii) | Demand No. 82 | Environment Department | ... 1 hour |
| (xxxiii) | Demand No. 83 | Development & Planning (Dev.) Department | ... 1 hour |
| (xxxiv) | Demand No. 84 | Tourism Department | ... 1 hour |
| (xxxv) | Demand No. 85 | Development & Planning Department | ... 1 hour |
| (xxxvi) | Demand No. 89 | Environment Department | ... 1 hour |
| (xxxvii) | Demand No. 99 | Finance (Budget) Department | ... 1 hour |

**N.B. :** (i) There will be no Mention Cases on Thursday, the 18th July, 1996.

(ii) Programme of Business for 16th July, 1996 will remain unchanged.

I now request the Parliamentary Minister to move the motion for acceptance of the House.

**Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 8th Report of the B. A. Committe as presented in the House, be agreed to.

The motion was then put and agreed to.

[5-20 — 5-30 P.M.]

**শ্রী দেবব্রত ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, ১৯৯৬-৯৭ সালের শ্রম ও কর্ম নিয়োগ খাতে ব্যয়-বরাদ্দের যে প্রস্তাব উত্থাপিত হয়েছে তাকে সমর্থন করি এবং আমাদের বিরোধীদের আনীত কাট মোশনের বিরোধিতা করে আমি দু-চারটি কথা উপস্থাপিত করতে চাইছি। স্যার, আপনার জানা আছে, একটা সরকারের দৃষ্টিভঙ্গী নির্দিষ্ট অংশের মানুষের জন্য কি করতে চান তারই প্রতিফলন ঘটে তার বাজেটের মধ্যে দিয়ে। এখানে বাজেট প্রতিবেদন আমরা সবাই পড়েছি এবং আমাদের এটা জানা আছে যে, শ্রমিকেরা শ্রম বিক্রি করেন বেঁচে থাকার স্বার্থে। তার ক্ষেত্রগুলি আলাদা হতে পারে,—সে কৃষি ক্ষেত্র হতে পারে, অসংগঠিত কুটির শিল্পের ক্ষেত্র হতে পারে, বৃহৎ অর্গানাইজড ইন্ডাস্ট্রির হতে পারে। কিন্তু মূল বিষয় হচ্ছে, এই সমস্ত মজুরেরা শোষিত হন একটা পুঁজিবাদি ব্যবস্থার মধ্যে এবং বামফ্রন্টের মতো একটা সরকার এই ব্যবস্থার মধ্য থেকে শ্রমিকদের চাকরি, আর্থিক এবং সামাজিক নিরাপত্তার ক্ষেত্রে কি ভূমিকা গ্রহণ করতে পারছে সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে তা আমাদের বিশেষভাবে বিচার করে দেখার দরকার। কারণ আমরা এটা জানি, আমাদের দেশে যত ধরনের শ্রমিক আছে কৃষি শ্রমিকসহ যার মধ্যে কৃষি শ্রমিকের সংখ্যা সর্বাধিক, আমাদের রাজ্যের ক্ষেত্রে তো বটেই এবং আন-অর্গানাইজড যে সেক্টরগুলি আছে সেখানকার শ্রমিকেরা এখনও শ্রম আইনের আওতার বাইরে অবস্থান করছে। তাদের না আছে চাকরির নিরাপত্তা, না আছে তাদের চিকিৎসার ব্যবস্থা, না আছে তাদের ন্যূনতম বেতনের ব্যবস্থা। এটা আমরা সবাই জানি। আমরা যারা ইউনিয়ন করি বা বিরোধী দলের যারা ইউনিয়ন করেন তাদের জানাতে বাধা নেই বা অসুবিধা নেই, কার্যক্ষেত্রে এই ধরনের শ্রমিকদের সামনে এমন কোনও আইনগত ব্যবস্থা নেই যার দ্বারা তাদের নিজেদের অধিকার প্রতিষ্ঠিত করতে পারে। এবং এই কথা বলা অপ্রাসঙ্গিক হবে না। বিশেষত আমাদের বিরোধী দলের প্রধান বক্তা মাননীয় সুব্রত মুখার্জি যে বিষয়ের অবতারণা করেছেন, এটা একটা মৌলিক বিষয় যে আইন প্রণয়ন, এই সমস্ত বিপুল অংশের শ্রমিকের স্বার্থ রক্ষার ক্ষেত্রে আইন প্রণয়নের অধিকারি যারা, তাদের এই ব্যাপারে একটা উদাসিনতা কার্যত সারা দেশের এবং আমাদের রাজ্যের এই ধরনের অসংগঠিত শ্রমিক, আনঅর্গানাইজড সেক্টারের শ্রমিক, তাদের জীবনকে দুর্বিসহ করে দিচ্ছে। বিশেষ করে সর্বভারতীয় স্তরে যে আইন হবার কথা ছিল, যে সম্পর্কে মাননীয় সুব্রত মুখার্জি বিশেষভাবে জানেন যে আই. এল. ও.-তে ভারত সরকার যে কথা স্বীকার করেছিলেন, ভারতবর্ষের ক্ষেত্রে সেই আইন লাগু করা হয়নি। এর ফলে বলা যেতে পারে, আমাদের

রাজ্যের সর্বাধিক অংশের শ্রমিক, তাদের আইন কানুনের কোনও প্রটেক নেই। আমাদের দেখতে হবে, একটা বামপন্থী দৃষ্টিভঙ্গি সম্পন্ন সরকার, এই অংশের শ্রমিকদের জন্য কি করতে চাইছেন এবং তার জন্য বাজেট বরাদ্দের ক্ষেত্রে কত টাকা ধরেছেন এই দিয়ে নিরুপিত হবে। অসংগঠিত অংশের শ্রমিকদের স্বার্থে এই সরকার কাজ করতে ইচ্ছুক কি না, এটা শুধু বিধানসভায় বক্তৃতা দিয়ে করা যাবে না। আমি যদি নিচের অংশের শ্রমিকদের কথা ধরি, ওরা সবচেয়ে দুর্বলতর অংশ, ওদের মিনিমাম পে সর্ব ভারতীয় ক্ষেত্রে লাগু হবার কথা ছিল, কিন্তু সেটা হয়নি। বাজেট প্রতিবেদনে লিপিবদ্ধ হয়েছে যে আনঅর্গানাইজড সেক্টরে কতকগুলো শাখার ক্ষেত্রে আমাদের রাজ্যের ন্যূনতম বেতন বেঁধে দিয়েছে। বাকি অংশের জন্য ন্যূনতম বেতন বেঁধে দেবার চেষ্টা করা হচ্ছে। শুধু তাই নয়, এই সমস্ত ওয়ার্কাররা বছরের পর বছর ধরে যেখানে আজকে চিকিৎসা একটা মহার্ঘ বিষয় এবং অর্গানাইজড সেক্টারের শ্রমিকরা যেখানে চিকিৎসা ভাতা পায় এবং পরিবারের চিকিৎসা করাতে হিমসিম খাচ্ছে, সেখানে ই. এস. আই.এর বিস্তার ঘটানো এবং হাসপাতালগুলোকে সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা করা এবং ই. এস. আই.এর রুলস যা আছে তাকে পরিবর্তন করে একেবারে আনঅর্গানাইজড সেক্টারে কতজন শ্রমিককে তার আওতায় আনা যায় তার ব্যবস্থা করতে হবে। তার কারণ আমরা দেখেছি দুর্গাপুরে কন্ট্রাক্টার্স ওয়ার্কার, এমন কি ক্ষুদ্র শিল্পের শ্রমিকরা ই. এস. আই.এর আওতায় এসেছে। এই ধরনের আন অর্গানাইজড সেক্টারের ওয়ার্কাররা এর ফলে উপকৃত হয়েছে। এখানে বলা দরকার শ্রমিকদের জন্য শুধু ই. এস. আই. হাসপাতাল করে রাখলেই হবে না, এর সুষ্ঠু পরিচালন ব্যবস্থা থাকা দরকার। আমি আশা করি, নিশ্চয়ই বামফ্রন্ট সরকার এই বিষয়ে আরও গুরুত্ব দেবেন এবং এই বিষয়গুলো দেখবেন। ট্রেড ইউনিয়ন করার ক্ষেত্রে আমাদের বিরোধী বন্ধুরা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় ঘোরেন, তাঁদের ট্রেড ইউনিয়ন কাজের সঙ্গে বাস্তব অভিজ্ঞতা নেই এই কথা বলা উচিত নয়। কিন্তু এই কথা তাঁরা জানেন দিল্লি, হরিয়ানা এবং রাজস্থান কিংবা গুজরাটে যে শিল্প সম্প্রসারণের কথা বলছেন, সেখানে কি কোথাও শিল্প আইন লাগু আছে?

[5-30 — 5-40 P.M.]

যদি আপনাদের বাড়ির আশেপাশের কোনও বাঙালি যুবক সেইসব জায়গায় কাজ করতে গিয়ে থাকেন তাহলে তাদের কাছ থেকে খোঁজ নিলেই জানতে পারবেন যে মাত্র ১২শো থেকে ১৪শো টাকা তাদের বেতন দেওয়া হয় এবং নো ওয়ার্ক, নো পে এই সিস্টেমে তাদের চলতে হয়। তাদের কোনও ছুটি নেই এবং দৈনিক ১০ থেকে ১২ ঘন্টা পরিশ্রম করতে হয়। শ্রম আইন সেখানে লাগু হচ্ছে না। আপনারা ঐসব রাজ্যে অনেক শিল্প স্থাপন হচ্ছে বলে অনেক কথা বলেন কিন্তু খোঁজ নিলেই দেখবেন সেখানে শ্রম আইন লাগু হচ্ছে না, ১০-১২ ঘন্টা কাজ করানো হচ্ছে আর সংগঠন করা তো দূরস্ত। অপর দিকে পশ্চিমবঙ্গের শ্রম দপ্তর এখানে শ্রম আইন লাগু করার জন্য যে ঐকান্তিক প্রচেষ্টা নিয়েছেন সেটা কি আপনারা নস্যাৎ করতে পারেন? না, পারেন না। তবে একথা বলতে গিয়ে নিশ্চয় আমি এমন দাবি করছি না যে এখানে একেবারে সব কিছুই করে দেওয়া গিয়েছে, তা নয়, কিন্তু পশ্চিমবঙ্গের শ্রম দপ্তর তাদের ঐকান্তিক প্রয়াস নিয়ে শ্রমিকদের কল্যাণ করার চেষ্টা করছেন এবং সেইজন্যই সকলের এই বাজেটকে সমর্থন করা উচিত। যেখানে শ্রমিকরা শ্রম আইনের

সুযোগসুবিধা থেকে বঞ্চিত সেখানে কোন অথরিটি তাদের বাঁচাতে এগিয়ে আসবে? ন্যাচারালি স্টেট গভর্নমেন্টের শ্রম দপ্তর। এই রাজ্যের শ্রম দপ্তর সেই কাজই করছেন বলেই এই বাজেটকে আমি সমর্থন করছি। এই যে হাজার হাজার বিড়ি শ্রমিক, কি আছে তাদের? সারা জীবন তারা বিড়ি বেঁধেই চলবে। কিন্তু তাদের জন্য কোনও আইডেনটিটি কার্ডের আপনারা ব্যবস্থা করেছিলেন কি? তাদের কোনও পরিচয়পত্র ছিল কি যার উপর নির্ভর করে ট্রেড ইউনিয়নের ক্ষেত্রে তারা স্ট্রাগল করতে পারে? তাদের জন্য এসব করার কথা আপনাদের কখনও মনে হয়েছিল কি? না, হয়নি। আজ কিন্তু পশ্চিমবঙ্গের বিড়ি শ্রমিকরা আইডেনটিবি কার্ড পাচ্ছেন। সবাই পেয়ে গিয়েছেন একথা বলছি না কিন্তু সেই কাজ শুরু হয়েছে। এই আইডেনটিটি কার্ড তাদের স্বত্ত্বা প্রমাণ করে আইনের ক্ষেত্রে, বাস্তবে এবং সমাজজীবনে। আপনাদের সময় এরা চরমভাবে অবহেলিত ছিল। আমি এই বাজেটকে এইজন্যই সমর্থন করব তার কারণ, এই বামফ্রন্ট সরকারের আমলে শ্রমজীবী মানুষদের সবচেয়ে নিচের স্তরের অংশের মর্যাদা বেড়েছে, তারা তাদের নিজেদের সত্বা প্রমাণ করতে পারছে। এটা করার জন্য আমি শ্রম দপ্তরকে ধন্যবাদ জানাচ্ছি। তারপর স্যার, নতুন যেসব ইন্ডাস্ট্রি এসেছে কিম্বা পুরানো যেসব ইন্ডাস্ট্রির মর্ডানাইজেশন হচ্ছে এ ক্ষেত্রে বাস্তব সমস্যা যেটা দেখা দিচ্ছে সেটা হচ্ছে আমাদের রাজ্যের শ্রমিকরা কিম্বা শিক্ষিত ছেলেরা এই সমস্ত ইন্ডাস্ট্রির সঙ্গে নিজেদের অ্যাডজাস্ট করার ক্ষেত্রে অসুবিধা ভোগ করছেন। হ্যাঁ, পশ্চিমবঙ্গের শ্রম দপ্তর এ ব্যাপারে উদ্যোগ নিয়েছেন প্রশিক্ষণের জন্য। মর্ডানাইজেশন করলেই হবে না, মর্ডানাইজেশনের পরে কাজের ক্ষেত্রে যে নতুন একটা বিশেষ দৃষ্টিভঙ্গি, যোগ্যতা ও তৎপরতার প্রয়োজন প্রশিক্ষণের ব্যবস্থা যদি না থাকে তাহলে সেটা সুষ্ঠুভাবে হতে পারে না।

এই বাজেট প্রতিবেদনে দেখেছি যে ১০ হাজারের মতো এই ধরনের মানুষকে প্রশিক্ষণ দেবার ব্যবস্থা করা হয়েছে যেটা ভবিষ্যৎ পশ্চিমবাংলার ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্টের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করছে, এই বিষয়ে কোনও সন্দেহ নাই। কিন্তু সব চেয়ে বড় করে যেটা দেখা দিয়েছে সেটা হচ্ছে বিরোধী বন্ধুরা ব্যাঙ্গ করে আইন-শৃঙ্খলা ইত্যাদির কথা বলছেন। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার বলেছিলেন যে যদি শ্রমিক এবং মালিকের মধ্যে লড়াই হয় তাহলে সরকার শ্রমিকের পক্ষে থাকবে। তার থেকে বিন্দু মাত্র পদচ্যুতি ঘটেছে কি? আজকে নেগোশিয়েশনের মাধ্যমে যে ডিসপিউটগুলি সলভ হচ্ছে, এতে প্রো-ওয়ার্কিং ক্লাসের ইতিবাচক ভূমিকা যদি না থাকত তাহলে কি এটা সম্ভব হত? আজকে হাজার হাজার ডিসপিউট আলোচনার মাধ্যমে সলভ হচ্ছে। এই রকম গুরুত্বপূর্ণ বিষয়গুলির দিকে আমাদের আরও নজর দিতে হবে। আমরা বাজেট প্রতিবেদনে দেখেছি সেখানে অতীত বছরগুলির তুলনায় ইদানিংকালের যে হিসাব দেওয়া হয়েছে তাতে শ্রমদিবস নষ্টের পরিমাণ ক্রমশ কমে এসেছে। এটা খুব ছোট ব্যাপার নয়। এতে প্রো-ওয়ার্কিং ক্লাসের ভূমিকা না থাকলে, সমস্যা সমাধানে তাদের ঐকান্তিক আগ্রহ না থাকলে ম্যান ডে'স যেটা আগে নষ্ট হয়েছে তাকে কমিয়ে আনা সম্ভব হত না। একটা বিষয়ে আমি এখানে দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে পরিবেশ দূষণ সংক্রান্ত। ইতিমধ্যে কেউ কেউ এর গুরুত্বের কথা বলেছেন। আমি একথা বলতে চাই যে, সুপ্রীম কোর্টের রায়ে আমাদের রাজ্যের বহু শিল্প বন্ধ করে দেবার কথা হয়েছে। যে সমস্ত শিল্পগুলি তারা প্যাকেজ নিয়ে সুপ্রীম কোর্টে গেছে, সুপ্রীম কোর্ট একটা নির্দিষ্ট সময় বেঁধে দিয়েছে।

স্টেট পলিউশন কন্ট্রোল বোর্ডের এই ব্যাপারে মনিটারিং করা দরকার যে ঠিক সময়ে কাজটা হচ্ছে কিনা। কারণ পলিউশনের ফলে শ্রমজীবী মানুষের মধ্যে বিশেষ করে রেসপিরেটরি ট্রাকের যে রোগ, বা ক্যান্সার যে ভাবে বৃদ্ধি পাচ্ছে তাতে একটা ভীতিজনক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। কাজেই পলিউশন রোধের ব্যাপারে আমাদের রাজ্যে যে স্টেট পলিউশন কন্ট্রোল বোর্ড আছে তার আরও নজরদারি ব্যবস্থা রাখা দরকার। এই কথা বলে বাজেটকে সমর্থন জানিয়ে, বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Pankaj Banerjee :** Respected Speaker, Sir, I stand to oppose the Budget placed by Shri Santi Ghatak, Hon'ble Labour Minister in this august House and I do support the cut motions brought by the Congress Members. Sir, very humbly, through you, I will request Hon'ble Minister to ask his own conscience. Whether he has got any authority to place this Budget in this august House or not? Whether he has got his own credibility to place his Budget in this august House or not? Sir, just I will try to cite two examples. In one example perhaps you do remember that the Central Trade Union Leaders attached to Jute Industry. They gave a notice of strike to their department. The notice was submitted to the Hon'ble Labour Minister, Sir. But in practice, what did he see? The owners of the Jute Industry, the Leaders of the IJMA did not bother to reponse his calling. What did they do? Straightway they entered the chamber of the Chief Minister. But without any hesitation, without thinking this Labour Minister has invited disputed parties and immediately the dispute was solved provided they withdrawal the strike.

[5-40 — 5-50 P.M.]

On the second instance if you permit me Sir, through you I ask the Hon'ble minister just to remind of the fact that when Mr. Prafulla Chakraborty was on the movement of fast at Esplanade East why did he sit there? His only one demand was the welfare of the workers of Kanoria Jute Mill and the problems related to workmen. How the problem was solved? Mr. Prafulla Chakraborty was on fasting movement at Esplanade East for the cause of the workers but the Labour Minister did not feel like sending his person there to negotiate with him. The Chief Minister sent one of his officials. Mr. Sujit Poddar was sent by Mr. Jyoti Basu to negotiate with Mr. Prafulla Chakraborty and to request him to withdraw his fast protest. Sir, I am surprised, then what is the function of the Labour Minister of the State? If the Chief Minister comes forward and he invites IJMA leaders and the trade union leaders and he negotiates and solves the problem, if he sends his departmental official, one Mr. Sujit Poddar, to Mr. Prafulla Chakraborty and the problem can be solved then what is the purpos of being a

Labour Minister in the State? I feel very pity for him. He is just a tortoise. His work is like a tortoise. He comes to Writers Building at 10.00/10.30 A.M. He spends his time there and in the afternoon he goes home back with a happy mood. That is the duty of the Labour minister. Otherwise whatever he has said in his statement is far from the truth, Sir. Here he has claimed that the condition of the workmen and the labourers in the State has got a tremendous lift. Sir, on the contrary I want to submit to your goodself that this has become the haven of exploiters. If you go through the 'Labour in West Bengal' 1994—this book is printed by his department and distributed among us. What we see there? Very often it has become a culture of both ruling community and the opposition that very often we accuse the workmen that there is no work culture, this and that, but in the State of West Bengal, I will ask the Hon'ble Minister to go through the page no. 20 'Stirke and Lockout'. What we see? In 1990 there was no strike, in 1991 there was only one case of strike, in 1992 there were only two cases of strike, in 1993 there was no strike, in 1994 there were no strikes but during this period numbers of lock outs—in 1990 the numbers of lockouts were 17, in 1991 numbers of lockouts were 25, numbers of lockouts in 1992 were 31, in 1994 the numbers of lockouts were 8. So, here in the State of West Bengal work is being hampered, the workers are being mortgaged, the workers are starving, they are dying, they are committing suicide but not because of their fault. It's not that the workers are on strike, the workers are on disruption. It is not that the workers are not interested to produce. Here the workers are interested to produce, here the workers are work-interested, work oriented. Here the management, heads of institutions, the exploiters are responsible for disruption. They are exploiting the labourers. This is just one of the simple examples. If we look into the engineering industry what we see? From 1990, Sir if you permit me to show the other table the fate is same. Hon'ble minister, would you kindly go through your own book? In 1990 the number of strike was only 2, in 1991 it was five, in 1992 it was only 7, in 1993 it was only 2, in 1994 it was zero. On the contrary, the number of lockouts in 1990 was 32, in 1991 it was 32, in 1992 it was 34, in 1993 it was 119, 1994 it was 19, unfinished. Who is to be accused for this? Who is responsible for the suffering of the workmen in the State of West Bengal? It is the employers, not the employees. That is what I wanted to mean. Now if you see the rate of defaulters in the P.F., it is in his book only, Sir.

You will see that the state government concerns are defaulters, central government concerns are defaulters and of course, the private

enterprises are defaulters. But if the state government concerns are defaulters, if central government concerns are defaulters, how can you accuse the private enterprisers? They have got the practice of exploiting the workers. This providend fund money is not anybody's personal money. It has the share of the workers. They get their salary deducted to the tune of 8% of their basic salary and that money is supposed to be deposited, supposed to be donated, supposed to be contributed to the authority. But the management are cutting the money, they are taking it off, they are deducting to the tune of 8% of the basic salary of the workmen and that money is not being deposited, that money is being rolled and the interest is being taken by the management. What did the Minister or the Ministry of the Government itself do or tried to do to arrest these people? How many people were arrested? How many people or the employers were punished for this offence? Not even one. Sir, this government is claiming that they are the only caretaker of the workers of this state. Sir, the left parties are supposed to be the labour party. This is Labour budget. How many labour-lover MLAs are here? Now some of them are here. They are waiting because the MLA-bus would start after the House is over. But how many real workmen oriented people are here? That is the choice. That is the nature of this government. What they do they don't tell and what they tell they do not do it. That is the contradiction.

[5-50 — 6-00 P.M.]

Now, let me come to other chapter. Sir, what is happening? One after another industry is being closing down. Workers are retrenched. Now, let me cite one example that is also a unit run by the State Government. That is Krishna Glass and Silicate Works. They have two units–one at Jadavpur and the other at Baruipur. For the last four years the workers are not given their job. They are sitting idle. They are getting idle and you know you start giving dole. The workers' spirit and attitude are spoiled when they get salary without putting his labour. Never you can get work out of them. Their work attitude has reached the bottom for five years. These workers are sitting idle and next time what we see that in Krishna Glass this is the scenerio. Next to Krishna Glass & Slicate is the Sulekha Works the management of which has got some extra land within the periphery. Now they want to sell out that land at the market price. This is a prime land. So, they wanted to sell that prime land. the Unions did not allow to sell the prime land. So, the management declared a lock out. I would very humbly ask our Hon'ble Labour Minister–did he tried to get the owner arrested? Did he

sent the police machinery to take care of the employees who are retrenched for no fault of them? The third one is Bengal Lamp. So, now it has become a myth. Bengal Lamp was declared lock out in 1989. Today, this is 1996. Thousands of workers are not allowed to get in. There was a lock out notice. The management went off. The government, we thought, would be coming to help the workmen. Sir, I am very sorry to ask the Hon'ble Minister through your goodself, what did he do? Mr. Tapan Ray who was the owner is dead. Whatever money he has syphoned off in heaven or hell, I don't know. But the workmen are on the pavement. There is nobody to take care of them, there is nobody to hear them. There is nobody to give justice to them. Year after year crores of rupees and hundreds of crores of rupees will be granted in the budget and our Hon'ble Labour Minister will take pride. He will say, "I am taking the pleasure to announce and to seek for grant of 42 crores of rupees for the current years." These 42 crores of rupees will be paid for whom? For the welfare of the workmen? For the betterment of the working community? Or to pay wages and salaries of the departmental heads? The white elephants are to be taken care of. The department has to be taken care of. We are seeing that so many corrupted managements are there. What do they do? They come to the Department somehow or the other. I do not want to put any sort of blame to anybody. Sir, they come to his department, they get their concern as a sick unit. I don't know how they get it. The moment it is declared a sick unit they go to financial institutions saying that "You give me finance. Government has declared my unit as sick. Now, if you don't give me finance I will close the door of the unit." They go to the bank. They go to the financial institutions. Then the entire money is syphoned by them. They spend the money to build their houses to get their children educated abroad, to get their family promoted, to get their daily life more pleasurable and comfortable. But the common poor people for whom the financial institutions has released crores of rupees that money against syphoned of and the workers are still on the pavement, jobless and our Hon'ble Labour Minister every years is bringing out a thick booklet and distribute amongst us saying that crores of rupees will be sanctioned. But the poor people will be starving all days in and days out. Sir, not only that. There is another problem here. Sir, I will try to draw the attention of the Hon'ble labour Minister, through you, Sir, perhaps you know that there was one labour named Bhikari Paswan. He was inclined to Left Front oriented organisation. What was his fault? He was one of the motivated workers who tried to take forward a movement against the management of Kanoria Jute Mill. He was picked up by the police

official in the midnight and you know till date his body could not be recovered. The Hon'ble Labour Minister is here. Was it not the duty of the Labour Minister to go to the High Court and seek heabe as Corpus because he was a labour of this state who tried to fight agains the management. He was kidnapped at midnight by the police. May be police is a state government organ, but was it not the sacred duty o the Labour Minister to go and search out that person who had no othe offences but to fight against the management, against the employer' But nor our Hon'ble Labour Minister has neither taken any pain o any labour. He did not even spend a minutes' time to console his wife and members of his family. He ought to have apologised to the members of his family for kidnapping him at the midnight. But the Hon'ble labour Minister did not give protection to him or his family members Now he is seeking our consent to sanction crores of rupees for his Department. How can I sanction it? Sir, I oppose it tooth and nail and I do request the Hon'ble Labour Minister please try to stand in suppor of the labourers, please do not try to give the employers of the state a joy ride. They have taken a joy ride in the State of West Benga and it has become a heaven for the employers. With these words I oppose the budget and support all the cut motions brought by our party Thank you, Sir.

**শ্রী রঞ্জিৎ কুণ্ডু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী যে ব্যয়বরাদ্দ রেখেছেন শ্রম কর্ম নিয়োগ খাতে তাকে আমি সমর্থন জানিয়ে বিরোধীদের আনীত সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে দু'একটি কথা বলতে চাই। এটা ঠিকই যে পশ্চিমবাংলায় আমরা একটি আদর্শ শ্রমিক সম্পর্কের মধ্যে আছি এই দাবি আমরা করতে পারি না কিন্তু যে শ্রমিক সম্পর্কে এই রাজ্যে আছে সেটা গোটা দেশের সঙ্গে তুলনা করলে বুঝতে হবে যে বিশেষ অবস্থার উপরে এবং প্রেক্ষাপটের উপরে দাঁড়িয়ে এই আলোচনা করছি সেটাকে ভুলে গেলে কখনোই সঠিক কথা বলা যাবে না বা সঠিক খাতে তাকে প্রবাহিত করা যাবে না। আমি ধনাবাদ জানাই বিরোধী দলের মাননীয় সদস্য সুব্রত মুখার্জি মহাশয়কে, তিনি অন্তত একটি কথা স্বীকার করেছেন যে, গোটা দেশে যে নয়া অবস্থা তৈরি হয়ে গেছে তাতে নয়া শিল্পনীতির ফলে সেখানে একটা অসম প্রতিযোগিতার সামনে পড়ে গেল। গোটা শিল্প জগত একটা অসম প্রতিযোগিতার মধ্যে পড়ে গেল। সেখানে ক্ষুদ্র শিল্প পর্যন্তও ওই অবস্থাতে পড়ে গেছে সেখানে শিল্পের সঙ্কটের ফলে কলকারখানা বন্ধ হয়ে গেল, আমাদের রাজ্যে নয়, অন্য রাজ্যে বেশি হয়েছে এই জিনিসটা আজকে বিচার করতে হবে। সেখানে এই রাজ্যের সরকার শ্রমিক সাধারণের পক্ষে কতটা করতে পেরেছেন সেটা আজকে বিচারের বিষয়। আজকে পাট শিল্পের ক্ষেত্রে খুবই নৈরাজা চলছে ঠিকই, এই নৈরাজ্যজনক শিল্প সম্পর্কে বলতে গিয়ে বলতে হয় যে, এখানেও বেতন চুক্তি হয়, এখানে বেতন কাঠামো এই শিল্পের ক্ষেত্রে আগে ধরা ছিল না। অন্য রাজ্যে যে সুতাকল শিল্পগুলো আছে সেগুলোও পাট শিল্পের মতো কেন্দ্রীয় সরকারের নীতির ফলে শেষ হয়ে গেল। আজকে সুতা কলে এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে বেতন চুক্তির

কথা নিয়ে আলাপ-আলোচনা চলছে। আজকে আমরা ভরসা করি বেতন চুক্তির উপরে আজকে আক্রমণ ভয়ঙ্কর আকারে নেমে এসেছে, তার সামনে যদি বামফ্রন্ট সরকার না থাকত, যদি একটা শ্রমিক সাধারণের পক্ষের সরকার এই রাজ্যে না থাকত বা না বিরাজ করত তাহলে পাট শিল্পের ক্ষেত্রেও অবস্থা ঠিক মহারাষ্ট্র এবং বোম্বাই সুতাকল শিল্পের চেহারা নিত। আজকে বোম্বের সুতাকল শিল্পের অবস্থা কি—সেখানে সংগঠিত ক্ষেত্রে হ্যান্ডলুমগুলোতে পাওয়ারলুম চালু করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের এই দাওয়াই আমাদের সংগঠিত শিল্পের ক্ষেত্রেও ফেলতে চেয়েছিল। রাজীব গান্ধীর আমলে তিনি বলেছিলেন হ্যান্ডলুমগুলো উঠিয়ে দিয়ে পাওয়ার লুম চালু করতে চেয়েছিলেন। আমাদের রাজ্য সেটা করতে দেয়নি আমাদের পাট শিল্পের জন্য জে সি আই তৈরি করা হল, তাদের কাজ হচ্ছে যে, তারা একদিকে পাট চাষীদের রক্ষা করবে, আরেক দিকে ফাটকাবাজেরা যেভাবে পাটশিল্পকে চালাচ্ছে এবং মুনাফা লুঠছে সেটা নিয়ন্ত্রণ করবে। সেখানে আমরা দেখলাম ওই যে সি আইকে একেবারে ঠুটো জগন্নাথ করে বসিয়ে দেওয়া হয়েছে। পাট কেনার জন্য একটা পয়সাও দিচ্ছে না এবং তার পরিকাঠামো মেন্টেনও হচ্ছে না। ফলে আজকে ফাটকাবাজরাই এই শিল্পটা চালাচ্ছে। ইতিপূর্বে আর্থিক সংস্থাগুলো যে টাকা কেন্দ্রীয় সরকারকে দিয়েছে সেক্ষেত্রে রাজ্য সরকার সুপারিশ করেনি বলে ওই টাকা সাইফন আউট হয়ে গেল, ওই টাকা তুলে অন্য রাজ্যের শিল্পের কাজে লাগানো হল। এর ফলে পাট শিল্প ক্রমশ ধ্বংসের মুখে পড়তে লাগল এবং এখানে কোনও এমপ্লয়ার আর আসবে না। ফলে আনস্ক্রুপুলার কিছু শিল্পপতি লুঠেপুটে খাচ্ছে। তারপরে সুবিধা না হলেই তারা চলে যাচ্ছে। সুতরাং বেতন চুক্তি করতে হবে। পাট চাষীরা যাতে মার না খায় তারা যাতে ন্যায্য মূল্য পায় সেটা আমাদের দেখতে হবে।

[6-00 — 6-10 P.M.]

সুতাকল নিয়ে আমি আগেই বলেছি, গোটা দেশে গুটিয়ে যাচ্ছে। কিন্তু এখন দেখুন, কেন্দ্রীয় সরকারের যে সুতাকল এন. টি. সি. সেখানে তারা চুক্তি করে রক্ষা করছে। যেখানে কেন্দ্রীয় সরকার তাদের পরিচালিত যে কারখানা জুটশিল্প এন. জি. এম. সি. চুক্তি করল এই এই মানতে হবে, শ্রমিকরা মানলেন, ওরা টাকা দেবেন, টাকা দিলেন। এইভাবে বিভিন্ন শিল্পে আমরা দেখছি বি. আই. এফ. আর.এ যেগুলি পাঠানো হচ্ছে, বি. আই. এফ. আর. সেই শিল্পগুলিকে তুলে দেওয়ার জন্যই যেন হয়েছে। কিন্তু তারা যখন কোনও সময়ে সুপারিশ করেন, আর্থিক সংস্থাগুলি যারা আছে, ব্যাঙ্ক আছে, তারা কিন্তু সেই দায়-দায়িত্ব নিচ্ছে না, ফলে কারখানাগুলির অবস্থা খারাপ হয়ে যাচ্ছে। এটা গোটা শিল্প জগতের উপর প্রভাব পড়েছে। বেসরকারি মালিকানাধীন শিল্পগুলির উপরেও পড়েছে। আমরা দেখছি রাষ্ট্রায়ত্ত শিল্পগুলি থেকে লক্ষ লক্ষ শ্রমিক বেরিয়ে যাচ্ছে। রিনিউয়াল ফান্ড-এর নামে কিছু টাকা দেওয়া হল, আসলে কম্পালসারি, স্বেচ্ছা অবসর-এর নামে ৭০ হাজার কেন্দ্রীয় সরকারি সংস্থা থেকে মানুষ বেরিয়ে গেলেন, সেখানে ১২ শত কোটি টাকা খরচ করা হল। এই টাকা দিয়ে যদি তাদেরকে শিক্ষিত করা হত বা কাজের ব্যবস্থার জন্য নতুন শিল্প কার হত বা এই টাকার একটা অংশ রাজ্য সরকারগুলিকে দিত, আমাদের রাজ্য সরকারকে দিত, তারা ঐ টাকা দিয়ে অনেক শিল্প বাঁচাতে পারত, এইসব তারা করলেন না। এই অবস্থার উপর দাঁড়িয়ে আমি

সংগঠিত শিল্পের কথা বলতে চাই, এই রাজ্যে ওয়াগন শিল্প ধ্বংস হতে বসেছে। এই ব্যাপারে আমাদের রাজ্যের শ্রমমন্ত্রী কি করবেন। কেন্দ্রীয় সরকারের কারখানা সেখানে তারা গ্র্যাচুইটি দিচ্ছেন না, ফলে যারা প্রাইভেট মালিক তারাও সেই গ্র্যাচুইটির টাকা দেয় না, এক্ষেত্রে কি তাদের ঐ ব্যাপারে বলার কোনও নৈতিক অধিকার আছে? আজকে কেন্দ্রীয় সরকার ওয়াগানের বরাত এখানে দিচ্ছে না, বার বার করে এই ব্যাপারে বলা হলেও মুখ্যমন্ত্রী চিঠি দিলেন, কিন্তু তারা ওয়াগান শিল্পকে বাঁচাবার জন্য সরকারের শিল্পকে বাঁচাবার জন্য তাদের কোনও প্রচেষ্টা নেই। তাহলে এখানে শিল্পগুলি থাকবে কি করে? এটা বেসরকারি মালিকদের উপরেও প্রভাব ফেলছে, ফলে তারাও বেরিয়ে যাচ্ছে। দিল্লি থেকে এইটা নিয়ন্ত্রণ না হলে এটা নিয়ন্ত্রণ করা খুব কঠিন। আমি চটশিল্পের সঙ্গে যুক্ত আছি, চটশিল্পে পি. এফ. বাকি, সেখানে কি করবে কেন্দ্রীয় আইন, কি আছে সেখানে, মালিকরা যদি কোর্টে দাঁড়িয়ে কিস্তি স্বীকার করে আসে, কিস্তি হয়ে গেল, সেখানে কোম্পানি আইনে যা আছে, তাতে চটকল মালিক, ডাইরেক্টর বোর্ড এদের খুঁজে পাওয়া যায় না। সেখানে সামন করা হলে তাকে খুঁজে পাওয়া যায়, তাঁকে ধরে আনতে হবে, তখন সে কোর্টে দাঁড়িয়ে বলে কিছু দিচ্ছে, কিস্তি দিচ্ছে, ২ বার দিচ্ছে, তারপরে ফেইল হয়ে যাচ্ছে। আইনটা যদি ঠিকমতন না থাকে সেখানে শ্রমমন্ত্রী কি করবেন। যদি কোনও মালিককে মন্ত্রী ডাকেন, এবং সেখানে সেই মালিক ইচ্ছা করলে নাও আসতে পারে, কিছু করার নেই, এইগুলি বাধ্য করতে হলে আইনটা করতে হবে। আমি এখানে অসংগঠিতদের কথা বলব, অসংগঠিতদের ক্ষেত্রে শ্রমজীবী মানুষের জন্য কাজ হয়েছে। কিছু ন্যূনতম মজুরি, নতুন করে কিছু কিছু ক্ষেত্রে করেছেন। দেখা যাচ্ছে, ইট ভাটার মালিক এটা চাচ্ছেন, অন্য একটা মালিক সে কোর্টে যাচ্ছে. কিছু কিছু ক্ষেত্রে হয়েছে। আমাদের আশঙ্কা আছে, মালিকরা কোর্টে যাবে, কিন্তু আমি অনুরোধ করব কোর্টে গেলেও এইগুলি করুক, অন্তত পক্ষে শ্রমিকরা একটা আশা পাবে, একটা দাবি নিয়ে জোর করতে পারবে, তাতে এই রাজ্যে যে আবহাওয়া আছে তাতে তারা কিছু আদায় করতে পারবে।

এখানে কথা হচ্ছে যে বি. আই. এফ. আর কি ভূমিকা পালন করছে। ডানবার কটন মিল, সেখানে একজন প্রোমোটার গেলেন, তাকে বলা হল, ১৬ কোটি টাকা তোমাকে যোগাড় করতে হবে, তারপর তোমাকে দায়িত্ব নিতে হবে। পরের বার যখন গেলেন, তখন বলা হল ১৬ কোটি টাকাতে হবে না, ৩০ কোটি টাকা লাগবে। সেই পুরোনো শিল্পকে কি এত টাকা খরচ করে কেউ নেবে। আজকে সামাজিক সুরক্ষার প্রশ্নে কেন্দ্রীয় সরকার কিছু করেনি। আমাদের এখানে কিছু করা উচিত ছিল এবং আমাদের এই ব্যাপারে ভাবা উচিত ছিল। এই কথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে, ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডিমাণ্ড নম্বর ৩৯-এর অধীনে শ্রমমন্ত্রী মহাশয় আজকে যে বাজেট উত্থাপন করেছেন আমি সম্পূর্ণভাবে তার বিরোধিতা করছি এবং আনীত কাট মোশনগুলো শ্রমিকদের স্বার্থে সমর্থন করছি। আজকে বিরোধিতা করছি এই কারণে এই ডিপার্টমেন্টটা প্রো-লেবার না হয়ে পশ্চিমবাংলায় গত ১৯ বছর ধরে প্রো-ম্যানেজমেন্ট হয়ে গেছে। আমার অল্প সময়, আমি বিস্তারিত তথ্য দিতে পারব না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করব, আপনার বাজেট ভাষণে যদি প্রো-লেবার কথাবার্তা

থাকত তাহলে ভালো হত। লেবার কমিশনারের কাছে শ্রমিকস্বার্থ বিরোধী যে সমস্ত কেস পেণ্ডিং আছে সেইসব ব্যাপারে আপনি কি স্টেপ নিয়েছেন সেটা বললে এই লেবার বাজেট সমর্থন করতে পারতাম। ডিস্ট্রিকটের ক্ষেত্রে এ. এল. সি-রা প্রো-লেবার কাজ করছেন। লেবার ডিসপিউট যেগুলো রেইজ করেছে মিনিস্টিল, সুগার মিল, কটন মিল এইসবের ক্ষেত্রে যে ডিসপিউটগুলো দেখা দিয়েছে সেগুলো এ. এল. সি কিভাবে দেখছেন। আজকে হাজার হাজার কেস পেণ্ডিং আছে, সেকথা আপনার বাজেটে উল্লেখ নেই। কারণ এই সরকারের লেবার বাজেট স্পিচ প্রো-লেবার নেই। ই. এস. আই. শ্রমিকদের কোটি কোটি টাকা জমা দেওয়া হচ্ছে না, বাজেট ভাষণে মন্ত্রী মহাশয় সেই সম্বন্ধে একটা রেকমেণ্ডেশন রাখতে পারতেন। একটা সিম্পল ইমপ্রিজনমেন্টের ব্যবস্থা করতে পারতেন। একটা রিগোরিয়াস ব্যবস্থা করতে পারতেন দশ বছরের জন্য। যদি আপনি এই পানিশমেন্টের ব্যবস্থা করতে পারতেন তাহলে বুঝতাম এটা একটা প্রো-লেবার বাজেট। আজকে পশ্চিমবাংলায় দেখছি, সিটুকে করছে কিনা জানিনা, এন.এল.সি.সি. আই. এন. টি. ইউ. সি এই সমস্ত ইউনিয়নের সদস্যদের ম্যানেজমেন্ট ডি. আর. এস-এর ভয় দেখাচ্ছে, ম্যানেজমেন্ট ফোর্স অ্যাপ্লাই করছে, ভয় দেখাচ্ছে, ব্যাঙ্গালোরে ট্রান্সফার করে দেব, মাদ্রাজে ট্রান্সফার করে দেব। লিটন কোম্পানিতে ৪০ পারসেন্ট এমপ্লয়ি কমিয়ে দেওয়া হয়েছে। আগে যেখানে ৯৫০ জন এমপ্লয়ি ছিল, আজকে সেখানে ৪৫০ এমপ্লয়ি দাঁড়িয়েছে। আজকে পশ্চিমবাংলায় নতুন কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারছেন না। অথচ ভি. আর-এসের নাম করে ম্যানেজমেন্ট ফোর্স করছে, এটাকে কনডেম করার কথা যদি বাজেট ভাষণের মধ্যে থাকত তাহলে এই বাজেট ভাষণকে সমর্থন করতে পারতাম। আজকে লেবারদের সম্বন্ধে কোনও কথা এই ভাষণের মধ্যে নেই। আজকে লেবার ম্যানডেস লস সম্বন্ধে কোন কথা বাজেটের মধ্যে নেই। আপনি বাজেট ভাষণের পঞ্চম পাতায় শিল্প সম্পর্কে বলতে গিয়ে আত্মতুষ্টিতে ভুগছেন।

[6-10 – 6-20 P.M.]

আমি মাননীয় মন্ত্রীকে একটা এক্সপ্ল্যানেশন দিচ্ছি। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন নাম্বার অব ম্যানডেজ লস্ট .............. ১৯৮০তে আপনাদের জামানায় পশ্চিমবঙ্গে ম্যানডেজ লস্ট ছিল ৬১ লক্ষ ৮ হাজার। আর আজকে ১৯৯২তে সেটা কমতে কমতে দাঁড়ালো ২শো ৯১ লক্ষ ৪ হাজার। ৯৩ সালে ১শো ৯৫ লক্ষ ম্যানডেজ লস্ট। আপনি ওইটা কিন্তু উহ্য করে গেলেন। আপনি যে আত্মতুষ্টিতে ভুগছেন। ম্যানডেজ লস্ট ক্রমশ কমছে। শিল্পে শান্তি। আমি বলি শিল্পে আজকে শ্মশান হয়ে গেছে। নতুন শিল্প নেই। লে-অফ, রিট্রেঞ্চমেন্ট, ক্লোজার, জুট মিল ক্লোজার ................ সেগুলো হিসাব করে বলি। আপনি পাঁচ এর পাতায় যে কথাটা বলেছেন "যে ম্যানডেজ লস্টের পরিমাণে আমি শান্তিতে আছি। আপনার শান্তি শ্মশানের শান্তি। ম্যানেজমেন্টের শান্তি। লেবারদের শান্তি নয়। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনাকে অনুরোধ করছি। আজকে সিউড়ি মিনিস্ট্রেল বন্ধ হয়ে গেল। কি কারণে বলবেন না। বীরভূমে ভারী শিল্প হল না। এই বন্ধ শিল্প খুলবার জন্য কোনও চেষ্টা করেছেন? মালিক পক্ষকে ডেকে কোনও ওয়ার্নিং দিয়েছেন। ধমকেছেন? হাজার হাজার শ্রমিক ডাইরেক্টলি, ইনডাইরেক্টলি এখানে করে খেত সেটা বন্ধ হয়ে গেছে। কটন মিল, ময়ূরাক্ষী কটন মিল ........... একই অবস্থা। আপনি একটার কথাও এখানে উল্লেখ করেন নি। বন্ধ শিল্প যেগুলো আছে তার

কোনও নাম উল্লেখ নেই। আপনি একটা মুখোশের আড়ালে লেবারদের পক্ষে কাঁদুনি, লেবারদের ভোট পেয়ে যান রিগিং করে। লেবারদের ভোট আপনি পান না। শিল্প এলাকায় ঘুরে দেখুন আপনাদের রেজাল্ট। আজকে লেবাররা বুঝে গেছে। আপনারা প্রো-লেবার নন আপনারা প্রো-ম্যানেজমেন্ট। ওনলি ফর ইলেকশন কনট্রিবিউশন আপনারা ম্যানেজমেন্টের এগেনস্টে যেতে পারেন না। আমি এই বাজেট ভাষণের বিরোধিতা করতে গিয়ে মাননীয় মন্ত্রী শ্রীমতী ছায়া বেরাকে আমি কিছু সাজেশন দেব। আপনার স্বনির্ভর প্রকল্প ............... আপনি আত্মসন্তুষ্টিতে ভুগছেন। লক্ষ লক্ষ কেস ব্যাঙ্কে পেনডিং রয়েছে। আপনি তো ফরওয়ার্ড করে দিচ্ছেন। আপনি একটা সেল তৈরি করুন। যে সেলটা এটা পারস্যু করবে, একটা মনিটরিং করবে। এই যে বেকার ছেলেদের চাকরি দিতে পারছেন না। নতুন ইণ্ডাস্ট্রি হচ্ছে না। নতুন কর্মসংস্থান হচ্ছে না। ডে বাই ডে এক্সচেঞ্জে যেখানে আজকে ৫৫ লক্ষ রেজিস্টার্ড আছে। রেজিস্ট্রি করেনি এরকম ১০/১৫ লক্ষ খুঁজে পাবেন। সেখানে স্বনির্ভর প্রকল্প অন্তর দিয়ে করুন। ছেড়ে দিলেন, ফরোয়ার্ড করে দিলেন, ব্যাঙ্কে পাঠিয়ে দিলেন এবার ব্যাঙ্ক পারস্যু করল না। কেন্দ্রের ঘাড়ে দোষ চাপাবেন। হোয়াটস ইওর সিন্সিয়ারিটি। আপনার ডিপার্টমেন্ট ইউজলেস। আপনার ডিপার্টমেন্টের দরকার কি? শ্রমবিরোধী ডিপার্টমেন্ট নিয়ে শান্তি বাবু বসে আছেন। আর বেকার বিরোধী ডিপার্টমেন্ট নিয়ে বসে আছেন। কাঁদুনী গাইছেন যে স্বনির্ভর প্রকল্প আমি ১ লক্ষ ৩৫ হাজার ফরোয়ার্ড করে দিয়েছি। কিন্তু ১ লক্ষ ৩৫ হাজারের মধ্যে মাত্র ১০ হাজার ইমপ্লিমেন্ট হয়েছে। বাকি ১ লক্ষ ২৫ হাজার এখনও ব্যাঙ্কের দরজায় ঘুরতে ঘুরতে বেকারদের জুতোর শুকতলা ক্ষয়ে গেল। সেটা কি আপনি খবর রাখেন? মাননীয় মন্ত্রী আপনার কাছে আমার সাজেশন একটা স্পেশ্যাল সেল তৈরি করুন টু মনিটর দিস। আর স্বনির্ভর প্রকল্পের আমি কোনও সমালোচনা করছিনা। কিন্তু একটু লক্ষ্য রাখবেন কলটা যেন সিরিয়ালি পায়। পলিটিকাল প্রেসারে পড়ে ............. ১৯৮৯তে রেজিস্টার্ড হয়ে বসে আছে তারা কল পাচ্ছে না আর ৯৪তে নাম রেজিস্ট্রি করেছে, তার নাম কলে চলে গেল। এটা একটু লক্ষ্য রাখবেন। আপনাকে পলাশী সম্বন্ধে একটা কথা বলি। বংশবাবু আছেন। পলাশী সুগার মিল আজকে খৈতানরা নেওয়ার পর সেখানে ৪ মাস ধরে শ্রমিকরা মাইনে পাচ্ছে না। এই ডিপার্টমেন্ট কি কোনও নোটিশ করেছে? ম্যানেজমেন্টকে ভয় খায়। খৈতানদের কাছ থেকে প্রচুর ইলেকশন তহবিল নিয়ে নিয়েছেন। সেখানে চাষীরা ২৭/২৮ লক্ষ টাকা ম্যানেজমেন্টের কাছে পায়। কোনও নোটিশ নেই। আমোদপুর সুগারমিলেরও একই অবস্থা। যক্ষ্মা রোগীর মতো ভুগছে। চাষীরা টাকা পাচ্ছে না। সেখানে সীজনাল ওয়ার্কাররা পেমেন্ট পাচ্ছে না কিন্তু কোনও চেষ্টা নেই। টাকা বরাদ্দ করতে হবে। এই জন্য এই প্রো ম্যানেজমেন্ট বাজেটকে আমি সমর্থন করতে পারলাম না।

**श्री लगन देव सिंह** : माननीय डिपुटी स्पिकर सर, सबसे पहले हमारे माननीय लेवर मिनिस्टर ने जो बजेट हाउस के सामने पेश किए है मै उस बजेट का समर्थन कर रहा हुँ। इसके पहले जितने भी कांग्रेसी बक्ता ने जो बक्तृता आपके सामने रखे है और जो संशोधनी रखे है मै उसका बिरोधिता करता हुँ। सुब्रत मुखार्जी महोदय माननीय सदस्य ने केन्द्रीय सरकार के जो रवैअ है, बिसतरह से केन्द्रीय रवैया मजदुर

**बिरोधी है इन सब बातो को सदन के सामने रखो है। इसके बाद भी सुनिति बाबु और अन्य बक्ताओ का सुर कुछ अलग ही है। साथ ही पिछले चुनाव के पहले की बात है आप उस समय सरकार से थे ओर्डिनेन्स को लेकर जिस तरह से तक सारे** ट्रेड इउनियन बिरोध कर रहे थे। उस समय आपलोगों की जवान बन्द था। आज खुब मजदुरों के हित की बात कर रहे है। आज पुरे हिन्दुस्तान के केन्द्रीय ट्रेड युनियन ने बिरोधिता किए। हर लोगोंने बिरोधिता किए मगर कांग्रेस का रवैया साथ नही रहा। हमारी सरकार ने हमारे माननीय श्रम मंन्त्री ने इस संसोधनी को लेकर विभिन्न ट्रेड युनियनो ने सी० आइ० टी० यु० ने लागातार दवाव दिया। मजदुरो के हित के लिए हमारी सरकार सदा चौकस रही है और रहेगी।

मै इस बात से सहमत हुँ कि मजदुरों के हित के लिए कुछ एमेन्डमेन्ट की आवश्यकता है। मजदुरो के सामने अभी भी बहुत सारी परेशानियाँ है, इसे सुविधाजनक करने की आवश्यकता है। साथ ही आइ० एस० आइ० और पी० एफ० हड़पेन की बात रामजन्म माँझि और अन्य लोगों ने किए है। चटकल मजदुरों की जो समस्या की बात कहे। मै कहना चाहता हुँ कि कानुनों की जो बंशि है उसका नाजायज फायदा चटकल मिल के मालिक सक्रिय रुप से ले रहे है। राज्य सरकार की क्षमता की सीमा आप जानते है। इसके साथ ही मै यह कहना चाहुगां कि पुरे हिन्दुस्तान की जो परिस्थिति है, देश की जो इण्डास्ट्रीयलाइजेशन की जो दलमुल नीति है उसके अनुसार राज्य के अन्दर मजदुरों की हित मै समझता हुँ अन्य जगहों की तुलना मे बेहतर है। मजदुरों की हित मे अनेक काम हो रहे है। एक कहावत है एक बाल्टी ठण्डा पानी मे एक लोटा गरम पानी मिलाने मे भी बाल्टी का पानी ठण्डा ही रह जाता है। पुरे देश मे, खासककर दिल्लि मे प्रायः आपलोगो की सरकार रही है। इन्डास्ट्रायलाइजेशन की गलत नीति के कारण मजदुरो की रोटी छिन लिए। आज जब पुरे देश मे चार लाख कल-कारखाने बन्द हो गये हैं। जहां तक पश्चिम बंगाल की बात है यहाँ भी इम्पुट की आवश्यकता है। मै आपसे जानना चाहता हुँ पश्चिम बंगाल मे भी आपकी सरकार थी, दिल्लि मे सरकार थी उन दिनों अपलोगों ने क्या किए थे ये जग जाहिर है। और अब जब लोगों ने अपलोगों को टुकराने लगा है तो मजदुरो के दर्द की बात करने लगे है यह आप लोगों के मुँह मे शेभा नही देता है। अपलोग जैसे बोल रहे है कि पुष्प विमान मे वर्षा कर जितने भी समस्या है एक मिनट मे समाप्त हो जाएगा। सबसे आश्चर्य की बात है आज आपलोग मजदुरों के हितैशी कैसे हो गए। हमेशा तो मालिको का पक्ष करते रहे हैं।

**इसके साथ ही मै माननीय मंन्त्री का ध्यान दिलाना चाहुँगा हमारे जिले के अन्दर, कलकत्ता जिले के अन्दर मे कुछ समस्याएँ है। कई कल-कारखाने बन्द है।**

[6-20 — 6-30 P.M.]

हमारे जिले के अन्दर रिमिंगटन एवं कई अन्य कारखाने बन्द हो गए है और कई कल-कारखाने बन्द के वगार पर हैं। इसे और ध्यान देने की आवश्यकता है। मै माननीय श्रम मंन्त्री से अनुरोध करता हुँ कि वो पहल कर श्रमिक संगठन हो उनसे सम्पर्क करे जिससे की कल-कारखाना बन्द न हो एवं मिल मालिको पर भी दबाव डाला जाए जिससे की उचित समझोता हो सके। हमारे प्रायः सभी बन्धु संगठित मजदुरों के समस्याओ के बारे मे बोले है लेकिन कोई भी असंगठित मजदुरों के प्रति एक शब्द नही बोल रहे हैं। असंगठित मजदुरों के लिए राज्य सरकार कुछ प्रयास किए है। उन्हे और नजर देने की आवश्यकता है। यहाँ संगठित मजदुरो को एक मिनिमम रोज, मिनिमम कुछ सुविधाए दिया जा रहा है। मगर अभी भी अब्यवस्थित मजदुर असंगठित मजदुर है उनकी हालत काफि दयनीय है। आज भी वो वदतर जिन्देगी जी रहे है। उन्हे मालिक के भरोसे पर रहना पड़ता है। उनकी आवाज सुनने वाला कोई बिल लाने के बारे मे जाए जिससे इनकी जरुरी आवश्यकता की पुर्ति हो सके। पुरे देश मे उनके लिए एक मिनिमम वेज की आवश्यकता है। वड़े शर्म की रात है कि आज भी उनकी काम की कोई गारन्टी नही है। उन्हे जो सिक्युरिटी नही मिल रहा है। पी० एफ० और मेडिकल की बात तो दुर है। उनका जव एक्सीडेन्ट करे। और कौशिश की जा रही है उनको साथ लेकर कुछ कौशिश करे। मै माननीय मंन्त्री से अनुरोध करता हुँ कि असंगठित मजदुरों को संगठित करने का बिचार करे और आने वाले दिनो मे पहल करे ताकि समस्या का निदान किया जा सके। तथा क्षतिपुर्ण की भि आवश्यकता है। जैसे देखा जाता है एक मोटिया मजदुरो मजदुर किसी कारण यदि उसका एक्सीडेन्ट हो जाता है तो उसके इलाज और उसके परिवार के सामने भुखमरनी की समस्या आ जाती है।

इसके साथ ही मै कहना चाहता हुँ ई० एस० आई० प्रबन्धान के बारे मे सुब्रत बाबु ने जैसा कहा कि सुविधा नही मिलती है, सुबिधा मिलती है। राहत दिया जाता है। मगर आज भी ऐसी परिस्थिति है कि पुरा लाभ मजदुरों को नही मिल रहा है। मगर आपलोग जिस तरह का आरोप इ० एस० आई० पर लगा रहे यह सभी बात ठीक नह्मी है। इसके साथ ही मिल के जो मजदुर है उसका पैसा पड़ा है और

मिल मालिक मजदुरों की उपेक्षा कर गुप-चुप तरीके से मिल को को-अपरेटिव के माध्यम से चलाना चाहते है, इसका विरोध करना जरुरी है और विरोध की आवश्यकता है। साथ ही लेवर वेल्फेयर बान्ड के बारे मे मै माननीय मंन्त्री से कहना चाहुगां कि जो-छोटे मोटे मिल है और मिल मालिक उसकी बन्द करने पर तुले है और बन्द कर चुके है मिल मजदुर के श्रमिक संगठन आगे बड़कर कां-आपरेटिव एवं सरकार के महयोग से चलाना चाहते है उन्हे अवसर दिया जाए। और उसके तैयार माल को बेचने की सुविधा किया जाए।

एक रात और पिछले दिनो हावड़ा जिले के हादुरिया गांव मे २३ मजदुर पटाका रनाते ममय मारे गए। इमके विरुद्ध सरकार कदम उठा रही है वहाँ इन्सपेक्शन किया है। और मिल मालिकों के विरुद्ध केस हुआ हैं। मगर इसतरह के जो कारखाने इल्लीगल रुप मे अभी भी चलाए जा रहे है, इसके विरुद्ध कदम उठाते हुए, ऐसे कारखानों को बन्द कराने का मै माननीय मंन्त्री से अनुरोध करता हुँ। ताकि भविष्य मे एसी वीभिषिका से बचा जा सके। एही बात कहते हुए, इस बजट का समर्थन करते हुए मै अपनी बात खत्म करता हुँ।

**শ্রীমতী ছায়া বেরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমাদের আজকের যে বাজেট বরাদ্দ তার সমর্থনে আমার সীমাবদ্ধ সময়ের মধ্যে আমি যে শাখাগুলি দেখি, সেই তিনটে শাখার মধ্যে আমার বক্তব্য তুলে ধরতে চাইছি মাননীয় সদস্যদের সমর্থনের আশায়। আমি প্রথমে বিরোধী দলের সদস্যদের আনা সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য রাখতে চাই। সময় যেহেতু সীমাবদ্ধ, সেইজন্য আমি প্রথমেই ছাঁটাই প্রস্তাবের উত্তরগুলি বলে দিতে চাইছি, পরে সময় থাকলে অন্য কথায় যাব।

বজবজ বিধানসভায় একটি নতুন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ না করার জন্য সরকারি ব্যর্থতা বলে মাননীয় অশোকদেব যেটা বলেছেন, আমি এই ব্যর্থতা অস্বীকার করে বলছি—মাননীয় সদস্য হয়ত জানেন না, নতুন এসেছেন, বা জেনেও হয়ত বা বলছেন বিধানসভা ভিত্তিক কোনও এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ করার কোনও পরিকল্পনা এখনও পর্যন্ত আমাদের নেই। আমাদের যা আছে, মহকুমা ভিত্তিক। যে মহকুমা বড়, বা যে মহকুমায় লোকসংখ্যা বেশি, সেখানে একাধিক এক্সচেঞ্জ আছে। কিন্তু বিধানসভা ভিত্তিক এক্সচেঞ্জ কোথাও করিনি। এর জন্যই আমি এটার বিরোধিতা করছি।

বাকি যে ছাঁটাই প্রস্তাবগুলো এনেছেন, তার প্রায় বেশিরভাগই একই রকমের রাজ্যের ভয়াবহ বেকার সমস্যা সমাধানের ব্যর্থতা। এটা অস্বীকার করছি এই কারণে যে, আপনারা মনে হয় পশ্চিমবঙ্গকে একটা দ্বীপের মতো ভাবছেন। হয়ত ভাবছেন ১৯ বছরে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের থেকে গ্রামগঞ্জে বিরাট পরিবর্তন এনেছি। যে পরিবর্তনের জন্য এক্ষেত্রে অন্যরকম কিছু ভাবছেন। তাই আমরা সেই ভাবনার দিকে একটা আঘাত হানতে চাইছি।

এখন বিশ্বায়ন, গ্লোবালাইজেশন-এর কথা ভীষণ ভাবে উঠেছে। এই বিশ্বায়নের কথায় যেখানে বিশ্বের আলোকে ভারতবর্ষকে দেখছি, তেমনি ভারতবর্ষের আলোকে পশ্চিমবঙ্গ রাজ্যকে দেখতে হবে। সেইজন্য আমি মাননীয় সদস্যদের এটুকু বলতে চাই যে, আমাদের যে কর্ম বিনিয়োগ বা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর বিভাগটা আছে, তার দায়িত্ব ঠিক চাকরিটা দিয়ে দেওয়া নয়, বা চাকরির শূন্যপদ সৃষ্টি করার বিষয় নয়, আমাদের দেশের বেকার যুবসমাজ যারা নাম নথিভুক্ত করেন, তাদের চাকরির সংবাদ, আইন অনুযায়ী সেই ভ্যাকান্সির খবর তাদের কাছে প্রেরণ করে, যাতে তারা সমস্ত সুযোগটা সঠিক ভাবে ব্যবহার করতে পারে। আমাদের কর্ম বিনিয়োগ কেন্দ্র থেকেও কিছু কাজ পাচ্ছে। এক্ষেত্রে বলতে গিয়ে বিশ্বের কথা আনছি। আপনারা জানেন, আই. এল. ও., আন্তর্জাতিক শ্রম সংস্থা, তারা সম্প্রতি একটি রিপোর্ট বের করেছে, ওয়ার্লড এমপ্লয়মেন্ট-'৯৫, তাতে বলা হয়েছে ১৯৯৪-এর শেষে বিশ্বের বেকারত্বের পরিমাণ বৃদ্ধি পেয়েছে আগের সমস্ত রেকর্ডকে ভেঙে দিয়ে। তার ব্যাখ্যাও সেখানে আছে। বলছে, নব নব প্রকৌশলগত আবিষ্কার আজকের যুব সমাজের উপর বিরাট আঘাত আনছে। আমরা দেখছি বেকার তৈরি হয়ে যাচ্ছে। এটা আই. এল. ও. রিপোর্টে আছে। আবার দেখুন, সম্প্রতি দিল্লিতে প্রকাশ পেয়েছে আন্তর্জাতিক শ্রম সংস্থা, ইউ. এন. ডি. পি.—রিপোর্ট। তারা ইণ্ডিয়ার উপর রিপোর্ট তৈরি করেছে রিফর্মস লেবার পলিসিস, তার মধ্যে ভারতবর্ষ সম্পর্কে বলছে, More than 60% of the employees in the organised sector are potentialy redundant.

[6-30 – 6-40 P.M.]

তাঁরা একথা বলছেন এবং রিপোর্টে দেখবেন, ভারতবর্ষের বেকার সমস্যা মেটাবার জন্য তাঁরা অনেক কিছু উপদেশ দিয়েছেন। কিন্তু বেতন ভোগী যে কর্মচারী তার সংখ্যার জটিল বিন্যাস, সেই বিন্যাস কিন্তু ঐ রিপোর্টে কোন কিছু দেখাতে পারেন নি। আজকে বিশ্বে যেখানে ১২ পারসেন্ট বলছেন, যারা শিল্পে অনেক উন্নত দেশ তাদের ১২ পারসেন্ট নয়। ১৫ পারসেন্ট বেকার আজকে জাপানের মতো শিল্পোন্নত দেশে। সেই জাপানের মতো শিল্পোন্নত দেশে সাড়ে ৩ কোটি বেকার ছাড়িয়ে গেছে। যার জন্য জাপান আজকে বিব্রত বোধ করছে। সেখানে ভারতবর্ষের ক্ষেত্রে কি হচ্ছে। ভারতবর্ষের পূর্বতন যে সরকার সেই সরকার যে নীতি গ্রহণ করেছিলেন সেই নীতির জন্য আজকে আমাদের এই অবস্থা। সেখানে এই প্রকৌশল বলুন বা শিল্পে অর্থনৈতিক সংকট বলুন বা অর্থনৈতিক সংকট মেটাবার জন্যই বলুন, যেন-তেন প্রকারেন বৈদেশিক লগ্নি অর্জনের জন্য তাঁরা চেষ্টা করছেন। ফলে আমরা বেকার সমস্যা মেটাবার দিকে তাদের সুষ্ঠ কোনও পরিকল্পনা নিতে দেখিনি। ক্রমশ ক্রমশ বিশ্বায়নের যে নীতি আজকে ভারতবর্ষের পূর্বতন সরকার গ্রহণ করেছেন তার সবচেয়ে বড় আঘাত যুব-সমাজের ঘাড়ে এসে পড়েছে। মাননীয় সদস্য সুব্রতবাবু এখানে বললেন, ৫৪ লক্ষের উপর নথিভুক্ত বেকার আর চাকরি পেয়েছে ৭ হাজার ৮৮২ জন। আমি সদস্যদের অবগতির জন্য বলতে চাই, ভারতবর্ষের অন্য কোনও রাজ্যের সঙ্গে পশ্চিমবাংলার তুলনা করবেন না। কেন করবেন না? ভারত সরকার অ্যাক্ট তৈরি করেছিলেন, এমপ্লয়মেন্ট একচেঞ্জ থেকে নাম নিয়ে চাকরি দিতে হবে। অ্যাক্ট তৈরি হওয়ার পর আপনারা দেখেছেন, প্রথম প্রথম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম নিয়ে সরকারি চাকরিতে লোক নেওয়া হত। শুধু তাই নয়, সেন্ট্রাল

গভর্নমেন্টের অফিসেও এই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে লোক নেওয়া হত। কিন্তু আজকে দেখা যাচ্ছে। ভারত সরকার তার গুরুত্ব কমিয়ে দিয়েছেন। আজকে রেলওয়ে সার্ভিস কমিশন, স্টাফ সিলেকশন কমিশন, ব্যাঙ্কিং রিক্রুটমেন্ট বোর্ড, মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন প্রভৃতি হয়েছে। এছাড়াও রাজ্য সরকারের এবং কেন্দ্রীয় সরকারের পাবলিক সার্ভিস কমিশন। জীবন-বিমা নিগম, সাধারণ বিমা নিগম এই রকম সংস্থাগুলো নিজেরাই বিজ্ঞাপন দিয়ে লোক নিচ্ছে। তাহলে চাকরি কোথায় হবে? সেই জন্য এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে বেশি সংখ্যক লোককে চাকরি দেওয়া যাচ্ছে না। আজকে পাবলিক সেকটরের ক্ষেত্রে যে আইন আছে, তাতে আমরা তাদের এ ব্যাপারে বাধ্য করতে পারি না। এই রকমই কারখানার ক্ষেত্রে। এক্ষেত্রে কিছু বললে দেখা যাবে তারা হয়ত পুঁজি অন্যত্র নিয়ে যাবে। এক্ষেত্রে আমাদের কিছুই করার নেই। আমাদের এ বিষয়ে যে আইন আছে তাতে বলা হয়েছে, যদি ২৫ জনের বেশি লোক কোনও কারখানায় বা পাবলিক সেক্টরে কাজ করে তাহলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে জানাতে হবে। কিন্তু তারা যদি এক্সচেঞ্জকে নাও জানায় তাহলে আমাদের কিছুই করার নেই। ভারতবর্ষের অন্যান্য যেকোনও রাজ্যের তুলনায় আমাদের এখানে বেশি শিক্ষিত বেকার নাম নথিভুক্ত করায়। আমাদের রাজ্য ছাড়া অন্য কোথায় এটা হয়না। বিশ্বের আজকে আই. এল. ও.-র যে রিপোর্ট আছে সেখানে ৩১৮ কোটি মানুষ তাদের মধ্যে যারা ১৫ থেকে ৬৪ বছর বয়স পর্যন্ত কাজ করতে পারেন এই রকম ৩১৮ কোটি জনের মধ্যে ২৪৭ কোটি লোক কাজ পান বাকি কাজ পায়না। কিন্তু ঐ ২৪৭ কোটির মধ্যে আবার দেখবেন একটা অংশ হচ্ছে ছদ্মবেশী বেকার। কেন ছদ্মবেশী বেকার? যোগ্যতা অনুযায়ী কাজ পান না, তাই তারা বেকার কাজের জন্য বসে থাকেন, তাই আমাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে তারা আসেন প্রতি বছর কাজের প্রার্থীর জন্য। কেউ হয়ত প্রাইভেট কারখানায় কাজ করছেন, কেউ হয়ত ব্যবসা করছেন ভালোভাবে এবং তার সংসার চালাচ্ছেন। তারাও এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম কাটান না সরকারি চাকরি বা লেখা পড়ার মান অনুযায়ী চাকরি বা স্থায়ী চাকরির জন্য। যিনি স্কুল মাস্টার তিনি আশা করেন প্রফেসার হবেন। এই রকম বহু মানুষ আছেন যাঁরা নাম কাটান না, ফলে এই লিস্টটা লম্বা হয়ে যাচ্ছে। এই জায়গায় কি ভাবে কি করা যায় সে ব্যাপারে আপনাদের পরামর্শ পেলে ভালো হত, তা না করে আপনারা কেবল সমালোচনাই করেছেন। এই অবস্থায় দাঁড়িয়ে আমি কখনই বলব না যে আমরা ব্যর্থ হয়েছি। কর্মপ্রার্থীদের ক্ষেত্রেও আমরা সেই ভাবেই দৃষ্টি দিয়ে থাকি। আপনাদের যদি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের ব্যাপারে নির্দিষ্ট অভিযোগ থাকে তাহলে আমরা নিশ্চয় তদন্ত করে অনুসন্ধান করে অপরাধীদের শাস্তি দেবার ব্যবস্থা করব। কর্মবিনিয়োগ কেন্দ্রে সেই রকম প্রার্থী নেই বলেই আমি মনে করি। আরেকটা ব্যাপার হচ্ছে ই. এস. আই. যেটা আগে অনেক মাননীয় সদস্যই বলেছেন, আমি ই. এস. আই. প্রসঙ্গে পরে বলছি। স্বনিযুক্তি প্রকল্পের ব্যাপারে আপনারা জানেন, সেসরু প্রকল্প নিয়ে মাননীয় সদস্য তাপস ব্যানার্জি আলোচনা করেছেন, তবে আমার মনে হয় উনি বইটা ভালো করে পড়েন নি, পড়লে উনি দেখতে পেতেন ওই বইয়ের ১৩ পাতায় ৪৩ অনুচ্ছেদে আমরা সেসরু প্রকল্প সম্বন্ধে বলেছি। সেসরু প্রকল্পে কত জন কত টাকা পেয়েছেন পুরো পরিসংখ্যান দিয়ে আমি সভাকে আর ভারাক্রান্ত করতে চাই না। বইটা পড়েননি বলেই আপনি এই কথা বলছেন। কিন্তু বইতে উল্লেখ করা আছে ২০০ কোটি টাকার মতো আমরা ব্যয় করেছি, এটা ঘটনা। যে কথা সুনীতি বাবু এবং অন্যান্য সদস্যরা

বলেছেন, ব্যাঙ্ক এবং অন্যান্য অর্থনৈতিক সংস্থার একটা বাধা আছে। প্রাক্তন কেন্দ্রীয় সরকার একটা সার্কুলার দিয়েছিলেন ব্যাঙ্ক যদি লাভজনক না হয় তাহলে সেই ব্যাঙ্ককে অন্য বড় ব্যাঙ্কের সাথে মার্জ করে দেবেন। গ্রামাঞ্চলে লাভজনক ব্যাঙ্ক হবে না। আগে গরিব মানুষ লোন পেতেন না, কিন্তু আজকে আপনারা দেখবেন ব্যাঙ্কগুলি থেকে লোন দেওয়া হয়েছে। তবে এ ক্ষেত্রে একটা সমস্যা আছে। যারা এই ব্যাঙ্ক থেকে লোন নেন সেই লোন মেম্বাররা জোটবদ্ধভাবে শোধ করেন না, ফলে ব্যাঙ্ক বা অর্থলগ্নি সংস্থাগুলি আর লোন দিতে চাইবে না। লোন শোধ করার ক্ষেত্রে মাননীয় সদস্যরা আমাদের সাথে সহযোগিতা করুন। আপনারা যে যে এলাকায় আছেন তাঁরা সেই সেই এলাকার লোন মেম্বারদের যদি বোঝান যে তোমরা যে সুযোগ পাচ্ছ, এই সুযোগ অন্য বেকারদের দেওয়ার ব্যাপারে তোমাদের একটা সামাজিক দায়িত্ব আছে। এই ব্যাপারটা যদি আপনারা যাঁরা জন্য প্রতিনিধি আছেন, তাঁরা আন্তরিকভাবে চেষ্টা করেন তাহলে এই বেকাররা ব্যাঙ্ক থেকে লোন পাওয়ার ক্ষেত্রে বঞ্চিত হবে না। আমরা এই জায়গায় আপনাদের সহযোগিতা কামনা করি। আমাদের বামফ্রন্ট সরকার বেকার সমস্যা মেটানোর জন্য জনসাধারণকে নিয়ে কাজ করে। জনসাধারণের অসুবিধার কথা আমরা জানি। আজকে সবচেয়ে বড় আঘাত আসছে যুব সমাজের উপর। সেই কর্তব্য পালনের জন্য স্বনির্ভর স্বনিযুক্তি প্রকল্পের উপর জোর দেওয়া হয়েছে। এর উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। কাজেই আগামী দিনে আপনাদের পরামর্শ পেলে ভালো হয়, আমরা আশা করি না বিরোধী দল মানে শুধুই বিরোধিতা করবেন। আমার শেষ কথা হচ্ছে ই. এস. আই. নিয়ে। ই. এস. আই. নিয়ে মাননীয় সদস্য সুব্রত মুখার্জি কামারহাটি হাসপাতাল ও মানিকতলা হাসপাতাল সম্বন্ধে বলেছেন। আরও বলেছেন বজবজে হাসপাতালটির অবস্থার কথা। আমি নিশ্চয়ই দেখব, সেখানে কিছু কিছু জিনিসের ঘাটতি নিশ্চয়ই আছে। কেউ কেউ অভিযোগ করেছেন চিকিৎসার ব্যাপারে, চিকিৎসকদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছি, সাসপেণ্ডও করা হয়েছে।

[6-40 – 6-50 P.M.]

আমাদের এখনও অনেক চিকিৎসক নেওয়া বাকি আছে। নেওয়ার কাজ চলছে; পি. এস. সি.তে ইন্টারভিউ চলছে। আমরা আগস্ট মাসের মধ্যেই সব জায়গায় স্পেশ্যালিস্ট ডাক্তার এবং সাধারণ (জেনারেল) ডাক্তার দিতে পারব। অন্যান্য কর্মীও দিতে পারব। আমরা শ্রমিকদের কিছু বেশি মেডিক্যাল বেনিফিট দিতে চাই। তার জন্য আমাদের চিন্তা-ভাবনা এবং প্রচেষ্টা আছে। সে চেষ্টাকে পূরণ করার জন্য, সে চিন্তা ভাবনাকে রূপায়ণের জন্য আমরা যেমন আমাদের সরকার পক্ষের সদস্যাদের সহযোগিতা কামনা করছি, তেমন বিরোধীদের সহযোগিতাও কামনা করে সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে, আমাদের বাজেট প্রস্তাবের প্রতি আপনাদের সকলের সমর্থন আশা করছি। ধন্যবাদ।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয় এবং মাননীয় সদস্যগণ, আমি প্রথমেই আমার সহকর্মী শ্রীমতী ছায়া বেরাকে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। যে সময় সম্বন্ধে এই আলোচনা চলছে সেই সময়ের মূলত ই. এস. আই. এবং এমপ্লয়মেন্ট সংক্রান্ত ত্রুটি-বিচ্যুতির সমস্ত সমালোচনাই আমার পাওনা। তা সত্ত্বেও উনি যেভাবে সুচিন্তিত জবাব দিলেন তার জন্য ওঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি।

এই বাজেট মূলত শ্রম দপ্তরের বাজেট। এর সঙ্গে জড়িত আছে ই. এস. আই. এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এবং টেকনিক্যাল এডুকেশন। এখন এখানে যদি শিল্প-টিল্পকে টেনে আনা হয় তাহলে আলোচনায় অসুবিধা হয়। শিল্পে শ্রমিকদের ভূমিকা আছে ঠিকই। কিন্তু সেটা শিল্প হবার পরে। শিল্প হলে—তারপর শ্রমিকদের ভূমিকা আছে। যাই হোক সে শিল্প করার নিশ্চয়ই চেষ্টা হচ্ছে। কিন্তু যে ধরণের জবাব বিরোধী বন্ধুরা চাইছেন, সে ধরনের আমার কাছ থেকে পাবেননা।

দ্বিতীয় কথা হচ্ছে, আমি সুব্রতবাবুকে ধন্যবাদ জানাচ্ছি। উনি বলেছেন, কতগুলো আইন-কানুন করা দরকার। আমিও তাই বলছি। কিন্তু মুশকিল হচ্ছে সেই আইন-কানুনগুলো করবে কে? লেবার ইজ্ এ কন্‌কারেন্ট সাবজেক্ট। আইন-কানুন এখানে যাই হোক না কেন, দিল্লি পাশ না করলে হবেনা। একটা উদাহরণ দিই—সুব্রতবাবুকে মনে করিয়ে দিই—যে, আমরা এই বিধানসভায় একটা বিল পাশ করেছিলাম, "পেমেন্ট অব ওয়েজেস অ্যাক্ট।" আমাদের ওয়েজেস সিলিং হচ্ছে ১৬০০ টাকা। ১৬০০ টাকা পর্যন্ত যাদের মাইনে তারা মাইনে না পেলে গভর্নমেন্ট অ্যাক্ট নিতে পারে। ১৬০০ টাকার ওপর হয়ে গেলে আর অ্যাকশন নিতে পারে না। আমরা এটা তুলে দেবার জন্য বিল পাস করি। কিন্তু সেই বিল ক্রমাগত আমাদের কাছে ফিরে আসে। ওঁরা বলেন, "তোমরা এটা করছ কেন, আমরা বুঝতে পারছিনা! এর দ্বারা বেশি মাইনের লোকেদের উপকার হবে।" এ রকম আরও কতকগুলো ছোট-খাটো ব্যাপার নিয়ে বিল ফিরে আসে। তবে অনেকদিন পলে দিল্লি সিক্রেট অ্যাক্ট অনুমোদন করেছে। আমরা রুলস তৈরি করেছি। আমি আশা করছি ইনফ্রাস্ট্রাকচার তৈরির পরে আমরা অ্যাক্ট কার্যকর করতে পারব। রুলস তৈরির আগে আমরা সকলের মতামত চেয়েছিলাম এবং দু'বার টাইম এক্সটেন করেছিলাম। কিন্তু সুব্রতবাবুরা মতামত দেবার সময় পান নি। ওঁদের সংগঠনের কোনও মতামত পাইনি—লাষ্ট ডেট ওভার হয়ে গেছে। এখন আমাদের কাজ করতে হবে।

আমি এখানে আর কয়েকটা কথা বলব। সব কথা বলার মতো সময় নেই। এমন কিছু কিছু বিষয় এখানে মেনশন করা হয়েছে, সে সম্বন্ধে আমি বলব যে, আমার বাজেট স্পিচ এবং 'লেবার ইন ওয়েস্ট বেঙ্গল'—এই দুটো পড়ে দেখবেন। কাট মোশনে যে ধরনের সমালোচনা করা হয়েছে তার কাউন্টার ফোর্সকে ডিফেণ্ড করতে আমাদের ফিগার দেওয়া আছে। সে সব ফিগার আমি এখানে পুনরায় উল্লেখ করতে চাই না। দ্বিতীয় কথা হচ্ছে, এটা সকলেই জানেন—ট্রেড ইউনিয়ন যারা করেন তারা জানেন প্রভিডেন্ট ফাণ্ড এবং ই. এস. আই-এটা রাজ্য সরকারের সরাসরি এক্তিয়ারভুক্ত নয়, আর. পি. এফ. আছে। তারা টাকা দিলে আমাদের কাছে অভিযোগ আসে অনেকের টাকা জমা হচ্ছে না। তখন ওদের নাড়া দিতে হয়। তারা এফ. আই. আর করলে তখন পুলিশ পাঠাবো এবং আরেস্ট করবো। এখন অ্যারেস্ট করার সঙ্গে সঙ্গে কোর্টে যায়। কোর্ট আইন অনুযায়ী ইন্সটলমেন্ট দিয়ে দেন অথবা জামিন দিয়ে দেন। রিকভারি—আণ্ডার দি পাবলিক রিকভারি অ্যাক্ট অনুযায়ী তারা আমাদের কাছে জাজেস চেয়েছিলেন। আমরা জাজ দিয়েছি। তা সত্ত্বেও কেস এগুচ্ছে না। এখন অ্যাডভোকেট কি মামলা করলেন না করলেন সেটা আমাদের এক্তিয়ারভুক্ত নয়। সিমিলারলি ই. এস. আইয়ের এই টাকাগুলি কেন্দ্রীয় সরকারের কনসোলিডেটেড ফাণ্ডে চলে যায়। এখন

তারা কোথায় ইনভেস্ট করবেন সে ব্যাপারে স্টেট গভর্নমেন্টের কোনও কথা বলার অধিক নেই। সে মহারাষ্ট্রেই হোক, কি ওয়েস্ট বেঙ্গলেই হোক। উল্টে খবর পাই। অনেক জায়গ ইনভেস্ট বেশি হয়, কারণ ইনটারেস্ট চার্জ বেশি নাকি। এ ব্যাপারে চিঠি লিখেছিলাম। কোথ যেন বাঁধা হচ্ছিলো, সেই বাঁধার জন্য নাকি পি. এফের টাকা দেবে। এতে আমরা আপ করলাম। চিফ মিনিস্টারও আপত্তি করলেন। সুতরাং এটাই হচ্ছে আমাদের ব্যবস্থা। আমাে প্রভিডেন্ট ফাণ্ডের একটা নিয়ম আছে। প্রতি বছর ওয়ার্কারদের পি. এফ. অ্যাকাউন্টে টা দিতে হবে। যখন তারা টাকা দেয় না এবং সেই অভিযোগ যখন পাই তখন অনুসন্ধান ক তাদের চাপ দিই। এমন কি ওর এক্তিয়ারভুক্ত যারা তারা ইন্সটলমেন্ট সরাসরি দেয়। আমাে জিজ্ঞাসা করে না এই কোম্পানি ইন্সটলমেন্টে টাকা দেবে কি দেবে না—বোথ পি. এ অ্যাণ্ড ই. এস. আই. কর্পোরেশন। সেন্ট্রাল গভর্ণমেন্ট পয়সা দেয় না। এখনও দেয় না। কি সমস্ত কনট্রোলই হচ্ছে তাদের। ওয়ার্কাররা পয়সা দিচ্ছে, এমপ্লয়াররা পয়সা দিচ্ছে অ সেন্ট্রাল গভর্নমেন্ট কনট্রিবিউট করে না, কনট্রোল করে। ই. এস. আই ওয়ান-এইটথ পয় দিচ্ছে। আমরা পয়সা দিচ্ছি। যে কেসগুলো হচ্ছে, যতগুলি পারি মেটাবার চেষ্টা করছি কিছুটা ইমপ্রুভ হয়েছে, আরও ইমপ্রুভ হবে আপনাদের সহযোগিতা থাকলে, যে উদ্বে আপনারা প্রকাশ করলেন। আমাদের ট্রেড-ইউনিয়ন উইংসও ভালভাবে কাজ করতে পারে এখন অন্যান্য কয়েকটি কথা বলি। সুলেখা (সোদপুর) ৩১-১২-৮৯ তারিখে সাসপেনশন অ ওয়ার্ক হয়েছিল। ২-১-৯০ তারিখে সেটেলমেন্ট টার্মস হয়ে গেল লেবার ডিপার্টমেন্ট এব শ্রমিক মিলিতভাবে। ২৯-২-৯০ তারিখে মালিকপক্ষ সেটেলমেন্ট অপারেট করেনি। মালি পক্ষ নানা কায়দা করে জমি বিক্রি করার চেষ্টা করে। মালিকের আসল যে উদ্দেশ্য ছি সেটা আমরা অ্যালাউ করিনি। গভর্নমেন্টের যে পলিসি আছে তাতে অ্যালাউ করিনি। ব্যাপকভা শ্রমিক ছাঁটাই করতে চেয়েছিল। বিভিন্ন ইউনিয়ন জড়িত আছে। তারা রাজি হননি। তারপ বেঙ্গর ল্যাম্প বি. আই. এফ. আরে আছে। কৃষ্ণা গ্লাসের ব্যাপারে একটা স্কীম তৈরি হয়েছে আমি আশা করছি, কিছু দিনের মধ্যে স্কীম অনুযায়ী কৃষ্ণা গ্লাস নতুন করে চালু হয়ে যাবে কৃষ্ণাগ্লাস ফ্যাক্টরি আপনারা অনেকেই দেখেছেন। আমি ২৫-৩০ বছর আগে থেকেই জানি সেই গ্লাস ফ্যাক্টরির কোথায় কি অবস্থা, না অবস্থা সবই আমার জানা আছে। সুতরাং এে ঢালাওভাবে সাজিয়ে ব্যবস্থা না করলে হবে না। সেই স্কীম চালু হয়ে যাবে কিছু দিনে মধ্যেই। তারপর আর একটি কথা সুনীতিবাবু বলেছেন, সেটা হচ্ছে পুরুলিয়া স্টিলের ব্যাপারে এটা উইনডিং-আপের অর্ডার হয়ে গেছে বি. আই. আরে। প্রবলেম হচ্ছে, সিক্ ইণ্ডাস্ট্রি ১৭৮টি কেস বি. আই. এফ. আরে আছে ওয়েস্ট বেঙ্গল থেকে। তারমধ্যে লার্জ নাম্বার অব উইণ্ডিং-আপ করে দিয়েছে অথবা প্যাকেজ অ্যাকসেপ্ট করেনি বা ঐ কমন ডিভিডেন্ট সবা পাবে না। যেমন, বেস্ট এ্যাগজাম্পেল হচ্ছে, সেন্ট্রাল ক্যালকাটায় বেলেঘাটার পটারি কারখানা শেষ পর্যন্ত তুলে দিল। এইরকম অনেক আছে। টি-গার্ডেন-নর্থ দিনাজপুরে জমি হচ্ছে এগ্রিকালচার ডিপার্টমেন্টের, টি-গার্ডেনের জমি নয়।

[6-50 – 7-00 P.M.]

আনারস চাষ হতো। তারা আস্তে আস্তে টি গার্ডেন করে ফেলেছে এবং সেখানে আইনগত বাধা আছে। তার ফলে ল্যাণ্ডের ক্লিয়ারেন্স তারা পাচ্ছে না। তা সত্ত্বেও তার

বাগান করছে। যখন আমাদেরও সুবিধা হচ্ছে, আমরা যেন আইনগত ইণ্ডাস্ট্রিয়াল ডিসপিউট হিসাবে নিচ্ছি, মালিকরা তখনই আইন দেখাচ্ছে যে এটাকে ইণ্ডাস্ট্রিয়্যাল ডিসপিউট হিসাবে নিচ্ছে কেন? আণ্ডার দি ফ্যাক্টরি অ্যাক্ট এটা আসে না। আমরা শ্রমিকদের বলেছি যে তা সত্ত্বেও আপনারা আন্দোলন করুন। তখন আমরা ঐ আইটেমে আমরা দেখে নেব। আমরা তখন সেই ব্যাপারে ইন্টারভিন করব এবং সেই ইন্টারভিন আমরা করছি। আমরা অর্গানাইজড ট্রেড ইউনিয়ন চাওয়াতে, সমস্ত ট্রেড ইউনিয়ন এক সঙ্গে আছে। বোথ আই. এন. টি. ইউ. সি. থেকে শুরু করে সব, আমি তাদের বলেছি আপনারা এদের কেস টেক আপ করুন। এদের কেস যদি টেক আপ না করেন তাহলে আস্তে আস্তে এই বাগানগুলো খেড়ে যাবে এবং আপনারা যারা অর্গানাইজড টি ইণ্ডাস্ট্রিতে আছেন? প্ল্যানটেশনে আছেন, আপনাদের সার্ভিস কনডিশন খারাপ হয়ে যাবে। এই সম্পর্কে তাদের সঙ্গে কথাবার্তা বলছি। তারা বলেছে এটা ভেবে দেখবেন। এটা দিনাজপুরের কথা বললাম। আর যেটা রামনগর সুগার মিলের কথা বললেন, আমি জানি এটা বন্ধ হয়েছে। এটা টেক আপ করেছি, আমি লেবার সেক্রেটারীকে বলেছি, উনি স্বয়ং টেক আপ করেছেন, আশা করি দু এক দিনের মধ্যে ট্রাইপার্টাইট মিটিংটা হবে। বন্ধের পেছনে অনেক কারণ আছে, আমি তার মধ্যে যেতে চাইছি না। কিছু ভাল আছে, কিছু খারাপ আছে, আপনি জানেন। অনেক কারণ আছে। অনেক চেষ্টা করে ওটাকে দাঁড় করানো হয়েছিল। তারপর গোলমাল হয়েছে, ম্যানেজমেন্টও যেমন, এদিকে ঠিক, সংগঠিত শ্রমিক তাদেরও একটু ত্রুটি আছে। আমি এর চেয়ে বেশি আর বলছি না। তারপর আমাদের ওয়ান ম্যান্স কমিটিতে জুটে জানতে চেয়েছিলেন। পার্মানেন্ট ইত্যাদি ব্যাপারে, তাতে হচ্ছে ইতিমধ্যে আমরা যেটা খবর পেয়েছি, ত্রিশটার খবর, ৪ হাজার ৬২২ জন পার্মানেন্ট হয়েছে। আমি সকালে বলেছিলাম, এই যে চটকলগুলোর গোলমালটা শুরু হচ্ছে, এর ফলে এখন যদি আমি ওয়ান ম্যান্স কমিটিকে যদি জোর করে বলি, আপনারা এখন সংখ্যা গুনে নিন, ঠকে যাবে ওয়ার্কাররা। এখন একটা আর্টিফিশিয়্যাল সংখ্যা, সেই সংখ্যায় চলছে। এবং ওরা এটা দেখাবার চেষ্টা করছে, ওয়ান ম্যান্স কমিটিকে যে অ্যাকচুয়্যালি ওদের সংখ্যা, এটা আগে ছিল সেটা নয়, এই হচ্ছে সংখ্যা। সেই জন্য সেই চক্রান্তটা আছে, যার ফলে কাজও খানিকটা ব্যাহত হচ্ছে। কিন্তু অলরেডি ৪ হাজার ৬২২ হয়েছে। আর ওদের যেটা হচ্ছে অন্য যে সমস্ত টার্মস ছিল, ওটা আপনি ঠিকই বলেছিলেন, ৯৩ সালের ডিসেম্বরে চুক্তি হয়েছিল। ৯৫ এর নভেম্বরের শেষ দিকে স্ট্রাইক হয়, তিনদিন বাদে চুক্তিটা হয়। এবং সেটা হচ্ছে ওয়েজেস এবং ডিয়ারনেস অ্যালাইয়েন্স নিয়ে। যখন নর্মালসি মোটামুটি ছিল, এটা সব জায়গায় আছে, আর আমি সকালে বলেছি ওয়ার্ক শিফট ইত্যাদি যেগুলো আছে, আমাদের কাছে হিসাবটা আছে, আমি আর একটু সেই হিসাবটাকে ফাইন্যালাইজ করে অফিস থেকে সেটা পরে আমি দেবার চেষ্টা করব। যুগান্তর অমৃত বাজার, এটার সম্পর্কে বলি, তরুণ বাবু উনি মারা গেছেন, এর পুরাণ ইতিহাসটা আপনাদের জানা আছে, আমি তার মধ্যে যাচ্ছি না। যেহেতু এই পত্রিকা দুটো হচ্ছে আমাদের ন্যাশনাল মুভমেন্টের সঙ্গে জড়িত ছিল, সেই জন্য খানিকটা আমাদের সেই হিসাবে দেখতে হয়। অন্য পত্রিকার সঙ্গে-এক সঙ্গে গ্রহণ করতে পারিনা একে। এই পত্রিকার যারা পরিচালক, যে কোনও কারণে হোক তারা পত্রিকা চালাতে পারলেন না, ব্যাড ইনভেস্টমেন্ট করেছে, একটা বিরাট বাড়ি করলেন। সেই বাড়িও আবার শুনছি অন্য লোককে বিক্রি করেছে। নানা রকম করেছে। তরুণ বাবু মৃত্যুর আগে আমাকে

বলেছিলেন, উনি আমার সঙ্গে দেখা করতে চান। আমি বললাম, ঠিক আছে, আপনি আসবেন। উনি তখন আমাকে প্রস্তাব দিয়েছিলেন যে রাইটার্স বিল্ডিংসে সাংবাদিক ইত্যাদি থাকে, উনি আসবেন না। উনি বলেছিলেন, আমার বাড়িতে অথবা অন্য কোনও জায়গায় উনি দেখা করতে চান। আমি বলেছিলাম, আমার বাড়িতে আসি আসতে বলি না, আর আমার বাড়িও সেই রকম নয় যে আপনার মতো লোক আসবেন। আমি রাইটার্স বিল্ডিংসে আর্লি মর্নিং এর একটা অ্যাপয়েন্টমেন্ট করেছিলাম। কিন্তু তার আগেরদিন সন্ধ্যাবেলা দিল্লি যাবার চেষ্টা করলেন, ঐ প্লেনে উঠতে গিয়ে তিনি মারা গেলেন। তারপর ওঁর ছেলের সঙ্গে কথাবার্তা হয়েছে। ওঁর ছেলে এবং ওর যে ভাই, ভাই নয়, মল বলে যে ভদ্রলোক তিনি নাকি পার্টনার বা আর একজন কে আছে, তাদের সঙ্গে কথাবার্তা হয়েছে, সেক্রেটারি সেটা ডিল করছে। একটু এগোলেই আমরা পরে প্রসিড করব।

এখানে আবার একটা অসুবিধা আছে ইউনিয়নগুলির মধ্যে। শোভনদেববাবু ঠিকই বলেছেন, ওকে বলেছি এটা দেখছি। আরও কিছু অর্গানাইজেশন আছে, একটু বিরোধিতা নানান রকমের আছে। ওখানে যে তিনটি ইউনিয়ন আছে তারা যদি একসঙ্গে বসে একটা জায়গায় আসতে পারেন তাহলে একটা পথ বার করতে সুবিধা হয়ে যায়। একদল কাগজ বের করছেন আবার একদল বলছেন কেন কাগজ বার করছ? এই ধরনের নানান সমস্যা রয়েছে। ভারত ইলেকট্রিক, সেটার একটা কনট্রাক্টর খুঁজে পাওয়া গিয়েছে। এটা আমরা দেখছি। এল. সি. কে বলেছি এটা এনকোয়ারি করে দেখতে। লাইসেন্স ইত্যাদির ব্যাপার দেখা হবে যাতে অসুবিধা না হয়। ই. এস. আই-এর কথা বলা হয়েছে, এ বিষয়ে আমাদের মাননীয়া রাষ্ট্রমন্ত্রী বলেছেন, আমি আর বিশেষ কিছু বলছি না। ৮৫.০ ছিল আমাদের এরিয়ার, তার থেকে অনেক কমে এসেছে। বেঙ্গল ল্যাম্পের ব্যাপারটা আগেই বলে দিয়েছি, এ ব্যাপারে একটা চেষ্টা হচ্ছে যাতে রিহ্যাবিলিটেশন স্কীম ইত্যাদি করা যায়। ওদের দুটো ইউনিট নিয়ে একসঙ্গে চেষ্টা করেছিলাম, আমি নিজেও অনেকখানি চেষ্টা করেছিলাম কিন্তু তার মালিক কি রকম তা আপনারা জানেন। তা ছাড়া দেনায় একেবারে বিক্রি হয়ে গিয়েছে। স্টিল, আমরা ছেড়ে দিই নি, চেষ্টা করছি। লাস্ট মিটিং ১১.১১.৯৪ করি। চিফ মিনিস্টারকে ওখানেও নিয়ে গিয়েছিলাম। ঐ ভদ্রলোক মুখে এক রকম কথা বলেন আর কাজে এক রকম করেন। ওকে বলা হয়েছিল আপনি ছেড়ে দিন কিন্তু উনি ছাড়বেন-ও না। মুশকিলটা হচ্ছে এখানেই। ময়ূরাক্ষী চালু হয়েছে। সুপ্রিম কোর্টে মামলা চলছে। পাসোয়ান ইজ সাব-জুডিস। এটা নিয়ে আমি বলতে পারব না। নিউ সেন্ট্রাল সম্পর্কে শোভনদেববাবু জানেন। অশোক দেব মহাশয়ও জানেন। যেদিন বন্ধ হয় সেদিন অশোক দেব বলেন কিন্তু তখন আমার দপ্তরে তার নোটিশ আসে নি। তবে এটা আমি দেখি না। এটা হচ্ছে কো-অপারেটিভ মালিক ওরা। ইউনিয়নের ম্যানেজমেন্ট কমিটি ওরা মালিক। আর ঐ একজন ভদ্রলোক আছেন। গভর্নমেন্ট সেখানে অনেক টাকা দিয়েছে, আর টাকা দেওয়া সম্ভব নয়। তবে এটাও আমি দেখব বলে ওদের কথা দিয়েছি। আমি এটা দেখবো কিছু করা যায় কিনা। সত্যিই সেখানে শ্রমিক, কর্মচারিরা মারা যাচ্ছে। এর পর আমি জুটের কথায় আসছি। এখানে কাঁচা পাটের উৎপাদন বাড়ানো এটা আমার দায়িত্ব নয়, এটা হচ্ছে ওদের দায়িত্ব। চটের বস্তা রাজ্য সরকার কেনে না। চিনি, সিমেন্ট কম্পানি তারা কেনে। কিন্তু তারা এটা কেনা বন্ধ করে দিয়েছে। সিমেন্ট প্যাকেজিং-এ সিনথেটিক ব্যাগ

ব্যবহার করা হচ্ছে। সিনথেটিক পাউডার গত কয়েক বছর ধরে আনা হচ্ছে এবং তার কাস্টম ডিউটিও কমানো হয়েছে। তা ছাড়া সিনথেটিক-এর প্যাকেজিং কারখানাও করতে দেওয়া হয়েছে ওয়েস্টার্ন ইণ্ডিয়াতে এবং সাউথ ইণ্ডিয়াতে। সুপ্রিম কোর্ট যে অর্ডার দিয়েছেন ঐ প্যাকেজিং-এর ব্যাপারে, সেখানে যে অর্ডার ছিল সেন্ট্রাল গভর্নমেন্টের সেটা মালিকরা মানে নি। সেন্ট্রাল গভর্নমেন্টের যে কারখানা-সিমেন্টের, ফার্টিলাইজারের এবং সুগারের তারাও মানে নি। এর ফলেই সঙ্কট হয়েছে। তা ছাড়া সিনথেটিক লবি তারা এ ব্যাপারে সুপ্রিম কোর্টে মামলাও করেছিলেন কিন্তু সুপ্রিম কোর্ট সম্প্রতি অর্ডার দিয়েছেন যে, না, ঐ অ্যাক্টটা ভ্যালিড। কিন্তু তা সত্ত্বেও এখনও সেটা রিভিউ করা হচ্ছে যে এটা ইমপ্লিমেন্ট করা হবে কিনা, সব জায়গায় করা হবে কিনা ইত্যাদি। সেইজন্য আমাদের এম. পি. ইত্যাদি সবাইকে আমি চিঠি দিয়েছি, চিফ মিনিস্টারও দিয়েছেন, ওয়েস্ট বেঙ্গলের ইন্টারেস্ট-টা দেখতে হবে।

[7-00 – 7-04 P.M.]

এটায় ওয়েস্ট বেঙ্গলের ইন্টারেস্ট। সেজন্য আমরা আশা করব যে এই ব্যাপারে আপনারা সাহায্য করবেন এবং এটাও একটা কারণ যে পাটে আজকে অস্থিরতা দেখা দিয়েছে। কাঁচা পাট এবং পাটের ডেভেলপমেন্টের দিকে নজর নেই। জে. সি. আই-এর যতই খরচ হোক তারা পাট কিনত। বাজারে যখন কাঁচা পাটের শর্টেজ হত জে. সি. আই তার নিজের পাট কিনত এবং জে. সি. আই বাফার সাপ্লাই করত। এবারে ২ লক্ষ বেল সারপ্লাস হয়েছে। গতবারে ৯.৫০ ছিল। এবারে একটু কম হয়েছে। কিন্তু জে. সি. আই-এর পাট নেই। যার ফলে সেই পাট কিছু হোরডারের কাছে চলে গেছে। এটা কন্ট্রোল করে জুট কমিশনার, আমরা করিনা। আমরা ওকে দিয়ে করাই। ওকে দিয়ে বলাই। এর থেকে আমরা কিছু পাইনা। আমাদের স্টেট গভর্নমেন্ট এক পয়সাও পায়না। আমরা প্রবলেম ছাড়া কিছুই পাইনা। কিন্তু আমাদের এখানে চাষীরা জড়িত, ওয়ার্কাররা জড়িত। সেজন্য এটা ইন্টারেস্ট ওয়েস্ট বেঙ্গলের। এটা নিয়ে ওদের একটু বলতে হয় যাতে ওরা এগুলি করেন। আপনি জুট কন্ট্রোল অর্ডারটা পড়লে বুঝতে পারবেন। জে. সি. আই পাট কিনে এম. জি. এম. সি-কে দেয়। তাদের মধ্যে একটা ঝগড়া চলছে। এম. জি. এম. সি'রও পাট নেই। আমাদের কাছে এসেছিল। আমরা বলেছি যে আমরা বন্ধ করতে পারব না। আমরা মিঃ ধরকে বলেছিলাম যে ন্যাশনাল কিন্তু বেশিদিন থাকবে না যে অবস্থা চলেছে। যাই হোক, আমি আর বেশি কথায় যাচ্ছি না, আমার যা বক্তব্য সেটা আমি বলেছি। বিরোধী পক্ষ থেকে যে কাট মোশন দেওয়া হয়েছে, আমি তার বিরোধিতা করছি কারণ এগুলি অন্তঃসারশূন্য। আমি আবেদন করব যে হেড়ে আমার বাজেট পেশ করা হয়েছে এবং আমাদের ই. এস. আই এমপ্লয়মেন্ট ইত্যাদি নিয়ে যা করা হয়েছে, সেই বাজেটকে আপনারা সকলে অনুমোদন করবেন।

The motions moved by Shri Anoy Gopal Sinha, Shri Ashok Deb, Dr. Hoimi Basu, Shri Nirmal Ghosh, Shri Abdul Mannan, Shri Shyamadas Banerjee, Shri Saugata Roy, Shri Gyan Shingh Sohanpal, Shri Deba Prasad Sarkar and Shri Kamal Mukherjee that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost

The motion of Dr. Ashim Kumar Dasgupta that a sum of Rs. 42,12,70,000 be granted for expenditure under Demand No. 39, Major Head : "2230—Labourand Employment" during the current financial year. (This is inclusive of a total sum of Rs. 14,05,00,000 already voted on account in February, 1996). was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 7-04 p.m. till 11 a.m. Monday, the 15th July, 1996, at the Assembly House, Calcutta.

# INDEX TO THE
## West Bengal Legislative Assembly Proceedings
## (Official Report)

Vol : 108-No-III, (One hundred and eighth Session) (June-July, 1996)

(The 5th, 8th, 9th, 10th, 11th, & 12th July, 1996)


**Bills**

The Bengal Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1996 PP-587-589

The Registration (West Bengal Amendment) Bill, 1996 PP-597-609

**Discussion on the Statement made by the Chief Minister on the 1st July, 1996 on the Wakf Report** PP-242-304

**Demand for Grants**

Demand Nos. 18, 19 PP-473-527

Voting on Demands for Grants Demand No. 39 P-609

Voting on Demands for Grants Demand Nos. 30 & 45 PP-358-429

Voting on Demands for Grants Demand Nos. 25, 79 PP-47-61

Voting on Demands for Grants Demand Nos. 54 & 86 PP-61-77

Voting on Demand for Grants Demand Nos. 24, 53, 74, 75, 76, 87, 88, 92, 93, 94, 95, 96 & 97 PP-127-184

**Discussion on the Statement made by the Chief Minister on the 1st July, 1996 on the Wakf Report**

by—Shri Abdul Mannan PP-252-257

by—Shri Atish Chandra Sinha PP-244-245, 296-298,

by—Shri Debo Prasad Sarkar PP-280-281

by—Shri Gyan Singh Sohanpal PP-245-246

by—Shri Jayanta Biswas PP-261-264

by—Shri Jyoti Basu PP-302-304

by—Shri Kamal Kanti Guha PP-279-280

by—Shri Md. Amin PP-298-302

by—Shri Mursalin Mollah PP-269-272

by—Shri Mustafa Bin Kasem PP-282-291

by—Shri Satya Ranjan Bapuli PP-272-276

by—Shri Saugata Roy PP-291-295

by—Shri Saugata Roy PP-248-249

by—Shri Subrata Mukherjee PP-246-248

by—Shri Sudip Bandyopadhyay PP-264-269

by—Shri Sultan Ahmed PP-253-261

**Discussion on Demand for Grants Demand Nos. 30 & 45**

by—Shri Abu Sufian Sarkar PP-390-392

by—Shri Ajit Khara PP-365-368

by—Smt. Anju Kar PP-411-413

by—Shri Ashoke Deb PP-380-382

by—Shri Ashoke Giri PP-407-409

by—Shri Asit Mitra PP-392-394

by—Shri Atish Chandra Sinha PP-400-401

by—Shri Bansagopal Chowdhury PP-413-415

by—Shri Biplab Roy Chowdhury PP-387-389

by—Shri Brahmamoy Nanda PP-405-406

by—Shri Chittaranjan Das Thakur PP-389-390

by—Shri Debo Prasad Sarkar PP-385-387

M/s. Gillian Rose Mary Hart PP-396-399

by—Shri Hafiz Alam Seirani PP-376-378

by—Shri Kamal Mukherjee PP-378-380

by—Shri Kanti Biswas PP-415-421

by—Smt Kumkum Chakraborty PP-370-373

by—Shri Md. Sohrab PP-373-376

by—Shri Mozammel Haque P-407

by—Shri Narbahadur Chettri PP-402-404

by—Shri Naren Hansda PP-404-405

by—Shri Nemai Mal P-410

by—Shri Padma Nidhi Dhar PP-362-365

by—Shri Prabhanjan Kumar Mondal PP-409-410

by—Shri Sanjib Kumar Das PP-358-362

by—Shri Satya Sadhan Chakraborty PP-421-429

by—Shri Shibdas Mukherjee PP-368-370

by—Shri Subhas Goswami PP-383-385

**Discussion on Demand for Grants—Demand Nos. 18 & 19**

by—Shri Abdul Mannan PP-500-504

by—Shri Bidyut Kumar Das PP-512-513

by—Shri Brahmamoy Nanda PP-513-515

by—Shri Debo Prasad Sarkar PP-504-506

by—Dr. Gauripada Dutta PP-481-485

by—Shri Jayanta Kumar Biswas PP-496-500

by—Shri Jyoti Basu PP-517-523

by—Shri Kshiti Ranjan Mondal PP-506-508

by—Shri Pankaj Banerjee PP-485-492

by—Shri Satya Ranjan Bapuli PP-515-517

by—Shri Saugata Roy PP-508-512

by—Shri Shiba Prasad Malik PP-492-494

by—Shri Subrata Mukherjee PP-474-481

by—Shri Sukumar Das PP-494-496

**Discussion on Demand for Grants—Demand Nos. 39**

by—Smt. Chhaya Bera PP-651-654

by—Shri Debobrata Banerjee PP-637-640

by—Shri Debo Prasad Sarkar PP-630-632

by—Shri Kamalakshmi Biswas PP-621-623

by—Shri Lagan Deo Singh PP-648-651

by—Shri Nirmal Das PP-623-627

by—Shri Rabin Mukherjee PP-632-635

by—Shri Pankaj Banerjee PP-640-644

by—Shri Purnendu Sengupta PP-629-630

by—Shri Rajdeo Goala PP-616-618

by—Shri Ranjit Kundu PP-644-646

by—Shri Santi Ranjan Ghatak P-654

by—Shri Sobhandeb Chattopadhyay PP-618-621

by—Shri Subrata Mukherjee PP-609-616

by—Shri Suniti Chattoraj PP-646-648

by—Shri Tapas Banerjee PP-627-629

**Discussion on Demand for Grants—Demand Nos. 25 & 79**

by—Shri Chitta Ranjan Das Thakur PP-52-53

by—Shri Kshiti Goswami PP-55-60

by—Shri Manohar Tirkey P-55

by—Shri Mirkasim Mondal PP-47-48

by—Shri Pelob Kabi PP-53-54

by—Dr. Ramchandra Mondal PP-54-55

by—Shri Sibaprasad Malik PP-48-50

by—Shri Subhas Goswami PP-50-52

**Discussion on Demand for Grants—Demand Nos. 54 & 86**

by—Shri Kalimuddin Shams PP-72-77

by—Shri Kiriti Bagdi P-70

**Discussion on Demand for Grants—Demand Nos. 54 & 86**

by—Shri Nar Bahadur Chhetri PP-61-63

by—Dr. Nirmal Sinha PP-70-71

by—Shri Nishikanta Mehta PP-65-68

by—Shri Rampada Samanta PP-71-72

by—Shri Salib Toppo PP-68-70

by—Shri Seikh Majed Ali PP-63-65

**Discussion on Demand for Grants—Demand Nos. 24, 53, 74, 75, 76, 87, 88, 92, 93, 94, 95, 96 & 97**

by—Shri Abdul Razzak Mollah PP-168-169

by—Shri Anaygopal Sinha P-142

by—Shri Ashok Kumar Deb PP-144-146

by—Shri Bidyut Ganguly PP-170-180

by—Shri Chittaranjan Das Thakur PP-151-152

by—Shri Daulat Ali PP-152-154

by—Smt. Konika Ganguly PP-154-156

by—Shri Mohammed Yakub PP-142-144

by—Shri Mrinal Banerjee PP-169-170

by—Shri Nanda Dulal Majhi PP-159-161

by—Shri Narbahadur Chhetri PP-161-163

by—Shri Ranjit Kundu PP-139-142

by—Shri Saugata Ray PP-129-139

by—Shri Sultan Ahmed PP-148-151

by—Shri Suniti Chattoraj PP-156-159

by—Shri Subrata Mukherjee PP-163-168

by—Shri Timir Baran Bhaduri PP-146-148

**Discussion on the Registration (West Bengal Amendment) Bill, 1996**

by—Shri Abdul Mannan P-605, PP-600-603, P-597

by—Dr. Asim Kumar Dasgupta PP-605, 603-604, 597

**Discussion on the Bengal, Agra and Assam Civil Courts (West Bengal Amendment) Bill, 1996**

by—Shri Abdul Mannan PP-588-589

by—Shri Jayanta Kumar Biswas P-592

by—Shri Nisith Adhikary P-588

by—Shri Saugata Roy PP-593-594

**Laying of Report**

The Twentieth Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Limited for the year 1993-94 PP-587-588

Report of Business Advisory Committee PP-100-101

Report of Business Advisory Committee PP-635-637

**Mention Cases**

PP-452-466, 224-242, 105-114, 332-357, 32-44

**Question**

Accommodation in the MR Bangur Hospital

by—Shri Pankaj Banerjee P-29

Appointment without Reference to the Employment Exchange

by—Shri Tusher Kanti Mondal P-553

Attract the Foreign Tourists

by—Shri Sohandeb Chattopadhyay PP-95-97

Circuit Bench of Cal. High Court at Midnapore

by—Shri Gyan Singh Sohanpal P-100

Dealing in Rice and Wheat by Food & Supplies Department

by—Shri Sanjib Kumar Das PP-20-21

Different Categories of Employee in the W.B. Essential Commodities Supply Corpon. Ltd.

by—Shri Saugata Roy PP-544-547

Doordarshan's Bengali Channel

by—Shri Saugata Roy PP-201-202

Employments through the Employment Exchanges

by—Shri Sultan Ahmed P-550

Films and Video Cassettes

by—Shri Sudip Bandyopadhyay PP-202-203

F.O.B. Value of Falta Export Zone

by—Shri Asit Mitra and Shri Saugata Roy PP-580-581

H.T. Power Transmission Centre at Baruipur

by—Shri Shobhan Deb Chattopadhyay P-204

Increase of Government Lawyers' Fees

by—Shri Asit Mitra and Shri Saugata Ray PP-99-100

Managerial Post in W.B.E.C.S.C.

by—Shri Ram Payare Ram P-214

Problems created by acute traffic congestion

by—Shri Akbar Ali Khandakar and Shri Saugata Roy P-30

Public Distribution System of Food grains

by—Shri Asit Mitra and Shri Saugata Ray P-560

Registered Unemployed in Cooch Behar District

by—Shri Mihir Goswami and Shri Saugata Roy PP-558-559

Revised Edition of the West Bengal Code

by—Shri Tushar Kanti Mondal and Shri Saugata Ray P-214

Service of Homeguards on deputation basis

by—Shri Saugata Ray PP-16-17

Service of officers on deputation basis

by—Shri Hoimi Basu PP-25-26

Sub-divisional Hospitals in all Sub-divisions

by—Shri Gyan Singh Sohanpal P-564

Targets for water under DPAP

by—Shri Sultan Ahmed PP-193-194

অনাথ শিশুদের নতুন হোম

—শ্রী সুকুমার দাস P-200

অজয় নদীর উপর সেতু নির্মাণ

—শ্রী বিজয় বাগদী P-556

আন্দুল রোড সম্প্রসারণ ও উড়াল সেতু নির্মাণ

—শ্রী অম্বিকা ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান P-21

আরামবাগ কুষ্ঠ হাসপাতাল

—শ্রী শিবপ্রসাদ মালিক P-18

আসানসোল রেলপার অঞ্চলে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

—শ্রী তাপস ব্যানার্জি PP-562-563

আলিপুরদুয়ারে স্পোর্টস কমপ্লেক্স

—শ্রী নির্মল দাস PP-576-577

আসানসোল মহকুমা হাসপাতালে জীবনদায়ী ঔষধের অভাব

—শ্রী তাপস ব্যানার্জি P-31

আলিপুরদুয়ারে শিল্প

—শ্রী নির্মল দাস PP-446-447

আবাসন সংস্কার

—শ্রী অশোক দেব PP-443-444

আদালতে বাংলা ভাষায় কাজ

—শ্রী ইউনুস সরকার ও শ্রী বিশ্বনাথ মন্ডল P-99

১৮ আসন বিশিষ্ট জন-পরিবহন

—শ্রী মিহির গোস্বামী P-98

ইউসুফ কমিশন

—শ্রী সঞ্জীবকুমার দাস PP-198-200

ইস্টার্ন পেপার মিল খোলা

—শ্রী রবীন মুখার্জি P-577

ইনটেন্সিফিকেশন স্কীম

—শ্রী ঈদ মহম্মদ PP-567-568

ইলেকট্রনিক্স প্রকল্প

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-435-443

এড্‌স রোগ নিয়ন্ত্রণে ব্যবস্থা

—শ্রী তপন হোড় PP-11-15

এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক কর্তৃক অর্থ সাহায্য

—শ্রী শৈলজাকুমার দাস P-27

এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকুরি
—শ্রী ঈদ মহম্মদ P-16
কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অডিট রিপোর্ট
—শ্রী সুকুমার দাস P-32
কংসাবতীর শাখা ক্যানেল সংস্কার
—শ্রী মনোরঞ্জন পাত্র P-325
কনফেড-এর হিসাব নিরীক্ষা
—শ্রী মোজাম্মেল হক P-557
কাঁথি মহকুমায় খাদ্য প্রক্রিয়াকরণ
—শ্রী মৃণালকান্তি রায় P-580
কানপুর বহুতালী রাস্তা নির্মাণ
—শ্রী মোহম্মদ সোহরাব PP-26-27
কাঠের সেতুর পরিবর্তে পাকা সেতু নির্মাণ
—ডাঃ মোঃ ফজলে হক P-22
কানোরিয়া জুট মিল
—শ্রী রবীন্দ্র ঘোষ PP-548-549
কুচবিহার জেলায় উপস্বাস্থ্য কেন্দ্রকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে উন্নীতকরণ
—ডাঃ মোঃ ফজলে হক P-551
কৃষি পেনসন প্রাপকের সংখ্যা
—শ্রী শিবপ্রসাদ মালিক P-569
কোচবিহারে এম. জে. এন. হাসপাতালে শয্যা সংখ্যা
—শ্রী মিহির গোস্বামী PP-27-28
কোন্নগরে রেলওয়ে আন্ডারপাস নির্মাণ
—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় P-206
গ্রামাঞ্চলে রেশনে কেরোসিন তেলের বরাদ্দ বৃদ্ধি
—শ্রী কালীপ্রসাদ বিশ্বাস PP-212-213
চন্ডীতলা গ্রামীণ হাসপাতাল
—শ্রী রবীন মুখার্জি ও শ্রী আবদুল মান্নান P-19

চাকুলিয়া থানার বন্ধ সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র
—শ্রী হাফিজ আলম সৈরানী PP-560-561
চাঁচোল থানা এলাকায় বৈদ্যুতীকরণ
—শ্রী মহবুবুল হক P-207
ছাত্র-ছাত্রীদের জন্য হেলথ কার্ড
—শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র PP-21-22
জঙ্গীপুরে ভাগিরথী নদের উপর ব্রিজ নির্মাণ
—শ্রী হাবিবুর রহমান, শ্রী পরেশনাথ দাস এবং শ্রী মোজাম্মেল হক P-29
জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে উন্নীতকরণ
—শ্রী ঈদ মহম্মদ PP-310-314
জেলা গ্রন্থাগার বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহার
—শ্রী অজিত খাঁড়া PP-547-548
ঝাড়গ্রামে শিল্প
—শ্রী সুভাষচন্দ্র সরেন P-446
ঝুমঝুমি স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে রূপান্তর
—শ্রী সঞ্জীবকুমার দাস P-556
টোকলাই ট্রেনিং কলেজ
—শ্রী অশোক দেব P-25
ডাক্তারবিহীন স্বাস্থ্যকেন্দ্র
—শ্রী জটু লাহিড়ী P-561
ডাক্তারের অবহেলায় মৃত্যু
—শ্রী মোজাম্মেল হক P-24
ডি.এস.টি. পাওয়ার টিলার
—শ্রী তপন হোড় PP-569-570
ডেয়ারি
—শ্রী ইউনুস সরকার PP-194-198
ডুয়ার্স এলাকায় ম্যালেরিয়া নিবারণ
—শ্রী নির্মল দাস P-576

তফসিলি জাতি ও উপজাতি কল্যাণে কর্মসূচি
—শ্রী পরেশনাথ দাস ও শ্রী মোজাম্মেল হক PP-324-325
তফসিলি জাতি ও উপজাতি ছেলে-মেয়েদের হোস্টেল গ্র্যান্ট
—শ্রী সুভাষচন্দ্র সরেন PP-320-321
তিস্তা প্রকল্প
—শ্রী আব্দুল মান্নান PP-305-310
দামোদর নদ ও গাইঘাটা খালের উপর সেতু নির্মাণ
—শ্রী মনীগোপাল চৌধুরি PP-23-24
দাইহাটা পৌরসভায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপন
—শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি PP-563-564
দামোদর নদের উপর মেজিয়া সেতু নির্মাণ
—শ্রী অঙ্গদ বাউরী PP-553-554
দিনহাটা ১নং ব্লকের শিশু বিকাশকেন্দ্র
—শ্রী ফজলে হক P-212
দীঘা শঙ্করপুরে রোপওয়ে
—শ্রী শৈলজারকুমার দাস PP-97-98
দেউলি জলপ্রকল্প
—শ্রী সঞ্জীবকুমার দাস P-571
দে গঙ্গায় লিঙ্ক রোড
—শ্রী মহম্মদ ইয়াকুব P-211
দোলতাবাদ উচ্চ বিদ্যালয়
—শ্রী মোজাম্মেল হক P-569
নলহাটী মুরারই রাস্তা সংস্কার
—ডাঃ মোতাহার হোসেন P-557
নতুন প্রাথমিক ও সাবসিডিয়ারী হাসপাতাল স্থাপন
—শ্রী ইউনুস সরকার P-553
নদীতে চারাপোনা ছাড়া
—শ্রী পরেশনাথ দাস ও শ্রী মোজাম্মেল হক P-98

নানুরে বিদ্যুতের সাব-স্টেশন

—শ্রী আনন্দগোপাল দাস PP-579-580

নূতন সাব-রেজিস্ট্রি অফিস

—শ্রী ইউনুস সরকার P-323

পদ্মা ও ভাগীরথীর ভাঙ্গন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-321-322

পঞ্চায়েত ট্রেনিং সেন্টার

—শ্রী মৃণালকান্তি রায় P-446

'পথের পাঁচালী' ছবির পরিবেশনের চুক্তি

—শ্রী আবু আয়েশ মন্ডল P-201

প্রধানমন্ত্রী রোজগার যোজনা প্রকল্পে আবেদনকারীর সংখ্যা

—শ্রী অজয় দে P-322

প্রয়াত প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর মূর্তি স্থাপন

—শ্রী আব্দুল মান্নান P-15

প্রাথমিক বিদ্যালয় অনুমোদন

—শ্রী নির্মল ঘোষ P-324

পাকা রাস্তা নির্মাণের পরিকল্পনা

—শ্রী সত্যরঞ্জন বাপুলি P-28

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে রূপান্তর

—শ্রী অজয় দে P-556

প্রাথমিক সমবায় কৃষি বিপণন সমিতি

—শ্রী আবু আয়েস মন্ডল P-547

পান বিপণন এবং সংরক্ষণ

—শ্রী মৃণালকান্তি রায় P-202

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে রূপান্তর

—শ্রী রামপদ সামন্ত P-23

পুরাকীর্তি সংরক্ষণ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-203

পুরুলিয়া জেলায় বৈদ্যুতীকৃত মৌজা
—শ্রী নিশিকান্ত মেহেতা PP-207-208
পুরুলিয়া জেলায় স্বাস্থ্যকেন্দ্রে খালি পদ
—শ্রী নিশিকান্ত মেহতা PP-570-571
পুরুলিয়া জেলায় লিঙ্ক রোড
—শ্রী নিশিকান্ত মেহেতা P-209
পুলিশ কর্মীদের রেশন
—শ্রী আব্দুল মান্নান PP-185-189
পুরুলিয়া জেলায় ভূমিহীন কৃষকদের পাট্টা
—শ্রী নিশিকান্ত মেহেতা PP-208-209
পুরুলিয়ার রঘুনাথপুরে অগ্নি-নির্বাপককেন্দ্র
—শ্রী নটবর বাগদী P-212
পুরুলিয়া জেলায় কলেজে অনার্স কোর্স চালু
—শ্রী নিশিকান্ত মেহতা PP-569-570
পেট্রোলিয়াম গ্যাস গ্রাহকের সংখ্যা
—শ্রী আবু আয়েশ মন্ডল PP-566-567
ফিনান্স অফিসারের পদ
—শ্রী অজিত খাঁড়া P-323
ফুলিয়া ও দিগনগরে সেক্টর অফিস চালুকরণ
—শ্রী অজয় দে P-205
ফ্লাইওভার ও ওভারব্রিজ নির্মাণের কাজ
—শ্রী মতী কনিকা গাঙ্গুলি P-565
বক্সা টাইগার প্রোজেক্ট
—শ্রী নির্মল দাস P-575
বর্ষায় মালদহ জেলার ক্ষয়-ক্ষতি
—শ্রী গৌতম চক্রবর্তী PP-209-211
বয়স্ক হাইস্কুল চালুকরণের ব্যবস্থা
—শ্রী অশোক দেব P-548

বাঁকুড়ায় সি.ডি.পি.ও.র শূন্যপদ

—শ্রী নন্দদুলাল মাঝি P-215

বাস টার্মিনাস নির্মাণ

—শ্রী রবীন মুখার্জি ও আব্দুল মান্নান P-94

বারাসাত জেলা হাসপাতালের উন্নয়ন

—শ্রী অশোক মুখার্জি P-28

বারাসত রাষ্ট্রীয় বিদ্যালয়ের নাম পরিবর্তন

—শ্রী অশোক মুখার্জি PP-576-577

বি.ও.টি স্কীমে রাস্তা ও সেতু নির্মাণ

—শ্রী তপন হোড় PP-549-550

...দ্যাসাগর সেতুতে টোল ট্যাক্স আদায়

—শ্রী অম্বিকা ব্যানার্জি এবং শ্রী আব্দুল মান্নান PP-79-82

বিভিন্ন ধরনের চিকিৎসা ব্যবস্থার উন্নতিকল্পে ব্যবস্থা

—শ্রী সুকুমার দাস PP-554-555

বীরভূম জেলার যক্ষ্মা হাসপাতাল চালু

—ডাঃ মোতাহার হোসেন P-30

বীরভূম জেলার ডাক্তারবিহীন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী আনন্দ গোপাল দাস P-559

...নফেড পরিচালন সমিতির নির্বাচন

—শ্রী শৈলজাকুমার দাস PP-551-552

ভাগিরথী নদীর উপর সেতু নির্মাণ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-5-11

ভুয়ো রেশন কার্ড

-শ্রী কালীপ্রসাদ বিশ্বাস PP-17-18

...জিলেন্স কমিশনের রিপোর্ট

—শ্রী আব্দুল মান্নান PP-431-435

মহেপাইল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালুকরণে ব্যবস্থা

—মোঃ সোহরাব P-563

মানবাজার ও ঝালদাকে মহকুমা গঠন
—শ্রী নিশিকান্ত মেহতা P-570
মাঠবকুলতলা উপ-স্বাস্থ্যকেন্দ্র
—শ্রী সত্যরঞ্জন বাপুলি PP-561-569
মাসিক ভাতা বৃদ্ধি
—শ্রী চিত্তরঞ্জন দাশঠাকুর P-447
ম্যালেরিয়া রোগে আক্রান্ত ব্যক্তির সংখ্যা
—শ্রী শিবদাস মুখার্জি P-555
মুর্শিদাবাদ জেলায় রাস্তা সংস্কার
—শ্রী ইউনুস সরকার PP-18-19
মুসলিম ম্যারেজ রেজিস্ট্রার
—শ্রী তপন হোড় P-568
মেডিক্যাল কলেজে ভর্তি ছাত্র-ছাত্রীর সংখ্যা
—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-538-543
মেদিনীপুরের গর্গ রাজবাড়ির উদ্বৃত্ত জমি অধিগ্রহণ
—শ্রী সুকুমার দাস P-206
যুব কল্যাণে বেসরকারি সাহায্য
—শ্রী তপন হোড় PP-89-91
রামপুরহাট মহকুমা হাসপাতালে নবনির্মিত ভবন
—মহঃ হান্নান P-562
রামপুরহাট ব্লক অফিস স্থানান্তর
—শ্রী অসিতকুমার মাল P-578
রামপুরহাট মহকুমা হাসপাতালে চোখের ডাক্তার ও রেডিওলজিস্ট নিয়োগ
—শ্রী অসিতকুমার মাল P-31
রাজ্যে পাকা রাস্তা নির্মাণের পরিকল্পনা
—শ্রী বুদ্ধদেব ভগত P-20
রাজ্যে সাক্ষরতা প্রকল্প
—শ্রী সুকুমার দাস P-23

রাজ্যে লেবার কো-অপারেটিভের সংখ্যা

—শ্রী ব্রহ্মময় নন্দ PP-577-578

রাজ্যে কমিউনিটি পলিটেকনিক

—শ্রী আবু আয়েস মন্ডল PP-1-5

রাজ্যে দৈনিক সংবাদপত্রের সংখ্যা

—শ্রী দেবপ্রসাদ সরকার P-566

রাজ্যে সংরক্ষিত পুরাকীর্তি

—শ্রী অশোক কুমার দেব P-215

রাজ্য সাক্ষরতার হার

—শ্রী সুকুমার দাস PP-205-206

রাজ্যে খাস জমি

—শ্রী অজয় দে P-204

রাজ্য মহিলা কমিশনের সুপারিশ

—শ্রী তপন হোড় P-207

রাজ্যে বন্ধ চটকল

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-533-538

রাজ্যে পানবাজার তৈরির পরিকল্পনা

—শ্রী গোপালকৃষ্ণ দে P-211

রাজ্যে সি.ডি.পি.ও-র খালি পদের সংখ্যা

—শ্রী আনন্দগোপাল দাস P-213

রাজ্যে অনাথ আশ্রমে অনাথ শিশু সংখ্যা

—শ্রী আনন্দগোপাল দাস P-213

রাজ্যের পর্যটন কেন্দ্রের সংখ্যা

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-82-86

রাস্তাকে জাতীয় সড়কে উন্নীতকরণ

—শ্রী কমল মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান PP-552-553

রাষ্ট্রীয় পরিবহণ ভরতুকি

—শ্রী বুদ্ধদেব ভকত P-97

রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির ঋণ আমানতের হার

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-314-320

রেশনে মাল সরবরাহ

—শ্রী ব্রহ্মময় নন্দ P-579

রেগুলেটেড মার্কেট

—শ্রী কালীপ্রসাদ বিশ্বাস P-200

ল-ক্লার্কস কাউন্সিল গঠন

—শ্রী মোজাম্মেল হক P-93

লাইসেন্স প্রাপ্ত হাস্কিং মিল

—শ্রী কালীপ্রসাদ বিশ্বাস PP-550-551

লেভেল ক্রসিং-এর উপর সেতু নির্মাণ

—শ্রী জ্যোতি চৌধুরি ও শ্রী আব্দুল মান্নান P-18

লেভেল ক্রসিং-এর উপর ওভারব্রীজ নির্মাণ

—শ্রী বুদ্ধদেব ভকত P-551

লোকরঞ্জন শাখার উন্নতি

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-189-193

শান্তিপুরের শ্যামচাঁদ মন্দির সংস্কার

—শ্রী অজয় দে PP-204-205

শান্তিপুর বাইপাস রাস্তা

—শ্রী অজয় দে P-566

শ্যামপুর ব্লকে অগভীর নলকূপ স্থাপন

—শ্রী রবীন্দ্র ঘোষ P-574

সমবায় ভিত্তিতে বাগ্দা চিংড়ি চাষ

—শ্রী মৃণালকান্তি রায় PP-98-99

সম্পদ সংগ্রহের লক্ষ্যমাত্রা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-322-323

সবকারি ভেড়ি বেসরকারিকরণ

—শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় PP-86-89

সরকারি ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিস বন্ধে ব্যবস্থা

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-558-559

স্বল্প সঞ্চয় সংগ্রহ

—শ্রী তপন হোড় P-324

সার্বিক সাক্ষরতা প্রকল্পে নদীয়া জেলা

—শ্রী শিবদাস মুখার্জি P-17

স্বাস্থ্যকেন্দ্রগুলির পরিচালনভার পঞ্চায়েতের উপর ন্যস্ত করার পরিকল্পনা

—শ্রী কমল মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান PP-15-16

স্বাস্থ্যকেন্দ্র ডাক্তার ও অন্যান্য কর্মীর সংখ্যা

—শ্রী নরেন হাঁসদা PP-564-565

সামাজিক বনসৃজন

—শ্রী ইউনুস সরকার PP-444-445

স্টুডেন্টস পাঠাগারের অনুমোদন

—শ্রী সুভাষচন্দ্র সরেন P-552

সিউড়ী সদর হাসপাতালে নতুন বিভাগ চালু

—শ্রী সুনীতি চট্টরাজ PP-556-557

সেসরু স্কীমে লোন প্রদান

—শ্রী ঈদ মহম্মদ P-548

স্টেট জেনারেল হাসপাতালকে মহকুমা হাসপাতালে উন্নীতকরণ

—শ্রী নটবর বাগদী P-21

হাওড়া জেলায় মৎস্য চাষ কেন্দ্র

—শ্রী রবীন্দ্র ঘোষ PP-94-95

হাওড়া স্টেট জেনারেল হাসপাতালে শূন্যপদ পূরণের ব্যবস্থা

—শ্রী অম্বিকা ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান P-549

হাসপরাতালে যক্ষা রোগের ঔষধের অভাব

—শ্রী অসিতকুমার মাল P-563

হাসপাতালে চিকিৎসা সংক্রান্ত মেশিন ক্রয়

—শ্রী সুনীতি চট্টরাজ P-24

হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক

—শ্রী অজয় দে P-25

হাওড়া জেলায় মেডিক্যাল কলেজ স্থাপন

—শ্রী জটু লাহিড়ী P-27

হাওড়া জেলায় ইনটেন্সিফিকেশন স্কীম

—শ্রী সঞ্জীবকুমার দাস PP-571-574

হিংলো সেচ প্রকল্প

—শ্রী বিজয় বাগদী P-326

হিন্দুস্থান পিলকিংটন কারখানাটি চালু করা

—শ্রী তাপস ব্যানার্জি PP-91-93

হুগলি জেলার ডাক্তারবিহীন স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী শক্তিপদ খাড়া PP-559-560

**Statement on Calling Attention regarding ransacking of the Homeopathy Council office by Chattra Parishad**

By—Shri Partha Dey PP-35-36

**Statement on Calling Attention regarding break of enteric disease in three Blocks under Contai Police Station, Midnapore**

By—Shri Partha Dey PP-36-37

**Statement on Calling Attention regarding death of one Debabrata Santra of Kharibandhi Village by Hydrophobia**

By—Shri Partha Dey PP-584-585

**Statement on Calling Attention regarding reported attack on Shri Sankar Singh, MLA by Supporters of Major Ruling Party at Raghabpur on 7.7.96**

By—Shri Buddhadeb Bhattacharjee PP-218-219

**Statement on Calling Attention regarding the distribution of School books of Classes I-V**

By—Shri Kanti Biswas PP-330-332

**Statement on Calling Attention regarding drinking water problem in Hirapur Assembly Constituency areas**

By—Shri Gautam Deb PP-449-451

**Statement on Calling Attention regarding reported murder of two Lorry drivers at Behala on 29.6.96**

By—Shri Buddhadeb Bhattacharjee P-218

**Statement on Calling Attention regarding the decision of the Central Council of Homeopathy to discontinue Diploma Course in Homeopathy**

By—Shri Partha Dey PP-585-586

**Statement under rule 346 regarding the enhancement in transport fares**

By—Shri Subhas Chakraborty PP-528-531

**Statement under Rule 346 on the subject of reported attack on Shri Nirmal Ghosh MLA at Panihati North 24 Pgs.**

By—Shri Buddhadeb Bhattarjee P-224

**Zero Hour**

PP-44-47, 119-127, 466-473

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani, Calcutta - 700 006